

ফ্রি বাইবেল কমেন্ট্রি

আপনি বাইবেল বুঝতে পারবেন!

প্রিয় শিষ্যের স্মৃতি কথা ও পত্রাবলীঃ যোহন লিখিত সুসমাচার, ১, ২ ও ৩ যোহন

ড. বব উটলে, hermeneutics (বাইবেল ব্যাখ্যা) এর অবসর প্রাপ্ত অধ্যাপক

বিষয় বস্তু

লেখকের কথাঃ কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশিকাঃ প্রমাণযোগ্য সত্যের ব্যক্তিগত অনুসন্ধান

ব্যাখ্যা :

যোহনের ভূমিকা

যোহন ১	যোহন ৮	যোহন ১৫	১ যোহনের ভূমিকা
যোহন ২	যোহন ৯	যোহন ১৬	১ যোহন ১
যোহন ৩	যোহন ১০	যোহন ১৭	১ যোহন ২
যোহন ৪	যোহন ১১	যোহন ১৮	১ যোহন ৩
যোহন ৫	যোহন ১২	যোহন ১৯	১ যোহন ৪
যোহন ৬	যোহন ১৩	যোহন ২০	১ যোহন ৫
যোহন ৭	যোহন ১৪	যোহন ২১	২ যোহন
			৩ যোহন

পরিশিষ্ট :

[গ্রীক ব্যাকরণগত কাঠামোর সংক্ষিপ্ত সংজ্ঞা](#)

[লেখনী বিষয়ক সমালোচনা](#)

[শব্দকোষ/পরিভাষা](#)

[মতবাদগত বিবৃতি](#)

কপিরাইট © ২০১৩ [Bible Lessons International](#). সর্বসত্ত্ব সংরক্ষিত। এই বইয়ের যে কোন অংশ বিনামূল্যে কপি বা বিতরণ করা যাবে। এই ধরনের কপি বা বিতরণ অবশ্যই ড. বব উটলের অনুকূলে এবং অন্তর্ভুক্ত হবে [www.freebiblecommentary.org](#)।

এই ব্যাখ্যা বইতে ব্যবহৃত মুখ্য বাইবেল টেক্সট হলঃ New American Standard Bible (Update, 1995) Copyright ©1960, 1962, 1963, 1968, 1971, 1972, 1973, 1975, 1977, 1995 by The Lockman Foundation, P. O. Box 2279, La Habra, CA 90632-2279

লেখকের কথাঃ

কিভাবে এই ব্যাখ্যা বই আপনাকে সাহায্য করতে পারে?

বাইবেলের ব্যাখ্যা একটি যুক্তিসম্মত ও আত্মিক প্রক্রিয়া যেটি চেষ্টা করে অনুপ্রাণিত প্রাচীন লেখককে এমন ভাবে বুঝতে যার মাধ্যমে ঈশ্বরের বার্তা আমাদের দৈনন্দিন জীবনে বুঝতে ও প্রয়োগ করা যেতে পারে।

আত্মিক প্রক্রিয়া খুব গুরুত্বপূর্ণ কিন্তু ব্যাখ্যা করা কঠিন। এর মধ্যে ঈশ্বরের প্রতি সমর্পন এবং খোলামেলা ভাব অন্তর্ভুক্ত। অবশ্যই ক্ষুধা থাকবে ১) তাঁর জন্য, ২) তাঁকে জানার ও ৩) তাঁকে পরিচর্যার। এই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত প্রার্থনা, স্বীকারোক্তি এবং জীবন যাপন পদ্ধতি পরিবর্তনের ইচ্ছা। ব্যাখ্যা দানের প্রক্রিয়াতে আত্মা হল অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু কেন খাঁটি, ঈশ্বরভক্ত খ্রীষ্টিয়ানেরা ভিন্ন ভাবে বাইবেল বোঝে তা একটি রহস্য।

যুক্তিসম্মত প্রক্রিয়া বর্ণনা করা সহজ। আমাদের অবশ্যই মূল পাঠের সাথে সুসামঞ্জস্যপূর্ণ ও ন্যায্যসঙ্গত হতে হবে এবং আমাদের ব্যক্তিগত বা ডিনোমিনেশনাল পক্ষপাতে প্রভাবিত না হওয়া। আমরা সকলে ঐতিহাসিক ভাবে প্রশিক্ষিত। আমরা কেউই উদ্দেশ্যমূলক, নিরপেক্ষ ব্যাখ্যাকারক নই। এই ব্যাখ্যা পুস্তক যত্নসহকারে যুক্তিসম্মত প্রক্রিয়া দান করছে যার মধ্যে রয়েছে তিনটি ব্যাখ্যাদানকারী নীতির কাঠামো যেটি আমাদের সাহায্য করবে পক্ষপাতদূষ্টিতা থেকে মুক্ত থাকতে।

প্রথম নীতি

প্রথম নীতি হল ঐতিহাসিক প্রেক্ষাপট লক্ষ্য করা যখন বাইবেলের বইটি লেখা হয়েছে এবং নির্দিষ্ট ঐতিহাসিক উপলক্ষ্য এর কর্তৃত্বকারীতা সম্পর্কে। মূল লেখকের একটি উদ্দেশ্য ছিল, একটি বার্তাকে পৌঁছে দেওয়া। লেখনী আমাদের কাছে কোন কিছুই অর্থ প্রকাশ করতে পারে না যদি এটি মূল, প্রাচীন, অনুপ্রাণিত লেখকের কাছে কোন অর্থবহ না হয়। তার লক্ষ্য- আমাদের ঐতিহাসিক, অবৈগত, সংস্কৃতিগত, ব্যক্তিগত বা ডিনোমিনেশনগত প্রয়োজন নয়- লক্ষ্য হল মূল চাবিকাঠি। ব্যাখ্যার একটি অখন্ড অংশীদার হল প্রয়োগ, কিন্তু সঠিক ব্যাখ্যা অবশ্যই সব সময় প্রয়োগের অগ্রবর্তী থাকে। এর অবশ্যই পুনরাবৃত্তি হবে যেন বাইবেলের প্রতিটি লেখনীর একটি কেবল মাত্র একটিই অর্থ থাকে। এই অর্থ হল যেটি মূল বাইবেলের লেখক স্থির করেছিলেন আত্মিক নেতৃত্বের মাধ্যমে তার সময়ে লোকদের কাছে পৌঁছে দিতে। এই এক অর্থের বিভিন্ন সংস্কৃতি এবং পরিস্থিতিতে ভিন্ন ভিন্ন সাভাব্য প্রয়োগ হতে পারে। এই প্রয়োগের অবশ্যই মূল লেখকের মূল সত্যের সঙ্গে যোগসূত্র থাকবে। এই কারণে, এই ব্যাখ্যা নির্দেশক অধ্যয়ন পরিকল্পিত হয়েছে বাইবেলের প্রতিটি পুস্তকের একটি ভূমিকা দিয়ে।

দ্বিতীয় নীতি

দ্বিতীয় নীতিটি হল সাহিত্য বিষয়ক একক চিহ্নিত করা। প্রতিটি বাইবেলের পুস্তক হল সমন্বিত দলিল। অনুবাদকের কোন অধিকার নেই সত্যের অন্যান্য দিককে বর্জন করে একটি দিককে বিচ্ছিন্ন করে ফেলা। সেজন্য, আমাদের অবশ্যই অনুবাদের পূর্বে সমগ্র বাইবেলের পুস্তকগুলি বোঝার চেষ্টা করতে হবে আলাদা আলাদা ভাবে সাহিত্যের একক হিসাবে। আলাদা আলাদা অংশ-অধ্যায়, প্যারাগ্রাফ বা পদসমূহ-অর্থবহ হতে পারে না যদি সম্পূর্ণ এককের কোন অর্থ না থাকে। অনুবাদ অবশ্যই সম্পূর্ণ বিষয়ের অবরোধ প্রক্রিয়া থেকে ছোট অংশের দিকে আরোহ প্রক্রিয়ায় পরিচালিত হবে। সেজন্য এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা শিক্ষার্থীদের সাহায্যের জন্য পরিকল্পিত করা হয়েছে যেন তারা সাহিত্যের প্রতিটি এককের কাঠামো প্যারাগ্রাফ অনুসারে বিশ্লেষণ করতে পারে। প্যারাগ্রাফ ও প্রতিটি বিভাগ অনুপ্রাণিত নয়, কিন্তু সেগুলি আমাদের সাহায্য করতে পারে প্রতিটি এককের চিন্তাসমূহ চিহ্নিত করতে।

প্যারাগ্রাফ স্তরে ব্যাখ্যা করতে-বাক্য, বাক্যাংশ, শব্দগুচ্ছ বা শব্দ স্তর নয়-চাবিকাঠি হল বাইবেলের লেখকদের স্থিরকৃত অর্থের অনুসরণ। প্যারাগ্রাফের ভিত্তি একত্রিত বিষয়ের উপরে, প্রায়ই একে বলা হয় মূল theme (ভাব) বা বিষয়ভিত্তিক বাক্য। প্রতিটি প্যারাগ্রাফের শব্দ, শব্দগুচ্ছ, বাক্যাংশ এবং বাক্যসমূহ কোন না কোন ভাবে একত্রিত মূলভাব বা থিমের সঙ্গে সম্পর্কিত। এগুলি একে সীমাবদ্ধ করে, একে প্রসারিত করে, একে ব্যাখ্যা করে এবং/বা একে প্রশ্নবিদ্ধ করে। সঠিক ব্যাখ্যার সত্যিকার চাবিকাঠি হল প্রতিটি সাহিত্যের এককের মাধ্যমে প্যারাগ্রাফ থেকে প্যারাগ্রাফ ভিত্তি করে মূল লেখকের চিন্তার অনুসরণ যা বাইবেলের পুস্তককে গঠিত করেছে। এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পরিকল্পিত করা হয়েছে আধুনিক ইংরাজি অনুবাদের তুলনা করে শিক্ষার্থীদের এগুলি করতে সাহায্যের জন্য। এই অনুবাদগুলি বেছে নেওয়া হয়েছে কারণ এগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ব্যবহার করেছে:

1. United Bible Society's Greek text হল সংশোধিত চতুর্থ সংস্করণ (UBS⁴)। আধুনিক টেক্সট বিশেষজ্ঞ দ্বারা এই টেক্সট প্যারাগ্রাফ করা হয়েছে।
2. New King James Version (NKJV) হল একটি word-for-word আক্ষরিক অনুবাদ যার ভিত্তি হল গ্রীক পাতুলিপি ঐতিহাগত ভাবে যেটি পরিচিত Textus Receptus নামে। অন্য অনুবাদের চেয়ে এই অনুবাদের প্যারাগ্রাফ বিভাগ-গুলি দীর্ঘ। এই দীর্ঘ এককগুলি একত্রিত বিষয় দেখতে শিক্ষার্থীদের সাহায্য করে।
3. New Revised Standard Version (NRSV) হল একটি পরিমার্জিত word-for-word অনুবাদ। এটি পরবর্তী দুটি আধুনিক সংস্করণের মাঝখানে মধ্যবিন্দু গঠন করেছে। এর প্যারাগ্রাফ বিভাগগুলি বিষয়বস্তু চিহ্নিত করণে চমৎকার সাহায্যক।
4. Today's English Version (TEV) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যেটি United Bible Society প্রকাশ করেছে। এটি

বাইবেল এমন ভাবে অনুবাদ করতে চেষ্টা করেছে যেন ইংরাজি পাঠক বা ভাষা-ভাষি লোক গ্রীক টেক্সট-এর অর্থ বুঝতে পারে। প্রায়ই, বিশেষ করে সুসমাচারে, এটি প্যারাথ্রাফ বিভাগ করেছে বক্তা অনুসারে কিন্তু বিষয় অনুসারে নয়, ঠিক সেই একই ভাবে যেভাবে NIV করেছে। অনুবাদের উদ্দেশ্যের জন্য এটি সাহায্যকারী নয়। এটি উল্লেখ করা বেশ মজার যে 'UBS⁴' এবং 'TEV' উভয়ে এটি প্রকাশ করেছে একই সত্তা হিসাবে, যদিও তাদের প্যারাথ্রাফে ভিন্নতা রয়েছে।

৫. Jerusalem Bible (JB) হল একটি গতিশীল সমমানের অনুবাদ যার ভিত্তি হল French Catholic অনুবাদ। এটা খুবই সাহায্যকারী ইউরোপিয়ান দৃষ্টিভঙ্গি থেকে প্যারাথ্রাফ করার বিষয়টি তুলনা করতে।
৬. ১৯৯৫ সনে ছাপানো টেক্সট New American Standard Bible (NASB) আধুনিকিকরণ করে, এটি হল word-for-word' অনুবাদ। verse by verse টিকা এই প্যারাথ্রাফকে অনুসরণ করে।

তৃতীয় নীতি

তৃতীয় নীতিটি হল বাইবেলের বিভিন্ন অনুবাদ পাঠ করা এই উদ্দেশ্যে যে সাম্ভাব্য ব্যাপক অর্থ (ভাষাগত অর্থে) অনুধাবন করা যা বাইবেলের শব্দ বা শব্দগুচ্ছের মধ্যে থাকতে পারে। প্রায়ই গ্রীক শব্দগুচ্ছ বা শব্দ বিভিন্ন ভাবে বোঝা যেতে পারে। এই ভিন্ন ভিন্ন অনুবাদগুলি এই সুযোগগুলি এনে দেয় এবং গ্রীক পাতুলিপির পার্থক্য চিহ্নিত ও ব্যাখ্যা করতে সাহায্য করে। এটি মতবাদকে প্রভাবিত করে না, কিন্তু এগুলি আমাদের সাহায্য করতে চেষ্টা করে প্রাচীন অনুপ্রাণিত লেখকদের মূল লেখনীর কাছে পৌছাতে।

এই ব্যাখ্যা পুস্তক শিক্ষার্থীদের দ্রুততার সাথে তার অনুবাদ পরীক্ষা করার উপায় দিচ্ছে। এর মানে এই নয় যে তা হবে যথাযথ, কিন্তু হবে তথ্যপূর্ণ এবং চিন্তা-উদ্বেককারী। প্রায়ই, অন্য সাম্ভাব্য অনুবাদ আমাদের সাহায্য করে সংকীর্ণমনা, গোড়ামীপূর্ণ এবং ডিনোমিনেশনাল না হতে। একজন অনুবাদকের ব্যাপক অনুবাদ যোগ্যতার সুযোগ থাকা প্রয়োজন যেন প্রাচীন লেখনী কতটা দ্ব্যর্থব্যাঞ্জক হতে পারে তা বুঝতে পারেন। এটা খুব দুঃখজনক যে খ্রীষ্টিয়ানদের মধ্যে খুব সামান্য এক্ষয় রয়েছে যারা দাবি করে বাইবেল তাদের সত্যের উৎস হিসাবে।

এই নীতিগুলি আমাকে সাহায্য করেছে প্রাচীন লেখনী নিয়ে সংগ্রামে বাধ্য করে আমার বেশির ভাগ ঐতিহাসিক দ্বিধাদ্বন্দ্বকে এড়িয়ে যেতে। আমার আশা যে এটি আপনার জন্যও একই রকম আশীর্বাদের হবে।

বব উটলে

২৭ জুন, ১৯৯৬

কপিরাইট © 2013 [Bible Lessons International](http://BibleLessonsInternational.com)

উত্তম বাইবেল অধ্যয়নের নির্দেশনাঃ

প্রতিষ্ঠিত সত্যের জন্য ব্যক্তিগত অনুসন্ধান

ড. বব উটলে তার কমেড্রিতে ব্যবহৃত শাস্ত্র ব্যাখ্যার বিজ্ঞান ভিত্তিক দর্শন এবং প্রক্রিয়ায় সংক্ষিপ্ত ব্যাখ্যায় কি অনুসরণ করেছেন

আমরা কি সত্য জানতে পারি? কোথায় এটি পাবো? আমরা কি একে যুক্তিগত ভাবে প্রমাণ করতে পারি? সর্বোচ্চ কর্তৃত্বকারী বলে কি কেউ আছেন? এমন চূড়ান্ত কিছু আছে যা আমাদের জীবনকে, আমাদের পৃথিবীকে পরিচালনা দিতে পারে? জীবনের কি কোন অর্থ আছে? আমরা কেন পৃথিবীতে? আমরা কোথায় যাচ্ছি? এই প্রশ্নগুলি—যা সকল যুক্তিসম্মত লোকেরা গভীর ভাবে চিন্তার—মানবিক মেধাকে সময়ের শুরু থেকেই বিব্রত করছে (উপদেশক ১:১৩-১৮; ৩:৯-১১)। আমার জীবনের অখণ্ড বিষয় নিয়ে আমার ব্যক্তিগত অনুসন্ধানকে স্মরণ করতে পারি। আমি খুব অল্প বয়স থেকেই একজন খ্রীষ্ট বিশ্বাসী, যার ভিত্তি ছিল প্রাথমিক ভাবে পরিবারের অন্যান্যদের তাৎপর্যপূর্ণ সাক্ষ্য। আমি যখন বয়ঃপ্রাপ্ত হলাম, সঙ্গে সঙ্গে আমার নিজের বিষয়ে এবং আমার জগৎ সম্পর্কে প্রশ্নও বাড়তে লাগলো। সাধারণ সাংস্কৃতিক ও ধর্মীয় কথামালা কোন অর্থ বহন করতো না সেই সব অভিজ্ঞতার যা আমি পাঠ করেছি বা যার সম্মুখাসম্মুখি হয়েছি। এটা ছিল অস্বস্তিকর, কঠোর জগত যে জগতে আমি বাস করি তার সামনে একটা দ্বিধাদ্বন্দ্বের, অশেষণের, আকাংখ্যার এবং প্রায়ই হতাশার অনুভূতির সময়।

অনেকে দাবী করে যে তাদের কাছে এই সব চূড়ান্ত প্রশ্নের উত্তর রয়েছে, কিন্তু গবেষণা ও চিন্তার পরে আমি পেয়েছি যে তাদের উত্তরগুলির ভিত্তি ছিল: (১) ব্যক্তিগত দর্শন, (২) প্রাচীন লোক-কাহিনী, (৩) ব্যক্তিগত অভিজ্ঞতা অথবা (৪) মানসিক অভিব্যক্তি। আমার দরকার ছিল কিছু নিশ্চয়তা, কিছু প্রমাণ, কিছু যুক্তি সম্মত বিচার যার উপরে আমার বিশ্ব-দর্শন, আমার অখণ্ডতার কেন্দ্র, আমার বেঁচে থাকার যুক্তি নির্ভরশীল। আমি এগুলি আমার বাইবেল অধ্যয়নে পেয়েছি। আমি এর বিশ্বসাময়োগ্যতার প্রমাণের বিষয়ে অনুসন্ধান শুরু করি, যা আমি পেয়েছি (১) বাইবেলের ঐতিহাসিক বাস্তবতা যেটি নিশ্চিত করেছেন প্রত্নতত্ত্ববিদেরা, (২) পুরাতন নিয়মের ভাববাণীর নির্ভুলতা, (৩) বাইবেল লেখনীর সম্পূর্ণ ১৬ শত বছরে এর বার্তার ঐক্য, এবং (৪) সেই সব লোকদের ব্যক্তিগত সাক্ষ্য, যাদের জীবন বাইবেলের সংস্পর্শে এসে স্থায়ীভাবে পরিবর্তিত হয়ে গেছে। খ্রীষ্টধর্ম, নির্ভরতা ও বিশ্বাসের একীভূত পদ্ধতি হিসাবে, মানুষের জীবনের এই সব জটিল প্রশ্ন নিয়ে আলোচনা করতে সমর্থ। এগুলি কেবলমাত্র যুক্তিসঙ্গত কাঠামো যোগায় না, কিন্তু বাইবেল নির্ভরতার অভিজ্ঞতা-ভিত্তিক দিকসমূহ আমাকে আবেগগত দিক দিয়ে আনন্দ ও দৃঢ় প্রত্যয় এনে দেয়।

আমি ভেবেছি যে আমার জীবনের জন্য অখণ্ড কেন্দ্র-খ্রীষ্টকে পেয়ে গেছি, শাস্ত্রের মাধ্যমে যেভাবে বুঝতে পেরেছি। এটি ছিল একটি শিহরণ জাগান অভিজ্ঞতা, এক আবেগময় প্রশান্তি। যাহোক, আমি এখনও স্মরণ করতে পারি সেই আঘাত ও যন্ত্রণা যখন এটি আমার কাছে প্রকাশিত হতে থাকে যে এই বইটির কতগুলি ভিন্ন ভিন্ন অনুবাদ যা লোকের দ্বারা সমর্থিত, কখনও কখনও একই মন্ডলীতে এবং চিন্তাশীল পণ্ডিতদের কাছে। বাইবেলের নির্ভরযোগ্যতা ও অনুপ্রেরণা অনুমোদনের শেষ ছিল না, কিন্তু কেবলমাত্র আরম্ভ ছিল। কিভাবে আমি শাস্ত্রের অনেক কঠিন অংশের পরস্পর বিরোধি ও পার্থক্য বিশিষ্ট অনুবাদকে যারা দাবী করছে যে তা কর্তৃত্বকারী ও নির্ভরযোগ্য সেগুলি প্রমাণ করবো বা বাতিল করবো? এই কাজটি হয়ে পড়লো আমার জীবনের লক্ষ্য এবং বিশ্বাসের তীর্থযাত্রা। আমি জানতাম যে খ্রীষ্টে আমার বিশ্বাস আমার জীবনে মহা শান্তি ও আনন্দ এনেছে। আমার সংস্কৃতির সম্পর্কের মাঝখানে আমার মন আকাংখীত ছিল কোন চূড়ান্ত কিছুর এবং ধর্মীয় পদ্ধতির গোঁড়ামীপূর্ণ দ্বন্দ্ব ও ডিনোমিনেশনগত উদ্ধৃত্য। প্রাচীন সাহিত্যের অনুবাদের বিষয়ে আমার বৈধ প্রক্রিয়ার অশেষণে, আমি বিশ্বিত হয়েছিলাম আমার নিজের ঐতিহাসিক, সাংস্কৃতিক, ডিনোমিনেশনাল ও অভিজ্ঞতার পক্ষপাত আবিষ্কারে। আমি মাঝে মাঝেই বাইবেল পাঠ করি কেবলমাত্র আমার নিজের দৃষ্টিভঙ্গি পুনরায় শক্তিশালী করার জন্য। আমি এটি ব্যবহার করি গোড়ামির উৎস হিসাবে অন্যদের আক্রমণ করতে যখন পুনঃনিশ্চিত আমার নিজের নিরাপত্তাহীনতা এবং অপ্রতুলতার। এই বাস্তবতা উপলব্ধি আমার কাছে কতটা যন্ত্রণাদায়ক ছিল!

যদিও আমি কখনোই সম্পূর্ণরূপে উদ্দেশ্যমূলক হতে পারিনি, আমি একজন ভাল বাইবেল পাঠক হতে পেরেছি। আমি আমার মূল পক্ষপাতকে সীমাবদ্ধ করতে পারি সেগুলিকে চিহ্নিত করে এবং তাদের উপস্থিতি স্বীকার করে। যদিও আমি সেসব থেকে মুক্ত হতে পারিনি, কিন্তু আমি আমার নিজের দুর্বলতার সম্মুখাসম্মুখি হয়েছি। অনুবাদক প্রায়ই ভাল বাইবেল পাঠের সবচেয়ে খারাপ শত্রু! বাইবেল অধ্যয়নে আমি আমার পূর্ব ধারণাগুলি তালিকা করছি যেন আপনি, পাঠক হিসাবে, আমার সাথে সেগুলি পরীক্ষা করতে পারেন:

I. পূর্ব ধারণাসমূহ

- আমি বিশ্বাস করি বাইবেল হল একমাত্র সত্য ঈশ্বরের অনুপ্রাণিত আত্ম-প্রকাশ। সেজন্য, এটি অবশ্যই অনুবাদ করতে হবে নির্দিষ্ট ঐতিহাসিক অবস্থানে ঐশ্বরীক অনুপ্রাণিত মূল লেখকের মানবিক লেখকদের মাধ্যমে প্রকাশিত উদ্দেশ্যের আলোতে।
- আমি বিশ্বাস করি যে বাইবেল সাধারণ মানুষেরা লিখেছেন— সকল মানুষের জন্য! ঈশ্বর নিজেকে স্পষ্টভাবে আমাদের সাথে কথা বলার পর্যায়ে এনেছেন ঐতিহাসিক এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে। ঈশ্বর সত্য গোপন করেন না—তিনি চেয়েছেন আমরা যেন বুঝি! সেজন্য, এটি অনুবাদ হতে হবে সেই সময়ের আলোকে কিন্তু আমাদের সময়ের আলোকে নয়। বাইবেল এমন নয় যে আজকে আমাদের কাছে যে অর্থ প্রকাশ করছে তা তাদের কাছে কখনোই প্রকাশ করেনি প্রথম যারা এর কথা শুনেছে বা পাঠ করেছে। এটা গড়পড়তা সকল মানবিক মনের বোধগম্য এবং ব্যবহার যোগ্য সাধারণ মানবিক যোগাযোগ কৌশল ও প্রক্রিয়াতে।
- আমি বিশ্বাস করি বাইবেলে রয়েছে অখণ্ড বার্তা ও উদ্দেশ্য। এটা কখনো নিজেকে নিজের সাথে বিরোধ করে না, যদিও এতে কঠিন ও অসামঞ্জস্যপূর্ণ প্যাসেজ আছে। তাই বাইবেল নিজেই হল বাইবেলের সবচেয়ে ভাল অনুবাদক।


৪. আমি বিশ্বাস করি প্রতিটি প্যাসেজের (ভাববাণী ছাড়া) একটি কেবলমাত্র একটিই অর্থ রয়েছে যার ভিত্তি মূল অনুপ্রাণিত লেখকদের লক্ষ্য। যদিও আমরা জানি আমরা কখনোই সম্পূর্ণ নিশ্চিত হতে পারি না মূল লেখকের লক্ষ্য সম্পর্কে, তবে এর দিকে অনেক নির্দেশক লক্ষ্য করায়:
- genre (সাহিত্যের রীতি) বেছে নেওয়া হয়েছে বার্তা প্রকাশের জন্য
 - ঐতিহাসিক পরিস্থিতি এবং/অথবা নির্দিষ্ট উপলক্ষ্য যা এর লেখনীর জন্য দায়ী
 - সমগ্র পুস্তকের সাহিত্য বিষয়ক প্রেক্ষাপট সেই সঙ্গে প্রতিটি সাহিত্যের একক
 - সাহিত্যের এককের লেখনীর পরিকল্পনা (রূপরেখা) যেভাবে সেগুলি সমগ্র বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত
 - নির্দিষ্ট ব্যাকরণগত গঠনশৈলী বার্তাটি যোগাযোগে কার্যরত।
 - বার্তাটি উপস্থাপনে শব্দ চয়ন।

উল্লেখিত বিষয়গুলির প্রতিটি ক্ষেত্রের অধ্যয়ন হল আমাদের প্যাসেজ অধ্যয়নের উদ্দেশ্য। ভাল বাইবেল পাঠে আমার পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা করার আগে আমাকে কিছু অনুপযুক্ত পদ্ধতি ব্যাখ্যা করতে দিন যেগুলি আজকে ব্যবহৃত হচ্ছে যার কারণে অনুবাদের অনেক বিভেদ সৃষ্টি হচ্ছে, যা অবশ্যই পরিহার করা হয়েছে:

II. অনুপযুক্ত পদ্ধতি

- বাইবেলের পুস্তকগুলির সাহিত্যের প্রেক্ষাপট অবহেলা করা এবং প্রতিটি বাক্য, বাক্যাংশ অথবা প্রতিটি স্বতন্ত্র শব্দসমূহকে সত্যের প্রকাশ হিসাবে নেওয়া যার সঙ্গে লেখকের উদ্দেশ্যের বা বৃহৎ প্রেক্ষাপটের কোন সম্পর্ক নেই। একে প্রায়ই বলা হয় “proof-texting.”
- পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করে অনুমান নির্ভর ঐতিহাসিক প্রেক্ষাপট নির্ণয় যা লেখনীর সঙ্গে সামান্য বা কোন ভাবেই সমর্থন করে না।
- পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা এবং একে সকালের স্থানীয় সংবাদপত্র যেটি লেখা হয় প্রাথমিক ভাবে আধুনিক স্বতন্ত্র খ্রীষ্টিয়াদের জন্য সেভাবে পাঠ করা।
- লেখনিকে দার্শনিক/ধর্মতাত্ত্বিক বার্তা হিসাবে রূপকাত্মক বা প্রতিকি হিসাবে নেওয়ার দ্বারা পুস্তকগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট অবহেলা করা সম্পূর্ণ ভাবে প্রথম শ্রোতাদের এবং মূল লেখকদের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।
- নিজেদের ধর্মতাত্ত্বিক পদ্ধতি, পছন্দসই মতবাদ বা সমকালীন বিষয়সমূহ ইত্যাদি বিকল্প দ্বারা মূল বার্তাকে অবহেলা করা মূল লেখকদের উদ্দেশ্য এবং প্রকাশিত বার্তার সঙ্গে সম্পর্কযুক্ত নয়। প্রায়ই এই ঘটনা অনুসরণ করে বাইবেলের প্রাথমিক পাঠে প্রতিষ্ঠিত বক্তার কর্তৃত্ব প্রতিষ্ঠার একটি উপায় হিসাবে। একে প্রায়ই উল্লেখ করা হয় ‘পাঠকদের সাড়া প্রদান’ (‘আমার কাছে পাঠের অর্থ কি’ অনুবাদ) বলে।

সমস্ত লিখিত মানবিক যোগাযোগে অন্ততপক্ষে তিনটি সম্পর্কযুক্ত উপাদান পাওয়া যেতে পারে:



অতীতে, এই তিনটি উপাদানের যে কোন একটিতে ভিন্ন ভিন্ন পাঠ কৌশলে দৃষ্টি দেওয়া হতো, কিন্তু বাইবেলের সত্যিকার চমৎকার অনুপ্রেরণার নির্ভরতার সবচেয়ে উপযুক্ত হল একটি পরিবর্তিত ডায়গ্রামঃ



সত্যে তিনটি উপাদানই অবশ্যই অন্তর্ভুক্ত হবে ব্যাখ্যাদানকারী প্রক্রিয়াতে। যথার্থতা নির্ণয়ের উদ্দেশ্যে, আমার অনুবাদের দৃষ্টি নিবদ্ধ হয় প্রথম দুটি উপাদানে: মূল লেখক এবং পাঠ। আমি সম্ভবত যে সব অবহেলা লক্ষ্য করেছি তাতে প্রতিক্রিয়া প্রকাশ করেছি (১) রূপকাত্মক বা আত্মিকিকরণ পাঠ এবং (২) “পাঠকের সাড়া প্রদান” অনুবাদ (আমার কাছে এর অর্থ কি)। অবহেলা প্রতিটি ধাপেই ঘটতে পারে। আমাদেরকে সব সময় আমাদের উদ্দেশ্য, পক্ষপাতিত্ব, কৌশল এবং প্রয়োগ পরীক্ষা করতে হবে। কিন্তু কিভাবে আমরা তা পরীক্ষা করবো যদি অনুবাদের কোন সীমানা, সীমারেখা, কোন নীতি না থাকে? এখানেই লেখকের উদ্দেশ্য এবং লেখনীর কাঠামো আমাকে কিছু নীতি যুগিয়ে দেয় সাম্ভাব্য বৈধ অনুবাদের সুযোগ সীমাবদ্ধ করার জন্য। এই অনুপযুক্ত পাঠ কৌশলের আলোতে, উত্তম বাইবেল অধ্যয়ন ও ব্যাখ্যার কিছু সাম্ভাব্য প্রয়োগ কি যা একটি নির্দিষ্ট পরিমাণ নির্ভরতা ও সামঞ্জস্যতা দেবে?

III. উত্তম বাইবেল অধ্যয়নে সম্ভাব্য প্রক্রিয়া

এই পয়েন্টে আমি আলোচনা করছি না নির্দিষ্ট লেখনী অনুবাদের অপূর্ব কৌশল কিন্তু সাধারণ বাইবেল ব্যাখ্যার নীতিসমূহ যা সকল প্রকার বাইবেলের টেক্সটের জন্য বৈধ। লেখনী কৌশলের নির্দিষ্ট প্রক্রিয়ার একটি ভাল বই হল *How To Read The Bible For All Its Worth*, by Gordon Fee and Douglas Stuart, published by Zondervan.

আমার পদ্ধতি লক্ষ্য রাখে প্রাথমিক ভাবে পাঠকদের উপরে যাদের পবিত্র আত্মা বাইবেলের দ্বারা আলোকিত করেছে চারটি ব্যক্তিগত পাঠ চক্রের মাধ্যমে। এটি আত্মা, লেখনী এবং পাঠককে মুখ্য করে, গৌন করে না। এটি আরও পাঠককে রক্ষা করে ব্যাখ্যাকারকদের অতিরিক্ত প্রভাব থেকে। আমি এটা বলতে শুনেছি: “ব্যাখ্যার উপরে বাইবেল অনেক আলোক প্রক্ষেপ করেছে।” এর মানে এই নয় যে অধ্যয়ন উপকরণের প্রতি হীন মন্তব্য করা, কিন্তু সেগুলির সঠিক ব্যবহারে উপযুক্ত সময়ের আবেদন করা।

লেখনীই আমাদের অনুবাদকে সমর্থিত করবে আমাদের অবশ্যই এমন সক্ষমতা অর্জন করতে হবে। পাঁচটি ক্ষেত্র অন্ততপক্ষে এই সীমাবদ্ধ পার্থক্য দেখায়:

১. ঐতিহাসিক অবস্থান
২. সাহিত্যগত প্রেক্ষাপট
৩. ব্যাকরণগত কাঠামো(syntax)
৪. সমকালীন শব্দ ব্যবহার
৫. সুসঙ্গত সমান্তরাল প্যাসেজ
৬. সাহিত্য রীতি

আমাদের অনুবাদের পেছনে কারণ এবং যুক্তি দেখানোর সক্ষমতা থাকার প্রয়োজন। বাইবেল হল আমাদের একমাত্র বিশ্বাস ও অনুশীলনের উৎস। দুঃখজনক ভাবে বলতে হয়, খ্রীষ্টিয়ানেরা প্রায়ই এর শিক্ষা বা এটি যা অনুমোদন করে তাতে একমত নয়। চারটি পাঠ চক্র পরিকল্পিত করা হয়েছে পরবর্তী ব্যাখ্যাদানকারী অন্তর্দৃষ্টিতে:

১. প্রথম পাঠ চক্র

ক. একবারেই বইটি পড়ে শেষ করা। তারপর ভিন্ন অনুবাদে এটি আবার পাঠ করুন, আশাশ্রদ্ধ ভাবে ভিন্ন অনুবাদ তত্ত্ব থেকে

- (১) word-for-word (NKJV, NASB, NRSV)
- (২) গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
- (৩) ভাবার্থ প্রকাশ (Living Bible, Amplified Bible)

খ. সমগ্র লেখনীর কেন্দ্রীয় উদ্দেশ্যের দিকে লক্ষ্য রাখা। এর মূল ভাব চিহ্নিত করা।

গ. সাহিত্য একক, অধ্যায়, প্যারাগ্রাফ বা বাক্য বিচ্ছিন্ন (যদি সম্ভব হয়) করুন যেটি স্পষ্টভাবে এর কেন্দ্রীয় উদ্দেশ্য বা মূল ভাব প্রকাশ করেছে।

ঘ. প্রধান সাহিত্য রীতি চিহ্নিত করুন

১. পুরাতন নিয়ম

- ক) হিব্রু বর্ণনা
- খ) হিব্রু কবিতা (প্রজ্ঞা সাহিত্য, গীতসংহিতা)
- গ) হিব্রু ভাববাণী (গদ্য, কবিতা)
- ঘ) ব্যবস্থার শব্দ কৌশল (কোড)

২. নূতন নিয়ম

- ক) বর্ণনামূলক (সুসমাচার, প্রেরিত পুস্তক)
- খ) দৃষ্টান্তসমূহ (সুসমাচার)
- গ) চিঠি/প্রেরিত পত্রসমূহ
- ঘ) রহস্য প্রকাশমূলক সাহিত্য

২. দ্বিতীয় পাঠ চক্র

ক. সমস্ত বইটি আবার পাঠ করুন, বড় বড় মূল বিষয় বা বিষয়বস্তু চিহ্নিত করতে অন্বেষণ করুন।

খ. বড় বড় মূল বিষয় রূপরেখা করুন এবং সহজ ভাবে তাদের বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা করুন।

গ. আপনার উদ্দেশ্যের বিবৃতি পরীক্ষা করুন এবং অধ্যয়ন উপকরণের সাহায্যে রূপরেখাটি বড় করুন।

৩. তৃতীয় পাঠ চক্র

ক. সমগ্র বইটি আবার পাঠ করুন, বাইবেলের পুস্তক থেকে ঐতিহাসিক প্রেক্ষাপট ও লেখার নির্দিষ্ট উপলক্ষ্য খুঁজে বের করে চিহ্নিত

- করুন।
- খ. বাইবেলের পুস্তকে যে সব ঐতিহাসিক বিষয় উল্লেখিত হয়েছে তার তালিকা করুন
- (১) লেখক
 - (২) তারিখ
 - (৩) গ্রহীতা
 - (৪) লেখার পিছনে নির্দিষ্ট কারণ
 - (৫) সংস্কৃতিগত প্রেক্ষাপটের দিক সমূহ যা লেখার উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত
 - (৬) ঐতিহাসিক লোক এবং ঘটনার উল্লেখ
- গ. যে বাইবেলের পুস্তকের আপনি অনুবাদ করছেন তার প্যারাগ্রাফ স্তর পর্যন্ত আপনার রূপরেখাকে প্রসারিত করুন। সব সময়ই সাহিত্যের একক চিহ্নিত করুন এবং রূপরেখা তৈরী করুন। এটা হতে পারে কয়েকটি অধ্যায় বা প্যারাগ্রাফ। এটি আপনাকে সক্ষম করবে মূল লেখকের যুক্তি এবং লেখনীর পরিকল্পনা অনুসরণ করতে।
- ঘ. অধ্যয়ন উপকরণের সাহায্যে আপনার ঐতিহাসিক প্রেক্ষাপট পরীক্ষা করুন।

৪. চতুর্থ পাঠ চক্র

- ক. নির্দিষ্ট সাহিত্য একক কয়েকটি ভিন্ন ভিন্ন অনুবাদ থেকে পাঠ করুন।
- (১) word-for-word (NKJV, NASB, NRSV)।
 - (২) গতিশীল সমতাপূর্ণ (TEV, JB)
 - (৩) ভাবার্থ প্রকাশ (Living Bible, Amplified Bible)
- খ. সাহিত্যগত বা ব্যাকরণগত কাঠামো দেখুন
- (১) বারবার উল্লেখিত শব্দগুচ্ছ, ইফিষীয় ১:৬, ১২, ১৩
 - (২) বার বার উল্লেখিত ব্যাকরণগত কাঠামো, রোমীয় ৮:৩১
 - (৩) বিপরীত ধারণা সমূহ
- গ. পরবর্তী বিষয়গুলি তালিকা করুন
- (১) তাৎপর্যপূর্ণ টার্ম
 - (২) অস্বাভাবিক টার্ম
 - (৩) গুরুত্বপূর্ণ ব্যাকরণগত কাঠামো
 - (৪) নির্দিষ্ট কঠিন শব্দসমূহ, বাক্যাংশ এবং বাক্যসমূহ
- ঘ. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ দেখুন
- (১) আপনার ব্যবহৃত বিষয়ের স্পষ্ট শিক্ষার প্যাসেজ দেখুন ক) “ধারাবাহিক ধর্মতত্ত্ব” পুস্তক খ) নির্দেশক পুস্তক বা রেফারেন্স বাইবেল ৩) শব্দের অক্ষরগত সূচী ব্যবহার করে
 - (২) আপনার বিষয়ের মধ্যে সাম্ভাব্য অসঙ্গত মনে হলেও সঙ্গত জোড়া বাক্য। অনেক বাইবেলের সত্য উপস্থাপন করা হয়েছে যুক্তিগত আলোচনার জোড়ায়; অনেক ডিনোমিনেশনগত দ্বন্দ্ব এসেছে বাইবেলের দ্বন্দ্বের অর্থ প্রমাণিত লেখনী বা proof-texting থেকে। সমগ্র বাইবেল অনুপ্রাণিত, এবং আমাদের অবশ্যই এর সম্পূর্ণ বার্তা শ্রুঁজে বের করতে হবে আমাদের অনুবাদে শাস্ত্রীয় সামঞ্জস্যতা যোগানোর স্বার্থে।
 - (৩) একই পুস্তক, একই লেখক বা একই লেখনী কৌশলের সমান্তরাল বিষয়গুলি দেখুন; বাইবেলই হল এর সবচেয়ে ভাল অনুবাদক কারণ এতে রয়েছে একজন লেখক, আত্মা।
- ঙ. ঐতিহাসিক প্রেক্ষাপট ও উপলক্ষ্য বিষয়ে আপনার পর্যবেক্ষণ অধ্যয়ন উপকরণের সহায়তায় পরীক্ষা করুন।
- (১) স্টাডি বাইবেল
 - (২) বাইবেল বিশ্বকোষ, হ্যান্ডবুক ও ডিক্সনারী।
 - (৩) বাইবেলের ভূমিকা
 - (৪) বাইবেল ব্যাখ্যাসমূহ (আপনার অধ্যয়নের এই পয়েন্টে, বিশ্বাসী সম্প্রদায়কে সুযোগ দিন, অতীত এবং বর্তমান, আপনার ব্যক্তিগত অধ্যয়নে সহায়তা ও সংশোধন করতে।)

IV. বাইবেল ব্যাখ্যার প্রয়োগ

এই পয়েন্টে আমরা প্রয়োগের দিকে যাব। আপনি সময় নিয়েছেন লেখনীর মূল প্রেক্ষাপট উপলব্ধিতে; এখন এটি আপনার জীবনে, আপনার সংস্কৃতিতে অবশ্যই প্রয়োগ করবেন। আমি বাইবেল কর্তৃত্বকে এভাবে ব্যাখ্যা করি “মূল বাইবেল লেখক তার সময়ে কি বলেছেন এবং সেই সত্যকে আজকে আমাদের সময়ে প্রয়োগ করাটা বোঝা।”

প্রয়োগ অবশ্যই উভয় সময় এবং যুক্তিতে মূল লেখকের উদ্দেশ্য ব্যাখ্যা অনুসরণ করবে। আমরা ততক্ষণ পর্যন্ত বাইবেলের প্যাসেজ আমাদের সময়ে প্রয়োগ

করতে পারি না যতক্ষণ পর্যন্ত আমরা বাইবেলের সময়ে এটি কি বলেছে তা না বুঝতে পারি! এই বাইবেল প্যাসেজ অবশ্যই এই অর্থ প্রকাশ করবে না যা এটি কখনোই অর্থ করেনি!

আপনার বিশদ রূপরেখা, প্যারাগ্রাফ স্তরে (পাঠ চক্রঃ#৩) আপনার নির্দেশক হবে। প্রয়োগ অবশ্যই প্যারাগ্রাফ স্তরে নির্ণিত হবে, শব্দ স্তরে নয়! শব্দের কেবল লেখনীর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যাংশেরও কেবল এর প্রসঙ্গে অর্থ থাকে; বাক্যেরও এর প্রসঙ্গে কেবল অর্থ থাকে। কেবল অনুপ্রাণিত ব্যক্তি মূল লেখকের ব্যাখ্যা প্রক্রিয়ায় জড়িত থাকে। আমরা কেবল মাত্র তার পথ অনুসরণ করি পবিত্র আত্মার আলোকে। কিন্তু আলোকিতকরণ অনুপ্রেরণা নয়। বলা হয়, ‘এই সদাপ্রভুর বাক্য’, আমাদের অবশ্যই মূল লেখকের উদ্দেশ্য মেনে চলতে হবে। প্রয়োগ অবশ্যই নির্দিষ্ট ভাবে সম্পর্কযুক্ত হবে সমগ্র লেখনীর সাধারণ উদ্দেশ্যে, নির্দিষ্ট সাহিত্য একক এবং প্যারাগ্রাফ স্তরের চিন্তার উন্নয়নের সাথে।

আমাদের সময়ের বিষয়কে বাইবেলের অনুবাদে যুক্ত করবেন না; বাইবেলকে কথা বলতে দিন! এতে অবশ্যই আমাদের আবশ্যিক হবে লেখনী থেকে নীতি বের করা। এটি বৈধ যদি লেখনী নীতিকে সমর্থন করে। দুর্ভাগ্যজনক ভাবে, অনেক সময় আমাদের নীতিসমূহ এরকম হয়—“আমাদের” নীতি— কিন্তু লেখনীর নীতি নয়।

বাইবেল প্রয়োগে, এটা মনে রাখা দরকার যে (ভাববাণীর ক্ষেত্র ছাড়া) একটি নির্দিষ্ট বাইবেল লেখনীর একটি কেবলমাত্র একটিই অর্থ বৈধ। এই অর্থ মূল লেখকের উদ্দেশ্যের সঙ্গে সম্পর্কযুক্ত যেভাবে সে তার সময়ের কোন সমস্যা বা প্রয়োজন বিষয়ে বলেছে। এই একটি অর্থ থেকে অনেক সাম্ভাব্য প্রয়োগ বের করা যেতে পারে। প্রয়োগের ভিত্তি হবে গ্রহীতার প্রয়োজন কিন্তু অবশ্যই মূল লেখকের অর্থের সঙ্গে সম্পর্কযুক্ত থাকবে।

V. অনুবাদে আত্মিক দিকসমূহ

যতটা সম্ভব আমি আলোচনা করেছি অনুবাদ ও প্রয়োগে জড়িত যুক্তিগত ও লেখনীগত কৌশল সম্বন্ধে। এখন আমি সংক্ষেপে অনুবাদের আত্মিক দিকসমূহ নিয়ে আলোচনা করবো। পরবর্তীতে উল্লেখিত পরীক্ষার তালিকা আমার জন্য সহায়ক হয়েছে:

1. আত্মার সাহায্যের জন্য প্রার্থনা (১ করি ১:২৬-২:১৬)।
2. ব্যক্তিগত ভাবে জানা পাপ সমূহের জন্য ক্ষমা ও শুচিতার জন্য প্রার্থনা (১ যোহন ১:৯)।
3. ঈশ্বরকে আরও ভালভাবে জানার আকাংখ্যায় প্রার্থনা (গীতা ১৯:৭-১৪; ৪২:১ পদ থেকে কয়েকটি পদ; ১১৯:১ পদ থেকে কয়েকটি পদ)।
4. যে কোন নূতন অন্তর্দৃষ্টি তৎক্ষণাৎ নিজের জীবনে প্রয়োগ।
5. অবিরত নন্দ ও শিখতে আগ্রহী থাকা।

যুক্তিগত প্রক্রিয়া এবং পবিত্র আত্মার আত্মিক নেতৃত্বের মধ্যে সমতা রক্ষা করা খুব কঠিন কাজ। পরবর্তী উদ্ধৃতি আমাকে সাহায্য করেছে দুটির মধ্যে সমতা রাখতে:

1. James W. Sire, *Scripture Twisting*, pp. 17-18 থেকে:

“ঈশ্বরের লোকদের মনে ঈশ্বরের কাছ থেকে আলো আসে—কেবলমাত্র আত্মিক উত্তমতার জন্য নয়। বাইবেল ভিত্তিক খ্রীষ্টধর্মের কোন আত্মিক গুরুর (guru) ক্লাশ নয়, কোন আলোকিতকরণ নয়, কোন লোক নয় যাদের মাধ্যমে সঠিক অনুবাদ অবশ্যই আসবে। এবং এরকমই, যখন পবিত্র আত্মা প্রজ্ঞা, জ্ঞান এবং আত্মিক বিচক্ষণতার বিশেষ দান দেন, তিনি কখনোই দান প্রাপ্ত খ্রীষ্টিয়ানদের তাঁর বাক্যের কর্তৃত্বকারী অনুবাদক হিসাবে বিবেচনা করেন না। এটি তাঁর প্রতিটি লোকের জন্য তারা শিখবে, বিচার করবে এবং মনোযোগ দেবে বাইবেলের উল্লেখ দ্বারা যেটি কর্তৃত্ব নিয়ে দাঁড়ান তাদেরও কাছে যাদের ঈশ্বর বিশেষ দক্ষতা দিয়েছেন। সকল কিছুর সারাংশে, বাইবেলের সমগ্র পুস্তকের বিষয়ে আমার অনুমান হল সে সকল মানুষের জন্য ঈশ্বরের সত্যিকার প্রকাশ, আর সকল বিষয় সম্পর্কে এটি যা বলে তাহল আমাদের চূড়ান্ত কর্তৃত্ব, এটা কোন ভাবেই সম্পূর্ণ রহস্যময় নয় কিন্তু প্রতিটি সংস্কৃতির সাধারণ লোকের দ্বারা তা সম্পূর্ণভাবে বোধগম্য হতে পারে।”

2. ‘Kierkegaard’, Bernard Ramm, প্রতিষ্ঠিত *Protestant Biblical Interpretation*, p. 75:

‘Kierkegaard’ অনুসারে বাইবেলের ব্যাকরণগত, শব্দগত ও ঐতিহাসিক অধ্যয়ন প্রয়োজন ছিল কিন্তু প্রাথমিকভাবে ছিল বাইবেলের সত্যিকার পাঠের জন্য। “ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ, লোকেরা অবশ্যই একে মুখে পাঠ করবে অন্তর দিয়ে, নিঃশব্দে, সাগ্রহে প্রত্যাশায়, ঈশ্বরের সঙ্গে কথা বলতে। চিন্তা-ভাবনা ছাড়া বা উদাসীনভাবে বা যত্নহীন ভাবে বা মানসিক ভাবে বা পেশাগতভাবে বাইবেল পাঠ ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল পাঠ নয়। যেমন কেউ একজন এটি পাঠ করে যেভাবে ভালবাসার পত্র পড়ে সেভাবে, অন্যদিকে আর একজন পাঠ করে এটি ঈশ্বরের বাক্য হিসাবে।”

3. H. H. Rowley in *The Relevance of the Bible*, p. 19:

“বাইবেল কেবলমাত্র মেধাগত বোধগম্যতা নয়, যদিও সম্পূর্ণরূপে, সকলে এর সম্পদের অধিকারী হতে পারে। এটি এই ধরনের বোধগম্যতাকে হয় জ্ঞান করে না, কারণ এটি আবশ্যিক এর সম্পূর্ণ বোধগম্যতা। কিন্তু এটি অবশ্যই পরিচালিত করবে এই পুস্তকের আত্মিক সম্পদের আত্মিক বোধগম্যতার দিকে যদি এটি সম্পূর্ণ করা হয়। এই কারণে মেধাগত দক্ষতার প্রয়োজনের চেয়েও আত্মিক বোধগম্যতা আরও বেশী দরকারী। আত্মিক বিষয় আত্মিক বিচক্ষণায় দেখতে হবে, এবং বাইবেলের শিক্ষার্থীর দরকার আত্মিক ভাবে গ্রহণের মনোভাব, ঈশ্বরকে পাবার এক অদম্য আগ্রহ যা তাকে তাঁর কাছে সমর্পণ করতে পারে, যদি সে তার বৈজ্ঞানিক অধ্যয়নকে বাদ দিয়ে আসতে পারে সমস্ত পুস্তকের সবচেয়ে মহান উচ্চতর উত্তরাধিকারের দিকে।”

VI. এই ব্যাখ্যা পুস্তকের পদ্ধতি

এই অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা পুস্তক পরিকল্পিত হয়েছে আপনার অনুবাদের কার্যধারার সাহায্য করতে পরবর্তীতে উল্লেখিত কয়েকটি উপায়ে:

১. প্রতিটি পুস্তকের একটি সংক্ষিপ্ত ঐতিহাসিক রূপরেখা দেওয়া হয়েছে। পাঠ চক্র#৩ শেষ করার পরে আপনি এই তথ্যগুলি পরীক্ষা করবেন।
২. প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি প্রতিটি অধ্যায়ের শুরুতে পাবেন। এটি আপনাকে দেখতে সাহায্য করবে যে কিভাবে সাহিত্যের একক বিন্যস্ত করা হয়েছে।
৩. প্রতিটি অধ্যায়ের শুরুতে বা বড় সাহিত্যের একক প্যারাগ্রাফ বিভাগ এবং সেগুলির বর্ণনামূলক শিরোনাম কয়েকটি অনুবাদের অনুবাদ থেকে দেওয়া হয়েছে:

- ক. The United Bible Society Greek text, fourth edition revised(UBS⁴)
- খ. The New American Standard Bible, 1995 Update (NASB)
- গ. The New King James Version (NKJV)
- ঘ. The New Revised Standard Version (NRSV)
- ঙ. Today's English Version (TEV)
- চ. The Jerusalem Bible (JB)

প্যারাগ্রাফ বিভাগ অনুপ্রাণিত নয়। সেগুলি অবশ্যই নির্ণয় করা হয়েছে লেখনীর প্রসঙ্গ থেকে। ভিন্ন ভিন্ন অনুবাদ তত্ত্ব ও ধর্মতাত্ত্বিক দৃষ্টিকোণের কয়েকটি আধুনিক অনুবাদের সঙ্গে তুলনা করে, আমরা সক্ষম হয়েছি মূল লেখকের চিন্তার আনুমানিক কাঠামো বিশ্লেষণ করতে। প্রতিটি প্যারাগ্রাফে একটি বড় সত্য রয়েছে। একে বলা হয় “বিষয় বাক্য”(the topic sentence) বা ‘লেখনীর মূল চিন্তা।’ এই যুক্ত চিন্তা হল চাবিকাঠি সঠিক ঐতিহাসিক, ব্যাকরণগত অনুবাদের। কারোরই অনুবাদ, প্রচার বা শিক্ষা দেওয়া উচিত নয় কোন একটি প্যারাগ্রাফের ছাড়া! আরও মনে রাখা দরকার যে প্রতিটি প্যারাগ্রাফ তার চারপাশের প্যারাগ্রাফ দ্বারা বেষ্টিত। সেজন্য সমগ্র পুস্তকের প্যারাগ্রাফ স্তরের রূপরেখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের অবশ্যই সক্ষম হতে হবে বিষয়ের যুক্তিগত প্রবাহের দিক অনুসরণ করা যেটি অনুপ্রাণিত মূল লেখক বলতে চেয়েছেন।

৪. ববের নোট verse-by-verse অনুবাদ প্রক্রিয়া অনুসরণ করেছে। এটি আমাদের বাধ্য করেছে মূল লেখকের চিন্তা অনুসরণ করতে। এই নোট আমাদের কয়েকটি ক্ষেত্রের তথ্য সরবরাহ করেছে:
 - ক. সাহিত্যের প্রসঙ্গ
 - খ. ঐতিহাসিক, সাংস্কৃতিক অর্ন্তদৃষ্টি
 - গ. ব্যাকরণগত তথ্য
 - ঘ. শব্দ অধ্যয়ন
 - ঙ. সমতাপূর্ণ সমান্তরাল প্যাসেজ
৫. ব্যাখ্যার একটি নির্দিষ্ট পয়েন্টে, New American Standard Version (১৯৯৫ আপডেটস) ছাপান লেখনী যুক্ত করা হবে আধুনিক কয়েকটি অনুবাদের সংস্করণ দ্বারা:
 - ক. The New King James Version (NKJV), এটি ‘Textus Receptus’ লেখনীগত পাতুলিপিত অনুসরণ করেছে।
 - খ. The New Revised Standard Version (NRSV), এটি National Council of Churches of the Revised Standard Version এর word-for-word সংশোধিত সংস্করণ।
 - গ. The Today's English Version (TEV), এটি American Bible Society এর গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।
 - ঘ. The Jerusalem Bible (JB), এটি একটি ইংলিশ অনুবাদ যার ভিত্তি হল French Catholic গতিশীল সমতাপূর্ণ অনুবাদ।
৬. তাদের জন্য যারা গ্রীক পড়েনি, তুলনামূলক ইংলিশ অনুবাদ সাহায্য করতে পারে লেখনীর সমস্যাসমূহ চিহ্নিত করতে:
 - ক. পাতুলিপির পার্থক্য
 - খ. বিকল্প শব্দার্থ
 - গ. ব্যাকরণগত সমস্যাবহুল লেখনী ও কাঠামো
 - ঘ. দ্ব্যর্থব্যাঞ্জক লেখনী যদিও ইংলিশ অনুবাদ এই সব সমস্যা সমাধান করতে পারে না, তবে তারা একে আরও গভীর ও ব্যাপক অধ্যয়নের বিষয় বস্তুতে পরিণত করে।
 - ঙ. প্রতিটি অধ্যায়ের শেষে সঙ্গতিপূর্ণ আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে যেগুলি লক্ষ্য করতে চেষ্টা করেছে ঐ অধ্যায়ের বড় অনুবাদকৃত বিষয়ের দিকে।

যোহনের ভূমিকা

প্রারম্ভিক বক্তব্য

- ক. মথি ও লুক যীশুর জন্ম কাহিনি দিয়ে শুরু করেছেন, মার্ক শুরু করেছেন তাঁর বাপ্তিষ্ম দিয়ে, কিন্তু যোহন শুরু করেছেন সৃষ্টিপূর্ব কাহিনি দিয়ে।
- খ. যোহন নাসরতিয় যীশুর সম্পূর্ণ ঈশ্বরত্ব প্রথম অধ্যায়ের প্রথম পদ থেকে উপস্থাপন করেছেন এবং সমগ্র সুসমাচারে এর গুরুত্ব বারবার ব্যক্ত করেছেন। Synoptic সুসমাচার সমূহ এই সত্যকে পর্দা দিয়ে ঢেকে রেখেছেন তাদের সুসমাচারে শেষের দিক না আসা পর্যন্ত (“মশীহ বিষয়ক গোপনীয়তা”)।
- গ. স্পষ্টতঃ যোহন তার সুসমাচার রচনা করেছেন Synoptic সুসমাচারের নির্ভরযোগ্যতার ভিত্তির আলোকে। তিনি চেষ্টা করেছেন অতিরিক্ত কিছু সরবরাহ করতে এবং যীশুর জীবন ও শিক্ষা প্রাথমিক মণ্ডলীর(প্রথম শতকের শেষ দিকে) প্রয়োজনের আলোকে ব্যাখ্যা করতে।
- ঘ. যোহন মনে হয় তার মশীহ যীশুর বিষয় উপস্থাপনার কাঠামো গড়ে তুলেছেন
১. সাতটি অলৌকিক/চিহ্ন কাজ এবং সেগুলোর ব্যাখ্যা
 ২. ব্যক্তিগত ২৭টি সাক্ষাৎকার এবং/অথবা কথোপকথন
 ৩. সুনির্দিষ্ট আলাপনা এবং পর্ব দিন
 - ক. সাব্বাথ বা বিশ্রামবার
 - খ. নিস্তার পর্ব (যোহন ৫-৬)
 - গ. কুটির বাস পর্ব (যোহন ৭:১০)
 - ঘ. মন্দির প্রতিষ্ঠার পর্ব (Hanukkah, যোহন ১০:২২-৩৯)
 ৪. “আমি আছি” মন্তব্য
 - ক. ঈশ্বরীক নামের সঙ্গে সম্পর্কযুক্ত (YHWH)
 - ১) আমিই তিনি (যোহন ৪:২৬; ৮:২৪,২৮; ১৩:১৯; ১৮:৫-৬)
 - ২) অব্রাহামের আগে থেকেই আমি আছি (যোহন ৮:৫৪-৫৯)
 - খ. predicate nominatives দিয়ে
 - ১) আমিই জীবন খাদ্য (যোহন ৬:৩৫,৪১,৪৮,৫১)
 - ২) আমিই জগত্রে জ্যোতি (যোহন ৮:১২)
 - ৩) আমিই মেঘদের দ্বার (যোহন ১০:৭,৯)
 - ৪) আমিই উত্তম মেঘ পালক (যোহন ১০:১১,১৪)
 - ৫) আমিই পুনরুত্থান ও জীবন (যোহন ১১:২৫)
 - ৬) আমি পথ, সত্য, ও জীবন (যোহন ১৪:৬)
 - ৭) আমি প্রকৃত দ্রাক্ষালতা (যোহন ১৫:১,৫)
- ঙ. যোহন এবং অন্য সুসমাচারের মধ্যকার পার্থক্য
১. যদিও এটি সত্য যে যোহনের প্রাথমিক উদ্দেশ্য হল ধর্মতাত্ত্বিক, তবে তার ঐতিহাসিক ও ভৌগলিক ব্যবহার বিশদ ও দারুণ ভাবে সঠিক। Synoptic সুসমাচার ও যোহনের মধ্যকার প্রকৃত অসামঞ্জস্যতার কারণ অনিশ্চিত।
 - ক. যিহূদীয়ায় প্রাথমিক পরিচর্যা (মন্দিরে প্রাথমিক শুচিকরণ)
 - খ. যীশুর জীবনের শেষ সপ্তাহের কালানুক্রম ও তারিখ
 - গ. উদ্দেশ্যমূলক ধর্মতাত্ত্বিক পূর্ণগঠন
 ২. যোহন এবং Synoptic সুসমাচারের মধ্যকার সুস্পষ্ট পার্থক্য নিয়ে কিছু সময় আলোচনা করা সাহায্যকারী হবে। এই পার্থক্যের বিষয়ে *A Theology of the New Testament* বই থেকে George Eldon Ladd এর উদ্ধৃতি দেখি:
 - ক. “Synoptics থেকে চতুর্থ সুসমাচারের অনেক পার্থক্য রয়েছে যার জন্য সততার সাথে প্রশ্নের সম্মুখীন হতে হয় যে যীশুর শিক্ষা সম্পর্কে এটা কি সঠিক বিবরণ দিয়েছে অথবা খ্রীষ্টিয় বিশ্বাস ঐতিহ্যে কি অনেক পরিবর্তিত হয়েছে যে ইতিহাস ধর্মতাত্ত্বিক ব্যাখ্যাকে আত্মস্যাৎ করেছে”(পৃ..২১৫)।
 - খ. “সমাধান যেটি হাতের কাছেই রয়েছে তাহল যীশুর শিক্ষা যোহনের বাগধারায় প্রকাশিত হয়েছে। যদি এটি সঠিক সমাধান হয়, এবং যদি আমরা এই উপসংহারে পৌঁছাই যে চতুর্থ সুসমাচার বুঝতে হবে Johannine বাগধারায়, তবে এই গুরুত্বপূর্ণ প্রশ্ন চলে আসে: চতুর্থ সুসমাচারের ধর্মতত্ত্বের সীমা কতটুকু যা যীশুর চেয়ে বরং যোহনের? যীশুর শিক্ষার সীমা কতটুকু যোহন আত্মস্থ করেছিলেন যা যীশুর শিক্ষার সঠিক প্রতিনিধিত্বের চেয়ে বরং আমরা Johannine ব্যাখ্যায় পেয়েছি?” (পৃ..২১৫)।
 - গ. Ladd also quotes W. F. Albright from "Recent Discoveries in Palestine and the Gospel of John" in *The Background of the New Testament and Its Eschatology* edited by W. D. Davies and D. Daube

“Synoptics সূসমাচার ও যোহনের সূসমাচারের শিক্ষার মধ্যে কোন মৌলিক পার্থক্য নেই; এদের মধ্যকার পার্থক্য নিহিত রয়েছে খ্রীষ্টের শিক্ষার নিশ্চিত কিছু দিকের সাথে ঐতিহ্যের প্রতি একাঘাতা, বিশেষ করে সেগুলি যেগুলি মনে হয় এসেনীদের (Essenes) শিক্ষার মত খুব কাছাকাছি।

নিশ্চিত ভাবে কোন কিছুই প্রদর্শন করে না যে যীশুর কোন শিক্ষার বিকৃতি বা মিথ্যা প্রমাণিত হয়েছে, অথবা খুব গুরুত্বপূর্ণ নূতন উপাদান সেগুলির সঙ্গে যুক্ত হয়েছে। প্রয়োজন ছিল প্রাথমিক মন্ডলীর প্রভাব সূসমাচারে কোন নির্বাচিত বিষয় অন্তর্ভুক্তির যা আমরা স্বীকার করতে ইচ্ছুক, কিন্তু কোন কারণই নেই এটা ধরে নেবার যে ঐ মন্ডলীর প্রয়োজন কোন ধর্মতাত্ত্বিক তাৎপর্যের আবিষ্কার বা নূতন কোন কিছু প্রবর্তনের জন্য দায়ী।

নূতন নিয়মের সমালোচক পণ্ডিত ও ধর্মতাত্ত্বিকদের একটি অদ্ভুত অনুমান ছিল যে যীশুর মন খুব সীমাবদ্ধ ছিল যা কোন প্রতীয়মান তুলনা Synoptic সূসমাচারের লেখকগণ ও যোহনের মধ্যে অবশ্যই প্রাথমিক খ্রীষ্টিয়ান ধর্মতাত্ত্বিকদের মধ্যকার পার্থক্যের কারণ। প্রতিটি মহৎ দার্শনিক ও ব্যক্তিত্ব ভিন্ন ভিন্ন বন্ধু-বান্ধব ও শ্রোতাদের দ্বারা ভিন্ন ভিন্ন ভাবে ব্যাখ্যাকৃত হচ্ছেন, যারা নির্বাচিত করবে কোনটি মনে হয় সবচেয়ে উপযোগী বা উপকারী যা তারা দেখেছে বা শুনেছে তার মধ্যে”(পৃ...১৭০-১৭৭)।

ঘ. আবার George E. Ladd থেকে:

“তাদের মধ্যকার পার্থক্য এই নয় যে যোহন ধর্মতাত্ত্বিক এবং অন্যরা নয় কিন্তু সকলেই বিভিন্ন ভাবে ধর্মতাত্ত্বিক। ব্যাখ্যাকৃত ইতিহাস হতে পারে কেবলমাত্র ঘটনার কালানুক্রমের চেয়ে নির্দিষ্ট অবস্থার আরও সত্য প্রতিনিধিত্বকারী। যদি যোহন ধর্মতাত্ত্বিক ব্যাখ্যা হয়, তবে তা হল ঘটনার ব্যাখ্যা যাতে যোহন ইতিহাসের ঘটনায় প্রভাবিত হয়েছিলেন। এটা স্পষ্টত Synoptic সূসমাচারের উদ্দেশ্য নয় যে যীশুর *ipsissima verba of* (প্রকৃত শব্দ) এমনকি তাঁর জীবনের ঘটনার একটি রিপোর্ট প্রদান। তার যীশুর চিত্রও ঐক্যেছেন এবং তার শিক্ষার সংক্ষিপ্তসার করেছেন। মথি এবং লুক নিজেরা স্বাধীন ভাবে মার্কেসের বিষয়গুলিকে পুন:সজ্জিত করেছেন এবং যীশুর শিক্ষা গ্রহণীয় স্বাধীনতায় রিপোর্ট করেছেন। যদি যোহন মথি ও লুকের চেয়ে আরও স্বাধীনতা ভোগ করে থাকেন, সেই কারণে তিনি ইচ্ছুক হয়েছেন আরও গভীর ও চূড়ান্তভাবে যীশুর আরও বাস্তব চিত্র ঐক্যেছেন”(পৃ..২২১-২২২)।

লেখক

- ক. সূসমাচারটি অজ্ঞাত লেখকের কিন্তু এটি ইঙ্গিত দেয় যোহনের লেখনীর
- লেখক একজন প্রত্যক্ষদর্শী (যোহন ১৯:৩৫)
 - বাক্যাংশ “প্রিয় শিষ্য” (পলিকার্প এবং আইরেনিয়াস উভয়েই তাকে চিহ্নিত করেছেন প্রেরিত যোহন হিসাবে)
 - সিবদিয়ের(Zebedee) পুত্র যোহন, কখনই তার নামে উল্লেখিত হননি
- খ. ঐতিহাসিক প্রেক্ষাপট সূসমাচার থেকেই স্পষ্ট, সেজন্য, মূল লেখকের বিষয়টি ব্যাখ্যার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কারণ হয়নি। অনুপ্রাণিত লেখকের নিশ্চয়তায় ছিল গুরুত্বপূর্ণ!
- যোহনের সূসমাচারের মূল লেখক এবং তারিখ অনুপ্রেরণায় প্রভাব ফেলে না, কিন্তু ব্যাখ্যায়। ব্যাখ্যাকারকেরা ঐতিহাসিক প্রেক্ষাপট অন্বেষণ করেন, একটি উপলক্ষ্য যার কারণে বইটি লেখা হয়েছে। কোন একজনের কি যোহনের দ্বৈতবাদ তুলনা করা উচিত পরবর্তী বিষয়ে সঙ্গে
- যিহূদীদের দু’টি যুগ
 - কুমরানের(Qumran) ধার্মিকতার শিক্ষক
 - Zoroastrian ধর্ম
 - জ্ঞানবাদের (Gnostic) চিন্তা ভাবনা
 - যীশুর অদ্বিতীয় দৃষ্টিভঙ্গি?
- গ. প্রাচীন ঐতিহ্যগত দৃষ্টি ভঙ্গি ছিল যে, সিবদিয়ের পুত্র প্রেরিত যোহন, হলেন মানুষ, প্রত্যক্ষদর্শী উৎস। এটি অবশ্যই স্পষ্ট করা হয়েছে কারণ দ্বিতীয় শতকের বাহ্যিক উৎসসমূহ মনে হয় সূসমাচার গঠনে অন্যদের সাথে যুক্ত:
- সহ বিশ্বাসীরা এবং ইফিষীয় প্রাচীনেরা বয়স্ক (aging) প্রেরিতদের উৎসাহিত করেছেন লেখার জন্য (ইসুবিয়াস আলেকজান্দ্রিয়ার ক্রিমেন্টের উদ্ধৃতি দিয়েছেন)
 - একজন সহ প্রেরিত, আন্দ্রিয় (the Muratorian Fragment, a.d. 180-200, from Rome)
- ঘ. কিছু কিছু আধুনিক পণ্ডিত অন্য একজন লেখকের ধারণা পোষন করেন সূসমাচারের পদ্ধতি এবং বিষয় বস্তুর সম্বন্ধে কিছু কিছু ধারণার উপরে ভিত্তি করে। অনেক ধারণা করেন লেখার তারিখ ২য় শতকের প্রথম দিক (১১৫ খ্রীষ্টাব্দের আগে):
- যোহনের প্রভাবিত শিষ্যরা (a Johannine circle of influence) যারা তার শিক্ষা স্মরণ করেছেন (J. Weiss, B. Lightfoot,

C. H. Dodd, O. Cullmann, R. A. Culpepper, C. K. Barrett)

২. “প্রাচীন যোহন” দ্বারা লিখিত, (এশিয়ার ধারাবাহিত প্রাথমিক নেতাদের একজন যিনি প্রেরিত যোহনের ধর্মতত্ত্ব ও টার্ম ব্যবহারের কৌশল দ্বারা প্রভাবিত হয়েছিলেন) যেটি এসেছে প্যাপিয়াসের (Papias) অজ্ঞাত প্যাসেজ থেকে (৭০-১৪৬ খ্রীষ্টাব্দ) যা উদ্ধৃত করেছিলেন ইসুবিয়াস (২৮০-৩৩৯ খ্রীষ্টাব্দ)

ঙ. যোহনের নিজের জন্য প্রমাণ সুসমাচারের বিষয়বস্তুর জন্য প্রাথমিক উৎস হিসাবে

১. আভ্যন্তরীণ প্রমাণ

ক. লেখক জানতেন যিহুদী শিক্ষা ও তাদের ধর্মানুষ্ঠান সমূহ এবং তাদের পুরাতন নিয়মের বিশ্ব দর্শন প্রকাশ করেছেন

খ. লেখক জানতেন প্যালেস্টাইন এবং যিরুশালেমের ৭০ খ্রীষ্টাব্দের অবস্থার বিষয়ে

গ. লেখক নিজেকে প্রত্যক্ষদর্শী বলে দাবী করেছেন

১) যোহন ১:১৪

২) যোহন ১৯:৩৫

৩) যোহন ২১:২৪

ঘ. লেখক প্রেরিত দলের একজন সদস্য ছিলেন, কারণ তিনি পরিচিত ছিলেন:

১) সময় এবং স্থানের বিশদ (রাতের বিচার)

২) সংখ্যার বিশদ (যোহন ২:৬ পদের জলের পাত্র এবং ২১:১১ পদের মাছ)

৩) ব্যক্তিদের বিশদ

৪) লেখক ঘটনা এবং সেই সব ঘটনার প্রতিক্রিয়া সম্বন্ধে বিশদ জানতেন

৫) লেখক মনে হয় মনোনীত “প্রিয় শিষ্য”

ক) যোহন ১৩:২৩, ২৫

খ) যোহন ১৯:২৬-২৭

গ) যোহন ২০:২-৫, ৮

ঘ) যোহন ২১:৭, ২০-২৪

৬) লেখক মনে হয় পিতরের সাথে একই দলের সদস্য ছিলেন

ক) যোহন ১৩:২৪

খ) যোহন ২০:২

গ) যোহন ২১:৭

৭) সিবিয়ের পুত্র যোহনের নাম এই সুসমাচারে একবারের জন্যও দেখা যায়নি, যেটি অত্যন্ত অস্বাভাবিক কারণ তিনি ছিলেন প্রেরিতদের দলের একজন সদস্য

২. বাহ্যিক প্রমাণ

ক. সুসমাচার পরিচিত যাদের দ্বারা

১) আইরেনিয়াস (১২০-২০২ খ্রীষ্টাব্দ) যিনি পলিকার্পের সঙ্গে যুক্ত ছিলেন, প্রেরিত যোহনকে জানতেন (Eusebius' *Historical Ecclesiasticus* 5:20:6-7) – “প্রভুর শিষ্য যোহন যিনি তাঁর বৃকে হেলে পড়েছিলেন এবং এশিয়ার ইফিমে বসে সুসমাচার রচনা করেছিলেন (Haer, 3:1:1, quoted in Eusebius' *Hist. Eccl.* 5:8:4)

২) আলেকজান্দ্রিয়ার ক্লিমেন্ট (১৫৩-২১৭ খ্রীষ্টাব্দ) – “যোহন যিনি তার বন্ধুদের দ্বারা উৎসাহিত হয়েছিলেন এবং আত্মা দ্বারা ঐশ্বরিক ভাবে পরিচালিত হয়েছিলেন, আত্মিক সুসমাচার রচনা করেছিলেন” (Eusebius' *Historical Ecclesiasticus* 6:14:7)

৩) জাস্টিন মার্টার (১১০-১৬৫ খ্রীষ্টাব্দ) তার *Dialogue with Trypho* 81:4 এ

৪) তার্ভুলিয়ান (১৪৫-২২০ খ্রীষ্টাব্দ)

খ. মূল লেখক হিসাবে যোহনের নাম খুব প্রাচীন সাক্ষীর জোর দিয়ে বলেছেন

১) পলিকার্প (৭০-১৫৬ খ্রীষ্টাব্দ, আইরেনিয়াস লিপিবদ্ধ করেছেন), যিনি স্মূর্ণার বিশপ ছিলেন (১৫৫ খ্রীষ্টাব্দ)

২) পাপিয়াস (৭০-১৪৬ খ্রীষ্টাব্দ, রোমে বসে Anti-Marconite Prologue এবং ইসুবিয়াস লিপিবদ্ধ করেছেন), যিনি ফরণগিয়ার হিয়ারাপোলিসের বিশপ ছিলেন এবং বলা হয়ে থাকে যে তিনি প্রেরিত যোহনের শিষ্য ছিলেন

চ. ঐতিহ্যগত ভাবে মূল লেখক সম্পর্কে সন্দেহের পিছনে যুক্তি

১. সুসমাচারের জ্ঞানবাদের মূল-ভাবের (themes) সাথে সম্পর্ক

২. ২১ অধ্যায়ে সুস্পষ্ট পরিশিষ্ট

৩. Synoptics সুসমাচারের সাথে কালানুক্রমে অসামঞ্জস্যতা

৪. যোহন নিজেকে “প্রিয় শিষ্য” বলে উল্লেখ করেন নাই

৫. Synoptics সুসমাচারের চেয়ে যোহন যীশুর ভিন্ন ভিন্ন শব্দ ও কৌশল ব্যবহার করেছেন

ছ. যদি আমরা ধরে নেই যে ইনি প্রেরিত যোহন ছিলেন তাহলে আমরা এই লোক সম্বন্ধে কি ধরে নিতে পারি?

১. তিনি ইফিষ থেকে লিখেছেন (আইরেনিয়াস বলেছেন, “ইফিষ থেকে সুসমাচার প্রকাশিত”)
২. যখন তিনি একজন বয়োবৃদ্ধ মানুষ সে সময়ে তিনি লিখেছেন (আইরেনিয়াস বলেছেন তিনি ট্রাজানের রাজত্বকাল, ৯৮-১১৭ খ্রীষ্টাব্দ, পর্যন্ত বেঁচে ছিলেন)

তারিখ

- ক. যদি আমরা ধরে নেই যে প্রেরিত যোহন এটি লিখেছেন
 ১. ৭০ খ্রীষ্টাব্দের আগে, যখন যিরুশালেম নগরী রোমীয় জেনারেল (পরে সম্রাট) টাইটাস দ্বারা ধংস করা হয়েছিল
 - ক. যোহন ৫:২ পদ, “যিরুশালেমের মেঘ-দ্বারের নিকট একটি পুকুর আছে; ইব্রীয় ভাষায় সেটির নাম বৈথেসদা, তাহার পাঁচটি চাঁদনি ঘাট...”
 - খ. বারবার প্রাথমিক শিরোনাম “শিষ্য” ব্যবহৃত হয়েছে যেটি চিহ্নিত করে প্রেরিতদের দলকে
 - গ. ধরে নেওয়া পরবর্তীকালের জ্ঞানবাদের উপাদান মরু সাগরের পৃথিতে বর্তমানে আবিস্কৃত হয়েছে, যেটি দেখায় যে সেগুলি ছিল প্রথম শতকের ধর্মতাত্ত্বিক মিশ্র ভাষার (jargon) অংশ
 - ঘ. ৭০ খ্রীষ্টাব্দে মন্দির এবং যিরুশালেম ধংসের কোন কথা এখানে উল্লেখিত হয়নি
 - ঙ. বিখ্যাত আমেরিকান প্রত্নতত্ত্ববিদ W. F. Albright এই সুসমাচারের একটি তারিখ নির্ণয় করতে চেষ্টা করেছেন তাহল ৭০ দশকের শেষ দিকে অথবা ৮০ দশকের প্রথম দিকে
 ২. প্রথম শতকের শেষ দিকে
 - ক. যোহনের উন্নয়নকৃত ধর্মতত্ত্ব
 - খ. যিরুশালের পতন এখানে উল্লেখিত হয়নি কারণ এটি ঘটেছিল প্রায় ২০ বছর আগে
 - গ. যোহন জ্ঞানবাদের মত শব্দগুচ্ছ এবং শব্দ-উচ্চারণ ব্যবহার করেছেন
 - ঘ. মণ্ডলীর প্রাথমিক ঐতিহ্য
 - ১) আইরেনিয়াস
 - ২) ইসিবিয়াস
- খ. যদি আমরা ধরে নেই যে “প্রাচীন যোহন” তাহলে তারিখ হবে দ্বিতীয় শতকের মধ্যভাগের প্রথমদিক। এই তত্ত্ব শুরু হয়েছে যখন দিয়ানুসিস প্রেরিত যোহন যে এর মূল লেখক (সাহিত্যগত কারণের জন্য) তা প্রত্যাখ্যান করার সাথে সাথে। ইসিবিয়াস, ধর্মতাত্ত্বিক কারণে প্রেরিত যোহন যে প্রকাশিত বাক্য লিখেছেন তা প্রত্যাখ্যান করেছেন, মনে হয় তিনি আর একজন “যোহন” কে পেয়েছেন ঠিক সময়ে এবং ঠিক জায়গায় প্যাপিয়াসের উদ্ধৃতিতে (*Historical Ecclesiasticus* 3:39:5,6), যেখানে দুজন “যোহনের” তালিকা করেছে (১) প্রেরিত যোহন এবং (২) একজন প্রাচীন (presbyter)।

গ্রহিতা

- ক. মূলত এটি লেখা হয়েছে রোমীয় প্রদেশ এশিয়া মাইনরে অবস্থিত চার্চের উদ্দেশ্যে, বিশেষ করে ইফিষে অবস্থিত চার্চ।
- খ. যেহেতু নাসরতিয় যীশুর ব্যক্তিত্ব ও জীবনীর অন্তর্দৃষ্টির সহজবোধ্যতা এবং গভীরতা একে জনপ্রিয় সুসমাচার করেছে গ্রীক ভাষি পরজাতি এবং জ্ঞানবাদের অনুসারী উভয় দলের কাছে।

উদ্দেশ্য

- ক. সুসমাচারটি বলতে চেষ্টা করেছে এর সুসমাচার প্রচার বিষয়ক উদ্দেশ্য, যোহন ২০:৩০-৩১ পদ
 ১. যিহুদী পাঠকদের জন্য
 ২. পরজাতি পাঠকদের জন্য
 ৩. প্রাথমিক জ্ঞানবাদের অনুসারি পাঠকদের জন্য
- খ. এর মনে হয় একটি দুঃখবোধের চালিকা রয়েছে
 ১. বাপ্তিস্ম দাতা যোহনের গোড়া অনুসারীদের বিরুদ্ধে
 ২. প্রাথমিক জ্ঞানবাদের ভ্রান্ত শিক্ষকদের বিরুদ্ধে (বিশেষত মুখবন্ধ); জ্ঞানবাদের এই ভ্রান্ত শিক্ষা নূতন নিয়মের অন্যান্য পুস্তকেরও প্রেক্ষাপট:
 - ক. ইফিষীয়
 - খ. কলসীয়
 - গ. পালকীয় প্রত্রাবলী (১ তীমথিয়, তীত, ২ তীমথিয়)
 - ঘ. ১ যোহন (১ যোহন হতে পারে এই সুসমাচারে একটি প্রচ্ছদ পত্র হিসাবে কাজ করেছে)
- গ. এখানে সম্ভাবনা রয়েছে যে যোহন ২০:৩১ পদের উদ্দেশ্যমূলক মন্তব্য বুঝতে হতে পারে ধৈর্যধারণের মতবাদের উৎসাহ হিসাবে সেই সঙ্গে

সুসমাচার প্রচারও কারণ পরিব্রাণের বিষয় বর্ণনা করতে সুসামঞ্জস্য ভাবে PRESENT TENSE এর ব্যবহার। এই অর্থে যোহন, যাকোবের মত, হতে পারে সমতা রক্ষা করেছে এশিয়া মাইনরের কিছু কিছু দলের কাছে পৌলের ধর্মতত্ত্বের অতিরিক্ত গুরুত্ব (২ পিতর ৩:১৫-১৬)। এটি অবাক করা বিষয় যে প্রাথমিক মন্ডলী ঐতিহ্য যোহনকে চিহ্নিত করেছে ইফিষের সাথে, পৌলকে নয় (F. F. Bruce's *Peter, Stephen, James and John: Studies in Non-Pauline Christianity*, pp. 120-121)।

- ঘ. পুনশ্চ (Epilogue) (যোহন ২১) মনে হয় প্রাথমিক মন্ডলী কিছু নির্দিষ্ট প্রশ্নের উত্তর
১. Synoptic সুসমাচারের বিবরণে আরও কিছু সরবরাহকারী যোহন। যাহোক, তিনি দৃষ্টি দিয়েছেন যিহূদীয়াতে পরিচর্যার বিষয়; নির্দিষ্ট ভাবে যিরুশালেমে।
 ২. তিনটি প্রশ্ন যোহন ২১ অধ্যায়ের পরিশিষ্ট টেকে দিয়েছে
 - ক. পিতরের পুনস্থাপন
 - খ. যোহনের দীর্ঘ জীবন
 - গ. যীশুর ফিরে আসায় বিলম্ব
- ঙ. অনেকে যোহনকে দেখে থাকেন ধর্মীয় অনুষ্ঠানাদির উপরে কম গুরুত্বদানকারী (deemphasizing sacramentalism) হিসাবে উদ্দেশ্যমূলক অবহেলার দ্বারা এবং নিজেরা বিধি সমূহ লিপিবদ্ধ বা আলোচনা করেন নাই যোহন ৩ অধ্যায় (বাপ্তিস্মের জন্য) এবং যোহন ৬ অধ্যায় (ইউখারিস্ট বা প্রভুর ভোজের জন্য) এর নিখুঁত প্রসঙ্গকৃত সুযোগ থাকা সত্ত্বেও)।

যোহনের রূপরেখার বৈশিষ্ট্য

- ক. একটি দার্শনিক/ধর্মতাত্ত্বিক মুখবন্ধ (যোহন ১:১-১৮) এবং একটি ব্যবহারিক পুনশ্চ (যোহন ২১)
- খ. যীশুর প্রকাশ্য পরিচর্যায় সাতটি অলৌকিক চিহ্ন কাজ (২-১২ অধ্যায়) এবং সেগুলির ব্যাখ্যা:
১. কান্না নগরে বিয়ে বাড়ীতে জলকে দ্রাক্ষারসে পরিবর্তন করা (যোহন ২:১-১১)
 ২. কফরনাহূমে রাজ কর্মচারীর ছেলেকে সুস্থ্য করা (যোহন ৪:৪৬-৫৪)
 ৩. যিরুশালেমে বৈথেসদা পুকুর পাড়ে একজন খঞ্জ ব্যক্তিকে সুস্থ্য করা (যোহন ৫:১-১৮)
 ৪. গালীলে প্রায় ৫০০০ জনকে খাওয়ানো (যোহন ৬:১-১৫)
 ৫. গালীল সাগরে জলের উপর দিয়ে হাঁটা (যোহন ৬:১৬-২১)
 ৬. যিরুশালেমে একজন জন্মান্নকে সুস্থ্য করা (যোহন ৯:১-৪১)
 ৭. বৈথনিয়াতে লাসারকে মৃত্যু থেকে জীবিত করা (যোহন ১১:১-৫৭)
- গ. ব্যক্তি বিশেষের সঙ্গে সাক্ষাৎকার ও কথোপকথন
১. বাপ্তিস্মদাতা যোহন (যোহন ১:১৯-৩৪; ৩:২২-৩৬)
 ২. শিষ্যরা
 - ক. আন্দ্রিয় ও পিতর (যোহন ১:৩৫-৪২)
 - খ. ফিলিপ এবং নথনিয়েল (যোহন ১:৪৩-৫১)
 ৩. নীকদীম (যোহন ৩:১-২১)
 ৪. শমরিয় স্ত্রীলোক (যোহন ৪:১-৪৫)
 ৫. যিরুশালেমের যিহূদীরা (যোহন ৫:১০-৪৭)
 ৬. গালীলে জনতা (যোহন ৬:২২-৬৬)
 ৭. পিতর এবং শিষ্যরা (যোহন ৬:৬৭-৭১)
 ৮. যীশুর ভাইয়েরা (যোহন ৭:১-১৩)
 ৯. যিরুশালেমের যিহূদীরা (যোহন ৭:১৪-৮:৫৯; ১০:১-৪২)
 ১০. উপরের ককুঠরতে শিষ্যরা (যোহন ১৩:১-১৭:২৬)
 ১১. যিহূদীদের বন্দিকরন ও বিচার (যোহন ১৮:১-২৭)
 ১২. রোমীয় বিচার (যোহন ১৮:২৮-১৯:১৬)
 ১৩. পুনরুত্থান পরবর্তী কথোপকথন, ২০:১১-২৯
 - ক. মরিয়মের সাথে
 - খ. ১০ জন প্রেরিতের সাথে
 - গ. থোমার সাথে
 ১৪. পিতরের সঙ্গে পুনশ্চ কথাবার্তা, যোহন ২১:১-২৫
 ১৫. (যোহন ৭:৫৩-৮:১১, ব্যাভিচারী স্ত্রীলোকের গল্প, প্রাথমিক ভাবে যোহনের সুসমাচারের অংশ ছিল না!)
- ঘ. নির্দিষ্ট আরাধনা/পর্ব দিন

১. বিশ্রামবার (যোহন ৫:৯; ৭:২২; ৯:১৪; ১৯:৩১)
২. নিস্তার পর্ব (যোহন ২:১৩; ৬:৪; ১১:৫৫; ১৮:২৮)
৩. কুটীর বাস পর্ব (যোহন ৮-৯)
৪. মন্দির প্রতিষ্ঠার পর্ব (আলোর পর্ব, যোহন ১০:২২)

ঙ. “আমি আছি” এই মন্তব্য ব্যবহার

১. “আমিই তিনি” (যোহন ৪:২৬; ৬:২০; ৮:২৪,২৮,৫৪-৫৯; ১৩:১৯; ১৮:৫-৬,৮)
২. “আমিই জীবন খাদ্য” (যোহন ৬:৩৫,৪১,৪৮,৫১)
৩. “আমিই জগতের জ্যোতি” (যোহন ৮:১২; ৯:৫)
৪. “আমিই মেঘদের দ্বার” (যোহন ১০:৭,৯)
৫. “আমিই উত্তম মেঘপালক” (যোহন ১০:১১,১৪)
৬. “আমিই পুনরুত্থান এবং জীবন” (যোহন ১১:২৫)
৭. “আমি পথ, সত্য ও জীবন” (যোহন ১৪:৬)
৮. “আমিই প্রকৃত দ্রাক্ষালতা” (যোহন ১৫:১,৫)

পাঠ চক্র এক

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি পাঠ করুন। সমগ্র পুস্তকের কেন্দ্রীয় মূল ভাব আপনার নিজের কথায় বর্ণনা করুন।

১. সমগ্র পুস্তকের মূল ভাব
২. সাহিত্যের প্রকার(genre)

পাঠ চক্র দুই

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

একবারেই সমগ্র বাইবেলটি দ্বিতীয়বার পাঠ করুন। প্রধান বিষয় রূপরেখা করুন এবং একটি বাক্যে বিষয়টি প্রকাশ করুন।

১. প্রথম সাহিত্যের এককের বিষয় বস্তু
২. দ্বিতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৩. তৃতীয় সাহিত্যের এককের বিষয় বস্তু
৪. চতুর্থ সাহিত্যের এককের বিষয় বস্তু
৫. ইত্যাদি।

যোহন ১

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ*

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
বাক্য মাৎসময় হলেন	অনন্তকালীন বাক্য	ভূমিকা	জীবনের বাক্য	ভূমিকা
১:১-৫	১:১-৫	১:১-৫	১:১-৫	১:১-১৮
	যোহনের সাক্ষ্য: সত্যিকার জ্যোতি			
১:৬-১৩	১:৬-১৩	১:৬-৯ ১:১০-১৩	১:৬-৯ ১:১০-১৩	
	বাক্য মাৎসময় হলেন			
১:১৪-১৮	১:১৪-১৮	১:১৪-১৮	১:১৪ ১:১৫ ১:১৬-১৮	
বাণ্ডিঅদাতা যোহনের সাক্ষ্য	প্রান্তরে একজনের রব	যোহনের সাক্ষ্য	বাণ্ডিঅদাতা যোহনের বার্তা	যোহনের সাক্ষ্য
১:১৯-২৮	১:১৯-২৮	১:১৯-২৩	১:১৯ ১:২০ ১:২১ _ক ১:২১ _খ ১:২১ _গ ১:২২ _ক ১:২২ _খ ১:২৩ ১:২৪-২৫ ১:২৬-২৭ ১:২৮	১:১৯-২৮
ঈশ্বরের মেঘশাবক	ঈশ্বরের মেঘশাবক		ঈশ্বরের মেঘশাবক	

১:২৯-৩৪	১:২৯-৩৪	১:২৯-৩৪	১:২৯-৩১	১:২৯-৩৪
প্রথম শিষ্য	প্রথম শিষ্য	যীশুর প্রথম শিষ্যের সাক্ষ্য	১:৩২-৩৪ যীশুর প্রথম শিষ্য	প্রথম শিষ্য
১:৩৫-৪২	১:৩৫-৪২	১:৩৫-৪২	১:৩৫-৩৬ ১:৩৭-৩৮ ^ক ১:৩৮ ^খ ১:৩৯ ১:৪০-৪২ ^ক ১:৪২ ^খ	১:৩৫-৩৯ ১:৪০-৪২
ফিলিপ ও নথানিয়েলকে আহবান	ফিলিপ ও নথানিয়েল		যীশু নথানিয়েলকে ও ফিলিপকে আহবান করেন	
১:৪৩-৫১	১:৪৩-৫১	১:৪৩-৫১	১:৪৩-৪৫ ১:৪৬ ^ক ১:৪৬ ^খ ১:৪৭ ১:৪৮ ^ক ১:৪৮ ^খ ১:৪৯ ১:৫০-৫১	১:৪৩-৫১

* যদিও তারা অনুপ্রাণিত নয়, প্যারাগ্রাফ বিভাগ হল মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারা এবং অনুসরণ করার চাবিকাঠি। প্রতিটি আধুনিক অনুবাদ প্যারাগ্রাফকে বিভক্ত করেছে এবং সারসংক্ষিপ্ত করেছে। প্রতিটি প্যারাগ্রাফের রয়েছে একটি কেন্দ্রীয় বিষয়, সত্য বা চিন্তা। প্রতিটি সংস্করণ সেই বিষয় সংক্ষিপ্ত সার (encapsulates) করে এর নিজস্ব স্বতন্ত্র পছন্দ। যখন আপনি লেখা পড়বেন, নিজেকে জিজ্ঞাসা করবেন কোন অনুবাদটি আপনাকে বিষয়টি এবং পদ বিভাগ বুঝতে সাহায্য করে।

প্রতিটি অধ্যায়ে আমাদেরকে আগে বাইবেল পড়তে হবে এবং চেষ্টা করতে হবে এর বিষয়টি (প্যারাগ্রাফ) চিহ্নিত করতে, তারপর আধুনিক অনুবাদের সাথে আমাদের বোঝবার সক্ষমতা তুলনা করতে হবে। শুধুমাত্র যখনই আমরা মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারব তার যুক্তি এবং উপস্থাপনা অনুসরণ করে তখনই আমরা সঠিকভাবে বাইবেলকে বুঝতে পারব। শুধুমাত্র মূল লেখক হলেন অনুপ্রাণিত-পাঠকের কোন অধিকার নেই বার্তাটি পরিবর্তন বা রূপান্তর করার। বাইবেলের পাঠকদের দায়িত্ব হল অনুপ্রাণিত সত্যটি তাদের প্রতিটি দিনে এবং তাদের জীবনে প্রয়োগ করা।

লক্ষ্য করবেন প্রতিটি পরিভাষা এবং সংক্ষিপ্তকরণ সম্পূর্ণরূপে ব্যাখ্যা করা হয়েছে পরবর্তী নথিপত্রগুলিতে: [Brief Definitions of Greek Grammatical Structure, Textual Criticism, and Glossary.](#)]

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-১৮পদের প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি

- ক. কবিতা/স্তোত্র/মতবাদের ধর্মতত্ত্বগত রূপরেখা
 ১. অনন্ত কালীন, স্বর্গীয়, সৃষ্টিকর্তা, মুক্তিদাতা খ্রীষ্ট, যোহন ১:১-৫ (বাক্য হিসেবে যীশু)
 ২. খ্রীষ্টের ভাববাণীমূলক সাক্ষী, যোহন ১:৪-৫, ৭-৮, ১৫ (আলো হিসেবে যীশু)
 ৩. দেহধারী খ্রীষ্ট ঈশ্বরকে প্রকাশ করেন, যোহন ১:১০-১৮ (পুত্র হিসেবে যীশু)
- খ. যোহন ১:১-১৮ পদের ধর্মতত্ত্বগত কাঠামো এবং মূল ভাবের (themes) পুনরাবৃত্তি
 ১. যীশু পিতা ঈশ্বরের সাথে পূর্বে বিদ্যমান ছিলেন (যোহন ১:১৬)
 ২. পিতা ঈশ্বরের সাথে যীশু অন্তরঙ্গ সহভাগিতায় ছিলেন (যোহন ১:১৬, ২, ১৮)
 ৩. যীশু পিতা ঈশ্বরের নিজস্ব সত্তা বিভাগ করতেন (যোহন ১:১৭, ১৮)
 ৪. পিতা ঈশ্বর অর্থ মুক্তি এবং দওক গ্রহণ (যোহন ১:১২-১৩)
 ৫. দেহ ধারণ, ঈশ্বর একজন মানুষ হলেন (যোহন ১:৯, ১৪)
 ৬. প্রকাশিত, ঈশ্বর সম্পূর্ণরূপে প্রকাশিত এবং বোধগম্য (যোহন ১:১৮)
- গ. *logos* (বাক্য) এর ইব্রীয় এবং গ্রীক প্রেক্ষাপট
 ১. ইব্রীয় প্রেক্ষাপট
 - ক. কথিত বাক্যের ক্ষমতা (যিশা. ৫৫:১১; গীত: ৩৩:৬; ১০৭:২০; ১৪৭:১৫, ১৮), যেমনি সৃষ্টিতে (আদি ১:৩, ৬, ৯, ১১, ১৪, ২০, ২৪, ২৬, ২৯) এবং Patriarchal (পিতৃশাসিত) আর্শীবাদ (আদি. ২৭:১ থেকে কয়েকটি পদ; ৪৯:১)
 - খ. হিতোপদেশ ৮:১২-২৩ পদ “প্রজ্ঞা”-কে ব্যক্তিরূপে প্রকাশ করে ঈশ্বরের প্রথম সৃষ্টি এবং সকল সৃষ্টির প্রতিনিধিরূপে (গীত ৩:৬ এবং ক্যানন বর্ধিত *Wisdom of Solomon*, ৯:৯)
 - গ. Targums (অরামিক অনুবাদ এবং ব্যাখ্যামূলক বই) *logos* জন্য “ঈশ্বরের বাক্য” এই শব্দগুচ্ছের পরিবর্তে বসে কারণ anthropomorphic (মানব রূপ দান) টার্মে তাদের অস্বত্তি।
 ২. গ্রীক প্রেক্ষাপট
 - ক. Heracleitus – শব্দটি ছিল নিরন্তর পরিবর্তন; অবক্ষুসূলভ ঐশ্বরীক এবং অপরিবর্তনীয় *logos* এটি একসাথে জুড়ে রেখেছিল এবং পরিবর্তন প্রক্রিয়াকে পরিচালিত করেছিল।
 - খ. Plato – এই অবক্ষুসূলভ এবং অপরিবর্তনীয় *logos* গ্রহণগুলি কক্ষ রেখেছিল এবং ঋতু নির্ধারণ করতো।
 - গ. Stoics – *logos* ছিল “বিশ্বের কারণ” বা ব্যবস্থাপক, কিন্তু ছিল আংশিক ব্যক্তিগত
 - ঘ. Philo – তিনি ব্যক্তিরূপ দিয়েছেন *logos* এর ধারণাকে “একজন মহাজ্যক যিনি ঈশ্বরের সামনে মানুষের আত্ম স্থাপন করেন,” বা “ঈশ্বর এবং মানুষের মধ্যকার সেতু,” বা “হাতল যা দিয়ে বিশ্বের পাইলট সব কিছু পরিচালনা করে থাকেন” (*kosmocrater*) হিসাবে।
- ঘ. দ্বিতীয় শতাব্দীর উন্নত জ্ঞানবাদ ধর্মতত্ত্বগত/দার্শনিক পদ্ধতির কিছু উপাদান
 ১. একটি ontological (সত্তা তত্ত্বীয়) (অনন্ত) দ্বন্দ্বমূলক দ্বৈতবাদ আত্মা এবং বস্তুর মধ্যে
 ২. বস্তু হল মন্দ এবং একগুয়ে; আত্মা হল ভাল
 ৩. জ্ঞানবাদ পদ্ধতি সত্য বলে মেনে নেয় দূতগণের স্তর (*aeons*) একজন উচ্চ, ভাল দেবতা এবং একজন নিম্নতর দেবতা যিনি কোন কিছু গঠন করতে পারে। কেউ কেউ এমন দাবী করে যে এই নিম্নতর দেবতা ছিলেন পুরাতন নিয়মের YHWH (যেমন Marcion)
 ৪. পরিব্রাজ্ঞ এসেছে

^{৩৫} পরদিন আবার যোহন ও তার দুই জন শিষ্য দাড়িয়ে ছিলেন, ^{৩৬} আর তিনি যীশুকে হেঁটে যেতে দেখলেন, এবং বললেন, “ঐ দেখ, ঈশ্বরের মেঘ-শিষ্য!” ^{৩৭} সেই দুই শিষ্য তাকে এই কথা বলতে শুনলেন, আর তারা যীশুর পিছনে পিছনে যেতে লাগলেন। ^{৩৮} আর যীশু ফিরে তাদের পিছনে পিছনে আসতে দেখলেন, আর তাদের বললেন, “তোমরা কিসের খোঁজ করছো?” তারা তাঁকে বললেন, “রবি (অনুবাদ করলে এর অর্থ গুরু), আপনি কোথায় থাকেন?” ^{৩৯} তিনি তাদের বললেন, “এস, তোমরা দেখবে।” তখন তারা গিয়ে তিনি যেখানে থাকতেন সেই জায়গা দেখলেন; এবং সেই দিন তারা তাঁর কাছে থাকলেন, তখন বেলা প্রায় দশ ঘটিকা। ^{৪০} যোহনের কথা শুনে যে দুই জন যীশুর পিছনে পিছনে গিয়েছিলেন, তাদের একজন শিমোন পিতরের ভাই, আন্দ্রিয় ছিলেন। ^{৪১} তিনি প্রথমে নিজের ভাই শিমোনের দেখা পান আর তাকে বলেন, “আমরা মশীহের দেখা পেয়েছি” (অনুবাদ করলে এর অর্থ খ্রীষ্ট)। ^{৪২} তিনি তাকে যীশুর কাছে আনলেন। যীশু তার দিকে তাকিয়ে বললেন, “তুমি যোহনের ছেলে শিমোন; তোমাকে কৈফা বলে ডাকা হবে” (অনুবাদ করলে এর অর্থ পিতর)। (অনুবাদকৃত টেক্সট)।

১:৩৫ “তার দুই জন শিষ্য” মার্ক ১:১৬-২০ পদ মনে হয় এই দুই শিষ্যকে আহ্বানের ভিন্ন বিবরণ। এটি অনিশ্চিত যে যীশু এবং তাঁর গালীলীয় শিষ্যদের মধ্যে পূর্বে কতটুকু যোগাযোগ হয়েছিল। যীশুর সময়ে নির্দিষ্ট কিছু শৃংখলার ধাপ অন্তর্ভুক্ত ছিল একজন রবির সব সময়ের অনুসারী হওয়ার প্রক্রিয়ায়। এই প্রক্রিয়াসমূহের বিশদ বিবরণ রয়েছে rabbinical (যিহুদী ধর্মীয় গুরু) উৎসসমূহে, কিন্তু সুসমাচারের এই বিবরণে তার সব কিছু সঠিক ভাবে অনুসরণ করা হয়নি। এই দুই জন শিষ্য উল্লেখিত হয়েছে আন্দ্রিয় (যোহন ১:৪০), এবং প্রেরিত যোহন (যিনি কখনো নিজেকে সুসমাচারে নাম দ্বারা উল্লেখ করেন নাই)।

শিষ্য টার্মের অর্থ হতে পারে (১) শিক্ষার্থী এবং/অথবা (২) অনুসারী। এটি ছিল যীশু খ্রীষ্ট যিনি প্রতিজ্ঞাত মশীহ তাঁর বিশ্বাসীদের প্রাথমিক নাম।

এটা খুব গুরুত্বপূর্ণ নোট করা যে নূতন নিয়ম শিষ্যদের আহবান করেছে, কেবলমাত্র সিদ্ধান্ত নয় (মথি ১৩; ২৮:১৮-২০)। খ্রীষ্ট ধর্ম হল একটি প্রারম্ভিক সিদ্ধান্ত (মন পরিবর্তন ও বিশ্বাস) পরবর্তীতে আসে বাধ্যতা ও ধৈর্যধারণের চলমান সিদ্ধান্ত। খ্রীষ্ট ধর্ম কোন অগ্নি বীমা পলিসি বা স্বর্গে যাবার কোন টিকিট নয়, কিন্তু প্রতিদিন যীশুর সাথে দাস/বন্ধু সম্পর্ক।

১:৩৭ “দুই শিষ্য তার এই কথা শুনলেন” বাস্তব দাতা যোহন নিজেকে যীশুর চেয়ে পশ্চাত্বর্তী দেখিয়েছিলেন (যোহন ৩:৩০)।

১:৩৮ “রবি (অনুবাদ করলে এর অর্থ গুরু)” এটি একটি প্রচলিত উপাধি ছিল প্রথম শতকের যিহুদী ধর্মে তাদের চিহ্নিত করা যারা মোশির ব্যবস্থা ও মৌখিক ঐতিহ্য (Talmud) তাৎপর্য ও প্রয়োগ ব্যাখ্যা করতে পারতেন। এটি হল অক্ষরিক ভাবে “আমার প্রভু।” এটি ব্যবহৃত হয়েছে প্রেরিত যোহন দ্বারা “গুরু”-র সমতুল্য হিসাবে (যোহন ১১:৮,২৮; ১৩:১৩-১৪; ২০:১৬)। প্রকৃত সত্য হল যে যোহন ব্যাখ্যা করেছেন তার টার্ম (যোহন ১:৩৮,৪১,৪২) দেখায় যে তিনি পরজাতিদের জন্য লিখেছেন।

□ “আপনি কোথায় থাকেন” এটি মনে হয় অনুসরণ করছে শিক্ষক ও ছাত্রের মধ্যকার অদ্বিতীয় বন্ধন প্রতিষ্ঠার ঐতিহ্যগত প্রক্রিয়া। তাদের প্রশ্নের অর্থ এই যে এই দুজন লোক পথে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগের চেয়ে যীশুর সঙ্গে বেশি সময় কাটাতে চান (যোহন ১:৩৯)।

শব্দ *menō* (অবস্থিতি করা) তিন বার দেখা যায় যোহন ১:৩৮,৩৯ পদে। এটি উল্লেখ করতে পারে বাস্তব স্থান বা আত্মিক স্থান। তিনটি ব্যবহার মনে হয় শব্দ ব্যবহারের আর একটি তাৎপর্য রয়েছে, উভয়কেই এনেছে একত্রে অন্তর্নিহিত তাৎপর্যে, যেটি খুবই সাধারণ যোহনে (অর্থাৎ, যোহন ১:১,৫; ৩:৩; ৪:১০-১১; ১২:৩২)। এই উদ্দেশ্যমূলক দ্ব্যর্থকতা যোহনের লেখনীর বৈশিষ্ট্য।

১:৩৯ “তখন বেলা প্রায় দশ ঘটিকা” এটি অনিশ্চিত যে যোহন কি রোমীয় সময় ব্যবহার করেছেন, যেটি শুরু হয় (১) সকাল ৬টা থেকে বা (২) দিন শেষ, বা যিহুদী সময়, যার শুরু হয় সন্ধ্যা ৬টা থেকে (গোধূলী লগ্ন থেকে)। যখন কেউ যোহন ১৯:১৪ পদের সঙ্গে মার্চ ১৫:২৫ পদের তুলনা করেন এটি মস হয় ইঙ্গিত দেয় রোমীয় সময়ের। যাহোক, যখন কেউ যোহন ১১:৯ পদ দেখেন তখন এটি মনে হয় ইঙ্গিত দেয় যিহুদী সময়ের। সম্ভবত যোহন দুটিই ব্যবহার করেছেন। এখানে এটি মনে হয় রোমীয় সময়, বিকাল প্রায় ৪টা।

১:৪০ “যোহনের কথা শুনে দুজনের মধ্যে একজন” লেখক (প্রেরিত যোহন) সুসমাচারে কখনও তার নিজের নাম নেন নাই (অর্থাৎ, ২১:২)। এটি নিশ্চিত ভাবে সম্ভব যে দুই জন শিষ্যের মধ্যে একজন যারা বাস্তব দাতা যোহনের ঘোষণা শুনেছিলেন, তিনি ছিলেন যোহন, সিবিদিয়ের পুত্র (অর্থাৎ, মথি ৪:২১; মার্চ ১:১৯)।

১:৪১

NASB “তিনি প্রথমে নিজের ভাই শিমোনের দেখা পান”
NKJV, NRSV “তিনি প্রথমে নিজের ভাই শিমোনের দেখা পান”
TEV “তৎক্ষণাৎ তিনি দেখা পান”
NJB “প্রথম যে কাজটি আন্দ্রিয় করলেন”

কিছু পাণ্ডুলিপিতে পার্থক্য রয়েছে যা অনুবাদকে প্রভাবিত করেছে। বিকল্পগুলি হল

১. প্রথম কাজটি আন্দ্রিয় করলেন
২. প্রথম ব্যক্তিকে তিনি পেলেন
৩. আন্দ্রিয় ছিলেন প্রথম যিনি গেলেন এবং বললেন

□ “মশীহ (অনুবাদ করলে এর অর্থ খ্রীষ্ট)” যোহন ১:২০ পদের নোট দেখুন।

১:৪২ “যীশু তার দিকে তাকিয়ে দেখলেন” এই টার্ম উল্লেখ করছে “গভীর দৃষ্টি।”

□ “যোহনের ছেলে শিমোন” পিতরের পিতার নামের বিষয়ে নূতন নিয়মে বেশ দ্বিধা দ্বন্দ্ব রয়েছে। মথি ১৬:১৭ পদে পিতরকে বলা হয়েছে ‘যোনার পুত্র’ (*Iōnas*), কিন্তু এখানে বলা হয়েছে ‘যোহনের পুত্র’ (*Iōannēs*)। যোহন নামটি পাওয়া যায় MSS P⁶⁶, P⁷⁵, \tilde{A} — \hat{A} এবং L। MS B একই নাম রয়েছে কিন্তু কেবলমাত্র একবারই “n” (*Iōanēs*)। যোনা নামটি দেখা যায় MSS A, B³, K এবং বেশির ভাগ পরবর্তীকালের গ্রীক পাণ্ডুলিপিতে। এই প্রশ্নের মনে হয় কোন স্পষ্ট উত্তর নেই। অরামিক থেকে অনুবাদকৃত নামের বানানে পার্থক্য খুব সাধারণ।

Michael Magill, *The New Testament TransLine*, p. 303, বলেছেন, “‘যোনা’ এবং ‘যোহন’ হতে পারে বিকল্প গ্রীক বানান একই ইব্রীয় নামের, যেমন ‘শিমোন’ এবং ‘শিমিয়োন।’”

□ “তোমাকে কৈফা বলে ডাকা হবে” (অনুবাদ করলে এর অর্থ পিতর) কৈফা টার্মটি পাথরের (*kepa*) জন্য একটি অরামিক টার্ম, যেটি গ্রীকে এসেছে *kephas* হিসাবে। নামটি কাউকে মনে করিয়ে দেয় স্থিতিশীল, সবল এবং স্থায়ীত্ব।

এটি সুসমাচার লেখকের অনেক মন্তব্যের মধ্যে একটি যা ব্যাখ্যা করতে সাহায্য করে যোহন ১:৩৮ পদের যীশুর জীবন ও শিক্ষা পরজাতিদের

পাঠকদের কাছে।

এটি বেশ কৌতুহলের যে পরবর্তী সময়ের দুটি কৌশলগত টার্ম (verbs) বাইবেল অনুবাদের ক্ষেত্রে এই অধ্যায়ে দেখা যায়।

১. exegesis, পরিচালনা করা, যোহন ১:১৮ পদে ব্যবহৃত

২. hermeneutics (শাস্ত্র ব্যাখ্যার নীতি), ব্যাখ্যা করা, তর্জমা করা, অনুবাদ করা, যোহন ১:৪২ পদে ব্যবহৃত

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১:৪৩-৫১

^{৪৩} পরদিন তিনি গালীলে যাবার ইচ্ছা করলেন, এবং তিনি ফিলিপের দেখা পেলেন। আর যীশু তাকে বললেন, “আমার পিছনে পিছনে এস।” ^{৪৪} ফিলিপ ছিলেন বৈথসৈদা নগরের লোক, আন্দ্রিয় ও পিতরও সেই নগরের লোক ছিলেন। ^{৪৫} ফিলিপ নখনেলের দেখা পেলেন আর তাকে বললেন, “মোশি যাঁর কথা আইন কানুনে লিখে গেছেন এবং এছাড়াও যাঁর কথা ভাববাদীরা লিখেছেন আমরা তাঁর দেখা পেয়েছি তিনি যোষেফের পুত্র, নাসরতীয় যীশু।” ^{৪৬} নখনেল তাকে বললেন, “নাসরত থেকে কি ভাল কিছু আসতে পারে?” ফিলিপ তাকে বললেন, “আস আর দেখ।” ^{৪৭} যীশু নখনেলকে নিজের দিকে আসতে দেখলেন, এবং তাকে বললেন, “ঐ দেখ, একজন সত্যিকারের ইস্রায়েলীয়, যার মনে কোন ছলনা নেই!” ^{৪৮} নখনেল তাঁকে বললেন, “আপনি কেমন করে আমাকে চিনলেন?” যীশু উত্তর করে তাকে বললেন, “ফিলিপ তোমাকে ডাকবার আগে, যখন তুমি সেই ডুমুর গাছের তলায় ছিলে, তখন আমি তোমাকে দেখেছিলাম।” ^{৪৯} নখনেল তাঁকে উত্তর করে বললেন, “রবি, আপনিই ঈশ্বরের পুত্র; আপনিই ইস্রায়েলের রাজা।” ^{৫০} যীশু উত্তর করে তাকে বললেন, “তোমাকে সেই ডুমুর গাছের তলায় দেখেছি এই কথা বলার জন্যই কি তুমি বিশ্বাস করলে?” এর চেয়েও অনেক মহৎ মহৎ বিষয় তুমি দেখতে পাবে।” ^{৫১} আর তিনি তাকে বললেন, “সত্য, সত্য, আমি তোমাকে বলছি, তুমি দেখতে পাবে স্বর্গ খোলা রয়েছে আর ঈশ্বরের দূতেরা মনুষ্য পুত্রের উপর দিয়ে উঠছেন ও নামছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

১:৪৩ “পর দিন” সমগ্র সুসমাচারে যোহন কালানুক্রমের চিহ্ন অর্ন্তভুক্ত করেছেন (যোহন ১:২৯,৩৫,৪৩; ২:১; ইত্যাদি)। সাধারণ প্রসঙ্গ (১) যোহন ১:১৯ পদ থেকে শুরু হয়েছে, যেটি হতে পারে প্রথম দিবস; (২) যোহন ১:২৯,৩৫,৪৩ পদে আছে “পর দিবসে”; এবং (৩) ২:১ পদে আছে “তৃতীয় দিবসে।”

□ “তিনি যাবার ইচ্ছা করলেন” যোহন যিহূদীয়াতে যীশুর পরিচর্যার প্রাথমিক সময়কালের বিবরণ দিয়েছেন যেগুলি Synoptic সুসমাচারে লিপিবদ্ধ করা হয়নি। যোহনের সুসমাচার দৃষ্টি দিয়েছে যিহূদীয়াতে বিশেষ করে যিরূশালেমে যীশুর পরিচর্যার। এখানে, যাহোক, তিনি গালীলে যেতে ইচ্ছুক সম্ভবত কান্না গ্রামে বিয়ে বাড়ীতে (যোহন ২)।

□ “আমার পিছনে পিছনে এস” এটি একটি present active imperative। এটি হল rabbinical আহবান স্থায়ী শিষ্যত্বের জন্য। যিহূদীরা কিছু নির্দেশনা স্থির করেছিল যেগুলি এই সম্পর্কের বিষয়ে ব্যাখ্যা করে।

১:৪৪ “ফিলিপ বৈথসৈদা নগরের লোক ছিলেন” এই নগরের নামের অর্থ “জেলেদের গৃহ।” এটি আরও ছিল আন্দ্রিয় ও পিতরের গৃহ।

১:৪৫ “নখনেল” এটি একটি ইব্রীয় নাম যার অর্থ “ঈশ্বর দিয়েছেন।” তিনি এই নামে Synoptic সুসমাচারে উল্লেখিত হন নাই। অধুনিক পণ্ডিতেরা এটা ধরে নিয়েছেন যে তিনি হলেন সেই শিষ্য যাকে “বর্ধলময়” বলা হয়, কিন্তু এটি কেবল ধারণার মধ্যেই রয়েছে।

বিশেষ বিষয়: খ্রীরিতদের নামের তালিকা (SPECIAL TOPIC: CHART OF APOSTLES' NAMES)

□ “আইন কানুন এবং এছাড়াও ভাববাদীরা” এটি উল্লেখ করে ইব্রীয় ক্যাননের তিনটি সেকশনের দুটি সেকশন: ব্যবস্থা, ভাববাদীগণ, এবং লেখনীসমূহ যেটি Jamnia ৯০ খ্রীষ্টাব্দে আলোচিত হয়েছিল)। এটি হল একটি বাগধারা সমগ্র পুরাতন নিয়মকে উল্লেখ করার।

□ “নাসরতীয় যীশু, যোষেফের পুত্র” এটি যিহূদী ব্যবহারের আলোকেই অবশ্যই বুঝতে হবে। যীশু তখন নাসরতে বাস করতেন এবং গৃহে তাঁর পিতার নাম ছিল যোষেফ। এটি বেথলেহমে যীশুর জনএম অস্বীকার করে না (মীখা ৫:২), এমনকি তাঁর কুমারীর গর্ভে জন্মকেও (যিশা ৭:১৪)। পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: নাসরতীয় যীশু (SPECIAL TOPIC: JESUS THE NAZARENE)

১:৪৬ “নখনেল তাকে বললেন, ‘নাসরত থেকে কি ভাল কিছু আসতে পারে?’” স্পষ্টত ফিলিপ এবং নখনেল পুরাতন নিয়মের ভাববাদী জানতেন; যিরূশালেমের নিকটবর্তী বেথলেহম থেকেই মশীহের আগমন হবে (মীখা ৫:২), পরজাতিদের গালীলের নাসরৎ থেকে নয়, কিন্তু যিশা ৯:১-৭ পদ এই বিষয়ে ইঙ্গিত দিয়েছে!

১:৪৭

NASB, NKJV,

NRSV	“যার অন্তরে ছল নাই”
TEV	“যার অন্তরে কিছুমাত্র মিথ্যা নাই”
NJB	“যার অন্তরে ছলনা নাই”

এর অর্থ একজন সোজা-সাপ্টা মানুষ যার অন্তরে কোন লুকানো উদ্দেশ্য নেই (গীতা ৩২:২), মনোনীত লোক, ইস্রায়েলীয়দের জন্য একজন সত্যিকার প্রতিনিধি।

১:৪৮ “যীশু উত্তর করে তাকে বললেন, “ফিলিপ তোমাকে ডাকবার আগে, যখন তুমি সেই ডুমুর গাছের তলায় ছিলে, তখন আমি তোমাকে দেখেছিলাম।” স্পষ্টত যীশু তাঁর অতিলৌকিক জ্ঞান ব্যবহার করেছেন (অর্থাৎ, যোহন ২:২৪-২৫; ৪:১৭-১৯,২৯; ৬:৬১,৬৪, ৭১; ১৩:১,১১,২৭,২৮; ১৬:১৯,৩০; ১৮:৪) নথনেলকে একটি চিহ্ন দেবার জন্য যে তিনিই মশীহ।

এটি বোঝা খুব কঠিন যে কিভাবে যীশুর ঈশ্বরত্ব ও মানবিকতা কাজ করতো। কোন কোন টেক্সটে এটি অনিশ্চিত যে কখন যীশু “অতিলৌকিক” সক্ষমতা বা মানবিক সক্ষমতা ব্যবহার করতেন। এখানে অনুমিত হয় “অতিলৌকিক” সক্ষমতা।

১:৪৯ “নথনেল তাঁকে উত্তর করে বললেন, “রবি, আপনিই ঈশ্বরের পুত্র; . . .ইশ্রায়েলের রাজা” লক্ষ্য করুন দুটি উপাধি! উভয়েরই জাতিয়তা ভিত্তিক মশীহ বিষয়ক তাৎপর্য রয়েছে (অর্থাৎ, গীতা ২)। এই প্রাথমিক শিষ্যরা বুঝেছিল যে যীশু প্রথম শতকের যিহূদী দলের। তারা সম্পূর্ণ ভাবে বোঝে নাই তাঁর ব্যক্তিত্ব এবং কাজ দুঃখভোগী দাস হিসাবে (যিশা ৫৩) পুনরুত্থানের পরবর্তী সময় পর্যন্ত।

১:৫১

NASB	“সত্য, সত্য, আমি তোমাকে বলছি”
NKJV	“নিশ্চিত ভাবে, আমি তোমাকে বলছি”
NRSV	“সত্যই, আমি তোমাকে বলছি”
TEV	“আমি তোমাকে সত্য বলছি”
NJB	“সকল সত্যে”

আক্ষরিক ভাব এটি “আমেন! আমেন!” যীশুর এই টার্ম দুবার উচ্চারণ কেবল মাত্র যোহনের সুসমাচারে পাওয়া যায়, এটি এসেছে ২৫ বার। “আমেন” হল একটি বিশ্বাসের (*emeth*) জন্য ইব্রীয় শব্দের গঠন যার অর্থ “দৃঢ় হওয়া” (যোহন ১:১৪ পদে বিশেষ বিষয় দেখুন)। পুরাতন নিয়মে এটি রূপক হিসাবে ব্যবহৃত হয়েছে স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতার জন্য। এটি অনুবাদ হয়েছে “বিশ্বাস” বা “বিশ্বস্ততা।” যাহোক, সময়ের প্রেক্ষিতে এটি ব্যবহৃত হয়েছে নিশ্চয়তা হিসাবে। বাক্যের এই রকম প্রারম্ভিক অবস্থানে। এটি একটি অপরূপ উপায় যীশুর তাৎপর্য, নির্ভরযোগ্য বক্তব্য বা YHWH থেকে প্রকাশ দিকে আকর্ষিত করার (যোহন ১:৫১; ২:৩,৫,১১; ৫:১৯,২৪,২৫; ৬:২৬,৩২,৪৭,৫৩; ৮:৩৪,৫১,৫৮; ১০:১, ৭; ১২:২৪; ১৩:১৬,২০,২১,৩৮; ১৪:১২; ১৬:২০,২৩; ২১:১৮)।

বহুবচনের (pronoun and verb) পরিবর্তন লক্ষ্য করুন। এটি অবশ্যই সেখানে দাঁড়ানো সকলকে উদ্দেশ্য করে ছিল।

বিশেষ বিষয়: আমেন (SPECIAL TOPIC: AMEN)

□ “তুমি, তুমি” উভয়ই বহুবচন। যীশু সেখানে দাঁড়ানো সকলকে উদ্দেশ্য করে বলছিলেন এবং, অর্থগত ভাবে, সকল মানবজাতিকে!

□ “স্বর্গ খোলা রয়েছে” এই শব্দগুচ্ছের রয়েছে পুরাতন নিয়মের ঈশ্বরের প্রকাশ (Theophany) বৃত্ত।

১. যিহিস্কেল, যিহি ১:১
২. যীশু, মথি ৩:১৬; মার্ক ১:১০; লূক ৩:২১
৩. স্তিফান, প্রেরিত ৭:৫৬
৪. পিতর, প্রেরিত ১০:১১
৫. দ্বিতীয় আগমন, প্রকা ১৯:১১

এটি হল perfect active participle যেটি ইঙ্গিত করছে সেগুলি খোলা রয়েছে। টার্ম “স্বর্গ” হল বহুবচন কারণ ইব্রীয়তে এটি বহুবচন। এটি উল্লেখ করতে পারে (১) পৃথিবীর উপরে বায়ুমণ্ডল যেমন আদি ১ অধ্যায় বা (২) ঈশ্বরের উপস্থিতির স্থান।

বিশেষ বিষয়: স্বর্গ এবং তৃতীয় স্বর্গ (SPECIAL TOPIC: THE HEAVENS AND THE THIRD HEAVEN)

□ “ঈশ্বরের দূতেরা উঠছেন ও নামছেন” এটি হল বৈখেল যাকোবের অভিজ্ঞতার একটি ইঙ্গিত (আদি ২৮:১০ থেকে কয়েকটি পদ)। যীশু বলতে চেষ্টা করেছেন যে যেহেতু ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন যে তিনি যাকোবের সকল প্রয়োজন মিটাবেন, ঈশ্বর তাঁর সকল প্রয়োজন মিটাবেন!

▣ “মনুষ্য পুত্র” এটি যীশুর স্ব-মনোনীত উপাধি। এর রয়েছে একটি ইব্রীয় শব্দগুচ্ছ উল্লেখ করে একজন মানবিক সত্তা (গীত ৮:৪; যিহি ২:১)। কিন্তু যেহেতু এটি দানিয়েল ৭:১৩ পদে ব্যবহার, এটি ঐশ্বরীক গুণাবলী ধারণ করেছে। এই টার্মের কোন জাতিয়তা ভিত্তিক বা সামরিক ভিত্তিক ইঙ্গিত নেই কারণ এটি রবিবরা ব্যবহার করতেন না। যীশু এটি বেছে নিয়েছিলেন কারণ এতে সমন্বিত রয়েছে তাঁর প্রকৃতির দুটি দিক (মানবিক এবং ঐশ্বরীক, ১ যোহন ৪:১-৩)। যোহন উল্লেখ করেছেন যীশু এটি তাঁর নিজের জন্য ১৩ বার ব্যবহার করেছেন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. কেন যিরুশালেমের কমিটি বাপ্তিস্ম দাতা যোহনকে জিজ্ঞাসা করেছিল পুরাতন নিয়মের তিনজন ব্যক্তির সে একজন কি না?
২. Christological (খ্রীষ্ট তত্ত্বগত) মন্তব্য চিহ্নিত করুন যেটি বাপ্তিস্ম দাতা যোহন যীশু সম্বন্ধে করেছেন ১৯-৩০ পদে।
৩. শিষ্যদের আহবানের বিষয়ে Synoptics ও যোহনের মধ্যে এত পার্থক্য কেন?
৪. এই লোকেরা যীশু সম্বন্ধে কি বুঝেছিল? তাঁকে যে নামে তারা ডেকেছে সেই উপাধিগুলি লক্ষ্য করুন (৩৮ পদ)।
৫. যীশুকে নিজেকে কি বলেছেন? কেন?

কপিরাইট © 2013 Bible Lessons International

যোহন ২

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
কান্না গ্রামে বিবাহ বাড়ী	জল দ্রাক্ষারসে রপান্তর	কান্না গ্রামে বিবাহ বাড়ী	কান্না গ্রামের বিবাহ বাড়ী	কান্না গ্রামে বিবাহ বাড়ী
২:১-১১	২:১-১১	২:১-১১	২:১-৩ ২:৪ ২:৫ ২:৬-১০ ২:১১	২:১-১০ ২:১১-১২
২:১২		২:১২	২:১২	
মন্দির পরিস্কারকরণ	যীশু মন্দির পরিস্কার করেন	মন্দির পরিস্কারকরণ		মন্দির পরিস্কারকরণ
২:১৩-২২	২:১৩-২২	২:১৩-২২	২:১৩-১৭ ২:১৮ ২:১৯ ২:২০ ২:২১-২২	২:১৩-২২
যীশু সকল মানুষকে চেনেন	অন্তর্করণ চিনে নেওয়া		মানব স্বভাব সম্পর্কে যীশুর জ্ঞান	যিরূশালেমে যীশু
২:২৩-২৫	২:২৩-২৫	২:২৩-২৫	২:২৩-২৫	২:২৩-২৫

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

২:১-১১ পদের প্রাসঙ্গিক অর্ন্তদৃষ্টি

- ক. যীশু তাঁর সময়কার অন্যান্য ধর্মীয় নেতাদের থেকে অনেক আলাদা ছিলেন। তিনি সাধারণ মানুষের সাথে খেতেন এবং পান করতেন। যখন যোহন বাপ্তাইজক প্রাপ্তরে একজন নির্জনতা প্রিয় লোক ছিলেন, যীশু ছিলেন সাধারণ জনগণের ব্যক্তি।
- খ. তার প্রথম চিহ্ন ছিল খুবই গৃহ ভিত্তিক ও পারিবারিক! সাধারণ মানুষের জন্য চিন্তা এবং তত্ত্বাবধান যীশুকে বৈশিষ্ট্যমণ্ডিত করেছে যেমন তাঁর ক্রোধ আত্ম ধার্মিকদের প্রতি ছিল তার চরিত্রের অন্য দিক। লোকদের অগ্রগণ্যতা, ঐতিহ্যগত বা বাধ্যতামূলক ধর্মীয় অনুষ্ঠান নয়, প্রকাশ করে যীশুর স্বাধীনতা, তবুও সাংস্কৃতিক প্রত্যাশার জন্য শ্রদ্ধা।
- গ. এটি হল সাতটি চিহ্নের প্রথমটি যেগুলি যোহন ব্যবহার করেছেন যীশুর চরিত্র এবং ক্ষমতা প্রকাশের জন্য (অধ্যায় ২-১১)।
১. জলকে দ্রাক্ষারসের পরিবর্তন (যোহন ২:১-১১)
 ২. বালককে সুস্থ্য করা (যোহন ৪:৪৬-৫৪)
 ৩. পঙ্গু ব্যক্তিকে সুস্থ্য করা (যোহন ৫:১-১৮)
 ৪. জনতাকে খাওয়ানো (যোহন ৬:১-১৫)
 ৫. জলের উপর দিয়ে হাটা (যোহন ৬:১৬-২১)
 ৬. অন্ধ লোককে সুস্থ্য করা (যোহন ৯:১-৪১)
 ৭. লাসারকে জীবনদান করা (যোহন ১১:১-৫৭)
- ঘ. যোহনের সুসমাচার সময়ক্রম অনুসারে সাজানো নয় কিন্তু ধর্মতত্ত্বগতভাবে। ২ অধ্যায় হল ভাল একটি উদাহরণ। প্রাথমিকভাবে, যোহন আলোচনা করেছেন যীশুর যিহুদীদের (নেতা এবং সাধারণ মানুষ উভয়ই) কাছে পৌঁছানোর চেষ্টার বিষয়ে কিন্তু তারা বিশ্বাস করবে না/গ্রহণ করবে না। অবিশ্বাস ও আত্ম-ধার্মিকতার দৃঢ়তার কারণে, যীশু যিহুদী ধর্মকে প্রত্যাখান করেছিলেন।
১. ছয়টি ধৌতকরণ জালা, কানায় কানায় পূর্ণ করা, প্রতিনিধিত্ব করছে যিহুদী ধর্ম যেটি যীশু পরিবর্তন করেছেন।
 ২. মন্দির পরিস্কারকরণ, (যেটি কালানুক্রমে ঘটেছে যীশুর জীবনের শেষ সপ্তাহের শুরু দিকে) লিপিবদ্ধ করা হয়েছে একটি প্রাথমিক ধর্মতত্ত্বগত চিহ্ন হিসেবে তাঁর যিহুদী নেতৃত্ব প্রত্যাখানের।
- আর একটি ভাল উদাহরণ যোহনের লেখনীগত কৌশলের তাহল যোহন ৩ অধ্যায়ের নীকদীম (মি. ধর্ম), এবং ৪ অধ্যায়ের কূপের পাশে স্ত্রীলোক (মিস ধর্মহীন)। এখানেই সকল মানুষের জন্য “চূড়ান্ত চিহ্ন” (“bookends”)।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২:১-১১

^১ আর তৃতীয় দিন গালীলের কান্না নগরে একটা বিয়ে হয়েছিল, এবং যীশুর মা সেখানে ছিলেন; ^২ আর সেই বিয়েতে যীশু ও তাঁর শিষ্যরাও নিমন্ত্রণ পেয়েছিলেন। ^৩ যখন দ্রাক্ষারস ফুরিয়ে গেল, যীশুর মা তাঁকে বললেন, “এদের দ্রাক্ষারস নেই।” ^৪ আর যীশু তাঁকে বললেন, “হে নারী, আমার সঙ্গে তোমার সম্বন্ধ কি? আমার সময় এখনও হয় নি।” ^৫ তাঁর মা চাকরদের বললেন, “ইনি তোমাদের যা করতে বলেন তা-ই কর।” ^৬ সেখানে যিহুদীদের শুচিকরণের নিয়ম অনুসারে পাথরের ছয়টি জালা বসান ছিল, তার এক একটিতে ২০ থেকে ৩০ গ্যালন জল ধরতো। ^৭ যীশু তাদের বললেন, “এই জালাগুলি জলে ভরে দাও।” তখন চাকরেরা সেগুলি কানায় কানায় পূর্ণ করলো। ^৮ আর তিনি তাদের বললেন, “এখন ওখান থেকে অল্প তুলে ভোজের কর্তার কাছে নিয়ে যাও।” তখন তারা তা তার কাছে নিয়ে গেল। ^৯ ভোজের কর্তা যখন সেই জল যা দ্রাক্ষারস হয়ে গিয়েছিল তা খেয়ে দেখলেন, আর তা কোথা থেকে আসলো তা জানতেন না (কিন্তু যে চাকরেরা জল তুলেছিল তারা জানতো), তখন ভোজের কর্তা বরকে ডাকলেন, ^{১০} এবং তাকে বললেন, “সকল লোকই প্রথমে ভাল দ্রাক্ষারস খেতে দেয়, আর লোকদের ইচ্ছামত খাওয়া হলে, পরে তিনি আগের চেয়ে কিছু মন্দ খেতে দেন; কিন্তু তুমি ভাল দ্রাক্ষারস এখন পর্যন্ত রেখেছো।” ^{১১} এইভাবে যীশু গালীলের কান্না গ্রামে এই প্রথম তাঁর চিহ্ন-কার্য করলেন, এবং নিজের মহিমা প্রকাশ করলেন, আর তাঁর শিষ্যেরা তাঁর উপরে বিশ্বাস করলেন। (অনুবাদকৃত টেক্সট)।

২:১ “একটা বিয়ে হয়েছিল” গ্রামের বিয়ে একটি বড় সামাজিক অনুষ্ঠান ছিল। এতে প্রায় সমাজের সবাই যুক্ত হত এবং অনুষ্ঠান কয়েকদিন ধরে চলতো।

□ “কান্না” এই টার্ম উল্লেখ করা হয়েছে শুধুমাত্র যোহনের সুসমাচারে (যোহন ২:১,১১; ৪:৪৬; ২১:২)। আমরা এ বিষয়ে কিছুটা জানি।

১. নথনের গ্রামের বাড়ি ছিল
২. যীশুর প্রথম আর্চয কাঁজের স্থান
৩. কফরনাহূমের কাছে ছিল।

সেখানে সম্ভাব্য চারটি স্থান ছিল (AB, vol. 1, p. 827)

1. Ain Qana, নাসরতের ঠিক এক মাইল উত্তরে
2. Kafr Kanna, নাসরতের প্রায় তিন মাইল উত্তর-পূর্বে
3. Khirbet Qana, পাহাড়ের উপরে, নাসরতের প্রায় সাড়ে আট মাইল উত্তরে, একটি tel
8. Asochis এর সমতলের কান্না, Josephus উল্লেখ করেছেন (*Life*, 86, 206)।

একটি সমতলভূমির একটি স্থান মনে হয় কান্না নামের সাথে খাপ খায়, যার ইব্রীয় অর্থ “নলখাগড়া” (অর্থাৎ, বেত)

□ “যীশুর মা সেখানে ছিলেন” স্পষ্টত মরিয়ম বিয়ের আয়োজনে সাহায্য করছিলেন। এটি দেখা যেতে পারে (১) কর্মচারীদের আদেশ করার মাধ্যমে (যোহন ২:৫) এবং (২) জলখাবারের বিষয়ে তার উদ্বেগ (যোহন ২:৩)। এরা সম্ভবত আত্মীয় বা পারিবারিক বন্ধু ছিলেন।

২:৩ “এদের দ্রাক্ষারস নেই” এটা ছিল ইব্রীয় রীতিতে বাধ্যতামূলক অতিথিদের দ্রাক্ষারস পান করানো। এই দ্রাক্ষারস অবশ্যই গাজানো ছিল, যেমন দেখা যায় (১) ভোজ্যাক্ষের মন্তব্যে, যোহন ২:৯-১০; (২) যীশুর সময়কার যিহুদী রীতিতে; বা (৩) স্বাস্থ্যকর প্রক্রিয়া বা রাসায়নিক সংযোজনের অভাব।

বিশেষ বিষয়: মদ ও মদ্যাসক্তির প্রতি বাইবেলের মনোভাব (SPECIAL TOPIC: BIBLICAL ATTITUDES TOWARD ALCOHOL AND ALCOHOLISM)

২:৪ “হে নারী” ইংরাজীতে এটি কর্কশ শোনায়, কিন্তু এটি ছিল একটি ইব্রীয় বাগধারা, একটি সম্মানীয় উপাধি (যোহন ৪:২১; ৮:১০; ১৯:২৬; ২০:১৫)।

NASB “আমার সঙ্গে তোমার বিষয় কি?”

NKJV “আমার সঙ্গে এই বিষয়ে তোমার সম্পর্ক কি?”

NRSV “আমার সঙ্গে তোমার এই বিষয়ে সম্পর্ক কি?”

TEV “আমাকে তুমি বলবে না যে আমাকে কি করতে হবে”

NJB “তুমি আমার কাছে কি চাও?”

এটি হল একটি ইব্রীয় বাগধারা, আক্ষরিকভাবে “এতে আমার এবং তোমার কি” (বিচার ১১:১২; ২ শমূ ১৬:১০; ১৯:২২; ১ রাজা ১৭:১৮; ২ রাজা ৩:১৩; ২ বংশা ৩৫:২১; মথি ৮:২৯; মার্ক ১:২৪; ৫:৭; লূক ৪:৩৪; ৮:২৮; যোহন ২:৪)। এটি সম্ভবত তাঁর পরিবারের সাথে যীশুর নতুন সম্পর্কের শুরু (মথি ১২:৪৬ থেকে কয়েকটি পদ; লূক ১১:২৭-২৮)।

□ “আমার সময় এখনও হয় নি” এটি দেখায় যীশুর আত্ম-উপলব্ধি তাঁর নিয়োগের উদ্দেশ্যের বিষয়ে (মার্ক ১০:৪৫)। যোহন এই টার্ম “সময়” ব্যবহার করছেন বিভিন্ন উপায়ে।

1. সময়ের জন্য (যোহন ১:৩৯; ৪:৬,৫২,৫৩; ১১:৯; ১৬:২১; ১৯:১৪; ১৯:২৭)

2. শেষ সময়ের জন্য (যোহন ৪:২১,২৩; ৫:২৫,২৮)

3. তাঁর শেষ দিনগুলোর জন্য (গ্রেফতার, বিচার, মৃত্যু, যোহন ২:৪; ৭:৩০; ৮:২০; ১২:২৩,২৭; ১৩:১; ১৬:৩২; ১৭:১)

২:৫ “ইনি তোমাদের যা করতে বলেন তাই কর” মরিয়ম যীশুর মন্তব্য বুঝতে পারেন নাই এই পরিস্থিতিতে তার পক্ষে তাঁর কাজ করা সম্পূর্ণরূপে অসম্ভব হিসাবে।

২:৬

NASB “যিহুদীদের শুচিকরণের নিয়ম অনুসারে”

NKJV “শুচিকরণের নিয়ম অনুসারে”

NRSV “যিহুদীদের শুচিকরণ ধর্মানুষ্ঠান অনুসারে”

TEV “যিহুদীদের আনুষ্ঠানিক শুচিকরণের নিয়ম ছিল”

NJB “শুচিস্নান যেটি যিহুদীদের নিয়ম ছিল”

এই জলের পাত্রগুলি ব্যবহার করা হত পা, হাত এবং তৈজসপত্র আনুষ্ঠানিক ভাবে ধৌতকরণের জন্য। যোহন এই মন্তব্যটি করেছেন পরাজাতিয়দের প্রেক্ষাপটটি বুঝতে সাহায্যের জন্য।

২:৬-৭ “পাথরের ছয়টি জালা” যোহন প্রায়ই এটি মনে হয় একটি দ্বৈত উদ্দেশ্যের চিহ্ন।

1. বিয়ের দম্পতিকে সাহায্য করতে

2. এটা ছিল চূড়ান্তভাবে যীশুকে দেখিয়ে দেয় যিহুদী ধর্মের পূর্ণতা হিসাবে। এই শেষ মন্তব্যের পিছনের কারণ হতে পারে

ক. সংখ্যা “৬” মানুষের চেপ্টার একটি প্রতীক

- খ. যীশুর কথা সেগুলি কানায় কানায় পূর্ণ করা মনে হয় একটি প্রতীকী অর্থ রয়েছে, শুধুমাত্র অতিরিক্ত দ্রাক্ষারস যোগান দেওয়া নয়।
 গ. প্রচুর পরিমাণে দ্রাক্ষারস, যেটি একটি স্থানীয় বিবাহের অনুষ্ঠানের জন্য প্রচুর পরিমাণ ছিল
 ঘ. দ্রাক্ষারস ছিল নতুন যুগের প্রাচুর্যের একটি চিহ্ন (যির. ৩১:১২; হোশেয় ২:২২; ১৪:৭; যোয়েল ৩:১৮; আমোষ ৯:১২-১৪)।

□ “তার এক একটিতে ২০ থেকে ৩০ গ্যালন জল ধরতো” এই পরিমাপে ব্যবহার করা হয়েছিল ইব্রীয় টার্ম *bath*। যীশুর সময়ে তিনটি ভিন্ন পরিমাপের *baths* ব্যবহার করা হতো তাই পরিমাণটি অনিশ্চিত, কিন্তু এই আশ্চর্য কাজে যুক্ত ছিল প্রচুর পরিমাণে দ্রাক্ষারস!

বিশেষ বিষয়: প্রাচীন নিকট-প্রাচ্যে ওজন এবং পরিমাপ (METROLOGY) (SPECIAL TOPIC: ANCIENT NEAR EASTERN WEIGHTS AND MEASURES (METROLOGY))

২:৮

NASB “ভোজের কর্তা”

NKJV “ভোজের প্রধান কর্তা”

NRSV “প্রধান কর্তা”

TEV “ভোজের যিনি দায়িত্বে ছিলেন”

NJB “ভোজের সভাপতি”

এই ব্যক্তিটি হতে পারে (১) একজন সম্মানীয় অতিথি যিনি অনুষ্ঠানের কর্তৃত্বে ছিলেন বা (২) একজন দাস যিনি অতিথিদের সেবার দায়িত্বে ছিলেন।

২:১০ বিষয়টি হল যে সাধারণত ভাল দ্রাক্ষারস প্রথমে পরিবেশন করা হয়। তারপর অতিথিরা আপ্যায়িত হলে, কিছুটা নিঃশ্বাসে দ্রাক্ষারস পরিবেশন করা হয়। কিন্তু এখানে উত্তমটি ছিল শেষে! এটি সম্ভবত যিহুদী ধর্মের পুরাতন চুক্তির (পুরাতন দ্রাক্ষারস) এবং যীশুতে নতুন চুক্তির (নতুন দ্রাক্ষারস) মধ্যকার বৈপরীত্য (ইব্রীয় পুস্তক)। যীশুর মন্দির পরিষ্কারের ঘটনা (যোহন ২:১৩-২৫, স্পষ্টভাবে যোহনের সময়ানুক্রমিক ধারা সরিয়ে দেয় ধর্মতত্ত্বগত উদ্দেশ্যে) এই সত্যকে প্রতিকীকরণ করতে পারে।

২:১১ “এইভাবে তাঁর চিহ্ন-কার্য করলেন” যোহনের সুসমাচার গড়ে উঠেছে সাতটি চিহ্ন এবং তাদের ব্যাখ্যাকে ঘিরে। এটিই প্রথম। দেখুন বিশেষ বিষয়: যোহন ১:১ পদে *Archē*।

□ “এবং নিজের মহিমা প্রকাশ করলেন, আর তাঁর শিষ্যেরা তাঁর উপরে বিশ্বাস করলেন” যীশুর গৌরবের(দেখুন বিশেষ বিষয় যোহন ১:১৪) প্রকাশ (দেখুন যোহন ১:৩১ পদের verb এর নোট) ছিল এই অলৌকিক কাজের উদ্দেশ্য। এই আশ্চর্য কাজ, সেই সাথে অন্যগুলো, মনে হয় প্রাথমিকভাবে তাঁর শিষ্যদের উদ্দেশ্যে করে ছিল! এটা তাদের প্রাথমিক বিশ্বাসের কার্য উল্লেখ করে না, কিন্তু তাঁর ব্যক্তিত্ব এবং কাজে তাদের চলমান উপলব্ধি। চিহ্নগুলি প্রকাশ করে মশীহের সত্যিকার ব্যক্তিত্ব এবং কাজ। এটা অনিশ্চিত যে অতিথিরা কি ঘটেছিল তা জানত কিনা।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২:১২

^{১২}তারপর তিনি ও তাঁর মা ও তাঁর ভাইয়েরা ও তাঁর শিষ্যেরা কফরনাহুম নগরে গেলেন; আর সেখানে কয়েকদিন থাকলেন। (অনুবাদকৃত টেক্সট)।

২:১২ “কফরনাহুম” নাসরতের অবস্থানের পর (লুক ৪:১৬-৩০) গালীলে এটাই যীশুর প্রধান কেন্দ্র হয়েছিল (মথি ৪:১৩; মার্ক ১:২১; ২:১; লুক ৪:২৩, ৩১; যোহন ২:১২; ৪:৪৬-৪৭)।

□ “এটি হল একটি অনন্য আভাস পরিবারের প্রতি যীশুর পরিচর্যার, কান্না নগরের আশ্চর্য কাজের আলোকে।

২:১৩-১৫ পদের প্রাসঙ্গিক অর্ন্তদৃষ্টি

ক. নতুন নিয়মের পণ্ডিতদের মধ্যে অনেক আলোচনা হয়েছে যে কতবার যীশু মন্দির পরিষ্কার করেছেন। যোহন পরিষ্কারের কাজটি যীশুর পরিচর্যার অনেক আগের দিকে লিপিবদ্ধ করেছেন, যদিও Synoptic সুসমাচার (মথি ২১:১২; মার্ক ১১:১৫ এবং লুক ১৯:৪৫) বর্ণনা করেছেন পরিষ্কারকরণ কাজটি যীশুর জীবনের শেষ সপ্তাহে।

যাহোক, এটা খুবই সম্ভব যে যোহন যীশুর কাজ সংগঠিত করেছেন ধর্মতত্ত্বগত উদ্দেশ্যে (অর্থাৎ, যোহন প্রথম অধ্যায় থেকেই দাবী করেছেন যীশুর সম্পূর্ণ ঈশ্বরত্ব)। প্রতিটি সুসমাচার লেখকের অনুপ্রেরণার মধ্যে স্বাধীনতা ছিল যীশুর কাজ এবং শিক্ষাকে মনোনিয়ন করা, উপযোগী করা, সাজানো এবং সারমর্ম করার। আমি বিশ্বাস করি না যে তাদের যীশুর মুখ দিয়ে কথা বলাবার বা কোন ঘটনা সাজাবার স্বাধীনতা ছিল। এটা অবশ্যই মনে রাখতে হবে যে সুসমাচারগুলো কোন আধুনিক জীবনী নয়, কিন্তু সুসমাচার প্রচারমূলক পুস্তিকা নির্বাচিত

পাঠকদের প্রতি লক্ষ্য করে। সুসমাচারগুলি সময়ানুক্রেমিক নয়, বা তারা লিপিবদ্ধ করে নাই যীশুর প্রতিটি কথা (বরং সারমর্ম করেছে)। এর মানে এটা বোঝায় না যে তারা ঠিক নয়। পশ্চিমা সাহিত্যের চেয়ে প্রাচ্যের সাহিত্য ছিল বিভিন্ন সংস্কৃতির প্রত্যাশার উপর ভিত্তি করে। দেখুন Gordon Fee and Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth*, pp. 127-148।

খ. মন্দির পরিষ্কার করা যোহনের সামগ্রিক ধর্মতত্ত্বগত উদ্দেশ্য যীশুর যিহুদী জাতির সাথে প্রথম মোকাবেলা করার সাথে মানিয়ে যায়। এটা দেখা যেতে পারে ৩ অধ্যায়ে নীকদীমের সাথে তাঁর আলোচনায় (গোঁড়া যিহুদী ধর্ম)। যাহোক, ৪ অধ্যায়ে যীশু দরবার শুরু করেছেন একটি বৃহত্তর দলের সাথে (এমনকি সম্প্রদায়গত গোঁড়া যিহুদীদের একটি ধর্মীয় দল), যেটি শুরু হয়েছিল একজন শমরীয় নারীকে দিয়ে।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২:১৩-২২

^{১৩} যিহুদীদের নিস্তার পর্বের সময় কাছে আসল, আর যীশু যিরূশালেমে গেলেন। ^{১৪} এবং তিনি মন্দিরের মধ্যে দেখলেন লোকে গরু ও ভেড়া ও কবুতর বিক্রি করছে, আর টাকা বদলকারীরা তাদের টেবিলে বসে আছে। ^{১৫} তখন তিনি দড়ি দিয়ে একটা চাবুক তৈরী করলেন, এবং গরু ও ভেড়া সহ তাদের সকলকে মন্দির থেকে তাড়িয়ে দিলেন; আর টাকা বদলকারীদের টাকা পয়সা ছড়িয়ে দিলেন এবং তাদের টেবিলগুলো উল্টে ফেললেন; ^{১৬} আর যারা কবুতর বিক্রি করছিল তাদের তিনি বললেন, “এই সব জিনিস নিয়ে যাও; আমার পিতার ঘরকে ব্যবসার ঘর কোরো না।” ^{১৭} তাঁর শিষ্যদের মনে পড়ল যে এটা লেখা আছে, “তোমার ঘরের জন্য আমার যে অগ্রহ সেই অগ্রহই আমাকে গ্রাস করবে।” ^{১৮} তখন যিহুদীরা যীশুকে বললেন, “এই সব করার অধিকার যে তোমার আছে তার জন্য তুমি আমাদের কি চিহ্ন দেখাতে পার?” ^{১৯} যীশু উত্তরে তাদের বললেন, “এই মন্দির ভেঙ্গে ফেল, আর আমি তিন দিনের মধ্যে তা উঠাব।” ^{২০} যিহুদীরা তখন বলল, “এই মন্দির তৈরী করতে ছেচল্লিশ বছর লেগেছে, আর তুমি কি তিন দিনের মধ্যে এটা উঠাবে?” ^{২১} কিন্তু তিনি মন্দির বলতে নিজের দেহের কথাই বলছিলেন। ^{২২} তাই যখন তিনি মৃত্যু থেকে জীবিত হয়ে উঠেছিলেন, তাঁর শিষ্যদের মনে পড়লো যে তিনি এই কথাই বলেছিলেন; আর তারা শাস্ত্রে এবং যীশু যে কথা বলেছিলেন তাতে বিশ্বাস করলেন। (অনুবাদকৃত টেক্সট)।

২:১৩ “নিস্তারপর্ব” এটি একটি বাৎসরিক অনুষ্ঠান যার বর্ণনা করা হয়েছে যাত্রাপুস্তক ১২ এবং দ্বি. বি. ১৬:১-৬ পদে। যীশুর পরিচর্যার তারিখ নির্ণয়ই কেবলমাত্র আমাদের কাছে এই পর্বের অর্থ। Synoptic সুসমাচার পরোক্ষভাবে প্রকাশ করে যে যীশুর পরিচর্যা কেবল এক বছরের জন্য (অর্থাৎ, একটি নিস্তারপর্ব উল্লেখ করা হয়েছে)। কিন্তু যোহন তিনটি নিস্তারপর্ব উল্লেখ করেছেন: (১) যোহন ২:১৩,২৩; (২) যোহন ৬:৪ এবং (৩) যোহন ১১:৫৫; ১২:১; ১৩:১; ১৮:২৮,৩৯; ১৯:১৪। সম্ভবত আরও একবার অর্থাৎ চতুর্থবার উল্লেখ করা হয়েছে যোহন ৫:১ পদে। আমরা জানি না কতদিন যীশু প্রকাশ্যে সক্রিয় ভাবে পরিচর্যা করেছেন, কিন্তু যোহনের সুসমাচার ধারণা করে যে এটা কমপক্ষে তিন বছর এবং সম্ভবত চার বা এমনকি পাঁচ বছর।

যোহনের তার সুসমাচারের সাজিয়েছেন যিহুদীদের উৎসবকে ঘিরে (নিস্তারপর্ব, আবাস-তাম্বু এবং Hanukkah, দেখুন Richard N. Longenecker, *Biblical Exegesis in the Apostolic Period*, 2nd ed., pp. 135-139)।

বিশেষ বিষয়: নিস্তারপর্ব (SPECIAL TOPIC: THE PASSOVER)

□ “আর যীশু যিরূশালেমে গেলেন” যিহুদীরা সব সময় যিরূশালেমের কথা বলত একটি ভৌগোলিক বা ভূ-স্থান-সংক্রান্ত অর্থের চেয়ে বেশি এই ধর্মতত্ত্বগত অর্থে।

২:১৪ “মন্দির” মহান হেরোদের (একজন Idumean যিনি প্যালেস্টাইন রাজত্ব করতেন ৩৭-৪ খ্রীষ্ট পূর্ব) মন্দির ভাগ করা হয়েছিল সাতটি ভিন্ন প্রাঙ্গণে। বাইরের প্রাঙ্গণ ছিল অযিহুদীদের প্রাঙ্গণ, যেখানে ব্যবসায়ীরা তাদের দোকান বসিয়েছিল যেন যারা বলি উৎসর্গ এবং বিশেষ দান নিয়ে আসত তাদেরকে স্থান দিতে পারে।

□ “গরু ও ভেড়া ও কবুতর” লোকজন যারা অনেক দূর থেকে আসতেন তাদের প্রয়োজন হত উৎসর্গের জন্য গ্রহণযোগ্য পশু কেনার। যাহোক, মহাযাজকের পরিবার এই দোকানগুলি নিয়ন্ত্রণ করতো এবং পশুর জন্য অত্যধিক দাম ধার্য করতো। আমরা আরও জানি যে যদি লোকেরা নিজেদের পশু নিয়ে আসতো তবে যাজক বলতো যে সেগুলি অগ্রহণযোগ্য কিছু শারীরিক সমস্যা কারণে। সেজন্য, তাদেরকে তাদের পশু এই সব ব্যবসায়ীদের কাছ থেকে কিনতে হতো।

□ “টাকা বদলকারীরা” এখানে এই লোকদের জন্য দুই ধরণের প্রয়োজনের ব্যাখ্যা রয়েছে: (১) একমাত্র মুদ্রা যেটি মন্দির গ্রহণ করতো সেটি হল shekel। যেহেতু যিহুদী shekel এর অনেক দিন ধরে মুদ্রা হিসেবে প্রচলন বন্ধ হয়েছে, মন্দির যীশুর সময়ে শুধুমাত্র Tyre থেকে shekel গ্রহণ করতো বা (২) একজন রোমীয় সশ্রাটের ছবি ছাড়া যে কোন মুদ্রা গ্রহণযোগ্য ছিল। সেখানে, অবশ্যই, একটি খরচ ছিল!

২:১৫ “তখন তিনি দড়ি দিয়ে একটা চাবুক তৈরী করলেন, এবং গরু ও ভেড়া সহ তাদের সকলকে মন্দির থেকে তাড়িয়ে দিলেন” এই চাবুকের কথা শুধু এখানে উল্লেখ করা হয়েছে। যীশুর ক্রোধ এই বর্ণনায় পরিষ্কারভাবে দেখা যায়। স্থানটি যেখানে YHWH কে জানা যেতে পারে সেটি আর আরাধনা এবং তাঁর প্রকাশের স্থান ছিল না! ক্রোধ নিজে একটি পাপ নয়! পৌলের উক্তি ইফিষীয় ৪:২৬ পদে এই কাজের সাথে সম্ভবত সম্পর্কযুক্ত। কিছু কিছু বিষয় আছে সেগুলোতে আমাদের রেগে উঠা উচিত।

২:১৬ “এই সব জিনিস নিয়ে যাও” এটি হল একটি emphatic aorist active imperative, “এই জিনিসগুলি এখন থেকে দূর কর!”

□ “আমার পিতার ঘরকে ব্যবসার ঘর কোরো না” এটি হল একটি present imperative সাথে একটি negative particle, যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলমান কোন কাজ থামানো। অন্য সুসমাচারগুলিতে (অর্থাৎ, মথি ২১:১৩; মার্ক ১১:১৭; লূক ১৯:৪৬) উদ্ধৃত করে যিশা. ৫৬:৭ এবং যিরি. ৭:১১ পদ এই অংশে, যাহোক, যোহনে এই পুরাতন নিয়মের ভাববাণীগুলি উল্লেখ করা হয়নি। এটা সম্ভবত সখরিয় ১৪:২১ পদে মশীহের ভাববাণীর প্রতি একটি সম্ভাব্য ইঙ্গিত।

২:১৭ “তঁার শিষ্যদের মনে পড়লো” এই উক্তিটি বোঝায় যে যীশুর পরিচর্যার জ্যোতি এবং আত্মার সাহায্যে, এই লোকগুলি পরবর্তীতে যীশুর কাজের আত্মিক সত্যটি দেখেছিল (যোহন ২:২২; ১২:১৬; ১৪:২৬)।

□ “লেখা আছে” এটি একটি perfect passive periphrastic যেটি আক্ষরিক ভাবে “এটা লিখিত আছে”। এটা ছিল একটি বৈশিষ্ট্যমূলক উপায় পুরাতন নিয়মের অনুপ্রেরণার নিশ্চিত করার (যোহন ৬:৩১,৪৫; ১০:৩৪; ১২:১৪; ২০:৩০)। এটি হল একটি উক্তি LXX এর গীত ৬৯:৯ পদ থেকে। এই গীত, গীত ২২ এর মত, যীশুর ক্রুশারোপনের সাথে খাপ খায়। যীশুর ঈশ্বরের জন্য উদ্যোগ এবং তাঁর সত্য আরাধনা তাঁকে মৃত্যুর দিকে পরিচালিত করবে, যেটি ঈশ্বরের ইচ্ছা ছিল (যিশা.৫৩:৪,১০; লূক ২২:২২; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮)।

২:১৮

NASB “তুমি আমাদের কি চিহ্ন দেখাতে পার যে এই সব করছো”

NKJV “তুমি আমাদের কি চিহ্ন দেখাতে পার যে তুমি এই সব করছো”

NRSV “তুমি আমাদের কি চিহ্ন দেখাতে পার যে এই সব করছো”

TEV “তুমি আমাদের কি চিহ্ন কাজ দেখাতে পার যে তোমার এই সব কাজ করার অধিকার আছে?”

NJB “তুমি আমাদের কি চিহ্ন দেখাতে পার যে এই নকম কাজ করছো?”

এটি যীশুর বিষয়ে যিহুদীদের চিন্তার মূল প্রশ্ন ছিল। ফরীশীরা দাবী করেছিল তাঁর ক্ষমতা এসেছে শয়তানের কাছ থেকে (যোহন ৮:৪৮-৪৯, ৫২; ১০:২০)। তারা আশা করেছিল মশীহ সুনির্দিষ্ট কিছু কাজ করবেন সুনির্দিষ্ট উপায়ে (অর্থাৎ, মোশীর মত)। যখন তিনি এই নির্দিষ্ট কাজগুলি করলেন না, তখন তারা তাঁর বিষয়ে সন্দেহ করতে শুরু করলো (মথি ১১:২৮; লূক ২০:২), যেভাবে এমনকি যোহন বাপ্তাইজক করেছিলেন।

২:১৯ “এই মন্দির ভেঙ্গে ফেল আর আমি তিন দিনের মধ্যে তা উঠাব” মন্দিরের জন্য গ্রীক শব্দ (*hieron*) যোহন ২:১৪ এবং ১৫ পদে নির্দেশ করে মন্দিরের এলাকা, যদিও এই টার্ম (*naos*) যোহন ২:১৯,২০ ও ২১ পদে নির্দেশ করে ভিতরের পবিত্র স্থানকে। এই উক্তির ব্যাপারে অনেক আলোচনা হয়েছে। স্পষ্টত মথি ২৬:৬০ পদ থেকে কয়েকটি পদ; মার্ক ১৪:৫৭-৫৯; প্রেরিত ৬:১৪ পদ হল একটি নির্দেশনা যীশুর ক্রুশারোপন এবং পুনরুত্থান সম্পর্কে। যাহোক, এই প্রসঙ্গে, এটি আরও কোন না কোন ভাবে নিজেকে সম্পর্কযুক্ত করে ৭০ খ্রীষ্টাব্দে Titus দ্বারা মন্দিরের ধ্বংসের সাথে (মথি ২১:১-২)। এই দুই উক্তি সত্যের সাথে সম্পর্কযুক্ত যে যীশু একটি নতুন আত্মিক আরাধনা স্থাপন করছেন নিজেকে গুরুত্ব দিয়ে এবং প্রাচীন যিহুদী ধর্মকে নয় (যোহন ৪:২১-২৪)। পুনরায়, যোহন একটি শব্দ ব্যবহার করেছেন দুই অর্থে!

২:২০ “এই মন্দির তৈরী করতে ছেচল্লিশ বছর লেগেছে” মহান হেরোদ দ্বিতীয় মন্দিরকে সম্প্রসারিত এবং অধুনিকিকরণ করেছিলেন (সরুৎবাবিলের সময় থেকে, হগয়) নিজে Idumaeen হবার কারণে যিহুদীদের শান্ত করার প্রচেষ্টায়। যোষেফাস আমাদের বলেছেন যে এর কাজ শুরু হয়েছিল ২০ বা ১৯ খ্রীষ্ট পূর্বে। যদি এটি সত্য হয়, এর অর্থ হল যে এই বিশেষ ঘটনা ঘটেছিল ২৭-২৮ খ্রীষ্টাব্দে। আমরা আরো জানি যে মন্দিরের কাজ ৬৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত চলেছিল। মন্দিরটি হয়ে উঠেছিল যিহুদীদের মহান আশা (যিরিমিয় ৭)। এটা প্রতিস্থাপিত হবে যীশুর নিজের দ্বারা, নতুন মন্দির। যোহন ১:১৪ পদে, তাঁকে বর্ণনা করা হয়েছে আবাস-তাম্বু হিসাবে এবং এখন মন্দির হিসাবে! এটা নাসরতের একজন কাঠ মিস্ত্রীর জন্য কতনা বিস্ময়কর রূপক! ঈশ্বর এবং মানবজাতি এখন মিলিত এবং সহভাগিতা করছে যীশুতে!

২:২১ “কিন্তু তিনি মন্দির বলতে নিজের দেহের কথাই বলেছিলেন” সেই সময় যীশু এই কথাগুলি বলেছিলেন কিন্তু তাঁর শিষ্যরা এটি উপলব্ধি করতে পারে নি (যোহন ২:১৭)। মনে রাখবেন যোহন কয়েক দশক পরে লিখছেন।

যীশু জানতেন তিনি কেন এসেছেন। এখানে মনে হয় কমপক্ষে তিনটি উদ্দেশ্য রয়েছে।

১. ঈশ্বরকে প্রকাশ করতে

২. মানবজাতির সত্যিকার আর্দশ হতে

৩. মুক্তিপণ হিসাবে তাঁর জীবন অনেকের জন্য দিতে

এটি হল এই শেষ উদ্দেশ্য যেটি এই পদটি উল্লেখ করে (মার্ক ১০:৪৫; যোহন ১২:২৩,২৭; ১৩:১-৩; ১৭:১)।

২:২২ “তঁার শিষ্যদের মনে পড়লো যে তিনি এই কথাই বলেছিলেন” প্রায়ই যীশুর কথা এবং কাজ যাদের উদ্দেশ্য করে তিনি বলেছেন তাদের থেকে তাঁর শিষ্যদের সুবিধার জন্য ছিল। তারা সে সময় এটা বুঝতে পারত না।

□ “তারা শাস্ত্রে বিশ্বাস করলেন” যদিও লেখাটি নিজে বলে না কোন শাস্ত্রটি, সম্ভবত গীত ১৬:১০ পদ হল পুনরুত্থানের লেখনী যেটির প্রতি যীশুর পরোক্ষ উল্লেখ রয়েছে (প্রেরিত ২:২৫-৩২; ১৩:৩৩-৩৫)। এই একই লেখনী (বা ধর্মতত্ত্বগত ধারণা-পুনরুত্থান) উল্লেখ করা হয়েছে যোহন ২০:৯ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২:২৩-২৫

^{২৩}নিস্তার পর্বের সময়ে যখন তিনি যিরূশালেমে ছিলেন, পর্বের সময়ে, তখন যে সব চিহ্ন-কাজ করেছিলেন, তা দেখে অনেকে তাঁর নামে বিশ্বাস করলো। ^{২৪}কিন্তু যীশু, নিজে, তাদের উপরে নিজের বিষয়ে বিশ্বাস করলেন না, কারণ তিনি সব মানুষকে জানতেন, ^{২৫}এবং মানুষের বিষয়েও কারণ সাক্ষ্যে তাঁর দরকার ছিল না, কারণ মানুষের মনে কি আছে তা তাঁর জানা ছিল। (অনুবাদকৃত টেক্সট)।

২:২৩ “অনেকে তাঁর নামে বিশ্বাস করলো” এই টার্ম “বিশ্বাস করেছিল” হল গ্রীক টার্ম (*pisteō*) থেকে যেটি অনুবাদ হতে পারে “বিশ্বাস করা,” “বিশ্বাস” বা “নির্ভরতা” হিসেবে। noun টি যোহনের সুমাচারে দেখা যায় না, কিন্তু verb প্রায়ই ব্যবহৃত হয়েছে। এই প্রসঙ্গে এখানে অনিশ্চয়তা আছে নাসরতের যীশুকে মশীহ হিসেবে লোকদের প্রতিশ্রুতির অকৃত্রিমতায়। অন্য উদাহরণ এই গভীরতাহীন “বিশ্বাস করা” টার্মের ব্যবহার হল যোহন ৮:৩১-৫৯ এবং প্রেরিত ৮:১৩, ১৮-২৪ পদে। সত্যিকার বাইবেল ভিত্তিক বিশ্বাস হল প্রাথমিক সাড়া দানের থেকেও বেশি। এটি অবশ্যই অনুসরণ করতে একটি শিষ্যত্বের প্রক্রিয়া দ্বারা (মথি ১৩:২০-২২, ৩১-৩২)।

স্পষ্টত এই গভীরতাহীন বিশ্বাসীরা যীশুর কাছে এসেছিলেন তাঁর আশ্চর্য কাজের দ্বারা (যোহন ২:১১; ৭:৩১)। তাদের উদ্দেশ্য ছিল যীশুর ব্যক্তিত্ব এবং কাজকে নিশ্চিত করা। যাহোক, এটা অবশ্যই লক্ষ্য করতে হবে যে যীশুর মহান কাজে বিশ্বাস যথেষ্ট ছিল না, দরকার ছিল দৃঢ় বিশ্বাস (যোহন ৪:৩৮; ২০:২৯)। বিশ্বাসের বিষয় অবশ্যই যীশু, নিজেই। আশ্চর্য কাজ ঈশ্বরের একটি স্বয়ংক্রিয় চিহ্ন নয় (মথি ২৪:২৪; প্রকাশিত বাক্য ১৩:১৩; ১৬:১৪, ১৯:২০)। যীশুর কাজের উদ্দেশ্য ছিল না লোকদেরকে তাঁর প্রতি বিশ্বাসে পরিচালিত করা (যোহন ২:২৩; ৬:১৪; ৭:৩১; ১০:৪২); প্রায়ই লোকেরা চিহ্নকার্য দেখতো কিন্তু বিশ্বাস করতে অস্বীকার করতো (যোহন ৬:২৭; ১১:৪৭; ১২:৩৭)।

বিশেষ বিষয়: যোহনের “বিশ্বাস করা” VERB এর ব্যবহার (NOUN দুর্লভ) (SPECIAL TOPIC: JOHN'S USE OF THE VERB "BELIEVE" (THE NOUN IS RARE))

২:২৪-২৫ এটি হল গ্রীকে একটি বাক্য। তাৎপর্যপূর্ণ টার্ম “নির্ভর করা” (আক্ষরিকভাবে “বিশ্বাস করা”-এর imperfect active indicative অস্বীকার করা) ব্যবহৃত হয়েছে এই প্রসঙ্গে যীশুর কাজ এবং মনোভাব বর্ণনা করতে। এর অর্থ আরও বেশি প্রাথমিক সম্মতি বা আবেগগত সাড়া প্রদান। এই বাক্যটি আরও দাবি করে মানব হৃদয়ের অস্থিরতা এবং মন্দতার বিষয়ে যীশুর জ্ঞান (প্রতিফলিত করে ঈশ্বরের জ্ঞান, আদি ৬:১১-১২, ১৩; গীত ১৪:১-৩)। এই প্যারাফ্রাফটি ৩ অধ্যায়ে নীকদেমের দ্বারা দেখান হয়েছে। এমনকি “Mr. Religious” তার নিজের চেষ্টায়, জ্ঞানে, অবস্থানে বা বংশে অক্ষম ছিলেন ঈশ্বরের দ্বারা গ্রহণযোগ্য হতে। ধার্মিকতা আসে শুধুমাত্র যীশুতে বিশ্বাস করা/বিশ্বাস/নির্ভরতা দ্বারা (রোমীয় ১:১৬-১৭; ৪)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কেন যীশু জলকে দ্রাক্ষারসে পরিণত করেন? এটা কিসের প্রতীক দেখায়?
২. যীশুর সময়ে বিবাহের রীতি বর্ণনা করুন।
৩. আপনি কি হেরোদের মন্দিরের মেঝের পরিকল্পনা আঁকতে পারবেন? আপনি কি ক্রেতা এবং বিক্রেতাদের সম্ভাব্য অবস্থান দেখাতে পারবেন?
৪. কেন Synoptics সুসমাচার এই প্রারম্ভিক মন্দির পরিকল্পনার বিষয়টি লিপিবদ্ধ করেনি?
৫. যীশু কি হেরোদের মন্দির ধ্বংসের পূর্বাভাস করেছিলেন?
৬. সংজ্ঞা দিন এবং ব্যাখ্যা করুন গ্রীক শব্দ যেটি অনুবাদ করা হয়েছে “নির্ভরতা”, “বিশ্বাস করা” এবং “বিশ্বাস”।

যোহন ৩

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

USB ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশু এবং নীকদীম	নূতন জন্ম	যীশু এবং সরকারী যিহুদীধর্ম	যীশু এবং নীকদীম	নীকদীমের সাথে কথোপকথন
৩:১-১৫	৩:১-২১	৩:১-১০	৩:১-২	৩:১-৮
			৩:৩	
			৩:৪	
			৩:৫-৮	
			৩:৯	৩:৯-২১
			৩:১০-১৩	
		৩:১১-১৫		
			৩:১৪-১৭	
৩:১৬-২১		৩:১৬		
		৩:১৭-২১		
			৩:১৮-২১	
যীশু এবং বাপ্তিস্মদাতা যোহন	বাপ্তিস্ম দাতা যোহন যীশুর প্রশংসা করেন	যোহনের আরও সাক্ষ্য	যীশু এবং যোহন	যোহন প্রথমবারের মত সাক্ষ্য বহন করেন
৩:২২-৩০	৩:২২-৩৬	৩:২২-২৪	৩:২২-২৪	৩:২২-২৪
		৩:২৫-৩০	৩:২৫-২৬	৩:২৫-২৬
			৩:২৭-৩০	
তিনি যিনি স্বর্গ থেকে এসেছেন			তিনি যিনি স্বর্গ থেকে এসেছেন	
৩:৩১-৩৬		৩:৩১-৩৬	৩:৩১-৩৬	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে

ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৩:১-৩

^১ ফরীশীদের মধ্যে একজন লোক ছিলেন, তার নাম নীকদীম, তিনি যিহুদীদের একজন নেতা; ^২ একদিন রাতে লোকটি যীশুর কাছে এলেন এবং তাঁকে বললেন, “রবি, আমরা জানি যে আপনি ঈশ্বরের কাছ থেকে আসা একজন গুরু; কারণ আপনি যে সব চিহ্ন কাজ করেছেন ঈশ্বর সংগে না থাকলে কেউ তা করতে পারে না।” ^৩ যীশু উত্তর করে তাকে বললেন, “সত্য, সত্য, আমি তোমাকে বলছি, নূতন জন্ম না হলে কেউ ঈশ্বরের রাজ্য দেখতে পায় না।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:১ “ফরীশী” এই রাজনৈতিক/ ধর্মীয় দলের শিকড় জানতে ম্যাক্সাবিদের সময়কালে ফিরে যেতে হবে। সম্ভবত তাদের নামের অর্থ “পৃথককৃত একজন।” তারা ছিল ঈশ্বরের ব্যবস্থা পালনে যেভাবে মৌখিক ঐতিহ্য(Talmud) ব্যাখ্যা করেছে এবং সংজ্ঞা দিয়েছে সেভাবে পালন করতে অকপট ও নিবেদিত। ঠিক যেমন আজকে তাদের মধ্যে কেউ কেউ সত্যিকার ভাবে নিয়মের লোক (নীকদীম, অরিমাথিয়ার যোষেফ), কিন্তু কেউ কেউ ছিল আত্ম-ধার্মিক, বিধি সম্মত, সমালোচক, “দৃশ্যমান” নিয়মের লোক(যিশা ৬:৯-১০; ২৯:১৩)। হৃদয়ই হল মূল! “নূতন নিয়ম”(যির ৩১:৩১-৩৪) দৃষ্টি দিয়েছে আভ্যন্তরীণ অনুপ্রেরণা (অর্থাৎ, নূতন হৃদয়, নূতন মন, হৃদয়ে লিখিত ব্যবস্থা) প্রতি। মানবিক কাজকর্ম দেখায় যে তা অপ্রতুল, যেমন এটা সব সময়ই রয়েছে। দ্বি বি ১০:১৬; ৩০:৬ পদের হৃদয়ের তুকছেদ একটি রূপক ব্যক্তিগত নির্ভরতা/বিশ্বাসের জন্য যেটি বাধ্যতা এবং কৃতজ্ঞতার জীবনের উৎস!

ধর্মীয় রক্ষণশীলতা এবং/অথবা স্বাধীনতাবাদ হতে পারে নোংরা বিষয়। ধর্মতত্ত্ব অবশ্যই উৎসারিত হতে হবে ভালবাসা এবং বিশ্বাস থেকে। [বিশেষ বিষয় দেখুন: ফরীশী \(SPECIAL TOPIC: PHARISEES\)](#) যোহন ১: ২৪ পদে।

■ “নীকদীম” একমাত্র গ্রীক নাম থাকাটা প্যালেস্টাইনে যিহুদীদের জন্য অবাধ করা বিষয় যেমন ফিলিপ ও আন্দ্রিয়ের ছিল, যোহন ১:৪০,৪৩), যার অর্থ “লোকদের বিজেতা”(যোহন ৭:৫০; ১৯:৩৯)।

NASB, NKJV “যিহুদীদের একজন নেতা”
NRSV, NJB “যিহুদীদের একজন নেতা”
TEV “একজন যিহুদী নেতা”

এই প্রসঙ্গে, এটি একটি কৌশলগত বাক্যাংশ সমাজ ঘরের (অন্য প্রসঙ্গে এর অর্থ হতে পারে স্থানীয় সমাজ ঘরের একজন নেতা), যিরুশালেমের যিহুদীদের ৭০ সদস্যের উচ্চ আদালত। এর কর্তৃত্ব রোমীয়দের দ্বারা শান্তিভাবে সীমাবদ্ধ ছিল, কিন্তু তবুও এর বিরাট প্রতিকি তাৎপর্য ছিল যিহুদী লোকদের কাছে। নিচে বিশেষ বিষয় দেখুন।

সম্ভবত এটা মনে হয় যে যোহন নীকদীমকে ব্যবহার করেছেন প্রথম শতকের গোড়া যিহুদী ধর্মের প্রতিনিধি হিসাবে। যারা ভাবতো যে তারা আত্মিকতায় পৌঁছেছে তাদের বলা হতো আবার গুরু করতে। যীশুতে বিশ্বাস, অধ্যক্ষদের আনুগত্য নয় (ঈশ্বর ভক্ত অধ্যক্ষ হলেও, কল ২:১৬-২৩), এমনকি বংশগত প্রেক্ষাপটও নয় (যোহন ৮:৩১-৫৯), যে স্থির করবে কোন একজনের স্বর্গরাজ্যে নাগরিকত্ব। খ্রীষ্টে ঈশ্বরের দান, অকপট নয়, আক্রমণাত্মক মানবিক অতি ধার্মিকতা (religiosity) নয়, হল ঐশ্বরীক গ্রহণের দরজা। নীকদীমের যীশুকে স্বীকৃতি ঈশ্বরের কাছ থেকে আগত একজন শিক্ষক হিসাবে, যদিও সত্য, তবে তা যথেষ্ট ছিল না। মশীহ হিসাবে যীশুতে ব্যক্তিগত নির্ভরতা, সম্পূর্ণরূপে নির্ভরতা, চূড়ান্ত নির্ভরতা হল পতিত মানুষের একমাত্র আশা (যোহন ১:১২)!

বিশেষ বিষয়: সমাজগৃহ (SPECIAL TOPIC: THE SANHEDRIN)

৩:২ “রাতে” রবিরা বলেন যে রাত হল সবচেয়ে উত্তম সময় ব্যবস্থা অধ্যয়ন করার জন্য কারণ সে সময়ে কোন রকম মনোযোগ ভঙ্গের কারণ ঘটে না। সম্ভবত নীকদীম চান নাই যে লোকে তাকে যীশুর সঙ্গে দেখুক তাই তিনি (সম্ভবত আরও কেউ কেউ তার সঙ্গে ছিল) রাতে তাঁর কাছে এলেন।

কেউ কেউ যোহনের লেখনীতে সব সময় আশ্চর্য হন কতবার একজন ব্যাখ্যাকারক অবশ্যই মনে করবেন দ্বৈত অর্থের কথা। যোহন বৈশিষ্ট্যপূর্ণ আলো এবং অন্ধকারের বারংবার তুলনা (দেখুন NET Bible, p. 1898, #7 sn)

■ “রবি” যোহনে এর অর্থ “গুরু” (যোহন ১:৩৮; ৪:৩১; মার্ক ৯:৫; ১১:২১)। একটা বিষয় যেটি যিহুদী নেতাদের বিরক্তির কারণ হয়েছিল তাহল যীশু

রব্বীদের (rabbinical) ধর্মতত্ত্বের স্কুলে কখনও উপস্থিত হননি। নাসরথে স্থানীয় সমাজগৃহের অধ্যয়নের পরে তাঁর আর কোন Talmudic অধ্যয়ন বা শিক্ষা ছিল না।

□ “আপনি ঈশ্বরের কাছ থেকে আসা” এই ব্যাক্যাংশ গুরুত্ব দেবার জন্য বাক্যের প্রথমে বসে। এটি সম্ভবত পরোক্ষভাবে উল্লেখ করেছে দ্বিতীয় বিবরণ ১৮:১৫,১৮ পদের ভাববাণী। নীকদীম বুঝতে পেরেছিলেন কাজে ও কথায় যীশুর ক্ষমতা, কিন্তু এর মানে এই নয় যে সে আত্মিক ভাবে ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে ছিল।

□ “ঈশ্বর সংগে না থাকলে” এটি একটি third class conditional sentence যার অর্থ সাঙাব্য বাস্তবতা।

৩:৩,৫,১১ “সত্য, সত্য” এটি আক্ষরিক ভাবে “আমেন, আমেন।” এটি এসেছে পুরাতন নিয়মে “বিশ্বাসের” জন্য ব্যবহৃত শব্দ থেকে। এটির “দৃঢ় হওয়া” অথবা “নিশ্চিত হওয়া” মূল থেকে এসেছে। যীশু তাৎপর্যপূর্ণ মন্তব্যের আগে এটি ব্যবহার করতেন। তাছাড়া এটি পরেও ব্যবহৃত হয়েছে ধ্রুবসত্য মন্তব্যের নিশ্চয়তার একটি উপায় হিসাবে। প্রারম্ভেই দু’বার ব্যবহার যোহনের সুসমাচারে বৈশিষ্ট্যপূর্ণ। এই “আমেন” টার্মের দ্বিগুণ পুনরাবৃত্তি প্রকাশ করে যীশু ও নীকদীমের মধ্যকার আলোচনার পর্যায়। যোহন ১:৫১ পদে [বিশেষ বিষয়: আমেন \(SPECIAL TOPIC: AMEN\)](#) দেখুন।

৩:৩ “একজন জন্ম না নিলে” এটিও একটি third class conditional sentence, যোহন ৩:২ পদে নীকদীমের মন্তব্যের মত।

NASB, NKJV,
TEV “নূতন জন্ম”
NRSV, NJB “উপর থেকে জন্ম”

এটি aorist passive subjunctive। (*anōthen*) শব্দের অর্থ হতে পারে

১. “দৈহিক ভাবে দ্বিতীয়বার জন্ম গ্রহণ”
২. “শুধু থেকেই জন্ম” (শ্রেরিত ২৬:৪)
৩. “উর্দ্ধ হইতে জন্ম,” যেটি এই প্রসঙ্গে খাপ খায় (যোহন ৩:৭,৩১; ১৯:১১)

এটি সম্ভবত যোহনের টার্ম ব্যবহারের আর একটি উদাহরণ যার দুটি অর্থ (double entendre) রয়েছে, উভয়ই সত্য (Bauer, Arndt, Gengrich and Danker's A Greek-English Lexicon of the New Testament, p. 77)। যেমন ৩:৪ পদ থেকে স্পষ্ট, নীকদীম বুঝেছিলেন অপশন #১ হিসাবে। যোহন এবং পিতর (১ পিতর ১:২৩) এই পরিচিত রূপক ব্যবহার করেছেন পরিভ্রাণের জন্য যেমন পৌল এই টার্ম ব্যবহার করেছেন দত্তক গ্রহণকারী হিসাবে। লক্ষ্য হল জন্মদানে পিতার কাজ (যোহন ১:১৩)। পরিভ্রাণ হল একটি দান এবং ঈশ্বরের কাজ (যোহন ১:১২-১৩; রোমীয় ৩:২১-২৪; ৬:২৩; ইফি ২:৮-৯)।

□ “দেখতে পারে না” এটি একটি বাগধারাগত শব্দগুচ্ছ যেটি যোহন ৩:৫ পদের “প্রবেশ করিতে পারে না” এর সাথে সমান্তরাল।

□ “ঈশ্বরের রাজ্য” এই শব্দগুচ্ছ যোহনে দু’বার মাত্র ব্যবহার করা হয়েছে (যোহন ৩:৫)। এটি এরকমই Synoptic সুসমাচারের একটি মূল শব্দগুচ্ছ। যীশু তাঁর প্রথম ও শেষ উপদেশ, এবং তাঁর বেশির ভাগ দৃষ্টান্তে, এই বিষয় নিয়ে আলোচনা করেছেন। এটি উল্লেখ করে ঈশ্বরের রাজ্য এখন মানুষের হৃদয়ে! এটা খুব বিস্ময়কর যে যোহন মাত্র দু’বার এই শব্দগুচ্ছটি ব্যবহার করেছেন (এবং যীশুর দৃষ্টান্তে কখনোই করেন নাই)। নিচের বিশেষ বিষয় দেখুন। কারণ যোহনের “অনন্ত জীবন” হল একটি মূল টার্ম ও রূপক।

এই শব্দগুচ্ছ যীশুর শিক্ষায় eschatological (শেষ কালীন মতবাদ) চালিকা শক্তির সাথে সম্পর্কযুক্ত। এই “ইতিমধ্যে, কিন্তু এখনও নয়”, ধর্মতত্ত্বগত স্ববিরোধিতা (paradox) যিহুদীদের দুটি যুগ সম্পর্কে ধারণার, বর্তমান মন্দ যুগ এবং আসন্ন ধার্মিকতার যুগ যেটি মশীহ দ্বারা স্থাপিত হবে। যিহুদীদের প্রত্যাশা ছিল একমাত্র একজন আসবেন যিনি আত্মা দ্বারা শক্তি প্রাপ্ত সামরিক নেতা (পুরাতন নিয়মের বিচারকর্তৃকদের মত)। যীশুর আগমনে দুটি যুগ একটি অপরটিকে ঢেকে ফেলার কারণ হয়েছে। ঈশ্বরের রাজ্য বেথলেহমে দেহধারণের মাধ্যমে মানবিক ইতিহাস ভঙ্গ করেছে। যাহোক, যীশু প্রকাশিত বাক্যের ১৯ অধ্যায়ের সামরিক বিজৈতার মত আসেন নাই, কিন্তু দুঃখভোগী দাস (যিশাইয় ৫৩) এবং নত নন্দ হিসাবে (সখরিয় ৯:৯)। রাজ্য, সেজন্য, প্রতিষ্ঠিত (inaugurate) (মথি ৩:২; ৪:১৭; ১০:৭; ১১:১২; ১২:২৮; মার্ক ১:১৫; লুক ৯:২,১১; ১১:২০; ২১:৩১-৩২) কিন্তু সুসম্পূর্ণ (consummate) নয় (মথি ৬:১০; ১৬:২৮; ২৬:৬৪)।

বিশ্বাসীরা এই দুটি যুগের মধ্যে দুশ্চিন্তা নিয়ে বাস করে। তাদের পুনর্জন্মিত জীবন আছে, কিন্তু বর্তমানে তারা দৈহিক ভাবে মারা যাচ্ছে। তারা পাপের শক্তি থেকে মুক্ত হয়েছে, তথাপি তারা এখনও পাপ করছে। তারা ইতিমধ্যে এবং এখনও নয় এই eschatological (শেষ কালীন মতবাদ) দুশ্চিন্তা নিয়ে বাস করছে!

Frank Stagg's এর *New Testament Theology* -তে যোহনের ইতিমধ্যে-কিন্তু-এখনও-নয় এই বিষয়ে দুশ্চিন্তার একটি সাহায্যকারী বক্তব্য পাওয়া যাবে:

“যোহনের সুসমাচার জোড়াল বক্তব্য দিয়েছে ভবিষ্যৎ আগমন(১৪:৩,১৮ থেকে কয়েকটি পদ, ২৮; ১৬:১৬,২২) সম্বন্ধে এবং স্পষ্ট

ভাবে পুনরুত্থান এবং ‘শেষ দিনে’ চূড়ান্ত বিচার সম্পর্কে বলেছে (৫:২৮ থেকে কয়েকটি পদ; ৬:৩৯ থেকে কয়েকটি পদ, ৪৪,৫৪; ১১:২৪; ১২:৪৮); তথাপি এই চতুর্থ সুসমাচারের সর্বত্র অনন্ত জীবন, বিচার, এবং পুনরুত্থান হল বর্তমান বাস্তবতা (৩:১৮ থেকে কয়েকটি পদ; ৪:২৩; ৫:২৫; ৬:৫৪; ১১:২৩ থেকে কয়েকটি পদ; ১২:২৮,৩১; ১৩:৩১ থেকে কয়েকটি পদ; ১৪:১৭; ১৭:২৬)” (পৃ..৩১১)।

বিশেষ বিষয়: ঈশ্বরের রাজ্য (SPECIAL TOPIC: THE KINGDOM OF GOD)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৩:৪-৮

^৪ নীকদীম তাঁকে বললেন, “মানুষ বুড়ো হয়ে গেলে কেমন করে তার আবার জন্ম হতে পারে? সে কি দ্বিতীয় বার মায়ের গর্ভে প্রবেশ করে জন্ম নিতে পারে?” ^৫ যীশু উত্তরে বললেন, “সত্য, সত্য, আমি তোমাকে বলছি, জল এবং আত্মা থেকে জন্ম না হলে কেউই ঈশ্বরের রাজ্যে ঢুকতে পারে না। ^৬ মাংস থেকে যা জন্মে তা মাংস, এবং যা আত্মা থেকে জন্মে তা আত্মাই। ^৭ আমি যে তোমাকে বললাম তাতে আশ্চর্য হয়ো না, ‘তোমাদের নূতন জন্ম হওয়া দরকার।’ ^৮ বাতাস যে দিকে ইচ্ছা সেই দিকে বয় আর তুমি তার শব্দ শুনে পাও, কিন্তু জান না কোথা থেকে আসে আর কোথায় চলে যায়; আত্মা থেকে যাদের জন্ম হয়েছে তারাও ঠিক সেরকমই।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:৫ “যদি কেউ জল এবং আত্মা থেকে না জন্মে” এটি আর একটি third class conditional sentence। এটি হতে পারে (যোহনের লেখনীর এরকম বৈশিষ্ট্য) যে সব বিষয়ে মধ্যকার তুলনা

১. দৈহিক বনাম আত্মিক (“আত্মা” নিয়ে কোন আর্টিকেল নেই)
২. জাগতিক বনাম স্বর্গীয়

এই তুলনা পরোক্ষ ভাবে যোহন ৩:৬ পদে করা হয়েছে।

“জল” এর অর্থ সম্পর্কে তত্ত্ব হল

১. রবিবরা এটি ব্যবহার করতো পুরুষদের কাছে দেওয়া উপদেশে
২. শিশু জন্মের জল
৩. যোহনের বাপ্তিস্মে অনুতাপের প্রতিক্রিয়া (যোহন ১:২৬; ৩:২৩)
৪. পুরাতন নিয়মের প্রেক্ষাপটে অর্থ হল আত্মার দ্বারা আনুষ্ঠানিক জল ছিটানো (যিহি ৩৬:২৫-২৭)
৫. খ্রীষ্টিয় বাপ্তিস্ম (যদিও নীকদীম এটা এভাবে বুঝতে পারে নাই, জাস্টিন ও আইরেনিয়াস প্রথম উল্লেখ করেছিলেন)

তত্ত্ব #৩ প্রসঙ্গে-যোহনের জলে বাপ্তিস্ম এবং যোহনের মশীহের পবিত্র আত্মায় বাপ্তিস্ম লাভের সম্বন্ধে মন্তব্য-অবশ্যই খুব স্পষ্ট অর্থ থাকবে। জন্ম নেওয়া, এই প্রসঙ্গে, রূপকভাবে এবং আমরা অবশ্যই নীকদীমকে ভুল বুঝতে দেব না এই টার্ম যেটি ব্যাখ্যাকে নিয়ন্ত্রণ করছে। সেজন্য, তত্ত্ব #১ সঠিক নয়। যদিও নীকদীম যীশুর কথা বোঝে নাই যেভাবে পরবর্তীকালে খ্রীষ্টিয় বাপ্তিস্ম উল্লেখ করা হয়েছে, প্রেরিত যোহন প্রায়ই তার ধর্মতত্ত্ব বাধাযুক্ত (interject) করেছেন যীশুর ঐতিহাসিক কথায় (যোহন ৩:১৪-২১)। তত্ত্ব # ২ খাপ খায় যোহনের উপর ও নিচের দ্বৈতবাদের সাথে, ঈশ্বরের রাজ্য ও জাগতিক রাজ্য। এই টার্ম ব্যাখ্যা করতে আমাদের অবশ্যই সিদ্ধান্ত নিতে হবে যে এগুলো কি তুলনীয় (#১ অথবা #২) অথবা পরিপূরক (#৪)।

D. A. Carson, *Exegetical Fallacies*, আর একটি বিকল্পের কথা উল্লেখ করেছেন: উভয় শব্দই উল্লেখ করছে একটি জন্মের বিষয়ে, eschatological (শেষ কালীন মতবাদ) জন্ম যিরমিয় ৩৬:২৫-২৭ পদ অনুসারে, যেখানে বর্ণনা করা হয়েছে যিরমিয় ৩১:৩১-৩৪ পদের “নূতন চুক্তি” (পৃ..৪২)।

F. F. Bruce, *Answers to Questions*, তিনিও দেখেছেন যিহিস্কেল ভাববাদীকে যীশুর কথার পিছনে পুরাতন নিয়মের পরোক্ষ ইঙ্গিতকে। এটা হতে পারে proselyte (যিহুদী ধর্মে দীক্ষিত) বাপ্তিস্মের রেফারেন্স, যেটি নীকদীম, একজন প্রসিদ্ধ rabbinical শিক্ষক অবশ্যই করতো! (পৃ..৬৭)।

□ “ঈশ্বরের রাজ্য” একটি প্রাচীন গ্রীক পাবুলিপি (অর্থাৎ, MS N) এবং অনেক মণ্ডলীর আদি পিতারা, “স্বর্গ রাজ্য” এই শব্দগুচ্ছ জানতেন, যেটি মথির সুসমাচারে খুব সাধারণ। যাহোক, যোহনে “ঈশ্বরের রাজ্য” এসেছে ৩:৩ পদে (যোহন সুসমাচারের ৩:৩ এবং ৫ পদ হল একমাত্র স্থান যেখানে এই শব্দগুচ্ছ দেখা যায়)। যোহন, পরজাতিদের কাছে লিখেছেন (যেভাবে মার্ক ও লুক করেছেন), ঈশ্বরের নামের ক্ষেত্রে যিহুদী অপ্রয়োজনীয় অস্পষ্ট ভাষা (circumlocutions) ব্যবহার করেন নাই।

৩:৬ এটি আবার উল্লেখ দ্বৈতবাদ (উর্দ্ধ বনাম অধ:) যা খুবই সাধারণ যোহন সুসমাচারে (যোহন ৩:১১)।

৩:৭ “তুমি...তুমি” প্রথমটি একবচন, নীকদীমের কথা উল্লেখ করছে, কিন্তু দ্বিতীয়টি বহুবচন, উল্লেখ করছে সমস্ত মানুষের পক্ষে প্রযোজ্য সাধারণ নীতি (একবচন ও বহুবচনের এই একই পদ্ধতি ব্যবহৃত হয়েছে যোহন ৩:১১)।

কোন একজন এটি ব্যাখ্যা করতে প্রলোভিত হয়েছেন যিহুদীদের জাতিগত ধারার উপরে নির্ভরশীলতার প্রবণতার আলোকে (যোহন ৪:১২; ৮:৫৩)। যোহন, প্রথম শতকের শেষ দিকে লিখেছেন, স্পষ্টতই জ্ঞানবাদ সম্মুখাসম্মুখী হয়েছিলেন এবং যিহুদী জাতিগত উদ্ভ্যতের।

□ “অবশ্যই” গ্রীক verb *dei* (আক্ষরিক, “এটি আবশ্যিক,” (BAGD 172), present active indicative) ৩ বার ব্যবহৃত হয়েছে ৩ অধ্যায়ে (যোহন ৩:৭,১৪,৩০)। এটি সেই সব বিষয়কে উল্লেখ করে যা এগিয়ে যাবার জন্য ঈশ্বরের পরিকল্পনা অনুসারে সংঘটিত হয়(যোহন ৪:২৪; ৯:৪; ১০:১৬; ১২:৩৪; ২০:৯)

৩:৮ ইব্রীয়(এবং অরামিক) শব্দ (*ruach*) এবং গ্রীক শব্দ(*pneuma*) এর ব্যবহার রয়েছে যার অর্থ হতে পারে “বাতাস,” “নিঃশ্বাস,” এবং “আত্মা।” মূল বিষয়টি হল যে বাতাসের স্বাধীনতা রয়েছে, যেমন রয়েছে আত্মার। কেউ বাতাস দেখতে পায় না, কিন্তু এর কাজ দেখতে পায়; ঠিক এরকমই আত্মা। মানুষের পরিত্রাণ তার নিজের নিয়ন্ত্রণে নয়, কিন্তু আত্মার নিয়ন্ত্রণে (যিহি ৩৭)। এটা সম্ভব যে যোহন ৩:৫-৭ পদ একই সত্যকে প্রতিফলিত করেছে। পরিত্রাণ হল আত্মার দীক্ষা (initiation) (যোহন ৬:৪৪,৬৫) এবং প্রতিটি ব্যক্তির ব্যক্তিগত বিশ্বাসের/ অনুতাপের সাগা প্রদানের সময় (যোহন ১:১২; ৩:১৬,১৮)।

যোহনের সুসমাচার অদ্বিতীয় ভাবে ব্যক্তি এবং আত্মার কাজের উপরে দৃষ্টি দিয়েছে(যোহন ১৪:১৭,২৫-২৬; ১৬:৭-১৫)। তিনি ধার্মিকতার নূতন যুগ দেখেছেন ঈশ্বরের আত্মার যুগ হিসাবে।

৮ পদ গুরুত্ব দিয়েছে এই রহস্যের (enigma) উপরে যে কেন কিছু লোক সুসমাচার বিশ্বাস করে যখন তারা দেখে/শোনে এবং অন্যরা তা করে না। যোহন বলতে চেষ্টা করেছেন যে আত্মার স্পর্শ ছাড়া কেউই বিশ্বাস করতে পারে না(যোহন ১:১৩; ৬:৪৪,৬৫)। এই পদ সেই ধর্মতত্ত্বকে নব শক্তি দিচ্ছে। যাহোক, প্রশ্ন হল নিয়মের সাড়া প্রদানের (অর্থাৎ, ঐশ্বরীক দান মানবের গ্রহণ) বিষয়ে এখনও মনে করা হয় আত্মা প্রত্যেককে স্পর্শ করেন। কেন অনেকেই বিশ্বাস করতে অস্বীকৃতি জানায়, তাহল অধার্মিকতার বিরাট নিগূঢ়ত্ব (অর্থাৎ, পতনের আত্ম-কেন্দ্র {centeredness})। আমার যত বয়স বাড়ছে, তত বেশি আমি আমার বাইবেল অধ্যয়ন করছি, তত বেশি আমি ঈশ্বরের লোকদের পরিচর্যা করছি, তত বেশি আমি জীবন সম্পর্কে “নিগূঢ়ত্ব” লিখছি। আমরা সকলে মানুষের বিদ্রোহের কালো কুয়াশার (অর্থাৎ, ১ করি ১৩:১২) মধ্যে বাস করছি! এটা ব্যাখ্যা করার সক্ষমতা বা অন্যভাবে দেখা, পদ্ধতিগত ধর্মতত্ত্বের উন্নয়ন করেছে, যা খ্রীষ্টে ঈশ্বরের উপরে নির্ভরতার মত ততটা গুরুত্বপূর্ণ নয়। ইয়োব কখনো “কেন” কথাটি বলেন নাই!

বিশেষ বিষয়: নিঃশ্বাস, বাতাস, আত্মা (SPECIAL TOPIC: BREATH, WIND, SPIRIT)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৩:৯-১৫

“নীকদীম তাঁকে বললেন, “এটা কেমন করে হতে পারে?””^{১০} যীশু উত্তরে তাকে বললেন, “তুমি ইস্রায়েলের একজন গুরু আর এই সব বুঝছো না?”^{১১} সত্য, সত্য, আমি তোমাকে বলছি, আমরা যা জানি তাই বলি এবং যা দেখেছি তার সাক্ষ্য দেই, আর তোমরা আমাদের সাক্ষ্য গ্রহণ কর না।^{১২} আমি তোমাদের কাছে জাগতিক বিষয়ে কথা বললে তোমরা যখন বিশ্বাস কর না, তখন স্বর্গীয় বিষয়ে কথা বললে কেমন করে তোমরা বিশ্বাস করবে?^{১৩} আর কেউ স্বর্গে ওঠে নাই, কিন্তু যিনি স্বর্গ থেকে নেমেছেন: সেই মনুষ্য পুত্র।^{১৪} মোশি যেমন মরু এলাকায় সেই সাপকে উচুতে তুলেছিলেন, তেমনি মনুষ্য পুত্রকেও উচুতে তোলা হবে;^{১৫} যেন যে কেউ তাঁতে বিশ্বাস করে সে অনন্ত জীবন পায়। (অনুবাদকৃত টেক্সট)।

৩:৯-১০ নীকদীম অবশ্যই বুঝতে পারতো যীশুর প্রতীকি terminology (টার্ম ব্যবহারের পদ্ধতি) যে আলোকে (১) যিহুদী ধর্মে দীক্ষিত (proselyte) বাপ্তিস্ম এবং (২) বাপ্তিস্ম দাতা যোহনের প্রচার।

এটি হয়েছে মানবিক জ্ঞানের একটি উদ্দেশ্যপূর্ণ গুরুত্ব কমানো; এমনকি অনেকে নীকদীম, যিনি যিহুদীদের একজন অধ্যক্ষ, তার মত সম্পূর্ণ ভাবে আত্মিক বিষয় বুঝতে পারেনি। যোহনের সুসমাচার লেখা হয়েছিল জ্ঞানবাদের প্রাথমিক সূচনার (incipient) সঙ্গে যুদ্ধের জন্য, একটি ধর্ম বিরুদ্ধতা যা জোর দিত পরিত্রাণের উপায় হিসাবে মানুষের জ্ঞানের উপরে। একমাত্র যীশুই ছিলেন সকলের জন্য সত্যিকারের জ্যোতি (যোহন ৩:১৯) কেবলমাত্র সমাজের সম্ভ্রান্ত (elite) দলের জন্য নয়।

৩:১১ “আমরা যা জানি তাই বলি” এই plural pronouns গুলি উল্লেখ করছে যীশু এবং প্রেরিত যোহনকে (যোহন ৩:১১) অথবা যীশু এবং পিতাকে, যেটি এই প্রসঙ্গে উপযুক্ত ভাবে খাপ খায় (যোহন ৩:১২)। সুসমাচার কোন কল্পনা প্রসূত গল্প নয়, কিন্তু ঐশ্বরীক প্রকাশ!

□ “তোমরা আমাদের সাক্ষ্য গ্রহণ কর না” যোহন প্রায়ই ব্যবহার করতেন গ্রহণ/লাভ করা (*lambanō*) টার্ম এবং এর prepositional compounds ধর্মতাত্ত্বিক অর্থে।

১. যীশুকে গ্রহণ করা
 - ক. নেতিবাচক ভাবে (যোহন ১:১১; ৩:১১, ৩২; ৫:৩২, ৪৭)
 - খ. ইতিবাচক ভাবে (যোহন ১:১২; ৩:১১, ৩৩; ৫:৪৩, ১৩:২০)
২. আত্মা গ্রহণ করা
 - ক. নেতিবাচক ভাবে (যোহন ১৪:১৭)
 - খ. ইতিবাচক ভাবে (যোহন ৭:৩৯)
৩. যীশুর বাক্য গ্রহণ করা
 - ক. নেতিবাচক ভাবে (যোহন ১২:৪৮)
 - খ. ইতিবাচক ভাবে (যোহন ১৭:৮)

দেখুন বিশেষ বিষয়: যীশুর সাক্ষ্য বহন (SPECIAL TOPIC: WITNESSES TO JESUS) যোহন ১:৮ পদে।

৩:১২ “যদি..যদি” প্রথমটি হল first class conditional sentence, যেটি মনে করা হয় লেখকের দিক থেকে সত্য অথবা তার সাহিত্যের উদ্দেশ্য দিক থেকে। দ্বিতীয়টি হল third class conditional sentence যার অর্থ সম্ভাবনাময় কাজ।

□ “তোমরা” pronoun এবং verbs হল বহুবচন। নীকদীম হতে পারে শিক্ষার্থী অথবা যখন তিনি যীশুর কাছে এসেছিলেন তখন তার সাথে যে ফরীশীরা ছিল, অথবা এটা হতে পারে একটি সাধারণ মন্তব্য (অর্থাৎ, দলের প্রতিনিধি হিসাবে নীকদীম) সকল অবিশ্বাসী যিহুদীদের জন্য যোহন ৩:৭ এবং ১১ পদের মত।

৩:১৩ এই পদটির উদ্দেশ্য যীশুর বিষয়ে পিতার প্রত্যাদেশের নিশ্চয়তা সত্য, সম্পূর্ণ, অভিজ্ঞতালব্ধ এবং অদ্বিতীয় হিসাবে(যোহন ১:১-১৪)। যোহনে এটি আর একটি উল্লেখ দ্বৈতবাদের উদাহরণ: স্বর্গ বনাম মর্ত্য, দৈহিক বনাম আত্মিক, নীকদীমের মূল বনাম যীশুর মূল(যোহন ১:৫১; ৬:৩৩, ৩৮, ৪১, ৪১, ৫০, ৫১, ৫৮, ৬২)। এই পদ চেষ্টা করেছে (১) ঈশ্বরত্ব; (২) পূর্ব-অস্তিত্ববাদ; এবং (৩) ত্রিভূত্বের দ্বিতীয় ব্যক্তির অনন্তকালীন দেহধারণ (ত্রিভূত্বের জন্য যোহন ১৪:২৬ পদে বিশেষ বিষয় দেখুন)।

□ “মনুষ্য পুত্র” এটি হল যীশুর আত্ম-মর্যাদা; এর কোন জাতিয়তা, সামরিকত্ব, প্রথম শতকের যিহুদী ধর্মের মশীহ বিষয়ক তাৎপর্য নেই। টার্মটি এসেছে যিহি ২:১ পদ এবং গীতা ৮:৪ পদ থেকে, যেখানে এর অর্থ “মানবিক সূচনা” এবং দানিয়েল ৭:১৩ পদ যেখানে এটি ইঙ্গিত দিচ্ছে ঈশ্বরত্বের। টার্মটি যীশুর ব্যক্তিত্ব, সম্পূর্ণ ঈশ্বর ও সম্পূর্ণ মানুষ বিষয়ক আপাত দৃষ্টিতে অসম্ভব মনে হলেও সমন্বয় করেছে (যোহন ৪:১-৩)।

৩:১৪-২১ এটা নিশ্চিত ভাবে জানা কঠিন যে কোথায় যীশুর নীকদীমের কথাবার্তা থেমেছিল এবং যীশুর বা প্রেরিত যোহনের পরবর্তী মন্তব্য শুরু করেছিল। এটা সম্ভব যে Synoptic সুসমাচার সমূহ যীশুর প্রকাশ পরিচর্যার বিবরণ লিপিবদ্ধ করেছে, আর যোহন শিষ্যদের সাথে যীশুর ব্যক্তিগত পরিচর্যা লিপিবদ্ধ করেছেন। ১৪-২১ পদের রূপরেখা নিচে যেভাবে উল্লেখ করা হয়েছে সেভাবে করা যেতে পারে।

১. ১৪-১৫ পদ যীশুর সঙ্গে সম্পর্কিত
২. ১৬-১৭ পদ পিতার সঙ্গে সম্পর্কিত
৩. ১৮-২১ পদ মানব জাতির সঙ্গে সম্পর্কিত

মনে রাখুন যে এটি যীশু বা যোহন যেই হোক না কেন মন্তব্যের সত্যে কোন প্রভাব ফেলে না!

৩:১৪ “মোশি যেমন মরু এলাকায় সেই সাপকে উচুতে তুলেছিলেন” এটি গণনা ২১:৪-৯ পদের উল্লেখ যেখানে বর্ণিত হয়েছে প্রান্তরে পরিভ্রমণ কালে ঈশ্বরের বিচারের অভিজ্ঞতা। এর কেন্দ্রীয় সত্য এই যে মানুষকে অবশ্যই ঈশ্বরের বাক্যে নির্ভরতা ও তা পালন করতে হবে, এমনকি যখন সে এটি সম্পূর্ণ ভাবে বুঝতে পারবেনা তখনও। ঈশ্বর ইস্রায়েলীয়দের একটি উপায় করে দিয়েছিলেন সাপের কামড় থেকে বাঁচবার যদি তারা কেবল বিশ্বাস করে। এই বিশ্বাস ছিল তাদের তাঁর বাক্য/প্রতিজ্ঞায় বাধ্যতা (গণনা ২১:৮)।

□ “উচুতে তুলেছিলেন” এই গ্রীক শব্দ(যোহন ৮:২৮; ১২:৩২,৩৪) প্রায়ই অনুবাদ হয়েছে “উচ্চ মর্যাদাপূর্ণ” (প্রেরিত ২:৩৩; ৫:৩১; ফিলি ২:৯) এবং আর একটি টার্ম যোহন দুটি অর্থে ব্যবহার করেছেন (দ্বৈত ব্যাখ্যা, যোহন ১:৫;৩:৩,৮)। যেমন ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যাদের সাপে কামড়াতে তারা পিতলের সাপের দিকে তাকালে মৃত্যু থেকে রক্ষা পাবে, সেরকমই, যারা ঈশ্বরের বাক্য বিশ্বাস করে (খ্রীষ্ট বিষয়ক সুসমাচার, যিনি ক্রুশে উচ্চীকৃত হয়েছিলেন) এবং যীশুর উপরে নির্ভরতা রাখে তারা রক্ষা (উদ্ধার) পাবে সাপের (শয়তান, পাপ) মন্দ কামড় থেকে(যোহন ১২:৩১-৩২)।

৩:১৫-১৮ “যে কেউ” (যোহন ৩:১৫) “যে কেউ” (যোহন ৩:১৬) “যে” (যোহন ৩:১৮) ঈশ্বরের ভালবাসা সকল মানবের জন্য একটি নিমন্ত্রণ (যিশা ৫৫:১-৩; যিহি ১৮:২৩,৩২; যোহন ১:২৯; ৩:১৬; ৬:৩৩,৫১; ২ করি ৫:১৯; ১ তীম ২:৪; ৪:১০; তীত ২:১১; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২; ৪:১৪)। পরিভ্রাণের দান সার্বজনীন, কিন্তু এর গ্রহণযোগ্যতা নয়!

৩:১৫ “বিশ্বাস করে” এটি একটি present active participle। বিশ্বাস করা হল একটি চলমান নির্ভরতা। যোহন ১:১২ পদের নোট এবং যোহন ১:৭ ও ২:২৩ পদের বিশেষ বিষয় দেখুন।

□ “তঁাতে” এটি কেবল যীশু সম্বন্ধে সত্য (ধর্মতাত্ত্বিক সত্য) উল্লেখ করে না, কিন্তু তাঁর সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের বিষয়ও। পরিভ্রাণ হল (১) বিশ্বাস করার জন্য একটি বার্তা; (২) একজন ব্যক্তি যাকে গ্রহণ ও তাঁর বাধ্য হতে হয়; এবং (৩) সেই লোকের জীবনের মত জীবন!

এখানের ব্যাকরণগত গঠন অসাধারণ। এটি en preposition এর সাথে pronoun যেটি কেবল মাত্র যোহন সুসমাচারের এখানে পাওয়া যায়; সাধারণত এটি preposition eis। এটি কেবল সম্ভব যে এটি অবশ্যই সম্পর্ক যুক্ত “অনেকে অনন্ত জীবন লাভ করেছে” (The New Testament in Basic English by Harold Greenlee)।

৩:১৫, ১৬ “অনন্ত জীবন” এই গ্রীক টার্ম (zoē) উল্লেখ করে গুণাবলী এবং পরিমাণ (যোহন ৫:২৪)। মথি ২৫:৪৬ পদে অনন্ত বিচ্ছেদের জন্য একই শব্দ ব্যবহৃত হয়েছে। যোহনে zoē (৩৩ বার ব্যবহৃত হয়েছে, বেশির ভাগ ৫ ও ৬ অধ্যায়ে) সাধারণত (verb ব্যবহৃত হয়েছে দৈহিক জীবনের জন্য, অর্থাৎ, ৪:৫০,৫১,৫৩) উল্লেখ করে পুনরুত্থান, eschatological (শেষ কালীন মতবাদ) জীবন, অথবা নূতন যুগের জীবন, ঈশ্বরের নিজের জীবন। যোহন তার সুসমাচারে “অনন্ত জীবন” এর উপরে গুরুত্ব দেবার সুসমাচার গুলির মধ্যে অদ্বিতীয়। এটাই তার সুসমাচারের সবচেয়ে বড় মূল ভাব (theme) ও লক্ষ্য(যোহন ৩:১৫; ৪:৩৬; ৫:৩৯; ৬:৫৪,৬৮; ১০:২৮; ১২:২৫; ১৭:২,৩)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৩:১৬-২১

^{১৬} কারণ ঈশ্বর জগতকে এত ভালবাসলেন যে, তাঁর একজাত পুত্রকে দান করলেন, যেন যে কেউ তাঁতে বিশ্বাস করে সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়। ^{১৭} আর ঈশ্বর জগতের বিচার করতে পুত্রকে জগতে পাঠান নি, কিন্তু জগৎ যেন তাঁর মধ্যে দিয়ে উদ্ধার পায়। ^{১৮} যে তাঁতে বিশ্বাস করে তার বিচার হয় না; যে বিশ্বাস করে না তার বিচার এর মধ্যেই হয়ে গেছে, কারণ সে ঈশ্বরের এক জাত পুত্রের নামে বিশ্বাস করে নি। ^{১৯} আর সেই বিচার এই যে, জগতে জ্যোতি এসেছেন, এবং মানুষেরা আলোর চেয়ে অন্ধকারকে বেশি ভালবাসলো, কারণ তাদের সব কাজ মন্দ ছিল। ^{২০} কারণ যে কেউ মন্দ কাজ করে সে জ্যোতি ঘৃণা করে, এবং জ্যোতির কাছে আসে না এই ভয়ে যে তার কাজগুলি প্রকাশ হয়ে পড়বে। ^{২১} কিন্তু যে সত্য অনুশীলন করে সে জ্যোতির কাছে আসে, যেন তার সব কাজ ঈশ্বরের ইচ্ছামত হয়েছে বলে প্রকাশ পায়। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১৬ “ঈশ্বর এত ভালবাসলেন” এটি একটি aorist active indicative (যেমন verb “দিয়েছে”), যেটি এখানে বলছে অতীত কালের সম্পূর্ণ করা কাজের বিষয় (ঈশ্বর যীশুকে পাঠিয়েছিলেন)। ১৬-১৭ পদ প্রাথমিক ভাবে পিতার ভালবাসা নিয়ে আলোচনা করেছে (১ যোহন ৪:৭-২১, বিশেষ করে যোহন ৩:৯-১০)। “প্রেম করলেন” এর টার্ম *agapaō*। এর ক্লাসিক্যাল গ্রীকে ততটা ব্যবহার ছিল না। প্রাথমিক মন্ডলী একে গ্রহণ করেছিল এবং নির্দিষ্ট অর্থে পূর্ণ করেছিল। সুনির্দিষ্ট প্রসঙ্গে এটি পিতা বা পুত্রের ভালবাসার সঙ্গে সম্পর্কযুক্ত, যাহোক, এটি মানবিক ভালবাসার ক্ষেত্রে নেতিবাচক ভাবে ব্যবহৃত হতো (যোহন ৩:১৯; ১২:৪৩; ১ যোহন ২:১৫)। এটি ধর্মতত্ত্বগত ভাবে পুরাতন নিয়মের *hesed* এর সাথে অজ্ঞাত, যার অর্থ ঈশ্বরীয় নিয়মের আনুগত্য এবং ভালবাসা। যোহনের সময়ে Koine গ্রীকে, *agapaō* এবং *phileoō* টার্ম মূলত অজ্ঞাত (যোহন ৩:৩৫ পদের সাথে ৫:২০ পদের তুলনা করুন)।

ব্যাক্থ্যাকারকের এটা অবশ্যই মনে রাখতে হবে সব শব্দই ঈশ্বর মানুষের (anthropomorphic) বোঝা বহন করেন বর্ণনা করতে ব্যবহৃত হয়েছে। আমাদের অবশ্যই শব্দ ব্যবহার করতে হবে যা বর্ণনা করবে আমাদের জগৎ, আমাদের অনুভূতি, আমাদের ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি চেষ্টা করবে অনন্তকালীন, পবিত্র, অদ্বিতীয়, আত্মিক সত্তা (ঈশ্বর) কে বর্ণনা করতে। সকল মানবিক শব্দভাষার কোন কোন ক্ষেত্রে একই রকম বা প্রতীকি। যা প্রকাশিত হয়েছে তা সত্য, কিন্তু চূড়ান্ত নয়। পতিত, জাগতিক, সীমাবদ্ধ মানব চূড়ান্ত বাস্তবতাকে হৃদয়ঙ্গম করতে পারে না।

বিশেষ বিষয়: ঈশ্বর মানব হিসাবে বর্ণিত(ANTHROPOMORPHISM) (SPECIAL TOPIC: GOD DESCRIBED AS HUMAN (ANTHROPOMORPHISM))

□ “এত” এটি আক্ষরিক ভাবে “এই রকম ভাবে”(অর্থাৎ, যোহন ৭:৪৬; ১১:৪৮; ১৮:২২)। এটি প্রকাশের পদ্ধতি, আবেগ নয়! ঈশ্বর তাঁর ভালবাসা প্রদর্শন করেছেন (রোমীয় ৫:৮) মানবের পক্ষে মৃত্যুবরণ করতে (যিশা ৫৩; রোমীয় ৩:২৫; ২ করি ৫:২১; ১ যোহন ২:২) তাঁর পুত্রকে দান করেছেন (যোহন ৩:১৬) এবং পাঠিয়েছেন (যোহন ৩:১৭, উভয়ই aorist active indicatives)।

□ “জগৎ” যোহন গ্রীক টার্ম *kosmos* ব্যবহার করেছেন কয়েকটি অর্থে (যোহন ১:১০ পদের নোট এবং ১৪:১৭ পদের বিশেষ বিষয় দেখুন)।

এই পদ আত্ম (ঈশ্বর) ও বস্তুর মধ্যকার জ্ঞানবাদের দ্বৈততত্ত্ব খণ্ডন করেছে। গ্রীকদের প্রবণতা বস্তুকে মন্দ বৈশিষ্ট্যকরণের। তাদের কাছে বস্তু (অর্থাৎ, মানবিক দেহ) সকল মানুষের মধ্যে ঐশ্বরীয় স্কুলিপের কারণার ছিল। যোহন বস্তু বা মাংসের মন্দতা মনে করতেন না। ঈশ্বর জগৎকে (গ্রহ, রোমীয় ৮:১৮-২২) ভালবেসেছেন এবং মানবিক সত্তাকে (মাংস, রোমীয় ৮:২৩)। এটি হতে পারে আর একটি ইচ্ছাকৃত দ্ব্যর্থব্যাঞ্জক (ডাবল ব্যাক্থ্যা) শব্দ যেটি যোহনের সুসমাচারে খুব সাধারণ ছিল (যোহন ১:৫; ৩:৩,৮)।

□ “এক জাত পুত্র” এর অর্থ “অদ্বিতীয়, একই রকম একটি।” এটি অবশ্যই বোঝা উচিত নয় “এক জাত” হিসাবে যেমন (১) যৌনতার অর্থে বা (২) আর কোন সন্তান নেই এমন অর্থে। এটি যীশুর মত আর কোন সন্তান নেই অর্থে। যোহন ১:১৪ পদে fuller নোট দেখুন।

□ “যে কেউ তাঁতে বিশ্বাস করে” এটি একটি present active participle, যেটি গুরুত্ব দেয় প্রারম্ভিক ও অবিরত বিশ্বাসের উপরে। যোহন ১:১৪ পদ এবং ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন। এই মতামত যোহন ৩:১৫ পদে পুনরাবৃত্তি করা হয়েছে গুরুত্ব দেবার জন্য। “যে কেহ” এর জন্য ঈশ্বরকে ধন্যবাদ! এটি অবশ্যই বিশেষ দলের যে কোন অতিরিক্ত গুরুত্বদানে সমতা (জাতিগত, মেধাগত বা ধর্মতত্ত্বগত)। এটি আসলে “ঈশ্বরের সার্বভৌমত্ব” এবং “মানবের স্বাধীন ইচ্ছা” নয় যে তা সমভাবে স্বতন্ত্র; উভয়ই সত্য! ঈশ্বর সব সময় সাড়া দানের সূচনা করেন এবং কর্মসূচী নির্ধারণ করেন (যোহন ৬:৪৪,৬৫), কিন্তু তিনি নিয়মের দ্বারা মানবের সাথে তাঁর সম্পর্কের কাঠামো স্থির করেছেন। তাদের অবশ্যই সাড়া প্রদান করতে হবে এবং অবিরত তাঁর দান এবং শর্তে সাড়া প্রদান করে যেতে হবে!

বিশেষ বিষয়: নির্বাচন/পূর্ব নির্দিষ্ট ভাগ্য এবং ধর্মতাত্ত্বিক সমতার প্রয়োজন (SPECIAL TOPIC: ELECTION/PREDESTINATION AND THE NEED FOR A THEOLOGICAL BALANCE)

□ “বিনষ্ট না হয়” এটি ইঙ্গিত দিচ্ছে যে অনেকে বিনষ্ট হবে (aorist middle subjunctive)। তাদের বিনষ্ট (*amollumi*, aorist middle

subjunctive) হওয়া যীশুর প্রতি তাদের সাড়া প্রদানের অনীহার সাথে সরাসরি সম্পর্কযুক্ত (যোহন ১১:২৫)। ঈশ্বর তাদের অবিশ্বাসের সরাসরি বা ইচ্ছার কারণ নয় (যিহি ১৮:২৩,৩২; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)।

অনেকেই এই টার্মকে আক্ষরিক ভাবে নিতে চেষ্টা করেছে এবং সেজন্য দুষ্টিদের সম্পূর্ণ ধংস সাধনের কথা বলেছে। এটি দানিয়েল ১২:২ এবং মথি ২৫:৪৬ পদের সাথে দ্বন্দ্বের সৃষ্টি করে। এটি এটি ভাল উদাহরণ যে খাঁটি বিশ্বাসীরা বাধ্য করছে Eastern highly figurative literature কে Western interpretive format করতে (আক্ষরিক এবং যুক্তিগত)। এই টার্মের ভাল আলোচনার জন্য Robert B. Girdlestone's *Synonyms of the Old Testament*, pp. 275-277 দেখুন। বিশেষ বিষয় দেখুন: যোহন ১০:১০ পদের ধংস সাধন (*apolummi*)।

আবার, লক্ষ্য করুন যে যোহন কিভাবে চিন্তা করেছেন এবং লিখেছেন দ্বৈতবোধক ভাগ অনুসারে (অর্থাৎ, বিনষ্ট বনাম আন্ত জীবন)। যীশুর শিক্ষার শব্দ ভাষার এবং ধর্মতাত্ত্বিক কাঠামো Synoptic সুসমাচার থেকে যোহনের সুসমাচারে খুবই আলাদা। যে কেউ অবাধ হতে পারে যে কতটা স্বাধীনতা (ঐশ্বরিক পরিচালনার অধীনে, অর্থাৎ, অনুপ্রেরণা) ভোগ করেছেন সুসমাচার লেখকেরা তাদের নির্বাচিত শ্রোতাদের কাছে যীশুর সুসমাচার উপস্থাপনার প্রস্তুতিতে। Gordon Fee and Douglas Stuart, *How To Read The Bible For All Its Worth*, pp. 127-148 দেখুন।

৩:১৭ “জগতের বিচার করতে” যোহনে বেশ কয়েকটি প্যাসেজ রয়েছে যেখানে জোর দিয়ে বলেছে যে যীশু এসেছেন উদ্ধারকর্তা হিসাবে, বিচারক হিসাবে নয় (যোহন ৩:১৭-২১; ৮:১৫; ১২:৪৭)। যাহোক, যোহনে আবার আরও কয়েকটি প্যাসেজ রয়েছে যেখানে জোর দিয়ে বলেছে যে যীশু বিচার করতে এসেছেন, তিনি বিচার করবেন (যোহন ৫:২২-২৩, ২৭; ৯:৩৯; এরকমই নূতন নিয়মের অন্য অংশে, খ্রিষ্টিত ১০:৪২; ১৭:৩১; ২ তীম ৪:১; ১ পিতর ৪:৫)।

কয়েকটি ধর্মতাত্ত্বিক মন্তব্য উল্লেখিত হল।

১. ঈশ্বর যীশুকে বিচার করার ভার দিয়েছেন যেভাবে তিনি সৃষ্টি ও পরিত্রাণ মর্যাদার চিহ্ন হিসাবে দিয়েছেন (যোহন ৫:২৩)
২. যীশু প্রথমবার বিচার করতে আসেন নাই, কিন্তু রক্ষা করতে (যোহন ৩:১৭), কিন্তু সত্য হল যে লোকেরা তাঁকে প্রত্যাখ্যান করেছে, তারা নিজেরাই নিজেদের বিচার করেছে
৩. যীশু আবার ফিরে আসবেন রাজাদের রাজা এবং বিচারক হিসাবে (যোহন ৯:৩৯)

৩:১৮ এই পদ পুনরাবৃত্তি করেছে খ্রীষ্টে বিনামূল্যে পরিত্রাণ বনাম আত্ম আরোপিত বিচার এর মূল ভাব (theme)। ঈশ্বর লোকদের নরকে পাঠান না। তারা নিজেরাই নিজেদের পাঠায়। বিশ্বাসের অবিরত ফলাফল রয়েছে (“বিশ্বাস করা,” present active participle) এবং সেরকমই অবিশ্বাসের (বিচারিত হয়েছে,” perfect passive indicative এবং “বিশ্বাস করে নাই,” perfect active indicative)। যোহন ২:২৩ এবং ৯:৭ পদের বিশেষ বিষয় দেখুন।

৩:১৯-২১ “মানুষেরা আলোর চেয়ে অন্ধকারকে বেশি ভালবাসলো” অনেক লোক যারা সুসমাচার শুনেছে তারা একে প্রত্যাখ্যান করেছে, মেধাগত বা সাংস্কৃতিক কারণে নয়, কিন্তু প্রাথমিক ভাবে নৈতিক কারণে (ইয়োব ২৪:১৩)। জ্যোতি উল্লেখ করেছে খ্রীষ্ট (যোহন ১:৯; ৮:১২; ৯:৫; ১২:৪৬) এবং তাঁর বার্তা ঈশ্বরের ভালবাসা, মানুষের প্রয়োজন, খ্রীষ্টের বন্দোবস্ত, এবং আবশ্যকীয় সাড়া প্রদান। এটি হল যোহন ১:১-১৮ পদের বারবার ঘুরে আসা নমুনা।

৩:১৯ “সেই বিচার এই” বিচার, পরিত্রাণের মত, উভয়ই বর্তমান বাস্তবতা (যোহন ৩:১৯; ৯:৩৯) এবং ভবিষ্যতে সুসম্পূর্ণ (যোহন ৫:২৭-২৯; ১২:৩১, ৪৮)। বিশ্বাসীদের জীবন যাপন এখন (eschatology উপলব্ধি) এবং তথাপি এখনও হয়নি (eschatology সুসম্পূর্ণ)। খ্রীষ্টিয় জীবন হল আনন্দের এবং ভয়ংকর সংগ্রামের, ধারাবাহিক পরাজয়ের পরে এটি একটি বিজয়; সহিষ্ণুতা সম্বন্ধে ধারাবাহিক সতর্কবাণী তথাপি নিশ্চয়তা!

৩:২১ “সত্য অনুশীলন” যেহেতু “জ্যোতি” (যোহন ৩:১৯, ২০[দু’বার], ২১) হল যীশুর বিষয়ে সুস্পষ্ট উল্লেখ, এটি সম্ভব যে “সত্য” অবশ্যই capitalized হবে। Robert Hanna in *A Grammatical Aid to the Greek New Testament* উদ্ধৃত করেছেন N. Turner in his *Grammatical Insights into the New Testament*, যিনি একে অনুবাদ করেছেন “একজন ব্যক্তি যিনি সত্যের শিষ্য” হিসাবে (পৃ..১৪৪)।

ধর্মতত্ত্বগত ভাবে এই পদ মথি ৭ অধ্যায়ের মত একই সত্য প্রকাশ করে। অনন্ত জীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে। একজন ব্যক্তি কখনও সত্যিকার ভাবে খ্রীষ্টে ঈশ্বরের সম্মুখাসম্মুখী হতে, পবিত্র আত্মায় পূর্ণ হতে এবং একই রকম থাকতে পারে না। বীজ বাপকের দৃষ্টান্ত ফল ধারণের দিকে দৃষ্টি দিয়েছে, অন্ধুরোদগমের দিকে নয় (মথি ১৩; মার্ক ৪; লূক ৮। আরও দেখুন যোহন ১৫:১-১১ পদের আলোচনার নোট)। কাজ পরিত্রাণ অর্জন করতে পারে না, কিন্তু সেগুলি এর প্রমাণ(ইফি ২:৮-৯,১০)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. “নূতন জন্ম” এই শব্দগুচ্ছের অর্থ কি?

২. ৫ পদে “জল” কি উল্লেখ করেছে বলে আপনি কি চিন্তা করেন এবং কেন?
৩. “বিশ্বাস করা” (উদ্ধারকারী বিশ্বাস) এর মধ্যে কি অন্তর্ভুক্ত?
৪. যোহন ৩:১৬ পদের অংশটি কি যীশুর সকল মানব জাতির জন্য ভালবাসা না পিতার?
৫. কিভাবে Calvinism যোহন ৩:১৬ পদের সঙ্গে সম্পর্কযুক্ত?
৬. “বিনষ্ট” অর্থ কি সম্পূর্ণ ধ্বংস?
৭. “জ্যোতি” ব্যাখ্যা করুন?

২২-৩৬দের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. যোহন যীশুর সম্পূর্ণ ঈশ্বরত্বের উপরে গুরুত্ব দিয়েছেন যেটি তিনি তার সুসমাচারের একেবারে শুরু থেকে সমগ্র সুসমাচারে কথোপকথন ও ব্যক্তিগত সাক্ষাতের মধ্যে দিয়ে বলেছেন। এই অধ্যায়টিও সেই একই নিয়ম অনুসারে অগ্রসর হয়েছে।
- খ. যোহন, প্রথম শতকের শেষ দিকে তার সুসমাচার লিখেছেন, কিছু প্রশ্ন নিয়ে আলোচনা করেছেন যেগুলি Synoptic সুসমাচার লেখবার পর থেকে উদ্ভূত হয়েছিল। তাদের মধ্যে একজন যার সঙ্গে বড় অনুসারি দল ছিল সে করেছিল এবং দৃশ্যত প্রাথমিক ধর্ম বিরুদ্ধতা বাপ্তিস্ম দাতা যোহনের সঙ্গে সম্পর্কযুক্ত ছিল (প্রেরিত ১৮:২৪-১৯:৭)। এটা তাৎপর্যপূর্ণ যে যোহন ১:৬-৮, ১৯-৩৬ এবং ৩:২২ পদে বাপ্তিস্ম দাতা যোহন জোর দিয়ে বলেছেন যে তার নাসরতিয় যীশুর সঙ্গে দুর্বল সম্পর্ক ছিল এবং বলতে চেষ্টা করেছেন যীশুর মশীহ বিষয়ক ভূমিকা।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৩:২২-২৪

^{২২} এর পরে যীশু ও তাঁর শিষ্যরা যিহূদীয়ায় আসলেন, আর তিনি সেখানে তাদের সাথে থাকলেন এবং বাপ্তিস্ম দিতে লাগলেন। ^{২৩} যোহনও শালীমের কাছে ঐনোনে বাপ্তিস্ম দিচ্ছিলেন, কারণ সেখানে অনেক জল ছিল; আর লোকেরা এসে বাপ্তিস্ম গ্রহণ করছিল—^{২৪} কারণ তখনও যোহনকে কারাগারে বন্দি করা হয় নি। (অনুবাদকৃত টেক্সট)।

৩:২২ “যিহূদীয়ায় আসলেন” যিহূদীয়া ও গালীলের এই প্রাথমিক পরিচর্যার বিষয় Synoptic সুসমাচারে আলোচিত হয় নাই। সুসমাচারগুলি খ্রীষ্টের জীবনের কালনুক্রম অনুসারে নয়। Gordon Fee and Douglas Stuart, *How to Read the Bible For All Its Worth*, pp. 127-148 দেখুন।

□ “তিনি সেখানে তাদের সাথে থাকলেন” যীশু লোকদের কাছে প্রচার করতেন কিন্তু তাঁর শিষ্যদের সঙ্গে ব্যাপক আলোচনা করতেন। তিনি নিজেকে তাদের জন্য ঢেলে দিয়েছিলেন। এই পদ্ধতিগত বিষয় দুটি চমৎকার বইয়ের লক্ষ্য, Robert E. Coleman, *The Master Plan of Evangelism* এবং *The Master Plan of Discipleship*, দুটি বই-ই যীশুর ব্যক্তিগত ভাবে ছোট দলের সাথে অন্তরঙ্গতার বিষয়ে জোর দিয়েছে!

□ “এবং বাপ্তিস্ম দিতে লাগলেন” আমরা ৪:২ পদ থেকে জেনেছি যে যীশু নিজে বাপ্তিস্ম দিতেন না, কিন্তু তাঁর শিষ্যরা দিতেন। যীশুর বার্তা বাপ্তিস্ম দাতা যোহনের বার্তা মূলত একই রকম ছিল। এটা ছিল পুরাতন নিয়মের মন পরিবর্তন ও প্রস্তুতির বার্তা। এখানে যে বাপ্তিস্মের কথা উল্লেখ করা হয়েছে তা খ্রীষ্টিয় বাপ্তিস্ম ছিল না কিন্তু এই বাপ্তিস্ম মন পরিবর্তন ও আত্মিক গ্রহণে প্রতীক ছিল।

৩:২৩ “যোহনও শালীমের কাছে ঐনোনে বাপ্তিস্ম দিচ্ছিলেন” এই স্থানটি অজ্ঞাত।

১. কেউ কেউ বিশ্বাস করেন এটা ছিল transJordan অঞ্চলের পেরেয়াতে
২. কেউ কেউ বিশ্বাস করেন এটা ছিল উত্তরপূর্ব শমরিয়াকে
৩. কেউ কেউ বিশ্বাস করেন এটা ছিল শিখিম নগরির তিন মাইল পূর্বে

কারণ মনে হয় “aenon” এর অর্থ “ছোট নদী,” #৩ উপযুক্ত ভাবে খাপ খায়। প্রকৃত স্থানটি যেখানেই হোক না কেন, যীশু যিহূদীয়াতে পরিচর্যা করছিলেন এবং যোহন তাঁর কাছ থেকে উত্তর দিকে অল্প দূরে কোথায়ও করছিলেন।

৩:২৪ “কারণ তখনও যোহনকে কারাগারে বন্দি করা হয় নি” এটা নিশ্চিত নয় যে কেন এই কালনুক্রমের বিষয় এখানে যোগ করা হয়েছে। কেউ কেউ বলেন এটি একটি প্রচেষ্টা যোহনের কালানুক্রমের সাথে Synoptics সুসমাচারের সমন্বয় সাধনের(মথি ১৪:১-১২; মার্ক ৬:১৪-২৯)। এটি যীশুর জীবনের তারিখে নির্ণয়ের বিষয়ে একটি উপায় হিসাবে কার্যকর।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৩:২৫-৩০

^{২৫} সেই সময় ধর্মের নিয়ম মত শুচি হওয়ার বিষয়ে একজন যিহূদীর সঙ্গে যোহনের শিষ্যদের আলোচনা হল। ^{২৬} আর তারা যোহনের কাছে এসে তাকে বললেন, “রবি, যিনি যর্দনের ওপারে আপনার সঙ্গে ছিলেন, যাঁর বিষয়ে আপনি সাক্ষ্য দিয়েছিলেন, দেখুন, তিনি বাপ্তিস্ম দিচ্ছেন আর সবাই তাঁর কাছে যাচ্ছে।” ^{২৭} যোহন উত্তর করে বললেন, “স্বর্গ থেকে দেওয়া না হলে মানুষের পক্ষে কোন কিছুই পাওয়া সম্ভব নয়। ^{২৮} তোমরা নিজেরাই আমার

সাক্ষী যে আমি বলেছি, ‘আমি সেই খ্রীষ্ট নই,’ কিন্তু, ‘আমাকে তাঁর আগে পাঠান হয়েছে।’^{২৩} “যে লোক কন্যাকে পেয়েছে সে-ই বর; কিন্তু বরের বন্ধু, যে দাঁড়িয়ে তাঁর কথা শোনে, সে বরের আওয়াজে খুব আনন্দিত হয়। ঠিক সেভাবে আমার আনন্দও আজ পূর্ণ হল।^{২৪} “তাকে বেড়ে উঠতে হবে, কিন্তু আমাকে সরে যেতে হবে। (অনুবাদকৃত টেক্সট)।

৩:২৫ “তখন একজন যিহূদীর সহিত ঞ্চিকরণ বিষয়ে যোহনের শিষ্যদের আলোচনা হইল” “আলোচনা” (NASB, NRSV, NJB) হল একটি দৃঢ় টার্ম “বাদানুবাদ” বা “বিতর্ক।” কোন কোন গ্রীক পাণ্ডুলিপিতে রয়েছে বহুবচন “যিহূদীরা।” প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি সমভাবে বিভক্ত। কারণ একবচন খুব বেশি অস্বভাবিক(অর্থাৎ, MSS P25, ৪ 2 , A, B, L, W), এটাই সম্ভবত আসল। UBS⁴ একে “B” রেটিং (প্রায় নিশ্চিত) দিয়েছে। প্রাচীন অনুলিপি কারকদের প্রবণতা ছিল লেখনীকে সুসামঞ্জস্যপূর্ণ ও মসৃণ করা। এটি আরও উল্লেখ করা মজার যে যোহনের শিষ্যরা সম্ভবত এই বিতর্ক প্ররোচিত করেছিল।

NASB, NKJV,
NRSV, NJB “শুচি হওয়ার বিষয়ে”
TEV “আনুষ্ঠানিক ধৌত হওয়ার বিষয়ে”

বেশ কিছু তত্ত্ব রয়েছে যা এই তর্ক-বিতর্কের দিকে দৃষ্টি দিয়েছে(NKJV)।

১. এটা সম্ভব যে যোহনের অনুসারীরা আলোচনা করছিলেন যোহন ও যীশুর বাপ্তিষ্মের মধ্যকার সম্পর্কের বিষয়ে যেহেতু তারা যিহূদী ধোতকরণ ঐতিহ্যের সঙ্গে সম্পর্ক যুক্ত ছিলেন; যোহন ২:৬ পদে এই একই টার্ম ব্যবহৃত হয়েছে।
২. কেউ কেউ বিশ্বাস করেন যে এটি তাৎক্ষণিক প্রসঙ্গে সম্পর্কিত যেখানে যীশু শিক্ষা দিয়েছিলেন যা তাঁর জীবন এবং পরিচর্যা সম্পূর্ণরূপে যিহূদী ধর্মকে পরিপূর্ণ করেছিল।
 - ক. যোহন ২:১-১২, কান্না নগরে বিয়ের ভোজ
 - খ. যোহন ২:১৩-২২, মনির পরিক্ষারকরণ
 - গ. যোহন ৩:১-২১, নীকদীম, যিহূদীদের একজন অধ্যক্ষের সাথে কথোপকথন
 - ঘ. যোহন ৩:২২-৩৬, যিহূদীদের ধৌতকরণ এবং বাপ্তিষ্ম দাতা যোহন এবং যীশুর বাপ্তিষ্ম।

এটা সত্য যে প্রসঙ্গ এই নির্দিষ্ট আলোচনায় বিশেষ মুহূর্তগুলি বিশদ ভাবে প্রসারিত হয় না সত্য হল যে এটা বাপ্তিষ্ম দাতা যোহনকে আর একটি সুযোগ দান করে নাসরতিয় যীশুর সর্বোচ্চ কর্তৃত্ব সম্পর্কে সাক্ষ্য বহনের।

৩:২৬ “যাঁর বিষয়ে আপনি সাক্ষ্য দিয়েছিলেন, দেখুন, তিনি বাপ্তিষ্ম দিচ্ছেন আর সবাই তাঁর কাছে যাচ্ছে” শিষ্যরা স্মরণ করেছেন ঈশ্বরের মেস শাবকের বিষয়ে যোহনের আগের সাক্ষ্য (যোহন ১:১৯-৩৬), এবং তারা আপাতদৃষ্টিতে সামান্য ঈর্ষান্বিত যীশুর সাফল্যের অতিশয়োক্তির (hyperbole) বিষয়ে। যীশু নিজেও স্পর্শকাতর ছিলেন যে কোন ধরণের প্রতিযোগিতার আত্মায়(যোহন ৪:১)।

৩:২৭ “স্বর্গ থেকে দেওয়া না হলে মানুষের পক্ষে কোন কিছুই পাওয়া সম্ভব নয়” এটা খুব সরাসরি স্বীকৃতি যে আত্মিক বিষয়ে কোন প্রতিযোগিতা নেই। বিশ্বাসীদের যা কিছু আছে তা ঈশ্বরের অনুগ্রহে তাদের দেওয়া হয়েছে। যাহোক, “ইহা” এবং “তাহাকে” অর্থ কি হতে পারে সে বিষয়ে অনেক আলোচনা রয়েছে।

১. কেউ কেউ বলেন, “তাহাকে” উল্লেখ করে বিশ্বাসীদের এবং “ইহা” উল্লেখ করে খ্রীষ্টের কাছে পরিব্রাণের জন্য কারও আসা(ঈশ্বর সূচনা করেন, মানুষ কেবলমাত্র সাড়া দিতে পারে, যোহন ৬:৪৪,৬৫)
২. অন্যরা বিশ্বাস করেন “তাহাকে” উল্লেখ করে যীশুকে এবং “ইহা” উল্লেখ করে বিশ্বাসীদের (যোহন ৬:৩৯; ১০:২৯; ১৭:২,৯,১১,২৪)

এই দুটি দৃষ্টিভঙ্গির মধ্যকার পার্থক্য হতে পারে যে টার্ম “দেওয়া হয়েছে” উল্লেখ করে হয় প্রতিটি বিশ্বাসীর পরিব্রাণ না হয় সকল বিশ্বাসীরা যীশুর কাছে ঈশ্বরের একটি দান (যোহন ১৭:২)।

৩:২৮ “আমি সেই খ্রীষ্ট নই” বাপ্তিষ্ম দাতা যোহন বিশেষ ভাবে নিশ্চিত করেছেন, যেমন তিনি করেছিলেন ১:২০ পদে, যে তিনি মশীহ নন, কিন্তু তাঁর অগ্র প্রেরিত হয়েছেন। এটি মালাখী ৩:১; ৪:৫-৬ পদের সাথে সমন্বিত যিশা ৪০ অধ্যায়ের (যোহন ১:২৩) ভাববাণীমূলক প্যাসেজের একটি সুস্পষ্ট ইঙ্গিত। যোহন ১:২০ পদে “মশীহ” বিষয়ক নোট এবং ৪:২৫ পদে বিশেষ বিষয় দেখুন।

৩:২৯ “যে লোক কন্যাকে পেয়েছে সে-ই বর” এটি মনোযোগ আকর্ষণকারী যে অনেক পুরাতন নিয়মের পরোক্ষ উল্লেখ এই বিবাহ বিষয়ক রূপক যেখানে বর্ণিত হয়েছে ঈশ্বর এবং ইস্রায়েলের মধ্যকার সম্পর্ক(যিশা ৫৪:৫; ৬২:৪,৫; যির ২:২; ৩:২০; যিহি ১৬:৮; ২৩:৪; হোশেয় ২:২১)। পৌলও এটি ব্যবহার করেছেন ইফিষীয় ৫:২২ পদ থেকে কয়েকটি পদে। খ্রীষ্টিয় বিবাহ নিয়মের সম্পর্কের সবচেয়ে আধুনিক উদাহরণ হতে পারে।

□ “ঠিক সেভাবে আমার আনন্দও আজ পূর্ণ হল” noun “আনন্দ” এবং verb “উল্লাস” এই পদে তিনবার ব্যবহৃত হয়েছে। প্রতিযোগিতামূলক আত্ম লাভের পরিবর্তে, বাপ্তিষ্মদাতা যোহন সুস্পষ্টভাবে তার স্থান বুঝতে পেরেছেন এবং যীশুতে উল্লাস করেছেন।

৩:৩০ “তাকে বেড়ে উঠতে হবে, কিন্তু আমাকে সরে যেতে হবে” টার্ম “অবশ্যই”(dei) এখানে তাৎপর্যপূর্ণ। এটি এর মধ্যেই ব্যবহৃত হয়েছে যোহন ৩:১৪ এবং ৪:৪ পদে। এটি যোহনের নিজেই চিনতে পারার দৃঢ় নিশ্চয়তা যে যীশুর মহান ও আরও বেশি তাৎপর্যপূর্ণ পরিচর্যার তিনি কেবলমাত্র একজন অগ্রবর্তী দূত।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৩:৩১-৩৬

৩১ “যিনি উপর থেকে আসেন তিনি সকলের উপরে, যে পৃথিবী থেকে আসে সে পৃথিবীর এবং পৃথিবীরই কথা বলে। যিনি স্বর্গ থেকে আসেন তিনি সকলের উপরে।” ৩২ “তিনি যা দেখেছেন আর শুনেছেন, তারই সাক্ষ্য দেন; আর কেউ-ই তাঁর সাক্ষ্য গ্রাহ্য করে না।” ৩৩ “যে তাঁর সাক্ষ্য গ্রাহ্য করেছে সে তাতে তার এই মুদ্রাঙ্ক দিয়েছে, যে ঈশ্বর সত্যময়।” ৩৪ “কারণ ঈশ্বর যাকে পাঠিয়েছেন তিনি ঈশ্বরের কথা বলেন; কারণ তিনি আত্মাকে মেপে দেন না।” ৩৫ “পিতা পুত্রকে ভালবাসেন এবং সব কিছু তাঁর হাতেই দিয়েছেন।” ৩৬ “যে কেউ পুত্রের উপরে বিশ্বাস করে সে অনন্ত জীবন পেয়েছে; কিন্তু যে কেউ পুত্রকে অমান্য করে সে জীবন দেখতে পাবে না, বরং ঈশ্বরের ক্রোধ তার উপরে থাকবে।” (অনুবাদকৃত টেক্সট)।

৩:৩১-৩৬ এই পদগুলির বিষয়ে ব্যাখ্যাকারকদের মধ্যে অনেক আলোচনা রয়েছে যে এই পদগুলি হল

১. বাস্তবদাতা যোহনের চলমান মৌখিক নিশ্চয়তা
২. যীশুর কথা (যোহন ৩:১১-১২)
৩. প্রেরিত যোহনের

এই পদগুলি যোহন ৩:১৬-২১ পদের মূল ভাবে(themes) ফিরিয়ে নেয়।

৩:৩১ “যিনি উপর থেকে আসেন” এটি তাৎপর্যপূর্ণ যে মশীহের জন্য ব্যবহৃত দুটি উপাধি গুরুত্ব দিচ্ছে তাঁর পূর্ব অস্তিত্ব এবং পরিপূর্ণ ঈশ্বরত্ব (যোহন ৩:৩১ পদে পরোক্ষ ভাবে), এবং তাঁর দেহধারণ এবং ঈশ্বর দত্ত কাজ (যোহন ৩:৩৪ পদে পরোক্ষ ভাবে)। “উপর হইতে” টার্মটি একই টার্ম যেটি ব্যবহৃত হয়েছে যোহন ৩:৩ পদে “নূতন জন্ম” বা “উর্দ্ধ হইতে জন্ম” শব্দগুচ্ছে।

এই উপর এবং নিচের দ্বৈতবাদ, ঈশ্বরের রাজ্য এবং মানবের জাগতিক রাজ্য, যোহনের বৈশিষ্ট্য। এটি মরু সাগরের পুঁথির eschatological (শেষ কালীন মতবাদ) দ্বৈতবাদের থেকে ভিন্ন। এটি জ্ঞানবাদের আত্মা ও বস্তুর দ্বৈতবাদের চেয়েও ভিন্ন। যোহনে সৃষ্টি নিজে এবং মানবিক দেহ ও তারা মন্দ বা পাপপূর্ণ নয়।

□ “সকলের উপরে...সকলের উপরে” এই পদের প্রথম অংশ পরোক্ষভাবে উল্লেখ করছে যীশুর ঈশ্বরত্ব এবং পূর্ব অস্তিত্ব, তিনি স্বর্গ থেকে এসেছেন (যোহন ১:১-১৮; ৩:১১-১২)। পদের দ্বিতীয় অংশ নিশ্চিত করছে যে তিনি ঈশ্বরের সৃষ্টি উপরে। এটি গ্রীক টেক্সট থেকে অনিশ্চিত যে “প্রধান” পুথলিঙ্গ বা ক্লিবলিংগ কি না, উল্লেখ করছে সকল মানব জাতিকে বা সকল জিনিসকে। দ্বিতীয় “সর্বপ্রধান” কোন কোন গ্রীক টেক্সটে পাওয়া যায় না। UBS⁴ এর অন্তর্ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে না, কিন্তু লেখনীগত সমালোচনা আগেই ধরে নেওয়া (পরিশিষ্ট দুই দেখুন) এর অন্তর্ভুক্তি সমর্থন করে।

NASB “যে পৃথিবী থেকে সে পৃথিবীর এবং পৃথিবীরই কথা বলে”

NKJV “যে পৃথিবী থেকে সে জাগতিক এবং পৃথিবীরই কথা বলে”

NRSV “যে পৃথিবী থেকে সে পৃথিবীরই এবং পৃথিবীর জিনিসের কথা বলে”

TEV “যে পৃথিবী থেকে সে পৃথিবীরই এবং পৃথিবীর জিনিসের কথা বলে”

NJB “যে পৃথিবী থেকে আসে সে পৃথিবীর এবং পৃথিবীর মত কথা বলে”

যোহনের এটি কোন নেতিবাচক মন্তব্য নয়। পৃথিবীর জন্য এখানে টার্ম (*gē*, যোহন ১২:৩২; ১৭:৪; ১ যোহন ৫:৮, কিন্তু ৭৬ বার প্রকাশিত বাক্যে) “জগত”(kosmos) টার্মের মত একই রকম নয়, যেটি প্রায়ই নেতিবাচক অর্থে যোহন ব্যবহার করেছেন। এটি খুব সহজ সরল একটি নিশ্চয়তা যে যীশু সেই বিষয়ে কথা বলেছেন যেটি তিনি জানতেন, স্বর্গ, অন্যদিকে মানুষ সেই সব বিষয়ে কথা বলে যেটি তারা জানে, জগত। সেজন্য, যীশুর সাক্ষ্য অনেক মহান যে কোন জাগতিক ভাববাদী বা প্রচারকের চেয়ে (ইব্রীয় ১:১-৪)।

৩:৩২ “তিনি যা দেখেছেন আর শুনেছেন, তারই সাক্ষ্য দেন” এই পদে verb tenses একটি কাজ রয়েছে: (১) “দেখিয়াছেন” হল perfect tense; (২) “শুনিয়াছেন” হল aorist tense; এবং (৩) “সাক্ষ্য দিতেছেন” present tense। যীশু হলেন ঈশ্বরের চূড়ান্ত প্রকাশ(১ করি ৮:৬; কল ১:১৩-২০; ইব্রীয় ১:২-৩)। তিনি বলেছেন (১) পিতা ঈশ্বরের সঙ্গে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা এবং (২) তাঁর নিজের ঈশ্বরত্ব সম্বন্ধে।

□ “আর কেউ-ই তাঁর সাক্ষ্য গ্রাহ্য করে না” এটি একটি Oriental অতিরঞ্জন কারণ যোহন ৩:২৩-২৬ পদ উল্লেখ করেছে যে অনেকেই তাঁর কাছে আসছিল। এই শব্দগুচ্ছ উল্লেখ করে সম্পূর্ণ যিহুদী ধর্ম (যোহন ৩:১১), কেবল মাত্র তাৎক্ষণিক প্রসঙ্গ নয়।

৩:৩৩ “যে কেউ” এটি দেখায় ঈশ্বরের সার্বজনীন, চূড়ান্ত ভালবাসা সকল মানুষের জন্য। ঈশ্বরের সুসমাচারে কোন বাধা সংযুক্ত নেই; মানুষকে অবশ্যই মন পরিবর্তন ও বিশ্বাস করতে হবে (মার্ক ১:১৫; প্রেরিত ২০:২১), কিন্তু এই দান সকলের জন্য উন্মুক্ত (যোহন ১:১২; ৩:১৬-১৮; ৪:৪২; ১ তীম ২:৪; তীম ২:১১; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:১; ৪:১৪)।

□ “তাঁর সাক্ষ্য গ্রাহ্য করেছে” ৩৩ পদ হল একটি aorist participle, যখন যোহন ৩:৩৬ পদ হল present participle। এটি দেখায় যে পরিব্রাণের জন্য ঈশ্বরের উপরে নির্ভর করা কেবলমাত্র প্রারম্ভিক সিদ্ধান্ত নয়, কিন্তু এটি শিষ্যত্বের জীবনেরও। গ্রহণের আবশ্যিকতার এই একই নিশ্চয়তা পূর্বে বলা হয়েছে যোহন ১:১২ এবং ৩:১৬-১৮ পদে। সাক্ষ্য গ্রহণের (যোহন ৩:৩৩) এবং এতে বিরত চলার (যোহন ৩:৩৬) মধ্যকার সূক্ষ্ম বিভাগ লক্ষ্য করুন। টার্ম “গ্রহণ

করা,” টার্ম “বিশ্বাস” এর মতই, নূতন নিয়মে দুটি অন্তর্নিহিত অর্থ রয়েছে।

১. ব্যক্তিগত ভাবে খ্রীষ্টকে গ্রহণ ও তাঁর সাথে চলা
২. সুসমাচারে অর্ন্তভূক্ত সত্য ও শিক্ষাকে গ্রহণ করা (যিহূদা, ৩, ২০)

NASB	“সে এই মুদ্রাক্ষ দিয়েছে যে, ঈশ্বর সত্যময়”
NKJV, NRSV	“নিশ্চয়তা দিয়েছে যে ঈশ্বর সত্যময়”
TEV	“এর দ্বারা নিশ্চিত করেছে যে ঈশ্বর বিশ্বস্ত”
NJB	“সত্যায়িত করেছে যে ঈশ্বর সত্যময়”

যখন বিশ্বাসীরা তাদের ব্যক্তিগত বিশ্বাস খ্রীষ্টের উপরে রাখে, তারা নিশ্চিত করে যে ঈশ্বরের বার্তা তাঁর সম্বন্ধে, জগত, মানবজাতি, এবং তাঁর পুত্র সম্পর্কে, সবই সত্য (রোমীয় ৩:৪)। এটি যোহানে বার বার বলা একটি মূল ভাব(theme) (যোহান ৩:৩৩; ৭:২৮; ৮:২৬; ১৭:৩; ১ যোহান ৫:২০)। যীশু সত্য কারণ তিনি চূড়ান্ত ভাবে এক সত্যময় ঈশ্বরকে প্রকাশ করেছেন (যোহান ৩:৭,১৪; ১৯:১১)।

verb “মুদ্রাক্ষ” (aorist active indicative) এর জন্য পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: মুদ্রাক্ষ (SPECIAL TOPIC: SEAL)

৩:৩৪ “ঈশ্বর যাকে পাঠিয়েছেন তিনি ঈশ্বরের কথা বলেন” যোহান ৩:৩৪ পদে দুটি সমান্তরাল মন্তব্য রয়েছে যেটি দেখায় যে যীশুর কর্তৃত্ব ঈশ্বরের কাছ থেকে এসেছে

১. ঈশ্বর তাঁকে পাঠিয়েছেন
২. তিনি ছিলেন আত্মার পূর্ণতা

□ “কারণ ঈশ্বর আত্মাকে মেপে দেন না” আক্ষরিক ভাবে মন্তব্যটি অবাস্তব গঠনে, কিন্তু ইংলিশ পাঠকদের জন্য ইতিবাচক গঠনে অর্থ ধরা হয়েছে। দুটি ভিন্ন উপায় রয়েছে এই আত্মার পূর্ণ বোঝার: কেউ কেউ বিশ্বাস করেন যে

১. যীশু বিশ্বাসীদের আত্মার পূর্ণতা দান করেন (যোহান ৪:১০-১৪; ৭:৩৭-৩৯)
২. আত্মার পূর্ণতা উল্লেখ করে ঈশ্বরের দান মশীহকে (যোহান ৩:৩৫)

রাফিররা এই “পরিমাণ-পূর্বক” টার্ম ব্যবহার করতেন ভাববাদীদের ঈশ্বরীয় অনুপ্রেরণা বর্ণনা করতে। রাফিররা আরও যোগ করেছিল যে কোন ভাববাদীই আত্মার সম্পূর্ণ পরিমাণ ছিল না। সেজন্য, যীশু ভাববাদীদের থেকেও সর্বোচ্চ (ইব্রীয় ১:১-২) এবং সেজন্য, তিনি ঈশ্বরের পূর্ণ প্রকাশ।

৩:৩৫ “পিতা পুত্রকে ভালবাসেন” এই নিশ্চয়তা পুনরায় বলা হয়েছে যোহান ৫:২০ এবং ১৭:২৩-২৬ পদে। বিশ্বাসীদের ঈশ্বরের সঙ্গে সম্পর্ক হল ভিত্তি মশীহের জন্য তাঁর ভালবাসার(অদ্বিতীয় পুত্র, ইব্রীয় ১:২; ৩:৫-৬; ৫:৮; ৭:২৮)। লক্ষ্য করুন এই প্রসঙ্গে অসংখ্য কারণ বর্ণিত হয়েছে যে কেন মানুষের যীশুকে মশীহ হিসাবে নির্ভর করা উচিত।

১. কারণ তিনি উপর থেকে এবং অন্যদের থেকে সর্ব প্রধান (যোহান ৩:৩১)
২. কারণ ঈশ্বর পরিত্রাণের কাজে কাঁকে পাঠিয়েছিলেন (যোহান ৩:৩৪)
৩. কারণ ঈশ্বর অবিরত তাঁকে আত্মার পূর্ণতা দান করছেন (যোহান ৩:৩৪)
৪. কারণ ঈশ্বর তাঁকে ভালবাসেন (যোহান ৩:৩৫)
৫. কারণ ঈশ্বর তাঁর হাতে সব কিছু সমর্পণ করেছেন (যোহান ৩:৩৫)

“ভালবাসা” এর জন্য কয়েকটি গ্রীক শব্দ রয়েছে যেগুলি উল্লেখ করে ভিন্ন ভিন্ন মানবিক সম্পর্ক। *Agapaō* এবং *phileō* একটি অন্যটিকে ভাষাগত অর্থে (semantic) আংশিক ঢেকে রাখে। উভয়ই পুত্রের জন্য পিতার ভালবাসা বর্ণনা করতে ব্যবহৃত হয়।

১. যোহান ৩:৩৫; ১৭:২৩,২৪,২৬ – *agapaō*
২. যোহান ৫:২০ – *phileō*

এখানে মনে হয় না যোহান ২১:১৫-১৭ পদে পিতরের সঙ্গে যীশুর কথোপকথনের প্রসঙ্গকৃত পার্থক্য হতে পারে। মনে রাখতে হবে, “প্রসঙ্গ, প্রসঙ্গ, প্রসঙ্গ,” lexicons/dictionaries নয়, শব্দ অর্থ স্থির করবে!

□ “সব কিছু তাঁর হাতে দিয়েছেন” এটি একটি perfect active indicative। এটি একজনের অন্যজনের উপরে ক্ষমতা বা কর্তৃত্বের জন্য একটি ইব্রীয় বাগধারা (অর্থাৎ, যোহান ১০:২৮; ১৩:৩; প্রেরিত ৪:২৮; ১৩:১১)। এটি একটি চূড়ান্ত কৌতুহলদীপক শব্দগুচ্ছ এবং রয়েছে অসংখ্য সমান্তরাল (যোহান ১৭:২; মথি ১১:২৭; ২৮:১৮; ইফি ১:২০-২২; কল ২:১০; ১ পিতর ৩:২২)।

৩:৩৬

NASB	“যে পুত্রে বিশ্বাস করে সে অনন্ত জীবন পেয়েছে; কিন্তু যে কেউ পুত্রকে অমান্য করে সে জীবন দেখতে পাবে না”
NKJV	“যে পুত্রে বিশ্বাস করে সে চিরস্থায়ী জীবন পেয়েছে; কিন্তু যে কেউ পুত্রকে অবিশ্বাস করে সে জীবন দেখতে পাবে না”
NRSV	“যে কেউ পুত্রে বিশ্বাস করে সে অনন্ত জীবন পেয়েছে; কিন্তু যে কেউ পুত্রকে অমান্য করে সে জীবন দেখতে পাবে না”

TEV “যে কেউ পুত্রে বিশ্বাস করে সে অনন্ত জীবন পেয়েছে; কিন্তু যে কেউ পুত্রকে অমান্য করে সে জীবন দেখতে পাবে না”

NJB “যে কেউ পুত্রে বিশ্বাস করে সে অনন্ত জীবন পেয়েছে; কিন্তু যে কেউ পুত্রকে বিশ্বাস করতে অস্বীকার করে সে কখনও জীবন দেখতে পাবে না”

এই মৌখিক কথা সকল হল present active যেটি বলছে চলমান কাজের কথা। একবারের সিদ্ধান্ত তা সে যতই খাঁটি বা আবেগগত হোক না কেন বিশ্বাস করা তার চেয়েও বেশি কিছু(মথি ১৩:২০)। এটি নিশ্চিত করে যে যীশুকে জানা ছাড়া, কেউই পিতাকে জানতে পারে না (যোহন ১২:৪৪-৫০ এবং ১ যোহন ৫:১০)। পরিত্রাণ কেবল মাত্র আসতে পারে পুত্র যীশুর সঙ্গে অবিরত সম্পর্কের মাধ্যমে (যোহন ১০:১-১৮; ১৪:৬)।

present tense কেবলমাত্র চলমান কাজের কথা বলছে না, কিন্তু পরিত্রাণের বর্তমান বাস্তবতা। এটা এমন কিছু যা বিশ্বাসীদের এখন রয়েছে, কিন্তু এটি সম্পূর্ণভাবে সুসম্পন্ন হয়নি। এটি হল “ইতিমধ্যে” বনাম “এখনও নয়” এই দুই যুগের মদ্যে দ্বৈতবাদ (বিশেষ বিষয় দেখুন: ১ যোহন ২:১৭ পদে এই যুগ এবং যে যুগ আসছে)। বিশেষ বিষয় দেখুন: Verb Tenses ব্যবহৃত হয়েছে পরিত্রাণের জন্য যোহন ৯:৭ পদে।

এটি উল্লেখ করা আরও মজার যে এই পদের “বিশ্বাস করা” এবং “মান্য করা” মধ্যকার তুলনা। সুসমাচার কেবলমাত্র এই নয় যে একজন ব্যক্তি যাকে আমরা লাভ করি ও একটি সত্য যা আমরা গ্রহণ করি, কিন্তু এটি একটি জীবন যাতে আমরা জীবন যাপন করি(লুক ৬:৪৬; ইফি ২:৮-১০)।

□ “কিন্তু ঈশ্বরের ক্রোধ তার উপরে থাকবে” যোহনের লেখায় এটি কেবলমাত্র একটি জায়গা (প্রকাশিত বাক্যে ৫ বার ছাড়া) যেখানে টার্ম “ক্রোধ”(orgē) দেখা যায়। এই ধারণাটি সাধারণ এবং সাধারণত টার্ম “বিচার” এর সাথে সম্পর্কযুক্ত। এটি present active indicative। “বিশ্বাস করা,” “মান্য করা,” এবং “ক্রোধ” সবগুলিই চলমান বর্তমান বাস্তবতা যা ভবিষ্যতে সুসম্পূর্ণ হবে। এটি একই রকমের চাপ যার অস্তিত্ব রয়েছে ঈশ্বরের রাজ্যের “ইতিমধ্যে” এবং “এখনও নয়” এর মধ্যে। ঈশ্বরের ক্রোধ বিষয়ে বাইবেল ভিত্তিক সম্পূর্ণ আলোচনার জন্য পাঠ করুন রোমীয় ১:১৮-৩:২০ পদ।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. যীশুর প্রাথমিক বার্তা কিভাবে বাপ্তিস্ম দাতা যোহনের বার্তার মত ছিল?
২. ঐ বাপ্তিস্ম কি খ্রীষ্টিয় বাপ্তিস্মের মত একই রকম?
৩. কেন বাপ্তিস্ম যোহনের কথা খুব গুরুত্ব দেওয়া হয়েছে যোহনের সুসমাচারের গুরুত্ব অধ্যয়নগুলিতে?
৪. যীশু এবং বাপ্তিস্ম দাতা মধ্যকার সম্পর্ক বোঝাতে লেখক যোহন কত সংখ্যক ও প্রকার তুলনা বর্ণনা করেছেন?
৫. যোহন ৩:৩৩ পদের টার্ম “গ্রহণ করা” যোহন ৩:৩৬ পদের টার্ম “বিশ্বাস করা” এর সঙ্গে সম্পর্কযুক্ত? কিভাবে যোহন ৩:৩৬ পদের টার্ম “অমান্য করা” এই আলোচনার সঙ্গে সম্পর্কযুক্ত?
৬. উল্লেখ করুন কারণসমূহ যে কেন নাসরতীয় যীশুকে লোকদের একমাত্র পরিত্রাণের আশা বলে নির্ভর করা উচিত? (৩১-৩৬ পদ)
৭. ব্যাখ্যা করুন কেন ৩৬ পদের টার্ম “ক্রোধ” একটি present tense verb।

যোহন ৪

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

USB ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশু এবং শমরিয় স্ত্রীলোক	একজন শমরিয় স্ত্রীলোক তার মশীহের সাথে দেখা করে	যীশু এবং শমরিয়	যীশু এবং শমরিয়	যীশু শমরিয়দের মধ্যে
৪:১-৬	৪:১-২৬	৪:১-৬	৪:১-৪ ৪:৫-৬	৪:১-১০
৪:৭-১৫		৪:৭-১৫	৪:৭-৮ ৪:৯ ৪:১০ ৪:১১-১২ ৪:১৩-১৪ ৪:১৫	৪:১১-১৪ ৪:১৫-২৪
৪:১৬-২৬		৪:১৬-২৬	৪:১৬ ৪:১৭ ৪:১৭-১৮ ৪:১৯-২০ ৪:২১-২৪ ৪:২৫	৪:২৫-২৬
৪:২৭-৩০	সাদা হয়ে যাওয়া ফসল ৪:২৭-৩৮	৪:২৭-৩০	৪:২৬ ৪:২৭ ৪:২৮-৩০	৪:২৭-৩০
৪:৩১-৩৮		৪:৩১-৩৮	৪:৩১ ৪:৩২ ৪:৩৩ ৪:৩৪-৩৮	৪:৩১-৩৮
৪:৩৯-৪২	জগতের উদ্ধারকর্তা ৪:৩৯-৪২	৪:৩৯-৪২	৪:৩৯-৪০	৪:৩৯-৪২

			8:81-82	
রাজ কর্মচারীর পুত্রকে আরোগ্যদান	গালীলে স্বাগত	যীশু এবং পরজাতিয়েরা	যীশু রাজ কর্মচারীর পুত্রকে সুস্থ্য করেন	গালীলে যীশু
8:83-85	8:83-85	8:83-85	8:83-85	8:83-85
	রাজ কর্মচারীর পুত্রের আরোগ্য লাভ			রাজ কর্মচারীর পুত্রের সুস্থ্যতা দান
8:86-58	8:86-58	8:86-58	8:86-87	8:86-53
			8:89	
			8:50-51	
			8:52-53	
			8:58	8:58

পাঠ চক্র তিন

প্যারাথ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাথ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাথ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাথ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

- ঘ. প্রথম প্যারাথ্রাফ
- ঙ. দ্বিতীয় প্যারাথ্রাফ
- চ. তৃতীয় প্যারাথ্রাফ
- ছ. ইত্যাদি।

১-৫৪ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ৩ এবং ৪ অধ্যায় উদ্দেশ্যমূলক ভাবে কাঠামোকৃত
 - ১. মিস্টার ধার্মিক (নীকদীম) বনাম মিস সমাজচ্যুত (কূপের পাশে মহিলা)
 - ২. যিরুশালেম ভিত্তিক যিহুদী ধর্ম (Orthodox) বনাম শমরিয়দের যিহুদী ধর্ম (heretical)
- খ. ব্যক্তি সম্বন্ধে সত্য এবং যীশুর কাজ আরও উন্নত হয়েছে
 - ১. কূপের পাশে মহিলার সঙ্গে কথোপকথনে (যোহন ৪:১-২৬);
 - ২. তাঁর শিষ্যদের সঙ্গে কথোপকথনে (যোহন ৪:২৭-৩৮);
 - ৩. গ্রামবাসীদের সাক্ষ্যদানে (যোহন ৪:৩৯-৪২);
 - ৪. গালীলীয়দের সাদরে গ্রহণের দ্বারা (যোহন ৪:৪৩-৪৫);
 - ৫. অসুস্থ্যদের উপরে যীশুর ক্ষমতার চিহ্ন/অলৌকিক কাজ, যোহন ৪:৪৬-৫৪।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৪:১-৬

^১ সেজন্য প্রভু যখন জানলেন যে ফরীশীরা শুনেছে যীশু যোহনের চেয়ে বেশি শিষ্য করছেন ও বাপ্তিস্ম দিচ্ছেন ^২(যদিও যীশু নিজে বাপ্তিস্ম দিচ্ছিলেন না, কিন্তু তাঁর শিষ্যরাই দিচ্ছিলেন), ^৩ তিনি যিহূদিয়া ছেড়ে আবার গালীলে চলে গেলেন। ^৪ আর তাঁকে শমরিয়ার মধ্য দিয়ে যেতে হল। ^৫ তাতে তিনি শুখর নামে শমরিয়ার একটি নগরে আসলেন, যাকোব তার ছেলে যোষেফকে যে জমি দান করেছিলেন সেই নগর তারই কাছে; ^৬ আর সেই জায়গায় যাকোবের কূয়া ছিল। তখন যীশু, তাঁর পথের ক্লান্তিতে, সেই কূয়ার পাশে বসলেন। তখন বেলা প্রায় ষষ্ঠ ঘটিকা। (অনুবাদকৃত টেক্সট)।

৪:১ “প্রভু” যোহন, বহু বছর পরে সেই ঘটনার কথা মনে(আত্মার উপায়ে) করছেন, একজন ব্যক্তিকে উল্লেখ করতে একই বাক্যে “প্রভু” এবং “যীশু” ব্যবহার।

বেশ কয়েকটি গ্রীক পাণ্ডুলিপিতে যোহন ৪:১ পদে দু’বার “যীশু” রয়েছে (অর্থাৎ, N, D, NRSV, NJB, REB), কিন্তু “প্রভু” আছে MSS P^{66,75}, A, B, C, L (NASB, NKJV)। যাহোক, এমনকি আরও ভাল পাণ্ডুলিপিতে “প্রভু” সমর্থিত হয়েছে। UBS⁴ “যীশু” টেক্সটে রেখেছে এবং একে “C” রেটিং (সিদ্ধান্ত গ্রহণ কঠিন) দিয়েছে।

□ “ফরীশী” যোহন ১:২৪ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “শুনেছে যীশু যোহনের চেয়ে বেশি শিষ্য করছেন এবং বাপ্তিস্ম দিচ্ছেন” যীশু এই অঞ্চল ত্যাগ করেন কারণ তাঁর শিষ্যদের এবং বাপ্তিস্মদাতা যোহনের শিষ্যদের মধ্যে সাম্ভাব্য উত্তেজনা ফরীশীদের দ্বারা উৎসাহিত হচ্ছিল। Synoptics সুসমাচার বলছে যে যীশু চলে গিয়েছিলেন কারণ হেরোদ আন্টিপাস বাপ্তিস্মদাতা যোহনকে বন্দি করেছিলেন (মথি ৪:১২; মার্ক ১:১৪; লূক ৩:২০)।

৪:২ “যীশু নিজে বাপ্তিস্ম দিচ্ছিলেন না” এটি বাপ্তিস্মের প্রতি কোন অশ্রদ্ধার বক্তব্য নয় (মথি ২৮:১৯; প্রেরিত ২:৩৮; ৮:১২; ১৬:৩৩; ২২:১৬), কিন্তু মানুষের স্বভাবের আত্ম-কেন্দ্রিকতার স্বীকৃতি (অর্থাৎ, “আমি যীশুর দ্বারা বাপ্তিস্ম দিচ্ছিলাম” অথবা পৌল, ১ করি ১:১৭)। দৃশ্যত যীশু তাঁর পরিচর্যার প্রথম দিকে বাপ্তিস্ম দিতেন (যোহন ৩:২২), পরে তিনি আর দিতেন না। যোহন ফরীশীদের এই ভ্রান্ত মন্তব্য সংশোধন করেছিলেন।

৪:৩ “তিনি যিহূদিয়া ছেড়ে আবার গালীলে চলে গেলেন” এগুলি হল দুটি Aorist active indicatives ব্যবহৃত হয়েছে যীশুর ভৌগোলিক গতিবিধির উপরে গুরুত্ব দিতে।

৪:৪ “আর তাঁকে শমরিয়ার মধ্য দিয়ে যেতে হল” “ছিল” গ্রীক verb *dei*, যেটি কয়েকবার এই প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে (যোহন ৩:৭,১৪,৩০)। এটি সাধারণত অনুবাদ হয়েছে “অবশ্যই” বা “প্রয়োজনীয়।” যীশুর জন্য এই পথের একটি ঐশ্বরীক উদ্দেশ্য ছিল। এটি ছিল সংক্ষিপ্ত পথ; যোষেফাস আমাদের বলেছেন যে গালীল থেকে যিহূদিয়া সাধারণত এই পথটি ব্যবহার করতো। যাহোক, যিহূদিয়ার যিহূদিয়া শমরিয়াদের ঘৃণা করতো এবং তাদের দেশের মধ্যে দিয়ে যেতে না কারণ তারা শমরিয়াদের অর্ধ-যিহূদি বলে বিবেচনা করতো।

বিশেষ বিষয়: জাতিবাদ (SPECIAL TOPIC: RACISM)

□ “শমরিয়ার মধ্য দিয়ে” শমরিয় ও যিহূদিয়ার যিহূদিদের মধ্যে তীব্র ঘৃণার সম্পর্ক ছিল যেটি আমাদের খ্রীষ্ট পূর্ব ৮ম শতকে নিয়ে যায়। খ্রীষ্ট পূর্ব ৭২২ অব্দে উত্তরের দশ বংশ, যাদের রাজধানি ছিল শমরিয়া, তাদের অশুরিয়রা বন্দি করে নিয়ে যায় এবং মাদীয়তে নির্বাসিত করে (২ রাজা ১৭:৬)। অন্য বন্দি লোকেরা উত্তর প্যালেস্টাইনে পুনঃবসতি স্থাপন করে (২ রাজা ১৭:২৪)। কালক্রমে এই পৌত্তলিকেরা ইস্রায়েলীয় লোকদের যারা অবশিষ্ট ছিল তাদের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। যিহূদিরা শমরিয় ধর্মকে অর্ধ বংশ এবং প্রচলিত ধর্মমতের বিরোধি বলে বিবেচনা করে (ইস্রা ৪:১-৪)। এটি যোহন ৪:৯ পদের প্রসঙ্গে দান করে।

৪:৫ “শুখর নামে শমরিয়ার একটি নগরে আসলেন, যাকোব তার ছেলে যোষেফকে যে জমি দান করেছিলেন সেই নগর তারই কাছে” (আদি ৩৩:১৮, ১৯; যিহোশূয় ২৪:৩২)। অনেকে মনে করেন যে শুখর হল শিমখি, যদিও এটি নূতন নিয়মে বলা হয়নি।

৪:৬ “আর সেই জায়গায় যাকোবের কূয়া ছিল” এটি আসলে সত্যিকার একটি খোদিত চৌবাচ্চা ছিল যার গভীরতা ছিল প্রায় ১০০ ফুট। এটি আসলে কোন প্রবাহমান জলধারা (ঝর্ণা) ছিল না, কিন্তু বৃষ্টির জল সংগ্রহ করে রাখা হতো। এটি কখনো পুরাতন নিয়মে উল্লেখিত হয়নি কিন্তু নামটি সেই অঞ্চলের সঙ্গে সংযুক্ত যেখানে আদিপিতাদের ঐহিত্য রয়েছে।

□ “তখন যীশু, পথের ক্লান্তিতে” আমরা এখানে যীশুর মানবিক প্রকৃতি স্পষ্ট দেখতে পাই (লূক ২:৫২), কিন্তু তিনি কখনই লোকদের ভালবাসতে ক্লান্ত হন না!

NASB, NKJV,

JB

“বেলা তখন প্রায় ষষ্ঠ ঘটিকা”

NRSV, TEV

“তখন প্রায় মধ্যাহ্ন”

যোহন তার সুসমাচারে সময় গণনায় কোন পদ্ধতিঅবলম্বন করেছিলেন তা নিয়ে অনেক আলোচনা রয়েছে। কিছু কিছু উল্লেখ মনে হয় যিহুদী সময় গণনা পদ্ধতি এবং কিছু কিছু উল্লেখ মনে হয় রোমীয় সময় গণনা পদ্ধতি। যিহুদীদের দিন শুরু হতো সকাল ৬টা থেকে; রোমীয় সময় শুরু হতো মধ্যরাত থেকে। সেজন্য, যীশুর কূপের কাছে আসার সময় ছিল খুব সকালে (অর্থাৎ, সকাল ৬টায়)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৪:৭-১৪

^১ এমন সময় শমরিয়ার একজন স্ত্রীলোক জল তুলতে আসল। যীশু তাকে বললেন, “আমাকে একটু জল খেতে দাও।” ^২ কারণ তাঁর শিষ্যরা খাবার কিনতে নগরে গিয়েছিলেন। ^৩ সেজন্য শমরিয় স্ত্রীলোকটি তাঁকে বলল, “আপনি যিহুদী হয়ে, কেমন করে আমার কাছে জল খেতে চাইছেন আমি ত শমরিয় স্ত্রীলোক?” (কারণ শমরিয়দের সাথে যিহুদীদের ধরা-ছোয়ার বাছ-বিচার ছিল।) ^৪ যীশু উত্তর করে তাকে বললেন, “তুমি যদি জানতে ঈশ্বরের দান কি, আর কে তোমার কাছে বলছেন, ‘আমাকে জল খেতে দাও,’ তবে তাঁর কাছেই চাইতে, এবং তিনি তোমাকে জীবন্ত জল দিতেন।” ^৫ স্ত্রীলোকটি তাঁকে বলল, “মহাশয়, জল তুলবার জন্য আপনার কাছে কিছুই নেই আর কুয়াটাও গভীর; তবে সেই জীবন্ত জল কোথা থেকে পেলেন?” ^৬ আপনি আমাদের পূর্ব পুরুষ যাকোবের চেয়ে তো মহান নন, তিনিই আমাদের এই কুয়া দিয়েছেন, আর এর জল তিনি নিজে ও তার ছেলেরা ও তার পশুপালও খেত।” ^৭ যীশু উত্তর করে তাকে বললেন, “যে কেউ এই জল খায় তার আবার পিপাসা পাবে; ^৮ কিন্তু আমি যে জল দেব তা যে খাবে তার আর কখনও পিপাসা পাবে না; বরং আমি তাকে যে জল দেব তা তার অন্তরে এমন জলের ঝর্ণা হবে যা অনন্ত জীবন পর্যন্ত উথলে উঠবে।” (অনুবাদকৃত টেক্সট)।

৪:৭ “শমরিয়ার একজন স্ত্রীলোক জল তুলতে আসল” এই মহিলা দুরের একটি কূপে একাকী এসেছিল দিনের একটি অস্বাভাবিক সময়ে কারণ ছিল গ্রামে তার সামাজিক অবস্থান।

□ “আমাকে একটু জল খেতে দাও” এটি একটি aorist active imperative যেটি জরুরী প্রয়োজনের অর্থ বহন করে।

৪:৮ এই পদ যিহুদী ধর্মের প্রচলিত ধর্মমতের বিরোধি দলের একজন সমাজচ্যুত মহিলার সাথে যীশুর ব্যক্তিগত কথোপকথনের মঞ্চ প্রস্তুত করছে। এটি যোহনের আর একটি বাক্যে অনুপ্রবিষ্ট উল্লেখ।

৪:৯ “আপনি যিহুদী হয়ে, কেমন করে আমার কাছে জল খেতে চাইছেন আমি ত শমরিয় স্ত্রীলোক” যিহুদীদের শমরিয়দের সাথে একই বালতি থেকে জল পানের অনুমতিও ছিল না (লেবীয় ১৫ অধ্যায় যিহুদী ঐতিহ্যের ভিত্তি ছিল)। যীশু দুটি সাংস্কৃতিক বাধা উপেক্ষা করেছিলেন: (১) শমরিয়দের সঙ্গে কথা বলা এবং (২) প্রকাশ্যে কোন স্ত্রীলোকের সঙ্গে কথা বলা।

□ “(কারণ শমরিয়দের সাথে যিহুদীদের ধরা-ছোয়ার বাছ-বিচার ছিল)” parenthesis (বাক্যের মধ্যে অন্ত-প্রবিষ্ট)) (NASB, NRSV), যেটি যোহনের আর একটি ব্যাখ্যামূলক সংযুক্তি, পাওয়া যায় না MSS N* এবং D তে, কিন্তু বর্তমান আছে P^{63,66,75,76}, N¹, A, B, C, L. UBS⁴ দিয়েছে একে “A” অর্ন্তভুক্তির রেটিং(নিশ্চিত)।

৪:১০ “যদি” এটি একটি second class conditional sentence যাকে বলা হয় “সত্যের বিপরীত।” একটি মন্তব্য করা হয় যে তা মিথ্যা উপসংহারের বিশেষ মুহুর্তে তাও মিথ্যা।

এটি যোহন সুসমাচারে “দান” শব্দের একমাত্র ব্যবহার। এখানে এটি ঈশ্বরের দান হিসাবে যীশুর উল্লেখ করে (যোহন ৩:১৬) যিনি অনন্ত জীবন দান করেন। যোহন ৭:৩৮-৩৯ পদ এবং প্রেরিত পুস্তকে এটি পবিত্র আত্মা দানের বিষয়ে ব্যবহৃত হয়েছে (প্রেরিত ২:৩৮; ৮:২০; ১০:৪৫; ১১:১৭)। লক্ষ্য হল পাবার অযোগ্য, অনুপযুক্ত ঈশ্বরের অনুগ্রহ খ্রীষ্টে এবং আত্মায় প্রকাশিত হয়েছে।

□ “জীবন্ত জল” এই টার্মের পুরাতন নিয়মের রূপকগত প্রেক্ষাপট রয়েছে (গীত ৩৬:৯; যিশা ১২:৩; ৪৪:৩; যির ২:১৩; ১৭:১৩; সখরিয় ১৪:৮)। যীশু “জীবন্ত জল” টার্মটি একই অর্থবোধক হিসাবে “আত্মিক জীবন” ব্যবহার করেছেন। যাহোক, শমরিয় স্ত্রীলোকটি ভেবেছিল তিনি প্রবাহমান জলের কথা বলছেন, চৌবাচ্চায় ধরে রাখা বৃষ্টির জলের বিপরীত হিসাবে। যোহন সুসমাচারের এটি বৈশিষ্ট্য যে যীশু (জগতের জ্যোতি) যীশুকে সব সময় তুল বোঝা হয়েছে (অর্থাৎ, নীকদীম)। জাগতিক, পতিত রাজ্য স্বর্গীয় রাজ্য হৃদয়ঙ্গম করতে পারে না (অর্থাৎ, যীশুর বার্তা)।

৪:১১ “মহাশয়” এটি হল গ্রীক টার্ম *kurios* আর vocative রূপ *kurie*। এটি নশ্ সম্বোধনে(মহাশয়) ব্যবহৃত হতে পারে অথবা ধর্মতাত্ত্বিক মন্তব্য (প্রভু) হিসাবে যেখানে উল্লেখ করছে পরিপূর্ণ ঈশ্বর হিসাবে যীশুকে যোহন ৪:১ এবং রোমীয় ১০:১৩ পদে। এখানে এটি একটি নশ্ সম্বোধন।

৪:১২ “আমাদের পূর্ব পুরুষ যাকোবের চেয়ে কি আপনি মহান” ব্যাকরণ আশা করে “না” উত্তর। এটি একুট সুস্পষ্ট বিদ্রোপাত্মক মন্তব্য। শমরিয় স্ত্রীলোক দাবী করছে তার শমরিয় বংশধারার কথা যেটি নিয়ে যায় ইফ্রিয়ম ও মনগশ হয়ে যাকোব পর্যন্ত। বিস্ময়কর বিষয় হল যে যীশুর উচ্চ মর্যাদা ঠিক তাই যা তিনি দাবী করছিলেন!

এই কথোপকথন দুটি ধর্মতাত্ত্বিক বিষয়কে উল্লেখ করেছে।

১. ঈশ্বর/যীশুর সমাচ্যুতদের প্রতি ভালবাসা(অর্থাৎ, শমরিয়, স্ত্রীলোক)
২. যীশুর উচ্চ মর্যাদা যিহুদী ধর্ম ও জাতিগত অহংকারেরও উপরে

৪:১৩-১৪ “কিন্তু আমি যে জল দেব তা যে খাবে তার আর কখনও পিপাসা পাবে না” এর সম্ভবত মশীহ বিষয়ক তাহপর্য ছিল (যিশা ১২:৩; ৪৮:২১; ৪৯:১০)। এই শব্দগুচ্ছ হল এইট দৃঢ় double negative। এখানে verb tenses এর কাজ রয়েছে। যোহন ৪:১৩ পদের Present active participle অর্থ প্রকাশ করে বার বার পান করা, অন্যদিকে যোহন ৪:১৪ পদের aorist active subjunctive অর্থ প্রকাশ করে এক বার পান করা।

৪:১৪ “এমন জলের বর্ণা হবে যা অনন্ত জীবন পর্যন্ত উথলে উঠবে” এটি একটি present participle যার অর্থ “অবিরত লাফানো”(যিশা ৫৮:১১ এবং যোহন ৭:৩৮)। মরণভূমির লোকদের জন্য, জল ছিল জীবন এবং ঐশ্বরিক যোগানের একটি প্রতীক।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৪:১৫-২৬

^{১৫} স্ত্রীলোকটি তাঁকে বলল, “মহাশয়, সেই জল আমাকে দিন, যেন আমার পিপাসা না পায় আর জল ভুলতে এতটা পথ আসতে না হয়।” ^{১৬} তিনি তাকে বললেন, “যাও, তোমার স্বামীকে এখানে ডেকে আন।” ^{১৭} স্ত্রীলোকটি উত্তর করে তাঁকে বলল, “আমার স্বামী নেই।” ^{১৮} যীশু তাকে বললেন, “তুমি ঠিকই বলেছো, ‘আমার স্বামী নেই’; কারণ এর মধ্যেই তোমার পঁচজন স্বামী হয়ে গেছে, আর এখন যে তোমার সঙ্গে আছে সে তোমার স্বামী নয়; এই কথা তুমি সত্যি বলেছো।” ^{১৯} স্ত্রীলোকটি তাঁকে বলল, “মহাশয়, আমি বুঝতে পারলাম যে আপনি একজন ভাববাদী।” ^{২০} আমাদের পূর্ব পুরুষেরা এই পাহাড়ে আরাধনা করতেন, আর আপনার লোকেরা বলে থাকেন যে যিরূশালেমেই লোকদের উপাসনা করা উচিত।” ^{২১} যীশু তাকে বললেন, “হে নারী, আমার কথায় বিশ্বাস কর, এমন সময় আসছে যখন তোমরা না এই পাহাড়ে না যিরূশালেমে পিতার আরাধনা করবে। ^{২২} তোমরা যা জান না তার আরাধনা করে থাক; আমরা যা জানি তারই আরাধনা করি, কারণ পাপ থেকে পরিত্রাণ যিহুদীদের মধ্য দিয়েই এসেছে। ^{২৩} কিন্তু এমন সময় আসছে, বরং এখনই এসে গেছে, যখন আসল আরাধনাকারীরা আত্মায় ও সত্যে পিতার আরাধনা করবে; কারণ বাস্তবিক পিতাও এই রকম আরাধনাকারীদেরই খোঁজেন। ^{২৪} ঈশ্বর আত্মা, আর যারা তাঁর আরাধনা করে তাদের আত্মায় ও সত্যে আরাধনা করতে হবে।” ^{২৫} স্ত্রীলোকটি তাঁকে বলল, “আমি জানি মশীহ আসছেন (যাঁকে খ্রীষ্ট বলে); তিনি যখন আসবেন, তখন সবই আমাদের জানাবেন।” ^{২৬} যীশু তাকে বললেন, “আমিই তিনি যিনি তোমার সঙ্গে কথা বলছেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৪:১৫ স্ত্রীলোকটি, নীকদীমের মত, যীশুকে বুঝছিলেন খুবই জাগতিক (আক্ষরিক) স্তরে। এটি শিষ্যদের জন্যও অস্বাভাবিক কিছু ছিল না। তারা প্রায়ই যীশুকে ভুল বুঝছিল যীশুর প্রতীকি কথা ভুল বোঝার কারণে (যোহন ৪:৩১-৩৩; ১১:১১-১৩)।

৪:১৬ UBS⁴ সম্ভাবনা উল্লেখ করে নাই যে “যীশু” নাম সংযুক্ত হয়েছে (NKJV, NRSV, NJB, REB)। NET বাইবেল এর অন্তর্ভুক্তির পাণ্ডুলিপিগত প্রমাণ দিয়েছে (p. 1903, i.e., MSS κ^* ,^c, A, C², D, L, and W, কিন্তু এটি হারিয়ে গেছে MSS P^{66,75}, B, C থেকে)।)

□ “যাও, ডেকে আন” এটি একটি present active imperative যার পরেই এসেছে aorist active imperative।

৪:১৭ “আমার স্বামী নাই” পাপের সম্মুখীন হতেই হয়। যীশু কখনো একে রেহাই দেন নাই এমনকি দোষারপণও করেন নাই।

৪:১৮ “তোমার পঁচজন স্বামী হয়ে গেছে” যীশু অতিলৌকিক জ্ঞানের ব্যবহার মহিলাটিকে নাড়া দিয়েছিল জাগতিক ক্ষেত্র থেকে আত্মিক ক্ষেত্র পর্যন্ত (যোহন ১:৪৮)।

৪:১৯ “আমি বুঝতে পারলাম যে আপনি একজন ভাববাদী” স্ত্রীলোকটি তখনও মশীহ বিষয়ক উপলব্ধিতে পৌছাতে পারেনি। সে চেষ্টা করছিল ঈশ্বরের সঙ্গে তার সম্পর্কের বড় বিষয়টির প্রান্ত ছুঁয়ে (skirt) যেতে প্রশংসা ব্যবহার করে(ঠিক যোহন ৩:২ পদে নীকদীমের মত)।

অন্য ব্যাখ্যাকারকেরা একে দ্বি বি ১৮:১৫-২২ পদের মশীহ বিষয়ক উল্লেখ হিসাবে দেখেছেন।

বিশেষ বিষয়: পুরাতন নিয়মের ভাববাণী (SPECIAL TOPIC: OLD TESTAMENT PROPHECY)

বিশেষ বিষয়: নূতন নিয়মের ভাববাণী (SPECIAL TOPIC: NEW TESTAMENT PROPHECY)

৪:২০ “আমাদের পূর্ব পুরুষেরা” এটি উল্লেখ করে অব্রাহাম ও যাকোবকে (আদি ১২:৭; ৩৩:২০)। স্ত্রীলোকটি জোর দিয়েছিল তার বুদ্ধি অনুসারে নিয়মের অন্তর্ভুক্তির উপরে (যোহন ৮:৩১-৫৯)।

□ “এই পাহাড়ে আরাধনা করতেন” এটি ধর্মতাত্ত্বিক বিতর্ক উল্লেখ করছে যে কোথায় ঈশ্বরের (YHWH) আরাধনা করা উচিত। যিহুদীরা জোর দিত মোরিয়া পর্বত (যিহুদী মন্দিরের স্থান), অন্যদিকে শমরিয়রা জোর দিত গরিমিম পর্বত (খ্রীষ্ট পূর্ব ১২৯ অব্দে শমরিয় মন্দির জন হাইরকানাস ধংস করেছিলেন)।

আমাদের সময়ে এটি লোকদের একটা চেষ্টা হবে যে আমরা কার সাক্ষ্য বহন করছি যা দূরে নিয়ে যাচ্ছে খ্রীষ্টের সঙ্গে তাদের সম্পর্ক থেকে ধর্মতাত্ত্বিক বিভ্রান্তি আনয়নের মাধ্যমে। মানুষ ধর্ম ও দর্শন অধ্যয়ন উপভোগ করে ততক্ষণ পর্যন্ত যতক্ষণ এটি তাদের ব্যক্তিগত ভাবে প্রভাবিত না করে (যোহন ৩:১৯-২১)।

৪:২১ “এমন সময় আসছে যখন তোমরা না এই পাহাড়ে না বিরুশালেমে পিতার আরাধনা করবে” এটা অবশ্যই মহিলাছ এবং তাঁর শিষ্যদের কাছেও একটি বিশ্বাসের মন্তব্য ছিল। কোথায় সেটি বিষয় নয়, বরং কে!

৪:২২ “কারণ যিহুদীদের মধ্য থেকেই পরিত্রাণ” এটি একটি নিশ্চয়তা মশীহের উদ্ভবের (আদি ১২:২-৩; ৪৯:৮-১২; যিশা ২:৩; রোমীয় ৯:৪-৫)।

৪:২৩ “কিন্তু এমন সময় আসছে, বরং এখনই এসে গেছে” এটি হতে পারে মালাখী ১:১ পদের একটি পরোক্ষ ইঙ্গিত সার্বজনীন আরাধনা সম্বন্ধে। এটি স্পষ্ট যে যীশু যেমন তাঁর জীবন কালে তেমনি তাঁর মৃত্যুর পরে অনন্ত জীবনের দান এনেছেন। এই মন্তব্য উদ্ভেজনা প্রতিফলিত করে যেটি রয়েছে মশীহের দুটি আগমনের মধ্যে। দুটি যিহুদী যুগ(১ যোহন ২:১৭ পদে বিশেষ বিষয় দেখুন) এখন একটি অপরটিকে আংশিক ঢেকে ফেলেছে। আত্মার নূতন যুগ বর্তমান, তথাপি আমরা এখনও মন্দতা ও পাপের পুরাতন যুগে বাস করছি।

যীশু নিশ্চিত ভাবেই দাবী করেছেন যে তাঁর মাধ্যমেই নূতন যুগের সূচনা হয়েছে। আত্মার যুগ, মশীহের যুগ, প্রতিষ্ঠা হয়েছে!

□ “সত্যে ও আত্মায়” “আত্মা” টার্ম (যোহন ৩:৮ পদে বিশেষ বিষয় দেখুন) বলে আরাধনার কথা যার স্থানীয় বা বাস্তব ভিত্তি রয়েছে। “সত্য” টার্মটি গ্রীক জগতে ব্যবহৃত হতো মানসিক ধারণা বোঝাতে, অন্যদিকে ইব্রীয় প্রেক্ষাপট ছিল বিশ্বস্ততা বা নির্ভরযোগ্যতা। যোহন ৬:৫৫ এবং ১৭:৩ পদে বিশেষ বিষয় সত্য দেখুন।

□ “পিতা” এটি ছিল খুবই অস্বাভাবিক নূতন নিয়মে ঈশ্বরকে “পিতা” বলে ডাকা তাঁর অদ্বিতীয় পুত্র যীশুর কোনরকম উল্লেখ যোগ করা ছাড়াই।

বিশেষ বিষয়: পিতা (SPECIAL TOPIC: FATHER)

□ “কারণ বাস্তবিক পিতাও এই রকম আরাধনাকারীদেরই খোঁজেন” ঈশ্বর সক্রিয় ভাবে হারিয়ে যাওয়া মানুষকে অন্বেষণ করেন (যিশা ৫৫; যিহি ১৮:২৩,৩২; লুক ১৯:১০; যোহন ১:১২; ৩:১৬)।

৪:২৪ “ঈশ্বর আত্মা” কয়েকটি সংক্ষিপ্ত বাক্যাংশ রয়েছে যোহনের লেখায় যেটি বর্ণনা করে ঈশ্বরের বৈশিষ্ট্য: (১) ঈশ্বর প্রেম; (২) ঈশ্বর জ্যোতি; (৩) ঈশ্বর আত্মা। এর অর্থ হতে পারে (১) দৈহিক নয়; (২) এক স্থানে সীমাবদ্ধ নয়; (৩) কোন সময়ে সীমাবদ্ধ নয়; বা (৪) স্বর্গীয় বনাম জাগতিক।

৪:২৫ “মশীহ আসছেন” মশীহ টার্মটি দুবার নূতন নিয়মে এসেছে, দু’বারই যোহনের সুসমাচারে (যোহন ১:৪১; ৪:২৫)।

বিশেষ বিষয়: মশীহ (SPECIAL TOPIC: MESSIAH)

□ “তিনি যখন আসবেন, তখন সবই আমাদের জানাবেন” এটি দেখায় যে শমরিয়রাও মশীহের প্রত্যাশায় ছিল। এটি আরও দেখায় যে তারা মশীহ দেখেছিল মশীহ আসছেন ঈশ্বরের পূর্ণতা প্রকাশ করতে।

৪:২৬ “আমিই তিনি যিনি তোমার সঙ্গে কথা বলছেন” এটি হতে পারে যিশা ৫২:৬ পদের পরোক্ষ ইঙ্গিত। এটি সরল, খোলাখুলি তাঁর ঈশ্বরত্ব সম্পর্কে নিশ্চয়তা (Synoptic সুসমাচার থেকে অনেক পার্থক্য)! এখানে রয়েছে “আমিই,” যেটি পুরাতন নিয়মে ঈশ্বরের নিয়মের নাম, YHWH (যাত্রা ৩:১২,১৪)। যীশু পুরাতন নিয়মের ঈশ্বরের এই নাম ব্যবহার করেছিলেন যীশুতে স্পষ্ট ভাবে ও দৃশ্যমান ভাবে YHWH এর আত্ম প্রকাশ উল্লেখের একটি উপায় হিসাবে (যোহন ৮:২৪, ২৮, ৫৮; ১৩:১৯; ১৮:৫ তুলনা করুন যিশা ৪১:৪; ৪৩:১০; ৪৬:৪)। এই “আমিই” এর বিশেষায়িত ব্যবহার অবশ্যই পার্থক্য সৃষ্টি করে যোহনের সুপরিচিত “আমিই” মন্তব্য থেকে, ৬:৩৫, ৫১; ৮:১২; ১০:৭, ৯, ১১, ১৪; ১১:২৫; ১৪:৬; ১৫:১, ৫, যার পরবর্তীতে nouns দ্বারা গুণায়িত হয়েছে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৪:২৭-৩০

^{২৭} এমন সময় তাঁর শিষ্যরা আসলেন, এবং তারা আশ্চর্য হলেন যে তিনি একজন স্ত্রীলোকের সাথে কথা বলছেন, তবুও কেউ বললেন না, “আপনি কি চাইছেন?” অথবা, “কেন আপনি ওর সঙ্গে কথা বলছেন?” ^{২৮}তখন সেই স্ত্রীলোকটি তার কলসী ফেলে রেখে নগরে গেল আর লোকদের বলল, ^{২৯} “আস, একজন লোককে দেখ আমি যা কিছু করেছে তিনি সবই আমাকে বলে দিয়েছেন; তিনিই কি সেই খ্রীষ্ট নহেন?” ^{৩০} তারা নগর থেকে বের হল, আর তাঁর নিকটে আসতে লাগল। (অনুবাদকৃত টেক্সট)।

৪:২৭ “তারা আশ্চর্য হলেন যে তিনি একজন স্ত্রীলোকের সাথে কথা বলছেন” সংস্কৃতিগত ভাবে এটি গোঁড়া যিহুদীরা করতো না।

□ “তবুও কেউ বললেন না, ‘আপনি কি চাইছেন?’ অথবা ‘কেন আপনি ওর সঙ্গে কথা বলছেন?’ এটি যোহন থেকে একজন প্রত্যক্ষদর্শীর মন্তব্য। তিনি

অবশ্যই এই বিশ্বয়কর ঘটনা খুব ভালভাবে স্মরণ করেছেন!

৪:২৮ “তখন সেই স্ত্রীলোকটি তার কলসী ফেলে রেখে নগরে গেল” এটি সত্যিই চমৎকার প্রত্যক্ষদর্শী, ঐতিহাসিক ভাবে মহিলাটির উত্তেজনা দেখায় যে সঙ্গে সঙ্গে সাক্ষ্য দেবার জন্য গ্রামে দৌড়ে গেল (যোহন ৪:২৯-৩০)।

৪:২৯ “তিনিই কি সেই স্ত্রীষ্ট নহেন” ব্যাকরণগত রূপ প্রত্যাশা করে “না” উত্তর, কিন্তু প্রসঙ্গ দেখায় যে মহিলাটি সত্যিই বিশ্বাস করেছিল যে তিনিই সেই! প্রসঙ্গ ব্যাকরণকে চাপা দিয়েছে!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৪:৩১-৩৮

^{৩১} এর মধ্যে শিষ্যেরা তাঁকে অনুরোধ করে বলল, “রবি, কিছু খান।” ^{৩২} কিন্তু তিনি তাদের বললেন, “আমার কাছে এমন খাবার আছে যা তোমরা জান না।” ^{৩৩} তাতে শিষ্যরা পরস্পর বলাবলি করতে লাগলেন, “কেউ কি তাঁকে খাবার জন্য কোন খাবার এনে দিয়েছে?” ^{৩৪} যীশু তাদের বললেন, “আমার খাবার এই যিনি আমাকে পাঠিয়েছেন তাঁর ইচ্ছা পালন করা ও তাঁর কাজ শেষ করা।” ^{৩৫} তোমরা কি বল না, “আর চার মাস, পরে শস্য কাটবার সময় হবে?” দেখ, আমি তোমাদের বলছি, চোখ তোল এবং ক্ষেতের দিকে দেখ, শস্য কাটবার মত সাদা হয়েছে। ^{৩৬} যে ফসল কাটে সে বেতন পায় এবং অনন্ত জীবনের জন্য শস্য জড়ো করে রাখে; যেন যে বীজ বোনে ও যে ফসল কাটে দুজনেই একসাথে আনন্দ করে। ^{৩৭} কারণ এই ক্ষেত্রে এই কথা সত্য, ‘একজন বীজ বোনে আর একজন কাটে।’ ^{৩৮} আমি তোমাদের এমন শস্য কাটতে পাঠালাম যার জন্য তোমরা পরিশ্রম কর নি; অন্যেরা পরিশ্রম করেছে এবং তোমরা তাদের পরিশ্রমে প্রবেশ করেছো।” (অনুবাদকৃত টেক্সট)।

৪:৩২ এটি আর একটি পরোক্ষ ইঙ্গিত স্বর্গ বনাম মর্ত্য, আত্মিক বনাম জাগতিক দ্বৈতবাদের। যীশু সুসমাচার প্রচারমূলক, প্রত্যাদেশমূলক কাজে নিয়োজিত ছিলেন। লোকেরাই ছিল/হয় প্রাধান্যপ্রাপ্ত।

৪:৩৪ “আমার খাবার এই যিনি আমাকে পাঠিয়েছেন তাঁর ইচ্ছা পালন করা ও তাঁর কাজ শেষ করা” যোহন ১৭ অধ্যায় হল যীশুর সুস্পষ্ট উপলব্ধির প্রকাশ যে পিতা তাঁর কাছে কি কাজ আশা করেন (মার্ক ১০:৪৫; লুক ১৯:১০; যোহন ৬:২৯)।

তুলনা হল এর মধ্যে যীশু উর্দ্ধ থেকে প্রেরিত হয়েছেন, পিতা ঈশ্বরের একান্ত উপস্থিতি থেকে, তাঁর কাজ পিতাকে প্রকাশ করা এবং পিতার কাজ করা। এটি হল উল্লম্ব দ্বৈতবাদ যোহনের বিশেষ একটি বৈশিষ্ট্য(উপর বনাম নিচে, আত্মা বনাম মাংস)।

যীশু প্রেরিত হয়েছেন এ বিষয়ে দুটি ভিন্ন ভিন্ন টার্ম ব্যবহৃত হয়েছে।

১. *pempō* (যোহন ৪:৩৪; ৫:২৩,২৪,৩০,৩৭; ৬:৩৮,৩৯,৪০,৪৪; ৭:১৬,১৮,২৮,৩৩; ৮:১৬,১৮,২৬,২৯; ৯:৪; ১২:৪৪,৪৫,৪৯; ১৪:২৪; ১৫:২১; ১৬:৫)

২. *apostellō* (যোহন ৩:১৭,২৪; ৫:৩৬,৩৮; ৬:২৯,৫৭; ৭:২৯; ৮:৪২; ১০:৩৬; ১১:৪২; ১৭:৩,১৮,২১,২৩,২৫; ২০:২১)

জগতে পাছারন হয়েছে এগুলি একইরকম যেমন ২০:২১ পদ দেখায়। এটি আরও দেখায় যে বিশ্বাসীরাও হারান জগতে প্রেরিত হয়েছেন পরিব্রাজনের উদ্দেশ্যে পিতার প্রতিনিধি হিসাবে(২ করি ৫:১৩-২১)।

বিশেষ বিষয়: ঈশ্বরের ইচ্ছা (THELĒMA) (SPECIAL TOPIC: THE WILL (THELĒMA) OF GOD)

৪:৩৫ “আর চার মাস, পরে শস্য কাটবার সময় হবে” এটি একটি রূপক শব্দগুচ্ছ দেখায় যে আত্মিক সাড়াদানের সুযোগ এখনই! লোকেরা যীশুর জীবন কালেই বিশ্বাসে উদ্ধার পেয়েছে, কেবলমাত্র পুনরুত্থানের পরেই নয়।

৪:৩৬-৩৮ “একজন বোনে, আর একজন কাটে” এই পদগুলি উল্লেখ করছে ভাববাদী বা সম্ভবত বাস্তব দাতা যোহনের পরিচর্যার কথা। ১ করি ৩:৬-৮ পদে এটি ব্যবহৃত হয়েছে পৌলের পরিচর্যা ও আপোল্লোর পরিচর্যার মধ্যকার সম্পর্ক বোঝাতে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৪:৩৯-৪২

^{৩৯} সেই নগরের অনেক শমরিয়েরা তাঁকে বিশ্বাস করেছিল কারণ সেই স্ত্রীলোকটি যে সাক্ষ্য দিয়েছিল “আমি যা কিছু করেছি তিনি আমাকে সবই বলে দিয়েছেন।” ^{৪০} সেজন্য সেই শমরিয়েরা যখন যীশুর কাছে আসল, তখন তারা তাঁকে অনুরোধ করল যেন তিনি তাদের কাছে থাকেন; তাতে তিনি দুই দিন সেখানে থাকলেন। ^{৪১} তখন আরও অনেক লোক তাঁর কথা শুনে বিশ্বাস করল; ^{৪২} আর তারা সেই স্ত্রীলোকটিকে বলল, “এখন যে আমরা বিশ্বাস করছি তা আর তোমার কথাতে নয়, কারণ আমরা নিজেরা শুনেছি ও জানতে পেরেছি যে ইনি সত্যিই জগতের ব্রাণকর্তা।” (অনুবাদকৃত টেক্সট)।

৪:৩৯ “অনেক শমরিয়েরা তাঁকে বিশ্বাস করল” যোহন “বিশ্বাস করা” verb ব্যবহার করেছেন কয়েকটি অন্যান্য টার্মের সমন্বয়ে: “তাহাতে বিশ্বাস করা” (*en*), “তাহা বিশ্বাস করা”(*hoti*), এবং, বেশির ভাগ ক্ষেত্রে, “তাহাতেই বিশ্বাস করা”(*eis*) বা তাতে নির্ভরতা রাখা (যোহন ২:১১,২৩; ৩:১৬,১৮,৩৬; ৬:২৯,৩৫,৪০; ৭:৫,৩১,৩৮, ৪৮; ৮:৩০; ৯:৩৫,৩৬; ১০:৪২; ১:২৫,২৬,৪৫,৪৮; ১২:১১,৩৭,৪২,৪৪,৪৬; ১৪:১,১২; ১৬:৯; ১৭:২০)। মূলত শমরিয়েরা বিশ্বাস করেছিল কারণ সেই মহিলার সাক্ষ্য (যোহন ৪:৩৯), কিন্তু পরে তারা যীশুর কথা শুনেছিল এবং ব্যক্তিগত ভাবে তাঁর সাক্ষ্য গ্রহণ করেছিল (যোহন ৪:৪১-৪২)। যীশু ইস্রায়েলের হারাপ মেঘের কাছে এসেছিলেন, কিন্তু তাঁর বার্তা ছিল সকল মানুষের জন্য: শমরিয়, সূর-ফৈনিকীয় স্ত্রীলোক, এবং

রোমীয় সৈন্য(রোমীয় ১০:১২; ১ করি ১২:১৩; গালা ৩:২৮-২৯; কল ৩:১১)। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “কারণ মহিলার সাক্ষ্য দ্বারা” যদি ঈশ্বর এই ধর্মত্যাগি এবং অনৈতিক মহিলাকে ব্যবহার করতে পারেন, তবে তিনি আপনাকে ও আমাকেও ব্যবহার করতে পারেন! এই পদ দেখিয়েছে ব্যক্তিগত সাক্ষ্যদানের গুরুত্ব। যোহন ১:৮ পদে বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্য (SPECIAL TOPIC: WITNESSES TO JESUS) দেখুন।

8:8০

NASB, NRSV “অনুরোধ করা”

NKJV “পীড়াপীড়ি করা”

TEV, NJB “প্রার্থনা করা”

এটি একটি দৃঢ় গ্রীক টার্ম এবং অনুবাদ হওয়া উচিত “পীড়াপীড়ি করা” বা “প্রার্থনা করা।” এই টার্মের সবলতা দেখা যেতে পারে যোহন 8:8৭ পদে এর ব্যবহারে(লুক 8:৩৮)।

8:8২ “জগতের ত্রাণকর্তা” ১ যোহন 8:১৪ পদে এই একই সার্বজনীন উপাধি ব্যবহৃত হয়েছে। এটি আরও সার্বজনীন অর্থে মানুষের জন্য ঈশ্বরের ভালবাসার জন্যও ব্যবহৃত হয়েছে (১ তীম ২:৬; ইব্রীয় ২:৯; ১ যোহন ২:২)। আদি ৩:১৫ পদের প্রতিজ্ঞা পূর্ণ হয়েছে! প্রথম শতকে এই শব্দগুচ্ছ প্রায়ই ব্যবহৃত হতো কৈশরের জন্য। রোমীয় নির্যাতন ঘটেছিল কারণ খ্রীষ্টিয়ানেরা এই উপাধি একমাত্র যীশুর জন্য ব্যবহার করতো। এই উপাধি আরও দেখায় কিভাবে নূতন নিয়মের লেখকেরা পিতা ঈশ্বরের উপাধি পুত্রে অর্পণ করেছিল: তীত ১:৩ – তীত ১:৪; তীত ২:১০ – তীত ২:১৩; তীত ৩:৪ – তীত ৩:৬। যিহূদীরা যীশুকে প্রত্যাহ্বান করেছিল (যোহন ১:১১), কিন্তু শমরিয়েরা খুব তাড়াতাড়ি এবং সহজেই তাঁকে গ্রহণ করেছিল (যোহন ১:১২)!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন 8:8৩-8৫

^{৪০} সেই দুই দিনের পর তিনি সেখান থেকে গালীলে চলে গেলেন। ^{৪১} কারণ যীশু নিজে এই সাক্ষ্য দিয়েছিলেন যে ভাববাদী নিজ দেশে সম্মান পান না। ^{৪২} তাই তিনি যখন গালীলে আসলেন, তখন গালীলীয়েরা তাঁকে গ্রহণ করল, যিরূশালেমে পর্বের সময়ে তিনি যা যা করেছিলেন সেই সব তারা দেখেছিল; কারণ তারাও সেই পর্বে গিয়েছিল। (অনুবাদকৃত টেক্সট)।

8:8৩ এই পদ দেখায় যে যীশু অনেক স্বাধীন ভাবে ভ্রমণ করছিলেন এবং প্রায়ই তিনি যিহূদীয়া এবং গালীলের মধ্যে Synoptic সুসমাচারের পাঠকদের কারও ধারণা করার চেয়ে।

8:8৪ এটি খুবই অস্বাভাবিক পদ কারণ এটি পরবর্তী প্রসঙ্গের সাথে খাপ খায় না। এটি হয়তো উল্লেখ করছে গালীলের পরিচর্যা যা আরম্ভ হতে যাচ্ছিল (যোহন 8:৩)। এই প্রবচন আরও পাওয়া যায় মথি ১৩:৫৭; মার্ক ৬:৪; লুক 8:২৪ পদে। Synoptics সুসমাচারে এটি উল্লেখ করছে গালীলে, কিন্তু এখানে যিহূদীয়ায়।

8:8৫ “গালীলীয়েরা তাঁকে গ্রহণ করল” তারা ইতিমধ্যে নিস্তার পর্বের উৎসবে যিরূশালেমে গিয়ে যীশুর শিক্ষা ও অলৌকিক কাজের অভিজ্ঞতা লাভ করেছিল।

বলা হয়েছে যে গালীলীয়েরাও যীশুকে “গ্রহণ করেছিল”, কিন্তু তাদের মধ্যে অনেকেই তাঁকে অনুসরণ করতো না এবং পরবর্তীতে তাঁকে পরিত্যাগ করেছিল। “বিশ্বাস করা” (যোহন ৩:১৬) এবং “গ্রহণ করা” (যোহন ১:১৭) এর মধ্যে প্রাথমিক গ্রহণ করার চেয়ে বেশি কিছু অর্ন্তভুক্ত (মথি ১৩:১৮-২৩; মার্ক 8:১২-২০; লুক ৮:১১-১৫ পদে বীজ বাপকের দৃষ্টান্ত)। দেখুন যোহন ৮:৩১ পদে বিশেষ বিষয়: ধৈর্যধারণের আবশ্যিকতা।

□ “কারণ তারাও সেই পর্বে গিয়েছিল” NET বাইবেল একে চিহ্নিত করেছে লেখকের আর একটি বাক্যের মধ্যে অন্তর্প্রবিষ্ট (parenthetical) মন্তব্য হিসাবে, যেভাবে তারা যোহন 8:8৪ পদে করেছেন (NRSV, NIV)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন 8:8৬-৫৪

^{৪৬} পরে তিনি আবার গালীলের কান্না নগরে গেলেন যেখানে জলকে দ্রাক্ষারস করেছিলেন। আর সেখানে একজন রাজ কর্মচারী ছিলেন যার ছেলে কফরনাহুমে অসুখে ভুগছিল। ^{৪৭} যীশু যিহূদীয়া থেকে গালীলে এসেছেন শুনে, তিনি তাঁর কাছে গেলেন এবং তাঁকে অনুরোধ করলেন যেন তিনি গিয়ে তার ছেলেকে সুস্থ করেন; কারণ সে মরবার মত হয়েছিল। ^{৪৮} তখন যীশু তাকে বললেন, “তোমরা চিহ্ন এবং আশ্চর্য কাজ যদি না দেখ, তোমরা কোনমতে বিশ্বাস করবে না।” ^{৪৯} রাজ কর্মচারী তাঁকে বললেন, “হে প্রভু, আমার ছেলেটি মারা যাবার আগেই আসুন।” ^{৫০} যীশু তাকে বললেন, “যাও; তোমার ছেলেটি বাঁচল।” এতে লোকটি যীশুর কথাতে বিশ্বাস করল এবং চলে গেল। ^{৫১} যখন তিনি ফিরে যাচ্ছিলেন, তখন পথেই তার দাসেরা তার কাছে এসে বলল যে আপনার ছেলেটি বাঁচল। ^{৫২} তাই তিনি তাদের জিজ্ঞাসা করলেন কোন সময় থেকে তার উপশম শুরু হয়েছিল। তখন তারা তাকে বলল, “গতকাল সপ্তম ঘটিকায় তার জ্বর ছেড়ে গেছে।” ^{৫৩} তাতে পিতা বুঝলেন যে যীশু সেই সময়েই তাকে বলেছিলেন, “তোমার ছেলেটি বাঁচল”; আর তিনি নিজে ও তার সমস্ত পরিবার বিশ্বাস করলেন। ^{৫৪} যিহূদীয়া থেকে গালীলে আসার পর যীশু আবার এই দ্বিতীয় চিহ্ন কাজ করলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৪:৪৬

NASB, NRSV,

NJB

NKJV

TEV

“একজন রাজ-কর্মচারী”

“একজন অভিজাত লোক”

“একজন সরকারী কর্মচারী”

ইনি ছিলেন হেরোদ পরিবারের সেবায় নিয়োজিত একজন সরকারী কর্মচারী।

৪:৪৮ “তোমরা চিহ্ন এবং আশ্চর্য কাজ যদি না দেখ, তোমরা কোনমতে বিশ্বাস করবে না” এটি দৃঢ় double negative এর সাথে একটি third class conditional sentence। যীশু এই লোকটিকে বহুবচনে বলেছিলেন। যিহূদীরা চিহ্নের অন্বেষণ করে (যোহন ২:১৮; ৬:২,৩০; মথি ১২:৩৮; ১৬:১)। কিন্তু হোরোদের এই দাস চিহ্ন দেবার আগেই বিশ্বাস করেছিলেন।

৪:৪৯ “ছেলেটি” তিনটি পদে যোহন তিনটি ভিন্ন ভিন্ন টার্ম ব্যবহার করেছেন।

১. যোহন ৪:৪৯ – *paidion* (NASB, “ছেলেটি”)

২. যোহন ৪:৫০ – *hyiōs* (NASB, “পুত্র”)

৩. যোহন ৪:৫১ – *pais* (NASB, “পুত্র”)

স্পষ্টত এরই টার্মগুলি একই অর্থে ব্যবহৃত হয়েছে।

৪:৫০ এই পদ যোহন সুসমাচারের মূল অন্তর্নিহিত অর্থ ধরতে পেরেছে—যীশুতে বিশ্বাস, তাঁর কথায় বিশ্বাস, তাঁর কাজে বিশ্বাস, তাঁর ব্যক্তিত্বে বিশ্বাস! এই লোকের বিশ্বাস নিশ্চিত করেছিল যে যীশুর প্রতিজ্ঞার চিহ্ন না দেখেই বিশ্বাস।

৪:৫৩ “তিনি নিজে ও তার সমস্ত পরিবার বিশ্বাস করলেন” এটি হল অনেক বিবরণের প্রথম বিবরণ যেখানে একজনের বিশ্বাস তার সমগ্র পরিবারকে প্রভাবিত করেছে।

১. কর্ণেলিয় (প্রেরিত ১০:৪৪-৪৮)

২. লুদিয়া (প্রেরিত ১৬:১৫)

৩. ফিলিপীয় কারারক্ষক (প্রেরিত ১৬:৩১-৩৪)

৪. ক্রিল্প (প্রেরিত ১৮:৮)

৫. স্তিফান (১ করি ১:১৬)

এই গৃহস্থিত ধর্মান্তরের বিষয়ে অনেক আলোচনা রয়েছে, কিন্তু এটি অবশ্যই বলতে চেষ্টা করেছে যে সকল সদস্যরই তাদের নিজেদের জন্য যীশুকে ব্যক্তিগত ভাবে গ্রহণ করা দরকার। মধ্য প্রাচ্যে বেশির ভাগ উপজাতিগত ও পরিবারগত অবস্থা(একত্রে বাস) থাকে আধুনিক সংস্কৃতির চেয়ে। এটি আরও সত্য যে আমাদের জীবনের মনোনিয়ন অন্যদের জীবনে তাৎপর্যপূর্ণ প্রভাব ফেলে।

৪:৫৪ কান্না নগরে বিয়ে বাড়ীতে প্রথম প্রকাশ চিহ্ন কাজ ছিল (যোহন ২:১-১১)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. কেন যীশু যিহূদীয়া অঞ্চল ত্যাগ করেছিলেন?
২. যোহন রোমীয় সময় না যিহূদী সময় ব্যবহার করেছেন?
৩. কেন যীশুর শমরিয়া স্ত্রীলোকের সঙ্গে কথোপকথনটি এত গুরুত্বপূর্ণ?
৪. কিভাবে আজকের ডিনোমিনেশনের মধ্যকার সম্পর্কে ২০ পদটি প্রভাব বিস্তার করে?
৫. ২৬ পদে যীশুর আরজের মন্তব্যটি ব্যাখ্যা করুন।
৬. গালীলীয়েরা কি সত্যিকার বিশ্বাসের অনুশীলন করেছিল?

যোহন ৫

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পুকুর পাড়ে আরোগ্যদান	বৈথেসদা পুকুর পাড়ে একজন লোকের আরোগ্য	বিশ্রামবারে খঞ্জ লোকের আরোগ্য লাভ	পুকুর পাড়ে আরোগ্যদান	বৈথেসদা পুকুর পাড়ে একজন অসুস্থ লোকের আরোগ্য লাভ
৫:১-৯ক	৫:১-১৫	৫:১ ৫:২-৯ক	৫:১-৬ ৫:৭ ৫:৮-৯ক	৫:১-৯ক
৫:৯খ-১৮		৫:৯খ-১৮	৫:৯খ-১০ ৫:১১ ৫:১২ ৫:১৪ ৫:১৬ ৫:১৫-১৭ ৫:১৮	৫:৯খ-১৮
	পিতা এবং পত্রকে সম্মান			
পুত্রের কর্তৃত্ব	৫:১৬-২৩	ঈশ্বরের সঙ্গে যীশুর সম্পর্ক	পুত্রের কর্তৃত্ব	
৫:১৯-২৯		৫:১৯-২৪	৫:১৯-২৩	৫:১৯-৪৭
	জীবন এবং বিচার পুত্রের মধ্যে দিয়ে			
	৫:২৪-৩০	৫:২৫-২৯	৫:২৪-২৯	
		যীশু ঈশ্বরের সঙ্গে সম্বন্ধযুক্ততার প্রমাণ	যীশুর জন্য সাক্ষ্য	
৫:৩০		৫:৩০	৫:৩০	
যীশুর জন্য সাক্ষ্য		চার ধরণের সাক্ষ্য		
৫:৩১-৪০	৫:৩১-৪৭	৫:৩১-৩৮	৫:৩১-৪০	

যীশু তাদের তিরস্কার
যারা তার দানকে অবহেলা
করে

৫:৩৯-৪৭

৫:৪১-৪৭

৫:৪১-৪৭

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৫:১-৯

^১ এই সব ঘটনার পরে যিহূদীদের একটি পর্ব ছিল, আর যীশু যিরূশালেমে গেলেন। ^২ যিরূশালেমে মেঘ দরজার কাছে একটি পুকুর আছে, ইব্রীয় ভাষার তাকে বলে বৈথেসদা, তার পাঁচটি চাদনি ঘাট আছে। ^৩ সেই সব জায়গায় অনেক পড়ে থাকতো, অন্ধ, খোঁড়া, ও শুষ্ক লোক, ^৪ [তারা জল কাঁপবার অপেক্ষায় থাকতো; কারণ বিশেষ বিশেষ সময়ে ঐ পুকুরে প্রভুর এক দূত নেমে আসতেন ও জল কাঁপাতেন; সেই জল কাঁপবার পরে যে কেউ প্রথমে জলে নামত, তার যে কোন রোগ হোক তা ভাল হয়ে যেত।] ^৫ সেখানে আটত্রিশ বছর ধরে ভুগছে এমন একটি লোক ছিল। ^৬ যীশু তাকে সেখানে পড়ে থাকতে দেখলেন, এবং অনেক দিন ধরে সে এই ভাবে পড়ে আছে জেনে, তিনি তাকে বললেন, “তোমার কি ভাল হবার ইচ্ছা আছে?” ^৭ অসুস্থ লোকটি তাঁকে উত্তর দিল, “মহাশয়, আমার এমন কেউ নেই যে যখন জল কাঁপে তখন আমাকে পুকুরে নামিয়ে দেয়, আমি যেতে যেতে, আর একজন আমার আগে নেমে পড়ে।” ^৮ যীশু তাকে বললেন, “ওঠো, তোমার বিছানা তুলে হেঁটে বেড়াও।” ^৯ তাতে তখনই সেই লোকটি ভাল হয়ে গেল, এবং তার বিছানা তুলে নিয়ে হাঁটতে শুরু করলো। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১ “একটি পর্ব” কোন পুরাতন uncial পাণ্ডুলিপি, ৯ এবং C, আছে “পর্ব,” কিন্তু বেশির ভাগ পাণ্ডুলিপিতে আছে “একটি পর্ব” (P66, P75, A, B, and D)। তিনটি বাৎসরিক পর্ব ছিল যেখানে সকল যিহূদী পুরুষকে বাধ্যতামূলক ভাবে উপস্থিত হতে হতো যদি সম্ভব হতো (লেবীয় ২৩): (১) নিস্তার পর্ব; (২) পঞ্চগশত্তমীর পর্ব; এবং কুটির বাস পর্ব। যদি এটি নিস্তার পর্ব উল্লেখ করে, তাহলে যীশুর তিন বছরের পরিবর্তে চার বছরের প্রকাশ্য পরিচর্যা ছিল যোহন ২:১৩, ২৩; ৬:৪; ১২:১)। এটি ঐতিহ্যগত ভাবে ধরা হয় যে যোহনের বাপ্তিস্মের পরে যীশুর প্রকাশ্য পরিচর্যা ছিল তিন বছরের। এই ধারণা করা হয় কেবলমাত্র কতগুলি নিস্তার পর্বের যোহন সুসমাচারে রয়েছে তার দ্বারা।

□ “যীশু যিরূশালেমের গেলেন” যোহনে বলা হয়েছে যে যীশু বেশ কয়েকবার যিরূশালেমের পর্বে গিয়েছিলেন (যোহন ২:১৩; ৫:১; ৭:১০; ১২:১২)। যিরূশালেম সাতটি পাহাড়ের উপরে নির্মিত হয়েছিল এবং চারিদিকের ভূমি থেকে এটা বেশ উচু ছিল। তাই শব্দগুচ্ছ “উঠিয়া গিয়াছিলেন” বাস্তব ভাবে সত্য। যাহোক, এটি মনে হয় সর্বোৎকৃষ্ট রূপকের বাগধারা। যিরূশালেম, মন্দিরের জন্য, পৃথিবীতে উচ্চ স্থান এবং পৃথিবীর কেন্দ্র (নাভি)।

৫:২ “মেঘ দরজার কাছে” এই “মেঘ পালের দ্বার” ছিল যিরূশালেমের প্রাচীরের উত্তর-পূর্ব অংশে। এটি উল্লেখ করে নহিমিয়ের পুন:উৎসর্গ এবং পুন:নির্মিত নগরের প্রাচীর (নহিমিয় ৩:১, ৩২; ১২:৩৯)।

NASB, NKJV “একটি পুকুর আছে, ইব্রীয় ভাষার তার নাম বৈথেসদা”

NRSV “ইব্রীয় ভাষার তার নাম বৈথেসদা”

এই নামের বেশ কয়েকটি বিকল্প বানান আছে। যোষেফাসও একে ইব্রীয় নাম “বৈথসাদা” বলে উল্লেখ করেছেন, যেটি যিরূশালেমের ঐ অংশের নাম ছিল। একে গ্রীক পাণ্ডুলিপিতে “বৈথেসাদা” বলা হয়েছে। কুমরানের তাম্র পুঁথিতে বলা হয়েছে “বৈথেসাদা,” যার অর্থ “দয়ার গৃহ” বা “দ্বিগুণ পেচানো গৃহ।” আজকে এটি সেন্ট এ্যানের পুকুর নামে পরিচিতি।

যীশুর সময়ে প্যালেস্টাইনের যিহূদীরা অরামিক ভাষায় কথা ভরতেন, ইব্রীয়তে নয়। যোহানে যখন তিনি বলেছেন “ইব্রীয়” এর অর্থ অরামিক (যোহান ৫:২; ১৯:১৩, ১৭, ২০; ২০:১৬; প্রকা ৯:১১; ১৬:১৬)। যীশুর সব মন্তব্য, যেমন

১. *Talitha kum*, মার্ক ৫:৪১
২. *Ephphatha*, মার্ক ৭:৩৪
৩. *Eloi, Eloi, lama sabachthani*, মার্ক ১৫:৩৪ অরামিক ভাষায়।

৫:৪ এই পদ (যোহান ৫:৩৭-৪) পরবর্তীকালের অনুবাদকদের মন্তব্য যেটি ব্যাখ্যা করতে চেষ্টা করেছে

১. সব রোগীদের পুকুরের পাশে উপস্থিতির
২. কেন এই লোকটি এত দীর্ঘ সময় ধরে এখানে পড়ে রয়েছে
৩. কেন সে চাইতো কোন একজন তাকে জলে নামিয়ে দিক, যোহান ৫:৭ পদ

এটি স্পষ্টত যিহূদী লোকগাথা। এটি যোহানের মূল সুসমাচারের অংশ নয়। এই পদ যে অর্ন্তভুক্ত নয় তার প্রমাণ হল:

১. P⁶⁶, P⁷⁵, α , B, C*, D পাণ্ডুলিপিতে এটি নেই।
২. এটি চিহ্নিত হয়েছে তারকা চিহ্ন দ্বারা পরবর্তী ২০টির বেশি গ্রীক পাণ্ডুলিপিতে, যেটি দেখিয়েছে যে এই টেক্সট মনে করা হয় যে মূল পাণ্ডুলিপিতে ছিল না
৩. বেশ কয়েকটি Johannine (যোহানের লেখনীসমূহ) নয় এমন টার্ম এই ছোট পদে ব্যবহৃত হয়েছে।

এটি কয়েকটি প্রাচীন uncial গ্রীক পাণ্ডুলিপি A, C³, K, and L -তে অর্ন্তভুক্ত। এটি আরও অর্ন্তভুক্ত Diatessaron-এ (প্রায় ১৮০ খ্রীষ্টাব্দ), এবং Tertullian এর লেখনীতে (২০০ খ্রীষ্টাব্দ), Ambrose, Chrysostom, and Cyril। এটি দেখায় এর প্রাচীনত্ব কিন্তু মূল অনুপ্রাণিত সুসমাচারে অর্ন্তভুক্ত নয়। এটি অর্ন্তভুক্ত KJV, NASB (আপডেটস ১৯৯৫, ব্রাকেট দিয়ে), এবং NKJV, কিন্তু বাদ দেওয়া হয়েছে NASB (১৯৭০), NRSV, NJB, REB, NET Bible, and NIV-তে।

সুসমাচারগত লেখনী বিষয় সমালোচনার দ্বারা পাণ্ডুলিপিগত পার্থক্যের বিষয়ে আরও ভাল আলোচনার জন্য দেখুন Gordon Fee, *To What End Exegesis?*, pp. 17-28।

৫:৫-৬ যীশু ঠিক কি কারণে এই লোকটিকে বেছে নিয়েছিলেন তা আমাদের কাছে অজানা। সম্ভবত লোকটি সেখানে দীর্ঘদিন আছে বলে। এই লোকটির দিক থেকে সামান্য বিশ্বাসের আবশ্যিক ছিল। দৃশ্যত যীশু যিহূদী নেতাদের সম্মুখাসম্মুখী হবার চেষ্টা আরম্ভ করেছিলেন। এটি তাঁকে সুযোগ দিয়েছিল তাঁর মশীহ বিষয়ক দাবীকে দৃঢ় ভাবে ঘোষণা করার। যিশা ৩৫:৬ পদের eschatological (শেষকালীন মতবাদ) প্যাসেজ হতে পারে এই মশীহ বিষয়ক আরোগ্যদানে সম্পর্কযুক্ত। যীশুর অনেক অলৌকিক কাজ রয়েছে যেগুলি কেবলমাত্র ব্যক্তির জন্য নয়, কিন্তু যারা দেখছে তাদের জন্যও।

১. শিষ্যরা
২. যিহূদী কর্তৃপক্ষ
৩. জনতা

সুসমাচারে নির্বাচিত কতগুলি নির্দিষ্ট অলৌকিক কাজ যা স্পষ্ট ভাবে প্রকাশ করেছে যীশু কে ছিলেন। এই ঘটনাগুলি তাঁর প্রতিদিনকার কাজের প্রতিনিধিত্ব করতো। সেগুলি নির্বাচিত এটা দেখাতে

১. তাঁর ব্যক্তিত্ব
২. তাঁর সহানুভূতি
৩. তাঁর ক্ষমতা
৪. তাঁর কর্তৃত্ব
৫. পিতার বিষয়ে তাঁর সুস্পষ্ট প্রকাশ
৬. মশীহ যুগের বিষয়ে তাঁর সুস্পষ্ট প্রকাশ

৫:৮ “ওঠ, তোমার বিছানা তুলে নিয়ে হেঁটে বেড়াও” এটি একটি ধারাবাহিক আদেশ।

১. একটি present active imperative
২. পরবর্তীতে একটি aorist active imperative
৩. এরপরে আর একটি present active imperative

খাট ছিল একটি কাপড়ের গদি যা দরিদ্র লোকেরা শোয়ার জন্য ব্যবহার করতো। এই ধরনের রোগী, এবং পক্ষাঘাতগ্রস্থ লোকদের জন্য এটি বসার গদি হিসাবেও দিনের বেলা ব্যবহার হতো (মার্ক ২:৪, ৯, ১১, ১২; ৬:৫৫; প্রেরিত ৯:৩৩)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৫:৯-১৮

^{১৭} সেই দিনটা ছিল বিশ্রামবার। ^{১০} এই জন্য যে লোকটিকে সুস্থ করা হয়েছিল তাকে যিহুদীরা বললেন, “আজ বিশ্রামবার, বিছানা তুলে বয়ে নিয়ে যাওয়া তোমার উচিত নয়।” ^{১১} কিন্তু সে তাদের বলল, “যিনি আমাকে ভাল করেছেন তিনিই আমাকে বলেছেন, ‘তোমার বিছানা তুলে নিয়ে হেঁটে বেড়াও।’” ^{১২} তারা তাকে জিজ্ঞাসা করল, “কে সেই লোক যে তোমাকে বলেছে, ‘তোমার বিছানা তুলে নিয়ে হেঁটে বেড়াও?’” ^{১৩} কিন্তু যে লোকটি সুস্থ হয়েছিল সে জানত না তিনি কে, কারণ সেখানে অনেক লোক থাকতে যীশু চলে গিয়েছিলেন। ^{১৪} এরপরে যীশু সেই লোকটিকে মন্দিরে দেখতে পেয়ে তাকে বললেন, “দেখ, তুমি সুস্থ হয়েছো; আর পাপ করো না, যেন তোমার আরও মন্দ না হয়।” ^{১৫} সেই লোকটি চলে গেল, এবং যিহুদীদেরকে বলল যে যীশুই তাকে সুস্থ করেছেন। ^{১৬} আর এই কারণে যিহুদীরা যীশুকে নির্ধাতন করতে লাগল, কারণ তিনি বিশ্রামবারে এই সব করছিলেন। ^{১৭} কিন্তু তিনি তাদের উত্তর দিলেন, “আমার পিতা এখন পর্যন্ত কাজ করছেন, আর আমিও করছি।” ^{১৮} এই জন্য যিহুদীরা তাঁকে মেরে ফেলতে আরও চেষ্টা করতে লাগল, কারণ তিনি কেবল বিশ্রামবারের নিয়ম ভাঙছিলেন তা নয়, কিন্তু আবার ঈশ্বরকে নিজের পিতা বলে ডেকে নিজেকে ঈশ্বরের সমান করছিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৫:৯ “সেই দিনটা ছিল বিশ্রামবার” যিহুদী নেতারা লোকটি যে সুস্থ হয়েছে তার জন্য আনন্দ করলো না, কিন্তু তারা যীশুর উপরে বিরক্ত হয়েছিল যে তিনি তাদের মৌখিক ঐতিহ্য ভঙ্গ করেছেন (পরবর্তীতে Talmud –এ লিপিবদ্ধ করেছিল নিয়ম হিসাবে) যেটি বিশ্রামবারের সাথে সম্পর্কযুক্ত (যোহন ৫:১৬, ১৮; মথি ৯:১-২৩)।

বিশ্রামবারে যীশুর আরোগ্যদান দুই ভাবে ব্যাখ্যা করা যেতে পারে।

১. তিনি প্রতিদিনই আরোগ্যদান করতেন, কিন্তু বিশ্রামবারে সুস্থ করায় বিতর্ক জন্ম নিচ্ছিল
২. তিনি এই বিষয়টি বেছে নিতেন এই হিসাবে যেন বিতর্কের কারণে ধর্মীয় নেতাদের সাথে ধর্মতাত্ত্বিক কথোপকথনের সুযোগ হয়, যীশু প্রায়ই বিশ্রামবারে সুস্থ করতেন (মথি ১২:৯-১৪; মার্ক ১:২৯-৩১; ৩:১-৬; লুক ৬:৬-১১; ১৪:১-৬; যোহন ৫:৯-১৮; ৯:১৪)। যীশু বিশ্রামবারে মন্দ আত্মা দূর করেছেন (মার্ক ১:২১-২৮; লুক ১৩:১০-১৭)। বিশ্রামবারে খাবার বিষয়ে শিষ্যদের পক্ষ সমর্থন করেছিলেন (মথি ১২:১-৮; মার্ক ২:২৩-২৮)। যীশু বিশ্রামবারে সমাজঘরে বিতর্কিত বিষয়ে উত্থাপন করেছিলেন (লুক ৪:১৬-৩০; যোহন ৯:১৪-২৪)।

৫:১৩ “যীশু চলে গিয়েছিলেন” আক্ষরিক ভাবে এটি হল “একপাশে মাথা নোয়ান।” যীশু তাঁর সময়ে একজন সাধারণ যিহুদীর মতই দেখতে ছিলেন। তিনি জনতার মধ্যে মিশে গিয়েছিলেন।

৫:১৪

NASB, NRSV,

NJB

“আর পাপ কোর না”

NKJV

“আর পাপ করো নয়”

TEV

“পাপ করা বন্ধ কর”

এটি একটি present active imperative সাথে negative particle, যার প্রায়ই অর্থ ইতিমধ্যে চলমান কোন কাজ বন্ধ করা, কিন্তু এই প্রসঙ্গে এটি মনে হয় অসম্ভব (NET Bible, p. 1907 #8)। প্রথম শতকের যিহুদী ধর্মতত্ত্ববিদেরা অসুস্থতাকে পাপের সঙ্গে সম্পর্কিত হিসাবে দেখতেন। এটি সকল অসুস্থতার ব্যাখ্যা দিত না, যেমন দেখা যেতে পারে যীশুকে একজন জন্মান্তরকে সুস্থ করতে (যোহন ৯) এবং লুক ১৩:১-৪ পদে যীশুর কথা।

যীশু তখনও লোকটির আত্মিক জীবন সম্পর্কে কাজ করছিলেন। আমাদের কাজ আমাদের হৃদয় এবং বিশ্বাসের প্রতিফলন ঘটায়। বাইবেল ভিত্তিক বিশ্বাস উদ্দেশ্যমূলক এবং বিষয়ভিত্তিক উভয়ই, উভয়ই বিশ্বাস এবং কাজ।

আজকে মণ্ডলীতে দৈহিক আরোগ্যদানের উপরে এরকমই গুরুত্ব দান করা হয়। ঈশ্বর নিশ্চিত ভাবে আজও আরোগ্য করেন। কিন্তু ঐশ্বরীক আরোগ্যদানের ফলাফল জীবন যাপন পদ্ধতি ও অগ্রগণ্যতার আত্মিক পরিবর্তন আবশ্যিক। একটি উত্তম প্রশ্ন হতে পারে “কেন আপনি সুস্থ হতে চান?”

বিশেষ বিষয়: প্রতিটি যুগে আরোগ্যদান কি ঈশ্বরের পরিকল্পনা? (SPECIAL TOPIC: IS HEALING GOD'S PLAN FOR EVERY AGE?)

৫:১৫ “সেই লোকটি চলে গেল, এবং যিহুদীদেরকে বলল” লোকটির যিহুদী কর্তৃপক্ষকে জানাবার ঠিক কি উদ্দেশ্য ছিল তা অনিশ্চিত।

১. এটা মনে হয় কোন ভাবনা চিন্তা ছাড়া, তুচ্ছ কাজ যেটি দেখায় যে আরোগ্য সব সময় বিশ্বাস দ্বারা আরম্ভ হতো না বা শেষ বিশ্বাসে হতো না।
২. যীশু তাকে সেই রকম করতে বললেন (মথি ৮:৪; মার্ক ১:৪৪; লুক ৫:১৪; ১৭:১৪)

৫:১৬ “কারণ তিনি বিশ্রামবারে এই সব করছিলেন” এখানে verb হল একটি imperfect active indicative যেটি উল্লেখ করছে অতীতে চলমান কোন কাজ। এটি যীশুর প্রথম (বা শেষ) বিশ্রামবারে আরোগ্যদান ছিল না।

৫:১৭

NASB

“কিন্তু তিনি তাদেরকে উত্তর দিলেন”

NKJV, REV,
NRSV, NIV “কিন্তু যীশু তাদেরকে উত্তর দিলেন”
NJB “তাদেরকে তাঁর উত্তর ছিল

অধ্যাপকেরা (scribes) যারা প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি কপি করতেন তাদের প্রবণতা ছিল

১. ব্যাকরণকে সহজতর করা
২. নির্দিষ্ট সর্বনামঘটিত উল্লেখ
৩. শব্দগুচ্ছকে মানসম্মত করা

এটা জানা কঠিন যোহন ৫:১৭ পদের কোন রূপটি আসল।

১. “কিন্তু তিনি....” – P⁷⁵, K, B, W
২. “কিন্তু যীশু....” – P⁶⁶, A, D, L
৩. “কিন্তু প্রভু....” বা “প্রভু যীশু” – Syriac অনুবাদ

UBS⁴ একে দিয়েছে option #2 একটি "C" রেটিং (সিদ্ধান্ত গ্রহণ কঠিন)।

□ “আমার পিতা এখন পর্যন্ত কাজ করছেন, আর আমিও করছি” এগুলি উভয়ই present middle (deponent) indicatives। যীশু বলেছিলেন যে পিতা বিশ্রামবারে ভাল কাজ করতে বিরত হন না এবং পুত্রও হন না (এই পদের আরও ভাল আলোচনার জন্য দেখুন Manfred Brauch, *Abusing Scripture*, p. 219)। এটি, প্রকৃত অর্থে, যীশুর একটি নিশ্চয়তার উপলব্ধি ছিল পিতার সঙ্গে তাঁর অদ্বিতীয় সম্পর্কের (যোহন ৫:১৯-২৯)।

এক ঈশ্বরবাদ(দ্বি বি ৬:৪) সম্পর্কে যিহুদী ধারণা ছিল বিশেষ ভাবে এই জগতের ঘটনাসমূহের “একটি কারণ” ব্যাখ্যায় প্রকাশ (বিচার ৯:২৩; ইয়োব ২:১০; উপ ৭:১৪; যিশা ৪৫:৭; ৫৯:১৬; বিলাম ৩:৩৩-৩৮; আমোষ ৩:৬)। সব কাজই চূড়ান্ত ভাবে ছিল এক সত্যময় ঈশ্বরের কাজ। যখন যীশু এই জগতে ঈশ্বরের দ্বৈত প্রতিনিধির কথা বলতে চেষ্টা করেছিলেন, তিনি বলতে চেষ্টা করেছিলেন ঈশ্বরীক দ্বৈতবাদের কারণ ও ফলাফল বলতে। এটি হল ত্রিত্বের কঠিন সমস্যা। এক ঈশ্বর, কিন্তু তিনটি ব্যক্তিত্বে প্রকাশ (মথি ৩:১৬-১৭; ২৮:১৯; যোহন ১৪:২৬; প্রেরিত ২:৩৩-৩৪; রোমীয় ৮:৯-১০; ১ করি ১২:৪-৬; ২ করি ১:২১-২২; ১৩:১৪; গালা ৪:৪; ইফি ১:৩-১৪; ২:১৮; ৪:৪-৬; তীত ৩:৪-৬; ১ পিতর ১:২)। দেখুন যোহন ১৪:২৬ পদে [বিশেষ বিষয়: ত্রিত্ব \(SPECIAL TOPIC: THE TRINITY\)](#)

৫:১৮ “এই জন্য যিহুদীরা তাঁকে মেরে ফেলতে আরও চেষ্টা করতে লাগল” দুটি কারণের জন্য যিহুদীরা যীশুকে মেরে ফেলতে চাইছিল।

১. তিনি প্রকাশ্যে বিশ্রামবার বিষয়ে মৌখিক ঐহিত্য(Talmud) ভাঙ্গছিলেন (আক্ষরিক ভাবে, “আলগা করা,” imperfect active indicative, মথি ৫:১৯)
২. তাঁর বক্তব্য দেখায় যে তারা তাঁকে বুঝেছিল যে তিনি নিজেকে ঈশ্বরের সমান বলে দাবি করছেন (যোহন ৮:৫৮-৫৯; ১০:৩৩; ১৯:৭)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৫:১৯-২৩

^{১৯} তাই যীশু উত্তর করে তাদেরকে বললেন, “সত্য, সত্য, আমি তোমাদের বলছি, পুত্র নিজের থেকে কিছুই করতে পারেন না, কেবল পিতাকে যা করতে দেখেন তাই করেন; কারণ পিতা যা যা করেন, পুত্রও সেই সব সে রকমই করেন। ^{২০} কারণ পিতা পুত্রকে ভালবাসেন, এবং নিজে যা যা করেন সবই তাঁকে দেখান; এবং পিতা এর থেকেও মহৎ মহৎ কাজ তাঁকে দেখাবেন, যেন তোমরা আশ্চর্য হও। ^{২১} কারণ পিতা যেমন মৃতদের উঠান ও তাদের জীবন দেন, সে রকমই পুত্রও যাকে ইচ্ছা তাকে জীবন দেন। ^{২২} এই জন্য পিতা কারও বিচার করেন না, কিন্তু সমস্ত বিচারের ভার পুত্রকে দিয়েছেন, ^{২৩} যেন সকলে যেমন পিতাকে সম্মান করেন তেমনি পুত্রকেও সম্মান করেন। পুত্রকে যে সম্মান করে না সে পিতাকেও সম্মান করে না যিনি তাঁকে পাঠিয়েছেন। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১৯,২৪,২৫ “সত্য, সত্য” এটি আক্ষরিক ভাবে “আমেন, আমেন।” টার্ম “আমেন” হল ইব্রীয় থেকে অনুবাদ। এর মূল অর্থ নির্ভরযোগ্যতা। এটি সত্যকে নিশ্চিত ব্যবহৃত হয়েছে। যীশু কোন মন্তব্যের শুরুতে এই শব্দের একমাত্র ব্যবহার জানতেন। তিনি এটি ব্যবহার করেছেন তাৎপর্যপূর্ণ মন্তব্যের পূর্বে। যোহন একমাত্র একজন যিনি এই প্রাথমিক টার্ম দু’বার লিপিবদ্ধ করেছেন। যোহন ১:৫১ পদে দেখুন [বিশেষ বিষয়: আমেন \(SPECIAL TOPIC: AMEN\)](#)

৫:১৯ “পুত্র” পরবর্তী কয়েকটি পদে “পুত্র” টার্মে একটি ধর্মতাত্ত্বিক তাৎপর্যপূর্ণ পুনরাবৃত্তি রয়েছে। এই সংক্ষিপ্ত প্রসঙ্গে এটি আট বার ব্যবহৃত হয়েছে। এটি দেখায় যীশুর অদ্বিতীয় উপলব্ধি পিতার সঙ্গে তাঁর সম্পর্কের এবং প্রতিফলিত করে “মনুষ্য পুত্র” এবং “ঈশ্বর পুত্র” উপাধি।

□ “পুত্র নিজের থেকে কিছুই করতে পারেন না” যেহেতু প্রায়ই সত্য, নূতন নিয়ম যীশুকে উপস্থাপন করেছে paradoxical (স্ববিরাধিতামূলক) অভিব্যক্তিতে। কিছু কিছু টেক্সটে

১. তিনি পিতার সাথে একজন (যোহন ১:১; ৫:১৮; ১০:৩০,৩৪-৩৮; ১৪:৯-১০; ২০:২৮)
২. তিনি পিতা থেকে পৃথক (যোহন ১:২,১৪,১৮; ৫:১৯-২৩; ৮:২৮; ১০:২৫,২৯; ১৪:১০,১১,১২,১৩,১৬; ১৭:১-২)
৩. এমনকি তিনি তাঁর অধীনস্থ (যোহন ৫:২০,৩০; ৮:২৮; ১২:৪৯; ১৪:২৮; ১৫:১০,১৯-২৪; ১৭:৮)

এটি সম্ভবত দেখায় যে যীশু সম্পূর্ণ ঐশ্বরীক, কিন্তু পৃথক, স্বতন্ত্র ব্যক্তিত্ব এবং ঈশ্বরত্বের অনন্তকালীন প্রকাশ।

ব্যাখ্যা পুস্তক যেটি edited by John Raymond E. Brown, *The Jerome Biblical Commentary*, একটি সুন্দর পয়েন্ট উল্লেখ করেছে:

“এখানে অধীনস্থের তাৎপর্য অবশ্যই অপসারিত হবে না যীশুর কথার গুরুত্ব দ্বারা যা উল্লেখ করে কেবলমাত্র তাঁর মানবিক স্বভাব... এটি হারিয়ে ফেলে Johannine Christology (যোহনের লেখনীতে খ্রীষ্টতত্ত্ব) চমৎকার পয়েন্ট। বরং, যীশু জোর দিয়েছিলেন পিতা ও পুত্রের মধ্যকার সম্পূর্ণ কাজের ঐক্যে, যেটি, অবশ্যই, মূলত দাবী করে প্রকৃতির একটি পরিচিতি; যোহন ১৬:১২ থেকে কয়েকটি পদে এই একই প্রক্রিয়া ব্যবহৃত হয়েছে পুত্রের সাথে পবিত্র আত্মার সম্পর্কে। কিন্তু সমগ্র সুসমাচারে আমরা কখনো পাই না ত্রিভুত্ব আলোচিত হয়েছে abstract theology (বিমূর্ত ধর্মতত্ত্ব) একটি thesis হিসাবে; এটি সব সময় এগিয়েছে soteriology (প্রকৃতি ও পরিব্রাজনের উপায় বিষয়ক ধর্মতত্ত্বের শাখা) এর সঙ্গে এর সামঞ্জস্যতার মৌলিক দৃষ্টিভঙ্গি থেকে” (পৃ.৪৩৪)।

□ “কেবল পিতাকে যা করতে দেখেন তাই করেন” মানুষ কখনও পিতাকে দেখে নাই (যোহন ৫:৩৭ এবং ১:১৮), কিন্তু পুত্র দাবী করছেন তাঁর বিষয়ে ঘনিষ্ঠ, ব্যক্তিগত, বর্তমান জ্ঞান (যোহন ১:১-৩)।

□ “কারণ পিতা যা যা করেন, পুত্রও সেই সব সেই রকমই করেন” যীশুর এই কাজে ও শিক্ষায় মানুষ স্পষ্ট ভাবে দেখবে অদৃশ্য ঈশ্বরকে (কল ১:১৫; ইব্রীয় ১:৩)।

৫:২০ “কারণ পিতা পুত্রকে ভালবাসেন, এবং নিজে যা যা করেন সবই তাঁকে দেখান” এগুলি উভয় Present active indicatives যেটি বলে কোন চলমান কাজের কথা। এটি হল ভালবাসার জন্য গ্রীক টার্ম, *phileō*। কেউ হয়তো আশা করেছে *agapeō* যেমন যোহন ৩:৩৫ পদ। ভালবাসার জন্য এই দুটি শব্দ রয়েছে Koine গ্রীকে ব্যাপক semantic (ভাষাগত অর্থের) একটির আর একটিকে ছাপিয়ে যাওয়া (দেখুন D. A. Carson, *Exegetical Fallacies*, 2nd ed., pp. 32-33 and F. F. Bruce, *Answers to Questions*, p. 73)।

□ “মহৎ মহৎ কাজ” প্রসঙ্গে এটি উল্লেখ করে মৃতদের উত্থান (যোহন ৫:২১, ২৫-২৬) এবং বিচার কাজ সাধন (যোহন ৫:২২, ২৭)।

□ “যেন তোমরা আশ্চর্য হও” এই উদ্দেশ্যমূলক বাক্যাংশ স্পষ্ট দেখায় যে অলৌকিক কাজের উদ্দেশ্য হল যেন যিহূদীরা(বহুবচন) অদ্বিতীয় পুত্রকে বিশ্বাস করে (যোহন ৫:২৩; প্রেরিত ১৩:৪১[হবক ১:৫])।

৫:২১ “পিতা যেমন মৃতদের উঠান . . . সে রকম, পুত্রও” পুরাতন নিয়মে YHWH একমাত্র একজন যিনি জীবন দিতে পারেন (দ্বি বি ৩২:৩৯)। সত্য হল যে যীশু মৃতকে জীবন দান করতে পারেন যা YHWH সাথে একই রকম সমতার মন্তব্য (যোহন ৫:২৬)।

যীশু এখন অনন্ত জীবন দেন (২ করি ৫:১৭; কল ১:১৩) যেটি যোহন ৫:২৬ পদে নূতন যুগের দৈহিক জীবনের প্রকাশের সঙ্গে সংযুক্ত (১ থিষ ৪:১৩-১৮)। এটি মনে হয় যে যোহন বিস্তার করছেন যীশুর সাথে সম্মুখসম্মুখী হচ্চেন ব্যক্তিগত ভাবে, যখন সেখানে এখনও রয়েছে ভবিষ্যতের সমন্বিত ঘটনা (বিচার এবং পরিব্রাজ উভয়ই)।

□ “সে রকম পুত্রও যাদেরকে ইচ্ছা জীবন দেন” পুত্র কাকে মনোনিত করে জীবন দেন? প্রসঙ্গে এটি Calvinism জন্য proof-text নয়, কিন্তু এটি বলার চেষ্টা যে যীশুকে বিশ্বাস জীবন আনে (যোহন ১:১২; ৩:১৬)। যোহন ৬:৪৪, ৬৫ পদ তেকে উত্তেজনা এসেছে। আত্মা কি বেছে নেন “সকলকে” বা কাউকে কাউকে? আমি মনে করি এটা স্পষ্ট যে পতিত মানুষ আত্মিক রাজ্যে প্রথমেই এগিয়ে যেতে পারে না, কিন্তু আমি বাইবেল ভিত্তিক ভাবে সেই সত্যে নিবেদিত যে তাদেরকে অবশ্যই সাড়া প্রদান করতে হবে (এবং সাড়া প্রদান করে যেতেই হবে) আত্মার উৎসাহে মন পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা, এবং ধৈর্যধারণের দ্বারা! প্রকৃত রহস্য হল কেন কিছু কিছু লোক যারা সুসমাচার শোনে আর “না” বলে! আমি একে বলি “অবিশ্বাসের রহস্য।” বাস্তবতায় এটি সুসমাচারের “ক্ষমার অযোগ্য পাপ” এবং ১ যোহনের “পাপে মৃত্যু।” দেখুন ১ যোহন ৫:১৬ পদে বিশেষ বিষয়।

বিশেষ বিষয়: ক্ষমার অযোগ্য পাপ (SPECIAL TOPIC: THE UNPARDONABLE SIN)

৫:২২ দৃঢ় double negative এবং perfect tense verb জোর দেয় এই সত্যে যে বিচার পুত্রের হাতে অর্পিত হয়েছে (যোহন ৫:২৭; ৯:৩৯; প্রেরিত ১০:৪২; ১৭:৩১; ২ তীম ৪:১; ১ পিতর ৪:৫)। এই পদ এবং যোহন ১৩:১৭ পদের মধ্যকার দৃশ্যমান স্ববিরোধিতার (paradox) ব্যাখ্যা করেছে এই সত্য দ্বারা যে যীশু, এই “শেষ কালে,” কাউকেই বিচার করবেন না, কিন্তু মানুষ নিজেরাই বিচারিত হবে যীশু খ্রীষ্টের প্রতি তাদের প্রতিক্রিয়া দ্বারা। যীশুর eschatological (শেষকালীন মতবাদ) বিচারের (অবিশ্বাসের) ভিত্তি তাঁকে গ্রহণ অথবা প্রত্যাখ্যানের উপরে।

অনন্ত জীবন দান বনাম বিচার ছিল যোহন ৩:১৭-২১, ৩৬ পদের মূল ভাব(theme)। খ্রীষ্টের ঈশ্বরত্বের ভালবাসা, যখন প্রত্যাখ্যাত হয়েছে, নেমে এসেছে ঈশ্বর ক্রোধ! সেখানে মাত্র দুটি বিকল্প! কেবল মাত্র একটি পথ খ্রীষ্টে বিশ্বাসে অনন্ত জীবন লাভ (যোহন ১০:১-১৮; ১৪:৬; ১ যোহন ৫:৯-১২)!

৫:২৩ “তেমনি সকলে পুত্রকে সম্মান করে” এই ব্যাপক টার্ম “সকলে” উল্লেখ করতে পারে একটি eschatological (শেষকালীন মতবাদ) বিচার দৃশ্য

□ “পুত্রকে যে সম্মান করে না সে পিতাকে সম্মান করে না যিনি তাঁকে পাঠিয়েছেন” এই মন্তব্য ১ যোহন ৫:১২ পদের মত খুবই একই রকম। কেউই ঈশ্বরকে জানতে পারে না যে তাঁর পুত্রকে জানে না, এবং বিপরিত ভাবে, কেউই পিতার সম্মান বা প্রশংসা করতে পারে না যে পুত্রের সম্মান বা প্রশংসা করে না!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৫:২৪-২৯

^{২৪} “সত্য, সত্য, আমি তোমাদের বলছি, যে আমার কথা শোনে, এবং যিনি আমাকে পাঠিয়েছেন তাঁকে বিশ্বাস করে, তার অনন্ত জীবন আছে, এবং তাকে বিচারে আনা হয় না, কিন্তু সে মৃত্যু থেকে জীবনে পার হয়ে গেছে। ^{২৫} সত্য, সত্য, আমি তোমাদের বলছি, এমন সময় আসছে বরং এখনই এসে গেছে, যখন মৃতেরা ঈশ্বরের পুত্রের গলার আওয়াজ শুনবে, এবং যারা শুনবে তারা জীবিত হবে। ^{২৬} এর কারণ পিতা নিজে যেমন জীবনের অধিকারী, তেমনি তিনি পুত্রকেও জীবনের অধিকারী হতে দিয়েছেন; ^{২৭} আর তিনি তাঁকে বিচার করার অধিকার দিয়েছেন, কারণ তিনি মনুষ্য পুত্র। ^{২৮} এতে আশ্চর্য হয়ো না; কারণ এমন সময় আসছে, যারা কবরে আছে তারা সবাই তাঁর আওয়াজ শুনবে, ^{২৯} এবং যারা ভাল কাজ করেছে তারা পুনরুত্থিত জীবনের জন্য, যারা মন্দ কাজ করেছে তারা বিচারের জন্য পুনরুত্থিত হবে। (অনুবাদকৃত টেক্সট)।

৫:২৪ “সত্য, সত্য” যোহনের যীশুর কথা ডাবল (যোহন ৫:২৫) করার অনন্যতা একটি বৈশিষ্ট্যময় ভূমিকা তাৎপর্যপূর্ণ মন্তব্যের। যোহন ১:৫১ পদে বিশেষ বিষয় আমেন দেখুন।

□ “যে আমার কথা শোনে এবং যিনি আমাকে পাঠিয়েছেন তাঁকে বিশ্বাস করে, তার অনন্ত জীবন আছে” এগুলি হল তিনটি present active verbals। পিতার উপরে বিশ্বাসে (যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন) এটি গুরুত্বদান করে যা পুত্রে বিশ্বাস করার অনুশীলনের দ্বারা হয় (১ যোহন ৫:৯-১২)। Synoptic সুসমাচারে, অনন্ত জীবন প্রায়ই ভবিষ্যতের ঘটনা যেটি প্রত্যাশা করা হয় বিশ্বাসের কারণে, কিন্তু যোহনে এটি বর্তমান বাস্তবতা বলে বৈশিষ্ট্যময় হয়েছে (অর্থাৎ, যোহন ৮:৫১; ১১:২৫)। এটা সম্ভব যে টার্ম “শুনে” প্রতিফলিত করে ইব্রীয় টার্ম *shema*, যার অর্থ “যেমন শুনেছো সেভাবে পালন করো” (দ্বি বি ৬:৪)।

□ “যিনি আমাকে পাঠিয়েছেন” verb *apostellō* (aorist active participle) হল “প্রেরিত” শব্দের (যোহন ৫:৩৬) মূল রূপ। এটি ব্যবহৃত হয়েছিল রাব্বীদের দ্বারা “কোন একজন কোন কাজ সাধনের জন্য কাউকে অফিশিয়াল প্রতিনিধি হিসাবে পাঠান” হিসাবে। এই টার্ম পিতা তাঁর প্রতিনিধি হিসাবে পুত্রকে পাঠিয়েছেন অর্থে যোহনে প্রায়ই ব্যবহৃত হয়েছে। নোট দেখুন যোহন ৪:৩৪ পদ।

বিশেষ বিষয়: পাঠান (APOSTELLŌ) (SPECIAL TOPIC: SEND (APOSTELLŌ))

□ “কিন্তু সে মৃত্যু থেকে জীবনে পার হয়ে গেছে” এটি Perfect active indicative; যেটি ঘটেছে অতীতে এবং এখন জীবন্ত সত্তা হয়েছে। ঈশ্বরের রাজ্য উপস্থিত, তথাপি ভবিষ্যৎ, সেরকমই, অনন্ত জীবন (যোহন ৫:২৫-২৬; ১ যোহন ৩:১৪)। ২৫ পদ রাজ্য এখনই উপস্থিত বিষয়ে একটি দৃঢ় মন্তব্য!

৫:২৫ “এমন সময় আসছে বরং এখনই এসে গেছে” এটি এমন এক রকমের ভাষা যা যোহনের লেখনীকে বৈশিষ্ট্যমণ্ডিত করেছে। শব্দ এবং শব্দগুচ্ছের প্রায়ই দুটি অর্থ থাকে। এই ক্ষেত্রে, “সময়” অর্থ

১. পরিব্রাজনের সময়
২. বিচারের সময়

সময় কাঠামো বর্তমান ও ভবিষ্যৎ উভয়ই (যোহন ৫:২৯; ৬:৩৯,৪৪,৫৪)। যীশুর সাথে কোন একজন যা করেছে এখন তা স্থির করবে তার ভবিষ্যতে কি হবে। পরিব্রাজণ এবং বিচার উভয়ই বর্তমান বাস্তবতা এবং ভবিষ্যতে সুসম্পূর্ণ হবে (যোহন ৫:২৮)।

বিশেষ বিষয়: সময় (SPECIAL TOPIC: THE HOUR)

□ “যখন মৃতেরা ঈশ্বরের পুত্রের আওয়াজ শুনবে” ২৫ পদ বলছে আত্মিক মৃত্যুর কথা; যোহন ৫:২৯ পদ বলছে সকল দৈহিক মৃত্যুবরণকারীদের পুনরুত্থানের কথা। বাইবেল তিন ধরনের মৃত্যুর কথা বলেছে।

১. আত্মিক মৃত্যু (আদি ৩)
২. দৈহিক মৃত্যু (আদি ৫)
৩. অনন্ত কালীন মৃত্যু (ইফি ২:২; প্রকা ২:১১; ২০:৬,১৪) বা অগ্নি হ্রদ, নরক (*Gehenna*)।

এটি একটি দুর্লভ ব্যবহৃত শব্দগুচ্ছ “ঈশ্বর পুত্র।” দেখুন বিশেষ বিষয় ১ যোহন ৩:৮ পদে। এই শব্দগুচ্ছ বেশি ব্যবহৃত হবার একটি কারণ হল দেবতা (Mt. Olympus) সম্পর্কে গ্রীক ধর্মীয় দৃষ্টিভঙ্গি যেখানে বলা হয় দেবতার মানবিক মহিলাদের স্ত্রী বা সঙ্গি হিসাবে গ্রহণ করে। যীশুকে বলা হয়েছে ঈশ্বরের পুত্র যেখানে যৌনতার প্রজন্ম বা সময় পরম্পরা প্রতিফলিত করে না, কিন্তু ঘনিষ্ঠ সম্পর্ক। এটি একটি যিহুদী পারিবারিক রূপক। যীশু তাঁর ঈশ্বরত্ব এই যিহুদী নেতাদের কাছে খুব স্পষ্ট এবং সুনির্দিষ্ট ভাবে পুরাতন নিয়মের শ্রেণীবিভাগ ব্যবহার করে নিশ্চিত করেছিলেন (যোহন ৫:২১, ২৬)।

৫:২৬ “কারণ পিতা যেমন জীবনের অধিকারী” মূলত এই টার্মের অর্থ YHWH যাত্রা ৩:১৪ পদ থেকে। এটি রূপটি ঈশ্বরের নিয়মের নাম এটি এসেছে ইব্রীয় verb “হওয়া” থেকে। এর অর্থ চিরকাল জীবিত, কেবলমাত্র একজন জীবিত। দেখুন বিশেষ বিষয়: ঈশ্বরের নাম যোহন ৬:২০ পদে।

পুরাতন নিয়মে YHWH এর “জীবন” আছে (১ তীম ১:১৭; ৬:১৬) এবং একমাত্র তিনিই তা অন্যদের দিতে পারতেন (অর্থাৎ, ইয়োব ১০:১২; ৩৩:৪; গীত ৩৬:৯)। যীশু দাবী করেছেন যে YHWH তাঁকে এই একই অনন্য ক্ষমতা দিয়েছেন!

□ “তেমনি তিনি পুত্রকেও জীবনের অধিকারী করেছেন” যীশুর ঈশ্বরত্বের এটি একটি দৃঢ় নিশ্চয়তা (যোহন ১:৪; ১ যোহন ৫:১১)।

৫:২৭ কারণ হল যে যীশু সক্ষম (*exousia*, কর্তৃত্ব রয়েছে, যোহন ১০:১৮; ১৭:২; ১৯:১১) সঠিক ভাবে বিচার করতে কারণ তিনি সম্পূর্ণ ঈশ্বর কিন্তু আবার সম্পূর্ণ মানুষ। “মনুষ্য পুত্র” এই শব্দগুচ্ছের কোন নির্দিষ্ট প্রবন্ধ নেই (যিহি ২:১ এবং গীত ৮:৪)। তিনি সম্পূর্ণ ভাবে আমাদের জানে (ইব্রীয় ৪:১৫); তিনি সম্পূর্ণ ঈশ্বরকে জানেন (যোহন ১:১৮; ৫:৩০)।

এটি বিশ্বাসের যে একটি প্রসঙ্গে যেখানে যীশু নিজেকে “পুত্র” বলেছেন (যোহন ৫:১৯[দু’বার], ২০,২১, ২২,২৩[দু’বার], ২৫, ২৬) তাহল যোহন ৫:২৭ পদে যেটি হল উপাধি “মনুষ্য পুত্র”(কিন্তু সাধারণ কোন নির্দিষ্ট প্রবন্ধ ছাড়া) ব্যবহৃত হয়েছে। যাহোক, একই পরিবর্তন (১) যোহন ৩:১৩,১৪ বনাম যোহন ৩:১৬,১৭,১৮,৩৫,৩৬; (২) যোহন ৬:২৭,৫৩ বনাম যোহন ৬:৪০; এবং (৩) যোহন ৮:২৮ বনাম যোহন ৮:৩৫,৩৬। যীশু উভয় উপাধিই নিজের জন্য অদলবদল করে ব্যবহার করেছেন।

৫:২৮ এতে আশ্চর্য হলো না না” এটি একটি present active imperative সাথে একটি negative particle যার সাধারণত অর্থ ইতিমধ্যে চলতে থাক কাজকে বন্ধ করা। যীশুর পূর্বের কথা এই যিহুদী নেতাদের ভীষন আঘাতজনক ছিল, তাঁর পরবর্তী মন্তব্য তাদের একেবারে বাকরুদ্ধ করে দিয়েছিল।

□ “যখন যারা কবরে আছে তারা সকলে তাঁর আওয়াজ শুনবে” এটি মনে হয় প্রতিফলিত করছে মশীহের দ্বিতীয় আগমনের উল্লাস (১ থিথ ৪:১৬)। লাসার (যোহন ১১:৪৩) এই ঘটনার একটি paradigm। এটি ২ করি ৫,৬,৮ পদের সত্যকে অস্বীকার করা নয়। এটি চেষ্টা করছে পুত্রের সার্বজনীন বিচার এবং কর্তৃত্বের বিষয়ে বলতে।

এই প্রসঙ্গের অনেক কিছু এখানে এবং বর্তমানের আত্মিক জীবনের বাস্তবতার সঙ্গে সম্পর্কিত (eschatology (শেষকালীন মতবাদ) উপলব্ধি)। কিন্তু এই শব্দগুচ্ছ চেষ্টা করছে শেষ কালীন ভবিষ্যত eschatological (শেষকালীন মতবাদ) ঘটনার কথা বলতে। ঈশ্বরের রাজ্য ইতিমধ্যে এবং এখনও নয় এই দুইয়ের মধ্যকার উত্তেজনা বৈশিষ্ট্যময় করেছে যীশুর শিক্ষা Synoptic সুসমাচারে, কিন্তু বিশেষ করে যোহনে।

৫:২৯ বাইবেল দৃষ্ট ও ধার্মিক উভয়েরই পুনরুত্থানের কথা বলেছে (দানিয়েল ১২:২; মথি ২৫:৪৬; থেরিত ২৪:১৫)। বেশির ভাগ প্যাসেজই জোর দিয়েছে কেবল ধার্মিকের পুনরুত্থানের উপরে (ইয়োব ১৯:২৩-২৯; যিশা ২৬:১৯; যোহন ৬:৩৯-৪০,৪৪,৫৪; ১১:২৪-২৫; ১ করি ১৫:৫০-৫৮)।

এটি কাজের উপরে বিচারের বিষয় উল্লেখস করছে না, বরং বিচারের ভিত্তি বিশ্বাসীদের জীবন যাপনের উপরে (মথি ২৫:৩১-৪৬; গালা ৫:১৬-২১)। ঈশ্বরের বাক্যে এবং জগতে একটি সাধারণ নীতি রয়েছে, মানুষ যা বোনে তাই কাটে (হিতো ১১:২৪-২৫; গালা ৬:৬)। অথবা একে পুরাতন নিয়মের উদ্ধৃতিতে রাখা, “ঈশ্বর মানুষকে তাঁর কর্ম অনুসারে পুরস্কার দেবেন”(গীত ৬২:১২; ২৮:৪; ইয়োব ৩৪:১১; হিতো ২৪:১২; মথি ১৬:২৭; রোমীয় ২:৬-৮; ১ করি ৩:৮; ২ করি ৫:১০; ইফি ৬:৮ এবং কল ৩:২৫)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৫:৩০

৩০ আমি নিজের থেকে কিছুই করতে পারি না। যেমন শুনি, তেমনই বিচার করি; আর আমার বিচার ন্যায্য, কারণ আমি নিজের ইচ্ছামত কাজ করতে চাই না, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তাঁরই ইচ্ছামত কাজ করতে চাই। (অনুবাদকৃত টেক্সট)।

৫:৩০ যীশু, ঈশ্বরের দেহধারী বাক্য(Logos) পিতার বশীভূত ছিলেন এবং বাধ্য। সমর্পিত হওয়ার উপরে এই দৃঢ় গুরুত্বারোপ যোহন ৫:১৯ পদেও দেখা গিয়েছে(“পুত্র কিছুই করতে পারেন না”)। এটি এই ইঙ্গিত দিচ্ছে না যে পুত্র কিছুটা নগণ্য, কিন্তু ত্রিভু পরিত্রাণ কাজের প্রতিনিধিত্ব করছে তিনটি স্বতন্ত্র ব্যক্তিত্বের, পিতা, পুত্র এবং পবিত্র আত্মা।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৫:৩১-৪৭

৩১ আমি যদি আমার নিজের পক্ষে নিজেই সাক্ষ্য দিই, তবে আমার সাক্ষ্য সত্য নয়। ৩২ অন্য একজন আছেন যিনি আমার বিষয়ে সাক্ষ্য দিচ্ছেন, এবং আমি জানি আমার বিষয়ে তিনি যে সাক্ষ্য দেন তা সত্যি। ৩৩ তোমরা যোহনের কাছে লোক পাঠিয়েছিলে, আর তিনি সত্যের পক্ষে সাক্ষ্য দিয়েছেন। ৩৪ কিন্তু আমি যে সাক্ষ্য গ্রহণ করি তা মানুষের নয়, কিন্তু আমি এই সব বলছি যেন তোমরা পরিত্রাণ পাও। ৩৫ তিনি সেই জ্বলন্ত বাতি ছিলেন যা আলো দিচ্ছিল এবং তোমরা তাঁর আলোতে কিছু সময়ের জন্য আনন্দ করতে ইচ্ছুক হয়েছিলে। ৩৬ কিন্তু যোহনের দেওয়া সাক্ষ্যের চেয়েও আমার আরও মহান সাক্ষ্য আছে; কারণ পিতা আমাকে যে সব কাজ করতে দিয়েছেন—সে গুলিই আমি করছি আর সেগুলি আমার বিষয়ে এই সাক্ষ্য দেয় যে, পিতা আমাকে পাঠিয়েছেন। ৩৭ আর পিতা যিনি আমাকে পাঠিয়েছেন, তিনিই আমার বিষয়ে সাক্ষ্য দিয়েছেন। তোমরা কখনও তাঁর আওয়াজ শোন নি এমনকি তাঁর আকারও দেখ নি। ৩৮ আর তাঁর বাক্য তোমাদের অন্তরে থাকে না, কারণ তিনি যাকে পাঠিয়েছেন তাঁকে তোমরা বিশ্বাস কর না। ৩৯ তোমরা শাস্ত্র অনুসন্ধান করে থাক কারণ তোমরা মনে করে থাক যে তাতেই তোমাদের অনন্ত জীবন আছে; আর এটাই আমার বিষয়ে সাক্ষ্য দেয়; ৪০ আর তোমরা জীবন পাবার জন্য আমার কাছে আসতে ইচ্ছুক নও। ৪১ আমি মানুষের কাছ থেকে গৌরব গ্রহণ করি না; ৪২ কিন্তু আমি তোমাদের জানি,

তোমাদের অন্তরে ঈশ্বরের জন্য ভালবাসা নেই।^{৪০} আমি আমার পিতার নামে এসেছি, আর তোমরা আমাকে গ্রহণ কর না; অন্য কেউ যদি তার নিজের নামে আসে, তাকে তোমরা গ্রহণ করবে।^{৪১} তোমরা কিভাবে বিশ্বাস করতে পার, যখন তোমরা পরস্পরের কাছ থেকে গৌরব গ্রহণ করছো এবং কেবল মাত্র একজন ঈশ্বর যার কাছ থেকে যে গৌরব আসে তার চেষ্ঠা কর না? ^{৪২} মনে কোর না যে আমি পিতার কাছে তোমাদের দোষী করব; একজন আছেন যিনি তোমাদের দোষী করছেন তিনি মোশি, যার উপরে তোমরা আশা করে আছ।^{৪৩} এই জন্য যে যদি তোমরা মোশিকে বিশ্বাস করতে, তবে আমাকেও বিশ্বাস করতে, কারণ আমারই বিষয়েই তিনি লিখেছেন।^{৪৪} কিন্তু তার লেখায় যদি তোমরা বিশ্বাস না কর, তবে তোমরা আমার কথায় কিভাবে বিশ্বাস করবে? (অনুবাদকৃত টেক্সট)।

৫:৩১ পুরাতন নিয়মে কোন বিষয় নিশ্চিত হবার জন্য দুজন সাক্ষীর দরকার হতো (গণনা ৩৫:৩০; দ্বি বি ১৯:১৫)। এই প্রসঙ্গে যীশুর তাঁর নিজের বিষয়ে ৫ জন সাক্ষীর কথা বলেছেন।

১. পিতা (যোহন ৫:৩২, ৩৭)
২. বাপ্তিস্ম দাতা যোহন (যোহন ৫:৩৩, তুলনা যোহন ১:১৯-৫১)
৩. যীশুর নিজের কাজ (যোহন ৫:৩৬)
৪. শাস্ত্র (যোহন ৫:৩৯)
৫. মোশি (যোহন ৫:৪৬) যেটি প্রতিফলিত করে দ্বি বি ১৮:১৫-২২ পদ

যোহন ১:৮ পদে বিশেষ বিষয় দেখুন

□ “যদি” এটি third class conditional sentence যেটি বলছে সম্ভাবনাময় কাজ।

□ “আমার সাক্ষ্য সত্য নয়” এটি মনে হয় ৮:১৪ পদের অসঙ্গতি। প্রসঙ্গ দেখায় যে এই মন্তব্য ভিন্ন অবস্থান তৈরী করছে এখানে দেখাচ্ছেন আর কতজন অন্য সাক্ষী রয়েছেন, কিন্তু যোহন ৮:১৪ পদে তিনি চেষ্ঠা করেছেন বলতে যে কেবলমাত্র তাঁরটাই দরকার!

“সত্য”-র জন্য দেখুন বিষয় বিষয়: যোহনে সত্য যোহন ৬:৫৫ পদে।

৫:৩২ “আমার বিষয়ে আর একজন সাক্ষ্য দিচ্ছেন” এটি পিতা ঈশ্বরকে উল্লেখ করে (১ যোহন ৫:৯) কারণ *allos* টার্মের ব্যবহার, যার অর্থ “একই রকম আর একটি” *heteros* এর *contradistinction*, যার অর্থ “ভিন্ন প্রকারের একটি,” যদিও এই স্বতন্ত্রতা Koine গ্রীকে মিলিয়ে গেছে। দেখুন [বিশেষ বিষয়: যীশুর সাক্ষী \(SPECIAL TOPIC: WITNESSES TO JESUS\)](#) যোহন ১:৮ পদে।

৫:৩৩ “তোমরা যোহনের কাছে লোক পাঠিয়েছিলে” এটি বাপ্তিস্ম দাতা যোহনের কথা বলছে (যোহন ১:১৯)।

৫:৩৪ “আমি এই সব বলছি যেন তোমরা পরিত্রাণ পাও” এটি একটি aorist passive subjunctive। passive voice ইঙ্গিত দিচ্ছে ঈশ্বরের প্রতিনিধি বা আত্মার (যোহন ৬:৪৪, ৬৫)। মনে রাখুন সুসমাচারগুলি হল প্রচার ভিত্তিক ঘোষণা(অর্থাৎ, ক্ষুদ্র পুস্তিকা), ঐতিহাসিক জীবন চরিত্র নয়। এখানে সকল সুসমাচারে প্রচারমূলক উদ্দেশ্য যা লিখিত হয়েছে (যোহন ২০:৩০-৩১)।

৫:৩৫ “তিনি বাতি ছিলেন” এটি জ্যোতির আর একটি গুরুত্ব, এখানে যোহনের প্রারম্ভিক বার্তা (যোহন ১:৬-৮)।

৫:৩৬ “সে গুলিই আমি করছি-আর সেগুলি আমার বিষয়ে এই সাক্ষ্য দেয়” যীশুর কাজ পুরাতন নিয়মে মশীহ সম্পর্কে ভাববাণীর পূর্ণতা ছিল। তাঁর সময়ের যিহুদীদের অবশ্যই চেনা উচিত ছিল এই অলৌকিক চিহ্নগুলি-অন্ধরা আরোগ্য লাভ করছে, দরিদ্রদের খাওয়ানো, খঞ্জকে সুস্থ্যকরণ (যিশা ২৯:১৮; ৩২:৩-৪; ৩৫:৫-৬; ৪২:৭)। যীশুর শিক্ষায় ক্ষমতা, ধার্মিক জীবন যাপন, সহানুভূতি, এবং পরাক্রমী অলৌকিক কাজ (যোহন ২:২৩; ১০:২৫, ৩৮; ১৪:১১; ১৫:২৪) প্রকাশ করছিল সুস্পষ্ট সাক্ষ্য যে তিনি কে ছিলেন, কোথথেকে তিনি এসেছেন, এবং কে তাঁকে পাঠিয়েছেন।

৫:৩৭ “তিনিই আমার বিষয়ে সাক্ষ্য দিয়েছেন” “তিনি” উল্লেখ করছে পিতা। এই প্রসঙ্গে এই শব্দগুচ্ছ মনে হয় উল্লেখ করছে পুরাতন নিয়মের শাস্ত্র (ইব্রীয় ১:১-৩)। এর মধ্যে অর্ন্তভূক্ত পরিত্রাণ নিয়মের মশীহ বিষয়ক সকল উল্লেখ (যোহন ৫:৩৯)।

□ “তাঁর আওয়াজ তোমরা কখনও শোন নি এমনকি তাঁর আকারও দেখ নি” যীশু বলতে চেষ্ঠা করেছেন যে যদিও যিহুদীদের শাস্ত্রের এবং আরাধনায় ব্যক্তিগত অভিজ্ঞতার মাধ্যমে ঈশ্বরকে জানা উচিত ছিল, তারা আসলে একেবারেই তাঁকে জানে নাই (যোহন ৮:৪৩; যিশা ১:১-১৫; ৬:৯-১০; ২৯:১৩; যির ৫:২১)।

পুরাতন নিয়মে, ভাবা হতো যে ঈশ্বরকে দেখলে মৃত্যু অনিবার্য। কেবল একজন ব্যক্তি যে YHWH এর সঙ্গে সামান্য সামান্য কথা বলেছেন তিনি ছিলেন মোশি এবং এমনকি মেঘের পর্দার মাধ্যমে সম্মুখাসম্মুখী হওয়া ছিল। অনেকেই ভেবেছে যে যাত্রা ৩৩:২৩ পদ যোহন ১:১৮ পদের সঙ্গে সুসঙ্গত নয়। যাহোক, যাত্রা পুস্তকের ইব্রীয় টার্মের অর্থ “পরবর্তী মহিমা,” কোন দৈহিক আকৃতি নয়।

৫:৩৮ “তাঁর বাক্য তোমাদের অন্তরে থাকে” যোহনের এই দুটি শক্তিশালী রূপক। ঈশ্বরের বাক্য (*logos*) অবশ্যই গ্রহণ করতে হবে, একবার গ্রহণ করা

হলে (যোহন ১:১২) এটি অবশ্যই অন্তরে থাকবে (থাকা, যোহন ৮:৩১; ১৫:৪,৫,৬,৭,১০; ১ যোহন ২:৬,১০,১৪,১৭,২৪,২৭,২৮; ৩:৬,১৪,১৫,২৪)। যীশু ছিলেন ঈশ্বরের পূর্ণ প্রকাশ (যোহন ১:১-১৮; ফিলি ২:৬-১১; কল ১:১৫-১৭; ইব্রীয় ১:১-৩)। পরিত্রাণ নিশ্চিত হয় অবিরত সম্পর্কের দ্বারা (ইব্রীয় “জানা”-র অর্থ, আদি ৪:১; যির ১:৫) এবং সুসমাচারের সত্যের নিশ্চয়তা (গ্রীক “জানা” অর্থ, ২ যোহন ৯)।

এই টার্ম “অবস্থিতি করা” যে সব অর্থে ব্যবহৃত হয়েছে, ঘনিষ্ঠ, ধৈর্যের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক। অবস্থিতি করা হল সত্যিকার পরিত্রাণের একটি অবস্থা (১৫ অধ্যায়)। যোহনে এটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়েছে।

১. পিতাতে পুত্র (যোহন ১০:৩৮; ১৪:১০,১১,২০, ২১; ১৭:২১)
২. পুত্রে পিতা (যোহন ১০:৩৮; ১৪:১০,১১,২১; ১৭:২১,২৩)
৩. পুত্রে বিশ্বাসীরা (যোহন ১৪:২০,২১; ১৫:৫; ১৭:২১)
৪. পিতা ও পুত্রে বিশ্বাসীরা (যোহন ১৪:২৩)
৫. বাক্যে বিশ্বাসীরা (যোহন ৫:৩৮; ৮:৩১; ১৫:৭; ১ যোহন ২:১৪)।

১ যোহন ২:১০ পদে বিশেষ বিষয় দেখুন।

৫:৩৯ “তোমরা শাস্ত্র অনুসন্ধান করে থাক” এটা হতে পারে present active indicative অথবা present active imperative। যেহেতু এটি সাক্ষীদের তালিকায় রয়েছে যেটি যিহুদীরা প্রত্যাখ্যান করেছে এটা সম্ভবত একটি indicative।

এখানেই যিহুদী নেতাদের দুর্ভাগ্য: তাদের কাছে শাস্ত্র রয়েছে, তারা সেটি পড়ে, অধ্যয়ন করে, মুখস্ত করে, তথাপি তারা সেই ব্যক্তিকে এড়িয়ে যায় শাস্ত্র যাকে দেখিয়ে দিচ্ছে! আত্মা ছাড়া, এমনকি শাস্ত্রও অকার্যকর! সত্যিকার জীবন কেবলমাত্র আসে ব্যক্তিগত, বিশ্বকাসের বাধ্য সম্পর্কে (অর্থাৎ, দ্বি বি ৪:১; ৮:১৩; ৩০:১৫-২০; ৩২:৪৬-৪৭)।

□ “আর তাই আমার বিষয়ে সাক্ষ্য দেয়” এটি পুরাতন নিয়মের শাস্ত্রকে উল্লেখ করেছে, যেটি যীশু পূর্ণ করেছিলেন (অর্থাৎ, যোহন ১:৪৫; ২:২২; ৫:৪৬; ১২:১৬,৪১; ১৯:২৮; ২০:৯)। প্রেরিত পুস্তকে পিতর (প্রেরিত ৩:১৮; ১০:৪৩) ও পৌলের (প্রেরিত ১৩:২৭; ১৭:২-৩; ২৬:২২-২৩,২৭) প্রথম দিকের বেশির ভাগ প্রচার ভাববাণীর পূর্ণতাকে ব্যবহার করেছে যীশুর মশীহ বিষয়ক প্রমাণ হিসাবে। একটি ছাড়া সবগুলি প্যাসেজ (১ পিতর ৩:১৫-১৬), যেগুলি নিশ্চিত করেছে নূতন নিয়মে প্রাপ্ত শাস্ত্রের কর্তৃত্ব (১ করি ২:৯-১৩; ১ থি ২:১৩; ২ তীম ৩:১৬; ১ পিতর ১:২৩-২৫; ২ পিতর ১:২০-২১), পুরাতন নিয়মের দিকে দেখিয়েছে। যীশু নিজেকে স্পষ্টভাবে দেখেছিলেন পুরাতন নিয়মের পূর্ণতা ও লক্ষ্য (এবং সঠিক ব্যাখ্যাকারক, মথি ৫:১৭-৪৮) হিসাবে।

বিশেষ বিষয়: প্রাথমিক মন্ডলীর **KERYGMA** (SPECIAL TOPIC: THE **KERYGMA** OF THE **EARLY CHURCH**)

৫:৪১-৪৪ এই পদগুলি মনে হয় প্রতিফলিত করেছে এই সত্যকে যে যিহুদী ধর্মীয় নেতারা তাদের সহচরদের থেকে পাওয়া তোষামোদ উপভোগ করতো। তারা অতীতের রাক্ষসদের উদ্ধৃতি দিতে গৌরব বোধ করতো, কিন্তু আত্মিক অন্ধত্বের কারণে তারা সকল গুরুদের মধ্যে মহানকে এড়িয়ে যেত, যিনি তাদের মধ্যে ছিলেন। এটি ছিল প্রথম শতকের rabbinical যিহুদী ধর্মের বিরুদ্ধে যীশুর একটি দৃঢ় অভিযোগ (আরও নোট করুন সুসমাচারের দৃষ্টান্ত, মথি ২১:৩৩-৪৬; মার্ক ১২:১-১২; লুক ২০:৯-১৯)।

৫:৪১

NASB, NRSV “আমি মানুষদের থেকে গৌরব গ্রহণ করি না”

NKJV “আমি মানুষদের থেকে সম্মান গ্রহণ করি না”

TEV “আমি মানুষদের থেকে প্রশংসার খোঁজ করি না”

NJB “মানুষের গৌরবের কোন অর্থ আমার কাছে নেই”

“গৌরব” টার্মটি *doxa*, সুসামঞ্জস্যভাবে অনুবাদ করা কঠিন (বিশেষ বিষয় দেখুন যোহন ১:১৪ পদে)। এটি প্রতিফলিত করে ইব্রীয়, “গৌরব,” *kabodh*, যেটি ব্যবহৃত হয়েছিল ঈশ্বরের উজ্জ্বল, প্রতিভাময় উপস্থিতির একটি উপায় হিসাবে (যাত্রা ১৬:১০; ২৪:১৭; ৪০:৩৪; প্রেরিত ৭:২) এবং তাঁর চরিত্র ও কাজের জন্য ঈশ্বরকে প্রশংসা ও সম্মান জানানো। একটি উত্তম পদ যা এই তাৎপর্য সম্বন্ধ করে তাহল ২ পিতর ১:১৭ পদ।

ঈশ্বরের এই প্রতিভাময় দিক খুবই বর্তমান ও বৈশিষ্ট্যময় যা সম্পর্কিত

১. দূতগণ (লুক ২:৯; ২ পিতর ২:১০)
২. যীশুর সর্বোৎকৃষ্টতা (যোহন ১:১৪; ৮:৫৪; ১২:২৮; ১৩:৩১; ১৭:১-৫, ২২,২৪; ১ করি ২:৮; ফিলি ৪:২১)
৩. বিশ্বাসীদের ফলাফল (রোমীয় ৮:১৮,২১; ১ করি ২:৭; ১৫:৪৩; ২ করি ৪:১৭; কল ৩:৪; ১ থি ২:১২; ২ থি ২:১৪; ইব্রীয় ২:১০; ১ পিতর ৫:১,৪) এটি নোট করা আরও মজার যে যোহন যীশুর ক্রুশারোপনকে উল্লেখ করেছেন তাঁর মহিমামণ্ডিত হওয়া হিসাবে (যোহন ৭:৩৯; ১২:১৬,২৩; ১৩:৩১)। যাহোক, এটি আরও অনুবাদ হতে পারে “সম্মান” বা “ধন্যবাদজ্ঞাপন” হিসাবে (লুক ১৭:১৮; প্রেরিত ১২:২৩; রোমীয় ৪:২০; ১ করি ১০:৩১; ২ করি ৪:১৫; পিলি ১:১১; ২:১১; প্রকা ১১:১৩; ১৪:৭; ১৬:৯; ১৯:৭)। এভাবেই এটি এই প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে।

৫:৪৩ “তোমরা আমাকে গ্রহণ কর না” যোহনের সমগ্র সুসমাচারে, যীশুর উপরে বিশ্বাস রাখার দৃষ্টি কোন ধর্মতাত্ত্বিক মতবাদের বিধান পত্র নয় কিন্তু তাঁর

সঙ্গে ব্যক্তিগত ভাবে সামন-সামনি হওয়া (অর্থাৎ, যোহন ৫:৩৯-৪০)। বিশ্বাস শুরু হয় তাঁর উপরে নির্ভরতার সিদ্ধান্ত দিয়ে। এভাবে ধীরে ধীরে শুরু হয় শিষ্যত্বের ব্যক্তিগত সম্পর্ক যা চূড়ান্তে পৌছায় শিক্ষায় পরিপক্বতা এবং খ্রীষ্টের সাদৃশ্যতায় জীবন যাপন।

□ “অন্য কেউ যদি নিজের নামে আসে” এটি হল third class conditional entence।

□ “তাকে তোমরা গ্রহণ করবে” এটি হল রাব্বিদের অধ্যয়ন পদ্ধতির একটি নিয়ম Talmud থেকে বিভিন্ন rabbinical (যিহুদী ধর্মগুরু সম্বন্ধিয়) দলের শিক্ষকদের তুলনা করা।

Michael Magill, *New Testament TransLine*, একটি সুন্দর উদ্ধৃতি করেছেন:

“যিহুদী নেতারা গ্রহণ করবে একজন মানবিক শিক্ষক বা রাব্বি যে কখনও নিজেকে ঈশ্বর প্রেরিত বলে দাবী করবে না। মানবিক শিক্ষকেরা, তাদের পারস্পরিক সম্পর্ক সহচরদের সাথে, একই রকম সমতার ভিত্তিতে গৌরব ভাগাভাগি করে। একজন ভাববাদী যিনি ঈশ্বর কর্তৃক প্রেরিত হয়েছেন, তারা অবশ্যই অধীনস্থ মর্যাদায় থাকবেন, শুনবেন এবং পালন করবেন। এটাই হল মূল কারণ যে কেন ঈশ্বরের ভাববাদীরা সব সময় প্রত্যাখ্যাত হয়েছেন”(পৃ..৩১৮)।

৫:৪৪ যোহন ১৭:৩ পদের নোট দেখুন।

৫:৪৫-৪৭ যীশু বলতে চেষ্টা করেছেন যে মোশির লেখনী তাঁকে প্রকাশ করেছে। এটি সম্ভবত একটি উল্লেখ দ্বি বি ১৮:১৫-২২ পদের। যোহন ৫:৪৫ পদে, শাস্ত্র একজন অভিযোগকারী হিসাবে ব্যক্তিরূপ পেয়েছে। এর অর্থ ছিল নির্দেশক হওয়া (লুক ১৬:৩১)। নির্দেশক প্রত্যাখ্যাত, শত্রুতে পরিণত হয়েছে (গালা ৩:৮-১৪, ২৩-২৯)।

৫:৪৬,৪৭ “যদি. . . যদি” ৪৬ পদ হল একটি second class conditional sentence যাকে বলা হয় “সত্যের বিপরীত,” যেটি বলতে চেষ্টা করে যে যিহুদী নেতারা সত্যিকার ভাবে মোশির লেখনীতেও বিশ্বাস করেনি এবং এই যীশু (eschatological (শেষকালীন মতবাদগত) মোশি [অর্থাৎ, দ্বি বি ১৮:১৫-১৯ পদের ভাববাদী]) শেষ দিনে যে তাদের বিচারক হবেন। যোহন ৫:৪৭ পদের “যদি” পরিচিত করায় একটি first class conditional sentence যেটি ধরে নেওয়া হয় সত্য বলে (NIV -তে আছে “যেহেতু”)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. কেন ৪ পদ আমাদের আধুনিক অনুবাদে বাদ দেওয়া হয়েছে?
২. কেন যীশু এই নির্দিষ্ট লোকটিকে সুস্থ করেছিলেন?
৩. এই লোকটির সুস্থ হবার অংশ হিসাবে তার বিশ্বাস কি অর্ন্তভুক্ত ছিল? দৈহিক আরোগ্য কি আত্মিক আরোগ্যের ইঙ্গিত দান করে?
৪. তার অসুস্থতা কি তার ব্যক্তিগত পাপের সাথে সম্পর্কিত ছিল? সকল পাপই কি ব্যক্তিগত পাপের সাথে সম্পর্কিত?
৫. কেন যিহুদীরা যীশুকে মেরে ফেলতে চাইছিল?
৬. পুরাতন নিয়মে ঈশ্বরের কাজের তালিকা করুন যেগুলি যীশুর জন্যও প্রযোজ্য।
৭. অনন্ত জীবন কি বর্তমান বাস্তবতা না ভবিষ্যতের প্রত্যাশা?
৮. শেষ বিচার কাজের উপরে না বিশ্বাসের উপরে ভিত্তি করে হবে? কেন?

যোহন ৬

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
পাঁচ হাজার লোককে খাওয়ানো	পাঁচ হাজার লোককে খাওয়ানো	পাঁচ হাজার লোককে খাওয়ানো	যীশু পাঁচ হাজার খাওয়ান	রণটির অলৌকিক কাজ
৬:১-১৫	৬:১-১৪	৬:১-১৫	৬:১-৬	৬:১-৪ ৬:৫-১৫
			৬:৭ ৬:৮-৯ ৬:১০-১৩ ৬:১৪-১৫	
জলের উপর দিয়ে হাঁটা	যীশু সমুদ্রের উপর দিয়ে হাঁটেন	যীশু সমুদ্রের উপর দিয়ে হাঁটেন	যীশু জলের উপর দিয়ে হাঁটেন	যীশু সমুদ্রের জলের উপর দিয়ে হেঁটে শিষ্যদের কাছে আসেন
৬:১৬-২১	৬:১৫-২১	৬:১৬-২১ ৬:২৫-৪০	৬:১৬-২১ যীশু জীবন খাদ্য ৬:২৫ ৬:২৬-২৭ ৬:২৮ ৬:২৯ ৬:৩০-৩১ ৬:৩২-৩৩	৬:১৬-২১
৬:৩৪-৪০	তঁার নিজের লোকদের দ্বারা প্রত্যাখ্যান		৬:৩৪ ৬:৩৫-৪০	
৬:৪১-৫১	৬:৪১-৫৯	৬:৪১-৫১	৬:৪১-৪২ ৬:৪৩-৫১	৬:৪১-৫১
৬:৫২-৫৯		৬:৫২-৫৯	৬:৫২	৬:৫২-৫৮

			৬:৫৩-৫৮	
অনন্ত জীবনের কথা	অনেক শিষ্য চলে গেলেন		৬:৫৯	৬:৫৯-৬২
			অনন্ত জীবনের কথা	
৬:৬০-৬৫	৬:৬০-৭১	৬:৬০-৬৫	৬:৬০	৬:৬৩
			৬:৬১-৬৫	
				৬:৬৪-৬৬
				পিতরের বিশ্বাসের স্বীকারোক্তি
৬:৬৬-৭১		৬:৬৬-৭১	৬:৬৬-৬৭	
				৬:৬৭-৭১
			৬:৬৮-৬৯	
			৬:৭০-৭১	

পাঠ চক্র তিন

প্যারাথ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাথ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাথ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাথ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাথ্রাফ
২. দ্বিতীয় প্যারাথ্রাফ
৩. তৃতীয় প্যারাথ্রাফ
৪. ইত্যাদি।

যোহন ৬:১-৭১ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. যোহনের সুসমাচার প্রভুর ভোজের বিবরণ লিপিবদ্ধ করেনি, যদিও ১৩-১৭ অধ্যায়ে উপরের কুঠরীর কথোপকথন ও প্রার্থনা লিপিবদ্ধ করেছে। এই বাদ দেওয়াটা হতে পারে ইচ্ছাকৃত। দ্বিতীয় শতকের মন্ডলী এই নিয়মকে পবিত্র ধর্মীয় অনুষ্ঠানের অর্ন্তে বিবেচনা করতে শুরু করে। তারা একে দেখেছিল অনুগ্রহ লাভের একটি পথ হিসাবে। যোহন হতে পারে এই পবিত্র ধর্মীয় অনুষ্ঠানের দৃষ্টিভঙ্গির প্রতিক্রিয়ায় যীশুর বাস্তব বা প্রভুর ভোজের বিবরণ লিপিবদ্ধ করেনি।

খ. যোহন ৬ অধ্যায়ের প্রসঙ্গে রয়েছে পাঁচ হাজার লোককে খাওয়ানো। যাহোক, অনেকে একে Eucharist এর পবিত্র ধর্মীয় অনুষ্ঠানের দৃষ্টিভঙ্গিতে শিক্ষা দিতে ব্যবহার করেছে। এটি হল রোমীয় কাথলিক মন্ডলীর transubstantiation (রফটি ও ড্রাক্সারস যীশুর রক্তে ও দেহে রূপান্তর) মতবাদের উৎস (যোহন ৬:৫৩-৫৬)।

প্রশ্ন হল যে কিভাবে ৬ অধ্যায় Eucharist এর সঙ্গে সম্পর্কযুক্ত যা সুসমাচারের দ্বৈত প্রকৃতিকে দেখায়। স্পষ্টত, সুসমাচার যীশুর বাক্য ও জীবনের সঙ্গে সম্পর্কিত, তথাপি সেগুলি রচিত হয়েছে কয়েক দশক পরে এবং প্রকাশ করেছে এক একজন লেখকের যৌথ বিশ্বাসকে। তাই এখানে লেখকগত তিন স্তরের উদ্দেশ্য রয়েছে।

১. আত্মা
২. যীশু এবং মূল শ্রোতার

৩. সুসমাচার লেখক এবং তাদের পাঠকেরা

কিভাবে একজন অনুবাদ করেছে? কেবলমাত্র প্রমাণিত পদ্ধতি অবশ্যই হবে প্রসঙ্গকৃত, ব্যাকরণগত, ভাষাগত প্রয়োগ, ঐতিহাসিক প্রেক্ষাপট দ্বারা হাল নাগাদকৃত এবং এর উল্টা নয়।

- গ. আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে শ্রোতার ছিল যিহূদী আর তাদের সংস্কৃতিগত প্রেক্ষাপট ছিল rabbinical মশীহের প্রত্যাশা যিনি হবেন সুপার-মোশি (যোহন ৬:৩০-৩১), বিশেষ করে যাত্রা পুস্তকের অভিজ্ঞতার বিবেচনায় যেমন “মান্না।” রাফিরি ব্যবহার করতেন গীত ৭২:১৬ পদ proof text হিসাবে। যীশুর অস্বাভাবিক বক্তব্য (যোহন ৬:৬০-৬২, ৬৬) অর্থ ছিল লোকদের মশীহের বিষয়ে ভ্রান্ত প্রত্যাশাকে অবদমিত করা (যোহন ৬:১৪-১৫)।
- ঘ. আদি মন্ডলীর পিতারা তারা একমত ছিলেন না যে এই প্যাসেজ প্রভুর ভোজের কথা বলছে। Clement of Alexandria, Origen এবং Eusebius কখনও এই প্যাসেজের আলোচনায় প্রভুর ভোজের বিষয়টি উল্লেখ করেন নাই।
- ঙ. এই প্যাসেজের রূপক যীশুর কথার সঙ্গে একই রকমের যোহন ৪ অধ্যায়ে “কূপের পাশে মহিলাটি”-র সঙ্গে ব্যবহৃত কথার। জাগতিক জল এবং রুটি অনন্ত জীবন ও আত্মিক বাস্তবতার রূপক হিসাবে ব্যবহৃত হয়েছে।
- চ. রুটির এই বহুগুণে বৃদ্ধি কেবলমাত্র চারটি সুসমাচারেই লিপিবদ্ধ হয়েছে (মথি ১৪:১৩-২১; মার্ক ৬:৩২-৪৪; লুক ৯:১০-১৭)!
- ছ. Michael Magill, *New Testament TransLine* (p. 325) কফরনাহূমের বিভিন্ন দল ও তাদের যীশুর এই হতবাক করার কথার সম্পর্কে চমৎকার একটি পর্যবেক্ষণ তুলে তুল ধরেছেন।
১. জনতা, যোহন ৬:২৪
 ২. যিহূদীরা, যোহন ৬:৪১, ৫২
 ৩. শিষ্যরা, যোহন ৬:৬০, ৬৬
 ৪. বার জন, যোহন ৬:৬৭
- যীশু কার্যকর ছিলেন
১. যীশু লোকদের থামাতে চেষ্টা করছিলেন তাঁকে রাজা বানাবার কারণ তিনি তাদের খাইয়েছিলেন (যোহন ৬:১৫)
 ২. তাঁর মূল ব্যক্তিগত দাবী দ্বারা যিহূদী নেতৃত্বকে চ্যালেঞ্জ জানিয়েছিলেন
 ৩. অনেক ছোট ছোট বিশ্বাসীদের ছেড়ে যাবার কারণ ঘটেছিল
 ৪. প্রকাশিত বক্তব্য অবিরত ও গভীর ভাবে ১২ জনের বিশ্বাসের অংশ ছিল (যোহন ৬:৬৮-৬৯)

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:১-১৪

^১ এর পরে যীশু গালীল সাগরের (বা তিবিরিয়া) অন্য পারে চলে গেলেন। ^২ অনেক লোক তাঁর পিছনে পিছনে যেতে লাগল, কারণ তিনি রোগীদের উপরে যে সব চিহ্ন-কাজ করছিলেন তারা তা দেখেছিল। ^৩ পরে যীশু পাহাড়ে উঠলেন, এবং সেখানে তাঁর শিষ্যদের সঙ্গে বসলেন। ^৪ তখন নিস্তার পর্ব, যিহূদীদের পর্ব, কাছে এসে পড়েছিল। ^৫ আর যীশু, তাঁর চোখ তুলে চেয়ে দেখলেন অনেক লোক তাঁর কাছে আসছে, ফিলিপকে বললেন, “এই লোকেরা যেন খেতে পারে সেজন্য আমরা কোথা থেকে রুটি কিনবো?” ^৬ এই কথা তিনি তাকে পরীক্ষার জন্য বললেন, কারণ কি করবেন তা তিনি নিজে জানতেন। ^৭ ফিলিপ তাঁকে উত্তর দিলেন, “ওদের জন্য দু’শত দিনারের রুটিও যথেষ্ট হবে না যে সকলে কিছু কিছু পেতে পারে।” ^৮ তাঁর শিষ্যদের মধ্যে একজন, শিমোন পিতরের ভাই, আন্দ্রিয়, তাঁকে বললেন, ^৯ “এখানে একটা ছোট ছেলে আছে তার কাছে যবের পাঁচটা রুটি এবং দুটি মাছ আছে, কিন্তু এত লোকের মধ্যে এতে কি হবে?” ^{১০} যীশু বললেন, “লোকদের বসিয়ে দাও।” সেখানে অনেক ঘাস ছিল। তাই পুরুষেরা তার উপরেই বসে গেল, সংখ্যায় প্রায় পাঁচ হাজার লোক। ^{১১} এরপরে যীশু সেই রুটিগুলো নিলেন, ও ধন্যবাদ দিলেন, যারা বসেছিল তাদেরকে ভাগ করে দিলেন; সেই ভাবে মাছও তারা যত চাইলো দিলেন। ^{১২} আর তারা পেট ভরে খাবার পরে, তিনি তাঁর শিষ্যদের বললেন, যে সব গুঁড়াগাঁড়া পড়ে আছে সেগুলো এক জায়গায় জড়ো কর যেন কিছুই নষ্ট না হয়।” ^{১৩} তাতে তারা তা জড়ো করলেন, আর ঐ পাঁচটি যবের রুটির গুঁড়াগাঁড়ায় সেই লোকদের খাবার পরে যা বেচে গেছিল তাতে বারো ডালা ভর্তি করলেন। ^{১৪} সেজন্য সেই লোকেরা তাঁর এই চিহ্ন-কাজ দেখে বলতে লাগল, “ইনি সত্যিই সেই ভাববাদী, জগতে যার আসবার কথা আছে।” (অনুবাদকৃত টেক্সট)।

৬:১ “গালীল সাগর(বা তিবিরিয়া)” এই জলরাশি বিভিন্ন নামে পরিচিত। পুরাতন নিয়মের সময়ে একে বলা হতো কিন্নেরৎ (গণনা ৩৪:১১)। এটি লুক ৫:১ পদে গিনেষরৎ হুদ নামে এবং যোহন ২১:১ পদে রোমীয় নাম তিবিরিয়া সাগর নামে পরিচিত। parenthesis (বাক্যের মধ্যে অন্ত-প্রবিষ্ট) হল লেখকের আর একটি সম্পাদকীয় মন্তব্য। এটি দেখায় না যে যোহনের সুসমাচার প্যালােষ্টাইনের বাইরের লোকদের জন্য (যোহন ৬:৪,৬,৬৪,৭১)।

৬:২ লোকদের তাঁর পশ্চাৎগামী হবার কারণ লক্ষ্য করুন।

৬:৩ যীশু জলের এবং পর্বত পার্শ্বের স্বাভাবিক সম্প্রসারণ ব্যবহার করেছিলেন তাঁর বক্তব্যকে জোড়াল করার জন্য। সত্য হল যে তিনি “বসিলেন” দেখায় যে

এটি তাঁর শিষ্যদের সঙ্গে একটি নিয়মিত শিক্ষার সময়। একটি অবাধ করা বিষয় হতে পারে পর্বতের অর্থ মনে করিয়ে দেওয়া মোশির কথা মথি ৫-৭ অধ্যায়ের মত।

এই দীর্ঘ সময়ের শিক্ষায়, যীশু প্রায়ই জনতার মধ্যে বিভিন্ন দলের লোকদের উদ্দেশ্য করে বলতেন। তাঁর পায়ে কাছ হতে পারে তাঁর ঘনিষ্ঠ শিষ্যরা বৃত্তাকারে বসেছিল; তাদের থেকে দূরে, উৎসুক, ধনী এবং সাধারণ “সেই দেশের লোক”; এবং, ছোট দলে, ধর্মীয় নেতারা (ফরীশী, অধ্যাপকেরা, সদ্দুকী, সম্ভবত এসেনি সম্প্রদায়ের লোকেরা)।

৬:৪ “নিস্তারপর্ব, যিহূদীদের পর্ব” যীশুর প্রকাশ্য পরিচর্যার সময়কাল নির্ণয় করার একমাত্র উপায় যোহনের সুসমাচারে নিস্তার পর্বের উল্লেখ (প্রথম, ২:১৩; দ্বিতীয়, ৬:৪; এবং তৃতীয় ১১:৫৫ ও ১৩:১)। যদি যোহন ৫:১ পদও নিস্তার পর্বের কথা বলে তাহলে আমরা কমপক্ষে সাড়ে তিন বছর বা চার বছরের প্রকাশ্য পরিচর্যার বিষয়টি পাই। যীশুর জীবনের অনেক কিছুই আছে যা আমরা জানি না (যোহন ২০:৩০; ২১:২৫)।

৬:৬ “এই কথা তিনি তাকে পরীক্ষার জন্য বললেন” এই গ্রীক টার্ম এখানে “পরীক্ষার”(peirazō) জন্য সাধারণত মন্দ অন্তর্নিহিত অর্থ বহন করে (বিশেষ বিষয় দেখুন ১ যোহন ৪:১; মথি ৪:১ পদে)। এটি একটি ভাল উদাহরণ যেখানে দেখায় আধুনিক অনুবাদকেরা নূতন নিয়মের শব্দকে জোর করে একটি ব্যাখ্যায় খাপ খাওয়াতে চেষ্টা করে। Koine গ্রীক Classical গ্রীকের অনেক ব্যাকরণগত ও ভাষাগত স্বতন্ত্রতা হারিয়েছে (যোহন ৫:২০ পদের নোট)।

যীশু ফিলিপকে পরীক্ষা করছিলেন, কেন?

১. যোগানদাতা হিসাবে যীশুর উপরে তার বিশ্বাস
২. পুরাতন নিয়ম সম্পর্কে তার জ্ঞান, (গণনা ১১:১৩; খাবার যোগান সম্পর্কে ঈশ্বরের কাছে মোশির প্রশ্ন)?
৩. জনতার জন্য তার উদ্বেগ ও যত্ন?

৬:৭

NASB, NKJV,

JB “দুই শত দিনারের”

NRSV “ছয় মাসের মজুরীর”

TEV “দুই শত রৌপ্য মুদ্রার”

এক দিনার একজন শ্রমিকের (মথি ২০:২) ও একজন সৈনিকের এক দিনের মজুরি। এটি হতে পারে প্রায় এক বছরের তিন ভাগের দুই ভাগের মজুরি।

বিশেষ বিষয়: যীশুর সময়ে প্যালেস্টাইনে ব্যবহৃত মুদ্রা (SPECIAL TOPIC: COINS IN USE IN PALESTINE IN JESUS' DAY)

৬:৮-৯ “শিমোন পিতরের ভাই, আন্দ্রিয়” এই প্রসঙ্গটি যীশুর ব্যক্তিত্ব ও ক্ষমতার উপরে আন্দ্রিয়ের সহজ সরল বিশ্বাসের ও নির্ভরতার একটি সুন্দর চিত্র।

৬:৯ “যবের রুটি” একে বিবেচনা করা হয়েছে সবচেয়ে কমদামী এবং অপছন্দের রুটি বলে। এটা ছিল দরিদ্রদের খাবার। যীশু দামী খাবার যোগানোর জন্য তাঁর ক্ষমতাকে ব্যবহার করেন নাই!

৬:১০ “লোকদের বসিয়ে দাও” এই সংস্কৃতির লোকেরা সাধারণত যখন খাবার খেত তখন তারা হয় মেঝেতে বসতো না হয় নিচু “U” আকৃতির টেবিলে হেলান দিয়ে বসে খেত।

□ “সেই জায়গায় অনেক ঘাস ছিল” এটি একজন প্রত্যক্ষদর্শী প্রেরিতিক (সম্পাদকীয়) মন্তব্য।

□ “তাই পুরুষেরা তার উপরেই বসে গেল, সংখ্যায় প্রায় পাঁচ হাজার লোক” এটি সত্যিকার ভাবে “পাঁচ হাজার লোককে খাওয়ানো” বলাটা ভুল কারণ দৃশ্যত সেখানে সেদিন এর চেয়ে বেশি লোক ছিল। পাঁচ হাজার একটি ধরে নেওয়া সংখ্যা এবং বলা হয়েছে কেবল প্রাপ্ত বয়স্ক পুরুষদের কথা (অর্থাৎ, ১৩ এবং উপরে) এবং মহিলাও ছেলেমেয়েদের অন্তর্ভুক্ত করা হয়নি (মথি ১৪:২১)। যাহোক, এটি অনিশ্চিত যে কতজন মহিলা ও ছেলেমেয়ে উপস্থিত হবে বা হতে পারতো (মথি ১৪:২১)।

৬:১১ “আর ধন্যবাদ দিলেন, এবং ভাগ করে দিলেন” বহুগুণে বৃদ্ধি হওয়ার অলৌকিক কাজটি অবশ্যই যীশুর হাতেই হয়েছিল। যিহূদীদের মশীহ বিষয় প্রত্যাশার প্রসঙ্গে এই ঘটনা হতে পারে প্রত্যাশিত চিহ্ন যে মোশি যেভাবে মান্না যুগিয়ে ছিলেন যীশু সেভাবে খাবার যুগিয়েছেন।

“ধন্যবাদ করা”-র জন্য গ্রীক টার্ম (eucharisteō) পরবর্তীকালে প্রভুর ভোজের নাম হয়েছিল (১ করি ১১:২৩-২৪)। এখানে কি যোহন এটি ব্যবহার করেছেন ভবিষ্যতের, কৌশলগত সংজ্ঞা মাথায় রেখে? অন্য সুসমাচারগুলি Eucharist উল্লেখ করতে বিভিন্ন টার্ম ব্যবহার করেনি (eulogēō, মথি ১৪:১৯; মার্ক ৬:৪১)। তারা eucharisteō টার্ম ব্যবহার করেছে (মথি ১৫:৩৬; মার্ক ৮:৬; লুক ১৭:১৬; ১৮:১১) কিন্তু সামঞ্জস্যপূর্ণ ভাবে শেষ ভোজের প্রক্ষেপটি নয়। তারা এই একই টার্ম ব্যবহার করেছে উপরের কুঠরীতে যীশুর ধন্যবাদ করাকে বর্ণনা করতে (মথি ২৬:২৭; মার্ক ১৪:২৩; এবং লুক

২২:১৭-১৯)। সেজন্য, যেহেতু ব্যবহারটি একই রকম নয়, যোহনের হয়তো প্রয়োজন হয়েছিল তার উল্লেখকে আরও সুনির্দিষ্ট করতে যদি পরবর্তীকালের পাঠকেরা এই অর্থে অনুবাদ করে Eucharistic প্রেক্ষাপটে!

৬:১২ “নষ্ট” বিশেষ বিষয় দেখুন: ১০:১০ পদে *Apollumi*।

৬:১৩ “তাতে তারা তা জড়ো করলেন এবং বারো ডালা ভর্তি করলেন” এখানে টার্ম “ডালা” উল্লেখ করছে বিশাল ঢাকনাওয়ালা ডালা বা বুড়ি। এটি তাৎপর্যপূর্ণ যে যীশু বহুগুণে বৃদ্ধি করা খাবার একটুও নষ্ট করতে চাননি। এমনকি তিনি রুটির প্রকৃতিও (বা প্রকার) পরিবর্তন করেন নাই।

“বারো” টার্মটি কি কোন প্রতিকি গুরুত্ব বহন করে? এটা নিশ্চিত হওয়া খুব কঠিন। এটি অনুবাদ করা হয়েছে ইশ্রায়েলের গোষ্ঠীদের উল্লেখ হিসাবে (যীশু পুরাতন নিয়ম সম্বন্ধ করেছিলেন) বা একটি ডালা একটি শিষ্যের জন্য ছিল (যীশু তাঁর শিষ্যদের সম্বন্ধ এবং যুগিয়ে দিয়েছেন), কিন্তু এটা হতে পারে কেবল একজন প্রত্যক্ষদর্শীর বিশদ বিবরণ (যেমন যোহন ৬:১৯)।

বিশেষ বিষয়: বারো সংখ্যা (SPECIAL TOPIC: THE NUMBER TWELVE)

৬:১৪ “ভাববাদী” এটি একটি দ্বি বি ১৮:১৫-২২ পদের মশীহ বিষয়ক উল্লেখের পরোক্ষ ইঙ্গিত (প্রেরিত ৩:২২; ৭:৩৭)। জনতা যীশুর স্বীকৃতি দিয়েছিল কিন্তু তাঁর কাজের প্রকৃতি ও চিহ্নকে ভুল বুঝেছিল।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:১৫

^{১৫} তখন যীশু, বুঝতে পারলেন যে তারা তাঁকে জোর করে রাজা করবার জন্য তাঁকে ধরতে আসছে, সেজন্য তিনি নিজেই একাকী পাহাড়ে চলে গেলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১৫ জনতা উত্তেজিত হয়ে উঠেছিল যীশুর মশীহের মত অলৌকিক ভাবেন খাবার যুগিয়ে দেবার দ্বারা। এই পদ হতে পারে মথি ৪:৩ পদের মন্দ প্রলোভনের সাথে সম্পর্কযুক্ত।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:১৬-২১

^{১৬} সন্ধ্যা হলে পর, তাঁর শিষ্যরা সাগরের ধারে গেলেন, ^{১৭} এবং একটা নৌকায় উঠে, তারা কফরনাহুমে যাবার জন্য সমুদ্র পার হতে আরম্ভ করলেন। সেই সময়ে অন্ধকার হয়েছিল, এবং যীশু তখনও তাদের কাছে আসেন নি। ^{১৮} আর খুব জোর বাতাস বইছিল বলে সাগরেও বড় বড় ঢেউ উঠতে শুরু করেছিল। ^{১৯} এভাবে, তারা তিন বা চার মাইল বেয়ে যাবার পরে, তারা যীশুকে দেখতে পেলেন যে তিনি সাগরের উপর দিয়ে হেঁটে নৌকার কাছে আসছেন; আর তারা ভয় পেলেন। ^{২০} কিন্তু তিনি তাদের বললেন, “এ আমি; ভয় কোরো না।” ^{২১} তখন তারা তাঁকে নৌকায় গ্রহণ করতে ইচ্ছুক হলেন, আর তারা যেখানে যাচ্ছিলেন নৌকা তখনই সেখানে পৌঁছে গেল। (অনুবাদকৃত টেক্সট)।

৬:১৭ “কফরনাহুম” এটি ছিল যীশুর গালীলীয় পরিচর্যা কাজের সময়ের প্রধান দপ্তর তাঁর নিজের নগর নাসরতের লোকদের অবিশ্বাসের কারণে (লুক ৪:২৮-২৯)।

৬:১৯ “তিন বা চার মাইল বেয়ে গেলে পর” যখন যীশু জলের উপর দিয়ে তাদের কাছে আসছিলেন তখন তারা হ্রদের প্রায় অর্ধেক পথ পাড়ি দিয়েছেন। মথি এই বিবরণকে বর্ধিত করেছেন পিতরের যীশুর দিকে জলের উপর দিয়ে হেঁটে যাবার কথা বলে।

□ “তারা ভয় পেলেন” এই শিষ্যরা যীশুকে তখনও জাগতিক মানদণ্ডেই বিচার করছিল। শিষ্যদের ভয় মার্ক ৬:৪৯ পদে প্রকাশিত হয়েছে। এই “চিহ্ন” কাজগুলির সমবেত ওজন তাদের বাধ্য করলো তিনি কে তা পুনরায় বিবেচনা করতে।

৬:২০ “এ আমি” এটি আক্ষরিক ভাবে (*egō eimi*) “আমি আছি” (যোহন ৪:২৬; ৮:২৪, ২৮, ৫৪-৫৯; ১৩:১৯; ১৮:৫-৬) যেটি প্রতিফলিত করে পুরাতন নিয়মে ঈশ্বরের নিয়মের নাম, YHWH যাত্রা ৩:১২-১৫ পদের। যীশু হলেন দৃশ্যমান “আমি আছি,” সম্পূর্ণ আত্ম-প্রকাশিত ঈশ্বর, ঈশ্বরের দেহধারী Logos (বাক্য), সত্যময় ও একজাত পুত্র। পরবর্তীতে বিশেষ বিষয় ঘ দেখুন।

বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম (SPECIAL TOPIC: NAMES FOR DEITY)

৬:২১ “আর তারা যেখানে যাচ্ছিলেন নৌকা তখনই সেখানে পৌঁছে গেল” এটি দৃশ্যত আর একটি অলৌকিক ঘটনা (যোহন ২২-২৫) যেহেতু মার্কেস সুসমাচার উল্লেখ করেছে যে তারা প্রায় হ্রদের অর্ধেক পথ পাড়ি দিয়েছিলেন (মার্ক ৬:৪৭)। যাহোক, এটি আর কোন সুসমাচারে উল্লেখ করে নাই (অর্থাৎ, মথি ১৪:৩২ বা মার্ক ৬:৫১)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:২২-২৫

^{২২} পর দিন সাগরের অন্য পাড়ে যে লোকেরা দাঁড়িয়েছিল তারা দেখেছিল যে সেখানে একটি ছোট নৌকা ছাড়া অন্য কোন নৌকা নাই, এবং যীশু শিষ্যদের সাথে সেই নৌকাতে ওঠেন নাই, কেবল তাঁর শিষ্যেরা একাই চলে গিয়েছিল। ^{২৩} তবে তিবিরিয়া থেকে কয়েকটি ছোট নৌকা যেখানে প্রভু ধন্যবাদ করলে লোকেরা রুটি খেয়েছিল সেই জায়গার কাছে আসল। ^{২৪} এইজন্য লোকেরা যখন দেখল যে যীশু সেখানে নাই, তাঁর শিষ্যরাও নাই, তখন তারা সেই সব ছোট নৌকায় চড়ে, যীশুর খোঁজে কফরনাহূমে আসল। ^{২৫} যখন তারা তাঁকে সাগরের অন্য পারে খুঁজে পেল, তারা তাঁকে বলল, “রবি, আপনি কখন এখানে এসেছেন?” (অনুবাদকৃত টেক্সট)।

৬:২৩ “তিবিরিয়া” ২২ খ্রীষ্টাব্দে হেরোদ আন্টিপাস নগরটি নির্মাণ করেছিলেন এবং এটি তার রাজধানি হয়েছিল।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:২৬-৩৪

^{২৬} যীশু তাদের উত্তর দিলেন, “সত্য, সত্য, আমি তোমাদের বলছি, তোমরা চিহ্ন-কাজ দেখেছো বলে আমার খোঁজ করছো তা নয়, বরং পেট ভরে সেই রুটি খেতে পেয়েছিলে বলে। ^{২৭} যে খাবার নষ্ট হয়ে যায় তার জন্য কাজ করো না, কিন্তু সেই খাবারের জন্য কাজ কর যা অনন্ত জীবন পর্যন্ত থাকে, যা মনুষ্যপুত্র তোমাদেরকে দেবেন, কারণ তাঁতে পিতা, এমনকি ঈশ্বর, তাঁর মুদ্রাঙ্কন করেছেন। ^{২৮} তখন তারা তাঁকে বলল, “আমরা যেন ঈশ্বরের কাজ করতে পারি, সেজন্য আমাদের কি করতে হবে?” ^{২৯} যীশু উত্তর করে তাদের বললেন, “ঈশ্বরের কাজ এই, যেন তাঁতে তোমরা বিশ্বাস কর যাকে তিনি পাঠিয়েছেন।” ^{৩০} তখন তারা তাঁকে বলল, “তাহলে আপনি কি এমন চিহ্ন-কাজ করবেন, যা দেখে, আমরা আপনাকে বিশ্বাস করব? আপনি কি কাজ করবেন?” ^{৩১} আমাদের পূর্ব পুরুষেরা মরু এলাকায় মান্না খেয়েছিলেন; যেমন লেখা আছে, ‘তিনি খাবার জন্য তাদের স্বর্গ থেকে খাবার দিলেন।’” ^{৩২} যীশু তাদের বললেন, “সত্য, সত্য, আমি তোমাদের বলছি, মোশি তোমাদের স্বর্গ থেকে সেই খাবার দেন নি, কিন্তু আমার পিতাই তোমাদের স্বর্গ থেকে সত্যিকার খাবার দেন। ^{৩৩} কারণ ঈশ্বরের খাবার তা-ই যা স্বর্গ থেকে নেমে আসে, ও জগৎকে জীবন দেয়।” ^{৩৪} তখন তারা তাঁকে বলল, “প্রভু, সব সময় সেই খাবার আমাদের দিন।” (অনুবাদকৃত টেক্সট)।

৬:২৬,৩২,৫৩ “সত্য, সত্য, আমি তোমাদের বলছি” “আমেন,” “আমেন।” এটি একটি ইব্রীয় শব্দগুচ্ছ যার তিনটি স্বতন্ত্র ব্যবহার রয়েছে।

১. পুরাতন নিয়মে শব্দটি “নির্ভরতা” এর জন্য ব্যবহৃত হতো। এর রূপকগত অর্থ “দৃঢ় হওয়া” এবং ব্যবহৃত হতো YHWH উপরে একজনের বিশ্বাস বর্ণনায়।
২. যীশুর ব্যবহার প্রতিফলিত করে গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ মন্তব্যের ভূমিকা। এই ভাবে “আমেন” ব্যবহারের অন্য কোন সমকালীন কিছু আমাদের নেই।
৩. প্রাথমিক মণ্ডলীতে, পুরাতন নিয়মের মত, এটি এসেছে নিশ্চয়তা বা সম্মতির টার্ম হতে।

দেখুন [বিশেষ বিষয়: আমেন \(SPECIAL TOPIC: AMEN\)](#) যোহন ১:৫১ পদে।

□ “কিন্তু সেই রুটি খেয়েছিলে বলে” তাদের উদ্দেশ্য ছিল দৈহিক এবং তৎক্ষণাৎ, আত্মিক ও অনন্তকালীন ছিল না।

□ “এবং পেট ভরে খেয়েছিলে” এই টার্মের অর্থ “কঠিনালী পর্যন্ত,” এটি সাধারণত পশুদের জন্য ব্যবহৃত হয়েছে (বিশেষ করে গরু)।

৬:২৭ “কাজ করো না” এটি একটি present middle imperative সাথে negative particle যার সাধারণত অর্থ ইতিমধ্যে চলমান কোন কাজ থামানো। এই প্যাসেজের পুরাতন নিয়মের প্রেক্ষাপট হল যিশাইয় ৫ অধ্যায়। এই কথোপকথনের সাথে অনেক মিল রয়েছে যোহন ৪ অধ্যায়ের কূপের পাশে মহিলার সঙ্গে কথোপকথনের।

□ “নষ্ট হয়” দেখুন বিশেষ বিষয়: ১০:১০ পদে *Apollumi* ।

□ “মুদ্রাঙ্কিত করেছেন” এটি আক্ষরিক ভাবে “মুদ্রাঙ্কিত করা।” এটি খাঁটি, মালিকানা, কর্তৃত্ব, এবং নিরাপত্তার চিহ্ন (NEB এবং মথি ২৮:১৮; যোহন ১৭:২)। TEV এবং NIV অনুবাদ করেছে “অনুমোদন” হিসাবে যেহেতু এটি সাধারণত বলতে চেষ্টা করে যীশু পরিচর্যার প্রতি পিতা ঈশ্বরের অনুমোদন। দেখুন [বিশেষ বিষয়: মুদ্রাঙ্কন \(SPECIAL TOPIC: SEAL\)](#) যোহন ৩:৩৩ পদে, যেখানে এটি উল্লেখ করতে পারে পবিত্র আত্মাকে।

৬:২৮ “আমরা যেন ঈশ্বরের কাজ করতে পারি, এ জন্য আমাদের কি করতে হবে” এটি ছিল প্রথম শতকের যিহুদী ধর্মের মূল ধর্মীয় প্রশ্ন (লুক ১৮:১৮)। ধার্মিক যিহুদীরা ধরে নিত যে ঈশ্বরের সাথে সঠিক সম্পর্ক নির্ভর করে (১) তার বংশধারা এবং (২) মোশির ব্যবস্থার প্রতি তার অনুশীলনে একাত্মতা যেভাবে মোখিখ ঐতিহ্য (Talmud) ব্যাখ্যা করেছে।

৬:২৯ “যেন তাঁতে তোমরা বিশ্বাস কর যাকে তিনি পাঠিয়েছেন” এটি একটি present active subjunctive যার পরে আসছে একটি aorist active indicative। “বিশ্বাস করা” শব্দটি নূতন নিয়মে পরিত্রাণ সম্বন্ধে শিক্ষা বোঝার জন্য গুরুত্বপূর্ণ। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন। শব্দটি মুখ্যত পরিচালনা দিয়েছে ইচ্ছাকৃত নির্ভরতার প্রতি। গ্রীক শব্দ গুচ্ছ *pistis* অনুবাদ হতে পারে “বিশ্বাস করা,” “নির্ভরতা,” বা “বিশ্বাস” হিসাবে।

মানবিক বিশ্বাসের লক্ষ্য অবশ্যই থাকবে “তাঁহাতে” (যোহন ১:১২; ৩:১৬), মানুষের যথার্থতা, অঙ্গিকার, এমনকি উৎসাহের আতিশয্যের উপরে নয়। এই প্যাসেজের তাৎক্ষণিক পরিচালনা দেয় যীশু খ্রীষ্টের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক, তাঁর সম্পর্কে গৌড়া ধর্মতত্ত্ব নয়, প্রত্যাশিত ধর্মীয় অনুষ্ঠান, এমনকি নৈতিকতাপূর্ণ জীবন যাপনও নয়। এই সব কিছুই সাহায্যকারী কিন্তু মুখ্য নয়। লক্ষ্য করুন যে যীশু তাদের প্রশ্নের বহুবচন “কাজসমূহ”কে পরিবর্তন করেছেন একবচন “কাজ” এ।

“পাঠিয়েছেন” এর জন্য দেখুন বিশেষ বিষয়: পাঠান (*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

৬:৩০-৩৩ এটা অবশ্যই স্মরণে রাখতে হবে যে এই লোকেরা অল্প সময় আগে অলৌকিক ভাবে পাঁচ হাজার লোককে খাওয়ানোতে অংশ নিয়েছিল। তারা এর মধ্যে তাদের চিহ্ন পেয়েছে! Rabbinical যিহুদী ধর্ম শিক্ষা দিত যে মশীহ নির্দিষ্ট কিছু পুরাতন নিয়মের কাজ পুনরায় করবেন, যেমন মান্না পাঠান (II Baruch 29:8)। রবিররা গীত ৭২:১৬ পদ ব্যবহার করতো proof text হিসাবে এই মশীহের “super-Moses” প্রকারের দৃষ্টিভঙ্গির জন্য (১ করি ১:২২)।

খুব গুরুত্বপূর্ণ ব্যাকরণগত গুণাবলী রয়েছে যোহন ৬:২৯ পদের “তাঁহাতে বিশ্বাস করা” এবং যোহন ৬:৩০ পদের “আপনাকে বিশ্বাস করি” এর মধ্যে। প্রথমটি লক্ষ্য করে যোহনের স্বাভাবিক গঠন যীশু তে/প্রতি বিশ্বাস করা। এটি হল ব্যক্তিগত লক্ষ্য। দ্বিতীয়টি লক্ষ্য করে যীশুর কথায় বা দাবীতে বিশ্বাস করা যেটি হল সম্ভ্রষ্টের লক্ষ্য। মনে রাখুন, সুসমাচার হল একটি বার্তা ও একজন ব্যক্তি উভয়ই। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

৬:৩১ “যেমন লেখা আছে” এটি একটি periphrastic perfect passive participle। এটি হল মান সম্মত ব্যাকরণগত গঠন পুরাতন নিয়ম থেকে শাস্ত্রের উদ্ধৃতি পরিচিত করানোর। এটি একটি বাগধারা নিশ্চয় করছে পুরাতন নিয়মের অনুপ্রেরণা ও কর্তৃত্ব। এই উদ্ধৃতি উল্লেখ করতে পারে একটি বা কয়েকটি পুরাতন নিয়মের টেক্সট বা সমন্বয়: গীত ৭৮:২৪; ১০৫:৪০; যাত্রা ১৬:৪, ১৫, গপ নহি ৯:১৫)।

৬:৩২ যীশু যিহুদীদের ঐতিহ্যগত ধর্মতত্ত্বকে উদ্দেশ্য করেছেন। তারা বলতে চেষ্টা করেছে যে মশীহ অবশ্যই মোশির মত আশ্চর্য-কাজ করবেন কারণ দ্বি বি ১৮:১৫, ১৮ পদ। যীশু তাদের ধারণাকে কয়েকটি দিকে সংশোধন করেছেন।

১. ঈশ্বর, মোশি নন, মান্না দিয়েছিলেন
২. মান্না স্বর্গ থেকে আসেনি যদিও লোকে এরকমই ভেবেছিল (গীত ৭৮:২৩-২৫)
৩. স্বর্গের সত্যিকার খাদ্য ছিলেন যীশু, তিনি অতীতে করা কোন কাজ ছিলেন না, কিন্তু বর্তমান বাস্তবতা।

৬:৩৩ “যা স্বর্গ থেকে নেমে আসে” এটি যোহনে বার বার বলা মূল ভাব (theme) (যোহন ৩:১৩)। এটি হল যোহনের উল্লেখ্য দ্বৈতবাদ। এই প্রসঙ্গে, যীশুর অবতরণ সাত বার কবলা হয়েছে (যোহন ৬:৩৩, ৩৮, ৪১, ৪২, ৫০, ৫১, ৫৮)। এটি দেখায় যীশুর পূর্ব-অস্তিত্ব, স্বর্গীয় উৎপত্তি (যোহন ৬:৩৩, ৩৮, ৪১, ৪২, ৫০, ৫১, ৫৮ এবং ৬২)। এটি “মান্না” নিয়েও একটি অনুশীলন যেটি নেমে এসেছে স্বর্গ থেকে ঠিক যেভাবে যীশু সত্যিকার রুটি, জীবন খাদ্য।

এটি আক্ষরিক ভাবে “ঈশ্বরের খাদ্য যিনি স্বর্গ থেকে নেমে আসছেন।” এখানে masculine present active participle উল্লেখ করছে (১) “রুটি” বা (২) একজন মানুষ, যীশু। যোহনে প্রায়ই এইরকম দ্বৈত অর্থবোধক কথা উদ্দেশ্যমূলক ({দ্বৈত ব্যাখ্যা} entendres)।

□ “জগৎকে জীবন দান করে” যীশু কেন এসেছিলেন এটাই ছিল তার উদ্দেশ্য (যোহন ৩:১৬; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। লক্ষ্য হল “নূতন জীবন,” “অনন্ত জীবন,” “নূতন যুগের জীবন,” “ঈশ্বরের মত জীবন” হারান ও বিদ্রোহী জগতে, কিছু বিশেষ দলের জন্য নয় (যিহুদী/পরজাতি, মনোনীত/অমনোনীত, রক্ষণশীল/উদার), কিন্তু সকলের জন্য!

৬:৩৪

NASB, NKJV “প্রভু”

NRSV, TEV,

NJB, NET,

NIV, REB “মহাশয়”

এই দুটি টার্ম প্রতিফলিত করে *kurios* এর ভিন্ন ভিন্ন semantic ব্যবহার। এই প্রসঙ্গে মনে হয় দ্বিতীয়টিই সবচেয়ে ভাল। লোকেরা বুঝতে তারা তাঁকে মশীহ হিসাবে অনুমানও করেনি (আরও নোট ৪:১১; ৫:৭)।

□ “চিরকাল সেই খাদ্য আমাদের দিন” যোহন ৪:১৫ পদে কূপের পাশে মহিলার কথার সঙ্গে একই রকম কথা। এই যিহুদীরা বুঝতে পারেনি যীশুর আত্মিক রূপক কথা। এটি যোহনে বার বার বলা একটি মূল ভাব (theme)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:৩৫-৪০

^{৩৫} যীশু তাদের বললেন, “আমিই সেই জীবন-রুটি; যে আমার কাছে আসে সে ক্ষুধার্ত হবে না, এবং যে আমাকে বিশ্বাস করে, সে কখনও তৃষ্ণার্ত হবে না। ^{৩৬} কিন্তু আমি তোমাদেরকে বলেছি যে তোমরা আমাকে দেখেছো, তবুও বিশ্বাস কর না। ^{৩৭} পিতা আমাদের যা কিছু দেন সেই সব কিছু আমার কাছে আসবে, এবং যে আমার কাছে আসবে তাকে আমি কোনমতেই বাইরে ফেলে দেব না। ^{৩৮} কারণ আমি স্বর্গ থেকে নেমে এসেছি, আমার

ইচ্ছামত কাজ করার জন্য নয়, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তাঁরই ইচ্ছামত কাজ করার জন্য।^{৩৯} যিনি আমাকে পাঠিয়েছেন তাঁর ইচ্ছা এই যে, তিনি আমাকে যে সব কিছু দিয়েছেন তার কিছুই যেন না হারাই, কিন্তু শেষ দিনে জীবিত করে তুলি।^{৪০} কারণ আমার পিতার ইচ্ছা এই, যে কেউ পুত্রকে দেখে ও তাঁতে বিশ্বাস করে সে যেন অনন্ত জীবন পায়; আর আমিই তাকে শেষ দিনে জীবিত করে তুলবো।” (অনুবাদকৃত টেক্সট)।

৬:৩৫ “আমিই সেই জীবন- রুটি” এটি আর একটি “আমি আছি” বক্তব্য যেটি যোহানে খুব বৈশিষ্ট্যময় (যোহান ৬:৩৫,৪১,৪৮,৫১; ৮:১২; ১০:৭,৯,১১,১৪; ১১:২৫; ১৪:৬; ১৫:১,৫)। যোহানের সুসমাচার খ্রীষ্টের ব্যক্তিত্বের উপরে দৃষ্টি দিয়েছে। এই যিহুদীদের মান্না এবং দাতা যিনি সম্বন্ধে মশীহ বিষয়ক প্রত্যাশা যিনি এক নূতন মহাযাত্রা (পাথ থেকে) আনবেন। যোহান ৮:১২ পদের নোট দেখুন।

□ “যে আমার কাছে আসে সে ক্ষুধার্ত হবে না, এবং যে আমাকে বিশ্বাস করে, সে কখনও তৃষ্ণার্ত হবে না” এটি গ্রীক দুটি দৃঢ় Double negatives, “কখনও হবে না কখনও না” (যোহান ৬:৩৭)। এখানে সমান্তরাল সম্পর্ক রয়েছে “আসা” এবং বিশ্বাস করা” এর মধ্যে (যোহান ৭:৩৭-৩৮, একই রকম “দেখা” এবং শোনা”)। এগুলি উভয়ই present participles। বিশ্বাসীর আসা এবং বিশ্বাস করা একবারের সিদ্ধান্ত নয়, কিন্তু সহভাগিতার, বন্ধুত্বের এবং অনুসরণের এক জীবন পদ্ধতি।

□ “ক্ষুধার্ত...তৃষ্ণার্ত” ক্ষুধা এবং তৃষ্ণা প্রায়ই ব্যবহৃত হয় আত্মিক বাস্তবতা বুঝাতে (গীত ৪২:১; যিশা ৫৫:১; আমোষ ৮:১১-১২; মথি ৫:৬)।

৬:৩৬ “তোমরা আমাকে দেখেছো” কিছু প্রাচীন লেখনী (MSS κ , A, and many Old Latin, Vulgate, and Syriac versions) “আমাকে” বাদ দিয়ে যীশুর বক্তব্যকে তাঁর চিহ্নের দিকে উল্লেখ করেছে (অর্থাৎ, লোকদের খাওয়ানো)। অনেক গ্রীক পাণ্ডুলিপি এবং সংস্করণে pronoun অর্ন্তভুক্ত যার ফলে UBS⁴ সিদ্ধান্ত নিতে পারেনি যে কোনটি আসল।

৬:৩৭ “পিতা যা কিছু আমাকে দেন সেই সব কিছু আমারই কাছে আসবে” এই প্যাসেজের প্রাথমিক গুরুত্ব ঈশ্বরের সার্বভৌমত্বের উপরে। দুটি definitive প্যাসেজ এই ধর্মতত্ত্ব সত্যের উপরে হল রোমীয় ৯ এবং ইফি ১:৩-৪ পদ। এটি বেশ কৌতূহলের যে উভয় প্রসঙ্গেই মানবজাতির সাড়া প্রদান আবশ্যিক। রোমীয় ১০ অধ্যায়ে সাতটি সকল অর্ন্তভুক্ত শব্দগুচ্ছ রয়েছে। ইফিষীয় ২ অধ্যায়ে এই একই বিষয়, যেখানে যোহান ৬:১-৭ পদে ঈশ্বরের অনুগ্রহের বিষয়ে আলোচিত যোহান ৬:৮,৯ পদের বিশ্বাসে আহবানের বিষয়ে। পূর্ব-অদৃষ্ট মতবাদ পুনরুদ্ধারের জন্য, যারা রক্ষা পায়নি তাদের জন্য বাধা নয়। এই মতবাদ উন্মুক্ত করার চাবি হল ঈশ্বর ভালবাসা ও অনুগ্রহ, অনন্ত কালীন বিধান নয়। লক্ষ্য করুন যে যাদের সকলকে ঈশ্বর যীশুকে দিয়েছেন তারাই তাঁর কাছে “আসবে”। ঈশ্বর সব সময় প্রথম পদক্ষেপটি নেন (যোহান ৬:৪৪,৬৫), কিন্তু মানুষকে অবশ্যই সাড়া প্রদান করতে হবে (যোহান ১:১২; ৩:১৬)। যোহান ৩:১৬ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “যে আমার কাছে আসবে তাকে আমি কোনমতেই বাইরে ফেলে দেব না” এটি আর একটি দৃঢ় double negative। এটি এই সত্যকে গুরুত্ব দেয় যে ঈশ্বর খ্রীষ্টের মধ্যে দিয়ে সকলকে তাঁর কাছে আহবান জানিয়েছেন এবং স্বাগত জানাচ্ছেন (যিহি ১৮:২১-২৩; ৩০-৩২; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)। ঈশ্বরের সব সময়ই অগ্রণী ভূমিকা নেন (যোহান ৬,৪৪,৬৫), কিন্তু মানুষকে সাড়া দিতেই হবে (মার্ক ১:১৫; প্রেরিত ৩:১৬,১৯; ১২০-২১)। নিরাপত্তার কি চমৎকার একটি প্যাসেজ (রোমীয় ৮:৩১-৩৯)!

বিশেষ বিষয়: খ্রীষ্টিয় নিশ্চয়তা (SPECIAL TOPIC: CHRISTIAN ASSURANCE)

৬:৩৮ “আমি স্বর্গ থেকে নেমে এসেছি” এটি perfect tense যেটি উল্লেখ করছে দেহধারণ (যোহান ১:১ পদ থেকে কয়েকটি পদ; ইফি ৪:৮-১০), এবং এর ফলফল এখনও রয়েছে। এটি আরও যীশুর স্বর্গীয় সূত্রপাত দেখায় (৪১,৬২ পদ)।

□ “কারণ আমার ইচ্ছামত কাজ করার জন্য নয়, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তাঁরই ইচ্ছামত কাজ করার জন্য” নূতন নিয়ম বলতে চেষ্টা করেছে উভয়েরই ত্রিভে একতা (যোহান ১৪:২৬ পদে বিশেষ বিষয় দেখুন), উদাহরণ ১৪:৮-৯ পদ এবং তিন ব্যক্তির ব্যক্তিত্ব। এই পদটি যীশু যে তাঁর পিতার কাছে সমর্পিত সেই বিষয়ে যোহানের চলমান গুরুত্বদানের অংশ। যোহান ৫:১৯ পদে সম্পূর্ণ নোট দেখুন। দেখুন বিশেষ বিষয়: পাঠান (Apostellō) যোহান ৫:২৪ পদ।

৬:৩৯ “ইচ্ছা এই যে, তিনি আমাকে যে সব কিছু দিয়েছেন তার কিছুই যেন না হারাই” এখানে সুস্পষ্ট সম্পর্ক যোহান ৬:৩৭ পদের neuter singular “যে সমস্ত” এবং যোহান ৬:৩৯ পদের neuter singular এর মধ্যে। যোহান এই ধরণের অস্বাভাবিক গঠন কয়েকবার ব্যবহার করেছেন (যোহান ১৭:২,২৪)। এটি দৃশ্যত যৌথভাবে সবকিছুকে গুরুত্ব দেয় (যোহান ৬:৪০,৪৫)।

এটি হল একটি ঈশ্বরের মহান প্রতিজ্ঞা রক্ষাকারী ক্ষমতা, খ্রীষ্টিয় নিশ্চয়তার উৎস (যোহান ১০:২৮-২৯; ১৭:২,২৪, ১ যোহান ৫:১৩ পদে বিশেষ বিষয় দেখুন)। লক্ষ্য করুন যোহান ৬:৩৭ পদের verb tense হল Present tense, যখন যোহান ৬:৩৯ পদ হল perfect tense। ঈশ্বরের দান অপেক্ষা করে! এছাড়াও যোহান ৬:৩৯ পদের শেষ দুটি নিশ্চয়তা উভয়ই aorist active; যীশু তাদের একজনকেও হারান নাই যাদের পিতা তাঁকে দিয়েছেন (যোহান ৬:৩৭ এবং ৩৯) এবং তাঁকে যাদের দেওয়া হয়েছে তাদের সকলকে তিনি শেষ দিনে উঠাবেন (যোহান ৬:৪৪)। এখানে হল ঈশ্বরীক প্রতিজ্ঞা (১) নির্বাচন এবং (২) ধৈর্যধারণ!

সুসম্পূর্ণতার এই দিনের ধারণাকে (ইতিবাচক এবং নেতিবাচক উভয়ই) নানা উপাধিতে ডাকা হয়।

১. শেষ দিন, যোহন ৬:৩৯,৪০,৪৪,৫৪; ১১:২৪; ১২:৪৮; ২ তীম ৩:১; ১ পিতর ১:৫; ২ পিতর ৩:৩
২. শেষ সময়, ১ যোহন ২:১৮; যিহূদা ১:১৮
৩. সেই দিন, মথি ৭:২২; ২ তীম ১:১২,১৮; ৪:৮
৪. এক দিন, প্রেরিত ১৭:৩১
৫. মহা দিন, যিহূদা ১:৬
৬. দিন, লুক ১৭:৩০; ১ করি ৩:১৩; ১ থিষ ৫:৪; ইব্রীয় ১০:২৫
৭. তাঁর দিন, লুক ১৭:২৪
৮. প্রভুর দিন, ১ থিষ ৫:২; ২ থিষ ২:২
৯. খ্রীষ্টের দিন, ফিলি ১:১০; ২:১৬
১০. প্রভু যীশু খ্রীষ্টের দিন, ১ করি ১:৮; ৫:৫
১১. প্রভু যীশুর দিন, ২ করি ১:১৪
১২. খ্রীষ্ট যীশুর দিন, ফিলি ১:৬
১৩. মনুষ্য পুত্রের দিন, লুক ১৭:২৪ (আরও দেখুন #৭)
১৪. বিচারের দিন, মথি ১০:১৫; ১১:২২,২৪; ১২:৩৬; ২ পিতর ২:৯; ৩:৭; ১ যোহন ৪:১৭
১৫. ক্রোধের দিন, প্রকা ৬:১৭
১৬. ঈশ্বরের মহা দিন – প্রকা ১৬:১৪

□ “কিন্তু শেষ দিনে জীবিত করে তুলি” এটি উল্লেখ করে বিশ্বাসীদের জন্য পুনরুত্থান দিন কিন্তু অবিশ্বাসীদের জন্য বিচারের দিন (যোহন ৬:৪০,৪৪,৫৪; ৫:২৫,২৮; ১১:২৪ এবং ১ করি ১৫)। এই পয়েন্টে Frank Stagg সাহায্যকারী মন্তব্য রয়েছে তার *A New Testament Theology* পুস্তকে: “যোহনের সুসমাচার ভবিষ্যৎ আগমনের উপরে জোর দিয়েছে (১৪:৩,১৮ থেকে কয়েকটি পদ, ২৮; ১৬:১৬,২২) এবং এটি স্পষ্ট ভাবে বলেছে “শেষ দিনের” পুনরুত্থান এবং চূড়ান্ত বিচার সম্বন্ধে (৫:২৮ থেকে কয়েকটি পদ, ৬:৩৯ থেকে কয়েকটি পদ, ৪৪,৫৪; ১১:২৪; ১২:৪৮); তথাপি এই সমগ্র চতুর্থ সুসমাচারে, অনন্ত জীবন, বিচার, এবং পুনরুত্থান হল বর্তমান বাস্তবতা (৩:১৮ থেকে কয়েকটি পদ.; ৪:২৩; ৫:২৫; ৬:৫৪; ১১:২৩ থেকে কয়েকটি পদ; ১২:২৮,৩১; ১৩:৩১ থেকে কয়েকটি পদ; ১৪:১৭; ১৭:২৬)” (পৃ..৩১১)।

৬:৪০ “আমার পিতার ইচ্ছা এই” এটি ছিল যীশুর উত্তর যোহন ৬:২৮ পদের প্রশ্নের, “আমরা যেন ঈশ্বরের কার্য করিতে পারি, এ জন্য আমাদেরকে কি করিতে হইবে?” দেখুন বিশেষ বিষয়: ঈশ্বরের ইচ্ছা যোহন ৪:৩৪ পদে।

□ “যেন যে কেউ পুত্রকে দেখে” “দর্শন করা” এবং “বিশ্বাস করা” present active participles এর হল সমান্তরাল (যেমন “আসা” এবং বিশ্বাস করা” যোহন ৬:৩৫ পদে, যেমন “দেখা” ও শোনা”)। এগুলি হল চলমান কাজ, এককালীন ঘটনা নয়। টার্ম “দর্শন করা” অর্থ “ইচ্ছাকৃত ভাবে তাকান” কোন কিছুর দিকে যেন বুঝতে পারে বা জানতে পারে।

আমি নিশ্চিত ভাবে “প্রত্যেকে” (*pas*) টার্মটি পছন্দ করি, লক্ষ্য করুন

১. যেন সকলে তাঁর মধ্যে দিয়ে বিশ্বাস করে, যোহন ১:৭
২. প্রতিটি মানুষকে আলোকিত করে, যোহন ১:৯
৩. যে কেহ তাঁহাতে বিশ্বাস করে সে অনন্ত জীবন পায়, যোহন ৩:১৫
৪. যেন যে কেহ তাঁহাতে বিশ্বাস করে সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়, যোহন ৩:১৬
৫. যেন সকলে পুত্রকে সম্মান করে, যোহন ৫:২৩

৬-৯. যোহন ৬:৩৭,৩৯,৪০,৪৫

১০. প্রত্যেকে যে কেউ আমাকে ভালবাসে ও বিশ্বাস করে সে কখনো মরিবে না, যোহন ১১:২৬

১১. আমি, যখন আমি, পৃথিবী থেকে উচ্চকৃত হবো সে আমি সকলকে আমার দিকে আকর্ষণ করবো, যোহন ১২:৩২

১২. প্রত্যেকে যে আমাকে বিশ্বাস করে সে অন্ধকারে থাকবে না, যোহন ১২:৪৬

এই হল সার্বভৌমত্বের নিগূঢ়ত্ব (যোহন ৬:৩৮-৩৯; ১৭:২, ২৪ বনাম স্বাধীন ইচ্ছা)। উভয়ই কোন না কোন ভাবে সত্য। আমার জন্য “নিয়ম” এর ধর্মতাত্ত্বিক ধারণা তাদেরকে সবচেয়ে ভালভাবে একতাবদ্ধ করেছে!

□ “তাঁতে বিশ্বাস করে” মনে রাখুন যে পরিভ্রাণ হল প্রাথমিক ভাবে একটি ব্যক্তিগত সম্পর্ক, একটি বিশ্বাস সূত্র, সঠিক ধর্মতত্ত্ব বা নৈতিক জীবন পদ্ধতি নয় (যোহন ৩:১৬; ১১:২৫-২৬)। এটি একজনের বিশ্বাসের বিষয়ে উপরে জোর দেয়, তীব্রভাবে নয়। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

লক্ষ্য করুন ঈশ্বরের সার্বভৌম মনোনয়নের সমতার উপরে গুরুত্ব দান যোহন ৬:৩৭, ৩৯,৪৪,৬৫ পদে এবং মানবজাতির বিশ্বাসে সাড়া প্রদান যোহন ৬:৩৭, ৪০ পদে। এই বাইবেল ভিত্তিক এই মানসিক চাপ অবশ্যই রক্ষা করতে হবে। ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানবজাতির স্বাধীন ইচ্ছা গঠন করে বাইবেল ভিত্তিক নিয়মের যমজ দিক।

□ “যেন অনন্ত জীবন পায়” এটি একটি present active subjunctive; একটি সাড়া প্রদান আবশ্যিক (যোহন ৫:১১)। এছাড়া নোট করুন যে যোহন ৬:৩৯ পদ যৌথ, যেখানে যোহন ৪:৪০ পদ ব্যক্তিগত। এটাই হল পরিত্রাণের স্ববিরাধিতা (paradox)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:৪১-৫১

^{৪১} তখন যিহূদীরা তাঁর বিষয়ে বকবক করতে লাগল, কারণ তিনি বলেছিলেন, “আমিই সেই খাবার যা স্বর্গ থেকে নেমে এসেছে।” ^{৪২} তারা বলল, “এ কি যোষেফের ছেলে সেই যীশু নয়, যার বাবা মাকে আমরা চিনি? এ কেমন করে এখন বলে, ‘আমি স্বর্গ থেকে নেমে এসেছি?’” ^{৪৩} যীশু উত্তর করে তাদের বললেন, “তোমরা নিজেদের মধ্যে বকবক করো না। ^{৪৪} পিতা যিনি আমাকে পাঠিয়েছেন তিনি কাছে না টানলে কেউ-ই আমার কাছে আসতে পারে না; আর আমি তাকে শেষ দিনে জীবিত করে তুলব। ^{৪৫} ভাববাদীদের বইতে লেখা আছে, ‘আর তারা সকলে ঈশ্বরের কাছে শিক্ষা পাবে।’ যে কেউ পিতার কাছ থেকে শুনে শিক্ষা পেয়েছে, সে-ই আমার কাছে আসে। ^{৪৬} কেউ যে পিতাকে দেখেছে তা নয়, কেবল যিনি ঈশ্বরের কাছ থেকে এসেছেন; তিনিই পিতাকে দেখেছেন। ^{৪৭} সত্য, সত্য, আমি তোমাদের বলছি, যে বিশ্বাস করে সে অনন্ত জীবন পেয়েছে। ^{৪৮} আমিই জীবন রুটি। ^{৪৯} তোমাদের পূর্ব পুরুষেরা মরু এলাকায় মান্না খেয়েছিল, আর তারা মরে গেছেন। ^{৫০} এ সেই রুটি যা স্বর্গ থেকে নেমে এসেছে, যেন লোকে তা খায় ও না মরে। ^{৫১} আমিই সেই জীবন্ত রুটি যা স্বর্গ থেকে নেমে এসেছে; কেউ যদি এই রুটি খায়, তবে সে অনন্তকাল জীবিত থাকবে; আর আমি যে খাবার দেব তা আমার মাংস জগত যেন জীবন পায়।” (অনুবাদকৃত টেক্সট)।

৬:৪১ “তখন যিহূদীরা বকবক করতে লাগল” এটি একটি imperfect tense, যেটি এই ইঙ্গিত দেয় যে তারা বার বার বচনা করতে শুরু করেছিল বা করছিল। প্রান্তরে ঘুরে বেড়াবার সময়কালের সমান্তরাল (যাত্রা এবং গণনা) মনে করিয়ে দেয়। সেই সময়েও ইস্রায়েলীয়রা মোশি, ঈশ্বরের প্রতিনিধিকে প্রত্যাখ্যান করেছিল, যিনি তাদের খাবার যুগিয়ে দিয়েছিলেন।

৬:৪২ এটি দেখায় যে যিহূদীরা যীশু তাঁর নিজের সম্বন্ধে যে কথা বলেছিলেন তা বুঝেছিল। তিনি স্পষ্ট ভাবে যিহূদী বাগধারা ব্যবহার করে দাবী করেছিলেন তাঁর পূর্ব-অস্তিত্ব এবং ঈশ্বরত্ব! যীশুর কথা তাদের কাছে বিশ্বাসের কারণ ছিল যা আসছিল একজন গালীলীয় কাঠ মিস্ত্রির কাছ থেকে! যীশু তাঁর নিজের সম্বন্ধে এরকম দৃঢ় মন্তব্য করেছেন। তাহলে তিনি

১. দেহধারি ঈশ্বরের পুত্র যিনি তাঁর কথায় ও কাজের দ্বারা অনন্ত জীবন আনবেন অথবা
২. একজন পূর্ব পরিকল্পিত মিথ্যাবাদী অথবা
৩. একজন মস্তিষ্ক বিকৃত লোক (নেওয়া হয়েছে Josh McDowell, *Evidence That Demands a Verdict*)

যীশুর দাবীর সত্যবাদিতাই হল খ্রীষ্ট ধর্মের বিষয়।

৬:৪৩ “তোমরা পরস্পর বক বক করো না” এটি একটি present imperative সাথে Negative particle যার সাধারণত অর্থ ইতিমধ্যে চলমান কোন কাজ থামানো।

৬:৪৪ “পিতা যিনি আমাকে পাঠিয়েছেন তিনি কাছে না টানলে কেউ আমার কাছে আসতে পারে না” ঈশ্বরই সব সময় অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৬৫ এবং ১৫:১৬)। সকল আত্মিক সিদ্ধান্তের ফল হল আত্মার উৎসাহ, মানুষের ধার্মিকতা নয় (যিশা ৫৩:৬)। ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানবের সাড়া প্রদানের আবশ্যিকতা অখণ্ড ভাবে একত্রে সংযুক্ত ঈশ্বর ইচ্ছা এবং অনুগ্রহ দ্বারা। এটি হল পুরাতন নিয়মের চুক্তির ধারণা।

“ঈশ্বরের আকর্ষণ” এর সুসমতা পাওয়া যায় যোহন ১২:৩২ পদে যেখানে যীশু “সকল মানুষকে নিজের দিকে আকর্ষণ করছেন।” এই আকর্ষণ পুরাতন নিয়মে ঈশ্বরের লোকদের বিপরীত নমুনা তাঁর ভাববাণীমূলক বাক্যে সাড়া না দেওয়ার (উদাহরণ: যিশা ৬:৯-১৩; ২৯:১৩; যিরমিয়)। ঈশ্বর এখন কথা বলছেন, ইস্রায়েলের কাছে ভাববাদীদের মাধ্যমে নয়, কিন্তু তাঁর পুত্রের মাধ্যমে সকল মানুষের কাছে (ইব্রীয় ১:১-৩)। দেখুন বিশেষ বিষয়: পাঠান (*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

৬:৪৫ “ভাববাদীদের বইতে লেখা আছে” এটি যিশা ৫৪:১৩ বা যির ৩১:৩৪ পদের উদ্ধৃতি যেটি বর্ণনা করে “নূতন চুক্তির” আভ্যন্তরীণ (নূতন হৃদয়, নূতন মন) দিকসমূহ।

□ “যে কেউ পিতার কাছে শুনে শিক্ষা পেয়েছে, সে-ই আমার কাছে আসে” এটা দাবী করা অসম্ভব যে ঈশ্বরকে জানি এবং যীশু প্রত্যাখ্যান করা (১ যোহন ৫:১-১২)।

৬:৪৬ “কেউ যে পিতাকে দেখেছে তা নয়” যীশুর নিশ্চয়তা দিচ্ছেন যে কেবল মাত্র তাঁর মাধ্যমে যে কেউ ঈশ্বরকে জানতে ও বুঝতে পারে (যোহন ১:১৮; ১৪:৬,৯)। এমনকি মোশিও সত্যিকার ভাবে YHWH কে দেখেন নাই (যোহন ৫:৩২ পদের নোট)।

৬:৪৭ এই পদ যীশুর সকল মানুষের কাছে পরিত্রাণের বিনামূল্যে দত্ত পরিত্রাণের দানের সারাংশ করছে (“একজনের বিশ্বাস করা,” present active participle; “অনন্ত জীবন” যোহন ৬:৫১,৫৮; ৩:১৫,১৬,৩৬; ৫:২৪; ১১:২৬; ২০:৩১)। যীশুই একমাত্র ঈশ্বরের সত্যিকার প্রকাশ, ঈশ্বরের কাছে যাবার একমাত্র সত্যময় দরজা (সুসমাচারের একচেটিয়া বক্তব্য, যোহন ১০:১-৬,৭-৯; ১৪:৬), কিন্তু এটি আদমের সকল পুত্র ও কন্যার জন্য সুপ্রাপ্য (সুসমাচারে র একচেটিয়া বক্তব্যের পরিপূর্ণ ১:৪,৭,১২; ৩:১৬; এবং ৩:১৫; ১২:৩)।

৬:৫০ এই পদ, ৩১-৩৫ পদের মত, রুটির অর্থ নিয়ে খেলা করা, দৈহিক রুটি (মাল্লা) এবং স্বর্গীয় রুটি (যীশু)। একজনকে দৈহিক জীবন দান করে ও রক্ষা করে, কিন্তু এটি বার বার অবশ্যই খেতে হয় এবং অবশ্যম্ভাবীরূপে মৃত্যুকে বন্ধ করতে পারে না। অন্যটি আত্মিক জীবন দান করে ও রক্ষা করে, কিন্তু এটি অবশ্যই গ্রহণ করতে হবে এবং লালন পালন করতে হবে এবং আত্মিক মৃত্যুর সমাপ্তি ঘটায় (ঈশ্বরের সঙ্গে ভেঙ্গে যাওয়া সম্পর্ক; পাপ ও নিজের সাথে ঘনিষ্ঠ সহভাগিতা)।

৬:৫১ “আমিই সেই জীবন্ত রুটি” এটি হল যোহনের সুসমাচারে একটি বিখ্যাত “আমি আছি” মন্তব্য (যোহন ৬:৩৫,৪৮,৫১)। এটি ছিল যীশুর আনুষ্ঠানিক কৌশল তাঁর ব্যক্তিত্বের দিকে আকর্ষণ করার। পরিভ্রাণ, প্রকাশের মত, চূড়ান্ত ভাবে একজন ব্যক্তি।

□ “আমার মাংস জগত যেন জীবন পায়” এটি একটি রূপক যেটি গুরুত্ব দিচ্ছে যে যীশু নিজে, আমাদের মূল প্রয়োজন, কোন খাবার সরবরাহ নয়। এই শব্দগুচ্ছের স্পষ্টই সংযোগ রয়েছে ১:১৪ পদের সাথে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:৫২-৫৯

“তখন যিহুদীরা পরস্পর তর্ক করতে আরম্ভ করে বলতে লাগল, “এই লোক কেমন করে আমাদের খাবার জন্য নিজের মাংস দিতে পারে?”^{৫৩} সেজন্য যীশু তাদেরকে বললেন, “সত্য, সত্য, আমি তোমাদের বলছি, তোমরা যদি মনুষ্য পুত্রের মাংস ও তাঁর রক্ত যদি না খাও, তোমাদের মধ্যে জীবন নেই।^{৫৪} যে কেউ আমার মাংস খায় ও আমার রক্ত পান করে সে অনন্ত জীবন পেয়েছে, এবং আমি তাকে শেষ দিনে উঠাব।^{৫৫} কারণ আমার মাংস আসল খাবার, এবং আমার রক্ত আসল পানীয়।^{৫৬} যে কেউ আমার মাংস খায় ও আমার রক্ত পান করে সে আমার মধ্যে থাকে, এবং আমি তাতে থাকি।^{৫৭} যেমন জীবন্ত পিতা আমাকে পাঠিয়েছেন, এবং পিতার জন্যই আমি জীবিত আছি, সেই রকম যে কেউ আমাকে খায়, সেও আমার কারণে জীবিত থাকবে।^{৫৮} এ সেই রুটি যা স্বর্গ থেকে নেমে এসেছে; পূর্ব পুরুষেরা যেমন খেয়েছিল এবং মরেছিল সেই রকম নয়; এই রুটি যে খাবে সে চিরকাল জীবিত থাকবে।”^{৫৯} এই সব কথা তিনি কফরনাহুমে উপদেশ দেবার সময়ে সমাজ ঘরে বলেছিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৬:৫২

NASB “তর্ক”

NKJV “ঝগড়া”

NRSV “বিতর্ক”

TEV “ক্রুদ্ধ তর্ক বিতর্ক”

NJB “তর্ক-বিতর্ক”

imperfect tense এর অর্থ কোন কিছুর শুরু বা অতিতে কোন কিছু চলছিল। এটি যুদ্ধের জন্য একটি দৃঢ় গ্রীক টার্ম (শ্রেণিত ৭:২৬; ২ তীম ২:২৩-২৪; তীত ৩:৯) এবং রূপক ভাবে ব্যবহৃত হয়েছে ২ করি ৭:৫ এবং যাকোব ৪:১-২ পদে।

□ “এই লোক কেমন করে আমাদের খাবার জন্য নিজের মাংস দিতে পারে” যোহনে যীশু রূপক ভাষায় কথা বলেছেন যা সব সময়ই ভুল বোঝা হয়েছে আক্ষরিক অর্থে : (১) নীকদীম, যোহন ৩:৪; (২) শমরিয় মহিলা, যোহন ৪:১১; (৩) যিহুদী জনতা, যোহন ৬:৫২; এবং (৪) শিষ্যেরা, যোহন ১১:১১ পদ।

৬:৫৩-৫৭ যোহন ৬:৫৩ ও ৫৪ পদের মৌখিক কথা খুবই আকর্ষক। যোহন ৬:৫৩ পদে “ভোজন করা” এবং “পান করা” হল aorist active subjunctives যেটি বলছে ইচ্ছাকৃত সম্ভাবনাময় আরম্ভের কাজ। যোহন ৬:৫৪ পদে “ভোজন করা” এবং “পান করা” হল Present active participles যেটি গুরুত্ব দিচ্ছে চলমান কাজের (যোহন ৬:৫৬,৫৭,৫৮)। এটা মনে হয় যে এটি সত্যকে নিশ্চিত করছে যে একজনকে প্রারম্ভিক ভাবে যীশুতে সাদা প্রদান করতে হবে এবং সাদা প্রদান চলতেই থাকবে (যোহন ৬:৪৪)।

এটা অবশ্যই মনে রাখতে হবে যে এই প্যাসেজকে আক্ষরিক ভাবে নিলে যিহুদীদের রক্ত পান করার বিতর্কিত মত ভুল বোঝা হবে (লেবীয় ১৭:১০-১৪)। যীশুর কথার স্পষ্ট পরোক্ষ ইঙ্গিত প্রান্তরে মান্নার দিকে (যোহন ৬:৫৮), এবং এগুলির আক্ষরিক শব্দগুচ্ছ হিসাবে ব্যবহার সংযুক্ত Eucharist সাথে যা হল ধর্মবিধির উদ্দেশ্যের জন ঐতিহাসিক প্রেক্ষাপট এবং আক্ষরিক প্রসঙ্গে সুযোগ নেওয়া।

৬:৫৪ “মাংস...রক্ত” এটা হল একজন সম্পূর্ণ ব্যক্তি, যেমন “হৃদয়” কে উল্লেখ করার যিহুদী উপমাগত উপায়।

৬:৫৫ “আসল খাবার...আসল পানীয়” এটি যোহনের আসল/সত্য টার্ম ব্যবহারে বৈশিষ্ট্যগত ব্যবহার (নিচে বিষয় বিষয় দেখুন)। যোহন, যিনি অন্য নূতন নিয়মের লেখকদের চেয়ে পরে লিখেছেন, তিনি দেখেছেন বেশ কিছু ধর্ম বর্হিভূত চিন্তার উন্নয়ন দেখেছেন (বাণ্ডিন্দাদা যোহনের উপরে অতিরিক্ত গুরুত্ব দিতে, ধর্মীয় অনুষ্ঠানের উপরে অতিরিক্ত গুরুত্ব দিতে, মানবিক জ্ঞানের উপরে অতিরিক্ত গুরুত্ব দিতে-জ্ঞানবাদ)।

বিশেষ বিষয়: “সত্য” (ধারণা) যোহনের লেখনীতে (SPECIAL TOPIC: "TRUTH" (THE CONCEPT) IN JOHN'S WRITINGS)

৬:৫৬ “সে আমাতে থাকে এবং আমি তাতে থাকি” এই একই সত্য বিবৃত হয়েছে যোহন ১৫:৪-৭; ১ যোহন ২:৬,২৭,২৮; ৩:৬,২৪, দেখুন বিশেষ বিষয়: ১ যোহন ২:১০ পদে থাকা। পবিত্রগণের ধৈর্যধারণের উপরে এটি হল নূতন নিয়মের চলমান গুরুত্বদান (গালা ৬:৯; প্রকা ২:৭,১১,১৭,২৬; ৩:৫,১২,২১, যোহন ৮:৩১ পদে বিশেষ বিষয় দেখুন)। আসল সাড়া দান বৈধতা পায় চলমান সাড়া প্রদানে। আমেরিকান ইভানজেলিজমে ধৈর্যধারণের গুরুত্ব হল হারিয়ে যাওয়া উপাদান। একজনের কেবল বিশ্বাসে গুরু করলেই হবে না, কিন্তু তাকে বিশ্বাসে শেষ করতে হবে (ইব্রীয় ১১)। Jonathan Edwards বলেছেন, “নির্বাচনের নিশ্চিত প্রমাণ হল যে একজন শেষ পর্যন্ত স্থির থাকবে।” W. T. Conner বলেছেন, “একজন মানুষের পরিত্রাণের জন্য নির্বাচিত পরিত্রাণ হল ঈশ্বরের উদ্দেশ্য ও তাঁর মনে অনন্তকালীন থেকে অনন্তকালীন নিশ্চিন্ততা, তথাপি এটি বিশ্বাসের উপরে শর্তযুক্ত, এমন এক বিশ্বাস যা ধৈর্য ধরে এবং জয় লাভ করে।”

৬:৫৭ “জীবন্ত পিতা” এই শব্দগুচ্ছ অনন্য, কিন্তু ধারণাটি বাইবেলে প্রায়ই ব্যবহৃত হয়েছে। ঈশ্বরের এই উপাধির উৎপত্তি সম্বন্ধে বেশ কয়েকটি উপায়ে ব্যাখ্যা করা হয়েছে।

১. নিয়মের ঈশ্বরের মূল নাম (যাত্রা ৩:১২,১৪-১৬; ৬:২-৩, যোহন ৬:২০ পদে বিশেষ বিষয় দেখুন)
২. ঈশ্বরের শপথকৃত, “যেমন আমি জীবিত” বা ঈশ্বরের নামে, “যেভাবে প্রভু জীবন্ত” (গণনা ১৪:২১,২৮; যিশা ৪৯:১৮; যির ৪:২)
৩. ঈশ্বরের বর্ণনা হিসাবে (গীত ৪২:২; ৮৪:২; যিহো ৩:১০; যির ১০:১০, দানি ৬:২০,২৬; হোশেয় ১:১০; মথি ১৬:১৬; ২৬:৬৩; প্রেরিত ১৪:১৫; রোমীয় ৯:২৬; ২ করি ৩:৩; ৬:১৬; ১ থি ১:৯; ১ তীম ৩:১৫; ৪:১০; ইব্রীয় ৩:১২; ৯:১৪; ১০:৩১; ১২:২২; প্রকা ৭:২)
৪. যোহন ৫:২৬ পদের মন্তব্য যে পিতাতেই জীবন আছে এবং তিনি তা পুত্রকে দিয়েছেন এবং যোহন ৫:২১ পদ যেখানে পিতা মৃতদের উঠান যেভাবে পুত্র করেন।

৬:৫৮ এটি পুরাতন নিয়ম এবং নূতন নিয়ম, মোশি ও যীশুর মধ্যকার একটি তুলনা (ইব্রীয় পুস্তক দেখুন, বিশেষ করে, ৩ ও ৪ অধ্যায়)।

▣ “পূর্ব পুরুষেরা যেমন খেয়েছিল এবং মরেছিল” এটিও হতে পারে ধর্মতত্ত্বগত কাজ সাধন করে যা বংশধারার মাধ্যমে পরিত্রাণ (যোহন ৮:৩৩-৩৯) বা মোশির ব্যবস্থার মাধ্যমে তা অস্বীকার করে (Torah)।

▣ “অনন্তকাল” নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: অনন্তকাল ('OLAM) (SPECIAL TOPIC: FOREVER ('OLAM))

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:৬০-৬৫

৬০ তাঁর শিষ্যদের মধ্যে অনেকে, যখন তারা এই কথা শুনলো, তারা বলল, “এ বড় কঠিন কথা; কে এটা শুনতে পারে?” ৬১ কিন্তু যীশু, অন্তরে বুঝতে পারলেন যে তাঁর শিষ্যেরা এই বিষয়ে বকবক করছে, তাদেরকে বললেন, “এই কথায় কি তোমরা মনে বাধা পাচ্ছ? ৬২ তবে মনুষ্যপুত্র আগে যেখানে ছিলেন সেখানে তোমরা তাঁকে উঠতে দেখলে কি বলবে? ৬৩ আত্মাই জীবন দেন; মাংসে কোন উপকার নেই; আমি তোমাদের যে সব কথা বলেছি তা আত্মা ও জীবন। ৬৪ কিন্তু তোমাদের মধ্যে কেউ কেউ আছে যারা বিশ্বাস করে না।” কারণ যীশু প্রথম থেকেই জানতেন কে কে বিশ্বাস করে না, এবং কে-ই বা তাঁর সাথে বিশ্বাসঘাতকতা করবে। ৬৫ তিনি আরও বললেন, “এই জন্য আমি তোমাদের বলেছি, পিতা থেকে শক্তি না দিলে কেউ-ই আমার কাছে আসতে পারে না।” (অনুবাদকৃত টেক্সট)।

৬:৬০ “তাঁর শিষ্যদের মধ্যে অনেকে” এই “শিষ্য” টার্মের ব্যবহারে অনেক ব্যাপক অর্ন্তনিহিত অর্থ রয়েছে। যোহনে এই টার্ম এবং “বিশ্বাস করা” উভয়ই ব্যবহার করা হয় (১) সত্যিকার অনুসারীগণ (যোহন ৬:৬৮) এবং (২) সাময়িক অনুসারীগণ (যোহন ৬:৬৪, যোহন ৮:৩১-৪৭)।

▣ “শুনলো...শুনিনা” এখানে “শোনা”(akouō) শব্দের খেলা। তারা যীশুর কথা শুনেনি, কিন্তু তারা তা বোঝে নাই এবং সেমত কাজ করে নাই। এই অর্থে এই গ্রীক টার্ম কাজ করছে ইব্রীয় *shema* মত (দ্বি বি ৪:১; ৫:১; ৬:৩,৪; ২৭:৯-১০)।

৬:৬২ এটি একটি অসম্পূর্ণ first class conditional sentence সাথে কোন উপসংহার নেই। তাৎপর্য হল তারা এটি দেখবে (প্রেরিত ১)। যীশুর মৃত্যু/পুনরুত্থান/স্বর্গারোহন এবং আত্মা আগমনের পরে, যীশুর অনেক শিক্ষা ও কাজ তাদের কাছে অর্থপূর্ণ হয়েছিল।

▣ “আগে যেখানে ছিলেন সেখানে উঠতে দেখলে” এটি হল “যীশু স্বর্গ থেকে নেমে এসেছেন” তার উপরে ক্রমাগত গুরুত্বদান। এটি তাঁর স্বর্গে পিতার সাথে পূর্ব-অস্তিত্ব এবং স্বর্গে পিতার সাথে তাঁর ঘনিষ্ঠ সহভাগিতার কথা বলে (যোহন ১৭:৫,২৪)।

বিশেষ বিষয়: স্বর্গারোহন (SPECIAL TOPIC: THE ASCENSION)

৬:৬৩ এই পদ, ৬ অধ্যায়ের বৃহত্তর প্রসঙ্গের কারণে, হতে পারে পুরাতন নিয়ম বনাম নূতন নিয়ম, মোশি বনাম যীশুর মধ্যকার তুলনার সাথে সম্পর্ক যুক্ত

(যোহন ৬:৫৮; ২ করি ৩:৬, দেখুন ইব্রীয় পুস্তকে দুটি নিয়মের তুলনা)।

□ “আত্মাই জীবন দান করেন” অনেক শব্দগুচ্ছের মধ্যে এটি একটি যেটি ব্যবহৃত যীশু ও আত্মা উভয়ের জন্য।

১. আত্মা হল জীবন-দায়ক জল (৭:৩৮-৩৯)
২. যীশু হলেন জীবন্ত জল (৮:১০-১৪)
৩. পবিত্র আত্মা হলেন সখ্যের আত্মা (১৪:১৭; ১৫:২৬; ১৬:১৩)
৪. যীশু হলেন সত্য (১৪:৬)
৫. আত্মা হলেন paraclete (১৪:১৬,২৬; ১৫:২৬; ১৬:৭)
৬. এবং যীশু হলেন paraclete (১ যোহন ২:১)

১৪:১৬ পদে বিশেষ বিষয় দেখুন।

এই পদে লক্ষ্য করুন যে “আত্মা” (*pneuma*) ব্যবহৃত হয়েছে দুটি বিশেষায়িত অর্থে।

১. পবিত্র আত্মা (যোহন ১:৩২,৩৩; ৩:৩৪; ৭:৩৯; ১৪:১৭; ১৫:২৬; ১৬:১৩)
২. আত্মিক ((যোহন ৪:২৪; ১১:৩৩; ১৩:২১)

যোহন ৩:৫,৬,৮ পদে এটা জানা খুব কঠিন যে কি অর্থ করেছে। যোহন, সম্ভবত উভয়ই।

বিশেষ বিষয়: নুতন নিয়মে আত্মা (*PNEUMA*) (SPECIAL TOPIC: SPIRIT (*PNEUMA*) IN THE NEW TESTAMENT)

৬:৬৪ দৃশ্যত এই দল ভ্রান্ত অনুসারী তারা ভ্রান্ত অনুসারীদের কমিয়ে দিয়েছে—যিহূদা (যোহন ৬:৭০-৭১; ১৩:১১)। নিশ্চিত ভাবে বিশ্বাসের স্তরে নিগূঢ়তর অর্ন্তভূক্ত।

বিশেষ বিষয়: ধর্মত্যাগি (*APHISTĒMI*) (SPECIAL TOPIC: APOSTASY (*APHISTĒMI*))

৬:৬৫ এটি যোহন ৬:৪৪ পদের মত একই সত্য প্রকাশ করেছে। পতিত মানব কখনই নিজের ইচ্ছায় ঈশ্বরকে অন্বেষণ করে নাই (রোমীয় ৩:৯-১৮ পদ মানুষের পাপময়তা ও বিদ্রোহের জন্য ধারাবাহিক পুরাতন নিয়মের উদ্ভূতি)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৬:৬৬-৭১

^{৬৫} এই কথায় তাঁর শিষ্যদের মধ্যে অনেকে ফিরে গেল এবং তাঁর সঙ্গে আর চলাফেরা করল না। ^{৬৬} তাই যীশু সেই বারো জনকে বললেন, তোমরাও কি চলে যেতে চাও? ^{৬৭} শিমোন পিতর তাঁকে উত্তর দিলেন, “প্রভু, কার কাছে আমরা যাব? আপনার কাছে অনন্ত জীবনের কথা আছে। ^{৬৮} আমরা বিশ্বাস করেছি এবং জানতে পেরেছি যে আপনিই ঈশ্বরের সেই পবিত্র জন।” ^{৬৯} যীশু তাদের উত্তর দিলেন, “আমি কি তোমাদের বারো জনকে বেছে নিই নি? তথাপি তোমাদের মধ্যে একজন শয়তান আছে?” ^{৭০} এই কথা তিনি ঈষ্করিয়োতীয় শিমোনের ছেলে যিহূদার বিষয়ে বললেন, কারণ সে-ই পরে, তাঁকে ধরিয়ে দেবে, সে বারো জনের মধ্যে একজন ছিল। (অনুবাদকৃত টেক্সট)।

৬:৬৭ “বারো জন” এই প্রথম যোহনে ব্যবহৃত হল প্রেরিতদের জন্য যৌথ টার্ম (যোহন ৬:৭০,৭১; ২০:২৪)। যোহন ৬:১৩ পদে বিশেষ বিষয় দেখুন।

৬:৬৮ “শিমোন পিতর উত্তর দিলেন” বারো জনের মুখপাত্র ছিলেন পিতর (মথি ১৬:১৬)। এখানে এই ইঙ্গিত নেই যে তারা তাকে তাদের নেতা হিসাবে দেখেছিল (মার্ক ৯:৩৪; লুক ৯:৪৬; ২২:২৪)।

□ “আপনার কাছে অনন্ত জীবনের কথা আছে” খ্রীষ্ট ধর্ম হল (১) সত্য যার মধ্যে একটি বার্তা রয়েছে, “অনন্ত জীবনের বাক্য,” এবং (২) সত্য ব্যক্তি, যীশুতে প্রকাশিত। সুসমাচার, তাহলে, বার্তা এবং ব্যক্তি উভয়ই। টার্ম *pistis* উভয়ের সঙ্গে সম্পর্কযুক্ত হতে পারে (১) একটি বার্তা (যিহূদা ৩,২০) এবং (২) একজন ব্যক্তি (যোহন ১:১২; ৩:১৫-১৬)। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

৬:৬৯ “আমরা বিশ্বাস করেছি এবং জেনেছি” এগুলি উভয়ই perfect active indicatives। পরিত্রাণ এখানে perfect tense এ যার অর্থ অতীত, চূড়ান্ত কাজ যা একটি অবস্থানের নির্ধারণ করেছে। সত্যিকার পরিত্রাণে অর্ন্তভূক্ত সকল গ্রীক verb tenses। দেখুন বিশেষ বিষয়: পরিত্রাণের জন্য যোহন ৯:৭ পদে ব্যবহৃত গ্রীক Verb Tenses।

NASB, NRSV,

NJB

“আপনিই ঈশ্বরের সেই পবিত্র জন”

NKJV

“আপনিই খ্রীষ্ট, জীবন্ত ঈশ্বরের পুত্র”

TEV

“আপনিই সেই পবিত্র জন যিনি ঈশ্বরের কাছ থেকে এসেছেন”

এই পয়েন্টে পাণ্ডুলিপিগত সমস্যা রয়েছে। সংক্ষিপ্ত লেখনী (NASB, NRSV, NJB) সমর্থন করে প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি P⁷⁵, ঋ, B, C*, D, L, and W। পরবর্তীতে অনুলিপিকারকেরা () স্পষ্টত যোহন ১১:২৭ পদের বা পিতরের মথি ১৬:১৬ পদের স্বীকারোক্তি থেকে অতিরিক্ত শব্দ অন্তর্ভুক্ত করেছেন। UBS⁴ সংক্ষিপ্ত লেখনীকে দিয়েছে "A" রেটিং (নির্দিষ্ট)।

“ঈশ্বরের সেই পবিত্র ব্যক্তি” শব্দগুচ্ছ হল পুরাতন নিয়মের একটি মশীহ বিষয়ক উপাধি। এটি পরোক্ষ ভাবে উল্লেখ করে লুক ১:৩৫ এবং প্রেরিত ৩:১৪ পদ। এটি সেই উপাধি যেটি দ্বারা মন্দ আত্মা যীশুর উদ্দেশ্যে কথা বলেছিল মার্ক ১:২৪; লুক ৪:৩৪ পদ। দেখুন বিশেষ বিষয়: যোহন ২:২০ পদে। এটি বারো জনের আর একটি বিশ্বাসের স্বীকারোক্তি, মথি ১৬ অধ্যায়ের মত একই রকমের।

৬:৭০ “আমি কি তোমাদের বেছে নিই নি” এটি হল আর একটি শিষ্যদের ঐশ্বরীক মনোনয়নের উপরে গুরুত্বদান (যোহন ৬:৪৪ এবং ৬৫)। লক্ষ্য করুন যোহন ৬:৬৭ পদে যীশুর প্রশ্ন। ঐশ্বরীক মনোনয়ন এবং মানবিক ইচ্ছা অবশ্যই বাইবেল ভিত্তিক চাপে থাকে। এটি হল নিয়মের সম্পর্কের দুটি দিক।

▣ “এবং তথাপি তোমাদের মধ্যেও একজন শয়তান আছে” কি অবাক করা মন্তব্য! এটি উল্লেখ করেছে না ঢিলাঢালা শিষ্যদের মধ্যে একজনকে যারা ফিরে গেছে (যোহন ৬:৬৬), কিন্তু মনোনীত বারো জন শিষ্যদের মধ্যে একজনকে যারা দাবী করে তাঁকে বিশ্বাস করে। ১৩:২ বা ২৭ পদের সঙ্গে অনেকেই সংযুক্ত রয়েছে। আমাদের এই পদ বোঝার বিষয়ে অনেক প্রশ্ন সম্পর্কিত: (১) কেন যীশু একজন দিয়াবলকে মনোনীত করেছিলেন? এবং (২) এই প্রসঙ্গে টার্মের অর্থ কি?

প্রথম প্রশ্নটির রয়েছে পূর্বে বলা ভাববাণীর বিষয় (যোহন ১৭:১২; গীত ৪১:৯)। যীশু জানতেন যিহূদা কি করবে। যিহূদা হল ক্ষমাহীন পাপের একটি চরম উদাহরণ। সে যীশুকে শোনার, দেখার এবং কয়েক বছর তাঁরা সঙ্গে থাকার পরে তাঁকে প্রত্যাখ্যান করেছিল।

দ্বিতীয় প্রশ্নের সম্ভাব্য দুটি অর্থ রয়েছে।

১. কিছু সম্পর্ক শয়তানের (শয়তানের জন্য কোন article ব্যবহৃত হয়নি প্রেরিত ১৩:১০ এবং প্রকা ২০:২ পদে) যিহূদার মধ্যে প্রবেশ করার (যোহন ১৩:২, ২৭)
২. সম্ভবত টার্ম ব্যবহৃত হয়েছে সাধারণ ভাবে (যেমন ১ তীম ৩:১১; ২ তীম ৩:৩; এবং তীত ২:৩ পদে কোন article নেই) পুরাতন নিয়মের অর্থে যিহূদা ছিল একজন অভিযোগকারী, যেমন শয়তান ছিল (যোহন ১২:৩১ পদে বিশেষ বিষয় দেখুন)। গ্রীক টার্ম ইঙ্গিত করে একজন মিথ্যাবাদী বা গল্প-বলিয়ে। গ্রীক টার্ম হল সমন্বিত, “অন্য দিকে ছুড়ে মারা।”

৬:৭১ “শিমোন ঈষ্করিয়াত” এই শব্দ বিষয়ে বেশ কিছু তত্ত্ব রয়েছে (শব্দটির বানান বিভিন্ন গ্রীক পাণ্ডুলিপিতে বিভিন্ন রকমের)। এটা উল্লেখ করতে পারে

১. Kerioth এর একজন লোক, যিহূদার একটি নগর
২. Kartan লোক, গালীলের নগর
৩. টাকা বহনে চামড়ার ব্যাগ ব্যবহার
৪. “শ্বাসরোধ” এর জন্য ইব্রীয় শব্দ
৫. হত্যাকারীর ছুরির জন্য গ্রীক শব্দ

যদি #১ সত্যি হয় সে ছিল বারো জনের মধ্যে একমাত্র যিহূদীয়ার লোক। যদি # ৫ সত্যি হয় সে ছিল শিমোনের মত একজন zealot।

সম্প্রতি একটি বই লেখা হয়েছে যা ব্যাখ্যা করেছে যিহূদাকে ইতিবাচক আলোকে। বইটির শিরোনাম *Judas, Betrayer or Friend of Jesus?* by William Klassen, Fortress Press, 1996। আমার সমস্যা এর বিষয়ে যে এটি যোহন সুসমাচারের মন্তব্যকে গুরুত্বের সঙ্গে নেয়নি।

▣ “ধরিয়ে দেবে” এই গ্রীক টার্ম ব্যাপক ভাবে অনুবাদ করা হয়েছে এবং বেশির ভাগ প্রসঙ্গ হল নিরপেক্ষ। যাহোক, যিহূদার যীশুকে কর্তৃপক্ষের কাছে ধরিয়ে দেবার সম্পর্কে, এটি অসং তাৎপর্য গ্রহণ করেছে। যোহন ১৮:২ পদে নোট দেখুন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. যোহন ৬ অধ্যায় কি প্রভুর ভোজের আলোচনা? কেন বা কেন নয়?
২. যখন যীশু বলেছিলেন “আমিই জীবন খাদ্য” তখন যীশুর দাবী কি ছিল?
৩. কেন যীশু এমন হতবাক করা মন্তব্য এই জনতাকে করেছিলেন?

যোহন ৭

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশুর ভাইদের অবিশ্বাস	যীশুর ভাইদের অবিশ্বাস	যীশু, জীবন জল	যীশু ও তাঁর ভাইয়েরা	যীশু পর্বে যিরুশালেম গেলেন এবং সেখানে শিক্ষা দিলেন
৭:১-৯	৭:১-৯	৭:১-৯	৭:১-৯	৭:১
কুটিরবাস পর্বে যীশু	স্বর্গীয় পন্ডিত		যীশু কুটিরবাস পর্বে	৭:২-৯
৭:১০-১৩	৭:১০-২৪	৭:১০-১৩	৭:১০-১১ ৭:১২-১৩	৭:১০-১৩
৭:১৪-২৪		৭:১৪-১৮ ৭:১৯-২৪	৭:১৪-১৫ ৭:১৬-১৯ ৭:২০ ৭:২১-২৪	৭:১৪-২৪
ইনিই কি খ্রীষ্ট?	ইনি কি খ্রীষ্ট হতে পারেন?		তিনি কি মশীহ?	লোকেরা মশীহের উৎপত্তি সম্পর্কে আলোচনা করছে
৭:২৫-৩১	৭:২৫-৩১	৭:২৫-৩১	৭:২৫-২৭ ৭:২৮-২৯ ৭:৩০-৩১	৭:২৫-২৭ ৭:২৮-২৯ ৭:৩০
যীশুকে ধরার জন্য কর্মচারীদের পাঠান	যীশু এবং ধর্মীয় নেতারা		রক্ষীদের পাঠান হল যীশুকে ধরার জন্য	যীশু তাঁর আসন্ন বিদায় সম্পর্কে বলেন ৭:৩১-৩৪
৭:৩২-৩৬	৭:৩২-৩৬	৭:৩২-৩৬	৭:৩২-৩৪ ৭:৩৫-৩৬	৭:৩২-৩৬
জীবন্ত জলের নদী	পবিত্র আত্মার প্রতিজ্ঞা		জীবন-দায়ী জলের বাণী	জীবন্ত জলের প্রতিজ্ঞা ৭:৩৯

লোকদের মধ্যে মতভেদ	তিনি কে?	লোকদের মধ্যে মতভেদ	মশীহের উৎপত্তি সম্বন্ধে সদ্য আবিষ্কার
৭:৪০-৪৪	৭:৪০-৪৪	৭:৪০-৪৪	৭:৪০-৪৪
কর্তৃত্বের লোকদের অবিশ্বাস	কর্তৃপক্ষের প্রত্যাখ্যান	যিহুদী কর্তৃপক্ষের অবিশ্বাস	
৭:৪৫-৫২	৭:৪৫-৫২	৭:৪৫	৭:৪৫-৫২
		৭:৪৬	
		৭:৪৭-৪৯	
		৭:৫২	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-৫২দের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ৫ ও ৬ অধ্যায়ের প্রেক্ষাপট নিস্তার পর্ব। যোহন ৭:১ থেকে ১০:২১ পদ প্রেক্ষাপট কুটিরবাস পর্ব (যোহন ৭:২ থেকে কয়েকটি পদ)।
- কুটিরবাস পর্ব প্রকৃত পক্ষে ফসলের জন্য ধন্যবাদ জ্ঞাপন (যাকে বলা হয় শস্যচ্ছেদনের উৎসব, যাত্রা ২৩:১৬; ৩৪:২২)। এটি আরও যাত্রার অভিজ্ঞতা স্মরণের সময় (যাকে বলা হয় কুটিরের উৎসব, লেবীয় ২৩:২৯-৪৪ এবং দ্বি বি ১৬:১৩-১৫)। এই পালন করা হয় Tishri মাসের ১৫ তারিখ, যেটি আজকে আমাদের সেপ্টেম্বরের শেষ দিক বা অক্টোবরের প্রথম দিক।
- ৭ ও ৮ অধ্যায় যীশুর বিশ্রামবার লংঘন (যোহন ৫:১৬) এবং নিজেকে YHWH এর সঙ্গে এক করার ((যোহন ৫:১৮) বিরুদ্ধে যিহুদী কর্তৃপক্ষের বিরোধিতা। লক্ষ্য করুন যে বেশ কয়েকবার লেখনী উল্লেখ করেছে তাদের প্রচেষ্টা
 ১. তাঁকে বন্দি করার, যোহন ৭:৩০, ৩২, ৪৪; ১০:৩৯
 ২. তাঁকে হত্যা করার, যোহন ৭:১, ১৯, ২৫; ৮:৩৭, ৪০ (আরও দেখুন যোহন ১১:৫৩ পদ)

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:১-৯

^১ এই সব কিছু পেরে যীশু গালীলে চলাফেরা করতে লাগলেন, কারণ যিহুদীরা তাঁকে মেরে ফেলতে চেষ্টা করায় তিনি যিহুদীয়াতে চলাফেরা করতে ইচ্ছুক ছিলেন না। ^২ তখন যিহুদীদের পর্ব, কুঁড়ে ঘরের পর্ব, কাছে এসে গিয়েছিল। ^৩ এইজন্য তাঁর ভাইয়েরা তাঁকে বললেন, “এখান থেকে যিহুদীয়াতে চলে যাও, যেন তুমি যা যা করছো তোমার সেই সব কাজ তোমার শিষ্যরাও দেখতে পায়।” ^৪ কারণ এমন কেউ নাই যে গোপনে কাজ করে

আর নিজে প্রকাশ্যে পরিচিত হতে চেষ্টা করে। তুমি যখন এই সকল কাজ করছো, তখন নিজেকে জগতের কাছে প্রকাশ কর।^৮ কারণ তাঁর ভাইয়েরাও তাঁতে বিশ্বাস করত না।^৯ তখন যীশু তাদের বললেন, “আমার সময় এখনও আসে নাই, কিন্তু তোমাদের সময় সব সময়ই আছে।^{১০} জগতের লোকেরা তোমাদের ঘৃণা করতে পারে না, কিন্তু আমাকে ঘৃণা করে কারণ আমি তার বিষয়ে এই সাক্ষ্য দিই যে, তার কাজ মন্দ।^{১১} তোমরাই পর্বে যাও; আমি এখন এই পর্বে যাব না কারণ আমার সময় এখনও পূর্ণ হয় নি।”^{১২} তাদেরকে এই কথা বলে তিনি গালীলে থেকে গেলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১ “এই সব কিছুর পরে” এটি সাহিত্যগত উপায় বিবরণকে এগিয়ে নিয়ে যাবার, কোন জাগতিক চিহ্ন নয় (যোহন ৫:১; ৬:১; ৭:১; ২১)।

□ “যিহূদীরা তাঁকে মেরে ফেলতে চেষ্টা করায়” যোহনে “যিহূদীরা” বলতে প্রায়ই পাপময় তাৎপর্য বুঝায় (যোহন ১:১৯; ২:১৮,২০; ৫:১০,১৫,১৬; ৬:৪১,৫২; ৭:১,১১,১৩,৩৫; ৮:২২,৫২,৫৭; ৯:১৮,২২; ১০:২৪,৩১,৩৩; ১১:৮; ১৯:৭,১২; ২০:১৯)। তাদের ঘৃণার ও হত্যাকারার উদ্দেশ্য বেশ কয়েকবার লিপিবদ্ধ করা হয়েছে (যোহন ৫:১৬-১৮; ৭:১৯,৩০,৪৪; ৮:৩৭,৪০,৫৯; ১০:৩১,৩৩,৩৯; ১১:৮,৫৩)।

৭:২ যিহূদীদের পর্ব, কুঁড়ে ঘরের পর্ব” এই পর্বকে আরও বলা হয় কুটিরের উৎসব পর্ব (লেবীয় ২৩:৩৪-৪৪; দ্বি বি ১৬:১৩-১৭) কারণ শস্য সংগ্রহের সময়ে গ্রামবাসীরা ক্ষেত্রে ছোট ছোট কুটিরে বাস করে, যেটি যিহূদীদের মনে করিয়ে দেয় তাদের যাত্রার অভিজ্ঞতা। এই পর্বের ধর্মীয় অনুষ্ঠান এবং বিধি বিধান আমাদের যোহন ৭:১-১০:২১ পদে যীশুর শিক্ষার প্রেক্ষাপট যুগিয়ে দেয়, যেভাবে ৫-৬ অধ্যায় আমাদের নিস্তার পর্বের উৎসবের প্রেক্ষাপট জানায়।

৭:৩ “তাঁর ভাইয়েরা” ২:১২ পদের পরে এই প্রথম তাঁর পরিবারের বিশেষ উল্লেখ করেছে। এটা স্পষ্ট যে তারা তাঁর ইচ্ছা, পদ্ধতি বা উদ্দেশ্য বুঝতে পারেনি।

□ “এখান থেকে চলে যাও, যিহূদিয়াতে চলে যাও” এটি উল্লেখ করে বাৎসরিক তীর্থযাত্রীদের যাত্রা মিছিল (লুক ২:৪১-৪৪) যারা গালীল ত্যাগ করে এবং যিরূশালেমের পথে তারা এগিয়ে যায়। মনে রাখুন যে যোহনের সুসমাচার যিরূশালেমে যীশুর পরিচর্যার প্রতি লক্ষ্য রেখেছে।

৭:৪ “প্রকাশ্যে” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন

বিশেষ বিষয়: সাহসীকতা (PARRHĒSIA) (SPECIAL TOPIC: BOLDNESS (PARRHĒSIA))

□ “যদি” এটি একটি first class conditional sentence যেটি মনে করা হয় সত্য লেখকের উদ্দেশ্যের দিক থেকে।

□ “নিজেকে জগতের কাছে প্রকাশ কর” যোহন ৭:৪ পদে যীশু তাদের কথার মধ্যে “জগৎ” টামটি নিয়েছেন এবং যোহন ৭:৭ পদে এ বিষয়ে মন্তব্য করেছেন। জগতের তাঁর প্রতি গ্রহণীয় মনোভাব এবং সহানুভূতি ছিল না, কিন্তু ছিল বিরোধিতা (যোহন ১৫:১৮-১৯; ১৭:১৪; ১ যোহন ৩:১৩) কারণ তিনি জগতের বিদ্রোহ ও পাপকে প্রকাশ করেছিলেন (যোহন ৩:১৯-২০)।

যীশুর নিজেকে তাঁর ভাইদের উপায় প্রকাশ করা (অথাৎ, অলৌকিক কাজ) যীশুর উপায় থেকে খুবই আলাদা ছিল (ক্রুশ)। এখানেই যিশাইয় ৫৫:৮-১১ পদের ভাববানী স্পষ্ট দৃষ্টিগোচরে এসেছে!

৭:৫ “কারণ তাঁর ভাইয়েরাও তাঁতে বিশ্বাস করত না” এটি লেখকের আর একটি সম্পাদকীয় মন্তব্য। যীশুকে মশীহ হিসাবে গ্রহণ করাটা খুব কঠিন ছিল যখন সকলে একই গৃহে বড় হয়ে ওঠে (মার্ক ৩:২০-২১)। যীশু তাঁর সং ভাই ও বোনদের যত্ন নিতেন। পুনরুত্থানের পরে একবার নিজেকে তাদের কাছে প্রকাশ করা তাঁর উদ্দেশ্য ছিল। তারা বিশ্বাস করেছিল (প্রেরিত ১:১৪)! যাকোব যিরূশালেম মন্ডলীর নেতা হয়েছিলেন। এবং যাকোব এবং যিহূদা দুজনে দুটি বই লিখেছেন যা নূতন নিয়মের ক্যাননে (canon) অর্ন্তভুক্ত হয়েছে।

৭:৬ “আমার সময় এখনও হয় নি” “সময়” (kairos) শব্দটি কেবলমাত্র এখানেই (দু’বার) পাওয়া যায় এবং যোহন ৭:৮ পদে যোহন সুসমাচারে এবং পত্রাবলীতে। BAGD তিনটি মূল অন্তর্নিহিত তাৎপর্য দিয়েছে।

১. - স্বাগতমের সময় (অর্থাৎ, ২ করি ৬:২)
 - একটি সুযোগের সময় (অর্থাৎ, লুক ৪:১৩)
 - একটি পূর্ব নির্ধারিত সময় (অর্থাৎ, মার্ক ১৩:৩৩; প্রেরিত ৩:২০; ১ পিতর ১:১১)
২. একটি সঠিক বা সুবিধামত সময়
 - সঠিক সময় (অর্থাৎ, মথি ২৪:২৫; লুক ১:২০)
 - নির্ধারিত সময় (অর্থাৎ, যোহন ৭:৮; ২ তীম ৪:৬)
৩. একটি eschatological (শেষকালীন মতবাদগত) সময় (অর্থাৎ, লুক ২১:৮; রোমীয় ১৩:১১; ১ থিষ ৫:১; ২ থিষ ২:৬)

গণনা ২ এবং ৩ অধ্যায়ে রয়েছে আংশিক ভাষাগত অর্থের (semantic) ওভারল্যাপ।

যীশু তাঁর কাজ সম্পর্কে বুঝেছিলেন (১২:২৩; ১৩:১; ১৭:১-৫)। একটি ঐশ্বরীক সময়সূচি ছিল এই সুসমাচারের ঘটনাগুলি প্রকাশিত হবার (লুক ২২:২২; যোহন ৭:৩০; ৮:২০; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮)।

৭:৭ “জগত” দেখুন বিশেষ বিষয়: *Kosmos* যোহন ১৪:১৭ পদে।

৭:৮

NASB “তোমরাই পর্বে যাও; আমি এখনও এই পর্বে যাচ্ছি না”
NKJV “তোমরাই এই পর্বে যাও। আমি এখনও এই পর্বে যাচ্ছি না”
NRSV, NJB “তোমরাই এই পর্বে যাও; আমি এই পর্বে যাচ্ছি না”
TEV “তোমরাই পর্বে যাও। আমি এই পর্বে যাচ্ছি না”

বেশ কয়েকটি প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে (K, D, and K) “তথাপি” adverb পাওয়া যায় না। এটি মনে হয় প্রাথমিক অনুলিপিকারকদের (scribal) প্রচেষ্টা যোহন ৭:৮ এবং ১০ পদের মধ্যকার দৃশ্যত অসঙ্গতিকে দূর করার। এই adverb যুক্ত রয়েছে MSS P⁶⁶, P⁷⁵, B, L, T, and W(NKJV, the Twentieth Century New Testament, NIV)।

এই সংক্ষিপ্ত মন্তব্য বুঝতে পারা যেতে পারে

১. আমি তোমাদের সঙ্গে যাচ্ছি না (তোমাদের উদ্দেশ্যের জন্য নয়)
২. আমি ৮ দিনের পর্বের মাঝামাঝি যাব (পর্বের প্রতীকের মাধ্যমে প্রকাশ করতে)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:১০-১৩

^{১০} কিন্তু তাঁর ভাইয়েরা পর্বে গেলে পর, তিনিও গেলেন, খোলাখুলি ভাবে নয়, কিন্তু এক রকম, গোপনে। ^{১১} তাতে যিহূদীরা পর্বে তাঁর খোঁজ করল আর বলল, “সেই লোকটা কোথায়?” ^{১২} সেখানে ভিড়ের মধ্যে লোকেরা তাঁর বিষয়ে বিড়বিড় করে অনেক কথা বলতে লাগল; কেউ কেউ বলল, “তিনি ভাল লোক”; আর কেউ কেউ বলল, “তা নয়, বরং, সে লোকদের বিপথে নিয়ে যাচ্ছে।” ^{১৩} কিন্তু যিহূদীদের ভয়ে কেউ তাঁর বিষয়ে খোলাখুলি ভাবে কিছু বলল না। (অনুবাদকৃত টেক্সট)।

৭:১১ “যিহূদীরা” এই অধ্যায়ে চারটি ভিন্ন ভিন্ন দল যারা যীশুর সঙ্গে সম্পর্কযুক্ত হয়েছিল।

১. তাঁর ভাইয়েরা
২. “যিহূদীগণ” যেটি উল্লেখ করে ধর্মীয় নেতাদের
৩. “লোকসমূহ” যেটি উল্লেখ করে পুন্যার্থীদের যারা যারা কুটির বাস পর্বে এসেছিল
৪. “যিরূশালেমের লোকেরা” যারা স্থানীয় লোক যারা মহাসভার লোকদের এবং তাদের যীশুকে মেরে ফেলার পরিকল্পনা জানতেন।

৭:১২ “আর সেখানে ভিড়ের মধ্যে লোকেরা তাঁর বিষয়ে বিড়বিড় করে অনেক কথা বলতে লাগল” একই বিশেষত প্রতিটি জনতার বিষয়ে সুসমাচার দেখিয়েছে। এটি দেখায় মানুষের ভিতরে আত্মিক সঙ্কমতা ও স্তরের উপলব্ধির ভিন্ন ভিন্ন অবস্থা বর্তমান (যোহন ৭:৪০-৪৪)।

□ “সে লোকদের বিপথগামী করিতেছে” verb *planaō* ব্যবহৃত হয়েছে

১. ভ্রান্ত শিক্ষক (অর্থাৎ, মথি ২৪:১১; ২ তীম ৩:১৩; ১ যোহন ১:৮; ২:২৬; ৩:৭)
২. ভ্রান্ত মশীহ (অর্থাৎ, মথি ২৪:৪-৫, ২৪; যোহানে যীশুর কে ছিলেন সে বিষয়ে যিহূদীরা কি ভাবতো (যোহন ৭:১২, ৪৭; মথি ২৭:৬৩)।
৩. লোকেরা নিজেরাই বিভ্রান্ত হচ্ছে (১ করি ৩:১৮; ১ যোহন ১:৮) বা
৪. বিভ্রান্ত হচ্ছে (১ করি ৬:৯; ১৫:৩৩; গালা ৬:৭; যাকোব ১:১৬)

এই সম্বন্ধে যে শব্দ ব্যবহৃত হয়েছে তা নক্ষত্রপুঞ্জের নিয়মিত কক্ষপথ অনুসরণ করে না। তাদের বলা হয় “উদ্দেশ্যহীন ভাবে ভ্রমনশীল।”

৭:১৩ “যিহূদীরা” সমগ্র জনতা ছিল যিহূদী। এটি স্পষ্ট ভাবে দেখায় যোহনের বিশেষ ভাবে ব্যবহৃত এই টার্ম যা যিরূশালেমের ধর্মীয় নেতাদের উল্লেখ করে। যোহন ৭:১ পদের নোট দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:১৪-১৮

^{১৪} কিন্তু যখন পর্বের মাঝামাঝি সময়, তখন যীশু মন্দিরে গেলেন, এবং উপদেশ দিতে আরম্ভ করলেন। ^{১৫} তাতে যিহূদীরা আশ্চর্য হয়ে বলল, “এই লোকটি কোন শিক্ষা লাভ না করে, কি ভাবে শিক্ষিত হয়ে উঠল?” ^{১৬} যীশু তাদের উত্তর করে বললেন, “আমার শিক্ষা আমার নয়, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তাঁর।” ^{১৭} যদি কেউ তাঁর ইচ্ছা পালন করতে ইচ্ছা করে, সে এই শিক্ষার বিষয়ে জানতে পারবে, এটা ঈশ্বর থেকে হয়েছে, না কি আমি নিজ থেকে বলছি। ^{১৮} যে নিজ থেকে কথা বলে সে নিজেরই গৌরব চেষ্টা করে; কিন্তু যিনি নিজের প্রেরণকারীর গৌরবের চেষ্টা করেন, তিনি সত্যবাদী, আর তাঁতে কোন অধর্ম নেই।” (অনুবাদকৃত টেক্সট)।

৭:১৪ “কিন্তু যখন পর্বের মাঝামাঝি সময়” ঠিক কি কারণে যীশু এই সময় পর্যন্ত অপেক্ষা করেছিলেন তা অনিশ্চিত, কিন্তু ধারণা করা যেতে পারে যে এটি পুণ্যার্থীদের এবং নগরের লোকদের তাঁর এবং তাঁর পরিচর্যা সম্পর্কে আলোচনা করার সময় ছিল। এটি আরও সময় ছিল যিহূদী নেতাদের খোলাখুলি ভাবে তাদের বিরোধিতা প্রকাশ করার (যোহন ৭:১৩)।

□ “শিক্ষা” যীশুর কথা বলার ঘটনাগুলিকে যেভাবে বৈশিষ্ট্য দেওয়া হয়েছে

১. উপদেশ দান, মথি ৪:২৩; ৫:২,১৯; ৭:২৯, ইত্যাদি; যোহন ৬:৫৯; ৭:১৪,২৮,৩৫; ৮:২০,২৮
২. প্রচার করা, লূক ৪:১৮; ৭:২২; ৯:৬; ২০:১

এ গুলি মনে হয় একই অর্থে ব্যবহৃত হয়েছে এটি উল্লেখ করতে যে যীশু ঈশ্বরের মানব সৃষ্টির সত্য প্রকাশ করতে। প্রত্যাদেশ সব সময়ই অর্থ করে কিছু জানানো এবং সংস্কার করা। এটি দাবী করে একটি সিদ্ধান্ত যার মধ্যে অন্তর্ভুক্ত জীবন পদ্ধতির পরিবর্তনের অগ্রগণ্যতা। সত্য সবকিছু পরিবর্তন করে!

৭:১৫ “এই লোক শিক্ষা না করে, কি ভাবে শিক্ষিত হয়ে উঠল” এর সহজ অর্থ যে তিনি নিয়মানুসারে কোন rabbinical বিদ্যালয়ে যান নাই, এমনকি তিনি কোন বিখ্যাত রাব্বির শিষ্যও ছিলেন না। “এ ব্যক্তি” শব্দগুচ্ছের ব্যবহারে রয়েছে এই অশ্রদ্ধার ইঙ্গিত (যোহন ১৮:১৭, ২৯)।

যীশুর উপদেশ প্রায়ই তাঁর শ্রোতাদের বিস্মিত করতো (মার্ক ১:২১-২২; লূক ৪:২২) কারণ (১) বিষয়বস্তু এবং (২) কাঠামো। অন্য রাব্বির আকজন অন্যের উদ্ধৃতি করতো; যীশু দাবী করেছেন যে তিনি ঈশ্বরের উদ্ধৃতি দিচ্ছেন!

৭:১৬ যীশু আবার মেনাযোগ আকর্ষণ করলেন কেবলমাত্র তাঁর পিতার প্রতি আনুগত্যে (যোহন ৫:১৯ পদের নোট দেখুন) নয়, কিন্তু তাঁর পিতার বিষয়ে অনণ্য জ্ঞানের জন্য। তারা ছিল জাগতিক শিক্ষক; তিনি ছিলেন স্বর্গীয় শিক্ষক।

৭:১৭ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাবনাময় বা সম্ভাব্য কাজ। সুসমাচারের বিশ্বজনীন আবেদনের এটি একটি স্ববিরাধিতা (paradox) (যোহন ১:১২; ৩:১৬) এবং ঈশ্বরের সার্বভৌমত্ব (যোহন ৬:৪৪, ৬৫)। আত্মা অবশ্যই হৃদয়কে উন্মুক্ত করে (যোহন ১৬:৮-১৩)।

৭:১৮ যীশু চেষ্টা করেছেন তাঁরা নিজের অনন্যতার সাথে পতিত মানবের তুলনা করেছেন: (১) তিনি তাঁর নিজের গৌরব অশ্বেষন করেন নাই; (২) তিনি পিতার গৌরব অশ্বেষণ করেছেন; (৩) তিনি সত্য; এবং (৪) তিনি পাপহীন।

□ “নিজেরই গৌরব” যোহন ১:১৪ পদের নোট দেখুন।

□ “তাঁর মধ্যে অধর্ম নেই” যীশু আমাদের স্থলে মরতে পারতেন কারণ তাঁর নিজের পাপের জন্য তাঁর মরার দরকার ছিল না (২ করি ৫:২১)। যীশুর পাপহীনতা হল চূড়ান্ত ধর্মতত্ত্ব বিষয়। এই বিষয়টি বিভিন্ন ভাবে প্রায়ই প্রকাশ করা হয়।

১. লূক ২৩:৪১
২. যোহন ৬:৬৯; ৭:১৮; ৮:৪৬; ১৪:৩০
৩. ২ করি ৫:২১
৪. ইব্রীয় ৪:১৫; ৭:২৬; ৯:১৪
৫. ১ পিতর ১:১৯; ২:২২ (যিশা ৫৩:৯)
৬. ১ যোহন ২:২৯; ৩:৫, ৭

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:১৯-২৪

^{১৯} মোশি তোমাদের কি আইন কানুন দেন নাই, তথাপি তোমাদের মধ্যে কেউ-ই সেই আইন কানুন পালন করে না? কেন আমাকে মেরে ফেলতে চেষ্টা করছে?” ^{২০} লোকেরা উত্তর দিল, “তোমাকে ভূতে পেয়েছে! কে তোমাকে মেরে ফেলতে চেষ্টা করছে?” ^{২১} যীশু উত্তর করে তাদেরকে বললেন, “আমি একটি কাজ করেছি, আর সেই জন্য তোমরা সকলে আশ্চর্য হয়েছো। ^{২২} মোশি তোমাদের তুকছেদের নিয়ম দিয়েছেন (তা যে মোশি হতে হয়েছে এমন নয়, পূর্ব পুরুষদের হতে হয়েছে), এবং তোমরা বিশ্রামবারে মানুষের তুকছেদ করে থাক। ^{২৩} মোশির আইন কানুন না ভাঙ্গবার জন্য যদি বিশ্রামবারে মানুষের তুকছেদ করানো যায়, তবে আমি বিশ্রামবারে এক জন মানুষকে সম্পূর্ণ ভাবে সুস্থ করেছি বলে আমার উপরে রাগ করেছো কেন? ^{২৪} বাইরের চেহারা দেখে বিচার না করে বরং ন্যায় ভাবে বিচার কর।” (অনুবাদকৃত টেক্সট)।

৭:১৯ ব্যাকরণগত কাঠামো আশা করছে “হ্যাঁ” উত্তর।

□ “তথাপি তোমাদের মধ্যে কেউ-ই সেই আইন কানুন পালন করে না” এই সব যিহুদী যারা যিরূশালেমে পর্বে এসেছিল তাদের কাছে অবশ্যই এটি একটি হতবাক করা মন্তব্য ছিল। মোশির ব্যবস্থা পূর্ব পরিকল্পিত হত্যাকে নিষিদ্ধ করেছে, তথাপি ঠিক এটিই নেতার করার পরিকল্পনা করেছিল। স্থানীয় লোকেরা এটি জানতো কিন্তু তারা তাদের পরিকল্পনা থামাতে এমন কি অভিযোগ করতেও ইচ্ছুক ছিল না।

□ “কেন আমাকে মেরে ফেলতে চেষ্টা করছে” যোহন ৭:২০ পদের প্রশ্ন ধর্মীয় নেতাদের কাছ থেকে আসেনি, কিন্তু পুণ্যার্থীদের কাছ থেকে যারা তাঁকে মেরে ফেলার ষড়যন্ত্র সম্পর্কে কিছুই জানতো না। পরবর্তীতে, যোহন ৭:২৫ পদে, যিরূশালেমের লোকেরা জানতো যীশুকে মেরে ফেলার ষড়যন্ত্র সম্বন্ধে।

ধর্মীয় নেতারা যীশুকে অভিযুক্ত করে মন্দ আত্মায় পাওয়া বলে তাঁর ক্ষমতা ও দূরদর্শিতার ব্যাখ্যা দিতে গিয়ে (মথি ৯:৩৪; ১১:১৮; ১২:২৪; মার্ক ৩:২২-৩০; যোহন ৮:৪৮-৫২; ১০:২০-২১)।

৭:২০ “তোমাকে ভূতে পেয়েছে” এটা সকলের কাছে স্পষ্ট যারা যীশুর সংস্পর্শে এসেছে যে তাঁর আত্মিক ক্ষমতা রয়েছে। প্রশ্ন হল এই ক্ষমতা কোথা থেকে এসেছে? যিহুদী নেতার যীশুর চিহ্ন-কাজ/অলৌকিক কাজ”কে আত্মীকার করতে পারতো না, তাই তারা বলেছে এই ক্ষমতা এসেছে শয়তান এবং মন্দ আত্মার কাছ থেকে (যোহন ৮:৪৮-৪৯,৫২; ১০:২০)।

এই প্রসঙ্গে যে পূণ্যার্থী জনতা কুটির বাস পর্বে এসেছিল তারা একই শব্দগুচ্ছ ব্যবহার করেছিল, কিন্তু ভিন্ন একটি অর্থে। তারা বলেছে যে যীশু কাজ করেছেন যুক্তির বাইরে, অস্বাভাবিক ভাবে।

বিশেষ বিষয়: মন্দ আত্মা (UNCLEAN SPIRITS) (SPECIAL TOPIC: THE DEMONIC (UNCLEAN SPIRITS))

৭:২২

NASB, NKJV “(তা যে মোশি হতে হয়েছে এমন নয়, পূর্ব পুরুষদের হতে হয়েছে)”

NRSV “(এটি যে মোশি হতে হয়েছে এমন নয়, পূর্ব পুরুষদের হতে হয়েছে)”

TEV “(যদিও তা মোশি হতে হয়েছে এমন নয় কিন্তু তোমাদের পূর্ব পুরুষদের হতে যারা এটি শুরু করেছিল)”

NJB “-তা যে মোশি হতে শুরু হয়েছে এমন নয়, পূর্ব পুরুষদের হতে-”

তুকছেদের বিধান মোশির থেকে শুরু হয়নি (যাভা ১২:৪৮; লেবীয় ১২:৩), কিন্তু এটি অব্রাহামকে দেওয়া হয়েছিল YHWH সঙ্গে বিশেষ নিয়মের চিহ্ন হিসাবে (আদি ১৭:৯-১৪; ২১:৪; ৩৪:২২)।

□ “এবং তোমরা বিশ্রামবারে মানুষের তুকছেদ করে থাক” এটি ছিল যীশুর বক্তব্য যে তারা ইচ্ছাকৃত ভাবে বিশ্রামবারের বিধান পাশ কাটিয়ে গিয়েছে যেন বিশ্রামবারে শিশুর তুকছেদ করতে পারে (*Shab* ১৩২; *Shab* ১৮:৩; ১৯:১-৬), কিন্তু তারা একজন লোক যে সম্পূর্ণ ভাবে সুস্থ হতে পারে সেজন্য তারা বিশ্রামবারের বিধান পাশ কাটাতে ইচ্ছুক ছিল না। এটি উপলব্ধি করা তাৎপর্যপূর্ণ যে, যীশু Rabbinical যিহুদী ধর্মের যুক্তি এবং চিন্তার কাঠামো এই সমগ্র অংশে ব্যবহার করেছেন।

৭:২৩ “যদি” এটি একটি First class conditional sentence যেটি লেখকের দিক থেকে বা তাঁর সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে সত্য বলে ধরে নেওয়া হয়।

□ “তবে আমি বিশ্রামবারে এক জন মানুষকে সম্পূর্ণ সুস্থ করেছি বলে আমার উপরে কেন রাগ করছো” এটি হয় যোহন ৫:১-৯ পদে যীশুর আরোগ্যদানের বিবরণ উল্লেখ করছে না হয় লিপিবদ্ধ হয়নি পর্বের সময়ে এমন কোন আরোগ্য দানের কথা বলছে।

“ক্রোধ” (*cholaō*) এই গ্রীক শব্দ হল একটি দুর্লভ শব্দ নতুন নিয়মের এখানেই কেবল পাওয়া যায়। এটা খুব কম পাওয়া যায় সকল গ্রীক সাহিত্যে (BAGD, p. 883 and MM, p. 689)। এটি “তিক্ত” (*cholē*, মথি ২৭:৩৪) শব্দের সঙ্গে সম্পর্কযুক্ত। যীশুর এই শব্দ ব্যবহারে যুক্তি (অর্থাৎ, এর অন্তর্নিহিত তাৎপর্য) অনিশ্চিত। এটা হতে পারে “ঐশ্বরীক ক্রোধ” এই অর্থে যে তারা ভাবছে যে তারা ঈশ্বরের ইচ্ছা ও তাঁর ব্যবস্থা রক্ষা করছে, যেটি যীশু লংঘন করছেন।

৭:২৪ “বাইরের চেহারা দেখে বিচার করো না, কিন্তু ন্যায় ভাবে বিচার কর” এটি একটি present imperative সাথে negative particle, যার অর্থ প্রক্রিয়াকারত কাজকে থামানো। এরপরে আসছে aorist imperative, যেটি ইঙ্গিত দিচ্ছে তাৎক্ষণিক কাজ। এটা হতে পারে যিশা ১১:৩ পদের পরোক্ষ উল্লেখ।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:২৫-৩১

^{২৫} তখন যিরূশালেমের কয়েক জন বলল, “এ কি সেই লোক নয় যাকে তারা মেরে ফেলতে চেষ্টি করছে? ^{২৬} আর দেখ, সে ত খোলাখুলি ভাবে কথা বলছে, আর তারা একে কিছুই বলছেন না। শাসনকর্তারা কি সত্যিকার ভাবে জানতে পেরেছেন যে এই লোকটিই খ্রীষ্ট? ^{২৭} যাহোক, আমরা ত জানি এ কোথা থেকে এসেছে; কিন্তু খ্রীষ্ট যখন আসবেন, তখন তিনি কোথা থেকে আসবেন তা কেউ জানবে না।” ^{২৮} তখন যীশু মন্দিরে শিক্ষা দিতে দিতে জোরে জোরে বললেন, “তোমরা ত আমাকে জান এবং আমি কোথা থেকে এসেছি তাও জান; আর আমি নিজের থেকে আসি নি, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তিনি সত্যময়, তোমরা তাঁকে জান না। ^{২৯} আমি তাঁকে জানি, কারণ আমি তাঁর কাছ থেকে এসেছি, আর তিনিই আমাকে পাঠিয়েছেন।” ^{৩০} এতে লোকেরা তাঁকে ধরতে চেষ্টি করল; তথাপি কেউ তাঁর উপরে হাত তুললো না, কারণ তখনও তাঁর সময় হয় নি। ^{৩১} কিন্তু লোকদের মধ্যে অনেকে তাঁতে বিশ্বাস করল; আর তারা বলল, “খ্রীষ্ট যখন আসবেন, তখন এর করা কাজের চেয়েও তিনি কি আরও চিহ্ন কাজ করবেন?” (অনুবাদকৃত টেক্সট)।

৭:২৫ “এ কি সেই লোক নয় যাকে তারা মেরে ফেলতে চেষ্টি করছে” এই প্রশ্নের ব্যাকরণগত গঠন আশা করে “হ্যাঁ” উত্তরের (যোহন ৫:৪৭; ৭:১৯)। এটি যোহন ৭:২৩৬ পদের পরের ধারাবাহিক প্রশ্নের প্রথম প্রশ্ন।

৭:২৬

NASB, REV,

NET

“এ খোলাখুলি ভাবে কথা বলছে”

NKJV

“এ সাহসিকতার সাথে কথা বলছে”

NRSV, NJB

“এ খোলাখুলি ভাবে কথা বলছে”

দেখুন বিশেষ বিষয়: সাহসিকতা (*parrhēsia*) যোহন ৭:৪ পদ।

NASB “শাসন কর্তারা কি সত্যিকার ভাবে জানেন যে এ সেই খ্রীষ্ট”

NKJV “শাসন কর্তারা কি সত্যিকার ভাবে জানেন যে এ সত্যিকার সেই খ্রীষ্ট”

NRSV “শাসন কর্তারা কি সত্যিকার ভাবে জানতে পেরেছে যে ইনিই সেই মশীহ”

TEV “তাহারা কি সত্যিকার ভাবে জানতে পেরেছে যে ইনিই সেই মশীহ”

NJB “শাসন কর্তারা কি সত্যিকার ভাবে চিনতে পেরেছে যে ইনিই সেই খ্রীষ্ট”

ব্যাকরণগত গঠন আশা করে “না” উত্তর। যাহোক, এটি একটি সম্ভাবনার প্রকাশ করে যোহন ১:৩১; ৪:৩৯)।

৭:২৭ “আমরা ত জানি এ কোথা থেকে এসেছে; কিন্তু খ্রীষ্ট যখন আসবেন, তখন তিনি কোথা থেকে আসবেন তা কেউ জানবে না।” এটি উল্লেখ করছে মশীহ বিষয়ক rabbinical ঐতিহ্য যার ভিত্তি মালাখী ৩:১ পদ যেখানে বলা হয়েছে মশীহ হঠাৎ মন্দিরে দেখা দেবেন। এটি পাওয়া যায় I Enoch ৪৮:৬ এবং IV Ezras ১৩:৫১,৫২।

৭:২৮ এই পদে যীশু দুটি মন্তব্য করেছেন।

১. ঈশ্বর তাঁকে পাঠিয়েছেন (যোহন ৩:১৭,৩৪; ৫:৩৬,৩৮; ৬:২৯; ৭:২৯; ৮:৪২; ১০:৩৬; ১১:৪২; ১৭:৩,১৮,২১,২৩,২৫; ২০:২১)
২. তারা ঈশ্বরকে জানে না (যোহন ৫:৩৭,৪২; ৮:১৯,২৭,৫৪-৫৫; ১৬:৩)

যোহন লিপিবদ্ধ করেছেন যে যীশু “উচ্চৈশ্বর্যে” (যোহন ৭:৩৭; ১২:৪৪; মথি ৮:২৯)। যীশু তার আওয়াজ বাড়িয়েছিলেন যেন সকলে শুনতে পায়। এই অর্থে, এটি কাজ করে একটি আক্ষরিক অর্থে যেমন যীশু ব্যবহার করেছেন প্রারম্ভে “আমেন” বা “আমেন, আমেন।” তিনি চেয়েছিলেন এই বিদ্রূপাত্মক মন্তব্য যেন গুরুত্ব পায়! ২৯ পদ দেখায় সমস্যা! তারা ভেবেছে যে তিনি গালীল থেকে এসেছেন (যোহন ৭:৪১), কিন্তু বাস্তবতায়, তিনি স্বর্গ থেকে এসেছিলেন!

□ “যিনি আমাকে পাঠিয়েছেন তিনি সত্যময়” পিতা হলেন সত্য (যোহন ৩:৩৩; ৮:২৬; ১ যোহন ৫:২০) এবং সেইরকমই পুত্রও সত্য (যোহন ৭:১৮; ৮:১৬)। যোহন ৬:৫৫ পদে বিশেষ বিষয় দেখুন।

৭:২৯ “আমিই তাঁকে জানি, কারণ আমি তাঁর কাছ থেকে এসেছি, আর তিনিই আমাকে পাঠিয়েছেন” এটি যোহনে আর একটি উল্লেখ দ্বৈতবাদের উদাহরণ। এই মন্তব্য যিহুদী নেতাদের কাছে ঈশ্বর নিন্দা বলে বিবেচ্য হয়েছিল এবং নিশ্চিত করেছিল তাদের যীশুকে হত্যা করার প্রয়োজনীয়তাকে। দেখুন বিশেষ বিষয়: পাঠান(*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

৭:৩০ “লোকেরা তাঁকে ধরতে চেষ্টা করল” এটি একটি imperfect tense verb যেটি ইঙ্গিত দেয় (১) তারা তাঁকে ধরতে চেষ্টা শুরু করেছিল বা (২) তারা বার বার চেষ্টা করেছিল তাকে বন্দি করতে কিন্তু তারার চায়নি পুণ্যার্থীদের মধ্যে দাঙ্গা শুরু হোক কারণ তারা তাঁকে মশীহ বলে বিশ্বাস করেছিল।

□ “কারণ তখনও তাঁর সময় হয় নি” এটি বার বার বলা একটি ভাববানীমূলক বাগধারা যেটি বলতে চেষ্টা করে একটি ঐশ্বরীক সময়কালের কথা (যোহন ২:৪; ৭:৬,৩০; ৮:২০; ১২:২৩,২৭; ১৩:১; ১৭:১)।

৭:৩১ “কিন্তু লোকদের মধ্যে অনেকে তাঁতে বিশ্বাস করল” এটি ছিল যীশুর উপরে সত্যিকারের বিশ্বাস যদিও এতে তাঁর মশীহ বিষয়ক কাজের অনেক ভুল ধারণা ছিল। কারোরই “নিখুঁত” বিশ্বাস ছিল না (নোহ, অত্রাহাম, মোশি, দাবুদ, বারো জনের)। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

এরকম সব সময়ই হয়েছে যখনই সুসমাচার উপস্থাপন করা হয়েছে। কেউ কেউ বিশ্বাস করেছে, কেউ কেউ সন্দেহ করেছে, এবং কেউ কেউ রাগ হয়েছে। এখানেই হল নিগূঢ়তন্ত্রের পরস্পর সংযোগ

১. ঐশ্বরীক নির্বাচন
২. মানবিক পাপময়তা

এখানেও নিগূঢ়তন্ত্র রয়েছে। আমি সব সময়ই অবিশ্বাস দ্বারা হতবাক এত আলোক উপস্থিত থাকা সত্ত্বেও। এটি সম্ভবত যীশুর কথার উৎস পরিবারের প্রেক্ষাপটে যে একজন আর একজনের বিরুদ্ধে যাবে। সুসমাচার কারও কারও কাছে শান্তি নিয়ে এসেছে এবং অন্যদের কাছে দ্বন্দ্ব!

□ “খ্রীষ্ট যখন আসবেন, তখন এর করা কাজের চেয়ে তিনি আরও কি অধিক চিহ্ন কাজ করবেন” গ্রীক ব্যাকরণগত গঠন “না” উত্তর আশা করে।

A Theology of the New Testament, George E. Ladd একটি চমৎকার মন্তব্য করেছেন “চিহ্ন” ব্যবহারের মাধ্যমে যীশুতে বিশ্বাসের জন্য উৎসাহ দানের:

“বিশ্বাসে চিহ্নের সম্পর্কের প্রশ্নটি সহজ ছিল না, কারণ তথ্য মনে হয় দেখায় দুটি ভিন্ন ভিন্ন পথ। কখনও কখনও চিহ্ন এমন ভাবে পরিকল্পিত ছিল যে যীশুর প্রতি বিশ্বাসের দিকে পরিচালিত করতো (২:২৩; ৬:১৪; ৭:৩১; ১০:৪২)। অন্যদিকে, এমন অনেকে ছিল যারা চিহ্ন দেখতো এবং বিশ্বাস করতো না (৬:২৭; ১১:৪৭; ১২:৩৭)। এছাড়াও, এসময় যীশু যিহূদীদের তিরস্কার করছিলেন কারণ তারা চিহ্ন না দেখা পর্যন্ত বিশ্বাস করবে না (৪:৪৮; ৬:৩০)। উত্তরে অবশ্যই পাওয়া যাবে চিহ্ন এবং বিশ্বাসের মধ্যে এক রকমের উত্তেজনা। বিশ্বাস দরকার চিহ্নের সত্যিকার অর্থ বুঝতে এবং যীশুর সাক্ষী হতে; তাদের কাছে যাদের বিশ্বাস নেই, চিহ্ন কেবলমাত্র অর্থহীন বিশ্বাস। তাদের কাছে যারা সাড়া প্রদান করে, চিহ্ন অর্থ নিশ্চয়তা এবং বিশ্বাসে নির্ভরতা। এটা স্পষ্ট যে যীশুর চিহ্ন কাজ পরিকল্পিত ছিল না বিশ্বাসের জন্য বাধ্য করার। অন্যদিকে, তাদের কাছে যীশুর কাজ যথেষ্ট সাক্ষ্যদানকারী ছিল যারা তাঁর প্রচার কাজে কি ঘটছে তা দেখতে সক্ষম ছিল। যীশুর কাজ যা করবে তাহল তাদের পাপময়তার দোষীকরণ এবং অন্ধত্ব”(পৃ...২৪৭)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:৩২-৩৬

^{৩২} লোকেরা লোকেরা যে যীশুর সম্বন্ধে এই সব কথা বলাবলি করছে তা ফরীশীরা শুনতে পেল, তখন প্রধান পুরোহিতেরা ও ফরীশীরা যীশুকে ধরবার জন্য কয়েকজন কর্মচারী পাঠিয়ে দিল। ^{৩৩} সেজন্য যীশু বললেন, “আমি আর বেশী দিন আপনাদের মধ্যে নেই, তারপর যিনি আমাকে পাঠিয়েছেন আমি তাঁর কাছে চলে যাব।” ^{৩৪} আপনারা আমাকে খুঁজবেন, কিন্তু পাবেন না; আর আমি যেখানে থাকব, আপনারা সেখানে আসতেও পারবেন না।” ^{৩৫} যীশুর এই কথাতে যিহূদী নেতারা নিজেদের মধ্যে বলাবলি করতে লাগলেন, “এই লোকটা কোথায় যাবে যে আমরা তাকে খুঁজে পাব না? অযিহূদীদের মধ্যে যে যিহূদীরা ছড়িয়ে রয়েছে, সে কি সেখানে গিয়ে অযিহূদীদের শিক্ষা দেবে?” ^{৩৬} আর এ কথার মানে কি, সে যে বলল, আপনারা আমাকে খুঁজবেন, কিন্তু পাবেন না; আর আমি যেখানে থাকব আপনারা সেখানে আসতেও পারবেন না?” (অনুবাদকৃত টেক্সট)।

৭:৩২ “প্রধান পুরোহিতেরা ও ফরীশীরা” এটি উল্লেখ করছে মহাসভার সদস্যগণ (যোহন ৩:১ পদে বিশেষ বিষয় দেখুন)। একজন মাত্র মহা পুরোহিত ছিলেন, কিন্তু রোমীয় অধিকারের সময় থেকে, এই পদটি হয়ে পড়েছিল রাজনৈতিক দরকষাকষীর তালগাছ কিছু সম্পদশালী, যিহূদী পরিবারের এবং পরিবার থেকে পরিবারের সদস্যদের মধ্যে।

□ “যীশুকে ধরবার জন্য কয়েকজন কর্মচারী পাঠিয়ে দিল” এটি উল্লেখ করছে “মন্দিরের রক্ষীদের” কথা যারা ছিল লেবীয়। তাদের মন্দিরের বাইরে ক্ষমতা সীমাবদ্ধ ছিল (যোহন ৭:৪৫,৪৬; ১৮:৩,১২,১৮,২২)।

৭:৩৩ “আমি আর বেশী দিন আপনাদের মধ্যে নেই” যোহনে এটি একটি প্রচলিত শব্দগুচ্ছ (যোহন ১২:৩৫; ১৩:৩৩; ১৪:১৯; ১৬:১৬-১৯)। যীশু জানতেন তিনি কে ছিলেন, তাঁর প্রতি কি ঘটবে, এবং কখন (যোহন ১২:২৩; ১৩:১; ১৭:১-৫)।

□ “যিনি আমাকে পাঠিয়েছেন আমি তাঁর কাছে চলে যাব” এটি উল্লেখ করে যীশুর পরিত্রাণের কাজের শেষ ঘটনা সম্পর্কে: ক্রুশোদ্ভবকরণ, পুনরুত্থান, স্বর্গারোহণ, এবং পূর্ব-অস্তিত্বের গৌরব পুনরুদ্ধার (যোহন ১৭:১-৫; প্রেরিত ১)।

৭:৩৪ এই কথাগুলির সাথে যীশুর উপরের কুঠরীতে শিষ্যদের সঙ্গে কথোপকথনের খুব মিল রয়েছে (১৩:৩৩; যোহন ৭:৩৬ এবং ৮:২১)। যাহোক, এখানে এটি অবিশ্বাসীদের উল্লেখ করছে (অর্থাৎ, জনতা, যিরূশালে নিবাসীরা, এবং যিহূদী নেতৃবর্গ)।

৭:৩৫-৩৬ “অযিহূদীদের মধ্যে যে যিহূদীরা ছড়িয়ে রয়েছে, সে কি সেখানে গিয়ে অযিহূদীদের শিক্ষা দেবে” গ্রীক ব্যাকরণগত গঠন আশা করে “না” উত্তর। এটি আর একটি শ্লেষাত্মক কথার ব্যবহার। এটি সব সময়ই ঈশ্বরের ইচ্ছা রয়েছে (আদি ৩:১৫; ১২:৩; যিশা ২:২-৪)। কুটিরবাস পর্বের সময়ে, জগতের জাতিদের জন্য ৭০টি বৃষ উৎসর্গ করা হতো। যিহূদীরা বাধ্য ছিল পরজাতিদের জন্য প্রার্থনা করতে ও তাদের কাছে আলো আনতে। এটি হতে পারে প্রতিফলিত করছে সংস্কৃতিগত প্রেক্ষাপট এই মন্তব্যের। “গ্রীকেরা” টার্মটি “পরজাতিয়েরা” এই অর্থে ব্যবহৃত হয়েছে। *disperia* টার্ম উল্লেখ করে পরজাতিদের দেশে যিহূদাদের বসবাস (যাকোব ১:১; ১ পিতর ১:১)। যীশুর রূপক কথার অর্থ লোকেরা যে বুঝতে পারেনি এটি তার আর একটি উদাহরণ।

এটি আর একটি উদাহরণ যীশুর উলম্ব দ্বৈতবাদের। লোকেরা তাঁকে ভুল বুঝেছিল কারণ তারা তাঁর উপদেশকে “উপর” ও “নিচে” শ্রেণীভুক্ত করার পরিবর্তে আক্ষরিক ভাবে ব্যাখ্যা করেছিল। পিতার পিতার কাছ থেকে এসেছিলেন এবং পিতার কাছেই ফিরে যাবেন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:৩৭-৩৯

^{৩৭} শেষের দিন, ছিল পর্বের প্রধান দিন, সেই দিন যীশু দাঁড়িয়ে জোরে জোরে বললেন, “কারও যদি পিপাসা পায়, তবে সে আমার কাছে এসে জল খেয়ে যাক।” ^{৩৮} যে আমার উপর বিশ্বাস করে, পবিত্র শাস্ত্রের কথা মত, ‘তার অন্তর থেকে জীবন্ত জলের নদী বইতে থাকবে।’ ^{৩৯} যীশুর উপর বিশ্বাস করে যারা পবিত্র আত্মাকে পাবে সেই পবিত্র আত্মার বিষয়ে যীশু এই কথা বললেন; পবিত্র আত্মাকে তখনও দেওয়া হয় নি, কারণ তখনও যীশু তাঁর মহিমা ফিরে পান নি। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৩৭ “শেষের দিন, ছিল পর্বের প্রধান দিন” এখানে প্রশ্ন থাকে এটি সাত দিনের পর্ব কি না (দ্বি বি ১৬:১৩), অথবা আট দিনের পর্ব (লেবীয় ২৩:৩৬; নহি ৮:১৭; II Maccabees ১০:৬০, এবং Josephus)। দৃশ্যত যীশুর সময়ে এটি ছিল আট দিনের পর্ব, যাহোক, শেষের দিন শিলোহের পুকুর থেকে জল নেওয়া হতো না এবং অন্য সাতদিনের মত বেদিতে এটি ঢালা হতো না। আমরা Talmud এর Tractate Sukkah থেকে পর্ব সম্পর্কে জেনেছি, যেটি যিশা ১২:৩ পদের উদ্ধৃতি। এটি হতে পারে দৃশ্যমান প্রার্থনা শস্যের জন্য বৃষ্টির।

□ “যদি” এটি একটি third class conditional যার অর্থ সাম্ভাব্য কাজ।

□ “কারও পিপাসা পায়” এটি সার্বজনীন আহবান যীশুতে বিশ্বাসের জন্য! যোহন ৭:১৭ পদের নোট দেখুন।

□ “তবে সে আমার কাছে এসে পান করুক” যীশু এই একই রূপক ব্যবহার করেছেন যোহন ৪:১৩-১৫ পদে। এটি সম্ভবত হতে পারে যীশু মশীহ বিষয়ক পাথর হিসাবে উল্লেখ যা জল যোগান দেয় (১ করি ১০:৪)। এটি স্পষ্টত পুরাতন নিয়মের যিশা ৫৫:১-৩ পদের আহবানের সঙ্গে সম্পর্কিত এবং সংস্কৃতিগত সুযোগ পর্বের সময়ে প্রতীকি ভাবে জল ঢালার।

কিছু প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি “আমার কাছে” বাদ দিয়েছে (MSS P⁶⁶, N*, and D)। এটি অর্ন্তভুক্ত হয়েছে P^{66c}, P⁷⁵, N^c, L, T, W তে, এবং এটি প্রসঙ্গ ইঙ্গিত দেয়। UBS⁴ এর অর্ন্তভুক্তিকে দিয়েছে “B” রেটিং (প্রায় নিশ্চিত)। যোহনে লোকদের উৎসাহ দেওয়া হয়েছে তাঁতে নির্ভর করতে। সুসমাচারের রয়েছে ব্যক্তিগত লক্ষ্য।

৭:৩৮ “যে আমার উপরে বিশ্বাস করে” লক্ষ্য করুন এটি একটি present tense। এটি দেখায় যোহন ১৫ অধ্যায়ের “তাহাতে থাকা”-র মত অবিরত ব্যক্তিগত সম্পর্কের উপরে গুরুত্বারোপ বিশ্বাস করার মধ্যে অর্ন্তভুক্ত। দেখুন বিশেষ বিষয়: পরিত্রাণের জন্য গ্রীক Verb Tenses ব্যবহার যোহন ৯:৭ পদে।

□ “পবিত্র শাস্ত্রের কথা মত” এই উদ্ধৃতির জন্য নির্দিষ্ট শাস্ত্র চিহ্নিত করা খুবই কঠিন। এটি হতে পারে যিশা ১২:৩; ৪৩:১৯-২০; ৪৪:৩; ৫৮:১১; যিহি ৪৭:১; যোয়েল ৩:১৮; সখরিয় ১৩:১; বা ১৪:৮ পদ, যেটি রূপক ভাবে উল্লেখ করে eschatological জল ঐশ্বরিকতার উপস্থিতির প্রতীক হিসাবে। এই ক্ষেত্রে নূতন যুগের কৃষিকাজের আশীর্বাদের প্রতিজ্ঞাত জল পরিবর্তিত হয়েছে রূপক ভাবে নূতন চুক্তির অর্ন্তনিহিত প্রকৃতিতে। আত্মা সক্রিয় হবে হৃদয়ে এবং মনে (যিহি ৩৬:২৭-৩৮)।

□ “তার অন্তর থেকে জীবন্ত জলের নদী বইতে থাকবে” অনেক তত্ত্ব রয়েছে pronoun antecedent হিসাবে।

১. যীশু নিজে (আদি মন্ডলীর পিতৃপুরুষগণ)
২. ব্যক্তিগত বিশ্বাসীরা যারা খ্রীষ্টে নির্ভরতা রেখেছে
৩. যিরুশালেম। Aramaic ভাষায়, “তার” অর্থ হতে পারে “তার” (স্ত্রী) এবং নগর উল্লেখ করতে পারে (এটা ছিল রব্বীদের অবস্থা, যিহি ৪৭:১-১২ এবং সখ ১৪:৮)

কিভাবে একজন যোহন ৭:৩৭ এবং ৩৮ পদের উপরে ভিত্তি করে বিরাম চিহ্ন বসাবে সে বিষয়ে দুটি তত্ত্বের ভাল, সংক্ষিপ্ত, সহজতর আলোচনা রয়েছে NIDOTTE, vol. 1, p. 683।

যীশু নিজেকে জীবন্ত জল বলেছেন (যোহন ৪:১০)। এখন এই প্রসঙ্গে এটি পবিত্র আত্মা (যোহন ৭:৩৯) যিনি যীশুর অনুসারীদের মধ্যে জীবন্ত জল যোগান ও উৎপন্ন করেন। এটি বিশ্বাসীদের মধ্যে খ্রীষ্টকে গঠনে আত্মার কাজের সমান্তরাল (রোমীয় ৮:২৯; গালা ৪:১৯; ইফি ৪:১৩)।

৭:৩৯ পবিত্র আত্মাকে তখনও দেওয়া হয় নি, কারণ তখনও যীশু তাঁর মহিমা ফিরে পান নি” দৃশ্যত এটি প্রতিফলিত করে যোহনের পরবর্তীকালের চিন্তা (অর্থাৎ, একটি সম্পাদকীয় মন্তব্য) এই মন্তব্যের তাৎপর্যের বিষয়ে (যোহন ১৬:৭)। এটি আরও তাৎপর্য দেখায় কালভেরি ও পঞ্চাশতমীর উভয়কেই দেখা হয়েছে “মহিমা” হিসাবে (যোহন ৩:১৪; ১২:১৬, ২৩; ১৭:১,৫)। বেশ কিছু অনুলিপিগত পার্থক্য রয়েছে যে যোহন এই সংক্ষিপ্ত মন্তব্য দিয়ে আসলে কি বোঝাতে চেয়েছেন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:৪০-৪৪

^{৪০} এই সব কথা শুনে, লোকদের মধ্যে কয়েকজন বলল, “সত্যি ইনিই সেই ভাববাদী।” ^{৪১} অন্যেরা বলল, “ইনিই খ্রীষ্ট।” কিন্তু কেউ কেউ বলল, “সত্যিই কি খ্রীষ্ট গালীল প্রদেশ থেকে আসবেন?” ^{৪২} পবিত্র শাস্ত্র কি বলে নি দায়ুদ যে গ্রামে থাকতেন সেই বৈথলেহমে এবং তাঁরই বংশে মশীহ জন্মগ্রহণ করবেন?” ^{৪৩} এইভাবে যীশুকে নিয়ে লোকদের মধ্যে একটা মতের অমিল দেখা দিল। ^{৪৪} কয়েকজন যীশুকে ধরতে চাইল কিন্তু কেউই তাঁর গায়ে হাত দিল না। (অনুবাদকৃত টেক্সট)।

৭:৪০ “সত্যি ইনিই সেই ভাববাদী” এটি মোশির মশীহ বিষয়ক ভাববাদের পরোক্ষ ইঙ্গিত যেটি পাওয়া যায় দ্বি বি ১৮:১৫, ১৮ পদে। অনেক যীশুকে ভাববাদী বলে স্বীকার করেছিল (যোহন ৪:১৯; ৬:১৪; ৯:১৭; মথি ২১:১১)। তারা যীশুর ক্ষমতাকে চিনেছিল, কিন্তু তাঁর ব্যক্তিত্ব ও কাজকে ভুল বুঝেছিল। ইসলামও যীশুর এই উপাধিকে ব্যবহার করে কিন্তু তাঁর বার্তাকে ভুল বোঝে।

৭:৪১ “অন্যেরা বলল, ‘ইনিই খ্রীষ্ট’” এটি দেখায় যে “খ্রীষ্ট” টার্মটি ইব্রীয় টার্ম “মশীএঃ” এর সমতুল্য, যার অর্থ “অভিষিক্ত একজন।” পুরাতন নিয়মের রাজারা, যাজকেরা এবং ভাববাদীরা অভিষিক্ত ছিল যা ছিল ঈশ্বরের আহবান ও সজ্জিতকরণের চিহ্ন হিসাবে। দেখুন [বিশেষ বিষয়: বাইবেলে অভিষিক্ত\(BDB 603\) \(SPECIAL TOPIC: ANOINTING IN THE BIBLE \(BDB 603\)\)](#) যোহন ১১:২ পদে।

□ “কিন্তু কেউ কেউ বলল, ‘সত্যিই কি খ্রীষ্ট গালীল প্রদেশ থেকে আসবেন?’” গ্রীক ব্যাকরণগত কাঠামো আশা করে এই প্রশ্নের “না” উত্তর। কিন্তু যিশা ৯:১ পদের কি হবে?

৭:৪২ ব্যাকরণগত কাঠামো এই প্রশ্নের “হ্যাঁ” উত্তর আশা করে।

□ “দায়ুদের বংশে” (১ শমুয়েল ৭; মথি ২১:৯; ২২:৪২)।

□ “দায়ুদ যে গ্রামে থাকতেন সেই বৈথেলেহমে” এটি আর একটি শ্লোষাত্মক কথার ব্যবহার (মীখা ৫:২-৩ এবং মথি ২:৫-৬)।

৭:৪৩ যীশু ও তাঁর বার্তা সব সময়ই মতভেদ সৃষ্টির কারণ হয় (যোহন ৭:৪৮-৫২; ৯:১৬; ১০:১৯; মথি ১০:৩৪-৩৯; লুক ১২:৫১-৫৩)। এটাই হল বীজ বাপকের দৃষ্টান্তের নিগূঢ়তত্ত্ব (মথি ১৩)। কারণ কারণও আত্মিক কাণ রয়েছে এবং কারণ কারণও নেই (মথি ১০:২৭; ১১:১৫; ১৩:৯,১৫(দু’বার), ১৬:৪৩; মার্ক ৪:৯,২৩; ৭:১৬; ৮:১৮; লুক ৮:৮; ১৪:৩৫)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৭:৪৫-৫২

^{৪৫} “যে কর্মচারীদের পাঠানো হয়েছিল তারা প্রধান পুরোহিতদের ও ফরীশীদের কাছে ফিরে আসল, তখন তাঁরা তাদের জিজ্ঞাসা করলেন। “তাকে আন নি কেন?” ^{৪৬} সেই কর্মচারীরা বলল, “লোকটা যেভাবে কথা বলে সেইভাবে আর কেউ কখনও বলে নি।” ^{৪৭} এতে ফরীশীরা সেই কর্মচারীদের বললেন, “তোমরাও কি ঠকে গেলে?” ^{৪৮} নেতাদের মধ্যে বা ফরীশীদের মধ্যে কেউ তো তাঁর উপর বিশ্বাস করে নি। ^{৪৯} কিন্তু এই যে সাধারণ লোকেরা, এরা তো মোশির আইন-কানুন জানে না এদের উপর অভিষাপ রয়েছে।” ^{৫০} নীকদীম (যিনি আগে যীশুর কাছে গিয়েছিলেন, তিনি ছিলেন এদের মধ্যে একজন) তাদের বললেন, ^{৫১} “কারণ মুখের কথা না শুনে এবং সে কি করেছে তা না জেনে কাউকে শাস্তি দেবার ব্যবস্থা কি আমাদের আইন-কানুনে রয়েছে?” ^{৫২} তারা তাকে উত্তর দিলেন, “তুমিও কি গালীলের লোক? পবিত্র শাস্ত্রে খুঁজে দেখ, গালীলে কোন ভাববাদীর জন্মগ্রহণ করবার কথা নেই।” (অনুবাদকৃত টেক্সট)।

৭:৪৬ “সেই কর্মচারীরা বলল, ‘লোকটা যেভাবে কথা বলে সেইভাবে আর কেউ কখনও বলে নি’” আবার যোহনের শ্লোষাত্মক কথা! এটা খুব হতবাক করা সাক্ষ্য।

১. তারা লোকদের থেকে ভয়ের কথা বলেনি যা ছিল তাদের জন্য সবচেয়ে ভাল অজুহাত হতে পারতো
২. এই মন্দিরের রক্ষিরা যীশুর বিষয়ে তাদের মতামতে এক ছিলেন, যখন জনতা বিভক্ত হয়ে গিয়েছিল
৩. এই লোকেরা আদেশ পালনে অভ্যস্ত ছিল, তাদের মতামত দেবার জন্য নয়।

৭:৪৮ “নেতাদের মধ্যে বা ফরীশীদের মধ্যে কেউ তো তাঁর উপর বিশ্বাস করে নি” গ্রীক ব্যাকরণগত কাঠামো যোহন ৭:৪৭ এবং ৪৮ পদ উভয় ক্ষেত্রেই আশা করে “না” উত্তর। “নেতাদের” টার্মটি উল্লেখ করে মহাসভার লোকদের। এখানে রয়েছে সদ্বৃকী ও ফরীশীরা (সমগ্র মহাসভার লোকেরা), যারা সাধারণত একজন অন্যজনের বিরুদ্ধে খুবই বিরোধিতাপূর্ণ থাকে, যীশুর বিরুদ্ধে তাদের বিরোধিতায় একত্রিত হয়েছে (যোহন ১১:৪৭,৫৭; ১৮:৩)।

৭:৪৯ “কিন্তু এই যে সাধারণ লোকেরা এরা তো মোশির আইন-কানুন জানে না এদের উপর অভিষাপ রয়েছে” এটি উল্লেখ করে “দেশের লোকদের” (*‘am hā’āres*) যাদের নেতারা নিচু চোখে দেখে কারণ তারা সব মৌখিক ঐতিহ্য ভাল ভাবে পালন করতে পারে না (দ্বি বি ২৭:২৬)। যোহন ৭:৫১ পদ পর্যন্ত যোহনের শ্লোষাত্মক কথা চলেছে, যেখানে নীকদীম তাদের দেখিয়ে দিচ্ছেন যে তারাও যীশুর প্রতি আচরণে ব্যবস্থা লংঘন করছে।

ওহ, ধার্মিকতার কি করণ পরিণতি! যে লোকেরা জনতাকে অভিষাপ (*eparatos*, নূতন নিয়মে কেবল এখানেই পাওয়া যায়) দিচ্ছে তারা ই নিজেদের উপরে অভিষাপ আনছে! যদি আলো অন্ধকার হয়ে যায়, তবে সেই অন্ধকার কতটা ভয়ংকরই না হয়! সাবধান থাকুন, আধুনিক, রক্ষণশীল, শিক্তি ধার্মিকেরা!

৭:৫১ “কারণ মুখের কথা না শুনে এবং সে কি করেছে তা না জেনে, কাউকে শাস্তি দেবার ব্যবস্থা কি আমাদের আইন-কানুনে রয়েছে” গ্রীক ব্যাকরণগত কাঠামো আশা করে “না” উত্তর (যাত্রা ২৩:১; দ্বি বি ১:১৬)।

৭:৫২ “তুমিও কি গালীলের লোক” এটি দেখায় মহাসভার যীশুর বিরুদ্ধে ভাবাবেগগত বিরোধিতা।

▣ “খুঁজে দেখ” খোঁজার একটি তাৎপর্য রয়েছে যিহুদী ধর্মে শাস্ত্র অধ্যয়নের (যোহন ৫:৩৯)। এটি আবার যোহনের শ্লোষাত্মক কথা ব্যবহার দেখায়। তাহলে এলিয় (১ রাজা ১৭:১) এবং যোনা (২ রাজা ১৪:২৫), হোশেয় এবং নহুমের বিষয়ে কি হবে? তারা অবশ্যই পুরাতন নিয়মের দ্বি বি ১৮:১৫,১৯; আদি ৪৯:১০; ২ শমু ৭ অধ্যায়ের ভাববাদী।

৭:৫৩-৮:১১ নোট দেখুন ৮ অধ্যায়ের আরম্ভে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. ৭ অধ্যায়ে যীশুর কথার প্রেক্ষাপটে পর্বটি কি ছিল?
২. “কুটিরবাস পর্বের” উদ্দেশ্য বর্ণনা এবং ব্যাখ্যা করুন।
৩. কেন যীশুর বিরুদ্ধে ধর্মীয় নেতারা এত বিরোধি হয়েছিলেন?
৪. এই অধ্যায়ে বিভিন্ন দল যারা যীশুর বিষয়ে মন্তব্য করেছিল তাদের তালিকা করুন।

কপিরাইট © 2013 Bible Lessons International

যোহন ৮

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
একজন স্ত্রীলোক ব্যভিচারে ধরা পড়ে	একজন ব্যভিচারি জগতের জ্যোতির সামনে	একজন স্ত্রীলোক ব্যভিচারে ধরা পড়ে	একজন স্ত্রীলোক ব্যভিচারে ধরা পড়ে	ব্যভিচারি স্ত্রীলোক
৭:৫৩-৮:১১	৭:৫৩-৮:১২	৭:৫৩-৮:১১	৭:৫৩-৮:১১	৭:৫৩-৮:১১
যীশু, জগতের জ্যোতি	যীশু, তাঁর আত্মসাক্ষ্য সমর্থন	যীশু, জগতের জ্যোতি	যীশু, জগতের জ্যোতি	যীশু, জগতের জ্যোতি
৮:১২-২০		৮:১২-২০	৮:১২	৮:১২
				নিজের বিষয়ে যীশুর সাক্ষ্য সম্পর্কে আলোচনা
	৮:১৩-২০		৮:১৩	৮:১৩-১৮
			৮:১৪-১৮	
			৮:১৯ ^ক	৮:১৯ ^ক
			৮:১৯ ^খ	৮:১৯ ^খ
			৮:২০	৮:২০
ইনিই কি খ্রীষ্ট?	ইনি কি খ্রীষ্ট হতে পারেন?		তিনি কি মশীহ?	লোকেরা মশীহের উৎপত্তি সম্পর্কে আলোচনা করছে
৭:২৫-৩১	৭:২৫-৩১	৭:২৫-৩১	৭:২৫-২৭	৭:২৫-২৭
			৭:২৮-২৯	৭:২৮-২৯
আমি যেখানে যাইতেছি তোমারা সেখানে আসতে পার না	যীশু তাঁর চলে যাওয়া সম্পর্কে বলেন		তোমরা সেখানে যেতে পার না যেখানে আমি যাচ্ছি	
৮:২১-৩০	৮:২১-২৯	৮:২১-৩০	৮:২১	৮:২১
			৮:২২	৮:২২-২৪
			৮:২৩-২৪	
			৮:২৫ ^ক	৮:২৫ ^ক
			৮:২৫ ^খ -২৬	৮:২৫ ^খ -২৬

	সত্য তোমাদের মুক্ত করবে		চ:২৭-২৯	চ:২৭-২৯
	চ:৩০-৩৬		চ:৩০	চ:৩০
সত্য তোমাদের মুক্ত করবে		সত্য তোমাদের মুক্ত করবে	চ:৩১-৩২	যীশু ও অব্রাহাম
চ:৩১-৩৮	চ:৩১-৩৮		চ:৩৩	চ:৩১-৩২
	অব্রাহামের বংশ ও	চ:৩৪-৩৮	চ:৩৪-৩৮	চ:৩৩-৩৮
তোমাদের পিতা শয়তান	চ:৩৭-৪৭			
চ:৩৯-৪৭	চ:৩৯-৪৭		চ:৩৯ ^ক	চ:৩৯-৪১ ^ক
			চ:৩৯ ^খ -৪১ ^ক	
			চ:৪১ ^খ	চ:৪১ ^খ -৪৭
			চ:৪২-৪৭	
অব্রাহামের পূর্ব থেকেই আমি আছি	অব্রাহামের পূর্ব থেকেই আমি আছি		যীশু ও অব্রাহাম	
চ:৪৮-৫৯	চ:৪৮-৫৯	চ:৪৮-৫৯	চ:৪৮	চ:৪৮-৫১
			চ:৪৯-৫১	
			চ:৫২-৫৩	চ:৫২-৫৬
			চ:৫৪-৫৬	
			চ:৫৭	চ:৫৭-৫৮
			চ:৫৮	
			চ:৫৯	চ:৫৯

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

৭:৫৩-৮:১১ পদের লেখনীগত প্রেক্ষাপট

- ক. যোহন ৭:৫৩-৮:১১ পদ মূল যোহন সুসমাচারের অংশ ছিল না।
- খ. এই প্যাসেজের প্রমাণ (গ্রীকে একটি বাক্য) সুসমাচার থেকে বাদ দেওয়া হয়েছে
১. বহিস্কৃত প্রমাণ
 - ক. প্রাচীনতম গ্রীক পাণ্ডুলিপিতে অনুপস্থিত
 - ১) papyrus - P⁶⁵ (তৃতীয় শতকের প্রথম দিক), P⁷⁵ (তৃতীয় শতক)
 - ২) uncials - ৪ (চতুর্থ শতক), B (চতুর্থ শতক), সম্ভবত A এবং C থেকে অনুপস্থিত। যোহনে এই প্যাসেজে এগুলি নষ্ট হয়েছে, কিন্তু যখন রক্ষা প্রাপ্ত পাণ্ডুলিপির পাতা পরিমাপ করা হয় তখন দেখা গেল এই প্যাসেজের জন্য আসলে কোন জায়গা নেই।
 - খ. পরবর্তীকালের অনেক গ্রীক পাণ্ডুলিপি এটি অর্ন্তভুক্ত করে একে চিহ্নিত করেছে বিশেষ চিহ্ন বা প্রতিক দিয়ে, যেমন asterisk, দেখান যে এটি আসল নয়।
 - গ. এটি পাওয়া গেছে পরবর্তীকালে বিভিন্ন স্থানে প্রাপ্ত বিভিন্ন পাণ্ডুলিপিতে
 - ১) পরে যোহন ৭:৩৬
 - ২) পরে যোহন ৭:৪৪
 - ৩) পরে যোহন ৭:২৫
 - ৪) লুকে পরে ২১:৩৮
 - ৫) লুকে পরে ২৪:৫৩
 - ঘ. প্রাচীন অনুবাদে অনুপস্থিত
 - ১) প্রাচীন Latin
 - ২) প্রাচীন Syriac
 - ৩) Peshitta এর প্রাচীন অনুলিপিসমূহে (পরবর্তীকালের Syriac)
 - ঙ. ঙ। এই টেক্সটের উপরে কোন মন্তব্য নেই কোন গ্রীক আদি পিতাদের দ্বারা (বার শতক পর্যন্ত)
 - চ. চ। এটি codex D (Bezae)তে রয়েছে, এটি ষষ্ঠ শতকের পশ্চিমা পাণ্ডুলিপি, the Latin Vulgate, এবং পরবর্তীকালের Peshitta এর সংস্করণ।
 ২. আভ্যন্তরীণ প্রমাণ
 - ক. এর ভাষা এবং পদ্ধতি যোহনের চাইতে বেশি লুকের মত। এটি রাখা হয়েছিল কিছু গ্রীক পাণ্ডুলিপির লুক ২১:৩৮ পদের পরে এবং অন্যগুলির ২৪:৫৩ পদের পরে।
 - খ. এটি সম্পূর্ণ ভাবে কুটিরোসব পর্বের পরে যিহূদী নেতাদের সঙ্গে যীশুর কথোপকথনের প্রসঙ্গ ভেঙেছিল, ৭:১-৫২; ৮:১২-৫৯।
 - গ. Synoptic সুসমাচারে কোন সমান্তরাল নেই।
 ৩. সম্পূর্ণ কৌশলে আলোচনার জন্য Bruce M Metzger's A Textual Commentary on the Greek New Testament, pp. 219-221 দেখুন।
- গ. এই বিবরণ হতে পারে যীশুর জীবনের খাটি মৌখিক ঐতিহ্য থেকে। যাহোক, যীশুর জীবনের অনেক বিবরণ রয়েছে যেগুলি সুসমাচার লেখকেরা লিপিবদ্ধ করার জন্য মনোনীত করেন নাই (যোহন ২০:৩০-৩১)। একমাত্র সুসমাচার লেখকেরাই ছিলেন অনুপ্রাণিত। পরবর্তীকালে অনুলিপিকারকদের (scribes) কোন অধিকারই ছিল না যীশুর জীবনের বিবরণে কিছু যুক্ত করা, যদি তা খাঁটি হয়ও, যা অনুপ্রাণিত মূল লেখকেরা অর্ন্তভুক্ত করে নাই। একমাত্র মূল লেখকের অর্ন্তদৃষ্টি ছিল পবিত্র আত্মার নির্দেশনায় মনোনীত করা, সাজান, এবং যীশুর কথা ও কাজকে গ্রহণ করার। এই প্যাসেজ মূল নয় এবং সেজন্য, অনুপ্রাণিত নয় এবং আমাদের বাইবেলে অর্ন্তভুক্ত হওয়া উচিত নয়।
- ঘ. আমি এই প্যাসেজে কোন মন্তব্য করতে ইচ্ছুক নই কারণ আমি বিশ্বাস করি এটি যোহনের কলম থেকে আসেনি এবং সেজন্য, অনুপ্রাণিত লেখনীর অংশ নয় (এমনকি যদিও ঐতিহাসিক)।

শব্দ এবং শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৮:১২-২০

^{১২} পরে যীশু আবার লোকদের বললেন, “আমিই জগতের আলো; যে আমার পথে চলে সে কখনও অন্ধকারে পড়বে না, বরং জীবনের আলো পাবে।” ^{১৩} এতে ফরীশীরা যীশুকে বললেন, “তোমার সাক্ষ্য সত্য নয়; কারণ তুমি নিজের পক্ষে নিজেই সাক্ষ্য দিচ্ছ।” ^{১৪} যীশু তাঁদের উত্তর করে তাদের বললেন, “যদিও আমি নিজের পক্ষে নিজে সাক্ষ্য দিই, তবুও আমার সাক্ষ্য সত্য, কারণ আমি কোথা থেকে এসেছি আর কোথায় যাচ্ছি তা আমি জানি; কিন্তু আমি কোথা থেকে এসেছি আর কোথায় যাচ্ছি তা আপনারা জানেন না।” ^{১৫} আপনারা মাৎসমত বিচার করে থাকেন, কিন্তু আমি কারও বিচার করি না। ^{১৬} কিন্তু যদি আমি কখনও বিচার করি, তবে আমার সেই বিচার সত্য, কারণ আমি এতে একা নই, কিন্তু আমি আছি আর যিনি আমাকে পাঠিয়েছেন সেই পিতাও আমার সংগে আছেন। ^{১৭} আপনাদের আইন-কানুনে লেখা আছে দুজন যদি একই সাক্ষ্য দেয় তবে তা সত্য। ^{১৮} আমিই আমার নিজের পক্ষে সাক্ষ্য দিই, আর যিনি আমাকে পাঠিয়েছেন সেই পিতাও আমার পক্ষে সাক্ষ্য দেন।” ^{১৯} ফরীশীরা তাঁকে বললেন, “তোমার পিতা কোথায়?” যীশু উত্তর দিলেন, “আপনারা আমাকেও জানেন না আর আমার পিতাকেও জানেন না; যদি আমাকে জানতেন তবে আমার পিতাকেও জানতেন।” ^{২০} উপাসনা-ঘরে শিক্ষা দেবার সময়ে দান দেবার জায়গায় যীশু এই সব কথা বললেন; কিন্তু তখনও তাঁর সময় হয় নি বলে কেউই তাঁকে ধরল না। (অনুবাদকৃত টেক্সট)।

৮:১২ “পরে যীশু আবার লোকদের বললেন” “জনতা” এই অধ্যায়ে উল্লেখ করা হয়নি। এটা মনে হয় কুটিরোৎসব পর্ব শেষ হয়ে গেছিল এবং যীশু মন্দির এলাকাতে থেকে যেয়ে যিহূদী নেতাদের কাছে সাক্ষ্য ও যুক্তি তুলে ধরতে চেষ্টা করছিলেন।

যাহোক, যেভাবে যীশু পর্বের জল উৎসব ব্যবহার করে নিজেকে প্রকাশ করছিলেন, এই অংশে তিনি পর্বের আলোক উৎসব ব্যবহার করে নিজেকে প্রকাশ করছিলেন। এটি নিশ্চিত ভাবে সম্ভব যে ৮:১২-১০:২১ পদ পর্বের (কুটিরোৎসব) শেষ দিনের প্রেক্ষাপট।

□ “আমিই জ্যোতি” ৬, ৭ এবং ৮ অধ্যায় মনে হয় ইস্রায়েলীয়দের ইতিহাসে “প্রান্তরে ভ্রমণ” সময়কালের সঙ্গে সম্পর্কযুক্ত, এই রূপকের উৎস যেটি যীশু নিজেকে ব্যবহার করেছিলেন।

১. ৬ অধ্যায় ব্যবহার করেছে “মান্না” এবং “জীবন খাদ্য”
২. ৭ অধ্যায় ব্যবহার করেছে “জল” এবং “জীবন্ত জল”
৩. ৮ অধ্যায় ব্যবহার করেছে “জ্যোতি” এবং “*Shekinah* মহিমা।”

এই জ্যোতির রূপক সমগ্র যোহানে বার বার বলা হয়েছে (যোহান ১:৮-৫, ৮-৯; ৩:১৯-২১; ৯:৫; ১২:৪৬)।

এই বিষয়ে কিছু বিতর্ক রয়েছে যে প্রকৃত পক্ষে এটি কি উল্লেখ করছে।

১. প্রাচীন অন্ধকারের ভয়
২. পুরাতন নিয়মে ঈশ্বরের উপাধি (গীত ২৭:১; যিশা ৬০:২০; ১ যোহান ১:৫)
৩. কুটিরোৎসব পর্বের প্রেক্ষাপট, মহিলাদের প্রাঙ্গণে বৃহৎ মোমবাতিদান প্রজ্বলন
৪. প্রান্তরে ভ্রমণ কালে মহিমার *Shekinah* মেঘের পরোক্ষ ইঙ্গিত যা ঈশ্বরের উপস্থিতির প্রতিককরণ
৫. পুরাতন নিয়মের Messianic (মশীহ সম্পর্কিত) উপাধি (যিশা ৪২:৬; ৪৯:৬; লুক ২:৩২)

রবিবার ব্যবহার করতেন “জ্যোতি” মশীহের উপাধি হিসাবে। মহিলাদের প্রাঙ্গণে কুটিরোৎসব পর্বের সময় বৃহৎ প্রদীপে অগ্নি প্রজ্বলন স্পষ্টত

যীশুর মন্তব্যের প্রেক্ষাপট ছিল। Messianic (মশীহ সম্পর্কিত) জ্যোতির ইঙ্গিত এবং যোহান ১:৮,৮ পদের বিশেষ উল্লেখ মন্দিরে পর্বের সাথে যীশুর নিজের সত্যিকার উৎস সম্বন্ধে প্রকাশ অবিকল মিলে যাওয়াটা নিছক দৈব বিষয়।

যোহানে এটি সাতটি “আমি আছি” মন্তব্যের একটি (পরবর্তীতে এসেছে একটি predicate)

১. আমিই জীবন খাদ্য (যোহান ৬:৩৫, ৪১, ৪৮, ৫১)
২. আমিই জগতের জ্যোতি (যোহান ৮:১২; ৯:৫; যোহান ১:৮,৯; ১২:৪৬)
৩. আমি মেঘদের দরজা (যোহান ১০:৭,৯)
৪. আমিই উত্তম মেঘপালক (যোহান ১০:১১, ১৪)
৫. আমিই পুনরুত্থান, ও জীবন (যোহান ১১:২৫)
৬. আমিই পথ, ও সত্য, ও জীবন (যোহান ১৪:৬)
৭. আমিই সত্যিকার দ্রাক্ষালতা (যোহান ১৫:১,৫)

এই অনন্য মন্তব্যগুলি, কেবল যোহানেই পাওয়া যায়, যীশুর দিকে দেখিয়ে দেয়। যোহান এগুলির উপরে দৃষ্টি দিয়ে ব্যক্তিগত পরিব্রাণের দিক।

আমাদের অবশ্যই তাঁকে বিশ্বাস করতে হবে!

□ “জগতের” এই টার্ম (*kosmos*, দেখুন যোহান ১৪:১৭ পদে বিশেষ বিষয়) দেখায় যীশু খ্রীষ্টের সুসমাচারের সার্বজনীন ব্যাপকতা (যোহান ৩:১৬)।

□ “যে আমার পথে চলে” এটি একটি present active participle। এটি অবশ্যই মনে রাখার দরকার যে খ্রীষ্টধর্ম মূলত কোন বিশ্বাসের বিবৃতি বা ধর্মতত্ত্ব নয়, বরং, এটি একটি ব্যক্তিগত সম্পর্ক যা শিষ্যত্বের জীবন পদ্ধতি অনুসরণ করে (মথি ২৮:১৮-২০; ১ যোহান ১:৭)।

□ “অন্ধকারে পড়বে না” এটি শয়তান “অপরিব্রাণ প্রান্তরের চোখ অন্ধ করে রেখেছে” এই ধর্মতত্ত্বের পরোক্ষ ইঙ্গিত (২ করি ৪:৪)। আরও আছে পুরাতন নিয়মের প্যাসেজের পরোক্ষ ইঙ্গিত যেটি বলছে ঈশ্বরের বাক্য “আমার চরণের প্রদীপ এবং আমার পথের আলো” এর মত (গীত ১১৯:১০৫)।

যারা “আলো” গ্রহণ করে তারা অবশ্যই আলাদা জীবন যাপন করবে (১ যোহান ১:৭)!

□ “জীবনের আলো” যীশু ঈশ্বরীয় জীবনের অধিকারী ছিলেন এবং এটি তিনি তাঁর অনুসারীদের দেবেন (মথি ৫:১৪), তাদের, যাদেরকে ঈশ্বর তাঁকে দিয়েছেন।

৮:১৩ “ফরীশী” যোহন ১:২৪ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “তোমার সাক্ষ্য সত্য নয়” যিহুদীরা দাবী করছে বৈধ কৌশলগত প্রমাণ (অর্থাৎ, দুজন সাক্ষীর আবশ্যিকতা, গণনা ৩৫:৩০; দ্বি বি ১৭:৬; ১৯:১৫-২১)। যীশু আগেই এই খুবই আপত্তিকর কথা বলেছেন (যোহন ৫:৩ থেকে কয়েকটি পদ) এবং বেশ কিছু সাক্ষী দিয়েছেন। এই প্রসঙ্গে তাঁর সাক্ষী হলেন পিতা!

৮:১৪,১৬ “যদি...যদি” উভয়ই third class conditional sentences যার অর্থ সম্ভাবনাময় কাজ। ৮ অধ্যায়ের বেশির ভাগ conditions এই ধরণের।

□ “আমি কোথা থেকে এসেছি আর কোথায় যাচ্ছি তা আমি জানি” এটি আবারও সেই “উপর ও নিচে” দ্বৈতবাদ। যীশুর পিতার সঙ্গে তাঁর পূর্ব অস্তিত্ব, তাঁর কাজ সম্পর্কে উপলব্ধি, এবং ভাববাণীগত সময়কাল সম্পর্কে সচেতন ছিলেন (যোহন ১:১-৪, ১৪-১৮; ৭:২৮-২৯; ১৩:১; ১৭:৫)।

□ “কিন্তু আমি কোথা থেকে এসেছি আর কোথায় যাচ্ছি তা আপনারা জানেন না” এটি অবশ্যই ৭ অধ্যায়ের সঙ্গে সম্পর্কিত। তারা জানতো না যীশুর জন্মস্থান (যোহন ৮:৪১-৪২) এমনকি তিনি কোথায় যাচ্ছেন সে সম্পর্কেও (যোহন ৭:৩৪-৩৬; ৮:২১)। দেখুন যোহন ১:৮ পদে **বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্য (SPECIAL TOPIC: WITNESSES TO JESUS)**

৮:১৫ “আপনারা মাংসমত বিচার করে থাকেন” এটিও ৭ অধ্যায়ের একটি পরোক্ষ ইঙ্গিত (যোহন ৮:২৪)। দেখুন বিশেষ বিষয়: মাংস (*sarx*) যোহন ১:১৪ পদে।

□ “আমি কারও বিচার করি না” অনেকেই এখানে যোহন ৩:১৭ পদ এবং ৯:৩৯ পদের সঙ্গে বৈপরিত্য দেখেন। যীশুর বিচার করতে আসেন নাই, কিন্তু জীবন দিতে এসেছেন। কিন্তু তাঁর এই জগতে আসার আসল উদ্দেশ্য হল, যারা তাঁকে প্রত্যাখ্যান করেছেন তাদের বিচার করা (যোহন ৩:১৮-২১)।

৮:১৬-১৮ আবারও এটি ছিল সেই বিষয় যেখানে বিচারে দুজন সাক্ষীর আবশ্যিক ছিল (গণনা ৩৫:৩০; দ্বি বি ১৭:৬; ১৯:১৫)। যীশু, কোন অনিশ্চিত টার্মে নয়, নিশ্চিত করেছেন পিতার সঙ্গে তাঁর একত্বকে (যোহন ৭:২৯; ১৪:৯)। দেখুন **বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্য (SPECIAL TOPIC: WITNESSES TO JESUS)** যোহন ১:৮ পদে।

৮:১৬

NASB (1970),

NJB, REB “যিনি আমাকে পাঠিয়েছেন”

NASB (1995),

NKJV, NRSV,

NIV

“পিতা যিনি আমাকে পাঠিয়েছেন”

যেভাবেএখানে NASB এর দুটি সংস্করণে মতানৈক্য রয়েছে, তেমনি মতানৈক্য রয়েছে UBS^{3,4} এর মধ্যে

১. UBS³ দিয়েছে “পিতা” কে “C” রেটিং (MS P^{39,66,75}, \aleph^2 , B, L, T, W,

২. UBS⁴ দিয়েছে “পিতা” কে “A” রেটিং (MSS \aleph^* , D, এবং কিছু প্রাচীন পরবর্তী সময়ে এবং সংস্করণ এটি বাদ দিয়েছে)

যীশু কখনই একা ছিলেন না! পিতা সব সময়ই তাঁর সঙ্গে ছিলেন (যোহন ৮:১৬,২৯; ১৬:৩২), সম্ভবত ক্রুশ ছাড়া (মার্ক ১৫:৩৪)।

পরিত্রাণের মূল বিষয় হল সহভাগিতার আনন্দ এবং সম্পূর্ণতা। সৃষ্টির পিছনে ঈশ্বরের উদ্দেশ্য ছিল মানুষের সঙ্গে সহভাগিতা রাখা, তাই তিনি (অর্থাৎ, খ্রীষ্ট, যোহন ১:৩; ১ করি ৮:৬; কল ১:১৬; ইব্রীয় ১:২) তাদের YHWH এর প্রতিমূর্তিতে ও সাদৃশ্যে সৃষ্টি করেছিলেন (আদি ১:২৬,২৭)। এই সহভাগিতা হারানো হল পাপের শাস্তি। এই হারানো সম্পর্ক পুনরুদ্ধারই যীশুর প্রধান কাজ!

৮:৯ “তোমার পিতা কোথায়” তারা তখনও যীশুকে বুঝেছিল দৈহিক ভাবে, আক্ষরিক স্তরে। তাদের পূর্ব ধারণা এবং অহংকারী মন সত্যকে রুদ্ধ করেছিল (যোহন ৮:২৭)। এই ভুল বোঝাবুঝি হল যোহনের সুসমাচারের আক্ষরিক বৈশিষ্ট্য।

□ “যদি আমাকে জানতেন, তবে আমার পিতাকেও জানতেন” এটি একটি second class conditional sentence। একে প্রায়ই বলা হয় “সত্যের

বিপরিত।” “যদি আপনারা আমাকে জানতেন, যেটি আপনারা জানেন না, তাহলে আমার পিতাকে জানতেন, যা আপনারা জানেন না।” এই ভাব (theme) বার বার যোহন ৫:৩৭ পদ থেকে বলা হয়েছে, দেখুন যোহন ৭:২৮ পদে সম্পূর্ণ নোট। যোহনের সুসমাচারের রূপরেখা করা খুব কঠিন কারণ এটি বার বার নমুনাকৃত ছবির মত বা কোন সংগীতের পুনরাবৃত্তিকৃত ঐক্যতানের মত।

৮:২০ “দান দেবার জায়গায় যীশু এই সব কথা বললেন” এই পদ দৃশ্যত একজন প্রত্যক্ষদর্শীর আর একটি সম্পাদকীয় মন্তব্য। দান দেবার স্থান আলাদা গৃহে ছিল না। Rabbinical (যিহুদী ধর্মীয় গুরু) ঐতিহ্য (Shekalim 6) বলে যে সেখানে ১৩টি তুরী আকৃতির পাত্র রাখা ছিল, প্রতিটি নির্দিষ্ট উদ্দেশ্যে চিহ্নিত ছিল, এর অবস্থান ছিল মহিলাদের প্রাঙ্গণে (মার্ক ১২:৪১), যেখানে কুটিরোৎসব পর্বের সময়ে অনেক বাতি জ্বালানো হতো।

□ “কেননা তখনও তাঁর সময় হয় নি” যোহন ২:৪ পদে নোট দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৮:২১-৩০

“যীশু আবার তাদের বললেন, “আমি চলে যাচ্ছি, আপনারা আমাকে খুঁজবেন, কিন্তু আপনারা আপনাদের পাপের মধ্যে মরবেন; আমি যেখানে যাচ্ছি, আপনারা সেখানে আসতে পারবেন না।”^{২১} তখন যিহুদী নেতারা বললেন, “সে আত্মহত্যা করবে নাকি? কারণ সে বলছে, ‘আমি যেখানে যাচ্ছি, আপনারা সেখানে আসতে পারবেন না?’”^{২২} যীশু তাঁদের বললেন, “আমি উপর থেকে এসেছি, আর আপনারা নীচ থেকে এসেছেন; আপনারা এই জগতের, কিন্তু আমি এই জগতের নই।^{২৩} তাই আমি আপনাদের বলেছি যে আপনারা আপনাদের পাপের মধ্যে মরবেন; যদি আপনারা বিশ্বাস না করেন যে, আমিই সেই, তবে আপনাদের পাপের মধ্যেই আপনারা মরবেন।”^{২৪} এতে নেতারা যীশুকে জিজ্ঞাসা করলেন, “তুমি কে?” যীশু তাঁদের বললেন, “প্রথম থেকে আমি আপনাদের যা বলছি আমি তা-ই।^{২৫} আপনাদের সম্বন্ধে বলবার আর বিচার করে দেখবার আমার অনেক কিছুই আছে, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তিনি সত্য; আর আমি তাঁর কাছে যা শুনেছি তা-ই মানুষকে বলি।”^{২৬} তাঁরা বুঝলেন না যীশু পিতার বিষয়েই তাঁদের কাছে বলছিলেন।^{২৭} এইজন্য যীশু বললেন, “যখন আপনারা মনুষ্যপুত্রকে উঁচুতে তুলবেন, তখন বুঝতে পারবেন যে আমিই সেই, আর এও বুঝতে পারবেন যে, আমি নিজে থেকে কোন কিছুই করি না, বরং পিতা আমাকে যে শিক্ষা দিয়েছেন আমি সেই সব কথাই বলি।”^{২৮} যিনি আমাকে পাঠিয়েছেন তিনিই আমার সংগে আছেন; তিনি আমাকে একা ছেড়ে দেন নি, কারণ যে কাজে তিনি সম্ভ্রষ্ট হন আমি সব সময় সেই কাজই করি।”^{২৯} যীশু যখন এই সব কথা বলছিলেন তখন অনেকেই তাঁর উপর বিশ্বাস করল। (অনুবাদকৃত টেক্সট)।

৮:২১-২২ “আমি যেখানে যাচ্ছি, আপনারা সেখানে আসতে পারবেন নাসে আত্মহত্যা করবে নাকি” যোহন ৮:২২ পদের প্রশ্ন “না” উত্তর আশা করে। প্রসঙ্গ থেকে এটা স্পষ্ট যে যদিও তারা তাঁর কথা ভুল বুঝেছিল (যোহন ৭:৩৪-৩৬), তবে তারা একে তাঁর মৃত্যুর সাথে সম্পর্কিত করেছিল। যোষফাসের কাছ থেকে আমরা জেনেছি যে আত্মহত্যার দোষে দোষী ব্যক্তিকে Hades এর একেবারে নিম্নতর অংশে নিয়ে যায়। তাদের প্রশ্ন দৃশ্যত উল্লেখ করছে তারা এরকমই চিন্তা করছে যীশুর জন্য এরকম জায়গা।

৮:২১ “আর আপনাদের পাপের মধ্যে মরবেন” আক্ষরিক ভাবে এটি “তোমাদের মধ্যের পাপে, তোমরা মরবে।” “পাপ” টার্মটি যোহন ৮:২১ পদে একবচন এবং ৮:২৪ পদে বহুবচন। প্রাথমিক ভাবে এটি উল্লেখ করে খ্রীষ্ট হিসাবে যীশুকে তাদের প্রত্যাখ্যান (যোহন ৮:২৪)। এটি সত্যিই Synoptic সুসমাচারে ক্ষমার অযোগ্য পাপ। তাদের নেতারা যীশুকে প্রত্যাখ্যান করেছিল তাঁর বাক্যের ও চিহ্ন কার্যের আশ্চর্য জ্যোতি তাদের মধ্যে উপস্থিত থাকতেও। আমার মার্কেসের ব্যাখ্যা পুস্তক থেকে নেওয়া পরবর্তী নোট দেখুন।

মার্ক ৩:২৯ “যে কেউ পবিত্র আত্মার নিন্দা করে” এটি অবশ্যই বুঝতে হবে পঞ্চাশতমী পূর্ব ঐতিহাসিক প্রেক্ষাপট থেকে। এটি ব্যবহৃত হয়েছিল ঈশ্বরের সত্যকে প্রত্যাখ্যান করার অর্থে। এই পদের শিক্ষাকে সাধারণ ভাবে বলে “ক্ষমার অযোগ্য পাপ।” একে অবশ্যই ব্যাখ্যা করতে হবে পরবর্তীতে উল্লেখিত দিক বিবেচনা করে:

১. পুরাতন নিয়মের “ইচ্ছাকৃত” ও “অনিচ্ছাকৃত পাপ” এর মধ্যকার স্বাতন্ত্র্যতা বিবেচনা করে (গণনা ১৫:২৭-৩১)
২. যীশুর নিজের পরিবারের অবিশ্বাসের সাথে এই প্রসঙ্গে ফরীশীদের অবিশ্বাসের তুলনা করে
৩. মার্ক ৩:২৮ পদে ক্ষমা করার বিষয়ে মন্তব্য
৪. সুসমাচারের সমান্তরাল, বিশেষ করে “মনুষ্য পুত্র” (মথি ১২:৩২; লুক ১২:১০) থেকে “মনুষ্যদের পুত্র” এর পরিবর্তনের (মথি ১২:৩১; মার্ক ৩:২৮) মধ্যকার পার্থক্য।

উপরের আলোচনার আলোকে, এই পাপ তারাই করেছিল যারা, মহা জ্যোতি ও উপলব্ধির উপস্থিতিতে, ঈশ্বরের পরিত্রাণ ও প্রকাশের উপায় হিসাবে যীশুকে প্রত্যাখ্যান করে। তারা সুসমাচারের জ্যোতিকে শয়তানের অন্ধকারে পরিণত করেছিল (মার্ক ৩:৩০)। তারা আত্মার দোষীকরণের মনোভাবের আকর্ষণকে প্রত্যাখ্যান করেছিল (যোহন ৬:৪৪,৬৫)। ঈশ্বরকে প্রত্যাখ্যান করা ক্ষমার অযোগ্য পাপ নয় কারণ এটি একটি একক কাজ বা কথা, কিন্তু অবিরত, সবসময়ই ইচ্ছাকৃত ভাবে অবিশ্বাস করে খ্রীষ্টে ঈশ্বরকে প্রত্যাখ্যান করা (অর্থাৎ, অধ্যাপক ও ফরীশী)।

এই পাপ কেবল তখনই হতে পারে তাদের দ্বারা যাদের কাছে কখনই সুসমাচার প্রকাশিত হয়নি। যারা যীশুর বার্তা স্পষ্ট ভাবে শুনেছে বিশেষ করে তারাই এই প্রত্যাখ্যানের জন্য দায়ী। আজকের সংস্কৃতিতে এটা বিশেষ ভাবে সত্য যে অবিরত সুসমাচারে জানছে, কিন্তু যীশুকে প্রত্যাখ্যান করছে (অর্থাৎ, America, পশ্চিমা সংস্কৃতি)।

৮:২৩ “আমি উপর থেকে এসেছি, আর আপনারা নীচ থেকে এসেছেন” এটি যোহনের আর একটি উল্লেখ্য দ্বৈতবাদ (অর্থাৎ, নিম্ন বনাম উর্দ্ধ, যোহন ৭:৩৫-৩৬; ১৮:৩৬)।

যোহন তুলনা করেছেন যে যীশু যিনি উপর থেকে এসেছেন এবং যিহূদীরা যারা নিচ থেকে এসেছে, এটি একটি দ্বৈতবাদ গঠন করেছে যা সুসমাচারের মধ্যে অদ্বিতীয়। সুসমাচার (Matthew, Mark, Luke) দুটি যিহূদী যুগের তুলনা করেছে, বর্তমান মন্দ যুগ এবং ধার্মিকতার ভবিষ্যতের যুগ। এই পার্থক্যকে বর্ণনা করা হয়েছে সমান্তরাল দ্বৈতবাদ বনাম উলম্ব দ্বৈতবাদ টার্ম দ্বারা। যীশু কি উভয়ই শিক্ষা দিয়েছেন ভিন্ন ভিন্ন শ্রেণীপটে? সম্ভবত Synoptics লিপিবদ্ধ করেছে যীশুর প্রকাশ্য শিক্ষা অন্যদিকে যোহন শিষ্যদের কাছে যীশুর একান্তে শিক্ষা লিপিবদ্ধ করেছে।

□ “আপনারা এই জগতের” জগতের মধ্যে নিহিত রয়েছে মন্দতার শক্তি (২ করি ৪:৪; ইফি ২:২; এবং ১ যোহন ৫:১৯)। জগতের জন্য (*kosmos*) যোহন ১৪:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

৮:২৪ “তাই” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাবনাময় কাজ।

NASB, NKJV “আপনারা বিশ্বাস করেন যে আমিই সেই”
NRSV, JB “বিশ্বাস করেন যে আমিই সেই”
TEV “বিশ্বাস করেন যে ‘আমি আছি যিনি আছি’”
NJB “বিশ্বাস করেন যে আমিই সেই”

এটি যীশুর নিজের ঐশ্বরীক প্রকৃতি (অথবা এই প্রসঙ্গে এটি সম্ভব যে “মশীহ” উল্লেখ) সম্পর্কে আত্ম উপলব্ধির একটি দৃঢ় মন্তব্য। তিনি YHWH এর পুরাতন নিয়মের উপাধি ব্যবহার করেছেন (“আমি আছি” যাত্রা ৩:১৪)। এটি যোহনে বিখ্যাত মন্তব্য “আমি আছি” থেকে স্বতন্ত্র। এর কোন predicate নেই (যোহন ৪:২৬; ৬:২০; ৮:২৪,২৫,৫৮; ১৩:১৯; ১৮:৫,৬,৮)। দেখুন বিশেষ বিষয়: যোহনের “বিশ্বাস করা” ব্যবহার যোহন ২:২৩ পদে।

৮:২৫ “তুমি কে” যিহূদী কর্তৃপক্ষ ঈশ্বর নিন্দা সম্পর্কে একটি বৈধ ভিত্তি অন্বেষণ করছিল অভিযুক্তি করার জন্য (মথি ২৬:৫৭-৬৮; মার্ক ১৪:৫৩-৬৫)! তাঁকে তারা হত্যা করতে চাইছিল। তারা আসলে তথ্য অন্বেষণ করছিল না কিন্তু দোষ দেবার জন্য।

যোহনে যীশু নিজেকে স্পষ্ট ভাবে প্রকাশ করেছেন (Synoptics এর মত নয়)! তাঁর কথা (অর্থাৎ, যোহন ৮:২৪) এবং তাঁর কাজ (অর্থাৎ, বিশ্রামবারের আরোগ্যদান) স্পষ্টভাবে তাঁর কর্তৃত্বকে প্রকাশ করেছে।

NASB “প্রথম থেকে আমি আপনাদের যা বলছি আমি তা-ই”
NKJV “যে কথা আমি প্রথম থেকে আপনাদের বলছি ঠিক তাই”
NRSV “কেন আমি আপনাদের সব কিছু বলেছি”
TEV “একেবারে প্রথম থেকে আমি আপনাদের যা বলেছি”
NJB “প্রথম থেকে আমি আপনাদের যা বলেছি”

উৎপত্তিগত ভাবে গ্রীক পাতুলিপি এই শব্দগুলির মধ্যে কোন spaces নেই। সেজন্য, গ্রীক অক্ষর বিভক্ত করা যেতে পারে বিভিন্ন স্থানে প্রসঙ্গের সাথে কথাকে খাপ খাওয়ানোর জন্য। অনুবাদের ভিন্নতা পাতুলিপির পার্থক্যের সাথে সম্পর্কিত নয়, কিন্তু শব্দ বিভাগ। এখানে বিকল্পগুলি।

১. *hote* – আমি আপনাদের প্রথম থেকে বলছি (NASB, NKJV, TEV, NJB, NIV)

২. *ho ti* একটি Semitic বাগধারা হিসাবে বিশ্বাসসূচক ধ্বনি – আমি তোমাদের সব কিছু বলেছি (NRSV, TEV পাদ টিকা)

এটি সম্ভবত যোহনের একটি শব্দের খেলা যেখানে টার্ম “প্রথম থেকে” ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টের অনুবাদ আদি পুস্তক ১:১ (সৃষ্টি) এবং যোহন ১:১ পদে (তাঁর পরিচর্যা)। যীশু “প্রথম থেকেই” ছিলেন এবং কথা ও কাজের দ্বারা তিনি এই সকল বিষয় তাদের বলেছিলেন!

৮:২৬-২৭ এই ভাব (themes) যোহনে পুনরাবৃত্তি করা হয়েছে গুরুত্ব দেবার জন্য।

১. পিতা আমাকে পাঠিয়েছেন (যোহন ৩:১৭,৩৪; ৪:৩৪; ৫:৩৬,৩৮; ৬:২৯,৪৪,৫৭; ৭:২৮-২৯; ৮:১৬,২৬,৪২; ১০:৩৬; ১১:৪২; ১২:৪৯; ১৪:২৪; ১৫:২১; ১৭:৩,১৮,২১,২৩,২৫; ২০:২১)
২. পিতা সত্য (যোহন ৩:৩৩; ৭:২৮)
৩. যীশুর শিক্ষা পিতার কাছ থেকে এসেছে (যোহন ৩:১১; ৭:১৬-১৭; ৮:২৬,২৮,৪০; ১২:৪৯; ১৪:২৪; ১৫:১৫)
৪. যীশু পিতাকে প্রকাশ করেছেন (যোহন ১:১৮; ৮:২৬-২৯; ১২:৪৯-৫০; ১৪:৭,৯)

□ “জগত” যোহন ১:১০ পদে নোট দেখুন।

৮:২৭ লেখকের আর একটি সম্পাদকীয় মন্তব্য। যদি তারা তাঁর স্পষ্ট রূপক এবং প্রতিকি ভাষা বুঝতো, তবে তারা, অন্য যিহূদীদের মত তাঁকে হত্যা করতে চেষ্টা করতো (যোহন ৫:১৮; ৮:৫৯; ১০:৩৩)। তাঁর দাবী গোপন ছিল না!

৮:২৮ “যখন আপনারা মনুষ্যপুত্রকে উঁচুতে তুলবেন” এটি পুরাতন নিয়মের গণনা পুস্তক ২১:৪-৯ পদের একটি পরোক্ষ ইঙ্গিত, যেটি যোহন ৩:১৪ পদে

আলোচিত হয়েছে। এই টার্ম, যোহানে আরও অনেক টার্মের মতই, দ্বৈত অর্থ রয়েছে। এর অর্থ হতে পারে “উচুতে তোলা” ক্রুশের মত (যোহান ৩:১৪; ১২:৩২,৩৪), কিন্তু এটি প্রায়ই এই অর্থে ব্যবহৃত হয় “উচ্চ প্রশংসা করা,” যেমন প্রেরিত ২:৩৩, ৫:৩২; ফিলি ২:৯ পদ, যীশু জানতেন তিনি মরতে এসেছেন (মার্ক ১০:৪৫)।

□ “মনুষ্য পুত্র” এটি যীশুর নিজের বেছে নেওয়া উপাধি কারণ এর কোন সামরিকগত বা জাতিয়তাবাদগত ব্যবহার নেই rabbinical যিহুদী ধরের মধ্যে। যীশু এই উপাধি বেছে নিয়েছিলেন কারণ এটি মানবিকতা (যিহি ২:১; গীত ৮:৪) ও ঈশ্বরত্ব (দানি ৭:১৩) উভয় ধারণার সঙ্গেই সম্পর্কিত।

□ “তখন বুঝতে পারবেন যে আমিই সেই” এমনকি শিষ্যরাও (এবং তাঁর পরিবার) পঞ্চাশতমীর পর পর্যন্ত (যোহান ৭:৩৯) বুঝতে পারে না! আত্মা এসেছেন চক্ষু উন্মুক্ত করার ক্ষমতা নিয়ে তাদের সবার জন্য যাদের আত্মিক চোখ এবং কাণ রয়েছে!

অন্য ব্যাকরণগত নিশ্চয়তা “আমিই সেই” যোহান ৮:২৪ পদের নোট দেখুন। তারা জানবে যে

১. তিনি কে (অর্থাৎ, মশীহ)
২. তিনি পিতাকে প্রকাশ করছেন (যোহান ৫:১৯-২০)
৩. তিনি এবং পিতা এক (যোহান ৮:২৯)

৮:২৯ “তিনি আমাকে একা ছেড়ে দেন নি” পিতার সঙ্গে যীশুর সহভাগিতা তাতেই রক্ষিত (যোহান ৮:১৬; ১৬:৩২)। এই জন্য ক্রুশে ভেঙ্গে যাওয়া সহভাগিতা তাঁর জন্য খুব কঠিন ছিল (মার্ক ১৫:৩৪)।

৮:৩০ “অনেকেই তাঁর উপর বিশ্বাস করল” এই প্যাসেজে “বিশ্বাস করা” টার্মটি ব্যবহারে ব্যাপক স্বাধীনতা রয়েছে। এটি মনে হয় উল্লেখ করছে কিছু কিছু শ্রোতার উপর উপর বিশ্বাসের কথা (মথি ১৩; মার্ক ৪)। তার া স্বেচ্ছাকৃত ভাবে স্বীকার করেছে যে তিনি ছিলেন মশীহ তিনি যা বলেছিলেন সেই কথার অর্থ তারা যা বুঝেছিল সে অনুসারে। যোহান ৮:৩০-৫৮ পদের প্রসঙ্গ দেখায় যে সেখানে সত্যিকার বিশ্বাসী ছিল না (যোহান ২:২৩-২৫)। যোহানে বেশ কয়েকটি স্তরের বিশ্বাস রয়েছে, সকলই পরিত্রাণের দিকে পরিচালিত করে না। যোহান ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহান ৮:৩১-৩৩

“যে যিহুদীরা তাঁকে বিশ্বাস করেছিল যীশু তাদের বললেন, “আমার কথামত যদি আপনারা চলেন তবে সত্যিই আপনারা আমার শিষ্য; ^{৩২} আর আপনারা সত্যকে জানতে পারবেন, আর সেই সত্যই আপনাদের মুক্ত করবে।” ^{৩৩} যিহুদী নেতারা তখন যীশুকে বললেন, “আমরা অব্রাহামের বংশের লোক এবং আমরা কখনও কারও দাস হই নি; তুমি কি করে বলছ যে, “আমাদের মুক্ত করা হবে?”” (অনুবাদকৃত টেক্সট)।

৮:৩১ “যদি আপনারা চলেন” এটি একটি third class conditional sentence যার অর্থ সাজ্য্য কাজ। এটি গুরুত্ব দিচ্ছে অবিরত বিশ্বাসের উপরে যা যোহান ১৫ অধ্যায়ে স্পষ্ট বলা হয়েছে। এটি হল প্রচারমূলক সুসমাচার ঘোষণার হারিয়ে যাওয়া উপাদান। বাক্য বিশ্বাস করতে হবে (যোহান ৫:২৪), বাধ্য হতে হবে, এবং মনে চলতে হবে। দেখুন বিশেষ বিষয়: মেনে চলা ১ যোহান ২:১০ পদ।

বিশেষ বিষয়: ধৈর্যধারণের আবশ্যিকতা (SPECIAL TOPIC: THE NEED TO PERSEVERE)

□ “আমার কথামত, তবে সত্যিই আপনারা আমার শিষ্য” যীশু জোর দিয়েছেন জীবন যাপনে বাধ্যতার উপরে (তাঁর আদেশ, যোহান ৮:৫১,৫২,৫৫; ১৪:১৫,২১,২৩,২৪; ১৫:১০,২০; ১৭:৬; লুক ৬:৪৬; ২ যোহান ৯)। এক অর্থে এই পদ প্রতিফলিত করে *shema*, একটি ইব্রীয় শব্দ যার অর্থ “যেমত শোনা সেমত কাজ করা” (অর্থাৎ, দ্বি বি ৬:৪-৬)।

৮:৩২ “তোমরা জানিবে” এটি পুরাতন নিয়মের “জানা” অর্থে ব্যবহৃত, যার অর্থ “ব্যক্তিগত সম্পর্ক,” কিন্তু “জ্ঞানের সত্য” অর্থে নয় (আদি ৪:১; যির ১:৫)। সত্য একজন ব্যক্তি! এই পদ যেটি প্রায়ই পাওয়া যায় শিক্ষা বিষয়ক প্রতিষ্ঠানে, মানবিক জ্ঞানের সংগ্রহ নয়। যা বিভক্ত ও অন্ধ বলে প্রমাণিত, বিনামূল্যে নয়, মানবিক। “সত্য” এখানে বলা হচ্ছে যে তা যীশু খ্রীষ্টের সুসমাচার ও ব্যক্তিত্ব। তিনি ব্যক্তিরেকে এখানে কোন সত্য, শান্তি, বা আশা নেই!

৮:৩২,৪০,৪৪,৪৫,৪৬ “সত্য” এটি হল প্রসঙ্গের মূল ধারণা। এই টার্মের দুটি অন্তর্নিহিত অর্থ রয়েছে।

১. বিশ্বাসযোগ্যতা
২. সত্য বনাম মিথ্যাচার

উভয়েরই অন্তর্নিহিত তাৎপর্য যীশুর জীবন ও পরিচর্যায় সত্য। তিনি সুসমাচারের বিষয়বস্তু এবং লক্ষ্য উভয়ই। সত্য প্রাথমিক ভাবে একজন ব্যক্তি! যীশু ব্যক্তিগত পিতাকে প্রকাশ করেছেন। এই পদটি প্রায়ই প্রসঙ্গ থেকে বের করে নেওয়া হয়েছে এবং শিক্ষামূলক প্রেক্ষাপটে ব্যবহার করা হয়েছে। যথার্থ, এমনকি যথার্থ সত্য, এমনকি অনেক যথার্থ সত্য, কাউকে মুক্ত করে না (উপ ১:১৮)। যোহান ৬:৫৫ এবং ১৭:৩ পদে সত্য বিষয়ে বিশেষ বিষয় দেখুন।

৮:৩২ “আপনাদের মুক্ত করবে” বিশ্বাসীরা বাধ্যবাধকতা, আনুষ্ঠানিকতা, এবং ধর্মবিধি পালনের কার্যসমূহ, মানবিক ধার্মিকতা থেকে মুক্ত। তথাপি মুক্ত বিশ্বাসীরা নিজেদেরকে সুসমাচারের জন্য নিজেদের বন্ধন করেছে (রোমীয় ১৪:১-১৫:৬; ১ করি ৮-১০)।

৮:৩৩ “আমরা অব্রাহামের বংশের লোক এবং আমরা কখনও কারও দাস হই নি” এটা বেশ চমকপ্রদ যে জাতিগত অহংকার কতটা অন্ধ হতে পারে। তাহলে Egypt, Syria, Babylon, Persia, Greece, Syria, and Rome কি হবে?

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৮:৩৪-৩৮

^{৩৪} যীশু তাঁদের এই উত্তর দিলেন, “সত্য, সত্য, “আমি আপনাদের বলছি, যারা পাপে পড়ে থাকে তারা সবাই পাপের দাস। ^{৩৫} দাস চিরদিন বাড়ীতে থাকে না; কিন্তু পুত্র চিরকাল থাকেন। ^{৩৬} তাই ঈশ্বরের পুত্র যদি আপনাদের মুক্ত করেন, তবে সত্যিই আপনারা মুক্ত হবেন। ^{৩৭} আমি জানি আপনারা অব্রাহামের বংশের লোক; কিন্তু তবুও আপনারা আমাকে মেরে ফেলতে চাইছেন, কারণ আমার কথা আপনাদের অন্তরে কোন স্থান পায় না। ^{৩৮} আমি আমার পিতার কাছে যা দেখেছি সেই বিষয়েই বলি, আর আপনারা আপনাদের পিতার কাছ থেকে যা শুনেছেন তা-ই করে থাকেন।” (অনুবাদকৃত টেক্সট)।

৮:৩৪ “যারা পাপে পড়ে থাকে তারা সবাই পাপের দাস” যীশু চাইছিলেন তাদের আত্মিক বাস্তবতায় নিয়ে যেতে যোহন ৮:৩২ পদে তাঁর আগের শব্দগুচ্ছ “আপনাদের মুক্ত করবে” পিছনে রেখে, যেটি যোহন ৮:৩৩ পদের মন্তব্য যেটি দেখায় তারা ভুল বুঝেছে। এই মন্তব্য যোহন ৮:২১ ও ২৪ পদে যীশুর দৃঢ় দোষারপের সাথে সম্পর্কিত। তাঁর অভিযোগ এই সব ক্ষণস্থায়ী অনুসারীদের বিষয়ে সুসম্পূর্ণ হয়েছে যোহন ৮:৪৪-৪৭ পদে।

যেভাবে Frank Stagg বলেছেন *New Testament Theology* পুস্তকে, “মানুষের অঙ্গিকারের মজার বিষয় হল যে বন্ধন হল তার মুক্ত হবার চেপ্টার ফলাফল” (পৃ. ৩২)।

এখানের verb হল present active participle, “করিতেছে,” যেটি উল্লেখ করে চলমান পাপ। অবিরত পাপ করা হল একটি প্রমাণ যে কেউ সত্য (যীশু) “জানেন” না। এই একই সত্য প্রকাশে ব্যবহৃত হয়েছে PRESENT TENSE verbs ১ যোহন ৩:৬,৯ পদে “পাপ করে যাওয়া!”

প্রশ্ন হল, “বিশ্বাসীরা কি এখনও পাপ করে?” উত্তর অবশ্যই “হ্যাঁ” হবে (রোমীয় ৭: ১ যোহন)। খ্রীষ্টিয়নেরা পাপের সঙ্গে সংগ্রামরত, কিন্তু এর মধ্যের প্রকাশ হারিয়েছে এবং একে চিনতে পারছে না!

The NET Bible (p. 1921 #21) যোগ করেছে একই ভাল মন্তব্য যে যোহনে প্রসঙ্গকৃত পাপ হল “অবিশ্বাস করা”(ক্ষমার অযোগ্য পাপ)। এটি কোন নৈতিকতা বিষয়ক প্রসঙ্গ নয় কিন্তু “পরিত্রাণ পর্যন্ত বিশ্বাস করা প্রসঙ্গ।” ১ যোহনেও “পাপ” হল অবিশ্বাস করা (পাপে মৃত্যু)!

৮:৩৫ এই পদ সরাসরি যোহন ৮:৩৪ পদের সঙ্গে সম্পর্কিত নয়, কিন্তু যোহন ৮:৩৬ পদের সঙ্গে। যীশু, মোশির rabbinical (যিহুদী ধর্মগুরু সম্পর্কিত) যিহুদী ধর্মের নন, তিনি সত্যিকার পুত্র (ইব্রীয় ১:২; ৩:৬; ৫:৮; ৭:২৮)। কেবল তাঁর উপরে বিশ্বাসের মাধ্যমে, সীমাহীন নিয়ম কানুন ও অনুষ্ঠান পালন নয়, একজনকে মুক্ত করতে পারে (যোহন ৮:৩২)।

□ “চিরকাল” বিশেষ বিষয় দেখুন যোহন ৬:৫৮ পদে।

৮:৩৬ “যদি” এটি হল third class conditional sentence যেটি বলছে সম্ভাবনাময় কাজের কথা।

৮:৩৭ “তবুও আপনারা আমাকে মেরে ফেলতে চাইছেন” (যোহন ৫:১৮; ৭:১,১৯; ৮:৩৭,৪০; ১১:৫৩)।

□ “কারণ আমার কথা আপনাদের অন্তরে কোন স্থান পায় না” এই শব্দগুচ্ছ বেশ কয়েকটি অর্থে বোঝা যেতে পারে। একটি সাহায্যকারী অধ্যয়ন পুস্তক হল *The Bible in Twenty Six Translations*।

১. “কারণ আমার কথা তোমাদের মধ্যে মুক্ত পথ পায় না” – American Standard Version
২. “তোমাদের মধ্যে ভিত্তি পায় না” – *The New Testament* by Henry Alford
৩. “তোমাদের মধ্যে অগ্রগতি পায় না” – *The New Testament: A New Translation* by James Moffatt
৪. “তোমাদের মধ্যে কোন স্থান পায় না” – *The Emphasized New Testament: A New Translation* by J. B. Rotherham
৫. “কারণ আমার কথা তোমাদের মধ্যে জায়গা পায় না” – *The Four Gospels* by E. John 8:Rieu

আবার, সমস্যা হল সুসমাচার গ্রহণ করা বা না করা। এটি পরিত্রাণের একটি বিষয়, নৈতিক অগ্রগতির নয়।

৮:৩৮ “আমি যা দেখেছি” এটি একটি perfect active indicative যেটি সম্পর্কিত যীশুর পূর্ব অস্তিত্ব এবং পিতার সঙ্গে তাঁর বর্তমান সহভাগিতা (যোহন ৮:৪০,৪২)।

□ “আপনারা আপনাদের পিতার কাছ থেকে যা শুনেছেন তা-ই করে থাকেন” এই প্রথম “পিতা” উল্লেখ হতে পারে যিহুদী ঐতিহ্যের উল্লেখ (যিশা ২৯:১৩)। যাহোক, যোহন ৮:৪১-৪৪ পদে মূল বিষয়টি খাপ খায় শয়তান/মন্দ আত্মার সঙ্গে। তাদের কাজ, উদ্দেশ্য, এবং কথা, দৃশ্যত “মোশি”কে সমর্থন করছে, স্পষ্ট ভাবে দেখাচ্ছে তাদের আত্মিক সংশ্লিষ্টতা। মানুষ আত্মিক জগত শুরু করতে পারে না/করে না। দুটি প্রভাবকারী (দৈতবাদ নয়) উৎস রয়েছে – ঈশ্বর/খ্রীষ্ট/আত্মা বা শয়তান/এবং তার! কিভাবে একটি সুসমাচার (যোহন ১:১২; ৩:১৬; ১০:১-১৮; ১৪:৬) প্রকাশিত আত্মিক সংশ্লিষ্টতায় সাড়া প্রদান করছে!

এই শব্দগুচ্ছের সঙ্গে সম্পর্কিত কয়েকটি লেখনীগত বিকল্প রয়েছে।

১. উভয়ের উল্লেখিত “পিতা” YHWH কে নির্দেশ করতে পারে (“তোমার” pronoun নেই)

২. verb হল imperative, indicative নয়।

(দেখুন Bruce M. Metzger, *A Textual Commentary on the Greek New Testament*, p.225)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৮:৩৯-৪৭

“এতে সেই যিহুদী নেতারা যীশুকে বললেন, “অব্রাহামই আমাদের পিতা।” যীশু তাঁদের বললেন, “যদি আপনারা অব্রাহামের সন্তান হতেন তবে অব্রাহামের মতই কাজ করতেন।”^{৪০} ঈশ্বরের কাছ থেকে যে সত্য আমি জেনেছি তা-ই আপনাদের বলেছি, আর তবুও আপনারা আমাকে মেরে ফেলতে চাইছেন; কিন্তু অব্রাহাম এই রকম করেন নি।^{৪১} আপনাদের পিতা যা করে আপনারা তা-ই করছেন।” তাঁরা যীশুকে বললেন, “আমরা তো জারজ নই; আমাদের একজনই পিতা আছেন, সেই পিতা হলেন ঈশ্বর।”^{৪২} যীশু তাঁদের বললেন, “সত্যিই যদি ঈশ্বর আপনাদের পিতা হতেন তবে আপনারা আমাকে ভালবাসতেন, কারণ আমি ঈশ্বরের কাছ থেকে এসেছি আর এখন আপনাদের মধ্যে আছি, আমি নিজ থেকে আসি নি, কিন্তু তিনিই আমাকে পাঠিয়েছেন।^{৪৩} কেন আপনারা আমার কথা বোঝেন না? তার কারণ এই যে আপনারা আমার কথা সহ্য করতে পারেন না।^{৪৪} শয়তানই আপনাদের পিতা আর আপনারা তারই সন্তান, সেইজন্য আপনারা তার ইচ্ছা পূর্ণ করতে চান। শয়তান প্রথম থেকেই খুনী, সে কখনও সত্যে বাস করে নি কারণ তার মধ্যে সত্য নেই। সে যখন মিথ্যা কথা বলে, তখন সে তা নিজ স্বভাব থেকেই বলে, কারণ সে মিথ্যাবাদী আর তাহার পিতা।^{৪৫} কিন্তু আমি সত্যি কথা বলি, আর তাই আপনারা আমাকে বিশ্বাস করেন না।^{৪৬} আপনাদের মধ্যে কে আমাকে পাপী বলে প্রমাণ করতে পারেন? যদি আমি সত্যি কথাই বলি, তবে কেন আপনারা আমাকে বিশ্বাস করেন না?^{৪৭} যে লোক ঈশ্বরের, সে ঈশ্বরের কথা শোনে; এই কারণ আপনারা সেসব শোনেন না, কারণ আপনারা ঈশ্বরের নন।” (অনুবাদকৃত টেক্সট)।

৮:৩৯ “অব্রাহামই আমাদের পিতা” যীশু তাদের অব্রাহাম থেকে দৈহিক বংশধারাকে নিশ্চিত করেছিলেন, কিন্তু এটাও বলেছিলেন যে তাদের মধ্যে শয়তান ও তার দোসরদের বৈশিষ্ট্য রয়েছে (যোহন ৮:৩৮,৪৪)। একটি ব্যক্তিগত বিশ্বাসের সম্পর্ক, জাতিগত পরিচয় নয়, যিহুদীদের ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক গড়তে পারে (দ্বি বি ৬:৫,১৩; রোমীয় ২:২৮-২৯; ৯:৬)।

□ “যদি” এটি একটি first class conditional sentence গঠন করেছে (protasis মধ্যে – PRESENT ACTIVE INDICATIVE সাথে *ei*), কিন্তু এটি কাজ করতে পারে second class conditional হিসাবে (যোহন ৮:১৯ এবং ৪২)। গ্রীক পাদুলিপিগত পার্থক্য চেষ্টা করেছে এই মিশ্রিত conditional form কে বাদ দিতে প্রথম verb কে imperfect পরিবর্তনের দ্বারা। যদি তাই হয় তাহলে এটি পড়া হবে, “যদি তোমরা অব্রাহামের সন্তান হও, যা তোমরা নও, তাহলে তোমরা অব্রাহাম যা করেছেন তাই করতে, কিন্তু তোমরা তা কর না।” UBS⁴ এই মিশ্রিত conditional গঠনকে দিয়েছে “B” রেটিং (প্রায় নিশ্চিত)।

৮:৪০ “একজন মানুষ” যীশু নিজেকে কেবল YHWH এর প্রতিনিধি হিসাবে, YHWH এর সঙ্গে ঐশ্বরিকতায় সমান হিসাবেও বোঝেন নাই, কিন্তু সত্যিকার একজন মানুষ হিসাবে দেখেছেন। এই প্রচেষ্টা খন্দন করেছে আত্মা ও দৈহিক বিষয়ের মধ্যে আত্মিক দ্বৈতবাদ জ্ঞানবাদের ভ্রান্ত শিক্ষকদের এই চেষ্টা (১ যোহন ১:১-৪; ৪:১-৪)।

বিশেষ বিষয়: জ্ঞানবাদ (SPECIAL TOPIC: Gnosticism)

8:41

NASB, NKJV “আমরা তো জারজ নই”

NRSV “আমরা তো অবৈধ সন্তান নই”

TEV “আমরা তো সত্যিকারের সন্তান”

NJB “আমরা অবৈধ ভাবে জন্মাইনি”

এটি হতে পারে যোহন ৮:৪৮ পদের অভিযোগের (“তুমি একজন শমরিয়”) সাথে সম্পর্কিত। এটি মনে হয় যে যিহুদীরা চেষ্টা করেছে যে একথা বলতে যে যীশু হলেন অবৈধ সন্তান, সম্পূর্ণ যিহুদী রক্ত তার ছিল না। পরবর্তীতে rabbinical উৎসসমূহ বলবে যে যীশু ছিলেন একজন রোমীয় সৈনিকের সন্তান।

□ “আমাদের একজনই পিতা আছেন, সেই পিতা হলেন ঈশ্বর” এই মন্তব্য প্রতিফলিত করে পুরাতন নিয়মের কঠোর এক ঈশ্বরবাদ (দ্বি বি ৪:৩৫,৩৯; ৬:৪-৫) পিতামাতা সম্পর্কিত টার্মে প্রকাশিত হয়েছে (দ্বি বি ৩২:৬; যিশা ১:২; ৬৩:১৬; ৬৪:৮)। এখানেই হয়েছে উভয় সংকট: এই যিহুদী নেতারা নিশ্চিত করেছে ঈশ্বরের একত্ব (দ্বি বি ৬:৪-৫) এবং সেই মোশির ব্যবস্থার উপরে বাধ্যতা তাদের ঈশ্বরে সঙ্গে সঠিক সম্পর্কে নিয়ে আসে (দ্বি বি ৬:১-৩,১৭, ২৪-২৫)। যীশু এসে ঈশ্বরের সাথে তিনি যে এক তা দাবী করেছেন! যীশু দাবী করেছেন যে ঈশ্বর সঙ্গে সঠিক সম্পর্কে থাকা ব্যবস্থা পালনের উপরে ভিত্তি করে নয়, কিন্তু তাঁর উপরে ব্যক্তিগত বিশ্বাস। তাদের দ্বিধাদন্দ এবং অনিচ্ছা বোধগম্য, কিন্তু এখানে যখন আত্মার অর্ন্তদৃষ্টি এবং যীশুর পরাক্রমী কাজ বিশ্বাস আনে!

৮:৪২ “যদি” এটি একটি second class conditional sentence যাকে বলা হয় “সত্যের সঙ্গে বৈপরিত্য।” “যদি ঈশ্বর আপনাদের পিতা হন যা তিনি নন, তবে আপনারা আমাকে ভালবাসতেন, যা তোমরা কর না” (যোহন ৮:৪৭)।

৮:৪৩ “কারণ আপনারা আমার কথা শোনেন না” এটি উল্লেখ করে আত্মিক গ্রহণযোগ্যতা ও উপলব্ধি। তাদের কোন আত্মিক কাণ ছিল না (যিশা ৬:৯-১০; মথি ১১:১৫; ১৩:৯, ১৫-১৬, ৪৩; মার্ক ৪:৯, ২৩; ৭:১৬; ৮:১৮; লূক ৮:৮; ১৪:৩৫; প্রেরিত ৭:৫১; ২৮:২৬-২৭)।

৮:৪৪ “শয়তানই আপনাদের পিতা আর আপনারা তারই সন্তান” যীশুর সময়ে ধর্মীয় নেতাদের প্রতি কি বিশ্বয়কর মন্তব্য (যোহন ৮:৪৭)। এই ধারণা পারিবারিক বৈশিষ্ট্য বিভাগ প্রকাশিত হয়েছে ইব্রীয় বাগধারায়, “পুত্রেরা...” (মথি ১৩:৩৮; প্রেরিত ১৩:১০; ১ যোহন ৩:৮, ১০)।
“মন্দ আত্মা” এর জন্য যোহন ১২:৩১ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “প্রথম থেকেই খুনি” এটির অর্থ এই ইঙ্গিত দেয় না শয়তানের চিরস্থায়ীত্ব (অর্থাৎ, দৈবতবাদ হিসাবে Zoroastrianism মধ্যে), কিন্তু এটি প্রতিফলিত করে আদম ও হবার আত্মিক প্রলোভন সর্পের মধ্যে বাসকারী মিথ্যার আত্মার প্রতিনিধিত্বকে (আদি ৩)। লক্ষ্য করুন উদ্দেশ্যমূলক তুলনা ঈশ্বর যিনি সত্য, সত্য এবং মন্দ আত্মার মধ্যে!

৮:৪৬ “আপনাদের মধ্যে কে আমাকে পাপী বলে প্রমাণ করতে পারেন” এই প্রসঙ্গে এটি উল্লেখ করছে মিথ্যা সাক্ষ্য। শয়তানের মিথ্যা, কিন্তু যীশু সত্য বলছেন। যীশু এই সব যিহুদী নেতাদের আহবান জানাচ্ছেন তাঁর কথা বা শিক্ষাকে খন্দ করতে, তিনি যে মিথ্যা বলছেন তা প্রমাণ করতে! এই প্রসঙ্গে এই মন্তব্য মনে সম্পর্কিত নয় যীশুর পাপহীনতা ধর্মতাত্ত্বিক মতবাদ হিসাবে।
যোহনে “পাপ” কোন নির্দিষ্ট কাজ করার চেয়ে মন্দতার নীতি থেকেও বেশি কিছু পতিত জগতে ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ। পাপ সব কিছু যীশু নন! চূড়ান্ত “পাপ” হল অবিশ্বাস (যোহন ১৬:৯)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৮:৪৮-৫৯

^{৪৮} তখন যিহুদী নেতারা যীশুকে বললেন, “আমরা কি ঠিক বলি নি যে তুমি একজন শমরীয় আর তোমাকে ভূতে পেয়েছে?” ^{৪৯} উত্তরে যীশু বললেন, “আমাকে ভূতে পায় নি; আমি আমার পিতাকে সম্মান করি, কিন্তু আপনারা আমাকে অসম্মান করেন। ^{৫০} আমি আমার নিজের প্রশংসার চেষ্টা করি না; কিন্তু একজন আছেন যিনি আমাকে সম্মান দান করেন, আর তিনিই বিচারকর্তা। ^{৫১} সত্য, সত্য, আমি আপনাদের বলছি, যদি কেউ আমার কথার বাধ্য হয়ে চলে তবে সে কখনও মরবে না।” ^{৫২} যিহুদী নেতারা তাঁকে বললেন, “এবার আমরা সত্যি বুঝলাম যে তোমাকে ভূতেই পেয়েছে। অব্রাহাম ও ভাববাদীরা সকলেই মারা গেছেন; আর তুমি বলছ, ‘যদি কেউ আমার কথার বাধ্য হয়ে চলে, সে কখনও মরবে না।’ ^{৫৩} তুমি কি পিতা অব্রাহাম থেকেও বড়, তিনি তো মারা গেছেন? ভাববাদীরাও মারা গেছেন; তুমি নিজেকে কি মনে কর?” ^{৫৪} উত্তরে যীশু বললেন, “যদি আমি নিজের প্রশংসা নিজেই করি, তবে তার কোন দাম নেই; আমার পিতা যাঁকে আপনারা ‘আপনাদের ঈশ্বর’ বলে দাবি করেন; তিনিই আমাকে সম্মান দান করেন। ^{৫৫} আপনারা কখনও তাঁকে জানেন নি, কিন্তু আমি তাঁকে জানি; যদি আমি বলি আমি তাঁকে জানি না তবে আপনাদেরই মত আমি মিথ্যাবাদী হব, কিন্তু আমি তাঁকে জানি এবং তাঁর কথার বাধ্য হয়ে চলি। ^{৫৬} আপনাদের পিতা অব্রাহাম আমারই দিন দেখবার আশায় আনন্দ করেছিলেন, তিনি তা দেখেছিলেন আর খুশীও হয়েছিলেন।” ^{৫৭} যিহুদী নেতারা যীশুকে বললেন, “তোমার বয়স এখনও পঞ্চাশ বছর হয় নি, আর তুমি কি অব্রাহামকে দেখেছ?” ^{৫৮} যীশু তাঁদের বললেন, “সত্য, সত্য, আমি আপনাদের বলছি, অব্রাহাম জন্মগ্রহণ করবার আগে থেকেই আমি আছি।” ^{৫৯} এই কথা শুনে সেই নেতারা যীশুকে মারবার জন্য পাথর কুড়িয়ে নিলেন। কিন্তু যীশু নিজেকে গোপন করে উপাসনা-ঘর থেকে বের হয়ে গেলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৪:৪৮ “তুমি একজন শমরীয় আর তোমাকে ভূতে পেয়েছে?” এখানে সম্ভাবনা রয়েছে যে সত্যিকার প্রসঙ্গকৃত অর্থ প্রতিফলিত হয়েছে Aramaic শব্দ অনুবাদে গ্রীক টার্ম “শমরীয়” দ্বারা, যার অর্থ “ভূতদের অধিপতি।” যীশু Aramaic ভাষায় কথা বলেছেন। যদি এটা সত্য হয় তবে এটি খাপ খায় ধর্মীয় নেতাদের অবিরত দোষারোপে যে যীশুর ক্ষমতা এসেছে মন্দ আত্মার অতিলৌকিক উৎস থেকে। এটি আরও সম্ভব যে কাউকে ভূতে পাওয়া বলার অর্থ সে মিথ্যা বলছে (যোহন ৮:৫২)। যীশুকে শমরীয় বলা (যোহন ৪:৯) বা ভূতে পেয়েছে বলা (যোহন ৭:২০; ৮:৪৮, ৪৯, ৫২; ১০:২০, ২১, যোহন ১২:৩১ পদে বিশেষ বিষয় দেখুন) ছিল একটি উপায় যে কেউ তাঁর কথা শুনছে না বা তাঁর বার্তায় সাড়া দিচ্ছে না। এভাবে, “অব্রাহাম আমাদের পিতা,” আর একটি অজুহাত ছিল যীশুর কথায় বা তাঁর বার্তায় সাড়া প্রদান না করা।

৮:৪৯ কেউই পিতাকে বিশ্বাস করতে এবং পুত্রকে বিশ্বাস না করতে পারে না (১ যোহন ৫:৯-১২); কেউই পিতাকে জানতে ও পুত্রকে সম্মান না করতে পারে না (যোহন ৫:২৩)। যদিও বাহ্যিক ভাবে দুজন পৃথক ব্যক্তি, তবে তারা এক (যোহন ১০:৩০; ১৭:২১-২৩)।

৮:৫০ “আমার প্রশংসা” যোহন ১:১৪ পদের নোট দেখুন।

৮:৫১, ৫২ “যদি...যদি” উভয়ই third class conditional sentences যার অর্থ সম্ভাব্য কাজ করা। লক্ষ্য করুন বাধ্যতা বিশ্বাস করার সাথে সম্পর্কযুক্ত (যোহন ৮:৪৮ পদে টেক্সটের তালিকা দেখুন)।

□ “সে কখনও মৃত্যু দেখবে না” এটি দৃঢ়তর double negative। এটি স্পষ্টত আত্মিক মৃত্যুর কথা উল্লেখ করছে (যোহন ৮:২১, ২৪), দৈহিক মৃত্যু নয় (যোহন ৫:২৪; ৬:৪০, ৪৭; ১১:২৫-২৬)। এটি উল্লেখ করতে পারে মৃত্যুর ভয় (১ করি ১৫:৫৪-৫৭)।

“মৃত্যু” (*thanatos*) র ধারণা বাইবেলে প্রকাশিত হয়েছে তিনটি ধাপে।

১. আত্মিক মৃত্যু, আদি ২:১৭; ৩:১-২৪; যিশা ৫৯:২; রোমীয় ৭:১০-১১; যাকোব ১:১৫ (ঈশ্বরের সঙ্গে সম্পর্ক ভেঙ্গে গেছে)
২. দৈহিক মৃত্যু, আদি ৩:৪-৫; ৫ অধ্যায় (পৃথিবীর সঙ্গে সম্পর্ক ভেঙ্গে গেছে)
৩. আনন্তকালীন মৃত্যু, “দ্বিতীয় মৃত্যু,” প্রকা ২:১১; ২০:৬,১৪; ২১:৮ (ঈশ্বরের সাথে ভেঙ্গে যাওয়া সম্পর্ক স্থায়ী হয়েছে) মৃত্যু হল ঈশ্বরের সর্বোৎকৃষ্ট সৃষ্টির জন্য তাঁর ইচ্ছার বিপরিত (আদি ১:২৬-২৭)।

৮:৫২ এটি দেখায় যে তারা যীশুর কথাকে ভুল বুঝেছিল (যোহন ৮:৫১)। তারা একে অব্রাহাম ও ভাববাদীদের দৈহিক জীবনের সাথে সম্পর্কিত করেছিল।

৮:৫৩ এই প্রশ্ন “না” উত্তর আশা করে। কি বিশ্বয়কর কথা! কিন্তু এটি ঠিক তাই ছিল যীশু যা দাবী করছিলেন।

১. তিনি অব্রাহামের থেকেও মহান, যোহন ৮:৫৩
২. তিনি যাকোবের থেকেও মহান, ৪:১২
৩. তিনি যোনার থেকেও মহান, মথি ১২:৪১; লুক ১১:৩২
৪. তিনি বাস্তিষ দাতা যোহনের থেকেও মহান, ৫:৩৬; লুক ৭:২৮
৫. তিনি শলোমনের থেকেও মহান, মথি ১২:৪২; লুক ১১:৩১

ইব্রীয় সম্পূর্ণ পুস্তক দেখায় মোশির থেকেও যীশুর সর্বোৎকৃষ্টতা, পুরাতন নিয়মের থেকেও নূতন নিয়মের সর্বোৎকৃষ্টতা (আমার ইব্রীয় ব্যাখ্যা বই দেখুন ফ্রি অন-লাইনে www.freebiblecommentary.mobi ওয়েব সাইটে)।

□ “তুমি নিজেকে কি মনে কর” এটি ছিল আসল পয়েন্ট! যীশু উপসংহার করেছেন স্পষ্ট ভাবে যোহন ৮:৫৪ ও ৫৮ পদে এবং তারা চেষ্টা করেছে তাকে পাথর মারতে ঈশ্বর নিন্দার জন্য (যোহন ৮:৫৯)।

৮:৫৪ “যদি” আর একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ করা।

□ “প্রশংসা” এখানে এটি সম্মানের অর্থে ব্যকবহৃত হয়েছে (রোমীয় ১:২১; ১ করি ১২:২৬)।

৮:৫৫ “জানি...জানি” ইংরাজি টার্ম এই পদে অনুবাদ করেছে দুটি গ্রীক টার্ম, *ginōskō* এবং *oida*, যেটি এই প্রসঙ্গে মনে হয় একই রকম (যোহন ৭:২৮-২৯)। যীশু পিতাকে জানতেন এবং তাঁর শিষ্যদের কাছে তাঁকে প্রকাশ করেছেন। জগত (এমন কি যিহূদীরাও) পিতাকে জানে না (যোহন ১:১০; ৮:১৯,৫৫; ১৫:২১; ১৬:৩; ১৭:২৫)।

৮:৫৬ “আপনাদের পিতা অব্রাহাম” এটিও একটি বিশ্বয়কর মন্তব্য। যীশু নিজেকে দূরে রাখছিলেন “যিহূদীদের,” “ব্যবস্থার” (যোহন ৮:১৭), “মন্দির,” এবং আদি পিতা অব্রাহামের থেকেও। পুরাতন নিয়ম থেকে এখানে একটি স্পষ্ট বিরতি!

□ “আমারই দিন দেখবার আশায় আনন্দ করেছিলেন” এটি একটি aorist middle indicative। মশীহ সম্পর্কে অব্রাহাম কতটা বুঝেছিলেন? বেশ কয়েকটি অনুবাদ একে ভবিষ্যতের অর্থে অনুবাদ করেছে। এই বিকল্পগুলি নেওয়া হয়েছে *The Bible in Twenty-Six Translations* থেকে।

১. “তিনি যা দেখবেন তাতে উল্লাসিত হবেন” – *The Emphasized New Testament: A New Translation* by J. B. Rotherham
২. আনন্দিত হয়েছিলেন যে তিনি আমার দিন দেখেছিলেন” – Revised Standard Version
৩. “অত্যন্ত খুশী হয়েছিলেন প্রত্যাশিত দেখা পাওয়ায়” – *The Berkeley Version of the New Testament* by Gerrit Verkuyl
৪. “আমার আগমন দেখে” – *The New Testament: An American Translation* by Edgar J. Goodspeed
৫. “আমার দিন জেনে খুশী হয়েছিলেন” – *The New Testament in the Language of Today* by William F. Beck

এছাড়া, *The Analytical Greek Lexicon Revised* edited by Harold K. Moulton তালিকা করেছে verb এই অর্থে “অধীর আগ্রহে কামনা করা” সেপ্টুয়াজিন্টের ব্যবহার থেকে (পৃ..২)।

□ “তিনি তা দেখেছিলেন আর খুশীও হয়েছিলেন” এটি উল্লেখ দুটি বিষয়ের একটি।

১. অব্রাহাম, তার জীবনকালে, মশীহের দর্শন দেখেছিলেন (II Esdras 3:14)
২. অব্রাহাম জীবিত ছিলেন (স্বর্গে) এবং পৃথিবীতে মশীহের কাজ সম্পর্কে সচেতন ছিলেন (ইব্রীয় ১১:১৩)।

যীশুর কথা মূল বিষয় হল যে যিহূদী জাতির পিতা Messianic যুগের দিকে তাকিয়ে ছিলেন মহা আনন্দ নিয়ে, কিন্তু বর্তমান “বংশধরেরা” (প্রজন্ম) বিশ্বাস ও আনন্দ করতে প্রত্যাখ্যান করেছে! অব্রাহাম ছিলেন বিশ্বাসীদের পিতা (রোমীয় ২:২৮-২৯), অবিশ্বাসীদের নয়!

৮:৫৭ আবার যীশুর শ্রোতারারা তাঁর কথা ভুল বোঝে এবং কারণ তাদের সব কিছু আক্ষরিক ভাবে নেওয়া (literalism)! এই দ্বন্দ্ব হতে পারে উদ্দেশ্যমূলক!

তারা দেখতে পায়নি কারণ তারা দেখতে চায়নি বা সম্ভবত দেখতে পারে নাই!

৫:৫৮ “অব্রাহাম জনগ্রহণ করবার আগে থেকেই আমি আছি” এটি যিহুদীদের কাছে ঈশ্বর নিন্দা এবং তারা চেষ্টা করেছে তাঁকে পাথর মারতে (যাত্রা ৩:১২,১৪)। তারা সম্পূর্ণ ভাবে বুঝেছিল তিনি কি বলছেন, যেটি ছিল যে তিনি ছিলেন পূর্ব অস্তিত্বধারী ঈশ্বর (যোহন ৪:২৬; ৬:২০; ৮:২৪,২৮,৫৪-৫৯; ১৩:১৯; ১৮:৫,৬,৮)।

৮:৫৯ “যীশুকে মারবার জন্য পাথর কুড়িয়ে নিলেন” যীশুর কথা খুবই সহজ ছিল। তিনি ছিলেন মশীহ এবং তিনি পিতার সাথে এক ছিলেন। এই যিহুদীরা, যারা যোহন ৮:৩১ পদে বলেছিল “তাঁকে বিশ্বাস করে,” এখন তারা তাঁকে ঈশ্বর নিন্দার জন্য পাথর মারতে প্রস্তুত (লেবীয় ২৪:১৬)। এটা যিহুদীদের জন্য খুব কঠিন ছিল যীশুর সংস্কারতন্ত্রী নূতন বার্তাকে গ্রহণ করা।

১. তাদের কাছে মশীহ যে ভাবে কাজ করবেন বলে প্রত্যাশা ছিল তিনি সেরকম কিছু করেন নাই
২. তিনি তাদের পবিত্র মৌখিক ঐতিহ্যকে চ্যালেঞ্জ জানিয়েছিলেন
৩. তিনি তাদের কঠোর এক ঈশ্বরবাদকে দ্বিধার মধ্যে ফেলেছিলেন
৪. তিনি বলতে চেষ্টা করেছেন যে শয়তান, কিন্তু YHWH নয়, তাদের “পিতা” ছিল

কোন একজনকে তাঁকে “পাথর মারতে” বা “গ্রহণ করতে” হবে! এর মদ্যে কোন মধ্যপন্থা নেই!

□ “যীশু নিজেকে গোপন করে উপাসনা-ঘর থেকে বের হয়ে গেলেন” এটি সেই সব পদের মধ্যে একটি পদ যা অনুবাদকদের কল্পনা করার কারণ হয়েছে (এবং গ্রীক টেম্পলেট শব্দগুচ্ছ যোগ করেছেন) যে

১. এটি কি একটি অলৌকিক কাজ (লুক ৪:৩০ এবং এখানে লেখনীগত যুক্ত করণ)
২. যীশু জনতার মধ্যে মিশে গিয়েছিলেন কারণ তিনি দেখতে উপস্থিত অন্য যিহুদীদের মত ছিলেন

আসলে ঐশ্বরীক সময়সূচি রয়েছে। যীশু জানতেন যে তিনি মরতে এসেছেন এবং তিনি জানতেন কিভাবে, কখন, এবং কোথায়। তাঁর “সময় এখন আসে নি”!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. যোহন ৭:৫৩-৮:১১ পদ কি যোহন সুসমাচারের আসল অংশ? কেন বা কেন নয়?
২. “আমি জগতের জ্যোতি” যীশুর এই কথার প্রেক্ষাপট কি?
৩. কেন ফরীশীরা যীশুর প্রতি এত বিরোধি ছিল?
৪. যোহন ৮:৩০ পদের আলোকে “বিশ্বাস করা” টার্মের ব্যবহার ব্যাখ্যা করুন পরের যে অংশ আসছে সে প্রসঙ্গ।

কপিরাইট © 2013 Bible Lessons International

যোহন ৯

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
জন্ম থেকে একজন লোককে সুস্থ্য করা	জন্ম থেকে অন্ধ দৃষ্টি পেল	যীশু নিজেকে জগতের জ্যোতি হিসাবে প্রকাশ করেন	যীশু জন্ম থেকে অন্ধ লোককে সুস্থ্য করেন	জন্ম থেকে অন্ধ লোক সুস্থ্য হল
৯:১-১২	৯:১-১২	৯:১-১২	৯:১-২ ৯:৩-৫ ৯:৬-৭ ৯:৮ ৯:৯ _ক ৯:৯ _খ ৯:১০ ৯:১১ ৯:১২ _ক ৯:১২ _খ	৯:১-৫ ৯:৬-৭ ৯:৮-১২
ফরীশীরা সুস্থ্যতার তদন্ত করে	ফরীশীরা সুস্থ্য লোকটিকে সমাজ থেকে বের করে দেয়		ফরীশীরা সুস্থ্যতার তদন্ত করে	
৯:১৩-১৭৮	৯:১৩-৩৪	৯:১৩-১৭	৯:১৩-১৫ ৯:১৬ _ক ৯:১৬ _খ ৯:১৭ _ক ৯:১৭ _খ	৯:১৩-১৭
৯:১৮-২৩		৯:১৮-২৩	৯:১৮-১৯ ৯:২০-২৩	৯:১৮-২৩
৯:২৪-৩৪		৯:২৪-৩৪	৯:২৪ ৯:২৫	৯:২৪-৩৪

			৯:২৬	
			৯:২৭	
			৯:২৮-২৯	
			৯:৩০-৩৩	
			৯:৩৪	
আত্মিক অন্ধত্ব	সত্যিকার দৃষ্টি এবং সত্যিকার অন্ধত্ব		আত্মিক অন্ধত্ব	
৯:৩৫-৩৯	৯:৩৫-৪১	৯:৩৫-৪১	৯:৩৫	৯:৩৫-৩৯
			৯:৩৬	
			৯:৩৭	
			৯:৩৮	
			৯:৩৯	
			৯:৪০	৯:৪০-৪১
			৯:৪১	

পাঠ চক্র তিন

প্যারাথ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাথ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাথ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাথ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাথ্রাফ
২. দ্বিতীয় প্যারাথ্রাফ
৩. তৃতীয় প্যারাথ্রাফ
৪. ইত্যাদি।

১-৪১ দের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. অন্ধকে সুস্থ করা, যীশুর পরিচর্যায় খুবই নিয়মিত একটি আশ্চর্য কাজ, বিস্ময়করভাবে সম্পন্ন করা হয়েছে কয়েকটি ভিন্ন পন্থায়।
- খ. অন্ধকে সুস্থ করা ছিল একটি Messianic চিহ্ন (যিশা ২৯:১৮; ৩৫:৫; ৪২:৭; মথি ১১:৫)। এইসব সুস্থতার তাৎপর্য দেখা যায় যীশুর বিবৃতির তাৎক্ষণিক প্রসঙ্গে যে তিনি ছিলেন জগতের আলো (যোহন ৮:১২ ও ৯:৫)। যিহূদীরা একটি চিহ্ন চেয়েছিল; তারা বেশ কয়েকটি পেয়েছিল! শুধুমাত্র YHWH চোখ খুলে দিতে পারেন!
- গ. এই অধ্যায়টি হল একটি কাজের মাধ্যমে দেখান দৃষ্টান্ত একজন মানুষের শারিরিক অন্ধত্ব এবং ফরীশীদের আত্মিক অন্ধত্বের (যোহন

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৯:১-১২

‘আর তিনি যেতে একজন অন্ধ লোককে দেখতে পেলেন, সে জন্ম থেকেই অন্ধ ছিল।^২ আর তাঁর শিষ্যরা তাঁকে জিজ্ঞাসা করলেন, “রাবি, কে পাপ করেছে, এই লোকটি না এর পিতামাতা, যার ফলে এ অন্ধ হয়ে জন্মেছে?”^৩ যীশু উত্তর দিলেন, “পাপ এ করেছে, বা তার পিতামাতা করেছে তা নয়; কিন্তু এটা হয়েছে যেন ঈশ্বরের কাজ এর মধ্য দিয়ে প্রকাশিত হয়।^৪ দিন থাকতে থাকতে তাঁর কাজ করা আমাদের দরকার যিনি আমাকে পাঠিয়েছেন; রাত আসছে তখন কেউই কাজ করতে পারে না।^৫ যতদিন আমি জগতে আছি আমি জগতের আলো।”^৬ এই কথা বলবার পরে, তিনি মাটিতে থুথু ফেলে কাদা করলেন, আর সেই কাদা তিনি লোকটির চোখে লাগালেন,^৭ আর তাকে বললেন, “যাও, শীলোহের পুকুরে গিয়ে ধুয়ে ফেল” (অনুবাদ করলে এই নামের অর্থ, পাঠান)। তখন সে গিয়ে ধুয়ে ফেলল এবং চোখে দেখতে পেয়ে ফিরে আসল।^৮ তখন প্রতিবেশীরা, আর যারা তাকে আগে ভিক্ষা করতে দেখেছিল, তারা সবাই বলতে লাগল, “এ কি সেই লোকটি নয় যে বসে ভিক্ষা করত?”^৯ অন্যরা বলল, “হ্যাঁ, এ-ই সেই,” আবার কেউ কেউ বলল, “না, কিন্তু তারই মত।” সে বলল, “আমিই সেই লোক।”^{১০} তখন তারা তাকে বলল, “কিন্তু কেমন করে তোমার চোখ খুলে গেল?”^{১১} সে উত্তর দিল, “যীশু নামে সেই লোকটি কাদা করে আমার চোখে লাগিয়ে দিলেন, এবং বললেন, ‘শীলোহে যাও আর ধুয়ে ফেল’; তাতে আমি গিয়ে ধুয়ে ফেললাম আর দেখতে পেলাম।”^{১২} তারা তাকে বলল, “সেই লোকটি কোথায়?” সে বলল, “আমি জানি না।” (অনুবাদকৃত টেক্সট)।

৯:১ “জন্ম থেকে অন্ধ” এই ধরণের রোগীর সুস্থ্যতার এটিই একমাত্র উদাহরণ। এখানে প্রতারণার কোন সম্ভাবনা নেই।

৯:২ “তাঁর শিষ্যরা” এটি তাঁর শিষ্যদেরকে প্রথম উল্লেখ ৬ অধ্যায়ের পর। এটি উল্লেখ করতে পারে (১) যিহূদীয়ার শিষ্যদের ৭:৩ পদে যাদের উল্লেখ করা হয়েছে বা (২) বারো জন।

□ “কে পাপ করেছে, এই লোকটি না এর পিতামাতা, যার ফলে এ অন্ধ হয়ে জন্মেছে” এই প্রশ্নটি অনেক ধর্মতত্ত্বগত আলোচনার উৎপত্তি করেছে। আমাদের এটি অনুবাদ করতে হবে প্রাচীন যিহূদী ধর্মের টার্মে, প্রাচ্যের ধর্মে নয়। সেখানে কয়েকটি সম্ভাব্যতা রয়েছে।

১. এটি উল্লেখ করে জন্মপূর্ব পাপ যেটি আদি ২৫:২২ পদ থেকে রাবিবরা তত্ত্ব গঠন করেছে

২. এটি উল্লেখ করে পিতা-মাতার বা প্রত্যক্ষ পূর্বপুরুষের পাপ যেটি প্রভাবিত করে অনাগত সন্তানকে (যাত্রা ২০:৫; দ্বি.বি. ৫:৯)

৩. এটি উল্লেখ করে পাপ এবং অসুস্থ্যতার মধ্যকার সম্পর্কের, খুবই প্রচলিত rabbinical ধর্মতত্ত্বে (যাকোব ৫:১৫-১৬; যোহন ৫:১৪)

এটি প্রাচ্যের পূর্নজন্মের চক্রাকার ধর্মতত্ত্বের বা karma চক্রের সাথে কোন যোগসূত্র নেই। এটি হল একটি যিহূদী পটভূমি। এই বিষয়ে একটি ভালো আলোচনার জন্য দেখুন James W. Sire's *Scripture Twisting*, pp. 127-144।

৯:৩ এই পদটি শিষ্যদের করা যোহন ৯:২ পদের প্রশ্নের যীশুর উত্তরটি দেয়। কয়েকটি সত্য এখানে উহ্য আছে: (১) পাপ এবং অসুস্থ্যতা স্বয়ংক্রিয়ভাবে সংযুক্ত নয় এবং (২) সমস্যাসমূহ প্রায়ই সুযোগ করে দেয় ঈশ্বরের আশীর্বাদের জন্য।

৯:৪ “আমাদের. . . আমাকে” এই সর্বনামগুলি স্পষ্টভাবে একমত নয়। কয়েকটি গ্রীক পাণ্ডুলিপি একটি বা অন্যটি পরিবর্তন করেছে ব্যাকরণগত ঐক্য আনার জন্য। মনে হয় ধর্মতত্ত্বগত তাদের অবস্থান প্রতিফলিত করে যে যীশু জগতের আলো ছিলেন, আমরা সেই আলো আমাদের নিজেদের দিনে প্রতিফলিত করি (মথি ৫:১৪)।

□ “রাত আসছে” একটি তুলনা যোহন ৯:৫ এর সাথে যেটি দেখায় যে এটি স্পষ্টত রূপাত্মক। রাত প্রতিনিধিত্ব করতে পারে

১. আসন্ন চূড়ান্ত বিচার

২. সুযোগের সময় সমাপ্ত

৩. যীশুর প্রত্যাখান এবং ক্রুশারোপন

৯:৫ “যতদিন আমি জগতে আছি” এটি মনে হয় উল্লেখ করে দেহধারণের সময়কাল, বেথলেহেম থেকে কালভেরী/জৈতুন পর্বতের সময়। যীশু একটি সীমিত সময়ের জন্য এখানে ছিলেন। তাঁর শ্রোতাদের এখন অবশ্যই তাঁর বার্তায় সাড়া দিতে হবে। এই শব্দগুচ্ছটি ধর্মতত্ত্বগতভাবে সমান্তরাল যোহন ৯:৪ পদের সাথে।

একজন অন্ধ হতে পারে কত বার “আমি আছি” এই রকম একটি প্রসঙ্গে ইঙ্গিত প্রদান করে!

□ “আমি জগতের আলো” যোহন “আলো” এবং “অন্ধকার” প্রায়ই ব্যবহার করেছেন আত্মিক বাস্তবতার রূপক হিসেবে। যীশু “জগতের আলো” হিসাবে (যোহন ১:৯-৫, ৮-৯; ৩:১৭-২১; ৮:১২; ৯:৫; ১২:৪৬) মনে হয় প্রতিফলিত করে পুরাতন নিয়মের Messianic প্রভাব (যিশা ৪২:৬; ৪৯:৬; ৫১:৪; ৬০:১,৩) দেখুন যোহন ৮:১২ পদের নোট।

৯:৬ “মাটিতে থুথু ফেলে কাদা করলেন” মুখের থুথু ছিল একটি যিহূদীদের ঘরের তৈরী চিকিৎসা। এটা বিশ্রামবার দিনে ব্যবহার করার অনুমতি ছিল না

(যোহন ৯:১৪)। সুসমাচারগুলি যীশুর তিন বার মুখের থুথু ব্যবহারের উদাহরণ লিপিবদ্ধ করেছে (মার্ক ৭:৩৩, ৮:২৩ এবং এখানে)। এই গ্রহণযোগ্য, এমনি প্রত্যাশিত, সুস্থ্য করার পছা ব্যবহার করে যীশু বাস্তবিকভাবে এই ব্যক্তির বিশ্বাসকে উৎসাহিত করেছিলেন, কিন্তু সেইসাথে ইচ্ছাকৃতভাবে ফরীশীদের ঐতিহ্য এবং নিয়মকে চ্যালেঞ্জ করেছিলেন।

৯:৭ “শীলোহের পুকুর” শীলোহ মানে “যাকে পাঠানো হয়েছে।” এই পুকুরটি ব্যবহার করা হত কুটিরবাস উৎসবের অনুষ্ঠানের জন্য।

□ “(অনুবাদ করলে এই নামের অর্থ, পাঠান)” “পাঠানো” টার্মটি এই সত্যের সাথে সম্পর্কযুক্ত যে এই পুকুরের জল নল লাগিয়ে আনা হয়েছে Gihon springs থেকে, যেটি যিরূশালেম শহরের দেয়ালের বাইরে ছিল। রাব্বিরা এই শব্দ “পাঠানো সম্পর্কযুক্ত করেছেন Messianic অর্থপ্রকাশে। এটি হল লেখকের আর একটি সম্পাদকীয় মন্তব্য।

□ “ধুয়ে ফেলা” এটি ছিল তার বিশ্বাসের কাজ। সে যীশুর কথায় কাজ করেছে! তারপরও এটি “পরিব্রাণের বিশ্বাস” ছিল না (যোহন ৯:১১,১৭,৩৬,৩৮)। এটি ছিল প্রক্রিয়াধীন বিশ্বাস। সকল সুসমাচারের মধ্যে, যোহন প্রকাশ করেছেন বিশ্বাসের “স্তর।” ৮ অধ্যায় দেখায় একটি দল যারা “বিশ্বাস করেছে,” কিন্তু পরিব্রাণের দিকে নয় (মথি ১৩; মার্ক ৪; বীজবাণের দৃষ্টান্ত)।

বিশেষ বিষয়: পরিব্রাণ (GREEK VERB TENSES) (SPECIAL TOPIC: SALVATION (GREEK VERB TENSES))

৯:৮ “প্রতিবাসিরা” এই অধ্যায় তিনটি দলকে উল্লেখ করেছে এই আশ্চর্য কাজের সাক্ষ্য বহনের জন্য: (১) তার প্রতিবাসী (যোহন ৯:৮); (২) মানুষটি নিজে (যোহন ৯:১১); এবং (৩) তার পিতা-মাতা (যোহন ৯:১৮)। প্রতিবাসীদের মধ্যে মতবিরোধ ছিল, যেমন ছিল ফরীশীদের মধ্যে, এই সুস্থ্যতা নিয়ে।

□ “এ কি সেই লোকটি নয় যে বসে ভিক্ষা করত” এই গ্রীক প্রশ্নটি “হ্যাঁ” উত্তর আশা করে।

৯:৯ “আমিই সেই লোক” এই একই গ্রীক বাগধারা যীশু ব্যবহার করেছেন যোহন ৪:২৬; ৬:২০ ৮:২৪,২৮,৫৮; ১৩:১৯; ১৮:৫,৬,৮ পদে। এই প্রসঙ্গে দেখায় যে এই রূপটি স্বয়ংক্রিয়ভাবে স্বর্গীয় সংজ্ঞা দেয় না। এখানে একই রকম অনেক অস্পষ্টতা আছে এই অধ্যায়ের ৩৬ (মহাশয়) এবং ৩৮ (প্রভু) *kurios* টার্মে।

৯:১১-১২ এই কথোপকথনটি দেখায় যে এই মানুষটির সুস্থ্যতার সাথে সাথে আত্মিক পরিব্রাণে অর্ন্তভুক্ত হয় নি। এই লোকটির বিশ্বাস বৃদ্ধি পেয়েছিল যীশুর সাথে সাক্ষাতের মধ্য দিয়ে (যোহন ৯:৩৫)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৯:১৩-১৭

^{১৩}যে লোকটি অন্ধ ছিল লোকেরা তাকে ফরীশীদের কাছে নিয়ে গেল। ^{১৪}যেদিন যীশু কাদা করে তার চোখ খুলে দিয়েছিলেন সেই দিনটা ছিল বিশ্রামবার। ^{১৫}এইজন্য তাকে ফরীশীরাও আবার জিজ্ঞাসা করলো কিভাবে সে দেখতে পেল। আর সে তাদের বলল, “তিনি আমার চোখের উপরে কাদা লাগিয়ে দিলেন, আর আমি তা ধুয়ে ফেলতেই দেখতে পেলাম।” ^{১৬}এতে ফরীশীদের মধ্যে কয়েকজন বললেন, “ঐ লোকটি ঈশ্বরের কাছ থেকে আসে নি, কারণ সে বিশ্রামবার পালন করে না।” কিন্তু অন্যরা বললেন, “যে লোক পাপী সে কেমন করে এই রকম আশ্চর্য কাজ করতে পারে?” এইভাবে তাঁদের মধ্যে মতের অমিল দেখা দিল। ^{১৭}তখন তাঁরা সেই অন্ধ লোকটিকে আবার জিজ্ঞাসা করলেন, “তুমি তার সম্বন্ধে কি বল, কারণ সে তো তোমারই চোখ খুলে দিয়েছে?” আর সে বলল, “তিনি একজন ভাববাদী।” (অনুবাদকৃত টেক্সট)।

৯:১৩ “তারা” এটি অবশ্যই উল্লেখ করে প্রতিবেশীদের।

□ “ফরীশী” যিহুদী নেতারা যোহনে দুইটি ভিন্ন টার্মে পরিচিত। তারা সাধারণত “যিহুদী” হিসেবে পরিচিত (যোহন ৯:১৮,২২)। যাহোক, এই অধ্যায়ে তাদেরকে ফরীশী বলা হয়েছে যোহন ৯:১৩,১৫,১৬ এবং ৪০ পদে। দেখুন বিশেষ বিষয় যোহন ১:২৪ পদে।

৯:১৪ “যেদিন যীশু কাদা করেছিলেন সেই দিনটা ছিল বিশ্রামবার” যিহুদী নেতাদের ঐতিহ্যগত নিয়মকে (মৌখিক ঐতিহ্য সংহিতাবদ্ধ Talmud এ) এই ব্যক্তির প্রয়োজনের আগে দেখেছে (যোহন ৫:৯; ৯:১৬; মথি ২৩:২৪)। এটা প্রায় এই রকম যেন যীশু বিশ্রামবারে ইচ্ছাকৃতভাবে এই নেতাদের সাথে একটি ধর্মতত্ত্বগত আলোচনার উদ্দেশ্যে করেছেন। দেখুন যোহন ৫:৯ পদে নোট।

৯:১৬ ফরীশীরা যীশুর বিষয়ে তাদের সিদ্ধান্তের ভিত্তি মনে হয় দ্বি.বি. ১৩:১-৫ পদের উপরে করেছিল।

□ “তাঁদের মধ্যে মতের অমিল দেখা দিল” যীশু সবসময় এটি ঘটাতেন (যোহন ৬:৫২; ৭:৪৩; ১০:১৯; মথি ১০:৩৪-৩৯)।

৯:১৭ “তিনি একজন ভাববাদী” এই অধ্যায়টি দেখায় মানুষের বিশ্বাসের অগ্রগতি (যোহন ৯:৩৬,৩৮)। “ভাববাদী” এর জন্য দেখুন বিশেষ বিষয় যোহন ৮:১৯ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৯:১৮-২৩

^{১৭}“যিহূদীরা তার বিষয়ে এটা বিশ্বাস করল না যে, সে অন্ধ ছিল আর দৃষ্টি পেয়েছে, যতক্ষণ না তারা ঐ দৃষ্টি পাওয়া লোকটির মা-বাবাকে ডেকে জিজ্ঞাসা করল, ^{১৮}” আর তারা তাদের জিজ্ঞাসা করলেন, বললেন, “এ কি তোমাদের ছেলে যার সম্বন্ধে তোমরা বল যে, সে অন্ধ হয়ে জন্মেছিল? এখন তবে সে কেমন করে দেখতে পাচ্ছে?” ^{১৯} তার মা-বাবা উত্তর করে বলল, “আমরা জানি এ আমাদেরই ছেলে, আর এ অন্ধ হয়েই জন্মেছিল; ^{২০} কিন্তু কেমন করে সে এখন দেখতে পাচ্ছে তা আমরা জানি না; আর কে যে তার চোখ খুলে দিয়েছে, তাও জানি না। ওকেই জিজ্ঞাসা করুন, ওর বয়স হয়েছে, ও নিজের বিষয় নিজেই বলুক।” ^{২১} তার মা-বাবা যিহূদীদের ভয় করত, সেজন্য এমন বলল; কারণ যিহূদীরা আগেই ঠিক করেছিলেন যে, কেউ যদি তাঁকে খ্রীষ্ট বলে স্বীকার করে তবে, তাকে সমাজ থেকে বের করে দেওয়া হবে। ^{২২} এই কারণে তার মা-বাবা বলেছিল, “ওর বয়স হয়েছে; ওকেই জিজ্ঞাসা করুন।” (অনুবাদকৃত টেক্সট)।

৯:২২-২৩ “কেউ যদি তাঁকে খ্রীষ্ট বলে স্বীকার করে” এটি হল একটি third class conditional sentence যেটির অর্থ সাম্ভাব্য কাজ। পিতা-মাতারা এই যিহূদী নেতাদের ভয় করতেন। অনেক প্রত্যক্ষদর্শী যারা এই সুস্থ্যতার সত্যতা সমর্থন করেন (১) প্রতিবেশীরা (যোহন ৯:৮-১০); (২) মানুষটি নিজে (যোহন ৯:১১-১৭; ২৪-৩৩); (৩) তার পিতা-মাতা (যোহন ৯:১৮-২৩)।

বিশেষ বিষয়: স্বীকারোক্তি (SPECIAL TOPIC: CONFESSION)

৯:২২ “তাকে সমাজ থেকে বের করে দেওয়া হবে” স্পষ্টত পিতা-মাতার ভয় ছিল সমাজ থেকে বহিস্কারের (যোহন ১২:৪২; ১৬:২)। এই প্রক্রিয়াটি ফিরে যেতে পারে ইস্রায় (যোহন ১০:৮)। আমরা rabbinical সাহিত্য থেকে জানি যে সেখানে তিন ধরনের বহিস্কার ছিল: (১) এক সপ্তাহের জন্য; (২) এক মাসের জন্য; বা (৩) সারা জীবনের জন্য।

যোহন প্রথম শতাব্দীর শেষ সময়ের দিকে লিখেছেন, তিনি ভালভাবে জানতেন সমাজগৃহ থেকে বের করে দেবার কারণ যীশুকে খ্রীষ্ট হিসেবে স্বীকার করা। এই ঐতিহাসিক “অভিশাপ সূত্র” ফরীশীরা গড়ে তুলেছে ৭০ খ্রীষ্টাব্দে Jamnia থেকে যিহূদীদের পুনরুত্থানের পর।

□ “তাকে সমাজ থেকে বের করে দেওয়া হবে” এটি ছিল সমাজচ্যুত করার এটি গুরুত্বপূর্ণ কাজ (যোহন ১২:৪২; ১৬:২)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৯:২৪-৩৪

^{২৪}অতএব যে লোকটি অন্ধ ছিল তারা তাকে দ্বিতীয় বার ডেকে বললেন, “ঈশ্বরের গৌরব কর; আমরা জানি ঐ লোকটা পাপী।” ^{২৫} সে উত্তর দিল, “তিনি পাপী কি না, তা আমি জানি না; তবে একটা বিষয় জানি যে, আগে আমি অন্ধ ছিলাম, আর এখন দেখতে পাচ্ছি।” ^{২৬} তারা তাকে বললেন, “সে তোমার প্রতি কি করেছে? কেমন করে সে তোমার চোখ খুলে দিয়েছে?” ^{২৭} সে উত্তর করে বলল, “আমি তো আগেই আপনাদের বলেছি কিন্তু আপনারা শোনেন নি; কেন তবে আপনারা আবার তা শুনতে চান? আপনারাও কি তাঁর শিষ্য হতে চান?” ^{২৮} এতে নেতারা তাকে গালি দিয়ে বললেন, “তুই সেই লোকের শিষ্য, কিন্তু আমরা মোশির শিষ্য।” ^{২৯} আমরা জানি ঈশ্বর মোশির সংগে কথা বলেছিলেন, কিন্তু ঐ লোকটা কোথা থেকে এসেছে তা আমরা জানি না।” ^{৩০} লোকটি উত্তর করে তাদের বলল, “এর মধ্যে আশ্চর্য এই যে, আপনারা জানেন না তিনি কোথা থেকে এসেছেন, অথচ তিনিই আমার চোখ খুলে দিয়েছেন।” ^{৩১} আমরা জানি ঈশ্বর পাপীদের কথা শোনেন না; কিন্তু যদি কোন লোক ঈশ্বরভক্ত হয়, ও তাঁর ইচ্ছামত কাজ করে তবে ঈশ্বর তাঁর কথা শোনেন। ^{৩২} জগৎ সৃষ্টির পর থেকে কখনও শোনা যায় নি যে, কেউ জন্ম থেকে অন্ধ এমন কোন লোকের চোখ খুলে দিয়েছে। ^{৩৩} যদি উনি ঈশ্বরের কাছ থেকে না আসতেন, তবে কিছুই করতে পারতেন না।” ^{৩৪} তারা উত্তর করে তাকে বললেন, “তোমার জন্ম হয়েছে একেবারে পাপের মধ্যে, আর তুই আমাদের শিক্ষা দিচ্ছিস?” এই বলে তাঁরা তাকে বের করে দিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

৯:২৪ “ঈশ্বরের গৌরব কর” এটি ছিল সত্যতা নিশ্চিত করা শপথ-গ্রহণের একটি সূত্র (যিহোশূয় ৭:১৯)।

৯:২৫ এই উত্তর অবশ্যই নির্দেশ করে যোহন ৯:১৬ পদ। মানুষটি ধর্মতত্ত্ব নিয়ে তর্ক করতে চায় না, কিন্তু সে যীশুর সাথে সাক্ষাতের ফল দাবী করে।

৯:২৭ “আপনারাও কি তাঁর শিষ্য হতে চান” এই গ্রীক ব্যাকরণগত রূপ আশা করে একটি “না” উত্তর, কিন্তু এই প্রশ্নটি করাই ছিল তীব্র বিদ্বেষ এবং অন্ধ ভিত্তির কৌতুক করা দেখায়।

৯:২৮ “তুই তাঁর শিষ্য” সেখানে একটি আসল প্রশ্ন যে কোন অংশে এই অধ্যায়ে মানুষটি একজন বিশ্বাসী হয়েছে। এটা প্রাথমিকভাবে মনে হয় যে যীশুর সুস্থ্যতা এই মানুষটির তাঁর প্রতি মশীহ হিসেবে বিশ্বাসের সাথে যুক্ত ছিল না; শুধুমাত্র পরে যীশু তার মুখোমুখি হয়েছেন তাঁর মশীহের দাবীর সাথে (যোহন ৯:৩৬-৩৮)। এই পর্বটি দেখায় যে শারীরিক সুস্থ্যতা বাধ্যতামূলকভাবে পরিদ্রাণ আনে না।

৯:২৮-২৯ এটি দেখায় জটিলতাটি ধর্মীয় নেতারা যার সম্মুখীন হন। তারা চেষ্টা করে একই রকম করতে বিশদ বিরণ, সুনির্দিষ্ট ব্যাখ্যা মৌখিক ঐতিহ্যের (Talmud) সাথে মোশীর অনুপ্রাণিত প্রকাশের। তাদের চোখ অন্ধ হয়ে গিয়েছিল তাদের ধর্মতত্ত্বগত কুসংস্কারের দ্বারা (মথি ৬:২৩)। তারা মানব ঐতিহ্যের শিষ্য ছিল (যিশা ২৯:১৩)।

৯:২৩ “আমরা জানি না সে কোথা থেকে এসেছে” এটি আর একটি উদাহরণ যোহনের বিদ্যপের (যোহন ৭:২৭-২৮; ৮:১৪)। যীশু তাঁর পিতার কাছ থেকে এসেছেন (যোহন ৮:৪২; ১৩:৩; ১৬:২৮) কিন্তু তাদের অন্ধত্বের জন্য শিষ্যরা জানতেন না

১. তাঁর উৎস
২. তাঁর জন্মস্থান

৯:৩০ “এর মধ্যে আশ্চর্য এই যে, আপনারা জানেন না তিনি কোথা থেকে এসেছেন, অথচ তিনিই আমার চোখ খুলে দিয়েছেন” এটি হল আর একটি উদাহরণ এই অন্ধ ভিখারীর তীক্ষ্ণ বুদ্ধি এবং তিক্ততার যখন সে ফরীশীদের যুক্তি খন্ডন করেছে।

৯:৩১-৩৩ এই অশিক্ষিত অন্ধ মানুষটির ছিল উত্তম, আরও সংগতিপূর্ণ ধর্মতত্ত্ব অন্য ধর্মীয় নেতাদের থেকে!

৯:৩৩ “যদি” এটি হল একটি second class conditional sentence যাকে বলা হয় “সত্যের প্রতি বিপরীতে।” এটি অবশ্যই বুঝতে হবে এভাবে, “যদি এই লোকটি ঈশ্বর থেকে না এসে থাকে, যেটি সে এসেছে, তাহলে সে এরকম কিছুই করতে পারত না, কিন্তু সে তা করেছে।”

৯:৩৪ “তোর জন্ম হয়েছে একেবারে পাপের মধ্যে” এটি নোট করা কৌতূহলজনক যে rabbinical যিহুদী ধর্মে “আদি পাপ” এর কোন ধারণা ছিল না (ইয়োব ১৪:১,৪; গীত ৫১:৫)। আদিপুস্তক ৩ অধ্যায়ের পতন rabbinical যিহুদী ধর্মে গুরুত্ব দেওয়া হয়নি। যিহুদীরা দাবি করে যে প্রতিটি মানুষের মধ্যে ভাল এবং মন্দ ইচ্ছা (yetzer) রয়েছে। এই ফরীশীরা দাবী করছিল যে এই সুস্থ হওয়া মানুষটির সাক্ষ্য এবং যুক্তি অনুপযুক্ত ছিল কারণ স্পষ্টত সে ছিল একজন পাপী তার প্রমাণ ছিল জন্ম থেকে অন্ধ হওয়া।

□ “তারা তাকে বের করে দিল” এটি আক্ষরিকভাবে “তারা তাকে বহিস্কার করল।” এটি নির্দেশ করে (১) সদস্যপদ এবং উপস্থিতি স্থানীয় সমাজগৃহে বা (২) সমবেত হওয়া থেকে বহিস্কার করা। এই প্রসঙ্গে #২ মনে হয় সবচেয়ে ঠিক।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ৯:৩৫-৪১

“যীশু শুনলেন যে, তারা তাকে বের করে দিয়েছেন, আর তিনি তার দেখা পেয়ে বললেন, “তুমি কি মনুষ্যপুত্রের উপর বিশ্বাস কর?”^{৬৬} সে উত্তর দিল, “প্রভু, তিনি কে, যেন আমি তাঁকে বিশ্বাস করতে পারি।”^{৬৭} যীশু তাকে বললেন, “তুমি তাঁকে দেখেছ, আর তিনিই তোমার সংগে কথা বলছেন।”^{৬৮} আর সে বলল, “প্রভু, আমি বিশ্বাস করি।” এবং সে তাঁকে প্রণাম করল।^{৬৯} আর যীশু বললেন, “আমি এই জগতে বিচার করবার জন্য এসেছি, যেন যারা দেখতে পায় না তারা দেখতে পায়, এবং যারা দেখতে পায় তারা যেন অন্ধ হয়।”^{৭০} ফরীশীদের মধ্যে যারা তাঁর সঙ্গে ছিলেন তাঁরা এই কথা শুনে তাঁকে বললেন, “আমরাও কি অন্ধ না কি?”^{৭১} যীশু তাঁদের বললেন, “আপনারা যদি অন্ধ হতেন, তাহলে আপনাদের পাপ থাকত না; কিন্তু আপনারা বলেন যে, ‘আমরা দেখতে পাচ্ছি,’ আপনাদের পাপ রয়েছে। (অনুবাদকৃত টেক্সট)।

৯:৩৫

NASB, NRSV,

TEV, NJB

NKJV

“তুমি কি মনুষ্য পুত্রের উপর বিশ্বাস কর?”

“তুমি কি ঈশ্বর পুত্রের উপর বিশ্বাস কর?”

এই প্রাচীন গ্রীক uncial পাণ্ডুলিপি A ও L তে আছে “ঈশ্বর পুত্র”, কিন্তু P⁶⁶, P⁷⁵, x, B, D, এবং W তে আছে “মনুষ্য পুত্র।” যোহনের ব্যবহার এবং পাণ্ডুলিপির প্রমাণ থেকে “মনুষ্য পুত্র” অনেক বেশী গ্রহণযোগ্য, এবং সম্ভবত মৌলিক। UBS⁴ দেয় “মানুষ” কে একটি “A” মান (সুনির্দিষ্ট)। প্রশ্নটি ব্যাকরণগতভাবে একটি “হ্যাঁ” উত্তর আশা করে।

৯:৩৬

NASB, NKJV, “প্রভু”

NRSV, TEV,

NJB

“মহাশয়”

আমরা দেখতে পাই এই মানুষটির বিশ্বাসের ধর্মতত্ত্বগত প্রবৃদ্ধি এই অধ্যায়ের মধ্যে, যেভাবে মানুষটির যীশুকে ডাকা পরিবর্তিত হতে থাকে

১. একজন মানুষ (যোহন ৯:১১)
২. একজন ভাববাদী (যোহন ৯:১৭)
৩. সম্মানজনক উপাধি “মহাশয়”(যোহন ৯:৩৬)
৪. “প্রভু,” এই শব্দের পূর্ণ ধর্মতত্ত্বগত ব্যবহার (যোহন ৯:৩৮)

গ্রীক শব্দটি একই যোহন ৯:৩৬ এবং ৩৮ পদ উভয়ে। শুধুমাত্র প্রসঙ্গ সংগ্ৰহীত নির্ধারণে সহায়ক। দেখুন [বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম \(SPECIAL TOPIC: NAMES FOR DEITY\)](#) যোহন ৬:২০ পদে। গ্রীক *Kurios* প্রতিফলিত করতে পারে ইব্রীয়

Adon, যেটি YHWH একটি মৌখিক বিকল্প হয়ে উঠেছে।

৯:৩৮ এটি হল এই বিবরণের চরম সীমা, যতদূর সম্ভব সুস্থ মানুষটির পরিব্রাণ নিয়ে চিন্তা। এটা বিস্ময়কর যে এই পদটি কয়েকটি প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি (P⁷⁵, X, W) এবং Diatessaron (চারটি সুসমাচারে একটি প্রাথমিক সমন্বয়) থেকে নিখোজ। এতে দুইটি বিরল টার্ম রয়েছে (১) “তিনি বলেছেন” এই শব্দগুচ্ছটি শুধু এখানে এসেছে ও ১:২৩ পদে এবং (২) “তিনি আরাধনা করছেন” শুধু যোহনের এখানে। এটি বেশিরভাগ আধুনিক অনুবাদে যুক্ত করা হয়েছে।

৯:৩৯ “আমি এই জগতে বিচার করবার জন্য এসেছি” এটি মনে হয় ৫:২২,২৭ পদের সাথে একই ধারায় যেটি বলে শেষ কালীন (eschatological) বিচার। যাহোক, এটি মনে হয় বিরোধপূর্ণ ৩:১৭-২১ এবং ১২:৪৭,৪৮ পদের সাথে। এটি পুনর্মিলিত হতে পারে সত্য দ্বারা যে যীশু মুক্তির উদ্দেশ্য নিয়ে এসেছেন, কিন্তু মানুষেরা যারা তাঁর আহ্বান প্রত্যাখান করেছে স্বয়ংক্রিয়ভাবে তারা নিজেদের বিচার করে।

□ “যেন যারা দেখতে পায় না তারা দেখতে পায়; এবং যারা দেখতে পায় তারা যেন অন্ধ হয়” এটি হল একটি ভাববাণীর দ্বৈত পরিপূর্ণতা বিশেষভাবে যিশাইয় থেকে।

১. গর্বিত ইস্রায়েলীয়রা ঈশ্বরের বার্তা বুঝবে না (যিশা ৬:১০,৪২:১৮-১৯; ৪৩:৮; যির ৫:২১; যিহি ১২:২)
২. দরিদ্র, সমাজচ্যুত, শারীরিকভাবে সমস্যাগ্রস্থ যারা অনুতাপ করবে এবং নশ্র তারা বুঝতে পারবে (যিশা ২৯:১৮; ৩২:৩-৪; ৩৫:৫; ৪২:৭,১৬)

যীশু হলেন জগতের আলো তাদের সকলের জন্য যারা দেখতে চাইবে (যোহন ১:৪-৫, ৮-৯)।

৯:৪০ “আমরাও কি অন্ধ না কি” এই গ্রীক পদবিন্যাস আশা করে একটি “না” উত্তর (মথি ১৫:১৪; ২৩-২৪)। এই শেষ কয়েকটি পদ দেখায় যে এই অধ্যায়টি ছিল একটি অভিনীত দৃষ্টান্ত আত্মিক অন্ধত্বের যেটি সুস্থ করা যায় না (অবিস্বাসের ক্ষমাহীন পাপ, দেখুন বিশেষ বিষয় যোহন ৫:২১ পদে), এবং শারীরিক অন্ধত্ব, যেটি সম্ভব!

৯:৪১ এই পদটি প্রকাশ করে একটি সাধারণ সত্য (যোহন ১৫:২২,২৪; রোমীয় ৩:২০; ৪:১৫; ৫:১৩; ৭:৭,৯)। মানুষকে দায়বদ্ধ যে আলোতে তাদের আলোকিত করা হয়েছে বা হচ্ছে তার জন্য!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. এই অধ্যায়টি কি প্রাথমিকভাবে শারীরিক সুস্থতা বা আত্মিক সুস্থতার বিষয়ে আলোচনা করে? শারীরিক অন্ধত্ব বা আত্মিক অন্ধত্ব?
২. কিভাবে এই মানুষটি তার জন্মের আগে পাপ করে করতে পারে?
৩. এই অধ্যায়ে কোন অংশে মানুষটি পরিব্রাণ লাভ করে?
৪. যীশু কি এই জগতে এসেছেন জগতকে বিচার করতে বা রক্ষা করতে?
৫. “মনুষ্য পুত্র” শব্দটির পটভূমি ব্যাখ্যা করুন।
৬. যিহুদী নেতাদের প্রতি অন্ধ মানুষটির সাড়াদানের বিদ্রূপগুলির একটি তালিকা করুন।

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ১০

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
মেঘের খোয়াড়ের দৃষ্টান্ত	যীশু সত্যিকার মেঘপালক	যীশু, মেঘপালক যিনি	মেঘপালকের দৃষ্টান্ত	উত্তম মেঘপালক জীবন দান করেন
১০:১-৬	১০:১-৬	১০:১-৬	১০:১-৫ ১০:৬	১০:১-৫ ১০:৬
যীশু উত্তম মেঘপালক	যীশু উত্তম মেঘপালক		যীশু উত্তম মেঘপালক	
১০:৭-১৮	১০:৭-২১	১০:৭-১০ ১০:১১-১৮	১০:৭-১০ ১০:১১-১৬ ১০:১৭-১৮	১০:৭-১৮
১০:১৯-২১		১০:১৯-২১	১০:১৯-২০ ১০:২১	১০:১৯-২১
যিহূদীরা যীশুকে প্রত্যাখান করে	মেঘপালক তার মেঘদের চেনেন		যীশু প্রত্যাখিত	ঈশ্বর পুত্র বলে যীশুর দাবী
১০:২২-৩০	১০:২২-৩০ যীশুকে আবার পাথর মারার চেষ্টা	১০:২২-৩০	১০:২২-২৪ ১০:২৫-৩০	১০:২২-৩০
১০:৩১-৩৯	১০:৩১-৩৯ জর্দনের পাড়ে বিশ্বাসীরা	১০:৩১-৩৯	১০:৩১-৩২ ১০:৩৩ ১০:৩৪-৩৮ ১০:৩৯	১০:৩১-৩৮ ১০:৩৯
১০:৪০-৪২	১০:৪০-৪২	১০:৪০-৪২	১০:৪০-৪২	১০:৪০-৪২

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১০:১-৬

^১ “সত্য, সত্য, আমি আপনাদের বলছি, যে কেউ মেঘের খোঁয়াড়ের দরজা দিয়ে না ঢুকে, অন্য দিক দিয়ে ঢোকে, সে চোর ও ডাকাত। ^২ কিন্তু যে কেউ দরজা দিয়ে ভিতরে যায় সে-ই মেঘদের পালক। ^৩ মেঘের খোঁয়াড় যে পাহারা দেয় সে সেই পালককেই দরজা খুলে দেয়, মেঘগুলো তার ডাক শোনে, আর সেই পালক তার নিজের মেঘগুলোর নাম ধরে ডেকে বাইরে নিয়ে যায়। ^৪ তার নিজের সব মেঘগুলো বের করবার পরে, সে তাদের আগে আগে চলে আর মেঘগুলো তার পিছনে পিছনে যায় কারণ তারা তার ডাক চেনে। ^৫ তারা কখনও অচেনা লোকের পিছনে যাবে না, বরং তার কাছ থেকে পালিয়ে যাবে, কারণ তারা অচেনা লোকের গলার স্বর চেনে না।” ^৬ সেই ফরীশীদের শিক্ষা দেবার জন্য যীশু এই দৃষ্টান্তটি বললেন, কিন্তু তিনি যে কি বলছিলেন তা তাঁরা বুঝলেন না। (অনুবাদকৃত টেক্সট)।

১০:১ “সত্য, সত্য” যোহন ১:৫১ পদে নোট দেখুন।

□ “অন্য দিক দিয়ে ঢোকে, সে চোর ও ডাকাত” লক্ষ্য করুন যে খোঁয়াড়ে কেউ কেউ থাকে যে উত্তম মেঘ পালকের নিজের লোক নয় (মথি ৭:২১-২৩ এবং “গম ও শ্যামাঘাসের দৃষ্টান্ত,” মথি ১৩:২৪-৩০)। এখানে সমস্যা হল যে অনেকে চেষ্টা করে ব্যক্তিগত চেষ্টার মাধ্যমে লাভ করতে যখন ঈশ্বর খ্রীষ্টের মাধ্যমে বিনামূল্যে তা দিয়েছেন (রোমীয় ৩:১৯-৩১; ৯:৩০-৩৩; ১০:২-৪; গালা ২:১৬; ৫:৪)। এ বিষয়ে ৯ অধ্যায়ের ফরীশীরা হল সবচেয়ে ভাল উদাহরণ।

১০:২ “কিন্তু যে কেউ দরজা দিয়ে ভিতরে যায় সে-ই মেঘদের পালক” এই অধ্যায়ে স্পষ্টত উপমা মিশানো হয়েছে। মেঘদের খোঁয়াড়ের দরজা হিসাবে যীশু, যোহন ১০:৭ পদ, এবং তিনি মেঘদের পালকও বটে (যোহন ১০:১১ এবং ১৪)। যাহোক, উপমার এই মিশ্রণ যোহনে এবং নূতন নিয়মে অস্বাভাবিক কিছু নয়।

১. যীশু হলেন খাবার এবং তিনি খাবার দাতা (যোহন ৬:৩৫, ৫১)
২. যীশু হলেন সত্য এবং সত্যের কথা বলেন (যোহন ১০:৮:৪৫-৪৬ এবং ১৪:৬)
৩. যীশু হলেন পথ এবং তিনি পথ দেখান (যোহন ১৪:৬)
৪. যীশু হলেন উৎসর্গ এবং তিনিই একমাত্র যিনি উপহার উৎসর্গ করেন (ইব্রীয় পুস্তক)

“মেঘপালক” উপাধি হল নূতন নিয়মে খুবই প্রচলিত উপাধি ঈশ্বর এবং মশীহ উভয়ের জন্যই (গীত ২৩; ৮০:১; যিশা ৪০:১০-১১; ১ পিতর ৫:১-৪)। যিহূদী নেতাদের বলা হয়েছে “ভ্রাতৃ পালক” যিরমিয় ২৩; যিহি ৩৪ এবং যিশা ৫৬:৯-১২ পদে। “মেঘপালক” টার্মটি “পালক” টার্মের সাথে সম্পর্কযুক্ত (ইফি ৪:১১; তীত ১:৫, ৭)।

১০:৩ “মেঘগুলো তার ডাক শোনে” স্বীকার করা ও বাধ্যতা হল সম্পর্কের ভিত্তি। যোহনে উভয় “শোনে” (যোহন ৪:৪২; ৫:২৪, ২৫, ২৮-২৯; ৮:৪৭; ১০:১৬, ২৭; ১৮:৩৭) এবং “দেখা” (যোহন ৩:৩; ১২:৪৯; ২০:৮) ব্যবহৃত হয়েছে খ্রীষ্ট হিসাবে যীশুতে বিশ্বাস করা/নির্ভর রাখা।

□ “তিনি তার নিজের মেঘগুলোর নাম ধরে ডাকেন” যীশু তাঁর নিজের লোকদের ব্যক্তিগত ভাবে ও আলাদা ভাবে জানেন (যেভাবে YHWH করেন, যোহন ১০:২৯-৩১)। প্রায়ই মেঘপালকদের তাদের মেঘদের জন্য একটি ডাক নাম থাকে, এমনকি মেঘপাল বড় হলেও।

এটি ধর্মতত্ত্বগত ভাবে হতবুদ্ধিকর যে যীশু যিহূদী জাতির মধ্যে ভ্রাতৃ মেঘদের থেকে তাঁর সত্যিকারের মেঘদের ডেকে নেবেন। নিয়মের লোকেরা ঈশ্বরের সত্যিকারে লোক ছিল না। এটি ছিল নূতন চুক্তিতে জাতিগত কলঙ্ক। একজনের বিশ্বাস, বংশধারা নয়, একজনের ভবিষ্যৎ স্থির করে! বিশ্বাস ব্যক্তিগত, জাতিগত নয়।

যিহূদী নেতার যারা যীশুর বিরোধিতা করছিল তারা ঈশ্বরের লোকদের অংশ ছিল না (যোহন ১০:২৬)!

□ “এবং তাদের বাইরে নিয়ে যান” এটি কেবলমাত্র পরিব্রাণের কথা উল্লেখ করে না, কিন্তু প্রতিদিনের পরিচালনাও (যোহন ১০:৪, ৯)

১০:৪ এটি হতে একটি প্রকার উল্লেখ যে রাতে একটি খোঁয়াড়ে বিভিন্ন ধরণের পশুপাল একত্রে রাখা হয়। সকালে মেঘপালক তার মেঘদের ডাকেন যেন তারা তার কাছে আসে।

১০:৫ মঞ্জুলীকে সব সময়ই ভ্রান্ত মেঘদের সাথে মোকাবেলা করতে হয়েছে (১ তীম ৪:১-৩; ২ তীম ৪:৩-৪; ১ যোহন ৪:৫-৬; ২ পিতর ২)।

১০:৬ “যীশু এই দৃষ্টান্তটি বললেন” এটি স্বাভাবিক টার্ম “দৃষ্টান্ত” (*parabolē*) এর অনুবাদ নয়, কিন্তু এটি এসেছে একই মূল (*paroiimian*) থেকে। এই রূপটি কেবল মাত্র এখানে পাওয়া যায় এবং যোহন ১৬:২৫, ২৯ পদ এবং ২ পিতর ২:২২ পদে। যদিও এটি ভিন্ন রূপ, এটি মনে হয় প্রচলিত টার্ম “দৃষ্টান্ত” (Synoptic সুসমাচারে ব্যবহৃত) এর সাথে একই রকমের। টার্ম “দৃষ্টান্ত” এর সাধারণ অর্থ আত্মিক সত্যের পক্ষে একটি প্রচলিত সাংস্কৃতিক ঘটনার উল্লেখ যেন শ্রোতাদের বুঝতে সাহায্য হয়। এটি হতে পারে আত্মিক ভাবে অন্ধত্ব থেকে সত্যকে লুকিয়ে রাখা (যোহন ১৬:২৯; মার্ক ৪:১১-১২)।

□ “কিন্তু তারা বুঝলেন না” যদি ১০ অধ্যায় ৯ অধ্যায়ের সঙ্গে একই সময় সম্পর্কিত হয়, তাহলে “তারা” উল্লেখ করতে পারে ফরীশীদের। তারা দাবী করে যে তারা দেখতে পায় (যোহন ৯:৪১), কিন্তু তারা দেখতে পায় না (যোহন ১০:২০)। ধর্ম অনেক সময় বাধা হতে পারে, সেতু নয়।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১০:৭-১০

^১ সেইজন্য যীশু আবার বললেন, “সত্য, সত্য, আমি আপনাদের বলছি, মেঘগুলোর জন্য আমিই দরজা। ^২ আমার আগে যারা এসেছিল তারা সবাই চোর আর ডাকাত, কিন্তু মেঘগুলো তাদের কথা শোনে নি। ^৩ আমিই দরজা; যদি কেউ আমার মধ্য দিয়ে ভিতরে ঢোকে, তবে সে উদ্ধার পাবে, এবং সে ভিতরে আসবে ও বাইরে যাবে আর চরে খাবার জায়গা পাবে। ^৪ চোর কেবল চুরি, খুন ও নষ্ট করবার উদ্দেশ্য নিয়েই আসে; আমি এসেছি যেন তারা জীবন পায়, আর সেই জীবন যেন পরিপূর্ণ হয়।” (অনুবাদকৃত টেক্সট)।

১০:৭ “আমি মেঘদের জন্য দরজা” এটি হল যোহনের সাতটি বিখ্যাত “আমি আছি” কথার একটি। এই রূপক এই সত্যকে উজ্জ্বল করে যে যীশু হলেন একমাত্র সত্য পথ (যোহন ৮, ১০; ১৪:৬)। একে প্রায়ই বলা হয় সুসমাচারের স্বাতন্ত্র্যতার কলঙ্ক। যদি বাইবেল ঈশ্বরের আত্ম-প্রকাশ হয়, তাহলে একটি পথই হল ধার্মিক হবার-তাহল খ্রীষ্টে বিশ্বাস (প্রেরিত ৪:১২; ১ তীম ২:৫)। যোহন ৮:১২ পদের নোট দেখুন।

১০:৮ “আমার আগে যারা এসেছিল তারা সবাই চোর আর ডাকাত” ৯ ও ১০ অধ্যায়ের প্রসঙ্গের কারণ, মন্দিরের উপাসনা ঘর প্রতিষ্ঠার পর্ব, Hanukkah (যোহন ১০:২২), এটি সম্ভব যে এটি উল্লেখ করছে Macabees ও তাদের বংশধরদের চলমান messianic পূর্ব-উত্তেজনা দুই নিয়মের মধ্যবর্তী সময়কালের। যাহোক, এটি সম্ভবত পুরাতন নিয়মের ভ্রান্ত মেঘপালকদের সম্পর্কে পুরাতন নিয়মের প্যাসেজের সাথে সম্পর্কযুক্ত (যিশা ৫৬:৯-১২; যির ২৩; যিহি ৩৪; এবং সখ ১১)।

এই উচ্চ প্রতিকি ভাষা এবং দ্ব্যর্থবোধক পূর্বে কৃত কাজ কারণ হয়েছিল প্রাথমিক অনুলিপিকারকদের টেক্সট রূপান্তর বা প্রসারিত করতে অর্থ ব্যাখ্যা করার প্রচেষ্টায়। একটি পাণ্ডুলিপি (MS D) সহজভাবে বাদ দিয়েছে ব্যাপক অর্থ বিশিষ্ট টার্ম “সকল” এবং কতগুলি প্রাচীন পাণ্ডুলিপি (P⁴⁵, P⁷⁵, N^{*}) বাদ দিয়েছে এই শব্দগুচ্ছ “আমার আগে।”

১০:৯ “যদি কেউ আমার মধ্য দিয়ে ভিতরে ঢোকে, তবে সে উদ্ধার পাবে” এটি একটি third class conditional sentence সাথে future passive verb। যীশু হলেন ঈশ্বরের কাছে যাবার একমাত্র পথ (যোহন ১৪:৬)। “উদ্ধার পাবে” verb এই প্রসঙ্গে সম্ভবত পুরাতন নিয়মের অন্তর্নিহিত অর্থ দৈহিক উদ্ধারের সাথে সম্পর্কিত (অর্থাৎ, মেঘেরা নিরাপদ)। যাহোক যোহন প্রায়ই এমন টার্ম বেছে নিয়েছেন যার রয়েছে যার দুটি করে পরস্পর সম্পর্কিত অর্থ রয়েছে। আত্মিক পরিব্রাণের ধারণা এই প্রসঙ্গ থেকে উপস্থিত নয় (যোহন ১০:৪২)।

১০:১০ “চোর” এটি দেখায় ভ্রান্ত মেঘপালকদের অন্তরের উদ্দেশ্য। এটি আরও প্রতিফলিত করে মন্দ আত্মার উদ্দেশ্যকে! বেতনজীবী কর্মীর যত্নহীনতার মনোভাব যোহন ১০:১২-১৩ পদে দেখা যেতে পারে।

□ “নষ্ট” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: ধংস (APOLLUMI) (SPECIAL TOPIC: DESTRUCTION (APOLLUMI))

□ “আমি এসেছি যেন তারা জীবন পায়, আর সেই জীবন যেন পরিপূর্ণ হয়” এই শব্দগুচ্ছ প্রায়ই উদ্ধৃত করা হয় বস্তুগত জিনিসের প্রতিজ্ঞা হিসাবে, কিন্তু প্রসঙ্গে যীশুকে ব্যক্তিগত ভাবে এবং আত্মিক আশীর্বাদ জানা, বস্তুগত সমৃদ্ধি নয়, যা তিনি নিয়ে আসেন (এটি সমান্তরাল ৪:১৪ এবং ৭:৩৮ পদের সাথে)। এই জগতের জীবনে অনেক কিছু পাওয়া নয়, কিন্তু সত্যিকারের জীবন জানা ও তা লাভ করা!

যেভাবে Synoptics সুসমাচার সমূহ স্বর্গরাজ্যের বিষয়ে গুরুত্ব দিয়েছে, যোহন লিপিবদ্ধ করেছেন যীশুর অনন্ত জীবনের উপরে গুরুত্বদানকে। যে কেউ এটা এখনই পেতে পারে! রাজ্য প্রতিষ্ঠিত হয়েছে!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১০:১১-১৮

^{১১} “আমিই উত্তম মেঘপালক; উত্তম মেঘপালক তার মেঘদের জন্য নিজের জীবন দেয়। ^{১২} কেবল বেতনের জন্য যে পালকের কাজ করে, সে নিজে পালক নয়, আর মেঘগুলোও তার নিজের নয়, নেকড়ে বাঘ আসতে দেখলে, সে মেঘগুলো ফেলে পালিয়ে যায়, তাতে নেকড়ে বাঘ সেগুলিকে ধরে নিয়ে যায় ও সেগুলি চারদিকে ছড়িয়ে পড়ে। ^{১৩} সে পালিয়ে যায় কারণ সে বেতনের জন্য কাজ করে আর মেঘদের জন্য চিন্তাও করে না। ^{১৪} আমিই উত্তম

মেসপালক, আমি আমার মেসগুলোকে জানি এবং তারাও আমাকে জানে, ^{১৫} যেমন পিতা আমাকে জানেন এবং আমি পিতাকে জানি তেমনি করে; আর আমি আমার মেসগুলোর জন্য আমার জীবন দিয়ে দেই। ^{১৬} আরও মেস আমার কাছে আছে, যেগুলো এই খোঁয়াড়ের নয়; তাদেরও আমাকে আনতে হবে, আর তারা আমার ডাক শুনবে; আর তাতে তারা এক পালকের সাথে এক মেসপাল হবে। ^{১৭} পিতা আমাকে এইজন্য ভালবাসেন, কারণ আমি আমার প্রাণ দেব যেন তা আবার ফিরিয়ে নিতে পারি। ^{১৮} কেউই আমার প্রাণ আমার কাছ থেকে নিয়ে যাবে না, কিন্তু আমি নিজেই তা দেব। প্রাণ দেবারও ক্ষমতা আমার আছে, আবার প্রাণ ফিরিয়ে নেবারও ক্ষমতা আমার আছে। এই দায়িত্ব আমি আমার পিতার কাছ থেকে পেয়েছি।” (অনুবাদকৃত টেক্সট)।

১০:১১,১৪ “আমিই উত্তম মেসপালক” এটি ছিল পুরাতন নিয়মে মশীহের একটি উপাধি (যিহি ৩৪:২৩; সখ ১১; ১ পিতর ৫:৪) এবং YHWH এর জন্য (গীত ২৩:১; ২৮:৯; ৭৭:২০; ৭৮:৫২; ৮০:১; ৯৫:৭; ১০০:৩; যিশা ৪০:১১; যির ২৩:১; ৩১:১০; যিহি ৩৪:১১-১৬)।

দুটি গ্রীক টার্ম রয়েছে যেগুলি অনুবাদ হতে পারে “উত্তম”: (১) *agathos*, যেটি যোহনের জিনিসের জন্য ব্যবহৃত হয়েছে, এবং (২) *kalos*, যেটি সেপ্টুয়াজিন্টে ব্যবহৃত হয়েছে মন্দতার বিপরীতে ভাল হিসাবে উল্লেখ করতে। নূতন নিয়মে এর অর্থ “সুন্দর,” “মহৎ,” “নৈতিক,” এবং “যোগ্য।” এটি দুটি টার্ম একত্রে ব্যবহৃত হয়েছে লুক ৮:১৫ পদ। যোহন ৮:১২ পদে নোট দেখুন।

১০:১১ “উত্তম মেসপালক তার মেসদের জন্য নিজের জীবন দেয়” এটি উল্লেখ করে খ্রীষ্টের দ্বারা সাধিত অন্যের পরিবর্তে প্রায়শ্চিত্ত কাজ (যোহন ১০:১১, ১৫, ১৭, ১৮)। তিনি স্বেচ্ছায় পাপী মানুষের জন্য তাঁর জীবন দিয়েছেন (যিশা ৫২:১৩-৫৩:১২; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। সত্যিকার জীবন, প্রাচুর্যের জীবন কেবলমাত্র তাঁর মৃত্যুর মাধ্যমেই এসেছে।

Bruce M. Metzger's *A Textual Commentary on the Greek New Testament* পুস্তকে এই পদের একটি চমৎকার পয়েন্ট রয়েছে:

“একজনের জীবন দেবেন’ প্রকাশের পরিবর্তে, যেটি বৈশিষ্ট্যগত ভাবে Johannine (যোহনের লেখনীসমূহ) (১০:১৫, ১৭; ১৩:৩৭, ৩৮; ১৫:১৩; ১ যোহন ৩:১৬), কয়েকটি পাণ্ডুলিপি (P⁴⁵, X*, D) বিকল্প প্রকাশ ‘একজনের জীবন দেওয়া,’ যেটি দেখা যায় Synoptic সুসমাচারে (মথি ২০:২৮; মার্ক ১০:৪৫)” (পৃ...২৩০)।

১০:১৪ “আমি আমার মেসগুলোকে জানি এবং তারাও আমাকে জানে” এটি হল “জানা” (যোহন ১:১০ পদে বিশেষ বিষয় দেখুন) শব্দের ইব্রীয় অর্থ। যেমন পুত্র পিতাকে জানেন এবং পিতা পুত্রকে, সেরকমই, যীশু তাদের জানেন যারা তাঁর উপরে নির্ভরতা রাখে এবং তারাও তাঁকে জানে। তারা “দেখেছে” ও “শুনেছে” (যোহন ১০:৪) এবং সাড়া প্রদান করেছে (যোহন ১:১২; ৩:১৬)। খ্রীষ্ট ধর্ম হল একটি ব্যক্তিগত সম্পর্ক (যোহন ১৭:২০-২৬)।

১০:১৫ “যেমন পিতা আমাকে জানেন এবং আমি পিতাকে জানি তেমনি করে” এটি যোহনে বার বার বলা একটি মূল ভাব (theme)। যীশু কাজ ও কথার মাধ্যমে দেখিয়েছেন পিতার সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ককে।

যোহন ১০:১৪-১৫ পদে বিপ্লবের উপমা হল যে পিতা ও পুত্রের সঙ্গে ঘনিষ্ঠতার তুলনা করা হয়েছে বিশ্বাসীদের সঙ্গে পুত্রের ঘনিষ্ঠতাকে (যোহন ১৪:২৩)। যোহন “জানা” এর ইব্রীয় অন্তর্নিহিত অর্থের দিকে লক্ষ্য রেখেছেন ঘনিষ্ঠ সহভাগিতা, অনুমানগত সত্যের দিকে নয়। যীশু পিতাকে জানতেন; যারা যীশুকে জানে, তারা ঈশ্বরকেও জানে!

১০:১৬ “আরও মেস আমার কাছে আছে, যেগুলো এই খোঁয়াড়ের নয়” এটি যিশা ৫৬:৬-৮ পদের পরোক্ষ ইঙ্গিত। মনে হয় প্রসঙ্গে দাবী করে যে এটি উল্লেখ করে (১) শমরীয় (যোহন ৪:১-৪২) বা (২) পরজাতীয় মন্ডলী (যোহন ৪:৪৩-৫৪)। এটি বলে যারা খ্রীষ্টে বিশ্বাসের অনুশীলন করে তাদের সকলের একতার কথা। নূতন চুক্তি যিহুদী ও পরজাতীয়কে একত্রিত করেছে (ইফি ২:১১-৩:১৩; এছাড়া নোট করুন ১ করি ১২:১৩; গালা ৩:২৮; কল ৩:১১)। আদি ৩:১৫ পদ এবং যোহন ৩:১৬ পদ পরস্পর বিলিন হয়েছে!

□ “আর তাতে তারা এক পালকের সাথে এক মেসপাল হবে” সব সময়েই ঈশ্বরের লক্ষ্য (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫-৬)। এই ঐক্যের ধর্মতাত্ত্বিক দিক সমূহ ইফি ২:১১-৩:১৩ এবং ৪:১-৬ পদে আলোচিত হয়েছে।

১০:১৭ “পিতা আমাকে এইজন্য ভালবাসেন” যেমন পুত্রকে তাঁর জীবন দিতে বাধ্য করা হয়নি, সেভাবে পিতাকেও বাধ্য করা হয়নি তাঁর পত্রিকে দিতে। এটি এভাবে অবশ্যই অনুবাদ হবে না যে ঈশ্বর মানুষকে তার বাধ্যতার জন্য যীশুকে পুরস্কার হিসাবে দিয়েছেন (এই ধর্ম বিরোধিতাকে প্রায়ই বলা হয় adoptionism, টিকা দেখুন)।

□ “কারণ আমি আমার প্রাণ দেব যেন তা আবার ফিরিয়ে নিতে পারি” এটি আসলে পুনরুত্থানের ইঙ্গিত দেয়। সাধারণত নূতন নিয়মে পিতাই পুত্রকে উঠিয়েছেন (যোহন ১৮)। এটা দেখাতে যে তিনি তাঁর উৎসর্গ গ্রহণ করেছেন। কিন্তু এখানে পুনরুত্থানে যীশুর নিজের ক্ষমতা বলতে চেষ্টা করা হয়েছে।

এই শব্দগুচ্ছ একটি চমৎকার সুযোগ দেখান যে নূতন নিয়ম প্রায়ই পরিব্রাণের কাজকে ঈশ্বরত্বের তিনজনের উপরে আরোপ করেছে।

১. পিতা ঈশ্বর যীশুকে জীবিত করে তুলেছেন (খ্রি ২:২৪; ৩:১৫; ৪:১০; ৫:৩০; ১০:৪০; ১৩:৩০, ৩৩, ৩৪, ৩৭; ১৭:৩১; রোমীয় ৬:৪, ৯; ১০:৯; ১ করি ৬:১৪; ২ করি ৪:১৪; গালা ১:১; ইফি ১:২০; কল ২:১২; ১ থি ১:১০)
২. পুত্র ঈশ্বর নিজেকে উঠিয়েছেন (যোহন ২:১৯-২২; ১০:১৭-১৮)
৩. আত্মা ঈশ্বর যীশুকে উঠিয়েছেন (রোমীয় ৮:১১)

১০:১৮ “আমার ক্ষমতা আছে” এই একই টার্ম যোহন ১:১২ পদে ব্যবহৃত হয়েছে। এটা অনুবাদ হতে পারে “কর্তৃত্ব,” “বৈধ অধিকার,” বা “ক্ষমতা।” এই পদ যীশুর ক্ষমতা ও কর্তৃত্বকে দেখায়।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১০:১৯-২১

^{১৯} যীশুর এই কথার জন্য যিহুদীদের মধ্যে আবার মতের অমিল দেখা দিল। ^{২০} তাদের মধ্যে অনেকে বলল, “তাকে ভূতে পেয়েছে আর সে পাগল। তোমরা তার কথা কেন শুনছ?” ^{২১} অন্যেরা বলল, “কিন্তু এ তো ভূতে পাওয়া লোকের মত কথা নয়। ভূত কি অন্ধের চোখ খুলে দিতে পারে?” (অনুবাদকৃত টেক্সট)।

১০:১৯ যেভাবে সেখানে যীশুর বিষয়ে মতের অমিল দেখা গেল সেরকম আমরা যোহন ৬:৫২; ৭:১২,২৫,৪৩; ৯:১৬; ১০:১৯-২১; ১১:৩৬-৩৭ পদে দেখি, এই মূল ভাব (theme) যোহনে একই চলেছে। নিগূঢ় তত্ত্ব হল কেউ কেউ সুসমাচার গ্রহণ করেছে আবার কেউ কেউ প্রত্যাখান করেছে এটাই পূর্ব-নির্দিষ্ট অদৃষ্ট এবং মানুষের স্বাধীর ইচ্ছার মধ্যকার উত্তেজনা!

১০:২০ “তাকে ভূতে পেয়েছে আর সে পাগল” যীশুর বিরুদ্ধে এটি ছিল সাধারণ অভিযোগ দুটি ভিন্ন ভিন্ন দিক থেকে।

১. এই পদে, যেভাবে যোহনে ৭:২০ পদে আছে, এটি এটা বলার জন্য ব্যবহৃত হয়েছে যে যীশুর মানসিক অসুস্থতা রয়েছে
২. এই একই অভিযোগ ব্যবহার করে ফরীশীরা ব্যাখ্যা করতে চেষ্টা করেছে যীশুর ক্ষমতার উৎসকে (যোহন ৮:৪৮,৫২)

১০:২১ যোহন ১০:২১ পদে দুটি প্রশ্ন রয়েছে।

১. ২১^ক পদে আছে *ouk*, যেটি আশা করে “হ্যাঁ” উত্তর
২. ২১^খ পদে আছে *mē*, যেটি আশা করে “না” উত্তর

James Hewett, *New Testament Greek*, p. 171 দেখুন। এই পদ দেখায়, কতটা সমস্যাপূর্ণ দৃঢ় ও দ্রুত নিয়ম Koine গ্রীকের। প্রসঙ্গ, ব্যাকরণগত গঠন নয়, চূড়ান্ত সিদ্ধান্তকারী।

অন্ধ লোককে আরোগ্যদান ছিল Messianic চিহ্ন (যাত্রা ৪:১১; গীত ১৪৬:৮; যিশা ২৯:১৮; ৩৫:৫; ৪২:৭)। এখানে একটি অর্থ রয়েছে যেটি হল ইস্রায়েলের অন্ধত্ব (যিশা ৪২:১৯) এখানে দেখান হয়েছে যেভাবে এটি ৯ অধ্যায়ে আছে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১০:২২-৩০

^{২২} এর পরে যিরূশালেমে উপাসনা-ঘর প্রতিষ্ঠার পর্ব উপস্থিত হল; ^{২৩} তখন শীতকাল, আর যীশু উপাসনা-ঘরের মধ্যে শলোমনের বারান্দায় ঘুরে বেড়াচ্ছিলেন। ^{২৪} সেই সময় যিহুদী নেতারা যীশুর চারপাশে জড়ো হয়ে বললেন, “আর কত দিন তুমি আমাদের সন্দেহের মধ্যে রাখবে? তুমি যদি খ্রীষ্ট হও, তবে স্পষ্ট করে আমাদের বল।” ^{২৫} যীশু উত্তরে বললেন, “আমি তো আপনাদের বলেছি কিন্তু আপনারা বিশ্বাস করেন না; আমার পিতার নামে আমি যে সব কাজ করি, সেগুলোও আমার বিষয়ে সাক্ষ্য দেয়।” ^{২৬} কিন্তু আপনারা বিশ্বাস করেন না, কারণ আপনারা আমার মেধ নন। ^{২৭} আমার মেধগুলো আমার ডাক শোনে, আর আমি তাদের জানি, আর তারা আমার পিছনে পিছনে চলে; ^{২৮} আর আমি তাদের অনন্ত জীবন দিই, তারা কখনও বিনষ্ট হবে না; এবং কেউই আমার হাত থেকে তাদের কেড়ে নেবে না। ^{২৯} আমার পিতা, যিনি তাদের আমাকে দিয়েছেন, তিনি সকলের চেয়ে মহান; কেউই পিতার হাত থেকে কিছু কেড়ে নিতে পারে না। ^{৩০} আমি আর পিতা এক।” (অনুবাদকৃত টেক্সট)।

১০:২২ “উপাসনা-ঘর প্রতিষ্ঠার পর্ব” যোষেফাস একে বলেছেন “আলোর উৎসব।” আজকে আমরা জানি Hanukkah দিন হিসাবে। এটি ছিল আট দিনের একটি উৎসব যা পালিত হতো ডিসেম্বরের মধ্যভাগের দিকে। খ্রীষ্ট পূর্ব ১৬৪ অব্দে যিহুদা ম্যাক্কাবী (Judas Maccabeus) দ্বারা সামরিক বিজয় লাভের পরে যিরূশালেমের মন্দিরের পুনরায় উৎসর্গীকরণ উৎসব পালন করা হতো। খ্রীষ্ট পূর্ব ১৬৮ অব্দে, Antiochus IV Epiphanes যিনি ছিলেন একজন Seleucid নেতা, বাধ্য করতে চেষ্টা করেছিলেন যিহুদীদের Hellenistic অনুশীলন করতে (দানি ৮:৯-১৪)। তিনি যিরূশালেমের মন্দিরকে পৌত্তলিকদের ধর্মস্থান হিসাবে পরিবর্তন করেছিলেন এমনকি পবিত্র স্থানে Zeus দেবতার বেদি স্থাপন করেছিলেন। Judas Maccabeus, Modin এর যাজকের কয়েকটি ছেলের একজন, Syrian এই প্রভুকে পরাজিত করেছিলেন এবং মন্দির শুঁচি করে পুনরায় উৎসর্গ করেছিলেন (I Macc. 4:36-59; II Macc. 1:18)।

যোহন যিহুদী ধর্মের এই পর্বকে ব্যবহার করেছেন একটি উপলক্ষ্য হিসাবে যে যীশু তাদের প্রতিক ব্যবহার করে নিজেকে প্রকাশ করেছেন যিহুদী নেতাদের কাছে, যিরূশালেমের নাগরিকদের কাছে, এবং পর্বে আসা জনতার কাছে (৭-১১ অধ্যায়)।

▣ “শলোমনের বারান্দা” এটি ছিল মহিলাদের প্রাঙ্গণের পূর্ব দিকের একটি আচ্ছাদিত স্থান যেখানে বসে যীশু শিক্ষা দিচ্ছিলেন। যোষেফাস বলেছেন খ্রীষ্ট পূর্ব ৫৮৬ অব্দে বাবিলিয় ধংসের হাত থেকে রক্ষা পেয়েছিল।

১০:২৩ “তখন শীতকাল” এটি প্রত্যক্ষদর্শীর বিশদ বিবরণ।

১০:২৪ “যদি” এটি একটি যেটি মনে করা হয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যগত উদ্দেশ্যের দিক থেকে সত্য। এই প্রসঙ্গে বেশ কিছু first class conditional sentences রয়েছে (যোহন ১০:২৪,৩৫,৩৭ ও ৩৮)। এটি যোহন ১০:২৪ পদ ব্যবহার হয়েছে এটা দেখাতে যে কিভাবে এই কাঠামো আক্ষরিক অর্থে ব্যবহৃত হতে পারে। এই ফরীশীরা বিশ্বাসই করেনি যে যীশু হলেন মশীহ; তারা তাঁকে বিরক্ত করছিল।

□ “স্পষ্ট করে বল” এই পদে বেশ কিছু বিষয় রয়েছে আলোচনার জন্য। প্রথমত, যীশু দৃষ্টান্ত, প্রতিকি ভাষা, এবং দ্ব্যর্থব্যঞ্জক দ্বৈত মন্তব্যের দ্বারা শিক্ষা দিচ্ছিলেন। মন্দিরের এই জনতারা চাইছিল যে তিনি নিজেকে স্পষ্ট ভাবে প্রকাশ করেন। বিশেষ বিষয় দেখুন: *Parrhēsia* যোহন ৭:৪ পদে।

দ্বিতীয়ত, যীশুর সময়ের যিহূদীরা আশা করতো না যে ঈশ্বর দেহধারী মশীহ হবেন। যীশু মনে হয় পরোক্ষভাবে ঈশ্বর সাথে তাঁর একত্ব উল্লেখ করেছেন বেশ কিছু উপলক্ষে (যোহন ৮:৫৬-৫৯), কিন্তু এই প্রসঙ্গে, তারা নির্দিষ্ট ভাবে মশীহ সম্পর্কে জানতে চাইছিল। যিহূদীরা আশা করছিল যে এই অভিজ্ঞ ব্যক্তি মোশির মত কাজ করবেন (দ্বি বি ১৮:১৫,১৯)। যীশু ঠিক তাই করেছিলেন যা ৬ অধ্যায়ে রয়েছে। তাঁর কাজ পুরাতন নিয়মের ভাববাণীকে পরিপূর্ণ করেছিল, বিশেষ করে অন্ধকে সৃষ্টিতা দান (৯ অধ্যায়)। তাদের প্রয়োজনীয় সব প্রমাণই ছিল। সমস্যা ছিল যে যীশু তাদের ঐহিত্যগত সামরিক, জাতিয়তাবাদী মশীহের প্রত্যাশার সাথে খাপ খাচ্ছিল না।

১০:২৫ “আমার পিতার নামে আমি যে সব কাজ করি, সেগুলোও আমার বিষয়ে সাক্ষ্য দেয়” যীশু বলতে চেষ্টা করেছেন যে তাঁর কাজ তাঁর দাবীর প্রতি সাক্ষ্য দান করে (যোহন ২:২৩; ৫:৩৬; ১০:২৫,৩৮; ১৪:১১; ১৫:২৪)।

১০:২৬ কি হতবুদ্ধিকর মন্তব্য!

১০:২৮ “আর আমি তাদের অনন্ত জীবন দিই” অনন্ত জীবন বৈশিষ্ট্যমণ্ডিত পরিমান ও গুণ উভয়েই। এটি হল নূতন যুগের জীবন। খ্রীষ্টের উপরে বিশ্বাসের মাধ্যমে এটি সুপ্রাপ্য (যোহন ৩:৩৬; ১১:২৪-২৬)।

□ “তারা কখনও বিনষ্ট হবে না, এবং কেউই আমার হাত থেকে তাদের কেড়ে নেবে না” এটি একটি double negative সাথে একটি Aorist middle subjunctive। বিশ্বাসীদের নিরাপত্তার বিষয়ে নূতন নিয়মের মধ্যে এটি একটি দৃঢ়তর প্যাসেজ (যোহন ৬:৩৯)। এটি স্পষ্ট যে একমাত্র কজনই যিনি আমাদের জন্য ঈশ্বরের ভালবাসা থেকে পৃথক করতে পারেন (রোমীয় ৮:৩৮-৩৯; গালা ৫:২-৪)। আশ্বাস (১ যোহন ৫:১৩ পদে বিশেষ বিষয় দেখুন) অবশ্যই সঙ্গতিপূর্ণ হবে ধৈর্যধারণের সাথে (যোহন ৮:৩১ পদে বিশেষ বিষয় দেখুন)। আশ্বাস অবশ্যই ত্রিভু ঈশ্বরের চরিত্র ও কাজের উপরে ভিত্তি করে হবে।

যোহনের সুসমাচার বলতে চেষ্টা করছে তাদের আশ্বাসের কথা যারা বিবর্তিত তাদের বিশ্বাস খ্রীষ্টের উপরে রেখেছে। এটি শুরু হয় মনপরিবর্তন ও বিশ্বাসের প্রাথমিক সিদ্ধান্তের মধ্যে দিয়ে এবং জীবন-ব্যাপি বিশ্বাসের বিষয় হয়ে দাঁড়ায়। ধর্মতাত্ত্বিক সমস্যা হল যখন এই ব্যক্তিগত সম্পর্ক বিপথগামী হয় উৎপাদনে যা আমরা প্রক্রিয়া করছি (“একবার উদ্ধার লাভ, সবসময়ই উদ্ধার প্রাপ্ত”)। সত্যিকারের পরিব্রাজনের প্রমাণ হল অবিরত বিশ্বাস (ইব্রীয়, যাকোব, এবং ১ যোহন)।

১০:২৯

NASB, NKJV “আমার পিতা, যিনি তাদের আমাকে দিয়েছেন, তিনি সকলের চেয়ে মহান”

NRSV “আমার পিতা আমাকে যা দিয়েছেন সব কিছুর থেকে তিনি মহান”

TEV “আমার পিতা আমাকে যা দিয়েছেন সকল কিছুর থেকে তিনি মহান”

NJB “পিতা, আমাকে যা কিছু দিয়েছেন, যে কারও চেয়ে তিনি মহান”

প্রশ্ন হল শব্দগুচ্ছ “চেয়ে মহান” এর object কি: (১) ঈশ্বর যীশুকে যে লোকদের দিয়েছেন (NRSV, TEV) বা (২) ঈশ্বর নিজেকে (NASB, NKJV, NJB)। এই পদের দ্বিতীয় অংশ ইঙ্গিত দেয় যে কেউ একজন চেষ্টা করতে পারে যীশুর কাছ থেকে তাদের ছিনিয়ে নেবার জন্য। ধর্মতত্ত্বগত ভাবে দ্বিতীয় বিকল্পটি সবচেয়ে ভাল বলে মনে হয়। আশ্বাসের উপরে বিশেষ বিষয় দেখুন যোহন ৬:৩৭ পদে।

বিশ্বাসীদের আশ্বাসের উপরে এটি একটি চমৎকার প্যাসেজ যা পিতার ক্ষমতার উপরে ভিত্তি করে! বিশ্বাসীদের নিরাপত্তা, সকল বাইবেলের সত্যের মত, উপস্থিত করা হয়েছে উত্তেজনা পরিপূর্ণ, নিয়মগত নতুনায়। বিশ্বাসীদের পরিব্রাজনের আশা এবং আশ্বাস হল ত্রিভু ঈশ্বরের বৈশিষ্ট্য, তাঁর দয়া ও অনুগ্রহ। যাহোক, বিশ্বাসীদের সব সময় বিশ্বাসে থাকতে হবে। পরিব্রাজন শুরু হয় প্রাথমিক ভাবে আত্মা পরিচালিত মন পরিবর্তন ও বিশ্বাসের সিদ্ধান্তে। এটি অবশ্যই অবিরত মন পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা এবং ধৈর্যধারণের বিষয়! পরিব্রাজন উৎপন্ন (জীবন বাঁমা, স্বর্গের টিকিট) নয়, কিন্তু খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের সঙ্গে গড়ে ওঠা ব্যক্তিগত সম্পর্কে বেড়ে ওঠা।

ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কের সংক্ষেপিত প্রমাণ হল পরিবর্তন এবং বিশ্বাসের জীবন ও পরিচর্যার পরিকর্তন (মথি ৭)। সত্যি বলতে কি বাইবেলে ইন্দ্রিয় পরায়ন খ্রীষ্টিয়ানদের সামান্যই প্রমাণ আছে (১ করি ২-৩)। এখন আদর্শ হল খ্রীষ্টসাদৃশ্যতা, কেবলমাত্র যখন আমরা মারা যাব তখন স্বর্গে যাওয়া নয়। তাদের জন্য বাইবেলে নিরাপত্তা ও আশ্বাসের কোন অভাব নেই যারা বেড়ে উঠছে, পরিচর্যা করছে, এমনকি পাপের সঙ্গে সংগ্রাম করছে। কিন্তু, কোন ফল নেই, কোন মূল নেই! পরিব্রাজন কেবলমাত্র অনুগ্রহে পাওয়া যায়, কেবলমাত্র বিশ্বাসের মাধ্যমে, কিন্তু সত্যিকার পরিব্রাজন “ভাল কাজের” বিষয় হবে (ইফি ২:১০; যাকোব ২:১৪-২৬)।

১০:৩০-৩৩ “আমি আর পিতা এক. . . তখন যিহূদী নেতারা তাঁকে মারবার জন্য আবার পাথর কুড়িয়ে নিলেন” এটি হল একটি মাত্র যীশুর মশীহ ও ঈশ্বর এ বিষয়ে দৃঢ় মন্তব্য (যোহন ১:১-১৪; ৮:৫৮; ১৪:৮-১০, বিশেষ করে ১৭:২১-২৬, যেখানে “এক” শব্দও ব্যবহৃত হয়েছে)। যিহূদীরা সম্পূর্ণরূপে বুঝতে পেরেছিল তিনি কি বলছেন, এবং একে তারা ঈশ্বর নিন্দা হিসাবে বিবেচনা করেছিল (যোহন ১০:৩৩; ৮:৫৯)। তারা লেবীয় ২৪: ১৬ পদ অনুসারে তাঁকে পাথর মারতে যাচ্ছিল।

এর আগের খ্রীষ্টের ব্যক্তিত্ব (অর্থাৎ, *Arius* – প্রথম জাত; *Athanasius* – সম্পূর্ণ ঈশ্বর) নিয়ে দ্বিধা দন্দে যোহন ১০:৩০ এবং ১৪:৯ পদে

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১০:৩১-৩৯

^{৩১} তখন যিহূদী নেতারা তাঁকে মারবার জন্য আবার পাথর কুড়িয়ে নিলেন। ^{৩২} যীশু তাঁদের বললেন, “পিতার আদেশ মত অনেক ভাল ভাল কাজ আমি আপনাদের দেখিয়েছি; সেগুলোর মধ্যে কোন কাজের জন্য আপনারা আমাকে পাথর মারতে চান?” ^{৩৩} নেতারা উত্তরে বললেন, “ভাল কাজের জন্য আমরা তোমাকে পাথর মারি না, কিন্তু তুমি ঈশ্বরের বিরুদ্ধে অপমানের কথা বলছ বলেই মারি; কারণ তুমি, মানুষ হয়েও, নিজেকে ঈশ্বর বলে দাবি করছ।” ^{৩৪} যীশু তাদের বললেন, “আপনাদের আইন-কানুনে কি লেখা নেই যে, ‘আমি বললাম, তোমরা যেন ঈশ্বর?’ ^{৩৫} ঈশ্বরের বাক্য যাদের কাছে এসেছিল, তাদের তো তিনি ঈশ্বরের মত বলেছিলেন (এবং পবিত্র শাস্ত্রের কথা কি বাদ দেওয়া যেতে পারে? পারে না), ^{৩৬} তাহলে পিতা নিজের উদ্দেশ্যে যাকৈ আলাদা করলেন এবং জগতে পাঠিয়ে দিলেন সেই আমি যখন বললাম, ‘আমি ঈশ্বরের পুত্র’, তখন আপনারা কেমন করে বলছেন, ‘তুমি ঈশ্বরের বিরুদ্ধে অপমানের কথা বলছ?’ ^{৩৭} আমার পিতার কাজ যদি আমি না করি, তবে আপনারা আমাকে বিশ্বাস করবেন না; ^{৩৮} কিন্তু যদি করি, তবে আমাকে বিশ্বাস না করলেও, আমার কাজগুলো অস্বত বিশ্বাস করুন, তাতে আপনারা জানতে ও বুঝতে পারবেন যে পিতা আমার মধ্যে আছেন আর আমি পিতার মধ্যে আছি।” ^{৩৯} তখন যিহূদী নেতারা আবার যীশুকে ধরবার চেষ্টা করলেন, কিন্তু তিনি তাঁদের হাত এড়িয়ে চলে গেলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১০:৩১ যোহন ১০:৩০ পদে যীশুর মন্তব্যের সাথে এই পদ সম্পর্কযুক্ত। যীশু তাদের অভিযোগের উত্তর দিয়েছিলেন খুব অস্বাভাবিক rabbinical (যিহূদী ধর্মগুরু সম্পর্কিত) বিতর্কে। এটি মূলত *Elohim* এর উপরে একটি শব্দের খেলা, যেটি পুরাতন নিয়মে ঈশ্বরের জন্য টার্ম (আদি ১), কিন্তু গঠন হল বহুবচন এবং প্রায়ই ব্যবহৃত হয়েছিল দূত এবং মানবিক নেতাদের (বিচারকর্তৃকগণ) উভয়ের ক্ষেত্রে। দেখুন [বিশেষ বিষয়: ঈশ্বরের জন্য নাম \(SPECIAL TOPIC: NAMES FOR DEITY\)](#) যোহন ৬:২০ পদে।

১০:৩২ উত্তম (*kalos*) মেঘপালক ভাল (*kalos*) কাজ করে পিতা থেকে।

১০:৩৩ “ঈশ্বরকে অপমানের কারণে” যীশু জানতেন যে তারা ঠিক ভাবে পিতার সাথে তাঁর একত্বের দাবীকে বুঝেছে।

১০:৩৪ “আপনাদের আইন-কানুনে” যীশু গীতসংহিতা থেকে উদ্ধৃতি দিয়েছিলেন কিন্তু একে বরোছেন “আইন কানুন” (অর্থাৎ, তোরা অর্থ “শিক্ষাসমূহ,” যোহন ১২:৩৪; ১৫:২৫; রোমীয় ৩:৯-১৯)। টার্ম আইন কানুন সাধারণত মোশির লেখনীকে (তোরা) উল্লেখ করে, আদিপুস্তক-দ্বিতীয় বিবরণ। এটি দেখায় এই টার্মের ব্যাপক ব্যবহার সম্পূর্ণ পুরাতন নিয়মকে উল্লেখ করতে।

▣ “তোমরা যেন ঈশ্বর” যীশু গীতসংহিতা ৮২:৬ পদ থেকে উদ্ধৃতি দিয়েছিলেন। এটি ব্যবহার করেছে *elohim* মানবিক বিচারক উল্লেখ করতে (যোহন ৬:২০ পদে বিশেষ বিষয় *Elohim* দেখুন)। এই বিচারকেরা (যদিও দুই ছিলেন) পরিচিত ছিলেন “ঈশ্বরের পুত্রগণ” বলে। এই যিহূদীগণ যীশুকে আক্রমণ করেছিলেন কারণ যদিও তিনি মানুষ ছিলেন তিনি নিজেকে দাবী করছিলেন : (১) ঈশ্বরের পুত্র এবং (২) ঈশ্বরের সাথে এক। তথাপি অন্য লোকদের (যাত্রা ৪:১৬; ৭:১; ২২:৮,৯; গীত ৮২:৬; ১৩৮:১) বলা হচ্ছে “ঈশ্বর।”

যীশুর rabbinical (যিহূদী ধর্মগুরু সম্পর্কিত) বিতর্ক মনে হয় এই লাইন অনুসরণ করছে: শাস্ত্র সত্য, মানষকে বলা হয়েছে *elohim*, সেজন্য, কেন তোমরা আমাকে আমি ঈশ্বরের পুত্র এই কথা বলার জন্য ঈশ্বর নিন্দুক বলছো? টার্ম *Elohim* হল ইব্রীয়তে বহুবচন কিন্তু অনুবাদ করা হয়েছে একবচনে এবং ব্যবহৃত হয়েছে singular verb যখন পুরাতন নিয়মের ঈশ্বরের কথা উল্লেখ করা হয়েছে। দেখুন [বিশেষ বিষয়: ঈশ্বরের নাম \(SPECIAL TOPIC: NAMES FOR DEITY\)](#) যোহন ৬:২০ পদে। এটা হতে পারে বৈশিষ্ট্যগত যোহনের লেখনী সমূহে (Johannine) শব্দের খেলা: (১) একটি টার্ম যার দুটি অন্তর্নিহিত অর্থ রয়েছে এবং (২) একটি গ্রীক প্রশ্ন যা প্রত্যাশা করে “হ্যাঁ” উত্তরের।

১০:৩৫ “(এবং পবিত্র শাস্ত্রের কথা কি বাদ দেওয়া যেতে পারে না)” যোহন প্রায়ই যীশুর কথার উপরে মন্তব্য করতেন। এটি অনিশ্চিত যে এটি যোহনের না যীশুর মন্তব্য। যাহোক, যেহেতু উভয়েই সমান ভাবে অনুপ্রাণিত, এটা কোন বিষয় নয়। উদ্ধৃতির চালিকা শক্তি হল শাস্ত্রের নির্ভরযোগ্যতা। যীশু এবং প্রেরিতেরা পুরাতন নিয়ম দেখেছেন এবং তাদের এ বিষয়ে ব্যাখ্যা ছিল একেবারে ঈশ্বরের বাক্য (মথি ৫:১৭-১৯; ১ করি ২:৯-১৩; ১ থিম ২:১৩; ২ তিম ৩:১৬; ১ পিতর ১:২৩-২৫; ২ পিতর ১:২০-২১; ৩:১৫-১৬)।

Bishop H. C. G. Moule in *The Life of Bishop Moule* বলেছেন,

“তিনি (খ্রীষ্ট) চূড়ান্ত ভাবে বাইবেলে নির্ভর করতেন, এবং, যদিও এখানে এমন কিছু রয়েছে যার কোন ব্যাখ্যা চলে না এবং জটিল যা আমাকে অনেকটা হতবাক করেছে, আমি যাইতেছি, কোন অন্ধ অর্থ ছাড়া, কিন্তু ভক্তির বইটিতে নির্ভর করি তাঁর কারণে” (পৃ..১৩৮)।

১০:৩৬ এই পদে যীশু দাবী করেছেন যে ঈশ্বর তাঁকে বেছে নিয়েছেন (বা “পবিত্রকরণ করেছেন” বা “শুচিকরণ করেছেন”) এবং তাঁকে পাঠিয়েছেন (মশীহ হিসাবে)। সেজন্য তিনি নিশ্চিত এই অধিকার রাখেন “ঈশ্বরের পুত্র” বলার। যেভাবে ইস্রায়েলে বিচারকেরা ঈশ্বরে প্রতিনিধিত্ব করতেন (গীত ৮২:৬), তিনি কথায় ও কাজে পিতার প্রতিনিধিত্ব করতেন। দেখুন বিশেষ বিষয়: পাঠান (*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

১০:৩৭ এটি ঠিক যোহন ১০:১৯-২১ পদে যা বলেছেন তাই-ই। যীশুর অলৌকিক কাজ প্রতিফলিত করেছে ঈশ্বরের কাজকে।

১০:৩৭,৩৮ “যদি. . . যদি” এগুলি হল first class conditional sentences। যীশু পিতার কাজ করতেন। যদি তাই হয়, তাহলে তাদের তাঁকে

বিশ্বাস করা উচিত, এই বিষয়ে নিশ্চিত হয়ে যে তিনি ও তাঁর পিতা এক (যোহন ১০:৩০, ৩৮)। দেখুন বিশেষ বিষয়: খাতে থাকা ১ যোহন ২:১০ পদ।

১০:৩৯ এটি অনেক বারের একবার যে যীশু তাদের এড়িয়ে গেছেন যারা তাঁকে আঘাত করতে চেষ্টা করেছে (লুক ৪:২৯-৩০; যোহন ৮:৫৯)। এটি অনিশ্চিত যে এই এড়িয়ে যাওয়া এই কারণে কি না (১) অলেওকিক কাজের কারণে বা (২) অন্যদের সঙ্গে যীশুর দৈহিক সাদৃশ্যতা, যেটি তাকে সুযোগ দিত জনতার ভীড়ে মিশে যাবার

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১০:৪০-৪২

^{৪০}এর পরে তিনি আবার যর্দন নদীর ওপারে গিয়ে থাকতে লাগলেন সেখানেই যোহন প্রথমে বাপ্তিস্ম দিতেন। ^{৪১}অনেক লোক যীশুর কাছে গেল এবং বলাবলি করতে লাগল, “যোহন কোন আশ্চর্য কাজ করেন নি বটে, কিন্তু তবুও তিনি এই লোকটির বিষয়ে যা যা বলেছিলেন তা সবই সত্যি।” ^{৪২}আর সেখানে অনেক লোক যীশুর উপরে বিশ্বাস করল। (অনুবাদকৃত টেক্সট)।

১০:৪০ এটি উল্লেখ করে trans-Jordan অঞ্চলকে যিরিহোর পরপারে, বৈথনিয়া নগরের নিকটে।

১০:৪১ আবার যোহন যীশুর বিষয়ে বাপ্তিস্ম দাতা যোহনের নিশ্চয়তার কথা বলেছেন (যোহন ১:৬-৮, ১৯:৪২; ৩:২২-৩০; ৫:৩৩)! এটি হতে পারে কোন কোন ধর্ম বিরুদ্ধার বিরুদ্ধে প্রতিবাদ যা বাপ্তিস্ম দাতা যোহনকে নিয়ে গড়ে উঠেছিল।

১০:৪২ যেভাবে যিহূদী নেতারা যীশুকে প্রত্যাখান করেছে, সেভাবে অনেক সাধারণ লোক (সেই দেশের লোক) তাঁর উপরে বিশ্বাসে সাদা প্রদান করেছে (যোহন ২:২৩; ৭:৩১; ৮:৩০)। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কেন যোহন প্রায়ই রূপককে মিশ্রিত করতেন (উদাহরণ: “যীশু শেষের খোয়াড়ের দরজা এবং উত্তম মেস পালক”)?
২. যোহন ১০ অধ্যায়ের ঐতিহাসিক প্রেক্ষাপট কি?
৩. “তাঁর জীবন দান করবেন” যীশুর বিষয়ে এর তাৎপর্য কি?
৪. কেন যিহূদীরা বার বার এই অভিযোগ করছিল যে যীশু ভূত-গ্রন্থ?
৫. কেন যীশুর কাজ এত গুরুত্বপূর্ণ?
৬. কিভাবে আমরা “বিশ্বাসীদের নিরাপত্তা” এর সাথে “পবিত্রগণের দৈর্ঘ্যধারণ” এ সম্পর্কযুক্ত?

কপিরাইট © 2013 Bible Lessons International

যোহন ১১

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
লাসারের মৃত্যু	লাসারের মৃত্যু	লাসারের জীবিত হয়ে ওঠা	লাসারের মৃত্যু	লাসারের পুনরায় জীবিত হয়ে ওঠা
১১:১-১৬	১১:১-১৬	১১:১-৬ ১১:৭-১৬	১১:১-৪ ১১:৫-৭ ১১:৮ ১১:৯-১১ ১১:১২ ১১:১৩-১৫ ১১:১৬	১১:১-৪ ১১:৫-১০ ১১:১১-১৬
যীশু পুনরুত্থান ও জীবন	আমিই পুনরুত্থান ও জীবন		যীশু পুনরুত্থান ও জীবন	
১১:১৭-২৭	১১:১৭-২৭	১১:১৭-২৭	১১:১৭-১৯ ১১:২০-২২ ১১:২৩ ১১:২৪ ১১:২৫-২৬ ১১:২৭	১১:১৭-২৭
যীশু কাঁদলেন	যীশু এবং শেষ শত্রু মৃত্যু		যীশু কাঁদলেন	
১১:২৮-৩৭	১১:২৮-৩৭	১১:২৮-৩৭	১১:২৮-৩১ ১১:৩২ ১১:৩৩-৩৪ ^ক ১১:৩৪ ^খ	১১:২৮-৩১

			১১:৩৫-৩৬	
লাসারের জীবন ফিরে পাওয়া	লাসারের মৃত্যু থেকে জীবিত হয়ে ওঠা		১১:৩৭ লাসারের জীবন ফিরে পাওয়া	
১১:৩৮-৪৪	১১:৩৮-৪৪	১১:৩৮-৪৪	১১:৩৮-৩৯ক	
			১১:৩৯খ	
			১১:৪০-৪৪	
				১১:৪৩-৪৪
যীশুকে মেরে ফেলার ষড়যন্ত্র	যীশুকে মেরে ফেলার ষড়যন্ত্র		যীশুর বিরুদ্ধে ষড়যন্ত্র	যিহূদী নেতারা যীশুর মৃত্যুর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে
১১:৪৫-৫৩	১১:৪৫-৫৭	১১:৪৫-৫৩	১১:৪৫-৪৮	১১:৪৫-৫৪
			১১:৪৯-৫২	
			১১:৫৩-৫৪	
১১:৫৪		১১:৫৪		নিস্তার পর্ব সন্নিহিত হল
১১:৫৫-৫৭		১১:৫৫-৫৭	১১:৫৫-৫৭	১১:৫৫-৫৭

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

ধর্মতত্ত্বগত সারাংশ

১১ অধ্যায়ের ধর্মতত্ত্বগত তাৎপর্য হল:

১. যীশুর ক্ষমতা ও কর্তৃত্বের চলমান প্রদর্শন।
২. লাসারের মৃত্যু একটি পরিকল্পনা ছিল যার মধ্যে দিয়ে ঈশ্বর যীশুকে একটি সুযোগ করে দেবেন গৌরবান্বিত হবার (যোহন ৯:৩)।
৩. মার্খার সঙ্গে যীশুর কথাবার্তা একটি সুযোগ করে দেবে মার্খার ভীষন দ্বিধাদ্বন্দ্ব এবং যীশুর আবার সুযোগ ঘটবে নিজেকে প্রকাশ করার (অর্থাৎ, পুনরুত্থান এবং জীবন, যোহন ১১:২৫)।

৪. যীশু এখন অনন্ত জীবন দেন (উপলব্ধিগত eschatology (শেষকালীন মতবাদ)। এটি প্রতিকিরণ ছিল লাসারের জীবিতকরণের। যীশু মৃত্যুর উপরে নিয়ন্ত্রণ করেন!
৫. এই রকম ক্ষমতাপূর্ণ অলৌকিক কাজের পরেও অবিশ্বাস চলতেই থাকলো (অর্থাৎ, ক্ষমার অযোগ্য পাপ, যোহন ৫:২১ পদে বিশেষ বিষয় দেখুন)!

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:১-১৬

^১ লাসার নামে বৈথনিয়া গ্রামের একজন লোকের অসুখ হয়েছিল, মরিয়ম ও তাঁর বোন মার্খা সেই গ্রামে থাকতেন। ^২ ইনি সেই মরিয়ম যিনি প্রভুর পায়ে সুগন্ধি আতর ঢেলে দিয়ে, নিজের চুল দিয়ে তাঁর পা মুছিয়ে দিয়েছিলেন, যে লাসারের অসুখ হয়েছিল তিনি ছিলেন এই মরিয়মের ভাই। ^৩ এইজন্য তাঁর বোনেরা যীশুকে এই কথা বলে পাঠালেন, “প্রভু, দেখুন, আপনি যাকে ভালবাসেন তার অসুখ হয়েছে।” ^৪ এই কথা শুনে যীশু বললেন, “এই অসুখ তার মৃত্যুর জন্য হয় নি, বরং ঈশ্বরের মহিমা প্রকাশের জন্যই হয়েছে, যেন এর মধ্য দিয়ে ঈশ্বরের পুত্রের মহিমা প্রকাশ পায়।” ^৫ মার্খা, তাঁর বোন ও লাসারকে যীশু ভালবাসতেন। ^৬ যখন যীশু লাসারের অসুখের কথা শুনলেন তখন তিনি যেখানে ছিলেন সেখানেই আরও দুদিন রয়ে গেলেন। ^৭ তারপর তিনি শিষ্যদের বললেন, “চল, আমরা আবার যিহূদিয়াতে যাই।” ^৮ শিষ্যেরা তাঁকে বললেন, “রবি, এই কিছুদিন আগে যিহূদীরা আপনাকে পাথর মারতে চেয়েছিলেন, আর আপনি আবার সেখানে যাচ্ছেন?” ^৯ যীশু উত্তর দিলেন, “দিনে কি বারো ঘণ্টা নেই? কেউ যদি দিনে চলাফেরা করে, সে উছোট খায় না, কারণ সে এই পৃথিবীর আলো দেখে।” ^{১০} কিন্তু যদি কেউ রাতে চলাফেরা করে, সে উছোট খায়, কারণ তার মধ্যে আলো নেই।” ^{১১} এই সব কথা বলবার পরে, যীশু শিষ্যদের বললেন, “আমাদের বন্ধু লাসার ঘুমিয়ে পড়েছে; কিন্তু আমি তাকে জাগাতে যাচ্ছি।” ^{১২} এতে শিষ্যেরা তাঁকে বললেন, “প্রভু, যদি সে ঘুমিয়েই থাকে, তবে সে ভাল হবে।” ^{১৩} যীশু লাসারের মৃত্যুর কথা বলছিলেন, কিন্তু তাঁর শিষ্যেরা ভাবলেন তিনি স্বাভাবিক ঘুমের কথাই বলছেন। ^{১৪} যীশু তখন স্পষ্ট করেই বললেন, “লাসার মারা গেছে, ^{১৫} কিন্তু আমি তোমাদের কথা ভেবে খুশী হয়েছি যে, আমি সেখানে ছিলাম না যাতে তোমরা বিশ্বাস করতে পার; চল আমরা লাসারের কাছে যাই।” ^{১৬} তখন থোমা, যাকে দিদুগম [যমজ] বলা হয়, তার সংগী-শিষ্যদের বললেন, “চল, আমরাও যাই, যেন তাঁর সংগে মরতে পারি।” (অনুবাদকৃত টেক্সট)।

১১:১ “একজন লোকের অসুখ হয়েছিল” এটি imperfect tense। এটি ইঙ্গিত দেয় যে সে অনেক দিন ধরেই অসুস্থ ছিল। যাহোক, imperfect tense অনুবাদ হতে পারে “অসুস্থ হওয়া শুরু হয়েছিল” হিসাবে।

□ “লাসার” এটি হল ইব্রীয় নাম “Eleazer,” যার অর্থ “ঈশ্বর সাহায্য করেন” বা “ঈশ্বর সাহায্যকারী।” যোহন ধরে নিয়েছেন যে পাঠকেরা মরিয়ম, মার্খা ও লাসারের সাথে যীশুর বন্ধুত্ব সম্পর্কে জানেন (লুক ১০:৩৮-৪২, Synoptic সূসমাচারে এটিই হল এদের সম্পর্কে একমাত্র উল্লেখ)।

□ “বৈথনিয়া” যোহন ১:২৮ এবং ১০:৪০ পদে উল্লেখিত বৈথনিয়া থেকে এটি ভিন্ন জায়গা, যেটি জর্দন নদীর তীরবর্তী যিরিহোর নিকটে ছিল। এই বৈথনিয়া যিরূশালেমের প্রায় দুই মাইল উত্তর পূর্বে জলপাই পর্বতের একই উচ্চভূমিতে অবস্থিত ছিল। যখন যীশু যিরূশালেমে আসতেন তখন এটি ছিল তাঁর প্রিয় থাকার জায়গা।

□ “মরিয়ম” এটি হল ইব্রীয় নাম “মিরিয়াম।”

□ “মার্খা” এটি হল “গৃহস্থামিনী” এর জন্য Aramaic টার্ম। এটা অস্বাভাবিক ছিল যে মার্খা, বড় বোন, তার নাম প্রথমে বলা হয়নি; হতে পারে লুক ১০:৩৮-৪২ পদের সঙ্গে সম্পর্কযুক্ত।

১১:২ “ইনি সেই মরিয়ম যিনি প্রভুর পায়ে সুগন্ধি আতর ঢেলে দিয়ে নিজের চুল দিয়ে তাঁর পা মুছিয়ে দিয়েছিলেন” ২ পদ যোহনের আর একটি সম্পাদকীয় মন্তব্য (অর্থাৎ, TEV, NET)। মরিয়মের এই ভক্তির (যোহন ১২:২-৮) বিবরণ মথি (যোহন ২৬:৬-১৩) ও মার্ক (যোহন ১৪:৩-৯) উভয়ের সঙ্গে সমান্তরাল। এই রকম অভিষেককারী মহিলার উল্লেখ লুক ৭:৩৬ থেকে কয়েকটি পদে রয়েছে যে হল অন্য একজন মহিলা।

এই পদ এমন একটি ঘটনার বর্ণনা দিচ্ছে যা তখনও সূসমাচারে লিপিবদ্ধ হয়নি। এটি ১২ অধ্যায়ে লিপিবদ্ধ হয়েছে। অনেকে মনে করেন যে এটি ইঙ্গিত দিচ্ছে যে যোহন আশা করছেন তার পাঠকেরা অন্য কোন সূত্র থেকে এই পরিবার সম্পর্কে জানে।

[বিশেষ বিষয়: বাইবেলে অভিষেক \(BDB 603\) \(SPECIAL TOPIC: ANOINTING IN THE BIBLE \(BDB 603\)\)](#)

১১:৩ “তাঁর বোনেরা যীশুকে এই কথা বলে পাঠালেন” তারা যীশুর কাছে একটি বার্তা পাঠিয়েছিল, যিনি তখন জর্দনের পরপারে পিরিয়াতে ছিলেন।

□ “আপনি যাকে ভালবাসেন, তার অসুখ হয়েছে” এটি এই পরিবারের সঙ্গে যীশুর অনন্য সম্পর্কের বিষয় দেখিয়ে দেয়। এটি হল গ্রীক টার্ম, *phileō*। যাহোক, Koine গ্রীকে, টার্ম *phileō* এবং *agapaō* একটির পরিবর্তে অন্যটি ব্যবহার যোগ্য (যোহন ১১:৫; ৩:৩৫; ৫:২০)।

১১:৪ “এই অসুখ তার মৃত্যুর জন্য হয় নি, বরং ঈশ্বরের মহিমা প্রকাশের জন্যই হয়েছে” এটি ইঙ্গিত দেয় যে যীশু জানতেন যে লাসার অসুস্থ হয়েছে। তিনি তাকে মরতে দিয়েছেন যেন পিতা তাঁর মধ্যে দিয়ে তাঁর ক্ষমতা দেখান লাসারকে মৃত্যু থেকে জীবন দান করার দ্বারা। অসুস্থতা এবং কষ্টভোগ অনেক সময় ঈশ্বরের ইচ্ছানুসারে ঘটে (যোহন ৯:৩, ইয়োবের পুস্তক; ২ করি ১২:৭-১০)।

▣ “ঈশ্বরের মহিমা” যীশুর কাজ “ঈশ্বরের মহিমা” প্রকাশ করে। যোহন ১:১৪ পদে বিশেষ বিষয় দেখুন।

▣ “যেন এর মধ্য দিয়ে ঈশ্বরের পুত্রের মহিমা প্রকাশ পায়” genitive শব্দগুচ্ছ “ঈশ্বরের” গ্রীক প্রাচীন papyri পাণ্ডুলিপি P⁴⁵ বা P⁶⁶ নেই। অসুস্থতা যীশু এবং পিতা উভয়েরই মহিমা বহন করে আনবে। এই প্রেক্ষাপটে যীশুর মহিমা খুব ভিন্ন রকম যা অন্যেরা আশা করতে পারে। যোহনের সমগ্র সুসমাচারে এই টার্ম উল্লেখ করেছে যীশুর ক্রুশবিদ্ধকরণ এবং তাঁর মহিমাম্বিত হওয়া। লাসারের পুনর্জীবন পাওয়া যীশুর মৃত্যুর জন্য যিহূদী নেতাদের আহবান জানানোর কারণ হয়ে দাঁড়ায়।

১১:৫ যোহনের আর একটি সম্পাদকীয় মন্তব্য (যোহন ১১:৩৬)।

১১:৬ “তখন তিনি যেখানে ছিলেন সেখানেই আরও দু’দিন রয়ে গেলেন” যীশু লাসারের মৃত্যু পর্যন্ত দেরী করলেন! যীশু জনপ্রিয় হতে চান নি। এই অসুখের পিছনে ঐশ্বরীক উদ্দেশ্য ছিল (যোহন ১১:১৫; ৯:৩)।

১১:৭ “তারপর তিনি শিষ্যদের বললেন, ‘চল, আমরা আবার যিহূদিয়াতে যাই’” এর পরের আলোচনা দেখায় যে শিষ্যরা খুব ভালভাবে সচেতন ছিলেন যে যিহূদীরা যীশুকে পাথর মারতে চেয়েছিল (যোহন ১১:৮; ৮:৫৪; ১০:৩১,৩৯)। শিষ্যরা এক অদ্ভুত মিশ্র প্রতিক্রিয়া দেখিয়েছে ভয় ও বিশ্বাস (উভয়ের ১১:১৬)। থোমাকে সব সময় ভাবা হয় সন্দেহপ্রবণ শিষ্য হিসাবে, কিন্তু এখানে সে যীশুর সঙ্গে মরতে ইচ্ছুক (যোহন ১১:১৬)।

Michael Magill, *NT TransLine* (p. 345 #43) একটি ভাল পর্যবেক্ষণ তুলে ধরেছেন যোহন ১০:৭ পদের “চল যাই” পরিবর্তিত হয়েছে যোহন ১১:১১ পদে “কিন্তু আমি যাই।” শিষ্যরা ভীত এবং সন্দেহপ্রবণ ছিল, কিন্তু যীশু নিশ্চিত ছিলেন। ইনি হলেন থোমা যিনি যীশুর সঙ্গে যোগ দিয়েছিলেন (চল যাই) যোহন ১১:১৬ পদে!

১১:৯-১০ এটা হতে পারে একটি উপায় এই অধ্যায়ের সঙ্গে আগের ৮:১২ পদ ও ৯:৪-৫ পদের সংযোগ স্থাপনের (যোহন ১২:৩৫)। ৯ পদ আশা করে “হ্যাঁ” উত্তর।

স্পষ্ট তুলনা রয়েছে তাদের মধ্যে যারা ঈশ্বরের ইচ্ছা অনুসরণ করে (অর্থাৎ, যীশু) এবং যারা করে না (যোহন ১১:১০, যিহূদীরা)। যীশু আসলে যেখানে ঈশ্বর তাঁকে পরিচালনা দেন সেখানে যেতে ভুল করেন না, কারণ তিনিই জগতের জ্যোতি!

আলো এবং অন্ধকারের মধ্যকার তুলনা যিহূদী প্রজ্ঞা সাহিত্যের একটি বৈশিষ্ট্য এবং Qumran লেখনীর (অর্থাৎ, “আলোর পুত্রগণের বিপরিতে অন্ধকারের পুত্রগণ” অথবা “আলোর পুত্রগণের যুদ্ধের বিপরিতে অন্ধকারের পুত্রগণ পুঁথি”)।

▣ “যদি... যদি” উভয়ই third class conditional sentences যার অর্থ সাভাব্য কাজ করা।

১১:১১ “আমাদের বন্ধু লাসার যুঁজিয়ে পড়েছে” verb হল Perfect passive indicative। শিষ্যরা প্রায়ই যীশুকে ভুল বুঝতেন কারণ তারা তাঁকে খুবই আক্ষরিক ভাবে নিতেন (যোহন ১১:১৩)। যীশু এই রূপক ব্যবহার করেছেন মৃত্যুর জন্য যেটি পুরাতন নিয়মের ব্যবহার প্রতিফলিত করে (দ্বি বি ৩১:১৬; ২ শমু ৭:১২; ১ রাজা ১:২১; ২:১০; ১১:২১,৪৩; ১৪:২০, ইত্যাদি)। ইংরাজি টার্ম “সমাধিস্থান” এসেছে গ্রীক টার্ম “ঘুমানো” এর মত একই মূল থেকে।

১১:১২ “যদি” এটি হল একটি যেটি সত্য বলে ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যের দিক থেকে।

▣ “সে ভাল হবে” আক্ষরিক ভাবে এই টার্ম “উদ্ধার পাওয়া” এর পুরাতন নিয়মের ব্যবহার “দৈহিক মুক্তি” হিসাবে (যাকোব ৫:১৫)। আবার শিষ্যরা যীশুকে ভুল বুঝলো কারণ তারা তাঁর রূপকগত ভাষাকে (অর্থাৎ, ঘুমানো) আক্ষরিক ভাবে নিয়েছিল। যীশুর শ্রোতাদের এই ভুল বোঝাবুঝি যোহন সুসমাচারের একটি বৈশিষ্ট্য (অর্থাৎ, যোহন ১১:২৩-২৪)। তিনি উপর থেকে-তারা নিচ থেকে। আত্মার সাহায্য ছাড়া (অর্থাৎ, পঞ্চগশতমী) তারা বুঝতে পারে না!

১১:১৩ এটি যোহনের আর একটি সম্পাদকীয় মন্তব্য।

১১:১৪ “যীশু তখন স্পষ্ট করেই বললেন” দেখুন বিশেষ বিষয়: *Parrhēsia* যোহন ৭:৪ পদে।

১১:১৫ “কিন্তু আমি তোমাদের কথা ভেবে খুশী হয়েছি যে আমি সেখানে ছিলাম না, যাতে তোমরা বিশ্বাস করতে পার” যীশু বলতে চেয়েছিলেন যে লাসারের মৃত্যু থেকে জীবন পাওয়ার কারণ ছিল না যে তাঁর সঙ্গে তার বন্ধুত্ব অথবা মার্খা ও মরিয়ামের শোকের কারণে, কিন্তু (১) শিষ্যদের বিশ্বাস বাড়ানো (১৪ পদ) এবং (২) যিহূদী লোকদের বিশ্বাসকে উৎসাহ যোগানো (যোহন ১১:৪২)। যোহনে বিশ্বাস একটি প্রক্রিয়া। কখনও কখনও এর উন্নয়ন হয় (অর্থাৎ,

শিষ্যদের, যোহন ২:১১), কখনও কখনও হয় না (অর্থাৎ, যারা দর্শক, যোহন ৮:৩১-৫৯)।

১১:১৬ এই পদ স্পষ্ট ভাবে থোমার বিশ্বাসকে দেখায়। সে যীশুর সঙ্গে মরতে ইচ্ছুক ছিল। শিষ্যদের দরকার ছিল যীশুর মৃত্যুর উপরে যে ক্ষমতা আছে তা দেখান, মৃত্যু যা মানব জাতির সবচেয়ে ভয়ের।

থোমা নামটি “যমজ” এর জন্য Aramaic শব্দ প্রতিফলিত করে (আর একটি সম্পাদকীয় মন্তব্য), যেরকম গ্রীকে দিগ্‌দুম। Synoptics তাকে একজন প্রেরিত বলে তালিকা করেছে (মথি ১০:৩; মার্ক ৩:১৮; লুক ৬:১৫); যোহন সুসমাচার প্রায়ই তার কথা বলেছে (যোহন ১১:১৬; ১৪:৫; ২০:২৪-২৯; ২১:২)। দেখুন বিশেষ বিষয়: প্রেরিতদের নামের তালিকা যোহন ১:৪৫ পদ।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:১৭-২৭

^{১৭} যীশু সেখানে পৌঁছে জানতে পারলেন যে, চার দিন আগেই লাসারকে কবর দেওয়া হয়েছে। ^{১৮} যিরুশালেম থেকে বৈথনিয়া নিকটে ছিল, প্রায় দুই মাইল দূরে ছিল; ^{১৯} যিহূদীদের মধ্যে অনেকেই মার্খা ও মরিয়মকে তাঁদের ভাইয়ের মৃত্যুর জন্য সান্ত্বনা দিতে এসেছিল। ^{২০} যীশু আসছেন শুনে, মার্খা তাঁর সংগে দেখা করতে গেলেন, কিন্তু মরিয়ম ঘরে বসে রইলেন। ^{২১} মার্খা যীশুকে বললেন, “প্রভু, আপনি যদি এখানে থাকতেন, তবে আমার ভাই মারা যেত না।” ^{২২} কিন্তু আমি জানি যে আপনি এখনও ঈশ্বরের কাছে যা চাইবেন, ঈশ্বর তা আপনাকে দেবেন।” ^{২৩} যীশু তাঁকে বললেন, “তোমার ভাই আবার জীবিত হয়ে উঠবে।” ^{২৪} তখন মার্খা তাঁকে বললেন, “আমি জানি যে শেষ দিনে মৃত লোকেরা যখন জীবিত হয়ে উঠবে তখন সেও উঠবে।” ^{২৫} যীশু মার্খাকে বললেন, “আমিই পুনরুত্থান ও জীবন; যে আমার উপর বিশ্বাস করে সে মরলেও জীবিত হবে, ^{২৬} আর যে জীবিত আছে এবং আমার উপর বিশ্বাস করে সে কখনও মরবে না। তুমি কি এই কথা বিশ্বাস কর?” ^{২৭} মার্খা তাঁকে বললেন, “হ্যাঁ, প্রভু; আমি বিশ্বাস করি যে জগতে যাঁর আসবার কথা আছে আপনিই সেই খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র।” (অনুবাদকৃত টেক্সট)।

১১:১৭ “চার দিন আগেই লাসারকে কবর দেওয়া হয়েছে” রাবিরা বলেছেন যে মানবের আত্মা তিন দিন ধরে দৈহিক দেহের কাছাকাছি অবস্থান করে। যীশু চার দিন অপেক্ষা করলেন এটা নিশ্চিত করতে যে লাসার সত্যিকার ভাবে মরেছিলেন এবং তিনি সকল রাবিদের প্রত্যাশার বাইরে চলে গেছেন।

১১:১৮ “প্রায় দুই মাইল” ১৮ পদ হল যোহনের আর একটি সম্পাদকীয় মন্তব্য। আঙ্গুরিক ভাবে এটি “পনের ফারলং।”

১১:১৯ যিহূদীদের মধ্যে অনেকেই মার্খা ও মরিয়মের কাছে এসেছিল” এটি “যিহূদীরা” টার্মের একটি অস্বাভাবিক neutral ব্যবহার, যেটি সাধারণত যোহন যীশুর শত্রুদের উল্লেখ করতে ব্যবহার করেছেন। যাহোক, এই প্রসঙ্গে, এটি সহজ ভাবে বরোছে যিরুশালেম নিবাসীদের যারা এই পরিবারকে জানতেন (যোহন ১১:৩১,৩৩,৪৫)। যীশু যিরুশালেমের লোকদের ভালবাসতেন এবং তাদের কাছে লাসারের জীবিত হয়ে ওঠার মধ্যে দিয়ে পৌছাতে চেষ্টা করেছেন।

১১:২০ “মরিয়ম ঘরে বসে রইলেন” যিহূদীদের শোকের সময়ের সাধারণ অবস্থান ঘরের মেঝেতে বসে শোক করা।

বিশেষ বিষয়: শোকের অনুষ্ঠানিকতা (SPECIAL TOPIC: GRIEVING RITES)

১১:২১,৩২ “মার্খা বললেন, . . আপনি যদি এখানে থাকতেন, তবে আমার ভাই মারা যেত না” এটি একটি second class conditional sentence যাকে বলা হয় “সত্যের বিপরিত।” এই জন্য এটা বুঝতে হবে, “যদি আপনি আমাদের সঙ্গে এখানে থাকতেন, কিন্তু আপনি ছিলেন না, আমার ভাই মারা যেত না, কিন্তু সে মারা গেছে।” মার্খা আর মরিয়মের যীশুর সঙ্গে কথা (যোহন ১১:৩২) ঠিক একই রকম ছিল। তারা অবশ্যই এই চার দিন শোকের সময়ে বার বার এই বিষয়টি আলোচনা করেছে। এই দুই মহিলা যীশুর সঙ্গে যথেষ্ট সান্ত্বনা অনুভব করতে চেয়েছেন তাঁকে তাদের নিরাশার কথা বলে যে তিনি তাদের কাছে আরও আগে আসেন নাই।

১১:২২ “কিন্তু আমি জানি যে আপনি এখনও ঈশ্বরের কাছে যা চাইবেন, ঈশ্বর তা আপনাকে দেবেন” এটা অনিশ্চিত যে মার্খা যীশুকে ঠিক কি করার কথা বলছিলেন, কারণ যোহন ১১:৩৯ পদে তিনি লাসারের জীবিত হয়ে ওঠায় বিশ্বাস হয়েছিলেন।

১১:২৩-২৪ “তোমার ভাই আবার জীবিত হয়ে উঠবে” ফরীশীদের মত মার্খারও একই রকমের ধর্মতাত্ত্বিক দৃষ্টিভঙ্গি মৃত্যুর পরবর্তী জীবন সম্পর্কে, ফরীশী যারা বিশ্বাস করতো শেষ দিনে দেহ জীবিত হয়ে উঠবে। এই দৃষ্টিভঙ্গির কিছু কিছু সীমাবদ্ধ পুরাতন নিয়মের শাস্ত্রীয় প্রমাণ আছে (দানি ১২:২; ইয়োব ১৪:১৪; ১৯:২৫-২৭)। যীশু যিহূদীদের এই উপলব্ধিকে তাঁর ক্ষমতা ও কৃর্তৃত্বের নিশ্চয়তার দিকে উল্টে দিয়েছেন (যোহন ১১:২৫; ১৪:৬)।

১১:২৪ “শেষ দিনে” যদিও এটি সত্যি যে যোহন জোর দিয়েছেন তাৎক্ষণিক পরিব্রাণের উপরে (উপলব্ধিগত eschatology), তিনি এখনও আশা করছেন শেষ কালীন সম্পূর্ণতা। এটি বেশ কয়েকটি উপায়ে প্রকাশ হয়েছে।

১. একটি বিচার/পুনরুত্থান দিন (যোহন ৫:২৮-২৯; ৬:৩৯-৪০,৪৪,৫৪; ১১:২৪; ১২:৪৮)
২. “সময়” (যোহন ৪:২৩; ৫:২৫,২৮; ১৬:৩২)
৩. খ্রীষ্টের ২য় আগমন (যোহন ১৪:৩; এটি সম্ভব যে ১৪:১৮-১৯,২৮ এবং ১৬:১৬,২২ পদ উল্লেখ করে যীশুর পুনরুত্থান পরবর্তী দেখা দান এবং eschatological আগমন নয়)

১১:২৫ “যীশু মার্খাকে বললেন, ‘আমিই পুনরুত্থান ও জীবন’ যীশুর সাতটি ‘আমি আছি’ মন্তব্যের এটি আর একটি। লাসারের মৃত্যুর সময়েও, মার্খা

উৎসাহিত হয়েছিল বিশ্বাস করতে যে সে জীবিত হবে। এই আশার শিকড় নিহিত পিতা ও যীশুর ব্যক্তিত্ব ও ক্ষমতায় (যোহন ৫:২১)। যোহন ৮:১২ পদে নোট দেখুন।

বিশ্বায়কর ভাবে প্রাচীন papyrus পাতুলিপি (অর্থাৎ, P⁴⁵) এবং কিছু কিছু প্রাচীন Latin, Syrian সংস্করণ, এবং Diatessaron রা “এবং জীবন” শব্দ বাদ দিয়েছে। UBS³ তাদের অর্ন্তভুক্তিকে দিয়েছে "B" রেটিং, কিন্তু UBS⁴ তাদের অর্ন্তভুক্তিকে দিয়েছে "A" রেটিং (নির্দিষ্ট)।

১১:২৬ “আর যে জীবিত আছে এবং আমার উপর বিশ্বাস করে সে কখনও মরবে না” বেশ কয়েকটি তাৎপর্য পূর্ণ syntactical (শব্দ গঠনরূপের নিয়ম-কানুন) সুবিধা রয়েছে এই টেক্সটে।

১. সার্বজনীন pronoun “সকলে”
২. present participles, যেটি দেখায় অবিরত বিশ্বাসের প্রয়োজনীয়তাকে (যোহন ১১:২৫,২৬)
৩. দৃঢ় double negative মৃত্যুর সাথে সংযুক্ত, “কখনই হবে না, কখনই মরবে না,” যেটি স্পষ্টত উল্লেখ করে আত্মিক মৃত্যুর বিষয়।

যোহনে বিশ্বাসীদের জন্য অনন্ত জীবন হল বর্তমান বাস্তবতা, কেবল মাত্র কিছু ভবিষ্যতের ঘটনা নয়। লাসার অর্থ যীশুর কথাকে দেখিয়েছে! যোহনের কাছে, অনন্ত জীবন বর্তমান বাস্তবতা।

১১:২৭ “হ্যাঁ, প্রভু; আমি বিশ্বাস করি যে জগতে যাঁর আসবার কথা আছে আপনিই সেই খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র” এটি বলা হয়েছে perfect tense এ। এটি মার্খার একটি ক্ষমতাপূর্ণ স্বীকারোক্তি যীশু প্রতিজ্ঞাত মশীহ হিসাবে তাঁর উপরে তার ব্যক্তিগত বিশ্বাস সম্পর্কে। এটি ধর্মতত্ত্বগত ভাবে কৈসারিয়াতে পিতরের স্বীকারোক্তির সমরূপ (মথি ১৬)।

সে বেশ কয়েকটি উপাধি ব্যবহার করেছে তার বিশ্বাসকে প্রকাশ করতে।

১. খ্রীষ্ট যেটি ছিল মশীহ, অভিষিক্ত জন, এর গ্রীক অনুবাদ)
২. ঈশ্বরের পুত্র (মশীহের পুরাতন নিয়মের একটি উপাধি)
৩. যিনি আসছেন (আর একটি পুরাতন নিয়মের ঈশ্বরের প্রতিজ্ঞাত জনের উপাধি যিনি ধার্মিকতার নূতন যুগ নিয়ে আসবেন, যোহন ৬:১৪)।

যোহন সত্য প্রকাশ করতে কথোপকথন ব্যবহার করেছেন সাহিত্য কৌশল হিসাবে। যোহন সুসমাচারে বেশ কয়েকটি যীশুতে বিশ্বাসের বেশ কয়েকটি স্বীকারোক্তি রয়েছে (যোহন ১:২৯,৩৪,৪১,৪৯; ৪:৪২; ৬:১৪,৬৯; ৯:৩৫-৩৮; ১১:২৭)। দেখুন বিশেষ বিষয়: বিশ্বাস করার ব্যবহার যোহন ২:২৩ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:২৮-২৯

^{২৮} এই কথা বলে, মার্খা গিয়ে তাঁর বোন মরিয়মকে গোপনে ডেকে বললেন, “শুরু এখানে আছেন ও তোমাকে ডাকছেন।” ^{২৯} মরিয়ম এই কথা শুনে, তাড়াতাড়ি উঠে যীশুর কাছে গেলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১১:২৮ “শুরু” NASB Study Bible (p. 1540) দারণ একটি মন্তব্য করেছে, “একজন মহিলা কর্তৃক একটি তাৎপর্যপূর্ণ বর্ণনা দান। রাব্বিরা মহিলাদের শিক্ষা দেবে না (যোহন ৪:২৭), কিন্তু যীশু তাদের প্রায়ই শিক্ষা দিতেন।”

বিশেষ বিষয়: বাইবেলে মহিলারা (SPECIAL TOPIC: WOMEN IN THE BIBLE)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:৩০-৩৭

^{৩০} যীশু তখনও গ্রামে এসে পৌঁছান নি, মার্খা যেখানে তাঁর সংগে দেখা করেছিলেন সেখানেই ছিলেন। ^{৩১} যে যিহূদীরা মরিয়মের সংগে ঘরে থেকে তাঁকে সান্তনা দিচ্ছিল, তারা মরিয়মকে তাড়াতাড়ি উঠে বাইরে যেতে দেখে, তাঁর পিছনে পিছনে গেল, তারা ভাবল যে মরিয়ম কবরের কাছে কাঁদতে যাচ্ছেন। ^{৩২} সেজন্য, যীশু যেখানে ছিলেন মরিয়ম সেখানে গেলেন, আর তাঁকে দেখতে পেয়ে, তাঁর পায়ের উপর পড়ে বললেন, “প্রভু, আপনি যদি এখানে থাকতেন তবে আমার ভাই মারা যেত না।” ^{৩৩} যীশু মরিয়মকে, এবং তাঁর সংগে যে যিহূদীরা এসেছিল তাদেরও কাঁদতে দেখে, আত্মাতে উত্তেজিত হয়ে উঠলেন এবং উদ্ভিন্ন হলেন, ^{৩৪} তিনি তাদের বললেন, “লাসারকে কোথায় রেখেছ?” তারা বলল, “প্রভু, এসে দেখুন।” ^{৩৫} তখন যীশু কাঁদলেন। ^{৩৬} তাতে যিহূদীরা বলল, “দেখ, উনি লাসারকে কত ভালবাসতেন!” ^{৩৭} কিন্তু যিহূদীদের মধ্যে কেউ কেউ বলল, “অন্ধের চোখ যিনি খুলে দিয়েছেন তিনি কি এমন কিছু করতে পারতেন না যাতে লোকটি মারা না যেত?” (অনুবাদকৃত টেক্সট)।

১১:৩০ এটি প্রেরিতিক লেখকের আর একটি প্রত্যক্ষদর্শীর বিবরণ।

১১:৩৩

NASB “আত্মাতে উত্তেজিত হয়ে উঠলেন এবং উদ্ভিন্ন হলেন”

NKJV “আত্মাতে দুঃখিত হয়ে উঠলেন এবং উদ্ভিন্ন হলেন”

NRSV “আত্মাতে দারণ ভাবে উদ্ভিন্ন হলেন এবং গভীর ভাবে পরিচালিত হলেন”

NJB “যীশু দারণ ভাবে উদ্ভিন্ন হলেন এবং দীর্ঘশ্বাস ছাড়লেন”

এটি আক্ষরিক ভাবে হল “আত্মায় দীর্ঘশ্বাস ছাড়া।” এই বাগধারা সাধারণত ব্যবহৃত হয় ক্রোধের জন্য (দানি ১১:৩০[LXX]; মার্ক ১:৪৩; ১৪:৫)। কিন্তু এই প্রসঙ্গে অনুবাদ দেখায় গভীর আবেগ প্রিয়জনের পক্ষে (যোহন ১১:৩৮)। যদিও বেশ কিছু ব্যাখ্যাকারক এই দৃঢ় আবেগকে দেখেন, সাম্ভাব্য রাগ, সরাসরি মৃত্যুর উপরে, যীশুর সত্যিকারের মানবিক আবেগ ছিল (যোহন ১১:৩৩,৩৫,৩৬,৩৮) এবং তিনি এখানে এটি দেখালেন তাঁর বন্ধুর

জন্য।

১১:৩৫ “যীশু কাঁদলেন” এটি হল বাইবেলে সবচেয়ে ছোট পদ। মৃত্যু এই পৃথিবীর জন্য ঈশ্বরের ইচ্ছা নয়। এটি হল মানবের বিদ্রোহের ফল। যীশু প্রিয়জন হারানোর বেদনা অনুভব করেছেন। তিনি অনুভব করেছেন তাঁর সব অনুসারীদের জীবন অভিজ্ঞতা!

যীশুর ক্রন্দন ছিল নিরব, ব্যক্তিগত ধরণের, যোহন ১১:৩৩ পদে উল্লেখিত প্রকাশ্য শোকের ক্রন্দন নয়।

১১:৩৭ এই প্রশ্ন আশা করে “হ্যাঁ” উত্তর। এটি ছিল যোহন ১১:২১ পদে মার্খার মতামত এবং যোহন ১১:৩২ পদে মরিয়মের মতামত

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:৩৮-৪৪

^{৩৮} এতে যীশু অন্তরে আবার অস্থির হলেন, এবং কবরের কাছে গেলেন। কবরটা ছিল একটা গুহা, সেই গুহার মুখে একটা পাথর বসানো ছিল। ^{৩৯} যীশু বললেন, “পাথরখানা সরানো।” যিনি মারা গেছেন, তাঁর বোন মার্খা যীশুকে বললেন, “প্রভু, এখন দুর্গন্ধ হয়েছে, কারণ চার দিন হল সে মারা গেছে।” ^{৪০} যীশু মার্খাকে বললেন, “আমি কি তোমাকে বলি নি, যদি তুমি বিশ্বাস কর তবে ঈশ্বরের মহিমা দেখতে পাবে?” ^{৪১} তখন লোকেরা পাথরখানা সরিয়ে দিল। যীশু উপরের দিকে তাকালেন, এবং বললেন, “পিতা, তুমি আমার কথা শুনেছ বলে আমি তোমাকে ধন্যবাদ দিই।” ^{৪২} অবশ্য আমি জানি সব সময়ই তুমি আমার কথা শুনে থাক; কিন্তু যে সব লোক চারপাশে দাঁড়িয়ে আছে তারা যেন বিশ্বাস করতে পারে যে, তুমি আমাকে পাঠিয়েছ, সেইজন্যই এই কথা বললাম।” ^{৪৩} এই কথা বলবার পরে, যীশু জোরে ডাক দিয়ে বললেন, “লাসার, বের হয়ে এস।” ^{৪৪} যিনি মারা গিয়েছিলেন তিনি তখন কবর থেকে বের হয়ে আসলেন, তাঁর হাত-পা কবরের কাপড়ে জড়ানো ছিল এবং তাঁর মুখ রুমালে বাঁধা ছিল। যীশু লোকদের বললেন, “ওর বাঁধন খুলে দাও, আর ওকে যেতে দাও।” (অনুবাদকৃত টেক্সট)।

১১:৩৮ “একটি গুহা” এই সময়ে প্যালেস্টাইনে কবর ছিল হয়

১. প্রাকৃতিক গুহা (*Baba Bathra* 6:8)
২. পাহাড়ের গুহা তৈরী করা হতো এবং মুখ বন্ধ করা হতো গোলাকার পাথর দিয়ে যেটি গড়িয়ে দেওয়া হতো
৩. গর্ত খোঁড়া হতো মাটিতে এবং বড় পাথর দিয়ে মুখ ঢেকে দেওয়া হতো

যিরূশালেম অঞ্চলের প্রত্নতাত্ত্বিক অধ্যয়ন থেকে option #1 উপযুক্ত ভাবে খাপ খায়।

১১:৩৯ “পাথরখানা সরানো” একটি বড় পাথর গুহা মুখে গড়িয়ে দেওয়ার পদ্ধতি ব্যবহৃত হতো লুটেরা ও পশুদের হাত থেকে কবর রক্ষার জন্য।

□ “চার দিন হল সে মারা গেছে” এটি গ্রীক বাগধারা, আক্ষরিক ভাবে “একজন চারদিনের মানুষ।”

১১:৪০ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ কাজটি সম্ভব। এই পদ একটি প্রশ্ন যেটি “হ্যাঁ” উত্তর আশা করে।

□ “ঈশ্বরের মহিমা” ঈশ্বরের মহিমা প্রকাশিত হয়েছিল যীশুর কাজে (যোহন ১১:৪)। যোহন ১:১৪ পদে fuller নোট দেখুন।

১১:৪১ “যীশু উপরের দিকে তাকালেন” যিহুদীদের প্রার্থনার স্বাভাবিক ভঙ্গি হাত এবং চোখ (খোলা) উপরের দিকে তুলে ধরা। এটি প্রার্থনার জন্য একটি বাগধারা (যোহন ১৭:১)।

□ “যে তুমি আমার কথা শুনেছ” যীশুর পিতার কথা “শোনেন” (যোহন ৮:২৬,৪০; ১৫:১৫) এবং পিতা তাঁর কথা “শোনেন।” যারা যীশুর কথা “শোনে” তারা অনন্ত জীবন পায়। এটি হল চলমান শব্দের খেলা “দেখা” ও “শোনা” এর উপরে “গ্রহণ করা”-র (যোহন ১:১২) এবং “বিশ্বাস করা” (যোহন ৩:১৬) এর সমান্তরাল হিসাবে। লাসার যীশুর রব শুনেছিল এবং জীবিত হয়ে উঠেছিল।

১১:৪২ এখান বর্ণিত হয়েছে যীশুর প্রার্থনা ও অলৌকিক কাজের উদ্দেশ্য। যীশু প্রায়ই অলৌকিক কাজ করতেন শিষ্যদের বিশ্বাসে উৎসাহ দেবার জন্য, এবং এই ক্ষেত্রে যিরূশালেমের যিহুদীদের বিশ্বাসে উৎসাহিত করার জন্য।

ধর্মতত্ত্বগত ভাবে যীশু আবার তাঁর কাজের মধ্যে দিয়ে পিতার কর্তৃত্ব ও অগ্রগণ্যতাকে বড় করে তুলে ধরেছেন (যোহন ৫:১৯,৩০; ৮:২৮; ১২:৪৯; ১৪:১০)। এই অলৌকিক কাজ প্রকাশ করেছে যীশুর পিতার সাথে ঘনিষ্ঠ সম্পর্ককে। দেখুন বিশেষ বিষয়: পাঠান (*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

১১:৪৩ “যীশু জোরে ডাক দিয়ে বললেন, ‘লাসার, বের হয়ে এস’” এটা বলা হয়ে থাকে যে যদি যীশু নির্দিষ্ট ভাবে লাসারের নাম ধরে না ডাকতেন তবে সব কবরস্থিত লোকেরা বেরিয়ে আসতো!

১১:৪৪ সমাধির জন্য দেহ প্রস্তুত করা হতো জল দ্বারা ধৌত করে, তারপর লিলেন কাপড়ের ফালি দিয়ে দেহটি জড়ানো হতো মাঝে মসলা দেওয়া হতো যা সুগন্ধি দিত। চব্বিশ ঘন্টার মধ্যে মৃতদেহ সংস্কার করতে হতো কারণ যিহুদীরা তাদের মৃতদেহ সংরক্ষণ করতো না।

বিশেষ বিষয়: সমাধি অনুশীলন (SPECIAL TOPIC: BURIAL PRACTICES)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:৪৫-৪৬

^{৪৫} মরিয়মের কাছে যে সব যিহুদীরা এসেছিল, তাদের মধ্যে অনেকেই যীশুর এই কাজ দেখে, তাঁর উপর বিশ্বাস করল। ^{৪৬} কিন্তু তাদের মধ্যে কেউ কেউ ফরীশীদের কাছে গিয়ে যীশু যা করেছিলেন তা বলল। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৪৫ “যে সব যিহুদীরা এসেছিল. . . তাঁর উপরে বিশ্বাস করল” এটি সুসমাচারের বর্ণিত মূল ভাব(theme) (যোহন ২০:৩০-৩১)। এই শব্দগুচ্ছ একটি নমুনা হয়েছে (যোহন ২:২৩; ৭:৩১; ৮:৩০; ১০:৪২; ১১:৪৫; ১২:১১,৪২)। যাহোক, এটি অবশ্যই পুনর্বীর বর্ণিত যে যোহনের সুসমাচারে বিশ্বাস রয়েছে কয়েকটি স্তরে এবং আর এটি সব সময় উদ্ধারকারী বিশ্বাস নয় (যোহন ২:২৩-২৫; ৮:৩০ থেকে কয়েকটি পদ)। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

১১:৪৬ “তাদের মধ্যে কেউ কেউ ফরীশীদের কাছে গিয়ে, যীশু যা করেছিলেন তা বলল” এটি সত্যিই আত্মিক অন্ধত্বের বিষয়কর একটি ধাপ এই ধরণের চমৎকার শিক্ষা ও পরাক্রমী অলৌকিক কাজের পরেও। যাহোক, যীশু তাদের মধ্যে সকল দলকে ভাগ করে ফেললেন একদল যারা তাঁকে নির্ভরতা রেখেছে এবং আর একটি দল যারা তাঁর বিষয়ের সত্যকে প্রত্যাখান করেছে। এমনকি এরকম একটি পরাক্রমী অলৌকিক কাজও বিশ্বাস আনতে পারে নাই (লুক ১৬:৩০-৩১)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:৪৭-৫৩

^{৪৭} তখন প্রধান পুরোহিতেরা ও ফরীশীরা সভা করে বলতে লাগলেন, “আমরা এখন কি করি? এই লোকটা তো অনেক আশ্চর্য কাজ করছে। ^{৪৮} আমরা যদি তাঁকে এইভাবে চলতে দিই, তবে সবাই তার উপরে বিশ্বাস করবে, আর রোমীয়েরা এসে আমাদের স্থান এবং আমাদের জাতিকে কেড়ে নেবে।” ^{৪৯} তাদের মধ্যে কাইয়াফা নামে একজন, সেই বছরের মহাপুরোহিত ছিলেন, তিনি তাঁদের বললেন, “তোমরা কিছুই জান না, ^{৫০} আর ভেবেও দেখ না যে গোটা জাতিটা নষ্ট হওয়ার চেয়ে বরং সমস্ত লোকের বদলে একজন মানুষের মৃত্যু অনেক ভাল।” ^{৫১} কাইয়াফা যে নিজে থেকে এই কথা বলেছিলেন তা নয়, কিন্তু তিনি ছিলেন সেই বছরের মহাপুরোহিত, সেইজন্য তিনি ভবিষ্যতের কথা বলেছিলেন যে যিহুদী জাতির জন্য যীশুই মরবেন, ^{৫২} কেবল যিহুদী জাতির জন্যই নয়, কিন্তু ঈশ্বরের যে সন্তানেরা চারদিকে ছড়িয়ে রয়েছে তাদের জড়ো করে এক করবার জন্যও তিনি মরবেন। ^{৫৩} সেই দিন থেকে যিহুদী নেতারা যীশুকে মেরে ফেলবার ষড়যন্ত্র করতে লাগলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৪৭ “প্রধান পুরোহিতেরা ও ফরীশীরা, সভা করে বলতে লাগলেন” এটি মহাসভার কথা উল্লেখ করছে, যিরূশালেমের যিহুদীদের সর্বোচ্চ পরিষদ। এই সভার ছিল ৭০ জন সদস্য। মহা পুরোহিত ছিলেন রাজনৈতিক, ধর্মীয় প্রভাবকারী সদ্ধকী হিসাবে পরিচিত ছিলেন, যিনি কেবল মাত্র মোশির লেখাকে গ্রহণ করেছেন এবং পুনরুত্থানকে প্রত্যাখান করেছেন। ফরীশীরা আরও জনপ্রিয় ছিল, গোড়া নিয়মতান্ত্রিক ধর্মীয় দল যা নিশ্চিত করেছিল (১) সমগ্র পুরাতন নিয়ম; (২) দূতদের পরিচর্যা; (৩) এবং মৃত্যু পরবর্তী জীবন। এটি চমকপ্রদ ছিল যে এই দুই পরস্পর বিরোধী দল যে কোন উদ্দেশ্যে একত্রে মিলিত হতো। দেখুন [বিশেষ বিষয়: ফরীশী \(SPECIAL TOPIC: PHARISEES\)](#) যোহন ১:২৪ পদে। দেখুন বিশেষ বিষয়: মহাসভা যোহন ৩:১ পদে।

□ “এই লোকটা তো অনেক আশ্চর্য কাজ করছে” “এই লোকটা” বলে তারা হীন ভাবে যীশুকে উল্লেখ করছে তাঁর নাম উল্লেখ না করে। এটি আরও চমকপ্রদ যে এই রকম পরাক্রমী অলৌকিক কাজ দেখেও, যেমন লাসারের জীবন ফিরে পাওয়া, তাদের পূর্ব ধারণালব্ধ পক্ষপাত তাদের চোখ সম্পূর্ণ ভাবে অন্ধ করেছিল (২ করি ৪:৪)।

১১:৪৮ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সাস্থ্যব্যব কাজ।

□ “সবাই তার উপরে বিশ্বাস করবে” ঈর্ষা ও সেই সঙ্গে ধর্মতান্ত্রিক মতপার্থক্য ছিল তাদের হতাশা ও যীশুর প্রতি ভয়ের উৎস। এখানে “সবাই” হতে পারে এই উল্লেখ যে এমনকি শমরীয়েরা এবং পরজাতিয়েরাও (যোহন ১০:১৬)। তাদের ভয়ের পিছনে একটি রাজনৈতিক দিকও ছিল (অর্থাৎ, রোমীয় নিয়ন্ত্রণ)।

□ “আর রোমীয়েরা এসে আমাদের স্থান এবং আমাদের জাতিকে কেড়ে নেবে” এটি যোহনে সুসমাচারে সেই সব শ্লেষ পূর্ণ ভাবাবণীর একটি, যা আক্ষরিক ভাবে পূর্ণ হয়েছিল ৭০ খ্রীষ্টাব্দে রোমীয় সেনাপতি (পরে সম্রাট) Titus দ্বারা।

রোমীয়দের রাজনৈতিক শাসন কর্তৃত্বের বাস্তবতা ছিল একটি অখন্ড অংশ যিহুদী শেষ-কালীন (eschatological) প্রত্যাশার। তারা বিশ্বাস করতো যে ঈশ্বর একজন ধর্মীয়/সামরিক ব্যক্তি পাঠাবেন, পুরাতন নিয়মের বিচারকদের মত, যিনি বাস্তব ভাবে তাদের রোমের শাসন থেকে উদ্ধার করবেন। বেশ কয়েকজন Messianic ভন্ড প্যালেস্টাইনে বিদ্রোহ শুরু করেছিল এই প্রত্যাশা সম্পাদন করতে।

যীশু দাবী করেছেন যে তাঁর রাজ্য জাগতিক/রাজনৈতিক শাসনকাল, (যোহন ১৮:৩৬) কিন্তু আত্মিক শাসনকাল যা ভবিষ্যতে বিশ্বব্যাপী সুসম্পন্ন হবে (অর্থাৎ, প্রকাশিত হবে)। তিনি দাবী করেছেন পুরাতন নিয়মের ভাবাবণীর পূর্ণতা, কিন্তু আক্ষরিক ভাবে নয়, জাতিয়তাবাদী অর্থে। এই কারণে তাঁর সময়ে বেশির ভাগ যিহুদী দ্বারা তিনি প্রত্যাখিত হয়েছিলেন।

১১:৪৯ “কাইয়াফা নামে একজন, সেই বছরের মহাপুরোহিত ছিলেন” মহা পুরোহিতের কাজ অর্থ আজীবনের একটি পদ যা তারপরে তার সন্তানদের প্রতি বর্তে (যাত্রা ২৮), কিন্তু রোমীয়রা বিজয় লাভ করার পরে, এটি ডাক উঠতো এবং সবচেয়ে যিনি বেশি ডাক দিতে পারতেনতার কাছে পদটি বিক্রয় করা

হতো কারণ লাভজনক ব্যবসার সুযোগ ছিল জলপাই পর্বত ও মন্দির এলাকাতে। কাইয়াফা ১৮-৩৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত মহা পুরোহিত ছিলেন (যিনি ছিলেন অননিয়ের জামাতা, অননিয় ৬-১৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত মহা পুরোহিত ছিলেন)।

১১:৫০-৫১ এটি যোহনের আর একটি ব্যঙ্গোক্তি। কাইয়াফা সুসমাচার প্রচার করছেন!

১১:৫০ “সমস্ত লোকের বদলে একজন মানুষের মৃত্যু অনেক ভাল” পুরাতন নিয়মের প্রেক্ষাপট এটি ছিল যিহুদীদের দৃষ্টিভঙ্গি “দৈহিকত্বের।” একজন ব্যক্তি (ভাল বা মন্দ) সকলের উপরে প্রভাব ফেলতে পারে (অর্থাৎ, আদম/হবা; আখন)। এই ধারণা এসেছে উৎসর্গের পদ্ধতির ভিত্তি হিসাবে, বিশেষ করে প্রায়শ্চিত্ত দিন (লেবীয় ১৬), যেখানে একটি নির্দোষ পশু সমস্ত জাতির পাপ বহন করে। এটি হয়ে পড়েছে যিশা ৫৩ অধ্যায়ের পিছনে Messianic ধারণা। নূতন নিয়মে আদম/হবা/খ্রীষ্ট ধারণা রোমীয় ৫:১২-২১ পদের typology (শাস্ত্রীয় সাহিত্যে প্রতিকতত্ত্ব) প্রতিফলিত করে এই ধারণাকে।

১১:৫১

NASB, REV,

NET

“যীশুই মরবেন”

NKJV, NIV,

REB

“যে যীশু মরবেন”

NRSV

“যে যীশু মরতে যাচ্ছেন”

NJB

“যে যীশু মারা যাবেন”

The NIDOTTE, vol. 1, p. 326, একটি ভাল মন্তব্য করেছে verb *mellō* (“অবশ্যই,” “অবশ্য হবে,” “নিশ্চিত ভাবে”) ধর্মতাত্ত্বিক ব্যবহার সম্বন্ধে যখন খ্রীষ্টের উদ্ধারকারী কাজের জন্য ঈশ্বরের ইচ্ছা ব্যবহৃত হয়েছে।

১. মার্ক ১০:৩২

২. মথি ১৭:২২

৩. লুক ৯:৩১,৪৪; ২৪:২১; প্রেরিত ২৬:২৩

৪. যোহন ৭:৩৯; ১১:৫১; ১২:৩৩; ১৪:২২; ১৮:৩২

এটি আরও ব্যবহৃত হয়েছে যিহুদার বিশ্বাসঘাতকতার আবশ্যিকতার জন্যও

১. লুক ২২:২৩

২. যোহন ৬:৭১; ১২:৪

লুক, প্রেরিত পুস্তকে, এটি ব্যবহার করেছেন ভাববানীর পূর্ণতার জন্য (অর্থাৎ, প্রেরিত ১১:২৮; ২৪:১৫; ২৬:২২)। সকল উদ্ধারকারী ঘটনা ঈশ্বরের হাতে (প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯)!

১১:৫২ “ঈশ্বরের যে সন্তানেরা চারদিকে ছড়িয়ে রয়েছে তাদের জড়ো করে এক করবেন” এটি মনে হয় যোহনের সম্পাদকীয় মন্তব্য যেটি হতে পারে ১০:১৬ পদের সঙ্গে সমান্তরাল। এটি উল্লেখ করতে পারে

১. প্যালেস্টাইনের বাইরের যিহুদীদের

২. অর্ধ-যিহুদী যেমন শমরীয়রা

৩. পরজাতিয়েরা

Option #3 মনে হয় সবচেয়ে উত্তম। যেটাই হোক না কেন, যীশুর মৃত্যু “বিশ্বাসী” মানবকে এক ঐক্যে নিয়ে আসবে (যোহন ১:২৯; ৩:১৬; ৪:৪২; ১০:১৬)।

১১:৫৩ “সেই দিন থেকে যিহুদী নেতারা যীশুকে মেরে ফেলবার ষড়যন্ত্র করতে লাগলেন” এটি যোহনে বার বার বলা মূল ভাব (theme) (যোহন ৫:১৮; ৭:১৯; ৮:৫৯; ১০:৩৯; ১১:৮)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:৫৪

^{৫৪} সেইজন্য যীশু খোলাখুলিভাবে যিহুদীদের মধ্যে চলাফেরা বন্ধ করে দিলেন, আর সেই জায়গা ছেড়ে মরু এলাকার কাছে ইফ্রয়িম নামে একটা গ্রামে চলে গেলেন; সেখানে তিনি তাঁর শিষ্যদের নিয়ে থাকতে লাগলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৫৪ “সেইজন্য যীশু খোলাখুলিভাবে যিহুদীদের মধ্যে চলাফেরা বন্ধ করে দিলেন” যোহন ১২ অধ্যায় হল যীশুর শেষ চেষ্টা ধর্মীয় নেতাদের সঙ্গে মোকাবেলা করার।

যে টার্ম যোহনে অনুবাদ করা হয়েছে “প্রকাশ্যে” (যোহন ৭:২৬; ১১:৫৪; ১৮:২০) সাধারণত অর্থ “সাহসীকতার সাথে।” যোহন ৭:৪ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “ইফ্রয়িম নামক নগর” এই নগর হতে পারে শমরীয়ার বৈথেলের কাছে (২ বংশ ১৩:১৯)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১১:৫৫-৫৭

“তখন যিহূদীদের উদ্ধার-পর্ব কাছে এসেছিল, পর্বের আগে নিজেদের শুচি করবার জন্য, অনেক লোক গ্রাম থেকে যিরূশালেমে গিয়েছিল।^{৫৬} এই লোকেরা যীশুর খোঁজ করতে লাগল, তারা উপাসনা-ঘরে দাঁড়িয়ে একে অন্যকে জিজ্ঞাসা করতে লাগল, “তিনি কি এই পর্বে একেবারেই আসবেন না; তোমাদের কি মনে হয়?”^{৫৭} প্রধান পুরোহিতেরা ও ফরীশীরা আদেশ দিয়েছিলেন যে যীশু কোথায় আছে, তা যদি কেউ জানে তবে সে যেন খবরটা তাঁদের জানায়, যাতে তাঁরা যীশুকে ধরতে পারেন। (অনুবাদকৃত টেক্সট)।

১১:৫৫-৫৭ এই পদগুলি ১১ ও ১২ অধ্যায়ের সঙ্গে একত্রে সংযুক্ত।

১১:৫৫ “নিজেদের শুচি করা” এটি উল্লেখ করে ধর্মীয় অনুষ্ঠান নিস্তার পর্বের প্রস্তুতির জন্য শুচিকরণ। এখানে অনেক বিতর্ক রয়েছে যে যীশু কত সময় ধরে শিক্ষা দিয়েছিলেন, প্রচার করেছিলেন, এবং পরিচর্যা করেছিলেন প্যালেস্টাইনে। Synoptics এমন ভাবে রূপরেখা করেছে যে সম্ভবত এক বা দুই বছর। যাহোক, যোহনে বেশ কয়েকটি নিস্তার পর্ব রয়েছে (একটি বাৎসরিক পর্ব)। নিশ্চিত ভাবে তিনটি উল্লেখ করা হয়েছে (যোহন ২:১৩; ৬:৪; এবং ১১:৫৫) এর সাথে অন্তত:পক্ষে চতুর্থটির ইঙ্গিত দিচ্ছে যোহন ৫:১ পদে “একটি পর্ব।”

১১:৫৭ এটি হল লেখক যোহনের আর একটি সম্পাদকীয় মন্তব্য।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কেন যীশু লাসারকে মরতে দিলেন?
২. অলৌকিক কাজগুলি কাদের জন্য ছিল?
৩. পুনরুত্থান ও পুনর্জীবন পাওয়ার মধ্যে পার্থক্য কি?
৪. কেন যিহূদী নেতারা লাসারের জীবন পাওয়াতে খুব ভয় পেয়েছিল?

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ১২

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
বৈথনিয়াতে অভিষেক	বৈথনিয়াতে অভিষেক	বৈথনিয়াতে অভিষেক	যীশু বৈথনিয়াতে অভিষিক্ত হন	বৈথনিয়াতে অভিষেক
১২:১-৮	১২:১-৮	১২:১-৮	১২:১-৬ ১২:৭-৮	১২:১-৮
লাসারের বিরুদ্ধে ষড়যন্ত্র	লাসারকে মেরে ফেলার ষড়যন্ত্র		লাসারে বিরুদ্ধে ষড়যন্ত্র	
১২:৯-১১	১২:৯-১১	১২:৯-১১	১২:৯-১১	১২:৯-১১
যিরুশালেমে বিজয় বেশে প্রবেশ	বিজয় বেশে প্রবেশ	তালপত্র রবিবার	যিরুশালেমে বিজয় বেশে প্রবেশ	মশীহ যিরুশালেমে প্রবেশ করেন
১২:১২-১৯	১২:১২-১৯	১২:১২-১৯	১২:১২-১৩ ১২:১৪ ১২:১৫ ১১:১৬ ১২:১৭ ১২:১৮-১৯	১২:১২-১৯
কয়েকজন গ্রীক যীশুর খোঁজ করে	গমের ফলদায়ী বীজ	যীশুর প্রকাশ পরিচর্যা উপসংহার	কয়েকজন গ্রীক যীশুর খোঁজ করে	যীশু ভবিষ্যৎবানী করেন তাঁর মৃত্যু ও ফলস্বরূপ গৌরবান্বিত হবার
১২:২০-২৬	১২:২০-২৬	১২:২০-২৬	১২:২০-২১ ১২:২২-২৬	১২:২০-২৮ ^ক
মনুষ্য পুত্রকে অবশ্যই উচুতে তোলা হবে	যীশু ক্রুশে তাঁর মৃত্যুর ভাববাণী করেন		যীশু তাঁর মৃত্যুর বিষয়ে বলেন	
১২:২৭-৩৬ ^ক	১২:২৭-৩৬	১২:২৭-৩৬ ^ক	১২:২৭-২৮ ^ক ১২:২৮ ^খ ১২:২৯ ১২:৩০-৩৩	১২:২৮ ^খ ১২:২৯-৩২

				১২:৩৩-৩৬
			১২:৩৪ ১২:৩৫-৩৬	
যিহুদীদের অবিশ্বাস	কে আমাদের কথা বিশ্বাস করেছেন?		লোকদের অবিশ্বাস	
১২:৩৬-৪৩		১২:৩৬-৪৩	১২:৩৬-৩৮	১২:৩৬
				সারাংশ: যিহুদীদের অবিশ্বাস
	১২:৩৭-৪১			১২:৩৭-৩৮
			১২:৩৯-৪০	১২:৩৯-৪০
			১২:৪১	১২:৪১
	জ্যোতিতে চলা		১২:৪২-৪৩	১২:৪২-৫০
যীশুর বাক্য দ্বারা বিচার	১২:৪২-৫০		যীশুর বাক্য দ্বারা বিচার	
১২:৪৪-৫০		১২:৪৪-৫০	১২:৪৪-৫০	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-৫০দের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. চারটি সুসমাচারই একজন মহিলার দ্বারা যীশুর অভিষেকের কথা লিপিবদ্ধ করেছে। সেজন্য, এই ঘটনাটি অবশ্যই সুসমাচার লেখকদের কাছে তাৎপর্যপূর্ণ। যাহোক, মার্ক ১৪:৩-৯, মথি ২৬:৬-১৩ এবং যোহন ১২:২-৮ পদ সেই মহিলার পরিচয় দিয়েছে বৈথনিয়ার মরিয়ম, লাসারের বোন, অন্যদিকে লুক ৭:৩৬-৫০ পদে তাকে গালীলের একজন পাপী মহিলা বলে চিহ্নিত করেছে।

খ. ১২ অধ্যায় যীশুর প্রকাশ্য পরিচর্যা কাজ দিয়ে শেষ হয়েছে (যোহন ১২:২৯)। তিনি বার বার চেষ্টা করেছেন যিহুদী নেতাদের বিশ্বাসে আনতে। ১১ অধ্যায় তিনি চেষ্টা করেছিলেন যিরুশালেম নগরের লোকদের বিশ্বাসে আনতে।

গ. এই অধ্যায়ে লোকদের পাঁচটি দলের কথা উল্লেখ করা হয়েছে।

১. যে জনতা লাসারের পুনর্জীবন প্রাপ্ত হওয়া দেখেছিল, যোহন ১২:১৭

২. যিরূশালেম থেকে আসা জনতা, যোহন ১২:৯
৩. তীর্থে আসা জনতা যারা নিস্তার পর্ব পালন করতে এসেছিল, যোহন ১২:১২, ১৮, ২৯, ৩৪
৪. সম্ভবত পরজাতিয় জনতা, যোহন ১২:২০
৫. সম্ভবত যিহূদী নেতাদের একটি দল যারা তাঁকে বিশ্বাস করেছিল, যোহন ১২:৪২

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১২:১-৮

^১উদ্ধার-পর্বের ছয় দিন আগে যীশু বৈথনিয়াতে গেলেন, যাঁকে তিনি মৃত্যু থেকে জীবিত করেছিলেন সেই লাসার বৈথনিয়াতে বাস করতেন। ^২সেখানে তাঁরা যীশুর জন্য খাওয়ার আয়োজন করলেন, মার্থা পরিবেশন করছিলেন; যারা যীশুর সংগে টেবিলে খেতে বসেছিলেন তাঁদের মধ্যে লাসারও ছিলেন। ^৩এমন সময় মরিয়ম কমবেশ অর্ধ সের খুব দামী খাঁটি সুগন্ধি আতর নিয়ে আসলেন, এবং যীশুর পায়ে তা ঢেলে দিয়ে নিজের চুল দিয়ে তাঁর পা মুছে দিলেন; সেই আতরের সুগন্ধে সারা ঘর ভরে গেল। ^৪যীশুর শিষ্যদের মধ্যে একজন, যে তাঁকে শত্রুদের হাতে ধরিয়ে দেবে, সেই যিহূদা ইষ্কারিয়োৎ বলল, ^৫“এই আতর তিনশো দীনারে বিক্রি করে গরীব- দুঃখী লোকদের কেন দেওয়া গেল না?” ^৬যিহূদা যে গরীবদের বিষয়ে চিন্তা করে এই কথা বলেছিল তা নয়, আসলে সে ছিল চোর, টাকার বাস্তু তার কাছে থাকত বলে, যা কিছু জমা রাখা হত তা থেকে সে চুরি করত। ^৭যীশু সেই জন্য বললেন, “তোমরা ওর মনে কষ্ট দিয়ো না, আমাকে কবর দেবার সময়ে সাজাবার জন্যই ও এটা রেখেছিল। ^৮গরীবেরা তো সব সময় তোমাদের মধ্যে আছে, কিন্তু আমাকে তোমরা সব সময় পাবে না।” (অনুবাদকৃত টেক্সট)।

১২:১ “উদ্ধার-পর্বের ছয় দিন আগে” এটি মথি ২৬:২ পদ থেকে ভিন্ন সময়ানুক্রম। এটি অবশ্যই মনে রাখতে হবে যে সুসমাচারের মূল লক্ষ্য সময়ানুক্রম নয়, কিন্তু যীশুর প্রতিনিধিত্ব মূলক কাজ যা তাঁর ব্যক্তিত্ব ও কাজের সম্বন্ধে সত্যকে প্রতিফলিত করে। সুসমাচার জীবন নয় কিন্তু সুসমাচার পত্র নির্দিষ্ট দলের প্রতি।

১২:২ “তারা” এটি মনে হয় উল্লেখ করছে বৈথনিয়া নগরের লোকদের, যারা যীশু ও তাঁর শিষ্যদের লাসারকে মৃত্যু থেকে জীবিত করার সম্মানে ভোজের আয়োজন করেছিলেন। যাহোক, মথি ২৬:৬ পদে, এই ঘটনাটি ঘটেছে কুষ্ঠি শিমোনের বাড়িতে।

১২:৩ “অর্ধ সের” এটি একটি ল্যাটিন টার্ম যা উল্লেখ করছে রোমীয় অর্ধ সের, যার সমান হল ১২ আউন্স। এই বহুমূল্য সুগন্ধি মশলা হতে পারে মরিয়মের বিবাহের মৌতুক। অনেক অবিবাহিত মহিলা এই ধরণের সুগন্ধি বাস্তু তাদের গলায় ঝুলাতেন।

NASB “অর্ধ সের খুব দামী খাঁটি সুগন্ধি আতর”
 NKJV “অর্ধ সের খুব দামী খাঁটি সুগন্ধি তেল”
 NRSV “অর্ধ সের খুব দামী খাঁটি সুগন্ধি আতর”
 TEV “এক পাইট খুব দামী খাঁটি সুগন্ধি আতর”
 NJB “অর্ধ সের খুব দামী মালম, খাঁটি সুগন্ধি আতর”

এখানে অনেক অনুমান রয়েছে adjective এর অর্থের: (১) খাঁটি; (২) তরল; বা (৩) একটি জায়গার নাম। এই সুগন্ধির নিজেই এসেছে aromatic-Himalayan মূল থেকে যেটি খুব দামী। James M Freeman, *Manners and Customs of the Bible*, pp. 379-380 দেখুন।

▣ “যীশুর পায়ে ঢেলে দিলেন” এই একই ঘটনার অন্য সুসমাচারের বিবরণ (সম্ভবত লাসারের জীবিতকরণের জন্য মরিয়মের ধন্যবাদ জ্ঞাপন, যোহন ১২:২) বলছে যে মহিলাটি তাঁর মাথায় ঢেলেছিল। দৃশ্যত মরিয়ম তাঁর সারা দেহে ঢেলেছিল, মাথা থেকে আরম্ভ করে তাঁর পা পর্যন্ত গিয়েছিল। যীশুর পাপ উন্মুক্ত থাকার কারণ ছিল তিনি নিচু টেবিলে তাঁর বাম কনুই দিয়ে হেলে ছিলেন।

এটি যোহনের একটি দ্বৈত ব্যাখ্যা (entendres)। এই মশলা ব্যবহৃত হতো সমাধির জন্য দেহ প্রস্তুতকরণে (যোহন ১৯:৪০)। মরিয়ম হয়তো শিষ্যদের চেয়ে যীশুর বার্তা অনেকটা বুঝেছিলেন তাঁর আসন্ন মৃত্যু সম্বন্ধে (যোহন ১২:৭)। দেখুন [বিশেষ বিষয়: বাইবেলে অভিশেক \(BDB 603\) \(SPECIAL TOPIC: ANOINTING IN THE BIBLE \(BDB 603\)\)](#) ১১:২ পদে।

▣ “আর সেই আতরের সুগন্ধে সারা ঘর ভরে গেল” কি চমৎকার চিত্র প্রত্যক্ষদর্শীর (সম্পাদকীয়) বিবরণে। যোহন স্পষ্ট ভাবে সেই মুহূর্ত মনে করছেন!

১২:৪ “যিহূদা ইষ্কারিয়োৎ” “ইষ্কারিয়োৎ” টার্মের দুটি সাম্ভাব্য শব্দতত্ত্ব রয়েছে: (১) যিহূদীয়ার একটি নগর (Kerioth যিহো ১৫:২৫) বা (২) “গুপ্তঘাতকের ছুরি” এর জন্য টার্ম। সকল সুসমাচার লেখকের চেয়ে, যোহন যিহূদা সম্পর্কে সবচেয়ে রক্ষ মন্তব্য করেছেন (যোহন ১২:৬)। দেখুন যোহন ৬:৭০-৭১ পদের সম্পূর্ণ নোট।

▣ “বিশ্বাসঘাতকতা” এটি আর একটি সম্পাদকীয় মন্তব্য। এই টার্মের সাধারণত এই অন্তর্নিহিত অর্থ নেই। এর আক্ষরিক অর্থ “ধরিয়ে দেওয়া” বা “অর্পণ করা” বিচার বিভাগি অর্থে বা কোন কিছুর জন্য আর একজনের উপরে নির্ভরতা। যোহন ১৮:২ পদের নোট দেখুন।

১২:৫ “তিনশত দিনার” এক দিনার একজন সৈনিক এবং একজন মজুরের একদিনের মজুরী, সেজন্য, এটি ছিল প্রায় এক বছরের মজুরী।

১২:৬ এই পদটি আর একটি সম্পাদকীয় মন্তব্য। যোহন, অন্য সুসমাচার থেকে যিহূদাকে বেশি দোষারপ করেছেন।

NASB, NKJV “টাকার বাস্তু”
NRSV “যৌথ টাকার বটুয়া”
TEV “টাকার থলি”
NJB “সাধারণ তহবিল”

এই শব্দের অর্থ “একটি ছোট বাস্তু।” এটি মূলত ব্যবহার করতো বাদকেরা তাদের mouth piece বহন করতে।

▣ “যা কিছু জমা রাখা হত তা থেকে সে চুরি করত” গ্রীক টার্ম হল “বহন।” এটি ব্যবহৃত হয়েছে দুটি ভিন্ন অর্থে: (১) সে বাস্তুটি বহন করতো কিন্তু (২) সেই সঙ্গে সে বাস্তুের ভিতরে জিনিস বহন করতো। এই মন্তব্য হতে পারে অর্ন্তভুক্ত হয়েছে এটা দেখাতে যে যোহন ১২:৫ পদে যিহূদার দরিদ্রদের প্রতি উদ্ভিগ্নতা আসলে ছিল তার নিজের চুরির পক্ষে একটি অজুহাত।

১২:৭ এটি একটি অদ্ভুত পদ। এটি স্পষ্টত দয়ার কাজ ও ভক্তি যেমন একই পদ্ধতিতে করা হয়েছে কোন একজনের সমাধিতে (যোহন ১৯:৪০)। এটি যোহনের আর একটি ভাববাণীমূলক মন্তব্য।

১২:৮ গরীবেরা তো সব সময় তোমাদের মধ্যে আছে এটি দ্বি বি ১৫:৪,১১ পদের সঙ্গে সম্পর্ক যুক্ত। এটি দরিদ্রদের প্রতি অশ্রদ্ধার মন্তব্য ছিল না কিন্তু জোর দেওয়া হয়েছে যীশুতে মশীহে উপস্থিতি (যোহন ১২:৩৫; ৭:৩৩; ৯:৪)। পুরাতন নিয়ম প্রাচীন নিকট প্রাচ্যের সাহিত্যের মধ্যে অনন্য দরিদ্রদের প্রতি তত্ত্বাবধান ও তাদের অধিকারের অনুজ্ঞায়।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১২:৯-১১

^৯ যীশু বৈথনিয়াতে আছেন জানতে পেরে যিহূদীদের মধ্য থেকে অনেক লোক সেখানে আসল; তারা যে কেবল, যীশুর জন্য সেখানে এসেছিল তা নয়, কিন্তু যাকে যীশু মৃত্যু থেকে জীবিত করেছিলেন, সেই লাসারকেও দেখতে আসল। ^{১০} তখন প্রধান পুরোহিতেরা লাসারকেও মেরে ফেলবেন বলে ঠিক করলেন; ^{১১} কারণ লাসারের জন্য যিহূদীদের মধ্যে অনেকেই নেতাদের ছেড়ে যীশুর উপর বিশ্বাস করছিল। (অনুবাদকৃত টেক্সট)।

১২:৯ “যীশু আছেন জানতে পেরে যিহূদীদের মধ্য থেকে অনেক লোক সেখানে আসল” যোহনে এটি একটি অস্বাভাবিক টার্ম “যিহূদী” টার্ম ব্যবহারে। সাধারণত এটি উল্লেখ করে ধর্মীয় নেতাদের যারা যীশুর বিরুদ্ধে ছিল। যাহোক, যোহন ১১:১৯,৪৫; ১২:১৭ পদ, এটি মনে হয় উল্লেখ করছে যিরূশালেম নগরের লোকদের যারা লাসারের বন্ধু ছিল এবং তারা তার শেষকৃত্য অনুষ্ঠানে এসেছিল।

১২:১০ “তখন প্রধান পুরোহিতেরা লাসারকেও মেরে ফেলবেন বলে ঠিক করলেন” তারা চেয়েছিল প্রমাণ মুছে ফেলতে! তাদের উদ্দেশ্য পরিষ্কার (যোহন ১১:৪৮) এবং ঈর্ষাপূর্ণ (যোহন ১১:৪৮; ১২:১১) ছিল।

তারা অবশ্যই চিন্তা করেছিল যে যীশুর পুনর্জীবন দানের কাজটি বিচ্ছিন্ন এবং দুর্লভ ঘটনা। এই যিহূদী নেতাদের অন্ধত্ব এবং পক্ষপাত প্রতিফলিত করে পতিত মানবের অন্ধকারাচ্ছন্নতাকে।

১২:১১ এটি পূর্বে ১১:৪৫ পদের সঙ্গে সম্পর্কযুক্ত। দেখুন বিশেষ বিষয়: যোহনের “বিশ্বাস করা” Verb এর ব্যবহার যোহন ২:২৩ প

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১২:১২-১৯

^{১২} যে সব লোক পূর্বে গিয়েছিল, তারা পরদিন শুনতে পেল যীশু যিরূশালেমে আসছেন, ^{১৩} তখন তারা খেজুর পাতা নিয়ে তাঁকে এগিয়ে আনতে গেল, আর চিৎকার করে বলতে শুরু করল, “হোশানা! ধন্য যিনি প্রভুর নামে আসছেন, তিনিই ইস্রায়েলের রাজা।” ^{১৪} যীশু একটা গাধা দেখতে পেয়ে, তার উপরে বসলেন, যেমন শাস্ত্রে লেখা আছে, ^{১৫} “হে সিয়োন-কন্যা, ভয় কোরো না; দেখ, তোমার রাজা আসছেন, গাধার বাচ্চার উপরে চড়ে আসছেন।” ^{১৬} যীশুর শিষ্যেরা প্রথমে এই সব বুঝতে পারলেন না; পরে যীশুর মহিমা যখন প্রকাশিত হল, তখন তাঁদের মনে পড়ল পবিত্র শাস্ত্রের ঐ কথা যীশুর বিষয়েই লেখা হয়েছিল, তাঁদের আরও মনে পড়ল লোকেরা যীশুর জন্যই ঐ সব করেছিল। ^{১৭} লাসারকে কবর থেকে ডেকে জীবিত করে তুলবার সময় যে সব লোক যীশুর কাছে ছিল, তারাই লাসারের জীবিত হয়ে উঠবার বিষয় তাঁহার সম্বন্ধে সাক্ষ্য দিতে লাগল। ^{১৮} সেইজন্যই লোকেরা যীশুকে এগিয়ে আনতে গিয়েছিল, কারণ তারা শুনেছিল যীশুই সেই আশ্চর্য কাজটা করেছেন। ^{১৯} এ সব দেখে ফরীশীরা একে অন্যকে বললেন, “তোমরা দেখছ, আমাদের কোন লাভই হচ্ছে না; দেখ, সারা দুনিয়া তার পিছনে চলে গেছে।” (অনুবাদকৃত টেক্সট)।

১২:১২-১৯ এটি যীশুর যিরূশালেমে বিজয় বেশে প্রবেশের যোহনের বিবরণ (মথি ২১:১-১১; মার্ক ১১:১-১১; লুক ১৯:২৯-৩৮)।

১২:১২ “যে সব লোক পর্বে গিয়েছিল” যিহুদী পুরুষদের জন্য তিনটি আবশ্যিকীয় পর্ব দিন ছিল (যাত্রা ২৩:১৪-১৭; লেবীয় ২৩; দ্বি বি ১৬:১৬)। যিহুদীদের সারা জীবনের আকাংখ্যা ছিল যারা প্যালেস্টাইনের (Diaspora) বাইরে বাস করতো যিরুশালেমের একটি পর্বে উপস্থিত হওয়া। এই নির্ধারিত পর্বের সময়ে, যিরুশালেমে তার স্বাভাবিক লোকসংখ্যার চেয়ে তিন থেকে পাঁচ গুণ লোকের বৃদ্ধি ঘটতো। এই শব্দগুচ্ছ উল্লেখ করে এই বিশাল সংখ্যক কৌতূহলী তীর্থযাত্রীদের যারা যীশুর কথা শুনেছিল এবং তাঁকে দেখতে চাইতো (যোহন ১১:৫৬)।

১২:১৩ “খেজুর পাতা” এটি খেজুর পাতার জন্য অস্বাভাবিক একটি গ্রীক শব্দগুচ্ছ। অনেকে বিশ্বাস করেন যে কোন এক সময়ে তাল গাছ বা খেজুর গাছ জলপাই পর্বতের ঢালে জন্মাত (অর্থাৎ, যোষেফাস), অন্য দিকে অন্যরা বিশ্বাস করেন যে সেগুলি যিরিহো থেকে আমদানি করা হয়েছিল। সেগুলি মনে হয় বিজয় বা উলাসের একটি প্রতিক ছিল (প্রকা ৭:৯)। তারা সেগুলি প্রতি বছর আবাস তাম্বুর পর্বের (লেবীয় ২৩:৪০) এবং নিস্তার পর্বের (Maccabean সময় থেকে চলে আসা ঐতিহ্য) ধর্মীয় অনুষ্ঠানে ব্যবহার করতো।

□ “চিৎকার করতে শুরু করল” এটি একটি imperfect tense যেটি প্রতিনিধিত্ব করে (১) অতীত কালের বার বার কৃত কাজ বা (২) অতীত কালের কান কাজের শুরু।

□ “হোশানা” এই টার্মের অর্থ “এখন উদ্ধার করুন” বা “দয়া করে উদ্ধার করুন” (গীত ১১৮:২৫-২৬)। নিস্তার পর্বের ধর্মীয় অনুষ্ঠানের সময় Hillel Psalms (গীত ১১৩-১১৮) আবৃত্তি করা হতো যখন তীর্থযাত্রীরা মন্দিরের দিকে মিছিল করে এগিয়ে আসতো। এই রকম অনেক কাজ ও শব্দগুচ্ছ প্রতিবছর নিস্তার পর্বের সময়ে পুনরাবৃত্তি করা হতো। কিন্তু এই নির্দিষ্ট বছরে তারা তাদের চূড়ান্ত অর্থ পেল যীশুতে! জনতা এই অর্থ করেছিল। ফরীশীরা এটা বুঝতে পেরেছিল।

□ “যিনি প্রভুর নামে আসছেন” এটি ঠিক সেই কথা যা যীশু দাবী করে আসছিলেন। তিনি ঈশ্বর দ্বারা প্রেরিত হয়েছিলেন! তিনি YHWH এর প্রতিনিধি ছিলেন।

NASB “তিনিই ইস্রায়েলের রাজা”
NKJV, NRSV,
TEV, NJB “ইস্রায়েলের রাজা”

এই শব্দগুচ্ছ গীতসংহিতার অংশ নয়, কিন্তু জনতার দ্বারা যুক্ত হয়েছিল। এটি মনে হয় সরাসরি Messianic রাজা হিসাবে যীশুর উল্লেখ যার প্রতিজ্ঞা ২ শমূ ৭ অধ্যায়ে করা হয়েছে (যোহন ১:৪৯; ১৯:১৯)।

১২:১৪ “গাধার বাচ্চা” গাধা ছিল ইস্রায়েলের প্রথম রাজার রাজকীয় সামরিক বাহন (১ রাজা ১:৩৩, ৩৮, ৪৪)। কেবলমাত্র রাজা তার গাধায় চড়তে পারতেন, সেজন্য, এটি খুব গুরুত্বপূর্ণ ছিল যে যীশু একটি গাধার পিঠে চড়েছিলেন যার উপরে আগে কেউ কখনো চড়েনি (মার্ক ১১:২)।

১২:১৪-১৫ “যেমন লেখা আছে” এটি সখরিয় ৯:৯ পদের একটি উদ্ধৃতি। গাধার বাচ্চা Messianic রাজত্বের কথাই কেবল বলছে না কিন্তু নশ্তার কথাও বলছে। যীশু যিহুদীদের প্রত্যাশা মত একজন বিজয়ী সামরিক ব্যক্তি হিসাবে আসেন নাই, কিন্তু যিশাইয় ৫৩ অধ্যায়ের একজন দুঃখভোগী দাস হিসাবে যিনি গাধার বাচ্চার পিঠে চড়ে আছেন।

১২:১৬ “যীশুর শিষ্যেরা প্রথমে এই সব বুঝতে পারলেন না” এটি আর একটি স্বচক্ষে দেখা, যোহনের দুঃখজনক স্মরণীয় ঘটনা। এটি বার বার বলা মূল বিষয় (theme) (যোহন ২:২২; ১০:৬; ১৬:১৮; মার্ক ৯:৩২; লুক ২:৫০; ৯:৪৫; ১৮:৩৪)। কেবলমাত্র স্বর্গারোহন এবং পঞ্চাশত্তমীর পরে তাদের আত্মিক চোখ সম্পূর্ণ উন্মুক্ত হয়েছিল।

□ “পরে যীশুর মহিমা যখন প্রকাশিত হল, তখন তাঁদের মনে পড়ল” এটি ছিল পবিত্র আত্মার একটি পরিচর্যা কাজ (যোহন ১৪:২৬ এবং ২:২২)।

এই পদ আরও দেখায় যে সুসমাচার লেখকেরা পুনরুত্থিত খ্রীষ্টের বিষয়ে তাদের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে তাদের সুসমাচারের রূপরেখা করেছেন। Synoptics যীশুকে উপস্থাপন করেছে ঐতিহাসিক উন্নয়নের মধ্যে এবং তাঁর গৌরবকে তাদের উপস্থাপনার চূড়ান্ত পর্যন্ত আড়াল করে রেখেছে, কিন্তু যোহন তার সমগ্র সুসমাচার লিখেছেন মহিমাম্বিত মশীহের আলোকে। সুসমাচার প্রতিফলিত করেছে পরবর্তীকালের স্মৃতি এবং বিশ্বাসী সমাজের এই সব অনুপ্রাণিত লোকের আবশ্যিকতা। সেজন্য, দুটি ঐতিহাসিক প্রেক্ষাপট রয়েছে (যীশু এবং সুসমাচার লেখকেরা), উভয়েই অনুপ্রাণিত।

□ “মহিমাম্বিত” যোহন ১:১৪ পদের নোট দেখুন।

১২:১৭ দেখুন [বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্য \(SPECIAL TOPIC: WITNESSES TO JESUS\)](#) যোহন ১:৮ পদে। দেখুন প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি, গ।

১২:১৯ “ফরীশীরা একজন অন্যকে বলল” এটি আর একটি ভাববাণীমূলক পূর্বছায়া। এটি সম্পর্কযুক্ত (১) যিহুদী, যোহন ১১:৪৮; ১২:১১ এবং (২) পরজাতি, যোহন ১২:২০-২৩। এটি দুটি ঐতিহাসিক প্রেক্ষাপট প্রতিফলিত করে: যীশুর জীবন এবং প্রাথমিক মন্ডলী।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১২:২০-২৬

^{২০} সেই পর্বে যারা উপাসনা করতে এসেছিল তাদের মধ্যে কয়েকজন গ্রীকও ছিল; ^{২১} তারা গালীল প্রদেশের বৈথুসদা গ্রামের ফিলিপের কাছে এসে তাকে অনুরোধ করে বলল, “মহাশয়, আমরা যীশুকে দেখতে চাই।” ^{২২} ফিলিপ গিয়ে কথাটা আন্দ্রিয়কে বললেন; পরে আন্দ্রিয় আর ফিলিপ গিয়ে যীশুকে বললেন। ^{২৩} যীশু তখন আন্দ্রিয় ও ফিলিপকে বললেন, “মনুষ্যপুত্রের মহিমা প্রকাশিত হবার সময় এসেছে।” ^{২৪} “সত্য, সত্য, আমি তোমাদের বলছি, গমের বীজ মাটিতে পড়ে যদি না মরে, তবে একটাই বীজ থাকে; কিন্তু যদি মরে, তবে প্রচুর ফল উৎপন্ন করে।” ^{২৫} “যে নিজের প্রাণকে বেশী ভালবাসে সে তা হারায়, কিন্তু যে এই জগতে তার জীবন অপ্রিয় মনে করে যে অনন্ত জীবনের জন্য তা রক্ষা করবে।” ^{২৬} কেউ যদি আমার সেবা করতে চায় তবে সে আমার পিছনে চলুক; আমি যেখানে থাকি আমার সেবাকারীও সেখানে থাকবে; কেউ যদি আমার সেবা করে, তবে পিতা তাকে সম্মান দান করবেন।” (অনুবাদকৃত টেক্সট)।

১২:২০ “কয়েকজন গ্রীক” এটি ব্যবহৃত হয়েছে পরজাতিয় অর্থে, নির্দিষ্টভাবে ethnic গ্রীক নয়।

□ “সেই পর্বে যারা উপাসনা করতে এসেছিল তাদের মধ্যে” present tense ইঙ্গিত দেয় যে তাদের অভ্যাস ছিল পর্বে যাওয়া। তারা ছিল হয় (১) ঈশ্বর ভয়শীল না হয় (২) উপস্থিত ধর্মান্তরিতরা। প্রথম দল ছিল সমাজগৃহে নিয়মিত উপাসনাকারী এবং দ্বিতীয় দল যারা নিয়মানুসারে যিহুদী ধর্মের বিশ্বাসে ধর্মান্তরিত হয়েছিল।

১২:২১ “তাকে অনুরোধ করে বলল” এটি imperfect tense যার অর্থ (১) তারা বারবার বারবার তাকে অনুরোধ করছিল বা (২) তারা অনুরোধ করতে শুরু করেছিল। তারা চেয়েছিল যীশুর সঙ্গে ব্যক্তিগত ভাবে সাক্ষাৎ। দৃশ্যতঃ এটি ছিল যীশুর মৃত্যুর আগে ভাববাণীমূলক ঘড়ির শেষ টিক (যোহন ১২:২৩)।

১২:২২ ফিলিপ (ঘোড়া প্রিয়) এবং আন্দ্রিয় (পুরুষোচিত) কেবলমাত্র এই দুইজন শিষ্য ছিলেন গ্রীক নামধারী। সম্ভবত এটি এই গ্রীকদের(অর্থাৎ, পরজাতি) মনে এইরকম ধারণা দিয়েছিল যে তারা তাদের কাছে যেতে পারবেন।

১২:২৩ “সময় এসেছে” এটি perfect tense। যোহন প্রায়ই এই টার্ম “সময়” ব্যবহার করেছেন ত্রুশবিদ্যকরণ এবং পুনরুত্থান যীশুর কাজের চূড়ান্ত ঘটনা হিসাবে উল্লেখ করতে (যোহন ১২:২৭; ১৩:১,৩২; ১৭:১)। যীশু বলেছেন যে তিনি ইস্রায়েলের হারাণ মেসদের কাছে এসেছেন (মথি ১৫:২৪)। এখন তাঁর বার্তা পরজাতিয়দের কাছে পৌঁছেছে!

□ “মনুষ্য পুত্র” এটি একটি Aramaic শব্দগুচ্ছ যার সহজ সরল অর্থ “মানবিক সত্তা” (গীত ৮:৪; যিহি ২:১)। যাহোক, এটি দানি ৭:১৩ পদে ব্যবহৃত হয়েছে যার সাথে যুক্ত হয়েছে ঈশ্বরের অন্তর্নিহিত তাৎপর্য। এটি যীশুর নিজের দেওয়া উপাধি যার সাথে সমন্বিত তাঁর দুটি প্রকৃতি, মানবিক এবং ঐশ্বরিক (১ যোহন ৪:১-৩)।

□ “মহিমাম্বিত হবার” যীশু মৃত্যু সব সময় বর্ণিত হয়েছে “তাঁর মহিমা” হিসাবে। টার্ম “মহিমা” এই প্রসঙ্গে বেশ কয়েকবার ব্যবহৃত হয়েছে (যোহন ১২:২৮, দু’বার; ৩২ এবং ৩৩)। এটি সব সময় উল্লেখ করে যীশুর পরিকল্পিত মৃত্যু এবং পুনরুত্থান (যোহন ১৩:৩২; ১৭:১)। যোহন ১:১৪ পদে নোট দেখুন।

১২:২৪ “গমের বীজ মাটিতে পড়ে যদি না মরে” এই phenomenological (কোন বিষয় বা ঘটনার বাস্তব নীতি ভিত্তিক অনুসন্ধানের একটি পদ্ধতি) ভাষা বা বর্ণনামূলক ভাষা, জিনিস যেভাবে দেখা যায় তার পাঁচটি অর্থ। একটি বীজ অনেক বীজ উৎপন্ন করতে পারে (যোহন ১৫:২,৪,৫,৮,১৬; ১ করি ১৫:৩৬)। তাঁর মৃত্যু অনেকের জন্য সত্যিকার জীবন এনেছে (মার্ক ১০:৪৫)।

□ “যদি” এই প্রসঙ্গে রয়েছে ধারাবাহিক third class conditional sentences যার অর্থ সম্ভাব্য কাজ (যোহন ১২:২৪,২৬,৩২,৪৭)।

১২:২৫ “যে তার নিজের প্রাণকে বেশী ভালবাসে সে তা হারায়” এটি গ্রীক টার্ম *psychē* এর একটি খেলা, যেটি উল্লেখ করে মানবিক ব্যক্তিত্ব বা জীবন শক্তির নির্যাস (মথি ১০:৩৯; ১৬:২৪-২৫; মার্ক ৮:৩৪-৩৫; লুক ৯:২৩-২৪)। একবার যখন কেউ খ্রীষ্টতে নির্ভর করে, তাকে নতুন জীবন দেওয়া হয়। এই নতুন জীবন ঈশ্বরের কাছ থেকে দেওয়া হয় পরিচর্যার জন্য, ব্যক্তিগত ব্যবহারের জন্য নয়। বিশ্বাসীরা এই নতুন জীবনের ধনাধ্যক্ষ। আমরা পাপের দাসত্ব থেকে মুক্ত হয়ে ঈশ্বরের দাসে পরিণত হয়েছি (রোমীয় ৬:১-৭)।

১০ অধ্যায়ের ভ্রান্ত মেষপালকেরা চেষ্টা করেছে পালিয়ে যেয়ে তাদের জীবন “রক্ষা” করতে। কিন্তু যীশু তাঁর নিজের জীবন দিয়েছেন, যেন, বিশ্বাসীরাও সেরকমই করে (২ করি ৫:১২-১৫; গালা ২:২০)।

□ “তা হারায়” এটি একটি present active indicative। টার্ম (যোহন ১০:১০পদে বিশেষ বিষয় দেখুন) অর্থ “ধংস করা,” আর একটি শব্দ যার দুটি অন্তর্নিহিত অর্থ রয়েছে। এটি “অনন্ত জীবন” এর বিপরিত। যদি কারও খ্রীষ্টের উপরে বিশ্বাস না থাকে, এটি হল একমাত্র বিকল্প। এই ধংস কোন বিলোপ সাধন নয়, কিন্তু ঈশ্বরের সঙ্গে ব্যক্তিগত হারান (যেটি হল নরকের মূল কথা)।

□ “অপ্রিয়” এটি তুলনা করার ইব্রীয় বাগধারা। ঈশ্বর অবশ্যই প্রাধান্য পাবেন (যাকোবের স্ত্রী, আদি ২৯:৩০,৩১; দ্বি বি ২১:১৫; এসৌ এবং যাকোব, মালাখী ১:২-৩; রোমীয় ১০-১৩; একজনের পরিবার, লুক ১৪:২৬)।

□ “জীবন” এটি হল গ্রীক টার্ম *zōē*। এটি যোহনে একই ভাবে ব্যবহৃত হয়েছে এটি উল্লেখ করতে (১) আত্মিক জীবন; (২) অনন্ত জীবন; (৩) নূতন যুগের জীবন; (৪) পুনরুত্থিত জীবন। সত্যিকার জীবন হল “আমিত্ব” এর স্বেচ্ছাচারিতা থেকে স্বাধীনতা, আমিত্ব যা হল পতনের মূল কথা।

১২:২৬ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ।

□ “সে আমার পিছনে চলুক” এটি একটি present active imperative যেটি বলছে চলমান সম্পর্কের কথা (যোহন ১৫)। এটি হল ধৈর্যধারণের অবহেলাকৃত বাইবেলের বিষয় (দেখুন [বিশেষ বিষয়: ধৈর্যধারণের আবশ্যিকতা \(SPECIAL TOPIC: THE NEED TO PERSEVERE\)](#) যোহন ৮:৩১ পদে)। এই বিষয়টি প্রায়ই দ্বিধাদ্বন্দ্বের সৃষ্টি করে সার্বভৌম ঈশ্বর ও মানবিক ইচ্ছার মধ্যকার ধর্মতাত্ত্বিক উত্তেজনার দ্বারা। যাহোক, এটা সবচেয়ে ভাল পরিদ্রাণ দেখা চুক্তিবদ্ধ অভিজ্ঞতায়। ঈশ্বর সবসময় অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৪৪,৬৫) এবং কার্যসূচী নির্ধারণ করেন, কিন্তু আরও চান যে মানুষ তাঁর উৎসর্গে সাড়া দান করুক মনপরিবর্তন ও বিশ্বাসে (মার্ক ১:১৫; প্রেরিত ২০:২১), উভয়ই প্রাথমিক সিদ্ধান্ত এবং জীবন ব্যাপি শিষ্যত্ব। ধৈর্যধারণ প্রমাণ যে আমরা তাঁকে জানি (মথি ১০:২২; ১৩:২০-২১; গালা ৬:৯; ১ যোহন ২:১৯; প্রকা ২:৭,১১,১৭,২৬; ৩:৫,১২,২১)।

খ্রীষ্টিয় মতবাদ, বাইবেল ভিত্তিক, প্রায়ই স্ববিরোধিতামূলক (paradoxical), উত্তেজনা-পূর্ণ জোড়ায় আসে, প্রাচ্যের সাহিত্য এই রূপকের দ্বারা বৈশিষ্ট্যমণ্ডিত, স্বতন্ত্র চিন্তার নমুনা। প্রায়ই আধুনিক পশ্চিমা পাঠকেরা স্ববিরোধিতাকে (paradoxes) জোর করে হয়/বা পছন্দ করেন যখন তাদের অর্থ হয় উভয়/এবং সত্য।

আমার মন্তব্য প্রকাশে, আমি একটি সেকশন অন্তর্ভুক্ত করেছি আমার বাইবেল ব্যাখ্যা সেমিনার থেকে যার শিরোনাম Biblical Paradoxes:

Biblical Paradoxes

- এই অন্তর্দৃষ্টি আমার কাছে ব্যক্তিগত ভাবে সবচেয়ে সাহায্যকারী যখন কেউ একজন ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেলকে ভালবাসে ও নির্ভর করে। বাইবেলকে গুরুত্ব সহকারে নেবার চেষ্টাতে এটি স্পষ্ট হয়েছে যে ভিন্ন টেক্সট নির্বাচিত সত্য প্রকাশ করেছে, পদ্ধতিগত উপায়ে নয়। একটি অনুপ্রাণিত টেক্সট বাতিল করা বা অবমূল্যায়ন করা যেতে পারে না আর একটি অনুপ্রাণিত টেক্সটের সাথে! সকল শাস্ত্র জানার মধ্যে দিয়ে সত্য আসে (সকল শাস্ত্র, অল্প কয়েকটি নয়, অনুপ্রাণিত, ২ তীম ৩:১৬-১৭), একটি প্যাসেজ উদ্ধৃত করে নয় (proof-texting)!
- বেশির ভাগ বাইবেলের সত্য (প্রাচ্য সাহিত্য) উপস্থাপিত হয়েছে কথোপকথন ভঙ্গিতে বা paradoxical জোড়ায় (মনে করুন নূতন নিয়মের লেখকদের, লুক ছাড়া, ইব্রীয় চিন্তাশীল, প্রচলিত গ্রীকে লেখা)। প্রজ্ঞা সাহিত্য এবং কবিতামূলক সাহিত্য সত্য উপস্থাপন করেছে সমান্তরাল লাইনে। বিপরীত সমান্তরালবাদ কাজ করছে paradox এর মত। এই কৃত্রিম সমান্তরালবাদ কাজ করছে সমান্তরাল প্যাসেজের মত। যে ভাবেই হোক না কেন উভয়ই একই রকম ভাবে সত্য!

এই paradoxes আমাদের পরিপোষণে যন্ত্রণাদায়ক, সহজ সরল ঐতিহ্য!

- পূর্ব-অদৃষ্ট বনাম মানুষের স্বাধীন ইচ্ছা
- বিশ্বাসীদের নিরাপত্তা বনাম ধৈর্যধারণের আবশ্যিকতা
- আদি পাপ বনাম ইচ্ছাকৃত পাপ
- ঈশ্বর হিসাবে যীশু বনাম মানুষ হিসাবে যীশু
- যীশু পিতার সাথে সমান বনাম যীশু পিতার অধীনস্থ
- ঈশ্বরের বাক্য হিসাবে বাইবেল বনাম মানবিক কর্তৃত্ব
- পাপহীনতা (perfectionism (ক্রুটিহীনতা), রোমীয় ৬) বনাম পাপ কম করা
- প্রারম্ভিক তাৎক্ষণিক ধার্মিকতা ও পবিত্রকরণ বনাম অগ্রসরমান পবিত্রকরণ
- বিশ্বাসে ধার্মিকতা (রোমীয় ৪) বনাম কাজের দ্বারা ধার্মিকতার নিশ্চয়তা (যাকোব ২:১৪-২৬)
- খ্রীষ্টিয় স্বাধীনতা (রোমীয় ১৪:১-২৩; ১ করি ৮:১-১৩; ১০:২৩-৩৩) বনাম খ্রীষ্টিয় দায়িত্ব (গালা ৫:১৬-২১; ইফি ৪:১)
- ঈশ্বরের সবকিছুকে ছাপিয়ে যাওয়া বনাম তাঁর সর্বত্র বিরাজমানতা
- ঈশ্বরকে চূড়ান্তভাবে উপলব্ধি করা যায় না বনাম শাস্ত্রে এবং খ্রীষ্টে জানা যায়। পৌলের পরিদ্রাণের জন্য অনেক রূপক
 - দণ্ডক গ্রহণ
 - পবিত্রকরণ
 - ধার্মিকতা

- (৪) পরিত্রাণ
 (৫) মহিমাম্বিতকরণ
 (৬) পূর্ব নির্দিষ্ট অদৃষ্ট
 (৭) পুনর্মিলন
 ড. বর্তমান হিসাবে ঈশ্বরের রাজ্য বনাম ভবিষ্যতে সম্পূর্ণতা
 ঢ. মন পরিবর্তন ঈশ্বরের দান বনাম মন পরিবর্তন পরিত্রাণের জন্য সাড়াদানের আঞ্জা হিসাবে (মার্ক ১:১৫; প্রেরিত ২০:২১)
 ঙ. পুরাতন নিয়ম স্থায়ী বনাম পুরাতন নিয়ম দরকার নেই, বিফল ও নিষ্ফল (মথি ৫:১৭-১৯ বনাম মথি ৫:২১-৪৮; রোমীয় ৭ বনাম গালা ৩)
 ত. বিশ্বাসীরা দাস/ক্রীতদাস বা সন্তান/উত্তরাধিকারী”

□ “আমি যেখানে থাকি, আমার সেবাকারীও সেখানে থাকবে” এই মূল ভাব (theme) বার বার এসেছে যোহন ১৪:৩; ১৭:২৪; ২ করি ৫:৮; ফিলি ১:২৩; ১ থি ৪:১৭ পদে! খ্রীষ্ট ধর্ম মুখ্যত ঈশ্বরের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক! লক্ষ্য হল সম্পর্কযুক্ত: তাঁর উপস্থিতি, তাঁর সহভাগিতা!

আমাদের সৃষ্টি করা হয়েছে ঈশ্বরের সাথে সহভাগিতার জন্য (আদি ১:২৬-২৭)। এদনে ভেঙ্গে যাওয়া সম্পর্কের পুনরুদ্ধার হল পরিত্রাণ। যোহন জোর দিয়েছেন যে এই সহভাগিতা এখন পুনরুদ্ধার হয়েছে!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১২:২৭-৩৬

^{২৭} “আমার মন এখন অস্থির হয়ে উঠেছে; আমি কি এই কথাই বলব, ‘পিতা, এই সময় থেকে আমাকে রক্ষা কর’? কিন্তু এরই জন্য তো আমি এই সময় পর্যন্ত এসেছি।” ^{২৮} পিতা, তোমার নাম মহিমাম্বিত কর।” স্বর্গ থেকে তখন এই কথা শোনা গেল: “আমি তা মহিমাম্বিত করেছি, এবং আবার তা মহিমাম্বিত করব।” ^{২৯} যে লোকেরা সেখানে দাঁড়িয়ে ছিল তারা তা শুনে বলল যে ওটা মেঘের ডাক; কেউ কেউ আবার বলল, “কোন স্বর্গদূত ওনার সংগে কথা বললেন।” ^{৩০} এতে যীশু বললেন, “এই কথা আমার জন্য বলা হয় নি, কিন্তু আপনাদের জন্যই বলা হয়েছে।” ^{৩১} এই জগতের বিচারের সময় এসেছে; আর জগতের অধিপতিকে বাইরে ছুড়ে ফেলা হবে। ^{৩২} আর আমি, মাটি থেকে উঁচুতে যখন তোলা হবে, তখন আমি সবাইকে আমার কাছে টেনে আনব।” ^{৩৩} তাঁর কি রকমের মৃত্যু হবে তা বুঝাবার জন্য তিনি এই কথা বললেন। ^{৩৪} তখন লোকেরা যীশুকে বলল, “আমরা পবিত্র শাস্ত্র থেকে শুনেছি খ্রীষ্ট চিরকাল থাকবেন; তবে আপনি কি করে বলছেন যে, ‘মনুষ্যপুত্রকে উঁচুতে তুলতে হবে’? এই মনুষ্যপুত্র কে?” ^{৩৫} যীশু তাদের বললেন, “আর অল্প সময়ের জন্য আলো আপনাদের সংগে সংগে আছে। আলো আপনাদের কাছে থাকতে থাকতেই চলতে থাকুন, যেন অন্ধকার আপনাদের জয় করতে না পারে; যে অন্ধকারে চলে সে কোথায় যাচ্ছে তা জানে না।” ^{৩৬} আলো আপনাদের কাছে থাকতে থাকতেই, আলোর উপর বিশ্বাস করুন, যেন আপনারা সেই আলোর সন্তান হতে পারেন।” এই সব কথা বলবার পর যীশু লোকদের কাছ থেকে চলে গিয়ে নিজেকে গোপন করলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১২:২৭ “আমার মন এখন অস্থির হয়ে উঠেছে” এটি একটি perfect passive indicative। প্রতিনিধি (পিতা, শয়তান, অবস্থা, ইত্যাদি) বলা হয়নি। এটি একটি দৃঢ় টার্ম নূতন নিয়মে বেশ কয়েকভাবে ব্যবহৃত হয়েছে।

- ক. হেরোদের ভয় (মথি ২:৩)
 খ. শিষ্যদের ভয় (মথি ১৪:২৬)
 গ. যীশুর দ্বিধাধ্বন্দের অস্থিরতা (যোহন ১২:২৭; ১৩:২১; আরও নোট করুন মথি ২৬:৩৮; মার্ক ১৪:৩৪)
 ঘ. যিরূশালেমের মন্ডলী (প্রেরিত ১৫:২৪)
 ঙ. ভ্রান্ত শিক্ষকদের গালাতীয়া মন্ডলীর সংহতি বিনাশ (গালা ১:৭)

এটি ছিল যোহনের উপায় যীশুর মানবিক সংগ্রামকে সম্পর্কযুক্ত করা তাঁর আসন্ন ত্রুশবিদ্ধকরণের মানসিক কষ্ট (মার্ক ১৪:৩২ থেকে কয়েকটি পদ)। যোহন গেষশিমানী বাগানে যীশুর কষ্টকে লিপিবদ্ধ করেন নাই, কিন্তু এটি সেই একই উপলক্ষ্য।

□ “এই সময় থেকে আমাকে রক্ষা কর” এই মন্তব্যে প্রকৃত অর্থ কি হতে পারে তা নিয়ে অনেক আলোচনা রয়েছে। এটা কি একটি প্রার্থনা (অর্থাৎ, মথি ২৬:৩৯)? যা করা উচিত ছিল না সে বিষয়ে এটা কি একটি বিশ্বয়কর প্রতিক্রিয়া ছিল (NET বাইবেল)?

□ “কিন্তু এরই জন্য তো আমি এই সময় পর্যন্ত এসেছি” যীশু জীবন প্রকাশিত হচ্ছিল ঐশ্বরীক পরিকল্পনা অনুসারে (লুক ২২:২২; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮) যেটি যীশু সম্পূর্ণভাবে বুঝেছিলেন (মথি ২০:২৮; মার্ক ১০:৪৫)।

১২:২৮ “তোমার নাম মহিমাম্বিত কর” যোহন ১২:২৮ পদে পিতার সাড়া দান রয়েছে। এই “মহিমাম্বিত” টার্মটি খুবই তরল। এটি উল্লেখ করতে পারে

১. পূর্ব-অস্তিত্বের মহিমা (যোহন ১৭:৫)
২. যীশুর পিতাকে প্রকাশ (যোহন ১৭:৪)
৩. যীশুর ত্রুশারোপন এবং পুনরুত্থান (যোহন ১৭:১)

যোহন ১:১৪ পদে নোট দেখুন।

□ “স্বর্গ থেকে তখন এই কথা” রাকিবরা একে বলেছেন *bath-kol*। মালাখীর সময় থেকে ইস্রায়েলে কোন ভাববাণীমূলক কথা শোনা যায়নি। যখন ঈশ্বরের ইচ্ছা নিশ্চিত হয়েছিল, তখন স্বর্গ থেকে কথা শোনা গিয়েছিল। সুসমাচার সমূহ লিপিবদ্ধ করেছে যে যীশুর জীবন কালে ঈশ্বর তিনবার কথা

বলেছিলেন।

১. যীশুর বাপ্তিস্মে, মথি ৩:১৭
২. রূপান্তরের সময়ে, মথি ১৭:৫
৩. এখানে এই পদে।

১২:২৯ “যে লোকেরা সেখানে দাঁড়িয়ে ছিল তারা তা শুনে বলল” যা ঘটেছিল তার দুটি ব্যাখ্যা রয়েছে: (১) এটি ছিল মেঘের ডাক। এই ভাবে পুরাতন নিয়মে ঈশ্বরের কথা বলাকে ব্যবহার করা হয়েছে (২ শমূ ২২:১৪; ইয়োব ৩৭:৪; গীত ২৯:৩; ১৮:১৩; ১০৪:৭) বা (২) একজন দূত তাঁর সঙ্গে কথা বলেছেন। প্রেরিত ৯:৭; ২২:৯ পদে শৌলের অভিজ্ঞতার মত একই রকমের হতবাক করা বিষয়।

১২:৩০ “যীশু বললেন, ‘এই কথা আমার জন্য বলা হয় নি, কিন্তু আপনাদের জন্যই বলা হয়েছে’” এই শব্দগুচ্ছ হল একটি Semitic তুলনা। এর অর্থ এটি একেবারে তাদের জন্য ছিল না কিন্তু মুখ্যত তাদের জন্যই (যোহন ১১:৪২)।

১২:৩১ “এই জগতের বিচারের সময় এসেছে” এটি একটি সমান্তরাল কাঠামো পরবর্তীতে উল্লেখিত শব্দগুচ্ছের সমন্বয়ে (“এই জগতের অধিপতিকে বাহিরে নিক্ষেপ করা হয়েছে”)। কখন এটি ঘটেছে তা সুনির্দিষ্ট ভাবে বলা হয়নি (দেখুন পরবর্তীতে বিশেষ বিষয়)।

আমি F. F. Bruce, *Answers to Questions* (p. 198) এর সাথে নিশ্চিত ভাবে একমত, যোহন ১২:৩১ পদ হল আর একটি উদাহরণ যাকে C. H. Dodd বলেছেন “উপলব্ধির eschatology।” কারণ যোহনে, যীশু ইতিমধ্যে বিশ্বাসীদের জন্য পরিভ্রাণ এবং অবিশ্বাসীদের জন্য বিচার উভয়ই এনেছেন। এক অর্থে এটি ব্যাকরণগত রূপের সাথে একই রকম যাকে বলা হয়েছে “ভাববাদীমূলক নিখুঁত।” একটি ভবিষ্যতের কিছু খুবই নিশ্চিত যা ইতিমধ্যে ঘটছে বলে প্রকাশিত হয়েছে!

□ “এই জগতের অধিপতি” এটি উল্লেখ করে একটি ব্যক্তিগত মন্দতার শক্তি (যোহন ১৪:৩০; ১৬:১১) ইব্রীয় পরিচিত “শয়তান” বা “বিপক্ষ” হিসাবে (ইয়োব ১-২) বা গ্রীকে “মন্দ” বা “মিথ্যাবাদী” হিসাবে (মথি ৪:১,৫,৮,১১; ১৩:৩৯; ২৫:৪১; যোহন ৬:৭০; ৮:৪৪; ১৩:২, ২ করি ৪:৪; ইফি ২:২)। মথি ৪:১-১১ এবং যোহন ১৩:২,২৭ পদে এই দুটি নামই সমতুল্য। তাকে স্বর্গ থেকে বিতাড়িত করা হয়েছে যেন সে সব সময় যীশুর অনুসারীদের দোষারপ/মিথ্যাচার করতে না পার।

বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা (SPECIAL TOPIC: PERSONAL EVIL)

□ “বাইরে ছুড়ে ফেলা হবে” এটি একটি future passive indicative। শাস্ত্র বলে নাই স্বর্গ থেকে শততানের পতনের নির্দিষ্ট সময়। সম্ভবত যিশাইয় ১৪ এবং যিহিস্কেল ২৮ অধ্যায়ে গৌণ অর্থে শয়তান সম্পর্কে আলোচনা করা হয়েছে। ভাববাণীমূলক প্যাসেজ বাবিল ও সোরের গর্বিত রাজা সম্পর্কে আলোচনা করেছে। তাদের পাপময় ঔদ্ধত্য শয়তানকে প্রতিফলিত করে (যিশা ১৪:১২,১৫; যিহি ২৮:১৬)। যাহোক, যীশু বলেছেন যে তিনি শয়তানকে পতিত হতে দেখেছেন সত্তর জনের প্রচার কাজের সময়ে (লুক ১০:১৮)।

সমগ্র পুরাতন নিয়মে শয়তান সম্পর্কে বেশ কিছু কথা আছে। মূল সে ছিল একজন সেবাকারী দূত, কিন্তু গর্বে কারণে, ঈশ্বরের শত্রুতে পরিণত হল। এই বিতর্কিত বিষয়ে সবচেয়ে ভাল আলোচনা রয়েছে A. B. Davidson's *Old Testament Theology* pp. 300-306.

বিশেষ বিষয়: স্বর্গে যুদ্ধ (SPECIAL TOPIC: WAR IN HEAVEN)

১২:৩২ “আর আমি, মাটি থেকে উঁচুতে যখন তোলা হবে” এটি একটি third class conditional sentence যার অর্থ সাজ্য্য কাজ। এই টার্মের অর্থ হতে পারে

১. উঁচুতে তোলা (যোহন ৩:১৪)
২. ত্রুশবিন্দকরণ (যোহন ৮:২৮)
৩. মর্যাদাপূর্ণ (প্রেরিত ২:৩৩; ৫:৩১)
৪. উচ্চ মর্যাদাপূর্ণ (ফিলি ২:৯)

এটা হল টার্মের (দ্বৈত ব্যাখ্যা) বহুবিধ তাৎপর্য যা বৈশিষ্ট্যময় করেছে যোহনের সুসমাচারকে।

□ “আমি সবাইকে আমার কাছে টেনে আনব” এটি হতে পারে ইস্রায়েলের জন্য YHWH এর চুক্তির ভালবাসার উল্লেখ যেটি রয়েছে যির ৩১:৩ পদে, অবশ্য, প্যাসেজটি “নূতন চুক্তির” উপরে (যির ৩১:৩১-৩৪)। ঈশ্বর লোকদের উৎসাহিত করবেন তাঁর ভালবাসা ও তাদের প্রতি তাঁর কাজ দ্বারা। এই একই রকম রূপকালঙ্কার ব্যবহৃত হয়েছে এই টার্মের যোহন ৬:৪৪ পদে এবং ব্যাখ্যা করা হয়েছে যোহন ৬:৬৫ পদে।

এখানে “সকল” হল সার্বজনীন পরিভ্রাণের আমন্ত্রণ এবং প্রতিজ্ঞা (আদি ৩:১৫; ১২:৩; যাত্রা ১৯:৫; যিশা ২:২-৪; যোহন ১:৯, ১২,২৯; ৩:১৬; ৪:৪২; ১০:১৬; ১ তীম ২:৪; ৪:১০; তীত ২:১১; ২ পিতর ৩:৯; ১ যোহন ২:২; ৪:১৪)!

এই শব্দগুচ্ছের তাৎপর্যময় পার্থক্য রয়েছে। “সকল” হতে পারে masculine, যেটি অনুবাদ হতে পারে “সকল পুরুষ” এবং পাওয়া যায় প্রাচীন গ্রীক পাতুলিপি P^{75(VID)}, κ^2 , B, L, and W, যখন neuter, যেটি অনুবাদ হতে পারে “সকল বিষয়,” পাওয়া যায় P⁶⁶ and κ । যখন এটি

NEUTER এটা তখন বলে খ্রীষ্টের বিশ্বজনীন পরিত্রাণ কল ১:১৬-১৭ পদের মত একই রকম, যেটি সম্ভবত প্রতিফলিত করে জ্ঞানবাদের ধর্ম বিপক্ষতা যা প্রমাণিত ১ যোহানে। UBS⁴ এই masculine কে দিয়েছে "B" রেটিং(প্রায় নির্দিষ্ট)।

১২:৩৩ “তঁার কি রকমের মৃত্যু হবে তা বুঝাবার জন্য তিনি এই কথা বললেন” এটি যোহানের আর একটি সম্পাদকীয় মন্তব্য। হেট দ্বি বি ২১:২৩ পদের সঙ্গে সম্পর্কিত যেখানে গাছে ঝুলানোকে বোঝানো হয়েছে “ঈশ্বর দ্বারা অভিশপ্ত।” এই জন্যই ধর্মীয় নেতারা চাইতেন যীশুর ক্রুশবিদ্ধকরণ, পাথর মারা নয়, যীশু আমাদের জন্য ব্যবস্থার সব অভিশাপ বহন করলেন (গালা ৩:১৩)।

১২:৩৪ “তখন লোকেরা যীশুকে বলল. . . খ্রীষ্ট চিরকাল থাকবেন” এটি হতে পারে একটি পরোক্ষ উক্তি গীত ৮৯:৪,২৯,৩৫-৩৭ পদের। পুরাতন নিয়ম আশা করতো কেবলমাত্র একজন মশীহ আসবেন এবং তাঁর স্থাপিত বিশ্ব শান্তির প্যালেস্টাইনের রাজত্ব (গীত ১১০:৪; যিশা ৯:৭; যিহি ৩৭:২৫ এবং দানি ৭:১৪)। “চিরকাল” এর জন্য যোহান ৬:৫৮ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “মনুষ্য পুত্র” জনতা (দেখুন প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি, গ) অবশ্যই যীশুর শিক্ষা/প্রচার (সম্ভবত যোহান ১২:২৩-২৪ পদ উপাধির জন্য এবং যোহান ১২:৩০-৩২ পদ “উঠতে তোলা” verb এর জন্য) শুনেছিল কারণ তারা তাঁর অদ্বিতীয় আত্ম-উপাধি ব্যবহার করেছিল। এই একটি মাত্র জায়গা যেখানে এটি অন্যরা ব্যবহার করেছে। এটি যিহুদী ধর্মে মানসম্মত উপাধি বা Messianic মর্যাদা ছিল না।

১২:৩৫ “আলো আপনাদের কাছে থাকতে থাকতেই চলতে থাকুন” যীশু তাঁর শ্রোতাদের কাছে বলছেন তাঁর কথায় তাৎক্ষণিক সাড়া প্রদান করতে। এই জগতে তাঁর সময় সীমাবদ্ধ। তিনি জগতে তাঁর শেষ সপ্তাহে পদার্থপূর্ণ করতে যাচ্ছেন। তাঁর পূর্ব নির্ধারিত সময় এসে গেছে (যোহান ১২:২৩)।

এই শব্দগুচ্ছের একটি অর্থে (যেভাবে যোহানে অনেক রয়েছে) রয়েছে ঐতিহাসিক উল্লেখ এবং বিদ্যমান সময়ের উল্লেখ। যীশু যা বরেন্ধন তা সবার জন্য সত্য যারা সুসমাচার শুনছে (অর্থাৎ, বীজ বাপকের দৃষ্টান্ত)।

এটি রূপকভাবে জীবন পদ্ধতিকে “চলা” হিসাবে ব্যবহার (ইফি ৪:১,১৭; ৫:২,১৫)। এটি একটি present active imperative, যেটি অবিরত যীশুর বিশ্বাস করার উপরে জোর দান করছে একটি চলমান সম্পর্ক ও শিষ্যত্বের বিষয়ে, কেবলমাত্র একটি প্রাথমিক সিদ্ধান্ত নয় (যোহান ১২:৪৪-৪৬)।

১২:৩৬ এই মূল ভাব (theme) জগতের আলো হিসাবে যীশু ছিল একটি বার বার জোর দিয়ে বলা যোহানে বড় একটি বিষয় (যোহান ১:৪,৫,৭,৮,৯; ৩:১৯,২০,২১; ৫:৩৫; ৮:১২; ৯:৫; ১১:৯,১০; ১২:৩৫,৩৬,৪৬)। অন্ধকার এবং আলো যিহুদী প্রজ্ঞা সাহিত্যে এবং মরু সাগরের পুর্নিত আত্মিক বাস্তবতার তুলনাও বটে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহান ১২:৩৬-৪৩

^{৩৬} এই সব কথা বলবার পর, যীশু লোকদের কাছ থেকে চলে গিয়ে নিজেকে গোপন করলেন। ^{৩৭} যদিও তিনি তাদের সামনে চিহ্ন হিসাবে এতগুলো আশ্চর্য কাজ করেছিলেন, তবুও লোকেরা তাঁর উপরে বিশ্বাস করে নি। ^{৩৮} এটা হয়েছিল যেন ভাববাদী যিশাইয়ের বলা এই কথা পূর্ণ হয়: প্রভু, আমাদের দেওয়া খবরে কে বিশ্বাস করেছে? আর কার কাছেই বা প্রভুর শক্তিশালী হাত প্রকাশিত হয়েছে? ^{৩৯} সেই লোকেরা এইজন্যই বিশ্বাস করতে পারে নি, কারণ যিশাইয় আবার বলেছেন, ^{৪০} “তিনি তাদের চোখ বন্ধ করেছেন আর অন্তর অসাড় করেছেন, যাতে তারা চোখ দিয়ে না দেখে ও অন্তর দিয়ে বোঝে, ফিরে আসে, আর আমি তাদের সুস্থ্য করি।” ^{৪১} যিশাইয় এই সব কথা বলেছিলেন কারণ তিনি তাঁর মহিমা দেখেছিলেন, আর তাঁর বিষয়ে বলেছিলেন। ^{৪২} তবুও নেতাদের মধ্যে অনেকে তাঁর উপরে বিশ্বাস করলেন, কিন্তু ফরীশীরা সমাজ থেকে তাঁদের বের করে দেবেন সেই ভয়ে তারা তাঁর কথা স্বীকার করলেন না। ^{৪৩} কারণ তাঁরা ঈশ্বরের কাছ থেকে প্রশংসা পাওয়ার চেয়ে মানুষের কাছ থেকে প্রশংসা পেতে বেশী ভালবাসতেন। (অনুবাদকৃত টেক্সট)।

১২:৩৭ কি দুঃখজনক মন্তব্য। আত্মিক অন্ধকার ভয়ংকর (২ করি ৪:৪)। এই পদ ক্ষমার অযোগ্য পাপকে বৈশিষ্ট্যময় করেছে (যোহান ৫:২১ পদে বিশেষ বিষয় দেখুন)।

১২:৩৮ “ভাববাদী যিশাইয়ের বলা এই কথা” এটি যিশা ৫৩:১ পদের দুঃখভোগী দাসের প্যাসেজ থেকে একটি উদ্ধৃতি।

১২:৩৯-৪০ এগুলি কঠিন পদ। ঈশ্বর কি লোকদের মন কঠিন করেন যে তারা সাড়া প্রদান করতে পারে না? আমি যিশা ৬:৯-১০ এবং রোমীয় ১:১৭ পদে আমার মন্তব্য এখানে করেছি (দেখুন www.freebiblecommentary.mobi)।

যিশাইয় ৬:৯-১০ যেহেতু YHWH প্রকাশ করেছেন যিশাইয়ের পরিচর্যায় তাঁর উদ্দেশ্য, তিনি আরও প্রকাশ করেছেন যিশাইয়ের কাছে যে তাঁর বার্তার সাড়া প্রদান পাওয়া যাবে যিহুদিয়াতে।

১. যাও, যিশাইয় ৬:৯, BDB 229, KB , *Qal* imperative
২. বল, যিশাইয় ৬:৯, BDB 55, KB , *Qal* perfect
৩. শুনতে থাক, যিশাইয় ৬:৯, *Qal* imperative and *Qal* infinitive absolute of BDB 1033, KB 1570
৪. কোন কিছু অনুধাবন কোর না, যিশা ৬:৯, BDB 106, KB 122, *Qal* imperfect used in a jussive sense, যিশা ১:৩; ৫:২১; ১০:১৩; ২৯:১৪
৫. দেখতে থাক, *Qal* imperative and *Qal* infinitive absolute of BDB 906, KB 1157

৬. কিন্তু বুঝো না, যিশা ৬:৯, BDB 393, KB 380, *Qal* imperfect used in a jussive sense
৭. লোকদের হৃদয়কে অসারতার(আক্ষরিক ভাবে “স্থূল”) হাতে ছেড়ে দাও, যিশা ৬:১০, BDB 1031, KB 1566, *Hiphil* imperative
৮. তাদের কর্ণ ভারী হয়েছে, যিশা ৬:১০, BDB 457, KB 455, *Hiphil* imperative
৯. এবং তাদের চক্ষু ক্ষীণ, যিশা ৬:১০, BDB 1044, KB 1612, *Hiphil* imperative

এই imperatives ফলাফলের পরবর্তীতে আসে (তিনটি imperfects পূর্বের ব্যবহৃত verb এর, “দেখা,” “শোনা,” এবং “উপলব্ধি করা”)। ঈশ্বর জানান (তঁার পূর্বজ্ঞান দ্বারা না হয় তঁার কঠিনিকৃত তাদের ইতিমধ্যে বিপথগামী হৃদয়/মন) যে তারা সাড়া প্রদান করবে না এবং রক্ষা পাবে না।

১. পাছে তারা মন পরিবর্তন করে, BDB 996, KB 1427, *Qal* perfect negated
২. পাছে তারা আলোগ্য লাভ করে, BDB 950, KB 1272, *Qal* perfect negated

যিশাইয় প্রচার করবেন এবং যদিও কয়েকজন সাড়া প্রদান করতে পারে, তবে তার বিশাল জনতা/তার সমাজ করবে না (রোমীয় ১:২৪,২৬,২৮; ইফি ৪:১৯) বা সাড়া প্রদান করতে পারে না (যিশা ২৯:৯,১০; দ্বি বি ২৯:৪; মথি ১৩:১৩; রোমীয় ১১:৮)! যিশাইয় এখানে কোন সুসমাচার প্রচারক নন, কিন্তু একজন ভাববাদী নিয়মের অবাধ/ফলাফল ভোগীদের কাছে (মথি ১৩:১৩; মার্ক ৪:১২; লুক ৮:১০)। তার আশার বার্তা ছিল ভবিষ্যতের দিনের জন্য, তার সময়ের জন্য নয়!

রোমীয় ১১:৭ “অন্যরা কঠিনিকৃত হয়েছে” এটি একটি aorist passive indicative (২ করি ৩:১৪)। ইঙ্গিতটি হল যে ঈশ্বর তাদের কঠিন করেছেন (রোমীয় ১১:৮-১০)। কঠিন করার জন্য দায়ী হল মন্দ ব্যক্তি (২ করি ৪:৪)। “কঠিনিকৃত”() হল একটি অসারতার বা অন্ধত্বের জন্য চিকিৎসা শাস্ত্রীয় একটি টার্ম (রোমীয় ১১:২৫; ২ করি ৩:১৪; ইফি ৪:১৮)। মার্ক ৬:৫২ পদে এই একই টার্ম প্রেরিতেরা ব্যবহার করেছেন। এটি রোমীয় ৯:১৮ পদ (*sklērunō*) থেকে ভিন্ন গ্রীক টার্ম যেটি দয়ার বিপরিত (ইব্রীয় ৩:৮,১৫; ৪:৭)।

এই পদ খুব স্পষ্ট এবং রোমীয় ১১:১-৬ পদের একটি সারাংশ। কিছু লোক যারা মনোনীত তারা বিশ্বাস করেছে, কিছু লোক যারা মনোনীত নয় তারা মন কঠিন করেছে। যাহোক, এই পদটি আলাদা ভাবে লেখা হয়নি, এটি ধর্মতাত্ত্বিক শ্লোগান হিসাবে। এটি ধর্মতাত্ত্বিক বিতর্কের একটি বিদ্যমান অংশ। এখানে রয়েছে সত্য যা স্পষ্ট ভাবে এই পদে বলা হয়েছে এবং রোমীয় ১০ অধ্যায়ের সার্বজনীন আমন্ত্রণের মধ্যে উত্তেজনা। এখানে একটি নিগূঢ়ত্ব রয়েছে। কিন্তু সমাধান অস্বীকার করা যায় না বা ছোট করা যায় না এই দ্বৈত সমস্যার চূড়ান্ত, paradoxical খুটি।

১২:৩৯ “লোকেরা এইজন্যই বিশ্বাস করতে পারে নি” এটি একটি imperfect middle (deponent) indicative এবং একটি present active imperative। তারা সক্ষম হয়নি বিশ্বাসে যীশুর সাথে সম্পর্ক চলমান রাখতে। তাঁর অলৌকিক কাজ তাদের আকর্ষিত করেছে, কিন্তু মশীহ হিসাবে যীশুতে তাদের উদ্ধারকারী বিশ্বাস/নির্ভরতার দিকে পরিচালিত হয়নি। যোহানে “বিশ্বাস করা” এর একটি স্তর রয়েছে। সকলে পরিগ্রহের পায় না। যোহান ৮:৩১-৫৯ পদের নোট দেখুন।

□ “কারণ যিশাইয় আবার বলেন” যিশাইয় ৬:১০; ৪৩:৮ উল্লেখ করে যিহূদীদের হৃদয়ের কঠিনতা যিশাইয়ের মাধ্যমে ঈশ্বরের বার্তার বিষয়ে (যির ৫:২১; যিহি ১২:২; দ্বি বি ২৯:২-৪)।

১২:৪০ “হৃদয়” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: হৃদয় (SPECIAL TOPIC: THE HEART)

১২:৪১ “যিশাইয় এই সব কথা বলেছিলেন কারণ তিনি তাঁর মহিমা দেখেছিলেন” এটা এটি বলার প্রচেষ্টা যে পুরাতন নিয়মের ভাববাদীরা মশীহের বিষয়ে বলেছিলেন (লুক ২৪:২৭)। যোহান ১:১৪ পদে “মহিমা” এর উপরে নোট দেখুন।

১২:৪২ “তবুও নেতাদের মধ্যে অনেকে তাঁর উপরে বিশ্বাস করলেন” যীশুর বার্তা ফল এনেছিল (যোহান ১২:১১; প্রেরিত ৬:৭)। যোহান ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “তারা তাঁর কথা স্বীকার করলেন না” দেখুন বিশেষ বিষয়: স্বীকার করা (SPECIAL TOPIC: CONFESSION) যোহান ৯:২২-২৩ পদে।

□ “সমাজ থেকে তাঁদের বের করে দেবেন সেই ভয়ে” (যোহান ৯:২২; ১৬:২)।

১২:৪৩ এটি এই ইঙ্গিত দেয় যে সত্যিকার বিশ্বাস দুর্বল আর ভয়পূর্ণ হতে পারে, যদিও তা স্বীকার করা হয় না! যোহান সুসমাচারে বিশ্বাস করা (*pisteuō*) কয়েকটি অর্থে ব্যবহার করা হয়েছে, সত্য রক্ষাকারী বিশ্বাসে প্রাথমিক আকর্ষণ থেকে আবেগগত সাড়া প্রদান।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১২:৪৪-৫০

^{৪৪} যীশু জোরে জোরে বললেন, “যে আমার উপরে বিশ্বাস করে, সে যে কেবল আমার উপরে বিশ্বাস করে তা নয়, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তাঁর উপরেও বিশ্বাস করে। ^{৪৫} যে আমাকে দেখে, যিনি আমাকে পাঠিয়েছেন সে তাঁকেই দেখে। ^{৪৬} আমি এই জগতে আলো হিসাবে এসেছি, যেন আমার উপরে যে বিশ্বাস করে সে অন্ধকারে না থাকে। ^{৪৭} যদি কেউ আমার কথা শুনে তা পালন না করে, তবে আমি তার বিচার করি না, কারণ আমি জগতের বিচার করতে নয়, কিন্তু জগতকে উদ্ধার করতে এসেছি। ^{৪৮} যে আমাকে অগ্রাহ্য করে এবং আমার কথা গ্রহণ না করে, তার জন্য বিচারকর্তা আছেন; যে কথা আমি বলেছি সেই কথাই শেষ দিনে তার বিচার করবে। ^{৪৯} কারণ আমি তো নিজে থেকে কিছু বলি নি, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন সেই পিতা নিজেই আমাকে আদেশ করেছেন কি কি বলবো এবং কি কি প্রকাশ করবো। ^{৫০} আমি জানি তাঁর আদেশই অনন্ত জীবন; এইজন্য আমি যে সব কথা বলি তা আমার পিতার আদেশ মতই বলি।” (অনুবাদকৃত টেক্সট)।

১২:৪৪ “যে আমার উপরে বিশ্বাস করে, সে যে কেবল আমার উপরে বিশ্বাস করে তা নয়, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন তাঁর উপরেও বিশ্বাস করে” বিশ্বাসের লক্ষ্য চূড়ান্ত ভাবে পিতাতে (১ করি ১৫:২৫-২৭)। এটি একটি বার বার বলা মূল ভাব (theme) (মথি ১০:৪০; যোহন ৫:২৪)। পুত্রকে জানা হল পিতাকে জানা (যোহন ৫:১০-১২)।

১২:৪৫ ঈশ্বর কেমন? যীশুকে দেখা হল ঈশ্বরকে দেখা (যোহন ১৪:৭-১০)!

১২:৪৬ আদি পুস্তকের ৩ অধ্যায় থেকে জগত অন্ধকারে রয়েছে (আদি ৬:৫, ১১-১২; ৮:২১; গীত ১৪:৩; যিশা ৫৩:৬; রোমীয় ৩:৯-২৩)।

১২:৪৭ “যদি কেউ আমার কথা শুনে তা পালন না করে” এটি একটি third class conditional sentence যেটি বলছে সম্ভাব্য কাজের কথা। অবিরত বাধ্যতা হল আমাদের বিশ্বাসে অবিরত ব্যক্তিগত সম্পর্কের একটি চিহ্ন! নিশ্চয়তার (দেখুন ১ যোহন ৫:১৩ পদে বিশেষ বিষয়) ভিত্তি হল পরিবর্তিত এবং বাধ্যতা ও ধৈর্যধারণের জীবন পরিবর্তন (দেখুন যোহন ৮:৩১ পদে বিশেষ বিষয়, যাকোবের পুস্তক এবং ১ যোহন)।

১২:৪৭-৪৮ “কারণ আমি জগতের বিচার করতে নয়, কিন্তু জগতকে উদ্ধার করতে এসেছি” যীশু মুখ্যত জগতকে উদ্ধার করতে এসেছেন, কিন্তু তাঁর আগমনের মূল চালিকা শক্তি মানবের সিদ্ধান্ত। যদি তারা তাঁকে প্রত্যাখ্যান করে, তারা নিজেরাই নিজেদের বিচার করছে (যোহন ৮:৩১ পদে বিশেষ বিষয় দেখুন, যোহন ৩:১৭-২১)।

১২:৪৯-৫০ যীশু ঈশ্বরের কর্তৃত্বের কথা বলেছেন, তাঁর নিজের কর্তৃত্ব নয়।

১২:৫০

NASB, NKJV “তাঁর আদেশই অনন্ত জীবন”

NRSV, TEV,

NET “তাঁর আদেশই অনন্ত জীবন আনে”

NJB “তাঁর আদেশ অর্থ অনন্ত জীবন”

REB “তাঁর আদেশই অনন্ত জীবন”

NIV “তাঁর আদেশ অনন্ত জীবনে পরিচালিত করে”

Net (পাদটিকা) “তাঁর আদেশের ফল অনন্ত জীবন”

প্রথম বিকল্পটি হল আক্ষরিক গ্রীক টেক্সট। অন্যরা চেষ্টা করেছে এর অর্থ ব্যাখ্যা করতে।

NASB নিয়েছে যোহন ৬:৬৮ পদকে সমান্তরাল প্যাসেজ হিসাবে, যখন Michael Magill's *NT TransLine* নিয়েছেন যোহন ১৭:৮ পদকে। Jerome বাইবেল ব্যাখ্যা(পৃ.৪৫১) যোহন ১০:১৮ পদকে সমান্তরাল হিসাবে নিয়েছে। স্পষ্ট শব্দগুচ্ছটি অস্পষ্ট। যোহনে ওঠানামা রয়েছে “আজ্ঞা” সমূহের singular এবং PLURAL এর মধ্যে, কোন শাস্ত্রীয় ব্যাখ্যার তাৎপর্য নেই।

বিশেষ বিষয়: যোহনের লেখনীতে “আজ্ঞা” এর ব্যবহার (SPECIAL TOPIC: USE OF “COMMANDMENT” IN JOHN'S WRITINGS)

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির

অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. কেন মরিয়ম, লাসারের বোন, যীশুর পা অভিষিক্ত করেছিল?
২. এই ঘটনার বিষয়ে কেন মথি, মার্ক ও যোহনের বর্ণনায় সামান্য পার্থক্য রয়েছে?
৩. লোকেরা যীশুর সঙ্গে খেজুর পাতা নিয়ে দেখা করেছিল এবং গীত ১১৮ উদ্ধৃত করেছিল, এর তাৎপর্য কি ছিল?
৪. কেন যীশু খুব আন্দোলিত হয়েছিলেন তাঁর সঙ্গে কথা বলার গ্রীকদের অনুরোধে?
৫. কেন যীশুর প্রাণ খুব অস্থির হয়েছিল? (যোহন ১২:২৭)
৬. কেন যোহন “বিশ্বাস করা” বেশ কয়েকটি অর্থে ব্যবহার করেছেন, ব্যাখ্যা করুন।

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ১৩

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
শিষ্যদের পা ধোওয়ানো	প্রভু দাসে পরিণত হলেন	শেষ ভোজ	যীশু তাঁর শিষ্যদের পা ধোওয়ান	পা ধোওয়ানো
১৩:১-১১	১৩:১-১১	১৩:১-১১	১৩:১	১৩:১
			১৩:২-৬	১৩:২-৫
				১৩:৬-১১
			১৩:৭	
			১৩:৮ ^ক	
			১৩:৮ ^খ	
			১৩:৯	
	আমাদের অবশ্যই সেবা করতে হবে		১৩:১০-১১	
১৩:১২-২০	১৩:১২-২০	১৩:১২-২০	১৩:১২-১৭	১৩:১২-১৬
				১৩:১৭-২০
			১৩:১৮-২০	
যীশু তার প্রতি বিশ্বাসঘাতকতা সম্পর্কে বলেন			যীশু তাঁর বিশ্বাসঘাতকতা সম্পর্কে বলেন	যিহূদার বিশ্বাসঘাতকতার পূর্বাভাষ
১৩:২১-৩০		১৩:২১-৩০	১৩:২১	১৩:২১-৩০
			১৩:২২-২৪	
			১৩:২৫	
			১৩:২৬-২৯	
			১৩:৩০	
নূতন আজ্ঞা	নূতন আজ্ঞা		নূতন আজ্ঞা	বিদায়ী উপদেশ
১৩:৩১-৩৫	১৩:৩১-৩৫	১৩:৩১-৩৫	১৩:৩১-৩৫	১৩:৩১-৩৫
পিতরের অস্বীকারের পূর্বাভাষ	যীশু পিতরের অস্বীকারের কথা বলেন		যীশু পিতরের অস্বীকারের কথা বলেন	

১৩:৩৬-৩৮	১৩:৩৬-৩৮	১৩:৩৬-৩৮	১৩:৩৬ ^ক	১৩:৩৬-৩৮
			১৩:৩৬ ^খ	
			১৩:৩৭	
			১৩:৩৮	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

যোহন ১৩:১-৩৮ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. যোহনের সুসমাচার শেষ হয়েছে ১২ অধ্যায়ে যীশুর চিহ্ন কাজের মধ্যে দিয়ে। ১৩ অধ্যায় শুরু হয়েছে চূড়ান্ত আবেগের সপ্তাহ।
- খ. NASB Study Bible's পাদটিকা চমৎকার মন্তব্য করেছে “গ্রীক noun *agapē* (‘ভালবাসা’) এবং verb *agapaō* (‘ভালবাসা’) কেবলমাত্র আটবার দেখায় যায় ১-১২ অধ্যায়ের মধ্যে কিন্তু ৩১ বার দেখায় যায় ১৩-১৭ অধ্যায়ের মধ্যে।”
- গ. যেভাবে Synoptic সুমাচারগুলি করেছে সেভাবে যোহন শেষ ভোজ(Eucharist) লিপিবদ্ধ করেন নাই। তিনি কেবলমাত্র সেই রাতে উপরের কুঠরীর কথোপকথনের বিবরণ দিয়েছেন (১৩-১৭ অধ্যায়, যেটি যোহনের সুসমাচারের তাৎপর্যপূর্ণ শতাংশ। এটি, সেইজন্য, অবশ্যই প্রকাশ করেছে যীশুর ব্যক্তিত্ব এবং কাজ পরাক্রমী নতুন উপায়ে)। অনেকে এই বাদ দেওয়াকে ইচ্ছাকৃত প্রচেষ্টা প্রাথমিক মন্ডলীতে বেড়ে চলা sacramentalism উপরে গুরুত্বদানের অবমূল্যায়ন হিসাবে দেখেছেন।
- ঘ. যোহনে ১৩ অধ্যায়ের ঐতিহাসিক প্রসঙ্গ লুকি ২২:২৪ পদে দেখা যেতে পারে। শিষ্যরা তখনও বিতর্ক চালিয়ে যাচ্ছিল কে সবচেয়ে মহান ছিল সেই বিষয়ে।
- ঙ. ১৩-১৭ অধ্যায়ের বাস্তব প্রেক্ষাপট হল যিরূশালেমের একটি উপরের কুঠরী (বা সম্ভবত ১৫-১৭ অধ্যায়ে গেৎশিমানীতে যাবার পরে, যোহন ১৪:৩১), সম্ভবত যোহন মার্কেস বাড়ী, যে রাতে যীশু যিহূদার দ্বারা বিশ্বাসঘাতকতার শিকার হয়েছিলেন।
- চ. যীশুর পা ধোওয়ানোর পিছনে মনে হয় দুটি স্বতন্ত্র উদ্দেশ্য ছিল
 ১. ৬-১১ পদে পূর্বছায়া তাঁর কাজ আমাদের পরিবর্তে ত্রুশের উপরে।
 ২. ১২-২০ পদ নশতার বিষয় একটি উদ্দেশ্যমূলক শিক্ষা (লুক ২২:২৪ পদের আলোকে)।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৩:১-১১

^১উদ্ধার-পর্বের কিছু আগে, যীশু বুঝতে পেরেছিলেন তাঁর এই জগৎ ছেড়ে পিতার কাছে যাবার সময় উপস্থিত হয়েছে, এই জগতে যাঁরা তাঁর নিজের লোক ছিলেন তাঁদের তিনি ভালবাসতেন, তাদের শেষ পর্যন্তই ভালবেসেছিলেন। ^২ তখন রাতের খাবার সময়, এর আগেই শয়তান শিমোনের ছেলে যিহূদা ইকারিয়োটের মনে, যীশুকে শত্রুদের হাতে ধরিয়ে দেবার ইচ্ছা জাগিয়ে দিয়েছিল, ^৩ যীশু, জানতেন যে পিতা ঈশ্বর তাঁর হাতে সব কিছুই দিয়েছেন, আর তিনি ঈশ্বরের কাছ থেকে এসেছেন এবং ঈশ্বরের কাছেই ফিরে যাচ্ছেন, ^৪ তিনি খাওয়া ছেড়ে উঠলেন, আর উপরের কাপড় খুলে ফেলে

রাখলেন; একটা গামছা নিয়ে কোমরে জড়ালেন।^c তারপর তিনি গামলায় জল ঢাললেন, আর শিষ্যদের পা ধোওয়াতে লাগলেন এবং কোমরে জড়ানো গামছা দিয়ে তা মুছে দিতে লাগলেন।^d এইভাবে যীশু শিমোন-পিতরের কাছে আসলেন। পিতর তাঁকে বললেন, “প্রভু, আপনি কি আমার পা ধুইয়ে দেবেন?”^e যীশু উত্তর করে বললেন, “আমি যা করছি তা এখন তুমি বুঝতে পারছ না, কিন্তু পরে বুঝতে পারবে।”^f পিতর তাঁকে বললেন, “আপনি কখনও আমার পা ধুইয়ে দেবেন না!” যীশু পিতরকে বললেন, “যদি আমি তোমাকে ধুইয়ে না দিই, তবে আমার সংগে তোমার কোন অংশ নেই।”^g শিমোন-পিতর বললেন, “প্রভু, তাহলে কেবল আমার পা নয়, আমার হাত আর মাথাও ধুইয়ে দিন।”^h যীশু তাঁকে বললেন, “যে স্নান করেছে তার পা ছাড়া আর কিছুই ধোওয়ার দরকার নেই, কারণ তার আর সব কিছু পরিষ্কার আছে; তোমরা অবশ্য পরিষ্কার আছ, কিন্তু তোমরা সকলে নও।”ⁱ কারণ কে তাঁকে ধরিয়ে দেবে তা তিনি জানতেন; সেইজন্যই তিনি বললেন, “তোমরা সকলে পরিষ্কার নও।” (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১ “উদ্ধার পর্বের কয়েকদিন আগে” যোহন এবং Synoptic সুসমাচার একমত নয় যে এটা কি উদ্ধার পর্বের আগের দিনের ভোজ ছিল নাকি উদ্ধার পর্বের ভোজ ছিল। তারা উভয়েই ভোজকে রেখেছে বৃহস্পতিবার এবং ক্রুশবিদ্ধকরণকে শুক্রবার (যোহন ১৯:৩১; মার্ক ১৫:৪৩; লুক ২৩:৫৪)। উদ্ধার পর্বের ভোজ ছিল মিসর থেকে ইস্রায়েলীয়দের মুক্তির স্মরণে (যাত্রা ১২)। যোহন বলতে চেষ্টি করেছেন যে এটা ছিল নিয়মিত উদ্ধার পর্বের ভোজের আগের দিন (যোহন ১৮:২৮; ১৯:১৪, ৩১, ৪২)।

এটা সম্ভব যে Essene সম্প্রদায় ভিন্ন পঞ্জিকা ব্যবহার করতো (অর্থাৎ, books of Jubilees এবং Enoch এর সৌর পঞ্জিকা, একটি উপায় হিসাবে এটা দেখান যে তারা সে সময়ের যাজকদের প্রত্যাখান করেছে), যেটি একটি আগে উদ্ধার পর্বকে রেখেছে।

Jerome Biblical Commentary সারাংশ করেছে বর্তমান পণ্ডিতদের চিন্তা(পৃ..৪৫১) এবং মনে করে যে যোহনের “আগের দিন” সঠিক এবং Synoptic সুসমাচার বলতে চেষ্টি করেছে ভোজকে উদ্ধার পর্বের প্রতিক হিসাবে। আমাদের সব সময় স্মরণ রাখতে হবে যে সুসমাচার পশ্চিমি, কারণ এবং ফলাফল, সময়ানুক্রমিক ইতিহাস নয়। ইতিহাস লেখা হয় অনেক উপায়ে, ঠিক বা ভুল নয়, সত্য বা মিথ্যা নয়। ইতিহাস হল চলে যাওয়া অতীতের ব্যাখ্যা যা দেয় বর্তমান বিষয়সমূহ/আবশ্যিকতা/দিকসমূহ। প্রকৃত বিষয় হল কে/কেন/ ইতিহাস লিখেছেন। সবচেয়ে উত্তম ঐতিহাসিক বর্ণনা ও সুসমাচার এর সাহিত্য কৌশল সম্পর্কে Gordon Fee and Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth*, pp. 89-126।

□ “যীশু বুঝতে পেরেছিলেন তাঁর সময় উপস্থিত হয়েছে” “বোঝা” হল একটি perfect active participle (যোহন ১৩:৩ পদের মত)। যীশু পিতার সঙ্গে তাঁর অনন্য সম্পর্ক বুঝতে পেরেছিলেন অন্ততঃ ১২ বছর বয়স থেকে (লুক ২:৪১-৫১)। যোহন ১২:২০-২৩ পদে গ্রীকদের আগমন তাঁকে দেখার জন্য যীশুকে দেখিয়েছে যে তাঁর মৃত্যু ও মহিমাশিত হবার সময়ে এসেছে (যোহন ২:৪; ৭:৬, ৮, ৩০; ৮:২০; ১২:২৩, ২৭; ১৭:১)।

□ “তাঁর এই জগৎ ছেড়ে পিতার কাছে যাবার” যোহনের সুসমাচার অবিরত গুরুত্ব দিয়েছে উলম্ব দ্বৈতবাদের, উপর বনাম নিচে (যোহন ১৩:৩)। পিতা যীশুকে পাঠিয়েছিলেন (যোহন ৮:৪২) এবং এখন তিনি ফিরে যাবেন। Synoptic সুসমাচার চিত্রিত করেছে শিক্ষক হিসাবে যীশুর আনুভূমিক দ্বৈতবাদ দুটি যিহুদী যুগে, ইতিমধ্যে এবং এখন নয় উত্তেজনা ঈশ্বরের রাজ্যে।

সুসমাচার সম্বন্ধে অনেক প্রশ্ন রয়েছে যা আধুনিক পাঠক অবশ্যই উল্লেখ করবেন, কিন্তু যখন সব কিছু বলা এবং করা হবে এই পবিত্র লেখনী প্রকাশ করবে সুসামঞ্জস্যপূর্ণ বাইবেল ভিত্তিক বিশ্ব দর্শন।

১. একজনই মাত্র পবিত্র ঈশ্বর
২. তাঁর বিশেষ সৃষ্টি, মানব জাতি, পাপে পতিত হয়েছে এবং বিদ্রোহ করেছে
৩. ঈশ্বর একজন দেহধারী উদ্ধারকর্তাকে পাঠিয়েছেন (অর্থাৎ, মশীহ)
৪. মানব জাতিকে অবশ্যই বিশ্বাসে, মন পরিবর্তনে, বাধ্যতায় এবং ধৈর্যধারণে সাড়া দিতে হবে
৫. ব্যক্তিগত মন্দতার শক্তি রয়েছে ঈশ্বর এবং তাঁর ইচ্ছার বিরুদ্ধে
৬. সকল বিবেকবান সৃষ্টিকে তাদের জীবন যাপন সম্পর্কে ঈশ্বরের কাছে নিকাশ দিতে হবে

verb “চলে যাওয়া” (*metabainō*) যোহনের লেখনীতে অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে পতিত মানবের অস্তিত্ব (অর্থাৎ, পাপ ও বিদ্রোহের পুরাতন যুগ)) থেকে আত্মা ও অনন্ত জীবনের নূতন যুগের (যোহন ৫:২৪; ১৩:১; ১ যোহন ৩:১৪; যোহন ৭:৩ পদে এর ব্যবহার ছাড়া) বিবর্তনে।

□ “তাঁর নিজের লোকদের ভালবেসেছিলেন” এই গ্রীক শব্দগুচ্ছ ব্যবহৃত Egyptian papyri হয়েছে তে (Moulton, Milligan, *The Vocabulary of the Greek New Testament*) “নিকট জ্ঞাতি” এর জন্য (লুক ৮:১৯-২১)।

□ “এই জগতে যারা” যোহন জগৎ (*kosmos*) টামটি ব্যবহার করেছেন বেশ কয়েকটি ভিন্ন ভিন্ন অর্থে।

১. এই গ্রহ (যোহন ১:১০; ১১:৯; ১৬:২১; ১৭:৫, ১১, ২৪; ২১:২৫)
২. মানব জাতি (যোহন ঔড়যহ ৩:১৬; ৭:৪; ১১:২৭; ১২:১৯; ১৪:২২; ১৮:২০, ৩৭)
৩. বিদ্রোহি মানব জাতি (যোহন ১:১০, ২৯; ৩:১৬-২১; ৪:৪২; ৬:৩৩; ৭:৭; ৯:৩৯; ১২:৩১; ১৫:১৮; ১৭:২৫)

দেখুন বিশেষ বিষয়: পৌলের *Kosmos* ব্যবহার যোহন ১৪:১৭ পদে।

□ “তাদের শেষ পর্যন্তই ভালবেসেছিলেন” এটি হল গ্রীক শব্দ “*telos*,” যার অর্থ একটি সম্পাদিত উদ্দেশ্য। এটি ক্রুশে মানব জাতির জন্য যীশুর পরিব্রাণের কাজকে উল্লেখ করেছে। এই একই শব্দের মত রূপ যীশুর ক্রুশ থেকে বলা শেষ বাণীটি ছিল (যোহন ১৯:৩০), “সমাপ্ত হইল,” যেটি আমরা Egyptian papyri থেকে জেনেছি যে এর অন্তর্নিহিত তাৎপর্য হল “সম্পূর্ণ পরিশোধ করা”!

১৩:২ “রাতের খাবার সময়” এই পয়েন্টে গ্রীক পাণ্ডুলিপির পার্থক্য রয়েছে। পার্থক্যে অর্ন্তভুক্ত মাত্র একটি অক্ষর গ্রীক শব্দে।

1. *ginomenou*, present participle (অর্থাৎ, রাতের খাবার সময়), MSS κ , B, L, W
2. *genomenou*, aorist participle (অর্থাৎ, রাতের খাবার পর), MSS P⁶⁶, κ^2 , A, D

UBS⁴ একে দিয়েছে option #1 একটি "B" রেটিং (প্রায় নিশ্চিত)।

এর সম্ভাব্য অর্থ

1. রাতের খাবারের পর
2. আশীর্বাদের প্রথম পেয়ালার পরে, যখন প্রক্রিয়ায় হাত ধোবার আবশ্যিক হয়
3. আশীর্বাদের তৃতীয় পেয়ালার পরে

বিশেষ বিষয়: উদ্ধার পর্ব (পালনের নিয়ম) (SPECIAL TOPIC: PASSOVER (ORDER OF SERVICE))

□ “এর আগেই শয়তান যিহূদা ইষ্কারিয়োটের মনে ইচ্ছা জাগিয়ে দিয়েছিল” এটি একটি perfect active participle। যীশু যিহূদা সম্বন্ধে প্রথম থেকেই জানতেন (যোহন ৬:৭০)। শয়তান (বিশেষ বিষয় দেখুন যোহন ১২:৩১ পদে) অনেক দিন থেকেই যিহূদাকে প্রলোভিত করছিল, কিন্তু যোহন ১৩:২৭ পদে শয়তান সম্পূর্ণ ভাবে তার নিয়ন্ত্রণ নিয়েছিল। দেখুন বিশেষ বিষয়: হৃদয় যোহন ১২:৪০ পদে। যোহন ১৮:২ পদে সম্পূর্ণ নোট দেখুন।

১৩:৩ “যীশু, জানতেন যে পিতা ঈশ্বর তাঁর হাতে সব কিছুই দিয়েছেন” এটি একটি perfect active participle, যোহন ১৩:১ পদের মত, পরেই এসেছে একটি aorist active indicative। এটি যীশুর একটি বিশ্বাসকর মন্তব্য তাঁর আত্ম উপলব্ধি এবং কর্তৃত্বের উপরে (যোহন ৩:৩৫; ১৭:২; মথি ২৮:১৮)। aorist tense হল তাৎপর্যপূর্ণ। পিতা যীশুকে “সব কিছু” দিয়েছিলেন ক্রুশবিদ্ধ হওয়ার আগেই। সেগুলি কেবলমাত্র তাঁর বাধ্যতার পুরস্কার হিসাবে দেওয়া হয়নি, কিন্তু এই কারণে যে তিনি কে ছিলেন! তিনি জানতেন যে তিনি কে ছিলেন এবং তাদের পা ধুইয়ে ছিলেন যারা নিজেদের মধ্যে তর্ক বিতর্ক করছিল যে কে তাদের মধ্যে মহান!

□ “তিনি ঈশ্বরের কাছ থেকে এসেছেন” এটি যোহন ১৩:৩ পদে তিনটি বিয়য়ের দ্বিতীয়টির উল্লেখ যে যীশু জানতেন

1. পিতা তাঁর হাতে সব কিছুই দিয়েছেন
2. তিনি ঈশ্বরের কাছ থেকে এসেছেন
3. তিনি ঈশ্বরের কাছেই ফিরে যাচ্ছেন (যোহন ৭:৩৩; ১৪:১২,২৮; ১৬:৫,১০,১৭,২৮; ২০:১৭)

শেষ দুটি উপর বনাম নিচে দ্বৈতবাদের অংশ যা খুব সাধারণ ছিল যোহনে।

বিষয় #2 যোহনে একটি অনন্য শব্দগুচ্ছ (যোহন ৮:৪২; ১৩:৩; ১৬:২৮,৩০; ১৭:৮)। এটিতে উভয় সিদ্ধান্ত রয়েছে উৎস এবং স্থান (অর্থাৎ, স্বর্গ থেকে আসা ঈশ্বর)।

১৩:৪ “তিনি খাওয়া ছেড়ে উঠলেন” মনে রাখুন যে তারা তাদের বাম কনুই হেলান দিয়েছিল তাদের পিছনে রাখা পায়ের উপর, চেয়ারে বসে নয়।

□ “তার কাপড় খুলে ফেলে রাখলেন” বহুবচন উল্লেখ করে যীশুর উপরের পোষাক (যোহন ১৯:২৩)। এটি বেশ মজার যে এই একই verb ব্যবহৃত হয়েছে যোহন ১০:১১,১৫,১৭,১৮ পদে যীশুর তাঁর জীবন দানের জন্য (যোহন ১৩:৩৭)। এটা হতে পারে যোহনের আর একটি দ্বৈত ব্যাখ্যা (entendres)। এটা মনে হয় এরকম যে পা ধোওয়ানোটা বেশি কিছু ছিল কেবলমাত্র নন্দতার শিক্ষার চেয়েও (যোহন ১৩:৬-১০)।

১৩:৫ “শিষ্যদের পা ধোওয়াতে লাগলেন” এই গ্রীক শব্দ ব্যবহৃত হয়েছে “দেহের কেবলমাত্র একটি অংশ ধৌতকরণ” এর জন্য। যোহন ১৩:১০ পদে শব্দ ব্যবহৃত হয়েছে সম্পূর্ণ স্নানের জন্য। পা ধোওয়ানো ছিল ক্রীতদাসের কর্তব্য। এমনকি রাব্বিরাও তাদের শিষ্যদের কাছ থেকে এমনটি আশা করতেন না। যীশু, তাঁর নিজের ঈশ্বরত্ব জেনেও, ইচ্ছাকৃত ভাবে এই সব ঈর্ষান্বিত ও উচ্চাকাঙ্ক্ষী শিষ্যদের (এমনকি যিহূদারও) পা ধুয়েছিলেন!

১৩:৬ পিতরের প্রশ্ন ছিল একটি কাব্যিক উপায়ে যীশুর ভাবভঙ্গি প্রত্যাখান। পিতর প্রায়ই ভাবতেন যে যীশুর কি করা উচিত বা কি করা নয় (মথি ১৬:২২)।

১৩:৭ শ্রেণিতেরা, যারা যীশুর সঙ্গে সঙ্গে থাকতেন, সবসময় তাঁর কাজ ও শিক্ষা বুঝতে পারতো না (যোহন ২:২২; ১০:৬; ১২:১৬; ১৪:২৬; ১৬:১৮)। এই ভুল বোঝাবুঝি হল একটি উপায় উলম্ব দ্বৈতবাদ প্রকাশে।

১৩:৮ “আপনি কখনও আমার পা ধুইয়ে দেবেন না” এটি একটি দৃঢ় double negative যার অর্থ “কোন অবস্থাতেই না কখনও না।”

□ “যদি আমি তোমাকে ধুইয়ে না দিই, তবে আমার সঙ্গে তোমার কোন অংশ নেই” এটি একটি third class conditional sentence। এই পদ ইঙ্গিত দেয় যে কেবলমাত্র ব্যবহারিক শিক্ষা ছাড়াও এখানে আরও কিছু ঘটেছিল। ৬-১০ পদ মনে হয় সম্পর্ক যুক্ত পাপের ক্ষমায় যীশুর ক্রুশের কাজের

সঙ্গে।

দ্বিতীয় শব্দগুচ্ছ প্রতিফলিত করতে পারে পুরাতন নিয়মের বাগধারা উত্তরাধিকারের সাথে সম্পর্কযুক্ত (দ্বি বি ১২:১২; ২ শমু ২০:১; ১ রাজা ১২:১৬)। এটি একটি দৃঢ় বাগধারা বর্জনের।

১৩:৯ গ্রীক negative particle “না” (mē) উল্লেখ করে পরোক্ষ imperative, “ধোওয়া।”

১৩:১০ “যে স্নান করেছে” যীশু রূপকভাবে পরিব্রাজনের কথা বলছেন। পিতর ধৌত হয়েছিলেন (উদ্ধার পেয়েছেন, যোহন ১৫:৩; তীত ৩:৫), কিন্তু অবিরত মন পরিবর্তনের প্রয়োজন (১ যোহন ১:৯) ঘনিষ্ঠ সহভাগিতা রক্ষার্থে।

আর একটি প্রসঙ্গকৃত সম্ভাবনা হল যে যীশু যিহূদার বিশ্বাসঘাতকতার কথা বলছেন (যোহন ১৩:১১ এবং ১৮)। তাই স্নান করার রূপক উল্লেখ করে হয় (১) পিতরের দেহের না হয় (২) প্রেরিতদের দলকে।

□ “তোমরা অবশ্য পরিস্কার আছ, কিন্তু তোমরা সকলে নও” “তোমরা” হল বহুবচন, উল্লেখ করে শিষ্যদের মধ্যের সবাইকে, যিহূদা ছাড়া (যোহন ১৩:১১, ১৮; ৬:৭০)

“পরিস্কার” উল্লেখ করে যীশুর বার্তা যা তারা গ্রহণ করেছে (যোহন ১৫:৩)। তারা “পরিস্কার” কারণ তারা বিশ্বাস করেছে/নির্ভর করেছে/বিশ্বাস করে/গ্রহণ করেছে তাঁকে যে পরিস্কার, যীশুকে। শব্দগুচ্ছ “তোমরা সকলে নও” এর জন্য, দেখুন বিশেষ বিষয়: স্বধর্ম ত্যাগ যোহন ৬:৬৪ পদে।

১৩:১১ TEV and NET এই পদকে রেখেছে parenthesis (বন্ধনী সম্পর্কিত), একে ব্যাখ্যা করেছে লেখকের অনেক সম্পাদকীয় মন্তব্যের একটি হিসাবে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৩:১২-২০

^{১২} যখন তিনি তাদের পা ধুইয়ে দিলেন, আর নিজের উপরের কাপড় পরে আবার টেবিলে হেলান দিয়ে বসলেন, এবং তাঁদের বললেন, “আমি তোমাদের প্রতি কি করলাম তা কি তোমরা জান? ^{১৩} তোমরা আমাকে গুরু ও প্রভু বলে ডাক; আর তা ঠিকই বল, কারণ আমি তা-ই। ^{১৪} ভাল, আমি প্রভু আর গুরু হয়েও, যখন তোমাদের পা ধুইয়ে দিলাম, তখন তোমাদেরও একে অন্যের পা ধোওয়ানো উচিত। ^{১৫} কারণ আমি তোমাদের কাছে একটা দৃষ্টান্ত দেখালাম, যেন তোমাদের প্রতি আমি যা করলাম তোমরাও সেরকমই কর। ^{১৬} সত্য, সত্য, আমি তোমাদের বলছি, দাস তার মনিব থেকে বড় নয়, যাকে পাঠানো হয়েছে সে তাঁর চেয়ে বড় নয় যিনি তাকে পাঠিয়েছেন। ^{১৭} এই সব জেনে, যদি তা পালন কর, তবে তোমরা ধন্য। ^{১৮} আমি তোমাদের সকলের কথা বলছি না। আমি যাদের বেছে নিয়েছি তাদের আমি জানি; কিন্তু পবিত্র শাস্ত্রের এই কথা পূর্ণ হতেই হবে, ‘যে আমার সংগে খাওয়া-দাওয়া করে, সে আমার বিরুদ্ধে পা উঠিয়েছে।’ ^{১৯} এখন থেকে এটা ঘটবার আগেই আমি তোমাদের বলছি, যেন ঘটলে পর, তোমরা বিশ্বাস করতে পার যে আমিই তিনি। ^{২০} সত্য, সত্য, আমি তোমাদের বলছি, আমি যাকে পাঠাই, যে তাকে গ্রহণ করে, সে আমাকেই গ্রহণ করে, আর যে আমাকে গ্রহণ করে, যিনি আমাকে পাঠিয়েছেন সে তাঁকেই গ্রহণ করে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৩:১২-২০ যোহন ১৩:৬-১০ পদের সঙ্গে তুলনায়, এখানে যীশু বর্ণনা করছেন তাঁর কাজ ছিল নন্দতার উদাহরণ হিসাবে। প্রেরিতেরা নিজেদের মধ্যে তর্ক বিতর্ক করছিল যে তাদের মধ্যে কে বড় (লুক ২২:২৪)। এই প্রসঙ্গে যীশু ক্রীতদাসের কাজ করলেন এবং তারপর ব্যাখ্যা করলেন যে এর অর্থ কি এবং কিভাবে এটি প্রয়োগ করবে।

১৩:১৪ “যদি” এটি একটি first class conditional sentence যেটি মনে করা হয় লেখকের দিক থেকে সত্য বা তার উদ্দেশ্যের দিক থেকে।

□ “প্রভু এবং গুরু” লক্ষ্য করুন যোহন ১৩:১৩ এবং ১৪ পদে definite article। আরও লক্ষ্য করুন উপাধি উল্টে গেছে। তিনিই সেই যিনি কর্তৃত্বের সঙ্গে কথা বলেছেন। তিনি পিতাকে প্রকাশ করেছেন এবং বাধ্যতা ও আনুগত্য আশা করেন! তিনি যা করেন তাদের অবশ্যই অনুকরণীয় হবে (যোহন ১৩:১৫)।

১৩:১৪-১৫ “তোমাদেরও একে অন্যের পা ধোওয়ানো উচিত” এই কথার কি অর্থ হয় যে এই নন্দতার কাজের অর্থ তৃতীয় মণ্ডলীর অনুশাসন হবে? বেশির ভাগ খ্রীষ্টিয় দল বলবে, না, কারণ

১. প্রেরিত পুস্তকে কোন মণ্ডলী যে এই কাজ করেছে তার কোন বিবরণ নেই
২. নূতন নিয়মের পত্রাবলীতে কখনও এই বিষয়ে বলা হয়নি
৩. এটি খখনও নির্দিষ্ট ভাবে বলে না যে বাস্তব (মথি ২৮:১৯) এবং প্রভুর ভোজে (১ করি ১১:১৭-৩৪) এটি চলমান অনুশাসন হবে

এটি অর্থ করে না যে এটি গুরুত্বপূর্ণ আরাধনার বিষয় হতে পারবে না।

“উদাহরণ” যা যীশুর তাদের দিয়েছিলেন তা কেবল মানবতা ছিল না, কিন্তু উৎসর্গীকৃত পরিচর্যা (যোহন ১৫:১২-১৩)। ১ যোহন ৩:১৬ পদ একে ভালই বলেছে! যীশু শেষ পর্যন্ত ভালবেসেছেন (যোহন ১৩:১), তাদেরও শেষ পর্যন্ত ভালবাসতে হবে (অর্থাৎ, আত্ম উৎসর্গের জীবন, পতনের বিপরিত)।

১৩:১৬ “সত্য, সত্য, আমি তোমাদিগকে বলছি” এটি আক্ষরিক ভাবে “আমেন, আমেন” (যেভাবে যোহন ১৩:২০ পদে)। এটি একটি পুরাতন নিয়মের “বিশ্বাস” এর জন্য টার্মের রূপ (ইব্রীয় ২:৪)। যীশু কেবলমাত্র একজনই ছিলেন (যে কোন গ্রীক সাহিত্যে) যিনি এটি ব্যবহার করেছেন কথার গুরুত্বই।

এটি সাধারণত শেষে বলেছে (১) একমত হওয়া বা (২) কোন কথা বা কাজের নিশ্চয়তা। যখন এটি কোন বাক্যের প্রথমে ব্যবহৃত হয় এবং দুবার, তখনই এটি কর্তৃত্ববাচক, মনোযোগ আকর্ষক হাতিয়ার। দেখুন [বিশেষ বিষয়: আমেন \(SPECIAL TOPIC: AMEN\)](#) যোহন ১:৫১ পদে।

□ “একজন ক্রীতদাস প্রভু থেকে বড় নয়” এটি একটি পরিচিতির শব্দগুচ্ছ সত্য বলার জন্য।

১. যোহন ৩:১৬ পদ, যিনি প্রেরিত হয়েছেন তিনি যিনি প্রেরণ করেছেন তার তেকে বড় নয়
২. যোহন ১৫:২০ পদ
ক. যদি তারা আমাকে অত্যাচার করে, তারা তোমাদেরও অত্যাচার করবে
খ. যদি তারা আমার বাক্য পালন করে, তবে তারা তোমাদের বাক্যও পালন করবে
৩. লুক ৬:৪০ পদ (একই রকম), কিন্তু প্রত্যেকে, সে সম্পূর্ণ ভাবে প্রশিক্ষণ লাভের পরে, সে তার গুরুর মত হবে (মথি ১০:২৪)
৪. লুক ২২:২৭ পদ (একই রকম), কিন্তু আমি তোমাদের মধ্যে একজনের মত যিনি পরিচর্যা করেন

১৩:১৭ “এই সব জেনে যদি তা পালন কর তবে তোমরা ধন্য” প্রথম “যদি” হল first class conditional sentence যেটি মনে করা হয় সত্য লেখকের দিক থেকে। দ্বিতীয় “যদি” এই পদে হল একটি third class conditional যার অর্থ সম্ভাব্য কাজ। যদি আমরা জানি, আমরা অবশ্যই করবো (মথি ৭:২৪-২৭; লুক ৬:৪৬-৪৯; রোমীয় ২:১৩; যাকোব ১:২২-২৫; ৪:১১)! জানাটা লক্ষ্য নয়, কিন্তু খ্রীষ্টসাদৃশ্য জীবন যাপন। এটি প্রতিফলিত করে ইব্রীয় verb *shema*, “যেভাবে শুনেছো সেভাবে কর” (দ্বি বি ৬:৪)।

১৩:১৮ “শাস্ত্রের এই কথা পূর্ণ হতেই হবে” এটি যিহূদার উল্লেখ করে। এটি হল পূর্ব নির্ধারিত ভাগ্যের এবং মানুষের স্বাধীন ইচ্ছার পরস্পর ছেদকারী নিগূঢ়তত্ত্ব। যীশু এবং তাঁর শিষ্যরা, শাস্ত্রের সত্যনিষ্ঠতা বিশ্বাস করতেন! যখন এটি বলছে তখন এটি নির্ভরযোগ্য হয়েছে (মথি ৫:১৭-১৯)। বেশ কয়েকবার যোহন এই কথা বলেছেন, “যেন শাস্ত্রের বচন পূর্ণ হয়” (যোহন ১২:১৪; ১৩:১৮; ১৫:২৫; ১৭:১২; ১৯:২৪,৩৬)। প্রায়ই পুরাতন নিয়মের টেক্সট সম্পূর্ণ ভাবে বোঝা যায় না যতক্ষণ না খ্রীষ্টের জীবনে তা ঘটে (অর্থাৎ, typology, অর্থাৎ, হোশেয় ১১:১) বা নূতন নিয়মে ঘটনা বহুবার পরিপূর্ণ হয় (অর্থাৎ, যিশা ৭:১৪ বা দানি ৯:২৭; ১১:৩১; ১২:১১)।

□ “সে আমার বিরুদ্ধে পা উঠিয়েছে” এটি গীতসংহিতা ৪১:৯ পদের উদ্ধৃতি। মূল প্রথা ছিল এক সঙ্গে খাওয়া দাওয়া করা বন্ধুত্বের চিহ্ন স্বরূপ এবং যিহূদার বিরুদ্ধতা তীব্রকরণ। নিকট প্রাচ্যে একজনের পায়ের তলা আর একজনকে দেখানোর চিহ্ন ছিল অবমাননা করা।

৩:১৯ এই পদ দেখায় যীশুর অলৌকিক চিহ্ন এবং ভবিষ্যৎবাণীর উদ্দেশ্য (যোহন ২০:৩১)। যোহনে, বিশ্বাস করা হল বৃদ্ধিপাওয়া এবং অবিরত অভিজ্ঞতা। যীশু অবিরত বৃদ্ধি করছিলেন প্রেরিতদের নির্ভরতা/বিশ্বাস করাকে। দেখুন ৯:৭ পদে বিশেষ বিষয়।

যীশু তাদের বিশ্বাস বৃদ্ধি করছিলেন

১. তাঁর বাক্য দ্বারা
২. তাঁর কাজ দ্বারা
৩. তাঁর পূর্বজ্ঞান দ্বারা

যীশু এসেছেন একটি বৈপ্লবিক “নূতন” উপায় ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্ক গড়ার। এটি আড়াআড়ি কেটে ফেরছিল যিহূদী পুরষদের ঐতিহ্য এবং বিশ্বাসকে।

১. তিনি, মোশি নয়, ছিলেন মূল লক্ষ্য
২. অনুগ্রহ, কাজ নয়

□ “যে আমিই তিনি” এটি ঈশ্বরের নাম YHWH এর একটি উল্লেখ, যেটি এসেছে ইব্রীয় verb “হওয়া” থেকে (যাত্রা ৩:১৪ পদের “আমি আছি”)। এটি স্পষ্ট ভাবে দাবী করছে এখানে প্রতিজ্ঞাত মশীহ হবার ঐশ্বরীক অন্তর্নিহিত তাৎপর্যের সাথে (যোহন ৪:২৬; ৮:২৪,২৮,৫৮; ১৩:১৯ এবং ১৮:৫,৬,৮; লক্ষ্য করুন মথি ২৪:৫ এবং মার্ক ১৩:৬; লুক ২১:৮)।

দেখুন [বিশেষ বিষয়: ঈশ্বরের নাম \(SPECIAL TOPIC: NAMES FOR DEITY\)](#) যোহন ৬:২০ পদে।

১৩:২০ সাধারণত যোহন “বিশ্বাস করা” (*pisteuō*), “বিশ্বাস করাতে” (*pisteuō eis*) বা “যেন বিশ্বাস করে” (*pisteuō hoti*) খ্রীষ্টিয়ানদের উল্লেখ করতে, (দেখুন বিশেষ বিষয়: যোহনের “বিশ্বাস করা” এর ব্যবহার যোহন ২:২৩ পদে), কিন্তু তিনি অন্য টার্মও ব্যবহার করেছেন যেমন, “গ্রহণ করা” বা “স্বাগত জানান” (যোহন ১:১২; ৫:৪৩; ১৩:২০)। সুসমাচার হল একজন ব্যক্তিকে স্বাগত জানান এবং সেই ব্যক্তির সম্বন্ধে বাইবেলের সত্যকে গ্রহণ করা, সেই সঙ্গে জীবন যাপন করা সেই ব্যক্তির অনুকরণে।

□ “আমি যাকে পাঠাই যে তাকে গ্রহণ করে সে আমাকেই গ্রহণ করে” কি পরাক্রমী মন্তব্য যীশুর শিষ্যদের প্রতিনিধিত্বকারী কর্তৃত্বের। এটি কাজ করতে পারে বেশ কয়েকটি স্তরে।

১. ১২ জনের প্রচার কাজে গমন (মথি ১০:৪০) এবং সত্তর জনের (লুক ১০:১৬)
২. মন্ডলীর সাক্ষ্য (যোহন ১৭:২০)

যীশুর সম্বন্ধে বার্তার রয়েছে জীবন পরিবর্তনকারী ক্ষমতা যে ঘোষণা করতে তার সঙ্গে এটি সম্পর্কহীন। কর্তৃত্ব বার্তায় (অর্থাৎ, সুসমাচার), জাগতিক বার্তায়

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৩:২১-৩০

^{২১} এই সব কথা বলবার পরে যীশু আত্মাতে উদ্ভিন্ন হলেন, আর সাক্ষ্য দিয়ে বললেন, “সত্য, সত্য, আমি তোমাদের বলছি, তোমাদেরই মধ্যে একজন আমাকে ধরিয়ে দেবে।” ^{২২} যীশু কার কথা বলছেন তা বুঝতে না পেরে শিষ্যরা একে অন্যের দিকে তাকাতে আরম্ভ করলেন। ^{২৩} তাঁদের মধ্যে একজন শিষ্য যাঁকে যীশু ভালবাসতেন, তিনি যীশুর কোলে হেলান দিয়ে বসেছিলেন। ^{২৪} তখন শিমোন-পিতর তাঁকে ইশারা করলেন ও তাকে বললেন, “উনি কার কথা বলছেন আমাদের তা বলতে বল।” ^{২৫} সেই শিষ্য, সেভাবে বসে থাকতে যীশুর দিকে পিছনে ঝুঁকলেন, ও বললেন, “প্রভু, সে কে?” ^{২৬} যীশু উত্তর দিলেন, “এই রুটির টুকরাটা বাটিতে ডুবিয়ে যাকে দেব সে-ই সেই লোক।” আর তিনি রুটির টুকরাটা বাটিতে ডুবিয়ে শিমোন ইষ্কারিয়োটের ছেলে যিহূদাকে দিলেন। ^{২৭} রুটির টুকরাটা নেবার পরেই, শয়তান তার মধ্যে ঢুকল। তখন যীশু তাকে বললেন, “যা করবে, তাড়াতাড়ি কর।” ^{২৮} যাঁরা যীশুর সংগে টেবিলে বসে খাচ্ছিলেন তাঁরা কেউই বুঝলেন না কেন যীশু যিহূদাকে এই কথা বললেন। ^{২৯} কেউ কেউ ভাবলেন, যেহেতু যিহূদার কাছে টাকার থলি থাকতো, সেজন্য যীশু তাকে বললেন, “পর্বের জন্য যা দরকার তা কিনে আনতে”; কিম্বা, গরীবদের সে যেন কিছু দেয়। ^{৩০} রুটির টুকরাটা নেওয়ার সংগে সংগে যিহূদা বাইরে চলে গেল; তখন রাত হয়েছে। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:২১ “যীশু আত্মাতে উদ্ভিন্ন হলেন” যিহূদার বিশ্বাসঘাতকতা সত্যিকার ভাবে যীশুকে আহত করেছিল (এই একই শব্দ যীশুর জন্যও ব্যবহৃত হয়েছে যোহন ১২:২৭ পদে)। যীশু যিহূদাকে মনোনীত করেছিলেন তার আত্মিক সম্ভাবনার কারণে, কিন্তু সে কখনো ফলবান হয়নি (যোহন ১৩:১৮)।

□ “সত্য, সত্য” যোহন ১:৫১ পদের নোট দেখুন।

১৩:২২ এটি একটি হতবাক করা পদ। যীশুর শিষ্যদের মধ্যে ভীতি দেখা দিয়েছিল যে পূর্ব নির্ধারিত পরিকল্পনা হয়তো তাদের বিশ্বাসঘাতকে পরিণত করতে পারে (মার্ক ১৪:১৯)। এটি হল মানুষের কাজের মতবাদের সমস্যা। ঈশ্বরের কাজ কখনোই মানুষের স্বাধীন ইচ্ছাকে অবহেলা করে না, কিন্তু এর ফলাফলের উপরে জোর দেয় ও চূড়ান্ত করে!

১৩:২৩ “যাকে যীশু ভালবাসতেন” এটি মনে হয় যোহনের নিজেকে উল্লেখ করছে (যোহন ১৩:২৩,২৫; ১৯:২৬-২৭,৩৪-৩৫; ২০:২-৫,৮; ২১:৭,২০-২৪)। ১৯ অধ্যায়, যোহন ১৩:২৬ পদ এটি নিশ্চিত করেছে। যোহনের নাম কখনো এই সুসমাচারে আসেনি। যীশুর কি সত্যিই কোন প্রিয় ছিল? ভাল, তাহলে তার শিষ্যদের মধ্যে (পিতর, যাকোব, এবং যোহন) এবং একটি বিশেষ পরিবার (লাসার, মরিয়ম, মার্থা)।

১৩:২৫ এই প্রসঙ্গ প্রতিফলিত করে প্যালেস্টাইনে প্রথম শতকে খেতে বসার প্রচলিত বৈশিষ্ট্যকে। শিষ্যরা নিচে বসেছিল, অশুশ্রাকৃতির টেবিলে, বাম কনুই পেছনের পায়ে দিকে রেখে হেলে বসেছিল, তাদের ডান হাত দিয়ে খাচ্ছিল। যোহন ছিলেন যীশুর ডান দিকে, যিহূদা তাঁর বাম দিকে (সম্মানের স্থানে)। এই ভাবে বসার নিয়মের ককোন কারণ শাস্ত্র দেয়নি। যোহন পিছনের দিকে হেলে যীশুকে একটি প্রশ্ন করেছিলেন।

১৩:২৬ “এই রুটির টুকরাটা বাটিতে ডুবিয়ে যাকে দেব সে-ই সেই লোক” এটি ছিল সম্মানের চিহ্ন (রুত ২:১৪)। যিহূদা যীশুর বাম দিকে হেলে বসেছিল, যেটি ছিল সম্মানের স্থান। যীশু তখনও যিহূদার কাছে পৌছাতে চেষ্টা করছিলেন!

বাটিতে ডুবানো রুটির টুকরা একটি তিক্ত ঔষধী এবং সস ছিল (দেখুন যোহন ১৩:২ পদে বিশেষ বিষয়)। মার্কের সমান্তরাল (১৪:২০) বলে “আমার সাথে।” এটি একটি প্রত্যক্ষদর্শীর বিশদ জটিলতা।

□ “ইষ্কারিয়োট” পরবর্তীতে বিশেষ বিষয় এবং নোট দেখুন যোহন ৬:৭১ এবং ১৮:২ পদে।

বিশেষ বিষয়: ইষ্কারিয়োট (SPECIAL TOPIC: ISCARIOT)

১৩:২৭ “শয়তান তার মধ্যে ঢুকল” যোহন সুসমাচারে এই একবারই “শয়তান” টার্ম ব্যবহৃত হয়েছে। এর অর্থ “বিপক্ষ” ইব্রীয়তে (লুক ২২:৩ এবং যোহন ১৩:২)। যোহন ১২:৩১ পদে বিশেষ বিষয় দেখুন। শয়তান তার মধ্যে ঢুকেছিল বলে কি যিহূদা দায়িত্বহীন ছিলেন? বাইবেলে উত্তেজনা রয়েছে আত্মিক জগতের কাজ (ঈশ্বর ফরোনের হৃদয় কঠিন করেছিলেন) এবং জাগতিক জগতে মানবিক দায়িত্ববোধ। মানুষ যেভাবে ভাবে নিশ্চিত ভাবে তাদের মনোনয়নে ততটা স্বাধীন নয়। আমরা সকলে ঐতিহাসিক ভাবে, অভিজ্ঞতার দিক থেকে, এবং বংশপরম্পরায় শর্তাধীন। এই সব জাগতিক সিদ্ধান্ত আত্মিক জগতে যুক্ত করেছি (ঈশ্বর, আত্মা, দূতগণ, শয়তান, এবং মন্দ আত্মা)। এটি হল নিগূঢ়তত্ত্ব! যাহোক, মানুষ রোবোট নয়; আমরা আমাদের কাজ, মনোনয়নের এবং তার ফলাফলের জন্য দায়ী। যিহূদা অভিনয় করছিল! সে একাকী অভিনয় করছিল না! কিন্তু সে নৈতিকভাবে তার কাজের জন্য দায়ী ছিল। যিহূদার বিশ্বাসঘাতকতার কথা ভাববাণী করা হয়েছিল (যোহন ১৩:১৮)। শয়তান ছিল কুকর্মের প্ররোচক (দেখুন **বিশেষ বিষয়: ব্যক্তিগত মন্দতা (SPECIAL TOPIC: PERSONAL EVIL)** যোহন ১২:৩১ পদে)। এটা করুন যে যিহূদা কখনোই সম্পূর্ণ ভাবে যীশুকে “জানতে” বা নির্ভর করতে পারেনি।

১৩:২৯ “যিহূদার কাছে টাকার থলি থাকতো” যিহূদা ছিল দলীয় তহবিলের দায়িত্বে (যোহন ১২:৬)। যোহন ১৮:২ পদের সম্পূর্ণ নোট দেখুন।

১৩:৩০ “তখন রাত” এটা কি সময়ের উপাদান বা আত্মিক মূল্যায়ন? যোহন প্রায়ই এরকম অস্পষ্ট শব্দগুচ্ছ ব্যবহার করেছেন যেটি কয়েকটি ভাবে বোঝা যেতে পারে (অর্থাৎ, নীকদীম, যোহন ৩:২; ১৯:৩৯)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৩:৩১-৩৫

“সে বাইরে চলে যাওয়ার পর যীশু বললেন, “এখন মনুষ্যপুত্র মহিমাশিত হইলেন, এবং ঈশ্বর তাঁর মধ্যে মহিমাশিত হলেন; ^{৩১} ঈশ্বর যখন তাতে মহিমাশিত হলেন, তখন ঈশ্বরও তাঁকে নিজের মধ্যে মহিমাশিত করবেন, এবং তিনি তাঁকে শীঘ্রই মহিমাশিত করবেন। ^{৩২} “সন্তানেরা, আর অল্প সময় আমি তোমাদের সংগে সংগে আছি। তোমরা আমাকে খুঁজবে; আর আমি যেমন যিহূদীদের বলেছিলাম, ‘আমি যেখানে যাচ্ছি আপনারা সেখানে আসতে পারেন না।’ তেমনি এখন তোমাদেরও তা-ই বলছি। ^{৩৩} একটা নতুন আদেশ আমি তোমাদের দিচ্ছি, তোমরা একে অন্যকে ভালবেসো, আমি যেমন তোমাদের ভালবেসেছি তেমনি তোমরাও একে অন্যকে ভালবেসো। ^{৩৪} যদি তোমরা একে অন্যকে ভালবাস, তবে সব লোক বুঝতে পারবে তোমরা আমার শিষ্য।” (অনুবাদকৃত টেক্সট)।

১৩:৩১-৩৫ এই পদগুলি শিষ্যদের ধারাবাহিক প্রশ্নের বৃহত্তর প্রসঙ্গের অংশ হিসাবে এসেছে (যোহন ১৩:৩৬; ১৪:৫,৮,২২; ১৬:১৭-১৯) যে প্রশ্নগুলি শেষ ভোজের রাত্রিতে উপরের কুঠরীতে শিষ্যরা যীশুকে জিজ্ঞাসা করেছিল। এটা সুস্পষ্ট যে যীশুর কথা যে তিনি চলে যাচ্ছেন তা প্রেরিতদের মনে অনেক প্রশ্নের জন্ম দিয়েছিল যার ভিত্তি ছিল যীশুর কথা তাদের ভুল বোঝা।

১. পিতর (যোহন ১৩:৩৬)
২. থোমা (যোহন ১৪:৫)
৩. ফিলিপ (যোহন ১৪:৮)
৪. যিহূদা (ইষ্কারিয়োৎ নয়) (যোহন ১৪:২২)
৫. তাঁর কয়েকজন শিষ্য (যোহন ১৬:১৭-১৯)

১৩:৩১ “মনুষ্য পুত্র” এটি ছিল যীশুর মনোনীত আত্ম-উপাধি। এর প্রেক্ষাপটটি এসেছে যিহি ২:১ এবং দানি ৭:১৩ পদ থেকে। ইটি ইঙ্গিত দেয় মানবিক ঐশ্বরীক বৈশিষ্ট্য। যীশু এটি ব্যবহার করতেন কারণ এই টার্মটি rabbinical যিহূদী ধর্মে অব্যবহৃত ছিল, সেজন্য, এর কোন জাতিয়তা বা সামরিক দিক থেকে তাৎপর্য ছিল না এবং এটি তাঁর দুটি প্রকৃতির সমন্বয় করেছিল (১ যোহন ৪:১-৩)।

১৩:৩২ এই পদের গ্রীক পাণ্ডুলিপিগত পার্থক্য রয়েছে। দীর্ঘতম টেক্সট পাওয়া যায় NASB, NKJV, NRSV, TEV, and NJB তে। এটি κ^c , A, C², K এবং Textus Receptus পাণ্ডুলিপি দ্বারা সমর্থিত। এটি (“যদি ঈশ্বর তাঁহাতে মহিমাশিত হন”) বাদ দেওয়া হয়েছে MSS P⁶⁶, κ^* , B, C*, D, L, W, and X তে। এটি মনে হয় পাণ্ডুলিপিতে ভাল ভাবে খাপ খেতে। কিন্তু এটি অসম্ভব যে অনুলিপিকারকেরা সমান্তরালবাদে দ্বিধাগ্রস্ত হয়েছিলেন এবং প্রথম শব্দগুচ্ছ কেবলমাত্র বাদ দিয়ে গিয়েছেন।

□ “মহিমাশিত” এই টার্ম যোহন ১৩:৩১ পদে চার থেকে পাঁচবার এবং ৩২ পদে দু’বার বা তিনবার ব্যবহৃত হয়েছে aorist tense-এ এবং দু’বার future tense-এ। এটি উল্লেখ করে পরিব্রাণের জন্য ঈশ্বরের পরিকল্পনা যীশুর মৃত্যু ও পুনরুত্থানের মধ্যে দিয়ে (যোহন ৭:৩৯; ১২:১৬,২৩; ১৭:১,৫)। এখানে এটি উল্লেখ করছে যীশুর জীবনে যে ঘটনাগুলি আগত প্রায়। সেগুলি ঘটা এতো নিশ্চিত ছিল যে সেগুলি প্রকাশ করা হয়েছে যেন সেগুলি পূর্বে ঘটেছে (aorists)। যোহন ১:১৪ পদে নোট দেখুন।

১৩:৩৩ “সন্তানেরা” যোহন, একজন প্রাচীন হিসাবে লিখেছেন নগর বা ইফিসীয়ের কোন অঞ্চল থেকে, এই একই উপাধি ব্যবহার করেছেন ১ যোহন ২:১,১২,২৮; ৩:৭,১৮; ৪:৪; ৫:২১ পদে তার শ্রোতাদের/পাঠকদের উদ্দেশ্যে। এখানে, যীশুর রূপক হল আর একটি উপায় নিজেকে পিতার সাথে চিহ্নিত করার। তিনি হলেন পিতা, ভাই, উদ্ধারকর্তা, বন্ধু, এবং প্রভু। অথবা এটি অন্য একটি উপায়ে দেখা, তিনি হলেন মানবিক সমস্ত চিন্তার অতীত ঈশ্বর এবং বর্তমান সহচর উভয়ই।

□ “আর অল্প সময় আমি তোমাদের সংগে সংগে আছি. . . আর আমি যেমন যিহূদীদের বলেছিলাম” যীশু এই কথা কয়েকমাস আগে যিহূদী নেতাদের বলেছিলেন (যোহন ৭:৩৩); এখন তিনি এই কথা তাঁর শিষ্যদের বলছেন (যোহন ১২:৩৫; ১৪:১৯; ১৬:১৬-১৯)। সেজন্য, এটি স্পষ্ট যে সময়ের উপাদান যে ভাবেই হোক না কেন অস্পষ্ট।

□ “আমি যেখানে যাচ্ছি, আপনারা সেখানে আসতে পারেন না” যিহূদী নেতারা মোটকথা আসতে পারবেন না (যোহন ৭:৩৪,৩৬; ৮:২১)। শিষ্যরাও তাঁর সঙ্গে যেতে পারবে না তাদের মৃত্যু না হওয়া পর্যন্ত। মৃত্যু, বা মহা উল্লাস (rapture), তাঁর শিষ্যদের তাঁর সঙ্গে একত্রিত করবে (২ করি ৫:৮; ১ থি ৪:১৩-১৮)।

১৩:৩৪ “একটা নতুন আদেশ আমি তোমাদের দিচ্ছি, তোমরা একে অন্যকে ভালবেসো” “একজন অন্যকে ভালবাসা” এটি কোন নতুন আজ্ঞা ছিল না (লেবীয় ১৯:১৮; “আজ্ঞার” জন্য বিশেষ বিষয় দেখুন যোহন ১২:৫০ পদে)। নতুন যা ছিল তা হল বিশ্বাসীরা একজন অন্যকে ভালবাসবে যেবাববে যীশু তাদের ভালবেসেছেন (যোহন ১৫:১২,১৭; ১ যোহন ২:৭-৮; ৩:১১,১৬,২৩; ৪:৭-৮,১০-১২,১৯-২০; ২ যোহন ৫)।

সুসমাচার হল একজন ব্যক্তি যাকে স্বাগত জানাতে হবে, একগুচ্ছ সত্য যা বিশ্বাস করতে হবে, এবং একটি জীবন যেমত জীবন যাপন করতে হবে

(যোহন ১৪:১৫,২১,২৩; ১৫:১০,১২; ১ যোহন ৫:৩; ২ যোহন ৫,৬; লূক ৬:৪৬)। সুসমাচার গ্রহণ করতে হবে, বিশ্বাস করতে হবে, এবং জীবন যাপন করতে হবে! এটি ভালবাসায় জীবন যাপন করতে হবে বা জীবন যাপন করা নয়!

আমি Bruce Corley's তার প্রবন্ধ "Biblical Theology of the New Testament" in the hermeneutics book *Foundations For Biblical Interpretation* -তে যা বলেছেন তা পছন্দ করি: "খ্রীষ্টের লোকেরা বৈশিষ্ট্যময় ভালবাসার নীতির দ্বারা, যেখানে অনুগ্রহের 'হয়-অবস্থা' সংযুক্ত ভালবাসার 'উচিত-অবস্থা'-এর সঙ্গে আত্মার কাজের মাধ্যমে (গালা ৫:৬,২৫; ৬:২; যাকোব ৩:১৭-১৮; যোহন ১৩:৩৪-৩৫; ১ যোহন ৪:৭)" (পৃ...৫৬২)।

১৩:৩৫ "তবে সব লোক বুঝতে পারবে তোমরা আমার শিষ্য" ভালবাসা হল একটি বৈশিষ্ট্য যা শয়তান নকল করতে পারে না। বিশ্বাসীরা ভালবাসার দ্বারা বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে (১ যোহন ৩:১৪; ৪:৭-২১)।

▣ "যদি" এটি একটি third class conditional sentence যার অর্থ সাঙাব্য কাজ। অন্য খ্রীষ্টিয়ানদের প্রতি আমাদের কাজ নিশ্চিত করে যীশুর সাথে আমাদের সম্পর্ক (১ যোহন ২:৯-১১; ৪:২০-২১)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৩:৩৬-৩৮

^{৩৬} শিমোন-পিতর তাঁকে বললেন, "প্রভু, আপনি কোথায় যাচ্ছেন?" যীশু উত্তর দিলেন, "আমি যেখানে যাচ্ছি, তোমরা এখন আমার পিছনে সেখানে যেতে পার না, কিন্তু পরে যেতে পারবে।" ^{৩৭} পিতর তাঁকে বললেন, "প্রভু, কেন এখন আপনার পিছনে যেতে পারি না? আপনার জন্য আমি আমার প্রাণও দেব।" ^{৩৮} যীশু উত্তর দিলেন, "আমার জন্য তুমি কি তোমার প্রাণ দেবে? সত্য, সত্য, আমি তোমাকে বলছি, মোরগ ডাকবার আগেই তুমি তিনবার আমাকে অস্বীকার করবে। (অনুবাদকৃত টেক্সট)।

১৩:৩৬ "শিমোন-পিতর তাঁকে বললেন" যোহন ১৩:৩১-৩৫ পদে যীশুর কথার প্রেক্ষিতে শিষ্যদের ধারাবাহিক প্রশ্নের এটি প্রথম প্রশ্ন (যোহন ১৩:৩৬; ১৪:৫,৮,২২; ১৬:১৭-১৯)। আমি খুব খুশী যে এই শিষ্যরা যীশুকে এই প্রশ্নগুলি করেছিল এবং যোহন তা মনে রেখেছেন এবং লিপিবদ্ধ করেছেন!

১৩:৩৭ "আপনার জন্য আমি আমার প্রাণও দেব" পিতর সত্যিই বলেছিলেন! কিন্তু এটি দেখিয়েছে পতিত মানুষ কতটা দুর্বল এবং আমাদের প্রভু কতটা সমর্পিত ছিলেন, যিনি সত্যিই তা করেছিলেন।

১৩:৩৮ "সত্য, সত্য" যোহন ১:৫১ পদের নোট দেখুন।

▣ "মোরগ ডাকবার আগেই তুমি তিনবার আমাকে অস্বীকার করবে" এটি অবশ্যই একটি রোমীয় মোরগ। যিহূদীরা কখনই নগরে পশু আনতে অনুমতি দিত না কারণ এটি ছিল পবিত্র ভূমি। এই জন্য বেশির ভাগ সম্পদশালী লোকদের নগরের দেওয়ালের বাইরে জলপাই পর্বতে বাগান যেখানে প্রয়োজন ছিল সার প্রয়োগের) ছিল। গেৎশিমোনী বাগান ছিল এরকমই একটি বাগান। যীশু ভাববাণী ব্যবহার করেছিলেন তাঁতে বিশ্বাস করতে উৎসাহের জন্য। যদিও কিছু কিছু বিষয় যেভাবে প্রকাশিত হয়েছে তাঁর জ্ঞান এবং ভবিষ্যৎ ঘটনার উপরে নিয়ন্ত্রণ সেভাবেই না বাচক (যোহন ১৮:১৭-১৮, ২৫-২৭; মথি ২৬:৩১-৩৫; মার্ক ১৪:২৭-৩১; লূক ২২:৩১-৩৪)

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. কেন যোহন প্রকৃত প্রভুর ভোজের বিবরণ লিপিবদ্ধ করেন নাই?
২. কেন যীশু শিষ্য পা ধুয়ে দিয়েছিলেন? আমাদের কি একে অন্যের পা ধোওয়ানো উচিত?
৩. কেন যীশু যিহূদীকে তাঁর শিষ্য হিসাবে মনোনীত করেছিলেন?
৪. কিভাবে একজন জানতে পারে যে সে খ্রীষ্টিয়ান?

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ১৪

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশু, পিতার কাছে যাবার পথ	পথ, ও সত্য, ও জীবন	মহিমাম্বিত খ্রীষ্টের সঙ্গে বিশ্বাসীদের সম্পর্ক	যীশু, পিতার কাছে যাবার পথ	বিদায়ী উপদেশ
১৪:১-১৪	১৪:১-৬	১৪:১-৭	১৪:১-৪	১৪:১-৪
			১৪:৫	১৪:৫-৭
	পিতা প্রকাশিত হয়েছেন		১৪:৬-৭	
	১৪:৭-১১			
		১৪:৮-১৪	১৪:৮	১৪:৮-২১
	উত্তর পাওয়া প্রার্থনা		১৪:৯-১৪	
	১৪:১২-১৪			
আত্মার প্রতিজ্ঞা	যীশু একজন সাহায্যকারীর প্রতিজ্ঞা করেন		পবিত্র আত্মার প্রতিজ্ঞা	
১৪:১৫-২৪	১৪:১৫-১৮	১৪:১৫-১৭	১৪:১৫-১৭	
	পিতা ও পুত্র বাসকারী	১৪:১৮-২৪	১৪:১৮-২০	
	১৪:১৯-২৪		১৪:২১	
			১৪:২২	১৪:২২-৩১
			১৪:২৩-২৪	
১৪:২৫-৩১	১৪:২৫-৩১	১৪:২৫-৩১	১৪:২৫-২৬	
			১৪:২৭-৩১ ^ক	
			১৪:৩১ ^খ	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র

একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

যোহন ১৪:১-৩১ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. আসলে ১৩-১৭ অধ্যায়ের মধ্যে কোন অধ্যায় বিভাগ হওয়া উচিত নয় কারণ এটি একটি সাহিত্য একক, প্রভুর ভোজের রাতে উপরের কুঠরীতে কথোপকথন। এটা স্পষ্ট যে যীশুর কথা তাঁর চলে যাওয়া সম্বন্ধে শিষ্যদের মনে অনেক প্রশ্নের জন্ম দিয়েছিল। এই প্রসঙ্গ গঠিত প্রেরিতদের যীশুর কথা ভুল বোঝার ভিত্তি এই ধারাবাহিক প্রশ্নের

১. পিতর (যোহন ১৩:৩৬)
২. থোমা (যোহন ১৪:৫)
৩. ফিলিপ (যোহন ১৪:৮)
৪. যিহূদা (ইস্কারিয়োৎ নয়) (যোহন ১৪:২২)
৫. তাঁর কয়েকজন শিষ্য (যোহন ১৬:১৭-১৯)

মনে রাখুন যোহন এই কথোপকথন সত্য প্রকাশে ব্যবহার করেছেন!

খ. এই প্রশ্ন আজও বিশ্বাসীদের সাহায্য করে

১. সেগুলো দেখায় যে যদিও শিষ্যরা বাস্তব ভাবে যীশুর সঙ্গে ছিল তবুও তারা সব সময় তাঁকে বুঝতো না।
২. যীশুর সবচেয়ে কিছু মূল্যবান ও গভীরতার কথা বলা হয়েছে ভুল বোঝার এই সব সহজ সরল প্রশ্নের উত্তরে।

গ. ১৪ অধ্যায় আরম্ভ হয়েছে যীশুর “সাহায্যকারীর” আগমনের আলোচনা দিয়ে।

১. যীশুর উপরের কুঠরীর উপদেশে পবিত্র আত্মার উল্লেখ সরাসরি সংযুক্ত (এবং সীমাবদ্ধ) শিষ্যদের ভয় এবং দুঃশিস্তার সঙ্গে যা সম্পর্কিত যীশুর চলে যাওয়ার সঙ্গে (যোহন ১৩:৩৩,৩৬)। Michael Magill, *New Testament TransLine* (p. 355)-তে এই ভয়ের বিষয়ে যীশুর প্রসঙ্গকৃত উত্তরের একটি চিন্তাশীল রূপরেখা রয়েছে।

১. “আমি যেখানে যাচ্ছি তোমারাও সেখানে একটি আমার সাথে উপস্থিত হবে,” যোহন ১৪:১-১১
 ২. “তোমাদের জন্য এটা ভাল যে আমি যাই,” যোহন ১৪:১২-১৭
 ৩. “তোমাদের কাছে আমি আবার আসবো এবং নিজেকে তোমাদের কাছে প্রকাশ করবো,” যোহন ১৪:১৮-২৬
 ৪. “আমি আমার শান্তি তোমাদের কাছে রেখে যাচ্ছি,” যোহন ১৪:২৭-৩১
২. পবিত্র আত্মার এই পরিচর্যার আলোচনার সুযোগ খুব কম। তাঁর পরিচর্যার অনেক গুরুত্বপূর্ণ দিক রয়েছে যার সব কিছু এই প্রসঙ্গে আলোচনা করা হয়নি।
৩. আত্মার কাজ
 - ক. সত্যের প্রকাশকারী হিসাবে এবং
 - খ. ব্যক্তিগত সাক্ষ্যদানকারী হিসাবে গুরুত্বদান

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৪:১-৭

^১“তোমাদের হৃদয় উদ্ভিন্ন না হোক; ঈশ্বরে বিশ্বাস কর, আমার উপরেও বিশ্বাস কর। ^২ আমার পিতার বাড়ীতে থাকবার অনেক জায়গা আছে; তা না থাকলে আমি তোমাদের বলতাম; কারণ আমি তোমাদের জন্য জায়গা প্রস্তুত করতে যাচ্ছি। ^৩ আমি গিয়ে তোমাদের জন্য জায়গা প্রস্তুত করে, আমি আবার আসব আর আমার কাছে তোমাদের নিয়ে যাব, যেন আমি যেখানে থাকি, তোমারাও সেখানে থাকতে পার। ^৪ আর আমি কোথায় যাচ্ছি তার পথ তো তোমরা জান।” ^৫ থোমা তাঁকে বললেন, “প্রভু, আপনি কোথায় যাচ্ছেন তা আমরা জানি না, তাহলে পথ কি করে জানবো?” ^৬ যীশু তাকে বললেন, “আমিই পথ, ও সত্য, ও জীবন; আমার মধ্য দিয়ে না গেলে কেউই পিতার কাছে যেতে পারে না। ^৭ তোমরা যদি আমাকে জানতে, তবে আমার পিতাকেও জানতে; এখন থেকে তোমরা তাঁকে জেনেছ, আর তাঁকে দেখতেও পেয়েছ।” (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১ “না হোক” এটি একটি present passive imperative সাথে negative particle যার সাধারণত অর্থ ইতিমধ্যে প্রক্রিয়ারত কোন কাজকে থামানো। “তোমার হৃদয় উদ্ভিন্ন হওয়া থেকে বিরত রাখ।” যীশুর চলে যাওয়ার বিষয়ে কথা বড় উদ্ভিন্নতার কারণ ঘটিয়েছিল।

▣ “তোমাদের হৃদয়” plural লক্ষ্য করণ। যীশু ১১ জনকে বলছিলেন। ইব্রীয়দের “হৃদয়” ব্যবহার ইঙ্গিত করে সমগ্র ব্যক্তিকে: মন, ইচ্ছা এবং আবেগ (দ্বি বি ৬:৫; মথি ২২:৩৭)। যোহন ১২:৪০ পদে বিশেষ বিষয়।

□ “ঈশ্বরে বিশ্বাস কর; আমার উপরেও বিশ্বাস কর” এগুলি হতে পারে দুটি present active imperatives (NASB, REB) বা দুটি present active indicatives বা উভয়েরই একটি সমন্বয় (NKJV, NJB এবং NET Bible বলে প্রথমটি indicative এবং দ্বিতীয়টি imperative)। বিশ্বাস করাটা চলমান এবং অভ্যাসগত। এই পদের ব্যাকরণগত সুখম কাঠামো দেখায় যে যীশু নিজেকে ঈশ্বরের সমান বলে দাবী করছেন। এছাড়াও মনে রাখুন যে এরা ছিল যিহূদী যারা এক ঈশ্বরবাদে সমর্পিত (দ্বি বি ৬:৪-৬) এবং তথাপিও তারা বুঝতে পেরেছিল যীশুর বক্তব্যের তাৎপর্য (দেখুন বিশেষ বিষয়: ত্রিভু যোহন ১৪:২৬ পদে)। একটি সর্বোচ্চ সত্যায় বিশ্বাস এক বিষয় এবং এটি সম্পূর্ণ আলাদা বিষয় খ্রীষ্টিয়ান হওয়া। এই শব্দগুচ্ছ মতবাদগত বিশ্বাসের দিকে লক্ষ্য দেয়নি, কিন্তু যীশু খ্রীষ্টের ব্যক্তিত্বের উপরে।

১৪:২ “আমার পিতার বাড়ীতে” “বাড়ী” বলতে পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে সমাগম তাম্বু বা মন্দির (২ শমু ৭), যাহোক, এই প্রসঙ্গে এটি স্পষ্ট ইঙ্গিত করে স্বর্গে ঈশ্বরের পারিবারিক থাকার ঘর বা তাঁর মন্দিরে তাঁর সঙ্গে বাস করা (গীত ২৩:৬; ২৭:৪-৬)।

NASB, NRSV “থাকবার জায়গা”
NKJV “প্রাসাদ”
TEV “কক্ষ”
NJB “অনেক জায়গা”

KJV অনুবাদ, “প্রাসাদ,” ভুল পথে পরিচালনা করে। গ্রীক টার্মের অর্থ “স্থায়ী থাকার জায়গা” (যোহন ১৪:২৩) অপরিপূর্ণ ধারণা ছাড়া। কল্পনা এই যে বিশ্বাসীরা সকলে পিতার বাড়ীতে নিজের নিজের কক্ষ পাবে (TEV, NJB), অনেকটা অতিথিশালার মত যেখানে সকলে প্রতিদিন একসাথে আহ্বার করে। এটি আরও মজার যে এটি একই গ্রীক মূল “থাকা” থেকে এসেছে, যেটি হল যোহনের আসল ধারণা (১৫ অধ্যায়)। আমাদের পিতার সঙ্গে থাকা সম্পূর্ণ হবে আমাদের পুত্রের সঙ্গে থাকার উপরে।

□ “যদি” এটি আংশিক second class conditional sentence যাকে বলা হয় “সত্যের সাথে বিপরীত।” সেখানে অনেক কক্ষ রয়েছে। এই শব্দগুচ্ছ অনুবাদ করা কঠিন।

NASB, REB,
NIV “তা না থাকলে, আমি তোমাদের বলতাম”
NKJV “যদি তা না হতো, আমি তোমাদের বলতাম”
TEV “যদি তা না হতো তবে আমি তোমাদের বলতাম না”
NJB, NET “না হলে আমি তোমাদের বলতাম”
Young's literal translation “আর যদি না হতো, আমি তোমাদের বলতাম”
New Berkley Version “যদি তা না হতো, আমি তোমাদের বলতাম”
Williams Translation “যদি না থাকতো, আমি তোমাদের বলতাম”

□ “আমি তোমাদের জন্য জায়গা প্রস্তুত করতে যাচ্ছি” এর অর্থ এই ইঙ্গিত দেয় না যে স্বর্গ, বস্তুগত অর্থে, এর আগে প্রস্তুত ছিল না, কিন্তু অর্থ হল যীশুর জীবন, শিক্ষা, এবং মৃত্যু পাপী মানুষকে সুযোগ দেয় সেখানে যাবার এবং পবিত্র ঈশ্বরের সঙ্গে থাকার। যীশু বিশ্বাসীদের আগে যাচ্ছেন তাদের পথ নির্দেশক ও অগ্রগামী হিসাবে (ইব্রীয় ৬:২০)।

১৪:৩ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সাভাব্য কাজ। যীশু তাদের বলেছেন তিনি শীঘ্রই পিতার কাছে ফিরে যাচ্ছেন (যোহন ৭:৩৩; ১৬:৫,১০,১৭,২৮) এবং তাদের জন্য তিনি স্থান প্রস্তুত করবেন।

Help for Translators from United Bible Societies on John by Newman and Wider বলেছেন যে এই বাক্যাংশ অবশ্যই বুঝতে হবে জাগতিক অর্থে “আমি যাবার পরে” বা “যখন আমি যাই” বা “যেহেতু আমি যাই” (পৃ.৪৫৬)।

□ “আমি আবার আসব আর আমার কাছে তোমাদের নিয়ে যাব” এটি উল্লেখ করে দ্বিতীয় আগমন বা মৃত্যু (২ করি ৫:৮; ১ থিষ ৪:১৩-১৮)। যীশুর সাথে এই সম্মুখা-সম্মুখী সহভাগিতা প্রতিফলিত করে যীশুর এবং পিতার মধ্যকার সহভাগিতা (যোহন ১:১,২)। খ্রীষ্টিয়ানেরা যীশু এবং পিতার এই ঘনিষ্ঠতায় অংশ নেবে (যোহন ১৪:২৩; ১৭:১ থেকে কয়েকটি পদ)।

এখানে ব্যবহৃত verb, গ্রহণ করা (*paralambanō*), ইঙ্গিত দেয় “একজন ব্যক্তিকে স্বাগতম জানানো।” স্বর্গ হল ঈশ্বরের সঙ্গে ব্যক্তিগত সহভাগিতা। এটি যোহন ১:১২ পদ (*lambanō*) থেকে পৃথক। এটি নিশ্চিত করে অবধান করা কঠিন এই দুই টার্মের সঠিক semantic overlapping;

প্রায়ই সেগুলি একই রকম।

□ “আমি যেখানে থাকি, তোমরাও সেখানে থাকতে পার” স্বর্গ সেখানে যেখানে যীশু আছেন (যোহন ১৭:২৪)! স্বর্গ হল বাস্তব সম্মুখী-সম্মুখী সহভাগিতা ত্রিভুজ ঈশ্বরের সাথে! নূতন নিয়ম অস্পষ্ট যে ঠিক কখন সম্পূর্ণ সহভাগিতা ঘটবে।

১. মৃত্যুতে, ২ করি ৫:৮
২. দ্বিতীয় আগমনে, ১ থি ৪:১৩-১৮

বাইবেল মৃত্যু পরবর্তী জীবন সম্পর্কে বিপ্লবকর ভাবে নিরব। একটি ভাল সংক্ষিপ্ত বই হল William Hendriksen's, *The Bible On the Life Hereafter*।

বিশেষ বিষয়: মৃতরা, তারা কোথায়? (SHEOL/HADES, GEHENNA, TARTARUS) (SPECIAL TOPIC: THE DEAD, WHERE ARE THEY? (SHEOL/HADES, GEHENNA, TARTARUS))

১৪:৪ “পথ তো তোমরা জান” যীশুর কথায় থোমার পথ জানা সম্বন্ধে সন্দেহ প্রকাশের কারণ ঘটেছে। যীশুর উত্তর তিনটি টার্মে প্রকাশ পেয়েছে যেগুলি প্রায়ই পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে।

১৪:৬ “আমিই পথ” পুরাতন নিয়মে, বাইবেলের বিশ্বাসকে বলা হয়েছে জীবন পদ্ধতির একটি পথ হিসাবে (দ্বি বি ৫:৩২-৩৩; ৩১:২৯; গীত ২৭:১১; যিশা ৩৫:৮)। প্রাথমিক মন্ডলীর উপাধি ছিল “সেই পথ” (প্রেরিত ৯:২; ১৯:৯,২৩; ২৪:১৪,২২)। যীশু জোর দিয়েছেন যে তিনি ছিলেন এবং ঈশ্বরের কাছে যাবার একমাত্র পথ। এটি হল যোহন সুসমাচারের ধর্মতাত্ত্বিক মূল বিষয়! জীবন পদ্ধতি ভাল কাজ হল ব্যক্তিগত বিশ্বাসের প্রমাণ (ইফি ২:৮-৯,১০), ধার্মিকতার কোন উপায় নয়। যোহন ৮:১২ পদে নোট দেখুন।

□ “সত্য” “সত্য” টার্মটি গ্রীক দর্শনে রয়েছে “সত্য” বনাম “মিথ্যা” বা “বাস্তবতা বনাম “মায়া” এর অন্তর্নিহিত তাৎপর্য। যাহোক, এরা হল Aramaic ভাষী শিষ্যরা যারা বুঝেছে যে যীশু পুরাতন নিয়মের সত্য অর্থে কথা ভরছেন যেটি ছিল “বিশ্বস্ততা” বা “অনুগত্যতা” (গীত ২৬:৩; ৮৬:১১; ১১৯:৩০)। উভয় “সত্য” এবং “জীবন” এর বৈশিষ্ট্য হল “পথ।” “সত্য” টার্মটি প্রায়ই যোহনে ব্যবহৃত হয়েছে ঈশ্বরীক কাজ বর্ণনা করতে (যোহন ১:১৪; ৪:২৩-২৪; ৮:৩২; ১৪:১৭; ১৫:২৬; ১৬:১৩; ১৭:১৭,১৯)। সত্যের উপরে বিশেষ বিষয় দেখুন যোহন ৬:৫৫ এবং ১৭:৩ পদে।

□ “জীবন” “জীবন” হল *zoā*, যোহন ব্যবহার করেছেন নূতন যুগের জীবন বর্ণনা করতে। পুরাতন নিয়মে, একজন বিশ্বাসীর জীবন পদ্ধতির বিশ্বাসকে বলা হয়েছে জীবনের পথ হিসাবে (গীত ১৬:১১; হিতো ৬:২৩; ১০:১৭)। এই তিনটি টার্ম জীবন পদ্ধতির সাথে সম্পর্কযুক্ত যেটি পাওয়া যায় কেবলমাত্র যীশু খ্রীষ্টের সঙ্গে ব্যক্তিগত সম্পর্কে।

□ “আমার মধ্য দিয়ে না গেলে কেউই পিতার কাছে যেতে পারে না” কি হতবাক করা দাবী! এটি খুব সীমাবদ্ধ কিন্তু খুবই স্পষ্ট যে যীশু বিশ্বাস করতেন যে কেবলমাত্র তাঁর সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের মাধ্যমে একজন ঈশ্বরকে জানতে পারে (১ যোহন ৫:১০-১২)। একে প্রায়ই বলা হয়েছে খ্রীষ্ট ধর্মের একচেটিয়া অসম্মানের বিষয়। এখানে কোন মধ্য পস্থা নেই। এই মন্তব্য সত্য অথবা খ্রীষ্ট ধর্ম মিথ্যা! বেশ কয়েকটি দিক থেকে এটি যোহন ১০ অধ্যায়ের মত একই রকম।

১৪:৭ “যদি” পাতুলিপিত পার্থক্য রয়েছে যা সংযুক্ত conditional sentence এর রূপে। United Bible Societies গ্রীক টেক্সট সমর্থন করে first class conditional sentence, যেভাবে করেছে প্রাচীন গ্রীক পাতুলিপি P⁶⁶, \aleph , এবং D। এটি তার পরে অনুবাদ হয়েছে “যদি তোমরা আমাকে জানতে এবং তোমরা জানবে, তাহলে তোমরা আমার পিতাকেও জানতে, যা তোমরা জানবে।”

এটি হতে পারে একটি second class conditional sentence যাকে প্রায়ই বলা হয় “সত্যের প্রতি বিপরীত।” অনুবাদ তার পরে হবে “যদি তোমরা আমাকে জানতে, যা তোমরা জান না, তাহলে তোমরা আমার পিতাকেও জানতে, যা তোমরা জান না।” এটি সমর্থিত হয়েছে A, B, C, Db, K, L, and X পাতুলিপিতে দ্বারা। এটি একটি সমস্যাपूर्ण মন্তব্য কারণ আমরা মনে করি যে প্রেরিতেরা এর মধ্যেই বিশ্বাস করেছিলেন যে মশীহ হিসাবে যীশুর মধ্যে দিয়ে পরিগ্রাণ যাকে YHWH পাঠিয়েছিলেন। এই নূতন এবং চূড়ান্ত অনন্য সত্য অনুধাবন করা তাদের জন্য খুব কঠিন ছিল। যোহনের সুসমাচার মনে হয় মনে হয় বিশ্বাসের স্তর নিয়ে বলেছে। প্রসঙ্গ মনে হয় সমর্থন করেছে second class conditional। এই একই অবস্থা লক্ষ্য করুন যোহন ১৪:২ এবং ২৮ পদে।

□ “তোমরা যদি আমাকে জানতে” যীশু তাঁর সকল প্রেরিতদের উদ্দেশ্য করে বলছেন (যোহন ১৪:৯)। “জানা” টার্মটি পুরাতন নিয়মের অর্থে ব্যবহৃত হয়েছে, যেটি বলে ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্ক, কেবলমাত্র পূর্ব ধারণা অনুসারে জানা নয় (আদি ৪:১; যির ১:৫)।

□ “এখন থেকে তোমরা আমার পিতাকে জেনেছ” যীশুকে দেখা হল ঈশ্বরকে দেখা (যোহন ১:১৪-১৮; ৫:২৪; ১২:৪৪-৪৫; ২ করি ৪:৪; কল ১:১৫;

ইব্রীয় ১:৩)! যীশু হলেন অদৃশ্য ঈশ্বরের নিখুঁত প্রকাশ। কেউ-ই যীশুকে প্রত্যাখান করে বলতে পারে না যে সে ঈশ্বরকে জানে (১ যোহন ৫:৯-১২)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৪:৮-১৪

^৮ ফিলিপ তাঁকে বললেন, “প্রভু, পিতাকে আমাদের দেখান, আর তাই আমাদের জন্য যথেষ্ট।” ^৯ যীশু তাঁকে বললেন, “ফিলিপ, এতদিন আমি তোমাদের সংগে সংগে আছি, তবুও কি তুমি আমাকে জানতে পার নি? যে আমাকে দেখেছে সে পিতাকেও দেখেছে; তুমি কেমন করে বলছ, ‘পিতাকে আমাদের দেখান’? ^{১০} তুমি কি বিশ্বাস কর না যে আমি পিতার মধ্যে আছি আর পিতা আমার মধ্যে আছেন? যে সব কথা আমি তোমাদের বলি তা আমি নিজে থেকে বলি না, কিন্তু পিতা যিনি আমার মধ্যে আছেন তিনিই তাঁর কাজ করছেন। ^{১১} আমার কথায় বিশ্বাস কর যে আমি পিতার মধ্যে আছি আর পিতা আমার মধ্যে আছেন; তা না হলে অন্ততঃ আমার এই সব কাজের জন্য আমাকে বিশ্বাস কর। ^{১২} সত্য, সত্য, আমি তোমাদের বলছি, যে আমার উপরে বিশ্বাস করে, তবে আমি যে সব কাজ করি, সেও তা করবে; আর সে এই সবেদ চেয়েও আরও বড় বড় কাজ করবে; কারণ আমি পিতার কাছে যাচ্ছি। ^{১৩} তোমরা আমার নামে যা কিছু চাইবে, তা আমি করব, যেন পিতার মহিমা পুত্রের মধ্য দিয়ে প্রকাশিত হয়। ^{১৪} যদি আমার নামে আমার কাছে কিছু চাও তবে আমি তা করব। (অনুবাদকৃত টেক্সট)।

১৪:৮ “ফিলিপ তাঁকে বললেন” দৃশ্যত পিলিপ (১) ঈশ্বরের দর্শন চেয়েছেন (Theophany) কোন না কোন ভাবে মোশি, যিশাইয়, বা যিহিস্কেলের মত (২) সে সম্পূর্ণভাবে যীশুর কথা ভুল বুঝেছিল। যীশুর উত্তর দিয়ে এটি নিশ্চিত করেছিলেন যে যখন ফিলিপ তাঁকে দেখেছে ও জেনেছে, তখন সে ঈশ্বরকে দেখেছে ও জেনেছে (কল ১:১৫; ইব্রীয় ১:৩)!

NASB “আর তাই আমাদের জন্য যথেষ্ট”

NKJV “আর তাই আমাদের জন্য যথেষ্ট”

NRSV “আমরা সন্তুষ্ট হবো”

TEV “আর আমরা তাই-ই চাই”

NJB “তাহলে আমরা সন্তুষ্ট হবো”

এই শিষ্যরা চাইছিলেন কোন একটি নিশ্চয়তা ফরীশীদের মত। যাহোক, বিশ্বাসীরা অবশ্যই বিশ্বাসে চলবেন কিন্তু দেখার উপরে নির্ভর করবেন না (২ করি ৪:১৮; ৫:৭) আত্মিক বিষয়ে। নির্ভরতা হল বিষয়!

১৪:৯ “এতদিন আমি তোমাদের সংগে সংগে আছি” এই plural-টি লক্ষ্য করুন। ফিলিপ এমন একটি প্রশ্ন করেছিল যেটি তারা সকলেই চিন্তা করছিল।

□ “যে আমাকে দেখেছে সে পিতাকেও দেখেছে” এটি একটি perfect active participle এবং একটি perfect active verb যার অর্থ “দেখেছে এবং অবিরত দেখবে।” যীশু সম্পূর্ণ ভাবে ঈশ্বরকে প্রকাশ করেছেন (কল ১:১৫; ইব্রীয় ১:৩)।

১৪:১০ যীশুর গ্রীকে প্রশ্ন আশা করে “হ্যাঁ উত্তর। দেখুন [বিশেষ বিষয়: যোহনের লেখায় “থাকা” \(SPECIAL TOPIC: “ABIDING” IN JOHN’S WRITINGS\)](#) ১ যোহন ২:১০ পদে।

□ “তুমি. . . তুমি” প্রথম “তুমি” হল singular, উল্লেখ করছে ফিলিপকে। দ্বিতীয় “তুমি” হল plural, উল্লেখ করছে প্রেরিতদের সকলকে (যোহন ১৪:৭,১০)।

□ “যে সব কথা আমি তোমাদের বলি তা আমি নিজে থেকে বলি না” যীশু সব বিষয়ে পিতার পক্ষে কাজ করছিলেন (যোহন ১৪:২৪; ৫:১৯,৩০; ৭:১৬-১৮; ৮:২৮; ১০:৩৮; ১২:৪৯)। যীশুর শিক্ষাসমূহ ছিল পিতার নিজের কথা (যোহন ১৪:২৪)।

□ “কিন্তু পিতা যিনি আমার মধ্যে আছেন তিনিই তাঁর কাজ করছেন” এই সহভাগিতা পিতা এবং পুত্রের মধ্যে (অর্থাৎ, যোহন ৭:১৪; ৮:২৮; ১০:৩৮), যেটি জোর দিয়েছে ১৭ অধ্যায়ে যীশুর মহা যাজকীয় প্রার্থনা, যেটি পরিণত হয়েছে ১৫ অধ্যায়ের বিশ্বাসীদের খ্রীষ্টে “থাকার” ভিত্তি। যোহনের সুসমাচার পরিভ্রাণকে প্রকাশ করেছে (১) মতবাদ; (২) সহভাগিতা; (৩) বাধ্যতা; এবং (৪) ধৈর্যধারণ হিসাবে।

১৪:১১ “আমাকে বিশ্বাস কর” এটি একটি present active imperative বা একটি present active indicative (যোহন ১৪:১)।

এই পদের আরম্ভের শব্দগুচ্ছে পাণ্ডুলিপি পার্থক্যের কিছু তাৎপর্য রয়েছে। কিছু প্রাচীন গ্রীক টেক্সট (P⁶⁶, P⁷⁵, x, D, L, and W) কেবলমাত্র “বিশ্বাস করা” verb টির আগে এসেছে (hoti) “যে,” যেটি ইঙ্গিত দেয় যে তাদের যীশু এবং পিতার ঐক্যকে গ্রহণ করতে হবে। অন্যান্য প্রাচীন টেক্সট () যুক্ত করেছে dative “আমাকে,” দেখিয়েছে বিশ্বাসের ব্যক্তিগত বিষয়। United Bible Societies গ্রীক পণ্ডিতেরা বিশ্বাস করেন যে প্রথম বিকল্পটি আসল ছিল (Bruce M. Metzger’s *A Textual Commentary on the Greek New Testament*, which gives this option a “B” rating [almost certain], p. 244)। বেশির ভাগ আধুনিক অনুবাদ “আমাকে” রেখেছে কিন্তু “যে” যুক্ত করেছে যেটি দেখায় বিশ্বাস করার

বিষয়বস্তুকে)।

□ “তা না হলে অন্ততঃ আমার এই সব কাজের জন্য আমাকে বিশ্বাস কর” যীশু তাদের বলছেন তাঁর কাজে বিশ্বাস করতে (যোহন ৫:৩৬; ১০:২৫,৩৮)। তাঁর কাজ পুরাতন নিয়মের ভাববাণীকে পূর্ণ করেছিল। তাঁর কাজ প্রকাশ করেছিল তিনি কে! প্রেরিতেরা, আমাদের মতই, বিশ্বাসে বেড়ে উঠতে হয়েছে।

১৪:১২ “সত্য, সত্য” যোহন ১:৫১ পদের নোট দেখুন।

□ “বিশ্বাস কর. . .সেও তা করবে” বিশ্বাস করাটা শুধুমাত্র কোন মানসিক কাজ নয় কিন্তু একটি কাজ-যুক্ত কথা। শব্দগুচ্ছ “সে এর চেয়েও বড় কাজ করতে পারে” হল যেটি অনুবাদ হবে “সে বড় বড় কাজ করবে।” এটি সম্ভবত উল্লেখ করছে

১. ভৌগলিক সুযোগ (মথি ২৮:১৮-২০)
২. পরজাতিদের কাছে প্রচার কাজ
৩. আত্মা সকল বিশ্বাসীর সঙ্গে আছেন
৪. যীশুর মধ্যস্থতাকারী প্রার্থনা (ইব্রীয় ৭:২৫; ৯:২৪)

দেখুন বিশেষ বিষয়: প্রার্থনা, সীমাহীন তথাপি সীমাবদ্ধ (SPECIAL TOPIC: PRAYER, UNLIMITED YET LIMITED) ১ যোহন ৩:২২, B. 2।

শেষ শব্দগুচ্ছ “সে করবে” হল বাইবেলে ভিত্তিক খ্রীষ্ট ধর্মে গুরুত্বপূর্ণ। যেভাবে পিতা পুত্রকে পাঠিয়েছেন, সেভাবে পুত্র তাঁর শিষ্যদের পাঠাচ্ছেন! “খ্রীষ্টেতে” হওয়া হল, “অনন্ত জীবন” লাভ করা, অর্থ একটি সক্রিয় “মহান আদেশ” অন্তরে এবং মনে। খ্রীষ্ট কোন বিশ্বাস সূত্র বা অন্য কোন কিছু নয় যা হয়তো আমরা কোন বর্ষার দিনে পেলাম। এটা হল জীবনের একটি নতুন দিক, একটি নতুন বিশ্ব দর্শন! এটি সব কিছু পরিবর্তন করে! এটি অবশ্যই হয়ে পারে ইচ্ছাকৃত, দৈনিক, রাজ্য-সম্পর্কিত, উৎসর্গের জীবন পদ্ধতি।

মন্ডলীকে অবশ্যই আবার গ্রহণ করতে হবে

১. প্রত্যেক বিশ্বাসীর পরিচর্যা
২. মহান আদেশের অগ্রগণ্যতা
৩. প্রতিদিনের স্বেচ্ছাকৃত স্বার্থহীন পরিচর্যা
৪. এখন খ্রীষ্টসাদৃশ্যতা!

১৪:১৩-১৪ “তোমরা আমার নামে যা কিছু চাইবে, তা আমি করব” লক্ষ্য করুন যীশু দাবী করেছেন যে তিনি আমাদের প্রার্থনার উত্তর দেবেন তাঁর চরিত্রের উপরে ভিত্তি করে। প্রেরিত ৭:৫৯ পদে স্তিফান যীশুর কাছে প্রার্থনা করেছেন। ২ করি ১৮ পদে পৌল যীশুর কাছে প্রার্থনা করেছেন। যোহন ১৫:১৬ এবং ১৬:২৩ পদে বিশ্বাসীরা পিতাকে বলছেন। যীশুর নামে প্রার্থনা করার মধ্যে কোন যাদুকরী সূত্র নেই, যেটি আমাদের প্রার্থনার শেষে বলা হয়, কিন্তু প্রার্থনা করতে হবে যীশুর ইচ্ছা ও চরিত্র অনুসারে।

এটি একটি ভাল উদাহরণ প্রয়োজনে আলোচনা করা যেতে পারে সমান্তরাল প্যাসেজের বাইবেলের বিষয়ের উপরে কোন গোড়ামিপূর্ণ মন্তব্য করার আগে। একজনকে অবশ্যই সুমম হতে হবে “যা কিছু আমরা চাই” সাথে

১. “আমার নামে” (যোহন ১৪:১৩-১৪; ১৫:৭,১৬; ১৬:২৩)
২. “চাইতে থাক” (মথি ৭:৭-৮; লুক ১১:৫-১৩; ১৮:১-৮)
৩. “দু’জন একমত হয়” (মথি ১৮:১৯)
৪. “বিশ্বাস করে” (মথি ২১:২২)
৫. “সন্দেহ ছাড়া” (মার্ক ১১:২২-২৪; যাকোব ১:৬-৭)
৬. “স্বার্থপর ভাবে নয়” (যাকোব ৪:২-৩)
৭. “তাঁর আদেশ পালন করা” (১ যোহন ৩:২২)
৮. “ঈশ্বরের ইচ্ছানুসারে” (মথি ৬:১০; ১ যোহন ৫:১৪-১৫)

যীশুর নাম তাঁর চরিত্রের প্রতিনিধিত্ব করে। এটি আর একটি উপায় যীশুর মন ও অন্তর উল্লেখ করার। এই শব্দগুচ্ছ যোহনে প্রায়ই দেখা যায় (যোহন ১৪:১৩-১৪,২৬; ১৫:১৬; ১৬:২৩-২৬)। খ্রীষ্টের মত যত বেশি, তত বেশি প্রার্থনার উত্তর পাওয়া যাবে নিশ্চিত ভাবে। এবশীর ভাগ বিশ্বাসীর সবচেয়ে খারাপ বিষয় যেটি ঈশ্বর করতে পারেন আত্মিক ভাবে তাহল তাদের স্বার্থপর, বস্তুগত প্রার্থনার উত্তর দান। ১ যোহন ৩:২২ পদে নোট দেখুন।

বিশেষ বিষয়: কার্যকর প্রার্থনা (SPECIAL TOPIC: EFFECTIVE PRAYER)

বিশেষ বিষয়: প্রভুর নাম (SPECIAL TOPIC: THE NAME OF THE LORD)

□ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ।

□ “আমার কাছে যা কিছু চাও” সাধারণত বিশ্বাসীদের উৎসাহদান করা হয় আত্মায় পিতার কাছে পুত্রের মাধ্যমে প্রার্থনা করতে। যোহন সুসমাচারে এটি কেবলমাত্র একটি পদ যেখানে যীশুর তাঁর কাছে প্রার্থনা করতে বলেছেন। এর কারণ হতে পারে যে কেন কিছু কিছু প্রাচীন গ্রীক পাণ্ডুলিপি “আমার” বাদ দিয়েছে (অর্থাৎ, MSS, A, D, L, এবং কিছু প্রাচীন Latin, Vulgate, Coptic, Ethiopian, and Slavic versions)। UBS⁴ এর অন্তর্ভুক্তিকে রেটিং করেছে “B” হিসাবে (প্রায় নিশ্চিত)। এটি অন্তর্ভুক্ত হয়েছে MSS P⁶⁶, P⁷⁵, x, B, W এবং কিছু প্রাচীন Latin, Vulgate, and Syrian versions।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৪:১৫-১৭

^{১৫} “তোমরা যদি আমাকে ভালবাস, তবে আমার সমস্ত আদেশ পালন করবে।” ^{১৬} আমি পিতার কাছে চাইব, আর তিনি তোমাদের এক সাহায্যকারী দেবেন, যেন তিনি চিরকাল তোমাদের সঙ্গে থাকেন; ^{১৭} তিনি সত্যের আত্মা, জগতের লোকেরা তাঁকে গ্রহণ করতে পারে না, কারণ তারা তাঁকে দেখতে পায় না বা তাঁকে জানেও না। কিন্তু তোমরা তাঁকে জান কারণ তিনি তোমাদের সংগে সংগে থাকেন আর তোমাদের অন্তরে বাস করবেন।” (অনুবাদকৃত টেক্সট)।

১৪:১৫ “তোমরা যদি আমাকে ভালবাস, তবে আমার সমস্ত আদেশ পালন করবে” এটি একটি third class conditional sentence যেটি বলছে সম্ভাবনাময় কাজের কথা। খ্রীষ্টে ঈশ্বরের জন্য ভালবাসা বাধ্যতার দ্বারা প্রকাশিত হয়। “পালন করা” হল একটি future active indicative ব্যবহৃত হয়েছে হিসাবে present imperative (Friberg, *Analytical Greek New Testament*, p. 337)। বাধ্যতা চূড়ান্ত ভাবে গুরুত্বপূর্ণ (যোহন ৮:৫১; ১৪:২১,২৩-২৪; ১৫:১০; ১ যোহন ২:৩-৫; ৩:২২,২৪; ৫:৩; ২ যোহন ৬; লূক ৬:৪৬)। ২১,২৩ এবং ২৪ পদগুলি জোর দিচ্ছে এই একই সত্যের উপরে। বাধ্যতা হল সত্যিকার মন পরিবর্তনের প্রমাণ (যাকোব এবং ১ যোহন)।

NKJV-তে আছে “আমার সমস্ত আদেশ পালন কর,” যেটি সমর্থিত হয়েছে MSS A, D, W, the Vulgate এবং মন্ডলীর অনেক আদি পিতাদের দ্বারা। UBS⁴ “C” রেটিং (সিদ্ধান্ত গ্রহণে কঠিনতা) দিয়েছে future active indicative-কে, যেটি সমর্থিত হয়েছে MSS B, L, and the Coptic Version, সেই সঙ্গে বেশ কিছু মন্ডলীর আদি পিতাদের দ্বারা।

১৪:১৬ “তিনি তোমাদের দেবেন” যোহন ১৪:২৬ পদের নোট দেখুন।

NASB, NKJV,

TEV “আর একজন সাহায্যকারী”

NRSV “আর একজন উকিল”

NJB “আর একজন Paraclete”

“আর একজন” টার্মটি একটি গ্রীক টার্মে অনুবাদ হয়েছে (*allos*) যার অর্থ “একই রকমের আর একজন।” পবিত্র আত্মাকে বলা হয়েছে “অন্য যীশু” (G. Campbell Morgan, নিচে বিশেষ বিষয় দেখুন)।

দ্বিতীয় টার্মটি হল গ্রীক টার্ম “*paraklētos*” যেটি ব্যবহৃত হয়েছে ১ যোহন ২:১ পদে (মধ্যস্থতাকারী হিসাবে) এবং পবিত্র আত্মা যোহন ১৪:২৬ এবং ১৬:৭-১৪ পদে। এর শব্দতত্ত্ব হল “একজনকে পাশে থেকে সাহায্য করার জন্য ডাকা,” বৈধ অর্থে। সেজন্য, টার্ম “উকিল” সঠিক ভাবে এই শব্দের অনুবাদ। এই একই গ্রীক মূলের গঠন, “সান্ত্বনা” (*parakalēō*), ২ করি ১:৩-১১ পদে পিতার জন্য ব্যবহৃত হয়েছে।

noun এর অনুবাদ “উকিল” (*paraklētos*) এসেছে রোমীয় বৈধ পদ্ধতি থেকে। “সান্ত্বনাকারী” অনুবাদ প্রথম ব্যবহৃত হয়েছিল Wycliffe দ্বারা এবং প্রতিফলিত করেছে verb এর গঠন (*parakaleō*) সেপ্টুয়াজিটে (অর্থাৎ, ২ শমু ১০:৪; ১ বংশ ১৯:৩; ইয়োব ১৬:২; গীত ৬৯:২০; উপ ৪:১; যিশা ৩৫:৪)। এটা হতে পারে শয়তানের (দোষারপকারী) বিপরীত অর্থ বোধক।

Philo এবং Josephus উভয়েই এই শব্দ ব্যবহার করেছেন “মধ্যস্থতাকারী” বা “উপদেশকারী” অর্থে।

বিশেষ বিষয়: যীশু এবং আত্মা (SPECIAL TOPIC: JESUS AND THE SPIRIT)

□ “যেন তিনি চিরকাল তোমাদের সঙ্গে থাকেন” তিনটি ভিন্ন ভিন্ন prepositions ব্যবহৃত হয়েছে পবিত্র আত্মার উল্লেখ করতে।

১. “*meta*” (যোহন ১৪:১৬), “সংগে”

২. “*para*” (যোহন ১৪:১৭), “এক পাশে”

৩. “*en*” (যোহন ১৪:১৭), “ভিতরে”

লক্ষ্য করুন পবিত্র আত্মা আমাদের সাথে, আমাদের নিকটে, আমাদের মধ্যে। এটি তাঁর কাজ যে বিশ্বাসীদের মধ্যে যীশুর জীবনকে প্রকাশ করা। তিনি তাদের সঙ্গে সঙ্গে থাকবেন যুগের শেষ পর্যন্ত (যোহন ১৪:১৮; মথি ২৮:২০)।

লক্ষ্য করুন আত্মাকে বলা হয়েছে “তিনি।” এটি ইঙ্গিত দেয় আত্মা হল ব্যক্তিগত। KJV-তে প্রায়ই আত্মাকে উদ্দেশ্য করা বলা হয়েছে “ইহা,” এর কারণ এই যে টার্ম গ্রীকে “আত্মা” হল neuter (যোহন ১৪:১৭,২৬; ১৫:২৬)। তিনি হলেন ত্রিত্বের তৃতীয় ব্যক্তি (বিশেষ বিষয় দেখুন যোহন ১৪:২৬ পদে)। টার্ম ত্রিত্ব কোন বাইবেল ভিত্তিক টার্ম নয়, কিন্তু যদি যীশু ঐশ্বরীক এবং আত্মা ব্যক্তি হন, তাহলে কোন না কোন ভাবে ত্রিত্ব-একক অন্তর্ভুক্ত। ঈশ্বর

হলেন এক ঐশ্বরীক মূল, কিন্তু তিনটি স্থায়ী, ব্যক্তিগত প্রকাশ (দেখুন যোহন ১৪:২৬, মথি ৩:১৬-১৭; ২৮:১৯; প্রেরিত ২:৩৩-৩৪; রোমীয় ৮:৯-১০; ১ করি ১২:৪-৬; ২ করি ১:২১-২২; ১৩:১৪; ইফি ১:৩-১৪; ২:১৮; ৪:৪-৬; তীত ৩:৪-৬; ১ পিতর ১:২ পদে বিশেষ বিষয়) ।
“চিরকাল” এর জন্য যোহন ৬:৫৮ পদে বিশেষ বিষয় দেখুন ।

১৪:১৭ “সত্যের আত্মা” এখানে “সত্য” এর যোহন ১৪:৬ পদের মত একই অন্তর্নিহিত অর্থ রয়েছে (যোহন ১৫:২৬; ১৬:১৩; ১ যোহন ৪:৬) । যোহন ৬:৫৫ এবং ১৭:৩ পদে বিশেষ বিষয় দেখুন সত্য । তিনি হলেন শয়তান, মিথ্যার পিতার বিপরিত (যোহন ৮:৪৪) ।

□ “তাকে” “এটি” হল neuter যেটি টার্ম “আত্মা” (*pneuma*) এর সাথে একমত । যাহোক, গ্রীকে অন্যত্র masculine pronoun ব্যবহৃত হয়েছে (যোহন ১৪:২৬; ১৫:২৬; ১৬:৭,৮,১৩,১৪) । পবিত্র আত্মা সত্যিকার ভাবে পুরুষ বার মহিলা নন; তিনি আত্মা । এটি মনে রাখা খুব গুরুত্বপূর্ণ যে তিনি এছাড়াও একজন স্বতন্ত্র ব্যক্তিত্ব (যোহন ১৪:২৬ পদে বিশেষ বিষয় দেখুন) ।

□ “জগৎ তাঁকে গ্রহণ করতে পারে না” পবিত্র আত্মা কেবলমাত্র তাদের জন্যই উপযুক্ত হতে পারে যারা খ্রীষ্টে বিশ্বাস রেখেছে (যোহন ১:১০-১২) । বিশ্বাসীদের যা প্রয়োজন তার সব কিছুই তিনি যুগিয়ে থাকেন (রোমীয় ৮:১-১১) । অবিশ্বাসী জগৎ (*kosmos* পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন) বুঝতে পারে না বা অবধান করতে পারে না আত্মিক বিষয় (১ করি ২:১৪; ২ করি ৪:৪) ।

বিশেষ বিষয়: পৌলের KOSMOS (WORLD) (SPECIAL TOPIC: PAUL'S USE OF KOSMOS (WORLD))

□ “জানা. . . জানা” এটি সম্ভবত যোহনের আর একটি দ্বৈত ব্যাখ্যা (*entendre*) । ইব্রীয় অন্তর্নিহিত অর্থ হবে ঘনিষ্ঠ, ব্যক্তিগত সম্পর্ক (আদি ৪:১; যির ১:৫) । গ্রীক অন্তর্নিহিত অর্থ হবে জ্ঞান । সুসমাচার হল ব্যক্তিগত এবং জ্ঞান উভয়ই ।

□ “তিনি তোমাদের সঙ্গে সঙ্গে থাকবেন” যোহন সুসমাচারে থাকা হল একটি মূল ধারণা (অর্থাৎ, ১৫ অধ্যায়, ১ যোহন ২:১০ পদে বিশেষ বিষয় দেখুন) । পিতা পুত্রে থাকেন, আত্মা বিশ্বাসীদের মধ্যে থাকেন, এবং বিশ্বাসীরা পুত্রে থাকেন । এই থাকা হল , কোন বিচ্ছিন্ন সিদ্ধান্ত বা আবেগগত সাড়া দান নয় ।

□ “এবং তোমাদের মধ্যে থাকবেন” এটি বোঝা যেতে পারে “তোমাদের মধ্যে” হিসাবে (*plural, NRSV* পাদটিকা) বা “তোমাদের মধ্যে” (*plural, NASB, NKJV, NRSV, TEV & NJB*) । বিশ্বাসীদের মধ্যে বাসকারী ঈশ্বর দ্বারা এটি একটি চমৎকার প্রতিজ্ঞা । নূতন নিয়ম বলতে চেষ্টা করেছে যে ত্রিভূত তিনটি ব্যক্তিই বিশ্বাসীদের মধ্যে বাস করবেন ।

১. যীশু (মথি ২৮:২০; যোহন ১৪:২০,২৩; ১৫:৪-৫; রোমীয় ৮:১০; ২ করি ১৩:৫; গালা ২:২০; ইফি ৩:১৭; কল ১:২৭)
২. আত্মা (মথি ১৪:১৬-১৭; রোমীয় ৮:১১; ১ করি ৩:১৬; ৬:১৯; ২ তীম ১:১৪)
৩. পিতা (যোহন ১৪:২৩; ২ করি ৬:১৬)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৪:১৮-২৪

^{১৮}“আমি তোমাদের অনাথ রেখে যাব না; আমি তোমাদের কাছে আসব ।” ^{১৯}অল্প সময় পরে জগতের লোকেরা আর আমাকে দেখতে পাবে না, কিন্তু তোমরা আমাকে দেখতে পাবে; কারণ আমি জীবিত আছি, এইজন্য তোমরাও জীবিত থাকবে । ^{২০}সেই দিন তোমরা জানবে যে, আমি পিতার সংগে আছি, আর তোমরা আমার সংগে আছ, এবং আমি তোমাদের সংগে আছি । ^{২১}যে আমার সব আদেশ জানে ও পালন করে সে-ই আমাকে ভালবাসে; আর যে আমাকে ভালবাসে আমার পিতা তাকে ভালবাসবেন, আমিও তাকে ভালবাসব আর তার কাছে নিজেকে প্রকাশ করব ।” ^{২২}তখন যিহূদা (ইফারিয়োৎ নয়) তাঁকে বললেন, “প্রভু, কেন আপনি কেবল আমাদেরই কাছে নিজেকে প্রকাশ করবেন আর জগতের কাছে করবেন না?” ^{২৩}যীশু তাঁকে উত্তর করে বললেন, “যদি কেউ আমাকে ভালবাসে, তবে সে আমার কথা পালন করবে; আর আমার পিতা তাকে ভালবাসবেন, এবং আমরা তার কাছে আসব আর তার সংগে বাস করব ।” ^{২৪}যে আমাকে ভালবাসে না সে আমার কথা পালন করে না; আর যে কথা তোমরা শুনছ তা আমার কথা নয়, কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন সেই পিতারই কথা ।” (অনুবাদকৃত টেক্সট) ।

১৪:১৮ “আমি তোমাদের অনাথ রেখে যাব না; আমি তোমাদের কাছে আসব” যীশু নিস্তার পর্বের পরে রবিবারের সন্ধ্যায় উপরের কুঠরীতে পুনরুত্থানের উত্তর প্রথম শিষ্যদের দেখা দানে তাঁর শিষ্যদের কাছে করা প্রতিটি প্রতিজ্ঞাই পূর্ণ করেছিলেন (যোহন ২০:১৯-৩১) । কোন কোন ব্যাখ্যাকারক, যাহোক, প্রসঙ্গকে দেখেছেন পঞ্চমমাস্তমীর (প্রেরিত ২) দিনে আত্মার আগমনের উল্লেখ বা তাঁর দ্বিতীয় আগমন হিসাবে (যোহন ১৪:৩) ।

১৪:১৯ “অল্প সময় পরে জগতের লোকেরা আর আমাকে দেখতে পাবে না, কিন্তু তোমরা আমাকে দেখতে পাবে” ২০ পদ দেখায় যে এটি উল্লেখ করছে যীশুর পুনরুত্থানের পরে দেখা দানকে । এই মন্তব্যের কারণে যিহূদা যোহন ১৪:২২ পদে যীশুকে আর একটি প্রশ্ন জিজ্ঞাসা করেছিল । শিষ্যরা তখনও আশা করছিলেন যে যীশু জাগতিক Messianic রাজ্য প্রতিষ্ঠা করবেন (অর্থাৎ, মথি ২০:২০-২৮; মার্ক ১০:৩৫-৪৫) এবং তারা দারণ দ্বিধাগ্রস্থ হয়েছিল যখন তিনি বারোছিলেন, “জগৎ আমাকে আর দেখতে পাবে না ।” যোহন ১৪:২৩ ও ২৪ পদে যীশু যিহূদার (ইফারিয়োৎ নয়) প্রশ্নের উত্তর দিয়েছিলেন যে তিনি নিজেকে প্রকাশ করবেন প্রতিটি খ্রীষ্টিয়ানের জীবনে এবং সেজন্য তাঁকে তাদের মধ্যে দিয়ে দেখতে পাবে!

□ “কারণ আমি জীবিত আছি, এইজন্য তোমরাও জীবিত থাকবে” যীশুর পুনরুত্থান চিহ্ন ঈশ্বরের ক্ষমতা এবং জীবন দানে তাঁর ইচ্ছার প্রকাশ (রোমীয় ৮:৯-১১; ১ করি ১৫:২০-২৩, ৫০-৫৮)।

১৪:২০ “সেই দিন” এই শব্দগুচ্ছ সাধারণত ব্যবহৃত হয়েছে একটি eschatological অর্থে (নিচে বিশেষ বিষয় দেখুন), কিন্তু এখানে এটি উল্লেখ করতে পারে যীশুর পুনরুত্থান উত্তর দেখা দান বা পঞ্চাশতমীর দিনে আত্মার পূর্ণতায় আগমন করা।

বিশেষ বিষয়: সেই দিন (SPECIAL TOPIC: THAT DAY)

□ “তোমরা জানিবে” প্রায়ই “জানা” এর ইব্রীয় অন্তর্নিহিত অর্থ হল ব্যক্তিগত সহভাগিতা, ঘনিষ্ঠ সম্পর্ক, কিন্তু এখানে এটি এসেছে “সেই” (*hoti*) এর পরে, যা ব্যাখ্যা করে হৃদয়ঙ্গম করা বিষয়। এই শব্দ, যেমন বিশ্বাস করা, রয়েছে দুটি অর্থ। যোহন এই ধরণের অর্থ বেছে নিয়েছেন তার সুসমাচার প্রকাশে। বিশ্বাসীরা তাঁকে জানে (তাঁতে বিশ্বাস করে), কিন্তু তারা তাঁর বিষয়ে সত্যকেও জানবে (তা বিশ্বাস করে)। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “আমি পিতার সংগে আছি আর তোমরা আমার সংগে আছ, এবং আমি তোমাদের সংগে আছি” যোহন প্রায়ই জোর দিয়েছেন পিতা এবং যীশুর একতার উপরে (যোহন ১০:৩৮; ১৪:১০-১১; ১৭:২১-২৩)। তিনি সত্য যুক্ত করেছেন যেভাবে পিতা এবং যীশু ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত, সেরকমই, যীশু ও তাঁর বিশ্বাসীরা (যোহন ১৭)।

১৪:২১ “যে আমার সব আদেশ জানে ও পালন করে” এই দুটি হল present participles। বাধ্যতা হল গুরুত্বপূর্ণ (যোহন ১৪:১৫ পদে নোট দেখুন)। এটি সত্যিকার মন পরিবর্তনের প্রমাণ (যোহন ১৪:২৩)।

শ্রেরিতেরা ছিল যিহূদী এবং প্রায়ই তারা Semitic (ভাষাগত অর্থের) বাগধারা তাদের রচনাতে ব্যবহার করতো। যিহূদী প্রার্থনা যা শুরু হতো প্রতিটি আরাধনার সময়ে যা ছিল দ্বি বি ৬:৪-৫ পদ, যাকে বলা হতো *shema*, যার অর্থ “যেমন শুনেছো তেমনই কাজ কর”! এটাই ছিল যোহনের মন্তব্যের পয়েন্ট (যাকোব ২:১৪-২৬)।

□ “তার কাছে নিজেকে প্রকাশ করব” এটি উল্লেখ করতে পারে হয় (১) পুনরুত্থান উত্তর আবির্ভাব (শ্রেরিত ১০:৪০-৪১) অথবা (২) পবিত্র আত্মাকে পাঠানো প্রকাশ করতে এবং বিশ্বাসীদের মধ্যে খ্রীষ্টকে গঠন করতে (যোহন ১৪:২৬; রোমীয় ৮:২৯; গালা ৪:১৯)।

□ যীশু বিশ্বাস করতেন এবং বলতে চেপ্টা করেছেন যে তিনি (১) প্রতিনিধিত্ব করছেন; (২) কথা বলছেন; এবং (৩) পিতাকে প্রকাশ করছেন। বিশ্বাসীদের জন্য যীশুর বলা এই কর্তৃত্বপূর্ণ কথা শ্রেরিতদের দ্বারা লিখিত হয়েছে, আর এগুলিই ঈশ্বর এবং তাঁর উদ্দেশ্য সম্পর্কে স্পষ্ট তথ্যের একমাত্র উৎস। বিশ্বাসীরা নিশ্চিত যে যীশু এবং শাস্ত্রের কর্তৃত্ব (সঠিক ভাবে আনুবাদকৃত) হল চূড়ান্ত কর্তৃত্ব; যুক্তি অভিজ্ঞতা এবং ঐতিহ্য সাহায্যকারী, কিন্তু চূড়ান্ত নয়।

আত্মা এবং পুত্রের কাজের মধ্যে নমনীয়তা রয়েছে। G. Campbell Morgan বলেছেন আত্মার জন্য সবচেয়ে ভাল নাম হল “অন্য যীশু।” যোহন ১৪:১৬ পদে বিশেষ বিষয় দেখুন।

১৪:২২ ১৯ পদের নোট দেখুন।

□ “যিহূদা (ইস্কারিয়োৎ নয়)” এটি ছিল খন্দের আর একটি ননাম (মথি ১০:৩; মার্ক ৩:১৮)। যোহন ১:৪৫ পদে বিশেষ বিষয় দেখুন।

১৪:২৩ “যদি” এটি একটি third class conditional sentence যেটি সম্ভাব্য কাজের কথা বলে। শিষ্যদের যীশুর জন্য ভালবাসা তাদের একজনের অন্যের প্রতি ভালবাসার মধ্যে দিয়ে দেখা যাবে (যোহন ১৪:১৫,২১)।

১৪:২৪ “তোমরা” শাস্ত্রের ব্যাখ্যা মূলক প্রশ্ন “এই ‘তোমরা’ কাদের উল্লেখ করছে?” ব্যাকরণগত ভাবে verb এর মধ্যে pronoun “শুনছো” (present active indicative, second person plural)। এটি উল্লেখ করতে পারে

১. জগতের লোকেরা যারা যীশুর বার্তাকে প্রত্যাখান করেছে
২. শিষ্যরা যীশুর কথাকে গ্রহণ করেছে পিতা ঈশ্বরের কথা হিসাবে (যোহন ১৪:১০-১১)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৪:২৫-৩১

^{২৫} “তোমাদের সংগে থাকতে থাকতেই এই সব কথা আমি তোমাদের বললাম। ^{২৬} সেই সাহায্যকারী, পবিত্র আত্মা, যাঁকে পিতা আমার নামে পাঠিয়ে দেবেন, তিনিই সব বিষয়ে তোমাদের শিক্ষা দেবেন, আর আমি তোমাদের যা কিছু বলেছি সেই সব তোমাদের মনে করিয়ে দেবেন। ^{২৭} শান্তি আমি তোমাদের জন্য রেখে যাচ্ছি; আমারই শান্তি আমি তোমাদের দিচ্ছি; জগৎ যেভাবে দেয় আমি সেইভাবে দিই না। তোমাদের মন যেন অস্থির না হয়, মনে ভয়ও যেন না থাকে। ^{২৮} তোমরা শুনেছ যে আমি তোমাদের বলেছি, ‘আমি চলে যাচ্ছি, এবং আবার তোমাদের কাছে আসব।’ যদি তোমরা আমাকে ভালবাসতে, তবে আনন্দ করতে কারণ আমি আমার পিতার কাছে যাচ্ছি, কারণ পিতা আমার চেয়েও মহান। ^{২৯} এখন এই সব ঘটবার আগেই

আমি তোমাদের বললাম, যেন ঘটলে পর তোমরা বিশ্বাস করতে পার।^{১০} আমি তোমাদের সংগে আর বেশী কথা বলব না, কারণ জগতের কর্তা আসছে, আর আমার উপরে তার কোন কিছুই নেই;^{১১} কিন্তু এ ঘটছে যেন জগৎ জানতে পারে যে আমি পিতাকে ভালবাসি, পিতা আমাকে যেমন আদেশ দিয়েছেন আমি সব কিছু তেমনই করে থাকি। এবার ওঠো, আমরা এখান থেকে যাই।” (অনুবাদকৃত টেক্সট)।

১৪:২৫ “এই সব কথা” এটি অবশ্যই উপরের কুঠরীর শিক্ষা উল্লেখ করছে (১৩-১৭ অধ্যায়, কিন্তু শব্দগুচ্ছ নির্দিষ্ট ভাবে যোহন ১৪:১৫:১১; ১৬:১,৪,৬,২৫,৩৩ পদের)।

১৪:২৬ “পবিত্র আত্মা” এই উপাধি ত্রিত্বের তৃতীয় ব্যক্তির জন্য দেখা যায় কেবলমাত্র যোহন ১:৩৩; ২০২২ পদে, এবং যোহনের এখানে (বিশেষ বিষয় দেখুন: পবিত্র ব্যক্তি ১ যোহন ২:২০ পদে)। যাহোক, যোহনের সুসমাচারে তাঁকে আরও বেশ কয়েকটি নামে ডাকা হয়েছে (Paraclete, সত্যের আত্মা, আত্মা)।

নূতন নিয়মে বেশ কিছু প্যাসেজ আছে যেগুলি ব্যক্তিগত টার্মে আত্মাকে উল্লেখ করে (মার্ক ৩:২৯; লুক ১২:১২; যোহন ১৪:২৬; ১৬:৭-১৫ পদ, পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন)। আরও কিছু টেক্সট রয়েছে যেখানে neuter pronoun ব্যবহার করা হয়েছে আত্মার জন্য কারণ আত্মার জন্য গ্রীক শব্দ (*pneuma*) হল neuter (যোহন ১৪:১৭; রোমীয় ৮:২৬)।

এছাড়াও, এই পয়েন্টে, একটি মাত্র শব্দ ত্রিত্ব সম্বন্ধে ধারণার। “ত্রিত্ব” টার্মটি কোন বাইবেল ভিত্তিক শব্দ নয়, কিন্তু বেশ কিছু টেক্সটে একমাত্র সত্যময় ঈশ্বরের তিনটি ব্যক্তিগত প্রকাশ একত্রে দেখা গেছে (পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন)। যদি যীশু ঈশ্বরীক হন এবং আত্মা হয় ব্যক্তিগত, তবে ধর্মতত্ত্বগত যেমন এক ঈশ্বরবাদ (দ্বি বি ৬:৪-৬), তবে আমাদের জোর করা হচ্ছে ত্রিত্ব-ঐক্যের প্রতি-চলমান প্রকাশ নয়, কিন্তু অনন্তকালীণ ব্যক্তি!

বিশেষ বিষয়: ত্রিত্ব (SPECIAL TOPIC: THE TRINITY)

□ “যাকে পিতা পাঠাবেন” প্রাথমিক মন্ডলীতে বিশ্বাসকর বিতর্ক ছিল (চতুর্থ শতক) যে আত্মা পিতার কাছে থেকে এসেছেন (যোহন ৩:৩৪; ১৪:১৬; ১৬:২৬) না পুত্রের কাছ থেকে (যোহন ১৫:২৬; ১৬:৭; লুক ২৪:৪৯; প্রেরিত ২:৩৩)। ধর্মতাত্ত্বিক বিষয় Arius - Athanasius বিতর্ক ছিল পরিপূর্ণ ও অনন্তকালীন ঈশ্বর এবং পিতা ঈশ্বর ও পুত্র যীশুর মধ্যে সমতা।

□ “তোমাদের সকল বিষয় শিক্ষা দেবেন” এটি অবশ্যই গুণান্বিত হবে। আত্মা বিশ্বাসীদের জ্ঞানের সকল বিষয়ে শিক্ষা দেবেন না, কিন্তু আত্মিক সত্য সম্বন্ধে, বিশেষ করে যীশুর ব্যক্তিত্ব এবং কাজ, সুসমাচার সম্পর্কে (যোহন ১৬:১৩-১৪; ১ যোহন ২:২০, ২৭)।

বিশেষ বিষয়: আত্মার ব্যক্তিত্ব (SPECIAL TOPIC: THE PERSONHOOD OF THE SPIRIT)

□ “আর আমি তোমাদের যা কিছু বলেছি সেই সব তোমাদের মনে করিয়ে দেবেন” আত্মার উদ্দেশ্য হল

১. পাপী মানুষকে দোষী করবেন
২. তাদেরকে খ্রীষ্টের কাছ আনবেন
৩. খ্রীষ্টে তাদের বাস্তব দেবেন
৪. তাদের মধ্যে খ্রীষ্টের রূপ গঠন করবেন (যোহন ১৬:৭-১৫)
৫. শিষ্যদের মনে করাতে সাহায্য করবে যীশু তাদের যা কিছু বলেছেন এবং সেগুলোর অর্থ বুঝিয়ে দেবেন যেন তারা সেগুলি শাস্ত্রে লিপিবদ্ধ করতে পারে (যোহন ২:২২; ১৫:২৬; ১৬:১৩)

যীশু নিজেও শিষ্যদের নির্দেশনা দিয়েছেন তাঁর পুনরুত্থানের পরে, বিশেষ করে কিভাবে পুরাতন নিয়ম তাঁর বিষয় দেখিয়ে দিয়েছে এবং তাঁতে পূর্ণতা পেয়েছে (লুক ১৪:১৩ থেকে কয়েকটি পদ)।

১৪:২৭ “শান্তি আমি তোমাদের জন্য রেখে যাচ্ছি, আমারই শান্তি আমি তোমাদের দিচ্ছি” বিশ্বাসীদের শান্তি পরিস্থিতিতে সম্পর্কিত নয়, কিন্তু শান্তি যীশুর প্রতিজ্ঞার উপরে ভিত্তি এবং উপস্থিত (যোহন ১৬:৩৩; ফিলি ৪:৭; কল ৩:১৫)।

“শান্তি” ব্যবহৃত হয়েছে উভয় objective অর্থে, ঈশ্বরের সাথে পুনরুদ্ধার, এবং subjective অর্থে, নিরাপত্তার অনুভূতি বা স্থিরতা সমস্যাপূর্ণ পরিস্থিতির মধ্যে। এটি প্রতিফলিত করে একটি যিহূদী শুভেচ্ছা, *Shalom*, যার অর্থ সমস্যার অনুপস্থিতি এবং সন্তুষ্টি বর্তমান (যোহন ২০:১৯,২১,২৬; ৩ যোহন ১৪; ইফি ২:১৪; গণনা ৬:২৬; গীত ২৯:১১; যিশা ৯:৬)। এটাই বৈশিষ্ট্য নূতন যুগের!

বিশেষ বিষয়: খ্রীষ্টিয়ান এবং শান্তি (SPECIAL TOPIC: THE CHRISTIAN AND PEACE)

□ “চলে যাওয়া” Grant Osborne, *The Hermeneutical Spiral* (p. 21) একটি চমৎকার মন্তব্য করেছেন প্রসঙ্গের অগ্রগণ্যতা সম্বন্ধে শব্দের অর্থ নিশ্চিত করতে।

“যুক্তিগত প্রসঙ্গ

খুব বাস্তব অর্থে, অনুবাদে যুক্তিগত প্রসঙ্গ সবচেয়ে মৌলিক প্রতিনিধি। আমি আমার ক্লাশে বলেছি যে যদি কেউ অর্ধ ঘুমন্ত থাকে এবং প্রশ্ন না শোনে যা আমি জিজ্ঞাসা করেছি, সেখানে ৫০ ভাগ সুযোগ থাকে সঠিক হবার যদি সে ‘প্রসঙ্গ’-র উত্তর দেয়। টার্মটি টেক্সটের বিরাট একটি অংশ প্রভাবে প্রভাবিত করে। এটা সবচেয়ে ভাল ডায়াগ্রাম করা যেতে পারে যখন ধারাবাহিক সমকেন্দ্রিক বৃত্ত বাইবেরর দিকে ঘুরতে থাকে প্যাসেজ থেকে।

যতই আমরা কেন্দ্রের দিকে এগিয়ে যাই, ততই প্যাসেজের অর্থের প্রভাব বাড়তে থাকে। সাহিত্য কৌশল, সাহিত্যের প্রভাব চিহ্নিত করে এবং ব্যাখ্যাকারককে সাহায্য করে সমান্তরাল চিহ্নিত করতে, কিন্তু এগুলি ততটা প্রভাবকারী নয় প্যাসেজের বাকী শাস্ত্র থেকে। আমরা পারি, উদাহরণ হিসাবে, apocalyptic (রহস্য উদঘাটনমূলক সাহিত্য) হিসাবে প্রকাশিত বাক্যকে চিহ্নিত করতে; তথাপি যদিও নিয়মের মধ্যবর্তী সময় এবং Hellenistic apocalyptic (রহস্য উদঘাটনমূলক সাহিত্য) যুগিয়ে দিয়েছে গুরুত্বপূর্ণ সমান্তরাল, বেশির ভাগ প্রতিক পুরাতন নিয়ম থেকে নেওয়া হয়েছে। দাড়িপাল্লা (গ্রীক সংস্কৃতি) অন্যদিকে, তাৎক্ষণিক প্রসঙ্গ হল চূড়ান্ত মধ্যস্থতাকারী টার্ম বা ধারণার অর্থের বিবেচনায় সকল সিদ্ধান্তের। কোন নিশ্চয়তা নেই যে পৌল একটি টার্ম ব্যবহার করবেন ফিলিপীয় ১ অধ্যায়ে যেভাবে ব্যবহার করেছেন সেভাবে ফিলিপীয় ২ অধ্যায়ে। ভাষা আসলে সেভাবে কাজ করে না, প্রতিটি শব্দের অনেক অর্থ থাকে এবং একজন লেখক ব্যবহার নির্ভর করে পূর্বের প্রসঙ্গে ব্যবহারের চেয়ে বর্তমান প্রসঙ্গে। একটি ভাল উদাহরণ হবে যোহন ১৪:২৭ পদে *aphiemi* ব্যবহার, “শান্তি আমি তোমাদের কাছে রেখে যাচ্ছি,” এবং যোহন ১৬:২৮ পদে, “আমি আবার এই জগত ছেড়ে চলে যাচ্ছি।” আমরা খুব কমই একটিকে অন্যটি দিয়ে ব্যাখ্যা করতে পারি, কারণ তাদের ব্যবহার সম্পূর্ণ বিপরীত। প্রথমে যীশু শিষ্যদের কিছু দিয়েছেন, দ্বিতীয় তিনি তাদের কাছ থেকে কিছু (নিজেকে!) নিয়ে যাচ্ছেন। এমনকি কম পড়া হবে এই টার্মের সাধারণ ব্যবহারে (যেভাবে ১ যোহন ১:৯ পদে আছে) “ক্ষমা করা”-এর জন্য। অন্য প্যাসেজ আমাদের সাহায্য করে semantic (ভাষাগত অর্থের) আওতার সিদ্ধান্ত নিতে (ভিন্ন ভিন্ন জিনিস শব্দের অর্থ হতে পারে), কিন্তু কেবলমাত্র তাৎক্ষণিক প্রসঙ্গ সংকীর্ণ করতে পারে প্রকৃত অর্থের সম্ভাবনাকে” (পৃ..২১)।

□ “তোমাদের মন যেন অস্থির না হয়” এটি একটি present passive imperative সাথে negative particle যার সাধারণত অর্থ “ইতিমধ্যে প্রক্রিয়াধীন থাকা কোন কাজ থামানো,” যোহন ১৪:১ পদের পুনরাবৃত্তি।

১৪:২৮ “যদি তোমরা আমাকে ভালবাস” এটি একটি second class conditional sentence, যোহন ১৪:৭ পদের মত, যাকে বলা হয় “সত্যের প্রতি বিপরীত।” এটা সবচেয়ে ভাল হবে যে যীশু পিতার কাছে চলে যাবেন এবং আত্মাকে পাঠিয়ে দেবেন, কিন্তু অবশ্যই, তারা এ সময়ে এটি উপলব্ধি করতে পারেনি।

□ “কারণ পিতা আমার চেয়েও মহান” এটি এমন মন্তব্য নয় যা পুত্রের অসমতার দিকে দৃষ্টি দিয়েছে, কিন্তু এমন মন্তব্য যেটি আলোচনা করে ত্রিভ্রের কাজের সাথে যা মানবজাতির পরিব্রাণের সাথে সম্পর্কিত (যোহন ১০:২৯-৩০)। পুত্রের এই অধীনস্থ অবস্থা শুধুমাত্র অল্প সময়ের জন্য ছিল, তাঁর এই পৃথিবীতে থাকাকালীন সময় ত্রিভ্র ঈশ্বরের প্রকাশ ও পরিব্রাণের পরিকল্পনা পরিপূর্ণ করতে (যোহন ১৭:৪-৫: পিলি ২:৬-১১)। যাহোক, এখানে একটি অর্থ রয়েছে যেটি হল পিতা, প্রেরণকর্তা হিসাবে, মুখ্য (যোহন ১৩:১৬; ১ করি ১৫:২৭-২৮; ইফি ১:৩-১৪)।

১৪:২৯ “এখন এই সব ঘটবার আগেই আমি তোমাদের বললাম” এটা এরকম ছিল যে তাদের বিশ্বাস যেন সবল হয় (যোহন ১৩:১৯; ১৬:৪)।

১৪:৩০

NASB “জগতের কর্তা”
NKJV, NRSV,
TEV “এই জগতের কর্তা”
NJB “এই জগতের অধিপতি”

এটি শয়তানের উল্লেখ, যার কার্যক্রমের এলাকা এখন পৃথিবী (যোহন ১২:৩১; ১৬:১১; ২ করি ৪:৪, “এই জগতের দেবতা”; ইফি ২:২, “আকাশের কর্তৃত্বাধিপতি”)। সম্ভবত, যীশু যিহূদার চলে যাওয়াকে দেখেছিলেন শয়তানের আগমন হিসাবে (যোহন ১৩:২৭)। যোহন ১২:৩১ পদে বিশেষ বিষয় দেখুন।

NASB, NKJV “আমার উপরে তার কোন কিছুই নেই”
NRSV, TEV,
NJB “আমার উপরে তার কোন ক্ষমতাই নেই”

অর্থ হল যে শয়তানের কোন কারণ নেই দোষারপ করার, যীশুর উপরে কোন ক্ষমতাই নেই, বা সর্বোপরি যীশুর সাথে কোন কিছুই সমান নয় (ইব্রীয় ৪:১৫)।

১. James Moffatt একে অনুবাদ করেছেন “আমার উপরে তার কোন অধিকার নেই”
২. William F. Beck “আমার উপরে তার কোন দাবী নেই”

৩. New English Bible “আমার উপরে কোন অধীকার নেই”
৪. Twentieth Century New Testament “আমার উপরে প্রচলিত কিছু নেই”

১৪:৩১ “যেন জগৎ জানতে পারে” শয়তান ঈশ্বরের ইচ্ছার মধ্যে এবং ব্যবহৃত হয়েছে ঈশ্বরের মানবজাতির পরিব্রাণের চূড়ান্ত উদ্দেশ্যে। A. B. Davidson, *The Theology of the Old Testament*, pp. 300-306 দেখুন।

▣ “পিতা আমাকে যেমন আদেশ দিয়েছেন আমি সব কিছু তেমনই করে থাকি” এটি ছিল পিতার ইচ্ছা যে যীশু মরবেন (যিশা ৫৩:১০^{ক,খ}; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। দেখুন বিশেষ বিষয়: যোহনের লেখনীতে “আজ্ঞা” এর ব্যবহার ([SPECIAL TOPIC: USE OF "COMMANDMENT" IN JOHN'S WRITINGS](#)) যোহন ১২:৫০ পদে।

▣ “এবার ওঠো, আমরা এখান থেকে যাই” এটি একটি present middle imperative। এটি একটি খুব কঠিন শব্দগুচ্ছ কারণ এটি মথি ও মার্ক দেখা যায় গেথশিমানী বাগানে যখন যিহূদা ও রক্ষিরা যীশুর দিকে এগিয়ে আসছিল। সঠিকভাবে কেন এটি ব্যবহৃত হয়েছে উপরের কুঠরীর প্রসঙ্গে (১৩-১৭ অধ্যায়) তা অনিশ্চিত। সম্ভবত, যীশু উপরের কুঠরী ত্যাগ করেছিলেন এবং গেথশিমানী যাবার পথে শিক্ষা দিচ্ছিলেন (যোহন ১৮:১)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. ১ পদের উপরে ভিত্তি করে ঈশ্বরের অলৌকিক প্রকাশ, ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস এবং খ্রীষ্ট ধর্ম এগুলি পার্থক্য ব্যাখ্যা করুন।
২. ৬ পদে প্রাপ্ত তিনটি nouns এর পুরাতন নিয়মের প্রেক্ষাপট ব্যাখ্যা করুন।
৩. ১৩ পদের উপরে ভিত্তি করে কি কেউ প্রার্থনার ধর্মতত্ত্ব তৈরী করতে পারে?
৪. পবিত্র আত্মার বড় উদ্দেশ্য কি? (হারান ও রক্ষা প্রাপ্ত উভয়ের কাছে)
৫. শয়তান কি ঈশ্বরের ইচ্ছার মধ্যে?

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ১৫

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশু সত্যিকার আংগুর গাছ	সত্যিকার আংগুর গাছ	খ্রীষ্টিয় বিশ্বাসীদের জীবনের নমুনা	যীশুই প্রকৃত আংগুর গাছ	সত্যিকারের আংগুর গাছ
১৫:১-১০	১৫:১-৮	১৫:১-১১	১৫:১-৮	১৫:১-১৭
	ভালবাসা ও আনন্দ সিদ্ধ		১৫:৫-১০	
	১৫:৯-১৭			
১৫:১১-১৭			১৫:১১-১৭	
		১৫:১২-১৭		
জগতের ঘৃণা	জগতের ঘৃণা		জগতের ঘৃণা	শিষ্যরার এবং জগত
				১৫:১৮-১৬:৪
১৫:১৮-২৫	১৫:১৮-২৫	১৫:১৮-২৫	১৫:১৮-২৫	
	আসন্ন প্রত্যাখান			
১৫:২৬-১৬:৪	১৫:২৬-১৬:৪	১৫:২৬-২৭	১৫:২৬-১৬:৪	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

যোহন ১৫:১-২৭ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

ক. এটি একটি চমৎকার এবং সমস্যাসৃষ্টিকারী প্যাসেজ! এটি বিশ্বাসীদেরকে ঈশ্বরের ভালবাসা ও কার্যকর প্রতিজ্ঞার বিষয়ে মহা উৎসাহ দান করে, কিন্তু এছাড়াও এতে রয়েছে দারুন সতর্কবাণী! ধর্মতাত্ত্বিক ঐতিহ্য খুবই কঠিন এই ক্ষেত্রে আলোচনা করার; আমি আমার একজন প্রিয় ব্যাখ্যাকারক F. F. Bruce in his book *Answers to Questions* থেকে উদ্ধৃত করছি।

“যোহন ১৫:৪,৬ পদ। যোহন ১৫:৪,৬ পদে ‘এই কথা আসলে কি অর্থ প্রকাশ করে ‘তুমি যতক্ষণ না থাক’ এবং ‘যদি কোন

লোক না থাকে?” খ্রীষ্টে না থাকা কি সম্ভব?’

এইরকম প্যাসেজ নিজেরা কঠিন নয়; কঠিনতা তখনই ওঠে যখন আমরা সেগুলিকে এবং অন্য শাস্ত্রকে আমাদের ধর্মতত্ত্বের সাথে খাপ খাওয়াতে চেষ্টা করি, সেগুলিকে আমাদের ধর্মতত্ত্বের জন্য ভিত্তি হিসাবে ব্যবহার করার পরিবর্তে। ঠিক এই সময়ে যখন আমাদের প্রভু কথা বলছিলেন তখন সেখানে জ্বল জ্বল করছিল একজনের উদাহরণ যে তাঁতে থাকতে ব্যর্থ হয়েছে—যিহূদা ইষ্কারিয়োট, সে ঠিক সেই সময়ে তাদের ছেড়ে চলে গিয়েছিল। যিহূদাকে তার ১১ সহকর্মীর সাথে মনোনীত করা হয়েছিল (লুক ৬:১৩; যোহন ৬:৭০); প্রভুর সঙ্গে তাদের সহভাগিতা কোন সুবিধাই আনে নাই যেটি তার জন্য সমান ভাবে উন্মুক্ত ছিল না। শাস্ত্রের সহজ প্যাসেজ যেটি শিক্ষা দেয় পবিত্রগণের চূড়ান্ত ধৈর্যধারণ ভুল ব্যবহার করা উচিত হবে না সমান সহজ প্যাসেজের কোমল-পদক্ষেপের জন্য অজুহাত হিসাবে যেটি ধর্মদ্রোহীতার বিপদ সম্পর্কে বলে” (পৃ.. ৭১-৭২)।

- খ. এটি বিশ্বাসকর যে কতগুলি aorist tenses এই প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে যেখানে কেউ ধর্মতাত্ত্বিক ভাবে present tenses আশা করে। aorists মনে হয় ব্যবহৃত হয়েছে এই অর্থে যে একজনের জীবনের সব বিষয়ের সারাংশ করতে এবং সামগ্রিক ভাবে একে দেখা।
- গ. ১৫ অধ্যায়ের প্যারাগ্রাফ বিভাগ অনিশ্চিত। যোহন, ১ যোহনের মত, বিভিন্ন রঙের ডিজাইন করা একটি কাপড়। নমুনাটি বার বার এসেছে।
- ঘ. “থাকা” (menō) টার্মটি নূতন নিয়মে প্রায় ১১২ বার ব্যবহৃত হয়েছে। এর মধ্যে ৪০ বার যোহনের সুসমাচারে এবং ২৬ বার তার পত্রে। যোহনের জন্য এটি একটি বড় ধর্মতাত্ত্বিক টার্ম। যদিও ১৫ অধ্যায় যীশুর অনুজ্ঞার রুচিসম্মত প্রকাশ যেন আমরা তাঁতে থাকি, এই টার্মের যোহনে একটি ব্যাপক লক্ষ্য রয়েছে।
১. ব্যবস্থা চিরকাল থাকবে (মথি ৫:১৭-১৮) সেই রকমই, খ্রীষ্ট (১২:৩৪)
 ২. ইব্রীয় পুস্তক প্রকাশের এক নূতন অর্থের দিকে দেখিয়ে দিয়েছে, দাসের মধ্যে দিয়ে নয় কিন্তু পুত্রে থাকার মধ্যে দিয়ে (ইব্রীয় ১:১-৩; সেই রকমই যোহন ৮:৩৫ পদেও)
 ৩. যীশু বলেছেন খাবার যোগাবেন যে থাকবে (৬:২৭) এবং সেই থাকতে ফল উৎপন্ন হবে (১৫:১৬)। এই উভয় রূপকই একই সত্য প্রকাশ করছে, আমাদের খ্রীষ্টকে প্রয়োজন: (১) প্রাথমিক ভাবে এবং (২) অবিরত ভাবে (যোহন ৬:৫৩)
 ৪. বাপ্তিস্ম দাতা যোহন যীশুর বাপ্তিস্মে তাঁর উপরে আত্মাকে নেমে আসতে এবং তাঁতে থাকতে দেখেছিলেন (১:৩২)
- ঙ. দেখুন বিশেষ বিষয়: থাকা ১ যোহন ২:১০ পদ।
- চ. ১১-১৬ পদে যীশুর আনন্দ শিষ্যদের জন্য প্রতিজ্ঞা করা হয়েছিল, অন্যদিকে ১৭-২৭ পদে শিষ্যদের প্রতিজ্ঞা করা হয়েছিল যীশুর উপরে নির্যাতনের বিষয়ে। নির্যাতনের প্রসঙ্গ চলেছে ১৬:৪ পদ পর্যন্ত। যাহোক, এর মধ্যে দিয়ে সকল বিশ্বাসী একজন অন্যকে ভালবাসবে যেমন তিনি তাদের ভালবেসেছেন!

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৫:১-১১

^১ “আমিই আসল আংগুর গাছ, আর আমার পিতা মালী। ^২ আমার যে সব ডালে ফল ধরে না, সেগুলো তিনি কেটে ফেলেন; আর যে সব ডালে ফল ধরে, সেগুলো তিনি ছেঁটে পরিষ্কার করেন যেন আরও ফল ধরতে পারে। ^৩ আমি যে কথা তোমাদের বলেছি তার জন্য তোমরা ইতিমধ্যেই পরিষ্কার হয়েছে। ^৪ আমার মধ্যে থাক, আর আমিও তোমাদের মধ্যে থাকব। ডাল যেমন নিজে নিজে ফল ধরতে পারে না আংগুর গাছে না থাকলে, তেমনি আমার মধ্যে না থাকলে তোমরাও পার না। ^৫ আমিই আংগুর গাছ, আর তোমরা তার ডালপালা; যদি কেউ আমার মধ্যে থাকে এবং আমি তার মধ্যে থাকি, তবে তার জীবনে অনেক ফল ধরে, কারণ আমাকে ছাড়া তোমরা কিছুই করতে পার না। ^৬ যদি কেউ আমার মধ্যে না থাকে, তবে ডালের মতই তাকে বাইরে ফেলে দেওয়া হয় আর তা শুকিয়ে যায়; এবং লোকে সেগুলি কুড়িয়ে আগুনে ফেলে দেয় হয় এবং সেগুলো পুড়ে যায়। ^৭ যদি তোমরা আমার মধ্যে থাক, আর আমার কথাগুলো তোমাদের মধ্যে থাকে, তবে তোমাদের যা ইচ্ছা তা-ই চেয়ো, তোমাদের জন্য তা করা হবে। ^৮ এতেই আমার পিতা গৌরবান্বিত হন, যদি তোমরা প্রচুর ফলে ফলবান হও, এবং এইভাবে তোমরা আমার শিষ্য বলে প্রমাণ করবে। ^৯ পিতা যেমন আমাকে ভালবেসেছেন, আমিও তেমনি তোমাদের ভালবেসেছি; আমার ভালবাসার মধ্যে থাক। ^{১০} তোমরাও যদি আমার আদেশ পালন কর, তোমরা আমার ভালবাসার মধ্যে থাকবে; যেমন আমি আমার পিতার সমস্ত আদেশ পালন করেছি এবং তাঁর ভালবাসার মধ্যে রয়েছি। ^{১১} এই সব কথা আমি তোমাদের বললাম যেন আমার আনন্দ তোমাদের মধ্যে থাকে, এবং তোমাদের আনন্দ যেন পূর্ণ হয়। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১ “আমিই আসল আংগুর গাছ” যোহন সুসমাচারে এটি যীশুর বিখ্যাত “আমি আছি” উক্তিই একটি (যোহন ৪:২৬; ৬:৩৫; ৮:১২; ১০:৭, ৯, ১০, ১১, ১৪; ১১:২৫; ১৪:৬)। পুরাতন নিয়মে আংগুর গাছ ছিল ইস্রায়েলের প্রতিক (গীতা ৮:০-৮-১৬; যিশা ৫:১-৭; যির ২:২১; যিনি ১৫; ১৯:১০; হোশেয় ১০:১; মথি ২১:৩৩ থেকে কয়েকটি পদ; মার্ক ১২:১-১২, রোমীয় ১১:১৭ থেকে কয়েকটি পদ)। পুরাতন নিয়মে এই উদাহরণগুলির সব সময় রয়েছে নেতিবাচক তাৎপর্য। যীশু নিশ্চিত করেছেন যে তিনি ছিলেন আদর্শ ইস্রায়েলীয় (যিশা ৫:৩)। যেভাবে পৌল মণ্ডলীর জন্য রূপক হিসাবে ব্যবহার করেছেন খ্রীষ্টের দেহ, কনে, এবং ঈশ্বরের গৃহ, সেরকম যোহন ব্যবহার করেছেন আংগুর গাছ। এটি ইঙ্গিত দেয় যে মণ্ডলী হল সত্যিকারের ইস্রায়েল কারণ এর যীশুর সঙ্গে সম্পর্ক, সত্যিকারের আংগুর গাছ, (গালা ৬:১৬; ১ পিতর ২:৫, ৯; প্রকা ১:৬)। যোহন ৬:৫৫ পদে বিশেষ বিষয় দেখুন। যোহন ৮:১২ পদে নোট দেখুন।

কোন কোন ব্যাখ্যাকারক বলতে চেষ্টা করেছেন যে যোহন ১৪:৩১ পদে উপরের কুঠরীর উপদেশ শেষ হয়েছে, “চল আমরা এখান থেকে যাই।” যদি তাই হয়, তাহলে ১৫-১৭ অধ্যায় শিক্ষা দেওয়া হয়েছিল গেৎশিমানী যাবার পথে। আবার, যদি তাই হয়, তাহলে সম্ভবত “আংগুর গাছ” কল্পনা করা

হয়েছিল দৃশ্যমান চিহ্ন হিসাবে যা নেওয়া হয়েছিল মন্দিরের দালানের উপরে সোনালী আংগুর গাছ থেকে যখন যীশু ও তাঁর ১১ জন শিষ্য সেই রাতে এর প্রাঙ্গণ দিয়ে হেঁটে যাচ্ছিলেন।

□ “আর আমার পিতা মালী” আবার যীশু তাঁর পিতার সাথে ঘনিষ্ঠ সম্পর্ক এবং এই একই সময়ে পিতার ইচ্ছায় তাঁর সমর্পিত হওয়ার বিষয় নিশ্চিত করেছেন।

১৫:২ “আমার যে সব ডালে ফল ধরে না, সেগুলো তিনি কেটে ফেলেন; . . . যেন আরও ফল ধরতে পারে” এই পদে present passive participle দুবার দেখা যায়। ফলবান হওয়া, কুড়ি ধরা নয়, পরিত্রাণের প্রমাণ (মথি ৭:১৬,২০; ১৩:১৮ থেকে কয়েকটি পদ; ২১:১৮-২২; লুক ৬:৪৩-৪৫)। প্রসঙ্গ ইঙ্গিত দেয় যে যীশু কথা বলছিলেন (১) যিহূদার বিশ্বাসঘাতকতা সম্বন্ধে (যোহন ১৫:৬; ১৩:১০; ১৭:১২) বা (২) ভ্রাতৃ শিষ্য সম্বন্ধে (যোহন ২:২৩-২৫; ৮:৩০-৪৭; ১ যোহন ২:১৯; ২ পিতর ২)। যোহনে বিশ্বাসের স্তর রয়েছে।

□ “তিনি হেঁটে পরিষ্কার করেন” এটি আক্ষরিক ভাবে “পরিষ্কারকরণ।” Philo শব্দটি ব্যবহার করেছেন আংগুর গাছ ছাটার জন্য (BDBD 386)। নূতন নিয়মের এখানেই কেবল এটি পাওয়া যায়। যোহনের এটি আর একটি শব্দ চয়ন এর দ্বৈত তাৎপর্যের জন্য (অর্থাৎ, ছেটে ফেলা ও পরিষ্কার করা, যোহন ১৫:৩; ১৩:১০)। এটি একটি present active indicative। বিশ্বাসীদের জীবনে দুঃখভোগের একটি উদ্দেশ্য রয়েছে (যোহন ১৫:১৭-২২)। এটি প্রচুর ফলবান হওয়া নিশ্চিত করে, ভ্রাতৃ বিশ্বাসীদের প্রকাশ করে, এবং বিশ্বাসীদের ঈশ্বরের উপরে নির্ভরশীল রাখে (মথি ১৩:২০-২৩; রোমীয় ৮:১৭; ১ পিতর ৪:১২-১৬)। এই কঠিন বিষয়ের উপরে দুটি ভাল ব্যবহারিক পুস্তক দেখুন (১) *Principles of Spiritual Growth* by Miles Stanford এবং (২) *The Christian's Secret of a Happy Life* by Hannah Whithall Smith।

এটি সম্ভব কারণ ১৩-১৭ অধ্যায়ের এই পরিষ্কারকরণ একই রকম প্রসঙ্গ সম্পর্কিত ১৩ অধ্যায়ের পা ধৌতকরণের সঙ্গে। তারা ইতিমধ্যে স্নান (উদ্ধার পেয়েছে) করেছে, কিন্তু তাদের পাপ ধোওয়া দরকার (অবিরত ক্ষমা লাভের)। এই present tense verb শিষ্যদের উদ্দেশ্যে বলছে যেমন ১ যোহন ১:৯ পদ মনে হয় নিশ্চিত। এটি কেবলমাত্র বাধ্যতা নয় যা “থাকা” এর জন্য আবশ্যিক, কিন্তু চলমান মন পরিবর্তনও।

বিশ্বাসীদের জীবনে দুঃখভোগের উদ্দেশ্য হতে পারে তার বেশ কয়েকটি দিক রয়েছে।

১. খ্রীষ্টসাদৃশ্যতার উন্নয়ন (ইব্রীয় ৫:৮)
২. পাপের জন্য জাগতিক শাস্তি
৩. পতিত জগতে খাঁটি জীবন

সব সময়ই ঈশ্বরের উদ্দেশ্য চিহ্নিত করা কঠিন, কিন্তু # ১ সব সময়ই সম্ভাব্য ফলাফল।

১৫:৩ “তোমরা ইতিমধ্যেই পরিষ্কার হয়েছ” টার্ম “ছেটে ফেলা” (*kathairō*) যোহন ১৫:২ পদে হল “পরিষ্কার করা” (*katharos*) এর মত একই গ্রীক মূল। সমগ্র প্রসঙ্গের বিষয়বস্তু সত্যিকার শিষ্যত্বের প্রমাণ। টার্ম “ইতিমধ্যে” গ্রীক টেম্পোরে গুরুত্ব পেয়েছে যেটি বাকী ১১ জন শিষ্যকে নিশ্চিন্তা দিয়েছে খ্রীষ্টে তাদের নিরাপদ অবস্থানের (তুলনা করুন এই একই মূল যোহন ১৩:১০ পদে যিহূদা ইস্কারিয়োটের জন্য ব্যবহৃত হয়েছে)।

□ “কারণ আমি যে কথা তোমাদের বলেছি তার জন্য” (যোহন ১৭:১৭; ইফি ৫:২৬; ১ পিতর ১:২৩)।

১৫:৪

NASB, NKJV “আমার মধ্যে থাক, আর আমিও তোমাদের মধ্যে থাকব”

NRSV “আমার মধ্যে থাক, যেমন আর আমিও তোমাদের মধ্যে আছি”

TEV “আমার সাথে একত্রে থাক, আর আমিও তোমাদের মধ্যে একত্রে থাকব”

NJB “আমার মধ্যে থাক, যেমন আমিও তোমাদের মধ্যে আছি”

এটি একটি aorist active imperative plural (যোহন ৬:৫৬; ১ যোহন ২:৬)। ব্যাকরণগত প্রশ্ন হল দ্বিতীয় শব্দগুচ্ছ কি বর্ণনা না একটি তুলনা। এই প্যাসেজে অসংখ্যবার ধর্মতাত্ত্বিক মতবাদ গুরুত্ব দেওয়া হয়েছে সত্যিকার বিশ্বাসীদের চাপে ধৈর্যধারণের (যোহন ১৫:৪,৫,৬,৭,৯,১০,১৪; মার্ক ১৩:১৩; ১ করি ১৫:২; গালা ৬:৯; প্রকা ২:৭,১১,১৭,২৬; ৩:৫,১২,২১; ২১:৭, যোহন ৮:৩১ পদে বিশেষ বিষয় দেখুন)। সত্যিকার পরিত্রাণ প্রারম্ভিক ও চলমান সাদা প্রদান উভয়ই। এই ধর্মতাত্ত্বিক সত্য প্রায়ই আমাদের ব্যক্তিগত পরিত্রাণের নিশ্চয়তার আবেগে অবহেলা করা হয়। বাইবেলের নিশ্চয়তা সংযুক্ত

১. বিশ্বাসে ধৈর্যধারণ
২. মন পরিবর্তনের জীবন পদ্ধতি
৩. চলমান বাধ্যতা (যাকোব এবং ১ যোহন)
৪. ফলবান হওয়া (মথি ১৩:২৩)

১ যোহন ২:১০ পদে বিশেষ বিষয় “থাকা” দেখুন।

□ “ডাল নিজে নিজে ফল ধরতে পারে না” এটি দেখায় ঐশ্বরিক বন্দোবস্তের অগ্রগণ্যতা। “ফল” এর জন্য দেখুন যোহন ১৫:৫ পদের নোট।

□ “না থাকলে. . .না থাকলে তোমরাও” উভয়ই third class conditional sentences, যার অর্থ সম্ভাব্য কাজ। আমাদের আত্মিক কার্যকারিতা আমাদের অবিরত যীশুর সঙ্গে সম্পর্কে সংযুক্ত।

১৫:৫ “যদি কেউ আমার মধ্যে থাকে এবং আমি তার মধ্যে থাকি, তবে তার জীবনে অনেক ফল ধরে” এটি একটি present active participle পরে এসেছে present active indicative। অবিরত সহভাগিতা (অর্থাৎ, ব্যক্তিগত বিশ্বাসের সহভাগিতা) হল অবিরত ফলবান হওয়ার উৎস। ফল উল্লেখ করতে পারে বিশ্বাসীদের আচরণ সেই সঙ্গে তাদের কাজ (মথি ৭:১৫-২৩; গালা ৫:২২-২৩; ১ করি ১৩)। বিশ্বাসীদের কার্যকর হবার প্রতিজ্ঞা করা হয়েছে, যদি তারা যীশুতে থাকে তবে ফল স্থায়ী হবে (যোহন ১৫:১৬)।

□ “কারণ আমাকে ছাড়া তোমরা কিছুই করতে পার না” এটি একটি দৃঢ় double negative। এটি একটি নেতিবাচক মন্তব্য যোহন ১৫:৫ এবং ফিলি ৪:১৩ পদের ইতিবাচক সত্যের।

১৫:৬ “যদি কেউ আমার মধ্যে না থাকে, তবে ডালের মতই তাকে বাইরে ফেলে দেওয়া হয়” এটি একটি third class conditional sentence। আগুর গাছের কাঠ গৃহস্থালীর কোন কাজে লাগে না (জ্বালানি কাঠ) কারণ এটা খুব দ্রুত পুড়ে যায় এবং অত্যন্ত তাপ প্রদান করে (মিহি ১৫)। এটি মনে হয় যিহূদাকে উল্লেখ এবং সম্ভবত ইস্রায়েলীয়দের। যদি তা না হয়, তবে এটি উল্লেখ করছে ভ্রান্ত বিশ্বাসকে (মথি ১৩:৪১-৪২,৫০; এবং ১ যোহন ২:১৯)। এটি নিশ্চিত ভাবে eschatological কল্পনা! একটি “সংগ্রহের দিন” এবং একটি “পোড়ানোর দিন” হবে। কিভাবে আমরা জীবন যাপন করি তা আমাদের জীবনের উৎসকে প্রকাশ করে (অর্থাৎ, ঈশ্বর অথবা শয়তান)। একজনের ফল দ্বারাই আপনি তাদের চিনতে পাবেন (মথি ৭; গালা ৬:৭)।

□ “আগুন” পরবর্তীতে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: আগুন (SPECIAL TOPIC: FIRE)

১৫:৭ “যদি তোমরা আমার মধ্যে থাক, আর আমার কথাগুলো তোমাদের মধ্যে থাকে” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ। প্রার্থনার স্বয়ংক্রিয় ভাবে উত্তর হয় না! যীশু রূপকটিকে শিষ্যদের তাঁর সাথে থাকার দিক থেকে তাঁর বাক্যে থাকায় স্থানান্তর করেছেন। যীশু পিতাকে প্রকাশ করেছেন, এবং সেই রকম, তাঁর শিক্ষা দিচ্ছেন। এগুলি হল প্রকাশের আন্তর্বিনিময় যোগ্য উৎস। সুসমাচার ব্যক্তি এবং বার্তা উভয়ই।

□ “তবে তোমাদের যা ইচ্ছা তা-ই চেয়ো, তোমাদের জন্য তা করা হবে” এটি একটি aorist middle imperative (যোহন ১৫:১৬)। এই শব্দগুচ্ছ খারাপ ভাবে proof-texted হয়েছে। সমগ্র শাস্ত্রে শিক্ষা অবশেষে সত্যক থাকুন এবং কোন একটি টেক্সটে গুরুত্ব দেবেন না (১৪:১৩ পদের নোট)। দেখুন বিশেষ বিষয়: প্রার্থনা, ১ যোহন ৩:২২ পদে অসীম তথাপি সীমাবদ্ধ।

১৫:৮ “আমার পিতা গৌরাবান্বিত” বিশ্বাসীদের খ্রীষ্টসাদৃশ্যতার জীবন যাপন ঈশ্বরের গৌরব বহন করে এবং প্রমাণ করে যে তারা সত্যিকারের শিষ্য। যোহন ১৩:৩১-৩২; ১৪:১৩; ১৭:৪; এবং মথি ৯:৮; ১৫:৩১ পিতা পুত্রের কাজের মধ্যে দিয়ে গৌরাবান্বিত এবং এখন বিশ্বাসীদের কাজের মধ্যে দিয়ে (মথি ৫:১৬)। যোহন ১:১৪ পদে নোট দেখুন।

NASB	“তবে আমার শিষ্য বলে প্রমাণ করবে”
NKJV	“তবে তোমরা আমার শিষ্য হবে”
NRSV, TEV	“আমার শিষ্য হয়েছে”
NJB	“আমার শিষ্য হবে”
REB	“তবে আমার শিষ্য হবে”
NIV,	
Goodspeed	“নিজেদের আমার শিষ্য বলে দেখাবে”
NET Bible	“দেখাবে যে তোমরা আমার শিষ্য”
JB	“তাহলে তোমরা আমার শিষ্য হবে”

পার্থক্যের কারণ ঘটেছে verb এর tense variation দ্বারা।

১. aorist subjunctive, MSS P66, B, D, L
২. future indicative, MSS ৪, A

বিশ্বাসীদের জীবন (ফল) প্রকাশ করে তারা কে! verb tense এত গুরুত্বপূর্ণ নয় যেভাবে পরিবর্তনের বাস্তবতা এবং ভালবাসার, বাধ্যতার এবং পরিচর্যার কার্যকর জীবন। এগুলি হল সত্যিকার বিশ্বাসীদের চিহ্ন! আমরা আমাদের ভালবাসা, বাধ্যতা পরিচর্যার দ্বারা উদ্ধার পাইনি (ইফি ২:৮,৯), কিন্তু সেগুলি হল প্রমাণ যে আমরা বিশ্বাসী (ইফি ২:১০)।

টার্ম “শিষ্য” যোহন সুসমাচারে ব্যবহৃত হয়েছে তাদের উল্লেখ করতে যারা সত্যিকারের বিশ্বাসী এবং অনুসারী যারা ঈশ্বরের ইচ্ছা পালন করে

তাঁর চরিত্র প্রতিফলিত করে। যোহন “মঞ্জলী” (*ekklēsia*) টার্ম ব্যবহার করেন নাই, একবারও নয়, সেজন্য, “শিষ্য” হয়েছে সেই উপায় যেভাবে তিনি খ্রীষ্টিয় সহভাগিতা ও জমায়েত উল্লেখ চিহ্নিত করেছেন। শিষ্যত্ব হল পুরাতন যুগ বাদ দিয়ে নূতন যুগের প্রতিদিনকার জীবন। এটি সর্বোত্তমভাবে বৈশিষ্ট্যময় ভালবাসা, জ্যোতি, বাধ্যতা এবং পরিচর্যা দ্বারা! এর দ্বারা অন্যরা তাদের যীশুর শিষ্য হিসাবে জানবে।

১৫:৯ “পিতা যেমন আমাকে ভালবেসেছেন, আমিও তেমনি তোমাদের ভালবেসেছি” ভালবাসার এই সম্পর্কের শৃঙ্খল ঈশ্বরের পরিবারের বৈশিষ্ট্য; পিতা পুত্রকে ভালবাসেন, পুত্র তাঁর অনুসারীদের ভালবাসেন, তাঁর অনুসারীরা একজন অন্যকে ভালবাসে।

□ “আমার ভালবাসার মধ্যে থাক” এটি একটি aorist active imperative। বিশ্বাসীদের আদেশ করা হয়েছে নিয়োজিত থাকতে

১. প্রার্থনায় (যোহন ১৫:৭; ১৪:১৪)
২. বাধ্যতায় (যোহন ১৫:১০, ১৪, ১৭, ২০; ১৪:১৫, ২১, ২৩, ২৪)
৩. আনন্দে (যোহন ১৫:১১)
৪. ভালবাসায় (যোহন ১৫:১২; ১৪:২১, ২৩, ২৪)

এগুলি সবই ঈশ্বরের সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের প্রমাণ। দেখুন বিশেষ বিষয়: থাকা যোহন ২:১০ পদে।

১৫:১০ “তোমরাও যদি আমার আদেশ পালন কর” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ। বাধ্যতা হল সত্যিকার শিষ্যত্বের প্রমাণ (যোহন ৮:৩১; ১৪:১৫-২১, ২৩-২৪; লুক ৬:৪৬)। যীশু একে ব্যবহার করেছেন পিতার প্রতি তাঁর আনুগত্যের উদাহরণ হিসাবে।

□ “ভালবাসা” গ্রীক টার্ম ভালবাসা (*agapē*) Classical বা Koine গ্রীক সাহিত্যে বেশি ব্যবহৃত হতো না যতক্ষণ না মন্ডলী একে বিশেষ অর্থে ব্যবহার শুরু করে। এর ব্যবহার শুরু হয় স্বার্থহীন, উৎসর্গীকৃত, অনুগত, সক্রিয় ভালবাসা হিসাবে। ভালবাসা একটি কাজ, কোন আবেগ নয় (যোহন ৩:১৬)। নূতন নিয়মের টার্ম *agapē* ধর্মতত্ত্বগত ভাবে পুরাতন নিয়মের টার্ম *hesed* এর মত একই রকম, যার অর্থ নিয়মের ভালবাসা এবং আনুগত্য।

□ “যেমন আমি আমার পিতার সমস্ত আদেশ পালন করেছি” এটি একটি perfect active indicative। যেভাবে যীশু পিতার সঙ্গে সম্পর্কিত, বিশ্বাসীরাও সেভাবে তাঁর সঙ্গে সম্পর্কিত। পিতার ও পুত্রের মধ্যে একতা রয়েছে যার অর্থ বিশ্বাসীদের মধ্যেও সেই একতা পুনঃউৎপন্ন হবে (যোহন ১৪:২৩)।

১৫:১১ “তোমাদের আনন্দ যেন পূর্ণ হয়” বিশ্বাসীরা যীশুর আনন্দ লাভ করবে (যোহন ১৭:১৩)। সত্যিকার শিষ্যত্বের আর একটি প্রমাণ হল আনন্দ (যোহন ১৫:১১ [দু’বার]; ১৬:২০, ২১, ২২, ২৪; ১৭:১৩)। এই জগতে বেদনা ও সমস্যা রয়েছে; খ্রীষ্টে রয়েছে আনন্দ, পরিপূর্ণ আনন্দ, তাঁর আনন্দ।

The NIDOTTE, vol. 1, p. 741, একটি ভাল মন্তব্য রয়েছে যে কিভাবে “আনন্দ” এবং “পূর্ণ” যোহনের লেখায় একত্রে ব্যবহৃত হয়েছে।

“যোহন এবং Johannine (যোহনের লেখনীসমূহ) পত্রসমূহে বারবার ঘটা সংযোগ রয়েছে → আনন্দ (*chara*) বিষয় হিসাবে এবং vb. *plēroō* প্যাসেজের মধ্যে, পরিপূর্ণ হয়েছে। এই আনন্দ হল যীশুর আনন্দ (যোহন ১৫:১১; ১৭:১৩) যেটি তিনি এনেছেন তাঁর আগমনে (৩:২৯), তাঁর বাক্যে (১৫:১১; ১৭:১৩), এবং তাঁর পুনরায় আগমন (১৬:২২) তাঁর শিষ্যদের কাছে (১৫:১১; ১৭:১৩)। এটি দুঃখের স্থান দখল করবে যেটি তাদের হৃদয় জুড়ে রয়েছে (১৬:১৬, ২০)। খ্রীষ্টের এই আনন্দ তাদের আনন্দে পূর্ণ হবে (১৫:১১; ১৬:২৪; ১ যোহন ১:৪)। এই আনন্দ যীশুর সঙ্গে শিষ্যদের চলার জীবনকে বৈশিষ্ট্যময় করেছে; এটি সম্পূর্ণ হয়েছে (যোহন ৩:২৯; ১৫:১১; ১৬:২৪; ১৭:১৩; ১ যোহন ১:৪; ২ যোহন ১২)। যে সত্য এই প্যাসেজের মধ্যে নিহিত আছে তাহল ঈশ্বর যিনি এই আনন্দকে পূর্ণতা দান করেন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৫:১২-১৭

^{১২} “আমার আদেশ এই, যেন তোমরা একে অন্যকে ভালবাস, যেমন আমি তোমাদের ভালবেসেছি। ^{১৩} কেউ যদি তার বন্ধুদের জন্য নিজের প্রাণ দেয়, তবে তার চেয়ে বেশী ভালবাসা আর কারও নেই। ^{১৪} যে সব আদেশ আমি তোমাদের দিই, তা যদি তোমরা পালন কর তবেই তোমরা আমার বন্ধু। ^{১৫} আমি তোমাদের আর দাস বলি না, কারণ মনিব কি করেন দাস তা জানে না; কিন্তু আমি তোমাদের বন্ধু বলেছি, কারণ আমি পিতার কাছ থেকে যা কিছু শুনেছি তা তোমাদের জানিয়েছি। ^{১৬} তোমরা আমাকে বেছে নাও নি কিন্তু আমিই তোমাদের বেছে নিয়েছি, আর কাজে লাগিয়েছি যাতে তোমরা যাও আর ফলবান হও, আর তোমাদের সেই ফল যেন টিকে থাকে, তাহলে আমার নামে পিতার কাছে যা কিছু চাইবে তা তিনি তোমাদের দেবেন। ^{১৭} এই আদেশ আমি তোমাদের দিচ্ছি যে, তোমরা একে অন্যকে ভালবেসো।” (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১২ “আমার আদেশ এই” যীশু প্রায়ই এই মূল ভাব (theme) পুনরাবৃত্তি করেছেন (যোহন ১৩:৩৪; ১৫:১৭; ১ যোহন ৩:১১, ২৩; ৪:৭-৮, ১১-১২, ১৯-২১; ২ যোহন ৫)।

□ “যেন তোমরা একে অন্যকে ভালবাস” এটি একটি present active imperative, একটি চলমান আদেশ। ভালবাসা হল আত্মার ফল (গালা ৫:২২)। ভালবাসা তোন অনুভূতি নয়, কিন্তু একটি কাজ। এটি ব্যবহারিক টার্মে ব্যাখ্যা করা হয়েছে (গালা ৫:২২-২৩; ১ করি ১৩)।

□ “যেমন আমি তোমাদের ভালবেসেছি” এটি একটি aorist active indicative। এটি সম্ভবত ছিল ত্রুশের একটি রূপক উল্লেখ (যোহন ১৫:১৩)। আবার, এটি ছিল বিশেষ ধরণের আত্ম-দানের ভালবাসা যেটি বিশ্বাসীদেরও প্রদর্শন করতে হবে (২ করি ৫:১৪-১৫; গালা ২:২০; ১ যোহন ৩:১৬)।

১৫:১৩ “কেউ যদি তার বন্ধুদের জন্য নিজের প্রাণ দেয়” এটি উল্লেখ করছে যীশুর অন্যদের জন্য, প্রতিনিধিত্বমূলক প্রায়শ্চিত্ত (যোহন ১০:১১,১৫,১৭,১৮; মার্ক ১০:৪৫; রোমীয় ৫:৭-৮; ২ করি ৫:২১; যিশা ৫৩)। এটি কাজের মধ্যে ভালবাসা! এটি সেই কাজ যা বিশ্বাসীদের করার জন্য আহবান জানানো হয়েছে (১ যোহন ৩:১৬)।

১৫:১৪ “তোমরা আমার বন্ধু” এটি গ্রীক noun *philos*, যেটি প্রায় সময়ই বন্ধুত্বপূর্ণ ভালবাসার (*phileō*) সাথে সংযুক্ত থাকে। Koine গ্রীকে "agapaō" এবং "phileō" প্রায়ই একই রকম verbs ঐশ্বরীক ভালবাসার জন্য (তুলনা করুন ১১:৩ [*phileō*] এবং ৫ [*agapaō*]); *phileō* আরও ব্যবহৃত হয়েছে যোহন ৫:২০ পদে ঈশ্বরের ভালবাসার জন্য।

□ “যদি তোমরা আমার আদেশ পালন কর” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ। এটি দিয়েছে বন্ধুত্বের জন্য শর্ত, যেটি হল বাধ্যতা (যোহন ১৪:১৫, ২৩-২৪; ১৫:১০; লুক ৬:৪৬)। যেমন যীশু পিতাতে আছেন এবং তাঁর ভালবাসায় অবস্থান করছেন, সেই রকমই, তাঁর শিষ্যরা অবশ্যই করবে!

১৫:১৫ যীশু শিষ্যদের জানিয়েছেন (১) ঈশ্বর সম্বন্ধে সত্য এবং (২) ভবিষ্যতের ঘটনাসমূহ। তিনি তাঁর ক্ষমতার প্রদর্শন করেছেন যেন শিষ্যরা বিশ্বাসে ও নির্ভরতায় বেড়ে ওঠে। যীশু শিষ্যদের জানিয়েছেন তিনি পিতার কাছ থেকে কি শুনেছেন (যোহন ৩:৩২; ৮:২৬,৪০; ১২:৪৯; ১৫:১৫); তারা এসব বিষয় অন্যদের কাছে বলবে (মথি ২৮:২০)।

১৫:১৬ “তোমরা আমাকে বেছে নাও নি, কিন্তু আমিই তোমাদের বেছে নিয়েছি” এখানে বেশ কিছু মূল ব্যাকরণগত বিষয় রয়েছে।

১. উভয় verbs-ই aorist middle indicative – যীশু, একবারই সব সময়ের জন্য তাদের বেছে নিয়েছেন (যোহন ৬:৭০; ১৩:১৮; ১৫:১৬,১৯)
২. দৃঢ় "alla" (কিন্তু) বিপরিত
৩. “ব্যক্তিকে” জোর দান বা “আমি” মস্তব্য

এখানে মানবিক সাড়া প্রদান ও নির্বাচনের মধ্যে সুসমতা। উভয়ই বাইবেলের শিক্ষা। ঈশ্বর অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৪৪,৬৫; ১৫:১৬,১৯), কিন্তু মানুষকে অবশ্যই সাড়া দান করতে হবে (যোহন ১:১২; ৩:১৬; ১৫:৪,৭,৯)। ঈশ্বর সব সময়ই মানুষের সঙ্গে নিয়মের সম্পর্কের মধ্যে দিয়েই আচরণ করেন (“যদি... তাহলে”)। যোহন ৩:১৬ পদে বিশেষ বিষয় দেখুন।

এই প্রসঙ্গে “বেছে নেওয়া” verb উল্লেখ করে ১২ জনকে। “নেছে নেওয়া” টার্মের অন্তর্নিহিত অর্থ “পরিচর্যার জন্য বেছে নেওয়া” পুরাতন নিয়মে এবং নূতন নিয়ম এই ধারণাটি যুক্ত করেছে “পরিব্রাজ্যের জন্য বেছে নেওয়া” এসেছে semantic (ভাষাগত অর্থের) সীমায়। নূতন নিয়মের বিশ্বাসীদের বেছে নেওয়া হয়েছে খ্রীষ্ট সাদৃশ্যতার জন্য যেটি হল পরিচর্যা, স্বার্থহীনতা, এবং ঈশ্বরের রাজ্যের জন্য উৎসর্গ, খ্রীষ্টের দেহ, যৌথ উত্তমতা। এটি স্পষ্ট প্রদর্শন যে পতনের আত্ম কেন্দ্রিকতা ভেঙ্গে গেছে।

যোহনের এটি বৈশিষ্ট্য যে যীশু তাঁর বার জন্য শিষ্যকে যা বলেছেন তার ইঙ্গিত ও প্রয়োগ সব বিশ্বাসীদের জন্য প্রযোজ্য। তারা শিষ্যত্বের প্রথম ফলের প্রতিনিধিত্বকারী, কিন্তু তাদের সম্পর্ক হল

১. অনন্য এটি প্রত্যক্ষদর্শীর সাক্ষ্য (অর্থাৎ, অনুপ্রেরণা)
২. প্রত্যেক বিশ্বাসীর জন্য প্রযোজ্য যেমন তাদের জন্য যীশুর ইচ্ছা সকল বিশ্বাসী ও অনুসারীদের জন্যও তাঁর ইচ্ছা

□ “আর কাজে লাগিয়েছি যাতে তোমারা যাও আর ফলবান হও আর তোমাদের সেই ফল যেন টিকে থাকে” এগুলি হল তিনটি present active subjunctives: (১) যাও; (২) ফলবান হওয়া; এবং (৩) ফল যেন থাকে (থাকা)। বিশ্বাসীরা একটি কাজের মধ্যে রয়েছে (মথি ২৮:১৯-২০; লুক ২৪:৪৬-৪৭; প্রেরিত ১:৮)। ধর্মতাত্ত্বিক দিক এই টার্ম “কাজে লাগানো” দেখা যেতে পারে প্রেরিত ২০:২৮; ১ করি ১২:২৮; ২ তীম ১:১১ পদে। এটি বিশ্বাসীদের পক্ষে খ্রীষ্টের মৃত্যুর জন্য ব্যবহৃত হয়েছে (যোহন ১০:১১,১৫,১৭-১৮; ১৫:১৩)।

□ “আমার নামে” বিশ্বাসীরা যীশুর চরিত্র পুন:উৎপাদন করবে। এই শব্দগুচ্ছ ১ যোহন ৫:১৪ পদের “ঈশ্বরের ইচ্ছা” এর সাথে একই রকম। ভালবাসা এবং উত্তর পাওয়া প্রার্থনা এখানে সংযুক্ত যেভাবে যোহন ১৪:১৩-১৫ পদে আছে। দেখুন বিশেষ বিষয়: প্রভুর নাম যোহন ১৪:১৩-১৪ পদে।

১৫:১৭ “এই আদেশ আমি তোমাদের দিচ্ছি যে, তোমরা একে অন্যকে ভালবেসো” ১২ পদের নোট দেখুন। উত্তর পাওয়া প্রার্থনা সংযুক্ত ভালবাসা ও কাজের সঙ্গে!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৫:১৮-২৫

^{১৮}“জগত যদি তোমাদের ঘৃণা করে, তোমরা ত জান যে সে তোমাদের ঘৃণা করার আগে আমাকেই ঘৃণা করেছে।”^{১৯} যদি তোমরা এই জগতের হতে, তবে জগত তার নিজের বলে তোমাদের ভালবাসত’ কিন্তু তোমরা ত এই জগতের নও, বরং আমি তোমাদের জগতের মধ্য থেকে বেছে নিয়েছি, এই কারণে জগত তোমাদের ঘৃণা করে।^{২০} আমার এই কথাটা তোমরা মনে রেখ, ‘দাস তার মনিবের চেয়ে বড় নয়।’ তারা যখন আমাকে অত্যাচার

করেছে, তখন তোমাদেরও অত্যাচার করবে; যদি তারা আমার কথা পালন করে, তবে তোমাদের কথাও পালন করবে।^{২১} কিন্তু তারা আমার নামের জন্য তোমাদের প্রতি এই সব করবে, কারণ যিনি আমাকে পাঠিয়েছেন তারা তাঁকে জানে না।^{২২} আমি যদি না আসতাম ও তাদের কাছে কথা না বলতাম, তবে তাদের পাপ হত না, কিন্তু এখন পাপের জন্য তাদের কোন অজুহাত নেই।^{২৩} যে আমাকে ঘৃণা করে সে আমার পিতাকেও ঘৃণা করে।^{২৪} যে সব কাজ আর কেউ কখনও করে নি সেই কাজ যদি আমি তাদের মধ্যে না করতাম, তবে তাদের দোষ হত না; কিন্তু এখন তারা আমাকে আর আমার পিতাকে উভয়কেই দেখেছে এবং ঘৃণাও করেছে।^{২৫} কিন্তু তারা এটা করেছে যাতে তাদের আইন-কানুনে লেখা এই কথা পূর্ণ হয়, ‘তারা অকারণে আমাকে ঘৃণা করেছে।’” (অনুবাদকৃত টেক্সট)।

১৫:১৮ “যদি” এটি একটি first class conditional sentence, যেটি ধরে নেওয়া হয় লেখকের দিক থেকে সত্য বা তার সাহিত্যের উদ্দেশ্যে। জগত, পতিত মানবিক পদ্ধতি, যীশুর অনুসারীদের ঘৃণা করে।

□ “জগত” যোহন এই টার্ম ব্যবহার করেছেন কয়েকটি উপায়ে: (১) গ্রহ, সমস্ত মানুষের জন্য রূপক হিসাবে (যোহন ৩:১৬) এবং (২) মানবিক সমাজ হিসাবে যা সংগঠিত ও কাজ করছে ঈশ্বরকে ছাড়া (যোহন ১০:৮; ১ যোহন ২:১৫-১৭)। যোহন ১৪:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “তোমাদের ঘৃণা করে” এটি একটি present active indicative; জগত সব সময়ই ঘৃণা করবে (যোহন ১৫:২০)।

□ “তোমারা জান” এটি একটি present active imperative। বিশ্বাসীদের নূতন নিয়মের সত্য জানা তাদের সাহায্য করবে পতিত জগতে নির্ধাতনের সম্মুখীন হতে।

□ “যে সে তোমাদের ঘৃণা করার আগে আমাকেই ঘৃণা করেছে” এটি একটি perfect active indicative। pronoun “আমাকে” ব্যক্তিকে জোর দিয়েছে (যোহন ৭:৭)। এটি প্রকাশ করেছে ঈশ্বরের প্রতি, তাঁর মশীহের প্রতি, এবং তাঁর লোকদের প্রতি জগতের বিরুদ্ধতা (যোহন ১৭:১৪; ১ যোহন ৩:১৩)।

বিশ্বাসীরা খ্রীষ্টের ভালবাসায় এক এবং খ্রীষ্টের নির্ধাতনেও এক (রোমীয় ৮:১৭; ২ করি ১:৫,৭; পিলি ৩:১০; ১ পিতর ৪:১৩)। খ্রীষ্টের সাথে চিহ্নিত হওয়া শান্তি, আনন্দ, এবং নির্ধাতন, এমনকি মৃত্যুও আনে!

১৫:১৯ “যদি” এটি একটি second class conditional sentence যাকে বলা হয় “সত্যের প্রতি বিপরিত।” এটি অবশ্যই অনুবাদ হবে “যদি তোমারা জগতের হতে, যা তোমরা নও, তাহলে জগত তোমাদের ভালবাসতো, কিন্তু জগত তা করে না।”

১৫:২০ “মনে রেখ” এটি একটি present active imperative, যোহন ১৫:১৮ পদের মত, বা একটি present active indicative, সম্ভবত একটি প্রশ্ন (LB)।

□ “দাস তার মনিবের চেয়ে বড় নয়” যখন কেউ এই পদের সঙ্গে ১৩:১৬ পদের তুলনা করে, তখন এটি স্পষ্ট হয় যে যীশু পরিচিত প্রবচন ভিন্ন ভিন্ন উপায়ে ব্যবহার করেছেন।

□ “তারা যখন আমাকে অত্যাচার করেছে. . . যদি তারা আমার কথা পালন করে” এগুলি দুটি first class conditional sentences যেটি ধরে নেওয়া হয় লেখকের উদ্দেশ্যের দিক থেকে সত্য। টার্ম “অত্যাচার” অর্থ কোন বন্য জন্তুর মত ধাওয়া করা। অত্যাচার এই পতিত জগতে খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য আদর্শ(মথি ৫:১০-১২; যোহন ১৬:১-৩; ১৭:১৪; প্রেরিত ১৪:২২; রোমীয় ৫:৩-৪; ৮:১৭; ২ করি ৪:১৬-১৮; ৬:৩-১০; ১১:২৩-৩০; ফিলি ১:২৯; ১ থিম ৩:৩; ২ তীম ৩:১২; যাকোব ১:২-৪; ১ পিতর ৪:১২-১৬)। যাহোক, লক্ষ্য করুন যে যদিও অনেকে প্রেরিতদের কথা প্রত্যাখান করবে এবং তাদেরকে অত্যাচার করবে, তাহলেও কিছু লোক তাদের কথা শুনবে এবং সাড়া প্রদান করবে! তারা নিজেরা হল প্রমাণ এই বাস্তবতার!

১৫:২১ “যিনি আমাকে পাঠিয়েছেন তারা তাঁকে জানে না” স্পষ্টত এটি উল্লেখ করছে পিতাকে। এটি ইঙ্গিত দেয় যে যিহূদীদের মত পরজাতিদেরও ঈশ্বরকে জানে না। “জানা” ব্যবহৃত হয়েছে ব্যক্তিগত সম্পর্কের Semitic (পুরাতন নিয়ম) অর্থে (আদি ৪:১; যির ১:৫)। হারান জগত বিশ্বাসীদের অত্যাচার করবে কারণ (১) তারা যীশুর লোক, যাকে তারা নির্ধাতন করেছে এবং (২) তারা ঈশ্বরকে জানে না!

১৫:২২ “আমি যদি না আসতাম” এটি আর একটি second class conditional sentence, যার অর্থ “সত্যের প্রতি বিপরিত।” এর অনুবাদ হওয়া উচিত “যদি আমি ফিরে না আসতাম এবং তাদের কাছে কথা না বলতাম, যা আমি বলেছি, তাহলে তারা পাপ করতো না, যা তারা করেছে।” দায়িত্ব জ্ঞানের সঙ্গে সম্পর্কযুক্ত (দেখুন [বিশেষ বিষয়: ক্ষমার অযোগ্য পাপ \(SPECIAL TOPIC: THE UNPARDONABLE SIN\)](#) যোহন ৫:২১ পদে)। এই প্রসঙ্গে ফলহীন ডালপালা (অর্থাৎ, যিহূদা এবং যিহূদীরা) জ্ঞান মহা সুযোগ লাভ করেছিল, তাদের জন্য আরও বেশি যারা কেবল স্বাভাবিক প্রকাশ পেয়েছে (অর্থাৎ, পরজাতি, গীত ১৯:১-৬; রোমীয় ১:১৮-২০ বা ২:১৪-১৫)।

১৫:২৩ অবিরত যীশুর বিরোধিতা হল অবিরত ঈশ্বরের বিরোধিতা (যোহন ১৫:২৪)।

১৫:২৪ “যদি” এটি আর একটি second class conditional sentence যার অর্থ “সত্যের প্রতি বিপরিত।” এটি অনুবাদ হওয়া উচিত “যদি আমি তাদের মধ্যে কাজ না করতাম নাহলে আর কেউ করতো না (কিন্তু যা আমি করেছি), তাহলে তারা পাপ করতো না, যেটি তারা করেছে।” জ্যোতি দায়িত্ব বহন করে আনে (যোহন ১:৫:৮:১২; ১২:৩৫, ৩৬; ১ যোহন ১:৫; ২:৮, ৯, ১১; মথি ৬:২৩)।

□ “তারা আমাকে আর আমার পিতাকে উভয়কেই দেখেছে এবং ঘৃণাও করেছে” এগুলি উভয়ই যেটি দেখায় একটি স্থিরকৃত মনোভাব। যীশুকে প্রত্যাখান করা হল পিতাকে প্রত্যাখান (১ যোহন ৫:৯-১৩)।

১৫:২৫ এটি বিস্ময়কর যে টার্ম “ব্যবস্থা” বা “Torah” ব্যবহৃত হয়েছে গীত ৩৫:১৯; ৬৯:৪ পদ থেকে উদ্ধৃতি বর্ণনা করতে। সাধারণত টার্মটি ব্যবহৃত হয়েছে মোশির লেখনীতে, আদি থেকে দ্বিতীয় বিবরণ। এই রকম সুস্পষ্ট প্রকাশের সম্মুখ থেকেও যীশুকে যিহুদীদের প্রত্যাখানের নিগূঢ়ত্ব ছিল তাদের ইচ্ছাকৃত অবিশ্বাসের গুণাবলী (যিশা ৬:৯-১৩; যির ৫:২১; রোমীয় ৩:৯-১৮)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৫:২৬-২৭

^{২৬} “যখন সাহায্যকারী আসবেন, যাকে আমি পিতার কাছ থেকে তোমাদের কাছে পাঠিয়ে দেব, ইনিই সত্যের আত্মা যিনি পিতার কাছ থেকে বের হয়ে আসবেন, তিনিই আমার বিষয়ে সাক্ষ্য দেবেন, ^{২৭} আর তোমরাও আমার বিষয়ে সাক্ষ্য দেবে, কারণ প্রথম থেকেই তোমরা আমার সংগে সংগে আছ। (অনুবাদকৃত টেক্সট)।

১৫:২৬ “যখন সাহায্যকারী আসবেন, যাকে আমি তোমাদের কাছে পাঠিয়ে দেব” পিতা ও পুত্র উভয়েই আত্মা পাঠিয়েছেন (যোহন ১৪:১৬, ২৬; ১৫:২৬; ১৬:৭)। পরিব্রাণের কাজে ত্রিভূত্বের তিন ব্যক্তিত্বই অর্ন্তভূক্ত।

□ “সত্যের আত্মা” পিতার প্রকাশকারী হিসাবে এটি ব্যবহৃত হয়েছে পবিত্র আত্মা অর্থে (যোহন ১৪:১৭, ২৬; ১৫:২৬; ১৬:১৩)। যোহন ৬:৫৫ ও ১৭:৩ পদে সত্যের উপরে বিশেষ বিষয় দেখুন।

□ “তিনি আমার বিষয়ে সাক্ষ্য দেবেন” আত্মার কাজ যীশুর এবং তাঁর শিক্ষার সাক্ষ্য বহন করা (যোহন ১৪:২৬; ১৬:১৩-১৫; ১ ঔড়যহ ৫:৭)।

১৫:২৭ “আর তোমরাও আমার বিষয়ে সাক্ষ্য দেবে” “তোমরা. . .ও” জোর দিয়ে বলা। এটি একটি present active indicative। এটি অবশ্যই উল্লেখ করছে নুতন নিয়মের লেখকদের অনুপ্রেরণার কথা (অর্থাৎ, প্রেরিতরা এবং তাদের বন্ধুরা) যারা যীশুর জাগতিক জীবনে তাঁরা সঙ্গে সঙ্গে ছিল (লুক ২৪:৪৮)। দেখুন বিশেষ বিষয়: যীশুর সাক্ষ্যদান যোহন ১:৮ পদে এবং আত্মার ব্যক্তিত্ব যোহন ১৪:২৬ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. “থাকা” এর মধ্যে কি অর্ন্তভূক্ত?
২. যদি কোন বিশ্বাসী থাকা বন্ধ করে তাহলে কি হবে? যদি কোন বিশ্বাসী ফলবান না হয় তবে কি হবে?
৩. সত্যিকার শিষ্যত্বের প্রমাণগুলি তালিকাভুক্ত করুন।
৪. যদি দু:খভোগ খ্রীষ্টিয়ানদের জন্য আদর্শ হয়, তাহলে তা আজকে আমাদের কি বলছে?
৫. আপনার নিজের কথায় যোহন ১৫:১৬ পদ ব্যাখ্যা করুন।

যোহন ১৬

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
জগতের ঘৃণা (১৫:১৮-১৬:৪ ক)	আসন্ন প্রত্যাখান (১৫:২৬-১৬:৪)	খ্রীষ্টিয়ানদের জগতের সাথে সম্পর্ক	(১৫:১৮-১৬:৪ ক)	শিষ্য এবং জগত (১৫:১৮-১৬:৪ ক)
আত্মার কাজ ১৬:৪ ক-১১	পবিত্র আত্মার কাজ ১৬:৫-১৫	১৬:১-৪ ক ১৬:৪ ক-১১	পবিত্র আত্মার কাজ ১৬:৪ ক-১১	Paraclete এর আগমন ১৬:৪ ক-১৫
১৬:১২-১৫		১৬:১২-১৫	১৬:১২-১৫	
দুঃখ আনন্দে পরিণত হবে ১৬:১৬-২৪	দুঃখ আনন্দে পরিণত হবে ১৬:১৬-২৪	১৬:১৬-২৪	দুঃখপূর্ণ ও আনন্দপূর্ণ ১৬:১৬ ১৬:১৭-১৮ ১৬:১৯-২২ ১৬:২৩-২৪	যীশু খুব তাড়াতাড়ি ফিরে আসবেন ১৬:১৬ ১৬:১৭-২৮
আমি জয় করেছি ১৬:২৫-৩৩	যীশু খ্রীষ্ট জগতকে জয় করেছেন ১৬:২৫-৩৩	১৬:২৫-২৮ ১৬:২৯-৩৩	জগতের উপরে জয়লাভ ১৬:২৫-২৮ ১৬:২৯-৩০ ১৬:৩১-৩৩	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ

৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

যোহন ১৬:১-৩৩ পদের প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি

- ক. সাহিত্য প্রসঙ্গ চলেছে যোহন ১৫:১৮-১৬:৪ পদ থেকে। অধ্যায় বিভাগ অনুপ্রাণিত নয় এবং তা অনেক পরে সংযুক্ত, যেমন প্যারাগ্রাফ করা, ছোট ও বড় হাতের অক্ষর ব্যবহার, বিরাম চিহ্নের ব্যবহার এবং পদ বিভাগ।
- খ. পবিত্র আত্মার কাজ আত্মিক ভাবে হারানোদের জন্য যে বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে যোহন ১৬:৮-১১ পদে, তাঁর কাজ রক্ষা করা যোহন ১৬:১২-১৫ পদে। Samuel J. Mikolaski নূতন নিয়মে আত্মার কাজের চমৎকার সারাংশ করেছেন তার "The Theology of the New Testament" in *The Exposition Bible Commentary*, Vol. 1 প্রবন্ধে:
 “পবিত্র করণের নূতন নিয়মের মতবাদ, যখন ঘনিষ্ঠ ভাবে ধার্মিককরণের সাথে সম্পর্কযুক্ত, তথাপিও এর থেকে স্বতন্ত্র। যেভাবে পুরাতন নিয়মে, পবিত্রকরণ পৃথকীকরণের প্রথম পয়েন্ট-ঈশ্বরের পবিত্র গুণাবলী-এবং দ্বিতীয়ত, নৈতিক গুণাবলী ও সম্পর্কের প্রতি যা ঈশ্বরসাদৃশ্য। পবিত্র করণ পবিত্র আত্মার কাজ, যিনি একজন ব্যক্তিকে খ্রীষ্টের সাথে যুক্ত করেন এবং আত্মিক ভাবে তার জীবন নূতনীকরণ করেন। নূতন নিয়মের ভাষা আত্মায় বাস্তব অর্ন্তভুক্ত (১ করি ১২:১৩); আত্মার মুদ্রাংক (ইফি ১:১৩,১৪; ৪:৩০), বাসকারী আত্মা (যোহন ১৪:১৭; রোমীয় ৫:৫; ৮:৯-১১; ১ করি ৩:১৬; ৬:১৯; ২ তীম ১:১৪), আত্মার দ্বারা শিক্ষা (যোহন ১৪:২৬; ১৬:১২-১৫), আত্মায় পূর্ণতা (ইফি ৫:১৮), আত্মার ফল(গালা ৫:২২,২৩)। পবিত্রকরণ ধার্মিককরণের সাথে সম্পর্কযুক্ত, যেটি হল ঈশ্বরের সামনে দাঁড়াবার মানদণ্ড (ইব্রীয় ১০:১০), এবং হতে পারে চিন্তা নূতন ধারণার উন্নয়ন হিসাবে”(পৃ..৪৭৪)।
- গ. ১৭ পদ, ১৩:৩৬; ১৪:৫,৮ এবং ২২ পদের মত, প্রেরিতদের আর একটি প্রশ্ন।
- ঘ. অনেকে বিশ্বাস করেন যে যোহন ১৪:৩১ পদের “চল আমরা এখন থেকে যাই” যোহন ১৮:১ পদের সাথে সমন্বিত যেখান দেখায় যে যীশু ১৫-১৭ অধ্যায় গেৎশিমানী যাবার পথে মন্দির ও যিরূশালেমের রাজ্য চলতে চলতে বলেছেন, উপরের কুঠরীতে নয়।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৬:১-৪

^১“আমি তোমাদের এই সব কথা বললাম যেন তোমরা মনে বাধা না পাও। ^২লোকেরা সমাজ-ঘর থেকে তোমাদের বের করে দেবে, এমন কি, সময় আসছে যখন তোমাদের যারা মেরে ফেলবে তারা মনে করবে যে সে ঈশ্বরের সেবাই করছে। ^৩তারা এই সব করবে কারণ তারা পিতাকেও জানে নি বা আমাকেও জানে নি। ^৪আমি তোমাদের এই সব বললাম, যেন সেই সময় আসলে পর, তোমরা মনে করতে পার যে আমি তোমাদের এই কথা বলেছিলাম। প্রথম থেকে আমি এই সব কথা তোমাদের বলি নি, কারণ আমি তোমাদের সংগে ছিলাম।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১

NASB “যেন তোমরা মনে বাধা না পাও”

NKJV “যেন তোমাদের মনে বাধা না আসে”

NRSV “তোমাদের উদ্ভিন্নতা থেকে দূরে রাখে”

TEV “যেন তোমরা বিশ্বাসে হতাশ না হও”

NJB “যেন তোমরা পতিত হয়ে না পড়”

এই গ্রীক টার্ম (aorist passive subjunctive of *skandalizō*, BAGD 752) মূল ব্যবহৃত হয়েছে জীব-জন্তু ধরতে ফাঁদে টোপ দিয়ে আকর্ষণ করতে। এটি প্রায়ই অনুবাদ হয়েছে “পতিত হওয়া” (মথি ১৩:২১; ২৪:১০; মার্ক ৪:১৭; ১৪:২৭,২৯)। এর রূপকগত ব্যবহার এই প্রসঙ্গে উল্লেখ করে বিশ্বাসীরা অসচেতন ভাবে ধরা না পড়ুক তাদের সহ-যিহুদীদের ঘৃণিত কাজে, এমনকি ধর্মীয় নেতাদের হাতে।

১৬:২ “লোকেরা সমাজ-ঘর থেকে তোমাদের বের করে দেবে” এটি উল্লেখ করছে যিহুদী ধর্ম থেকে বহিস্কার (যোহন ৯:২২,৩৪; ১২:৪২)।

যিহুদীদের সমাজ থেকে বহিস্কারের প্রক্রিয়াতে অনেক কিছুই ছিল যা আমাদের কাছে অজ্ঞাত। সমাজ ঘরের সেবা কার্যক্রম থেকে সাময়িক ও স্থায়ী উভয় রকম বহিস্কারকরণ ছিল। পরবর্তীকালে, ৭০ খ্রীষ্টাব্দে যিরূশালেমের পতনের পরে, প্যালেস্টাইনের Jamnia, রাবিরা একটি “অভিশাপ শপথ” উন্নয়ন করেন যেটি খ্রীষ্টের সাথে সম্পর্কিত যার দ্বারা তাদের ইচ্ছানুসারে খ্রীষ্টিয়ানদের সমাজঘরের উপাসনা থেকে বের করে দিতে পারতো। এটাই চূড়ান্ত শক্তি খ্রীষ্টের অনুসারি ও স্থানীয় যিহুদী সমাজগৃহের বিভক্তিকরণের।

□ “তোমাদের যারা মেরে ফেলবে তারা মনে করবে যে সে ঈশ্বরের সেবাই করছে” এটা একেবারে যিহুদী নেতাদের (মিশা ৬৬:৫; মথি ৫-১০-১২; ১০:৩২) চিন্তা। তার্শ নগরীর শৌল (পৌল) একটি উত্তম উদাহরণ এই ধরণের ভুল পথে পরিচালিত ধর্মীয় অতি আগ্রহ (প্রেরিত ২৬:৯-১১; গালা ১:১৩-

১৬:৩ “তারা এই সব করবে” সর্বোচ্চ সত্তার প্রতি বিশ্বস্ততা ও অঙ্গিকার যথেষ্ট নয়। মন্দতা, ভুল, এবং ধর্ম উন্মত্ততা প্রায়ই ঈশ্বরের নামেই ঘটে।

□ “কারণ তারা পিতাকেও জানে নি বা আমাকেও জানে নি” টার্ম “জানা” উল্লেখ করে পুরাতন নিয়মের তাৎপর্য ঘনিষ্ঠ, ব্যক্তিগত সম্পর্ক (আদি ৪:১; যির ১:৫)। এটি দৃঢ় ভাবে বলতে চেষ্টা করা যে যীশুকে প্রত্যাখান চূড়ান্ত ভাবে ঈশ্বরকে প্রত্যাখান (যোহন ৮:১৯; ১৫:২১; ১ যোহন ৫:৯-১২)।

যোহন প্রায়ই বলতে চেষ্টা করতেন জগতের আত্মিক ভাবে অন্ধতা এবং অজ্ঞতা (যোহন ১:১০; ৮:১৯,৫৫; ১৫:২১; ১৬:৩; ১৭:২৫)। যাহোক, পুত্রের জগতে আসার উদ্দেশ্য জগতকে রক্ষা করা (যোহন ৩:১৬) এবং পিতাকে প্রকাশ করা যেন জগত তাঁকে খ্রীষ্টের মধ্যে দিয়ে জানতে পারে (যোহন ১৭:২৩)।

১৬:৪ যীশুর ভবিষ্যৎবাণী দেওয়া হয়েছে নির্ধাতন ও প্রত্যাখানের মাঝেও শিষ্যদের বিশ্বাস/নির্ভরতা/বিশ্বাস করায় উৎসাহিত করার উপায় হিসাবে (যোহন ১৩:১৯; ১৪:২৯)।

“প্রথম থেকে” উল্লেখ করছে যীশুর প্রকাশ্য পরিচর্যার শুরু এবং ১২ জনকে বিশেষ আহবানের।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৬:৫-১১

“কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন আমি এখন তাঁর কাছে যাচ্ছি; আর তোমাদের মধ্যে কেউ আমাকে জিজ্ঞাসাও করছে না, ‘আপনি কোথায় যাচ্ছেন?’”^৫ কিন্তু আমি তোমাদের এই সব বলেছি বলে তোমাদের হৃদয় দুঃখে পূর্ণ হয়েছে।^৬ তবুও আমি তোমাদের সত্যি কথা বলছি, আমার যাওয়া তোমাদের পক্ষে ভাল; কারণ আমি না গেলে, সেই সাহায্যকারী তোমাদের কাছে আসবেন না; কিন্তু আমি যদি যাই, তবে তাঁকে আমি তোমাদের কাছে পাঠিয়ে দেব।^৭ আর তিনি এসে, পাপ সম্বন্ধে ও ধার্মিকতা সম্বন্ধে এবং বিচার সম্বন্ধে জগতকে দোষী করবেন;^৮ পাপ সম্বন্ধে, কারণ লোকেরা আমার উপরে বিশ্বাস করে না;^৯ এবং ধার্মিকতার সম্বন্ধে, কারণ আমি পিতার কাছে যাচ্ছি ও তোমরা আমাকে আর দেখতে পাবে না;^{১০} আর বিচার সম্বন্ধে, কারণ জগতের অধিপতির বিচার হয়ে গেছে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:৫ “তোমাদের মধ্যে কেউ আমাকে জিজ্ঞাসাও করছে না, ‘আপনি কোথায় যাচ্ছেন?’” এটি মনে হয় যে ১৩:৩৬ পদে এই প্রশ্ন জিজ্ঞাসা করতেন, কিন্তু দ্রুতই তার মন যীশুর তাদের ছেড়ে চলে যাচ্ছেন এই বিষয়ে বিক্ষিপ্ত হয়ে পড়ে এবং তখন এই প্রশ্ন আসে যে তাদের কি হবে (যোহন ১৬:৬)। যোহন ১৪:১-৩ পদ বলছে যীশুর স্বর্গে চলে যাওয়ার বিষয়ে (প্রেরিত ১:৯-১১)।

এটি একটি ভাল জায়গা আমাদের নিজেদের মনে করিয়ে দেবার জন্য যে সুসমাচার অক্ষরে অক্ষরে, শব্দের পর শব্দ, যীশুর কথাবার্তার অনুলিপি নয়। সেগুলি ধর্মতাত্ত্বিক উদ্দেশ্যে বহু বছর পরে সারাংশ করা হয়েছে। সুসমাচার লেখকদের, অনুপ্রেরণার অধীনে, যীশুর কথা মনোনিয়ন করা, সজ্জিত করা এবং গ্রহণ করার সুযোগ ছিল (দেখুন Gordon Fee and Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth*)। আমি বিশ্বাস করি না যে তাদের যীশুর মুখে কথা দেবার কোন অধিকার ছিল। যীশুর কথা, শিক্ষা ও কাজের এই ধর্মতাত্ত্বিক কাঠামো ছিল নির্দিষ্ট শ্রোতাদের লক্ষ্য করে সুসমাচার প্রচার, সম্ভবত ব্যাখ্যা করে সুসমাচার বিবরণের মধ্যকার অনেক পার্থক্যকে!

১৬:৬ “তোমাদের হৃদয় দুঃখে পূর্ণ হয়েছে” এটি একটি perfect active indicative। উপরের কুঠরীর অভিজ্ঞতা একটি দুঃখ ছিল (যোহন ১৪:১; ১৬:৬,২২)। “হৃদয়” টার্মটি ব্যবহৃত হয়েছে ইব্রীয় অর্থে ব্যক্তির সমস্ত মন, অনুভূতি এবং ইচ্ছা দেখুন বিশেষ বিষয়: হৃদয় যোহন ১২:৪০ পদে।

১৬:৭ “আমার যাওয়া তোমাদের পক্ষে ভাল” যীশুর দৈহিক দেহ একবারে একটি মাত্র জায়গায় থাকতে পারে, যেটি তাঁর সকল শিষ্যদের শিক্ষা দেওয়া ও পরিচর্যা করা এই উভয় ক্ষমতাকেই সীমাবদ্ধ করে। তাছাড়া, তাঁর এই জাগতিক জীবনের সময়ে তাঁর প্রাথমিক লক্ষ্য ছিল ইস্রায়েলীয়ের প্রতি (মথি ১০:৬; ১৫:২৪)। পবিত্র আত্মার আগমন একটি নতুন যুগের সূচনা করবে যা পরিচর্যার বিস্তৃতির বিষয় হবে (ইফি ২:১১-৩:১৩)।

“পক্ষে ভাল” টার্মটির অর্থ “সুবিধাজনক” এবং ব্যবহৃত হয়েছে যোহন ১১:৫০ এবং ১৮:১৪ পদে যীশুর মৃত্যুর সাথে সংযোগে। “চলে যাওয়া” শব্দগুচ্ছ অন্তর্ভুক্ত করতে পারে যীশুর এই জগতে শেষ সপ্তাহের সকল ঘটনা।

□ “কারণ আমি না গেলে, সেই সাহায্যকারী তোমাদের কাছে আসবেন না” এই পদে দুটি third class conditional sentences যেগুলি ইঙ্গিত দিচ্ছে সম্ভাব্য কাজ। আত্মার পূর্ণতায় আগমনের জন্য যীশুর চলে যেতে হবে! টার্ম *paraclētos* অনুবাদ হতে পারে “পক্ষ সমর্থনকারী,” “সান্ত্বনাকারী,” বা “সাহায্যকারী” (১৪:১৬,২৬; ১৫:২৬, সম্পূর্ণ নোট দেখুন যোহন ১৪:১৬ পদে)। এ ই শব্দ কেবলমাত্র যোহনের লেখাতেই দেখা যায়। এটি গ্রীক সাহিত্যে পক্ষ সমর্থনকারী উকিলের জন্য ব্যবহৃত হয়েছে যাকে বলা হয়েছে নিকটবর্তী সহায়তার কারণ হয়েছেন। যোহন ১৬:৮-১১ পদে আত্মা জগতের আইনগত ওকালতির কাজ করবেন, যাহোক, যোহন ১৬:১২-১৫ পদ আত্মার ওকালতী বিশ্বাসীর পক্ষে দেখা যায়।

এই একই টার্ম *paraclētos*, পুত্রের জন্য ব্যবহৃত হয়েছে ১ যোহন ২:১ পদে। গ্রীক মূল অনুবাদ হতে পারে “সান্ত্বনা।” এই অর্থে এটি পিতার জন্য ব্যবহৃত হয়েছে ১ করি ১:৩-১১ পদে।

□ “তাঁকে আমি তোমাদের কাছে পাঠিয়ে দেব” আত্মা পিতা ও পুত্র উভয়ের কাছ থেকেই আসবেন (যোহন ১৪:২৬)।

১৬:৮ “আর তিনি এসে, জগতকে দোষী করবেন” লক্ষ্য করুন যে এই তিনটি ক্ষেত্রেই (পাপ, ধার্মিকতা, বিচার) আত্মার সাক্ষ্য মানুষের প্রয়োজনের সাথে

এবং যীশু খ্রীষ্টের পরিদ্রাণদায়ী কাজের সঙ্গে সম্পর্কযুক্ত। “দোষী” টার্মটি “জেরা করার” বৈধ টার্ম।

G. B. Caird, *The Language and Imagery of the Bible*, p. 159-এ এই তিনটি ক্ষেত্রের একটি চমৎকার উপলব্ধি রয়েছে। জগতকে দোষী করবেন যেন

১. যীশুকে বিচারে এনে এবং ক্রুশে দিয়ে ভুল কাজ করেছে
২. পাপ সম্বন্ধে ভুল উপলব্ধি করেছে
৩. ধার্মিকতা সম্বন্ধে ভুল অর্থ করেছে
৪. বিচার সম্বন্ধে ভুল অর্থ করেছে

যদি তাই হয়, তাহলে আত্মা যীশুর ব্যক্তিত্বের মধ্যে দিয়ে সুসমাচারকে পূর্ণ প্রকাশ করেছে। তাদের ধার্মিকতা তাদের রক্ষা করতে পারে না। যারা যীশুকে প্রত্যাখান করেছে তাদের সকলের জন্য বিচার অপেক্ষা করছে! “পাপ” হল অবিশ্বাস! ঈশ্বরের সাথে জীবনের একমাত্র উপায় যীশু!

“জগত” টার্মটি উল্লেখ করে মানবিক, পতিত সামাজ্য সংগঠিত হয়েছে ও কাজ করছে ঈশ্বরকে ছাড়াই। যোহন ১৪:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

১৬:৯ “পাপ সম্বন্ধে, কারণ লোকেরা আমার উপরে বিশ্বাস করে না” সুসমাচার শুরু হয়েছে মানুষের পাপময়তার কথা এবং ঈশ্বরের ধার্মিকতার প্রয়োজনীয়তার কথা স্বীকার করে (রোমীয় ৩:৯-১৮, ২৩; ৬:২৩; ইফি ২:১-৩)। পাপ পরিদ্রাণের জন্য বড় বিদ্মনজনক প্রস্তর নয় কালভেরীর এপাশে, কিন্তু মানুষের যীশু খ্রীষ্টের ব্যক্তিত্ব ও কাজের প্রতি অবিশ্বাস (যোহন ৩:৬-২১; ৮:২৪, ২৬)। “বিশ্বাস করা” টার্মটির পূর্ব ধারণা ও আবেগগত উপাদান রয়েছে, কিন্তু প্রাথমিক ভাবে এটি ইচ্ছাকৃত (দেখুন যোহন ২:২৩ পদে বিশেষ বিষয়)। এটি বিশ্বাসীদের যোগ্যতা বা কাজের উপরে দৃষ্টি দেয় না, কিন্তু খ্রীষ্টে ঈশ্বরের প্রতিজ্ঞার উপরে অনুতাপকারী বিশ্বাসে সাড়া প্রদানের উপর (রোমীয় ৩:২১-৩০)।

১৬:১০ “ধার্মিকতার বিষয়ে” এটি উল্লেখ করতে পারে

১. খ্রীষ্টের কালভেরীতে আসন্ন পরিদ্রাণ কাজ এবং পুনরুত্থান একক হিসাবে দেখা (যোহন ১৬:১০)
২. যারা মনে করে যে খ্রীষ্টকে ছাড়া ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে আছে যখন বাস্তবতা হল একমাত্র খ্রীষ্ট যিনি ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে আছেন, স্বর্গারোহনে দেখা গেছে

১৬:১১ “বিচার সম্বন্ধে, কারণ জগতের অধিপতির বিচার হয়ে গেছে” এমন একদিন আসছে যেদিন পতিত স্বর্গদূত এবং পাপী মানুষকে ধার্মিক ঈশ্বরের সামনে দাঁড়াতে হবে (ফিলি ২:৯-১১)। শয়তান, যদিও আজকের জগতে মহা শক্তিদ্বার (যোহন ১২:৩১; ১৪:৩০; ২ করি ৪:৪; ইফি ২:২; ১ যোহন ৫:১৯), ইতিমধ্যে পরাজিত শত্রু হয়েছে (perfect passive indicative)। তাঁর সন্তানেরা (যোহন ৮:৪৪; মথি ১৩:৩৮; ১ যোহন ৩:৮-১০) ঈশ্বরের ক্রোধের ফল কাটবে!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৬:১২-১৫

^{১২} “তোমাদের কাছে আরও অনেক কথা আমার বলবার আছে, কিন্তু এখন তোমরা সেগুলো সহ্য করতে পারবে না।”^{১৩} কিন্তু যখন সেই, সত্যের আত্মা আসবেন, তখন তিনি তোমাদের পথ দেখিয়ে সকল সত্যে নিয়ে যাবেন; কারণ তিনি নিজ থেকে কথা বলবেন না, কিন্তু যা কিছু শোনেন তা-ই বলবেন; এবং আর যা কিছু ঘটবে তাও তিনি তোমাদের জানাবেন।^{১৪} তিনি আমাকে মহিমাম্বিত করবেন, কারণ যা আমার তা তিনি নেবেন এবং তা তিনি তোমাদের কাছে প্রকাশ করবেন।^{১৫} পিতার যা আছে তা সবই আমার; সেইজন্যই আমি বলেছি যে যা আবার তিনি তা নিয়ে থাকেন এবং তোমাদের কাছে তা প্রকাশ করবেন।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১২ “এখন তোমরা সেগুলো সহ্য করতে পারবে না” “সহ্য করা” টার্মটি ব্যবহৃত হতো পশুর দৈহিক বোঝা বহন। কিছু কিছু বিষয় তারা বুঝতে পারবে না, যেগুলি ছিল

১. খ্রীষ্ট কষ্টভোগ
২. খ্রীষ্টের পুনরুত্থান
৩. মণ্ডলীর বিশ্বব্যাপি প্রচার কাজ

আধুনিক পাঠকেরা অবশ্যই স্মরণ করবেন যে অনেক দিক থেকে খ্রীষ্টের জীবন একটি পরিবর্তনের সময়কে প্রতিনিধিত্ব করে। খ্রীরিতেরা অনেক বিষয় বুঝতে পারেন নাই যীশুর পুনরুত্থানের পরে দেখা না দেওয়া এবং পঞ্চাশতমীতে আত্মার পূর্ণতা না পাওয়া পর্যন্ত।

যাহোক, আমাদের অবশ্যই আরও মনে রাখতে হবে যে সুসমাচারগুলি অনেক বছর পরে লেখা হয়েছে নির্দিষ্ট শ্রোতাদের প্রতি সুসমাচার প্রচারের উদ্দেশ্যে। সেজন্য, সেগুলি প্রতিফলিত করে পরবর্তীতে পরিপক্ব ধর্মতত্ত্বের।

১৬:১৩ “সত্যের আত্মা” পুরাতন নিয়মে সত্য (*alētheia*) ব্যবহৃত হয়েছে নির্ভরযোগ্যতার তাৎপর্যে এবং কেবলমাত্র দ্বিতীয়ত সত্যময়তার অর্থে। যীশু বলেছেন যোহন ১৪:৬ পদে যে তিনিই হলেন সত্য। পবিত্র আত্মার জন্য এই উপাধি গুরুত্ব দিয়েছে তাঁর ভূমিকা যীশুর প্রকাশকারী হিসাবে (যোহন ১৪:১৭, ২৬; ১৫:২৬; ১৬:১৩-১৪; ১ যোহন ৪:৬; ৫:৭)। যোহন ৬:৫৫ পদে নোট দেখুন।

□ “তখন তিনি তোমাদের পথ দেখিয়ে সকল সত্যে নিয়ে যাবেন” এটি উল্লেখ করে না প্রতিটি ক্ষেত্রের সম্পূর্ণ সত্যকে, কেবল মাত্র আত্মিক সত্য এবং যীশুর শিক্ষার ক্ষেত্র। এটি প্রাথমিক ভাবে উল্লেখ করে নতুন নিয়মের শাস্ত্র লেখকদের অনুপ্রেরণার বিষয়। আত্মা তাদের নিয়ে যাবেন অনন্য, কর্তৃত্বমূলক (অনুপ্রাণিত) পথে। দ্বিতীয় অর্থে এটি সম্পর্কিত পরবর্তীকালের পাঠকদের আত্মার আলোকিতকরণ কাজ সুসমাচারের সত্যের প্রতি। যোহন ৬:৫৫ পদে সত্যের উপরে বিশেষ বিষয় এবং যোহন ১৪:২৬ পদে আত্মার ব্যক্তিত্ব দেখুন।

বিশেষ বিষয়: আলোকিতকরণ (SPECIAL TOPIC: ILLUMINATION)

▣ “কারণ তিনি নিজ থেকে কথা বলবেন না, কিন্তু যা কিছু শোনেন, তা-ই বলবেন, এবং আর যা কিছু ঘটবে তাও তিনি তোমাদের জানাবেন” এই বিষয়গুলি যেগুলি উল্লেখ করছে তাৎক্ষণিক পরিব্রাণার্থক ঘটনা: কালভেরী, পুনরুত্থান, স্বর্গারোহন, এবং পঞ্চাশত্তমী। এটি উল্লেখ করে না ভবিষ্যৎ সসম্পর্কে বলার ভাববাণীমূলক পরিচর্যা (অর্থাৎ, আগাব, প্রেরিত ২১:১০, দেখুন বিশেষ বিষয়: ভাববাণী যোহন ৪:১৯ পদে)।

আত্মার পিতার কাছ থেকে সত্য গ্রহণ করেন, যেভাবে যীশু করেছেন, এবং তা বিশ্বাসীদের কাছে দিয়েছেন, যেভাবে যীশু করেছেন। এটি কেবল আত্মার বার্তার বিষয়বস্তু নয় যা পিতার কাছ থেকে এসেছে, কিন্তু পদ্ধতিগতও (অর্থাৎ, ব্যক্তিগত, যোহন ১৪:২৬ পদে বিশেষ বিষয় দেখুন) বটে। কার্যত পিতা হলেন সর্বোচ্চ (১ করি ১৫:২৭-২৮)।

১৬:১৪-১৫ “তিনি আমাকে মহিমাম্বিত করবেন, কারণ যা আমার তা তিনি নেবেন এবং তা তিনি তোমাদের কাছে প্রকাশ করবেন” আত্মার প্রাথমিক কাজ মশীহ যীশুকে উর্দ্ধে তুলে ধরা ও বুঝিয়ে দেওয়া (যোহন ১৬:১৫)। আত্মা কখনই তাঁর নিজের উপরে আলোক রশ্মি ধরে না, কিন্তু সব সময়ই যীশুর উপরে (যোহন ১৪:২৬)।

▣ “পিতার যা আছে তা সবই আমার” কি হতবাক করা দাবী (যোহন ৩:৩৫; ৫:২০; ১৩:৩; ১৭:১০; মথি ১১:২৭)। এটি মথি ২৮:১৮; ইফি ১:২০-২২; কল ২:১০; ১ পিতর ৩:২২ পদের সাথে এইরকম।

এখানে রয়েছে একটি কারণীয় শৃংখলা, অসমতা নেই, ত্রিভ্রের মধ্যে। যেমন যীশু পিতাকে প্রতিফলিত করেছেন, আত্মা প্রতিফলিত করেছে যীশুকে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৬:১৬-২৪

^{১৬} “অল্প কাল পরে আর তোমরা আমাকে দেখতে পাবে না; আবার অল্প কাল পরে, তোমরা আমাকে দেখতে পাবে।” ^{১৭} এতে তাঁর শিষ্যদের মধ্যে কয়েকজন পরস্পর বলাবলি করতে লাগলেন, “উনি আমাদের এ কি বলছেন, ‘অল্প কাল পরে তোমরা আর আমাকে দেখতে পাবে না; আবার অল্প কাল পরে তোমরা আমাকে দেখতে পাবে’; আর, ‘কারণ আমি পিতার কাছে যাচ্ছি’?” ^{১৮} তাই তারা বললেন, “উনি এ কি বলছেন, ‘অল্প কাল’? উনি কি বলছেন আমরা তা বুঝতে পারছি না।” ^{১৯} যীশু জানলেন যে তারা তাঁকে জিজ্ঞাসা করতে চাইছেন, আর তিনি তাঁদের বললেন, “আমি যে বলেছি, অল্প কাল তোমরা আমাকে আর দেখতে পাবে না, আবার অল্প কাল পরে, তোমরা আমাকে দেখতে পাবে, এই বিষয়েই কি তোমরা নিজেদের মধ্যে বলাবলি করছ’?” ^{২০} সত্য, সত্য আমি তোমাদের বলছি, তোমরা কাঁদবে আর বিলাপ করবে, কিন্তু জগত আনন্দ করবে; তোমরা দুঃখার্থ হবে, কিন্তু তোমাদের দুঃখ আনন্দে পরিণত হবে। ^{২১} যখন স্ত্রীলোকের প্রসবকাল হয় তখন সে কষ্ট পায়, কারণ তার সময় এসে পড়েছে; কিন্তু যখন সে সন্তানের জন্ম দেয়, তখন জগতে একটি নতুন মানুষ আসার আনন্দে তার আর সেই কষ্টের কথা মনে থাকে না। ^{২২} সেইভাবে, তোমরাও এখন দুঃখ পাচ্ছ; কিন্তু আমি আবার তোমাদের দেখবো, তাতে তোমাদের হৃদয় আনন্দ করবে, এবং তোমাদের সেই আনন্দ কেউ তোমাদের কাছ থেকে কেড়ে নেবে না। ^{২৩} সেই দিনে তোমরা আমাকে কোন কথাই জিজ্ঞাসা করবে না। সত্য, সত্য, আমি তোমাদের বলছি, তোমরা আমার নামে পিতার কাছে যা কিছু চাইবে, তা তিনি তোমাদের দেবেন। ^{২৪} এখন পর্যন্ত তোমরা আমার নামে কিছুই চাও নি; চাও, আর তাতে তোমরা পাবে, যেন তোমাদের আনন্দ পূর্ণ হয়।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১৬ “অল্প কাল পরে” এই শব্দগুচ্ছ প্রায়ই যোহনে দেখা যায় (যোহন ৭:৩৩; ১২:৩৫; ১৩:৩৩; ১৪:১৯)। এই বাগধারাগত শব্দগুচ্ছের অর্থ কি হতে পারে তার বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে।

১. পুনরুত্থান উত্তর আবির্ভাব
২. দ্বিতীয় আগমন
৩. যীশু ভিতরে আসবেন এবং পবিত্র আত্মার মাধ্যমে।

প্রসঙ্গের আলোকে, ১ নম্বরটি একমাত্র সম্ভাবনা (যোহন ১৬:২২)। এই মন্তব্যে শিষ্যরা দ্বিধাগ্রস্থ হয়ে পড়েছিল (যোহন ১৬:১৭-১৮)।

১৬:১৭ “তাঁর শিষ্যদের মধ্যে কয়েকজন পরস্পর বলাবলি করতে লাগলেন” এটি যোহন ১৩:৩৬; ১৪:৫,৮,২২ পদের মত আর একটি প্রশ্ন। যীশু এই প্রশ্নকে ব্যবহার করেছেন তাদের পুনঃনিশ্চিত করতে এবং নিজেকে প্রকাশ করতে। এটি যোহনের বৈশিষ্ট্য যে তিনি কথোপকথন ব্যবহার করেছেন সত্য প্রকাশ করতে। যোহনে ২৭টি কথোপকথন রয়েছে যীশুর সাথে বা তাঁর সম্বন্ধে। এটিও যোহনের বৈশিষ্ট্য যে যীশুর শ্রোতার হৃদয়ঙ্গম করতে পারে না যে তিনি কি বলছেন (যোহন ১৬:১৮)। তিনি উর্দ্ধ থেকে; তারা নিচ থেকে।

▣ “কারণ আমি পিতার কাছে যাচ্ছি” যীশু এই মন্তব্য করেছেন যোহন ১৬:৫ পদে যেমন তিনি “অল্প কাল পরে” এই শব্দগুচ্ছ যোহন ১৬:১৬ পদে করেছেন। এক অর্থে এটি খুব নির্দিষ্ট Messianic উল্লেখ (যোহন ১৩:১,৩; ১৬:২৮; ১৭:২৪)।

▣ “দেখতে পাবে না. . . দেখবে” এখানে দুটি ভিন্ন ভিন্ন শব্দ “দেখার” জন্য যোহন ১৬:১৬ এবং ১৭ পদে। এগুলি মনে হয় একই রকম। যদি তাই হয় তাহলে একমাত্র সময়কাল উল্লেখ করা হয়েছে এবং সম্ভবত সেই সময় যীশুর ক্রুশে মৃত্যু এবং পুনরুত্থান সকালের মধ্যবর্তী সময়কাল।

অন্যরা মনে করেন যে দুটি verbs এবং শব্দগুচ্ছ উল্লেখ করছে “দৈহিক” দৃষ্টি এবং “আত্মিক” দৃষ্টি এবং সেজন্য উল্লেখ করা হয়েছে (১)

কালভেরী এবং রবিবারের সকালের মধ্যবর্তী সময় বা (২) স্বর্গারোহন এবং দ্বিতীয় আগমনের মধ্যবর্তী সময়।

সত্য হল যে প্রথম verb (*theōreō*) হল present tense যোহন ১৬:১৬ এবং ১৭ পদে এবং দ্বিতীয়টি (*horaō*) হল future tense যোহন ১৬:১৬ এবং ১৭ পদে মনে হয় একইরকম তত্ত্বকে সমর্থন করছে।

১৬:১৮ “তাই তারা বললেন” এটি একটি imperfect tense যার অর্থ হতে পারে (১) তারা বলছিলেন বার বার বা (২) তারা বলতে শুরু করেছিলেন।

□ “উনি এ কি বলছেন” যারা তাঁর সঙ্গে ছিলেন, যারা তাঁর কথা শুনেছিল এবং তাঁর অলৌকিক কাজ দেখেছিল, তারা সব সময় তাঁর কথা বুঝতে পারতেন না (যোহন ৮:২৭,৪৩; ১০:৬; ১২:১৬; ১৮:৪)। এটি হল আত্মার পরিচর্যা তিনি সহজ করে দেবেন।

১৬:১৯ “যীশু জানলেন যে তারা তাঁকে জিজ্ঞাসা করতে চাইছেন, আর তিনি তাঁদের বললেন” যীশু প্রায় লোকদের চিন্তা বুঝতে পারতেন (যোহন ২:২৫; ৬:৬১,৬৪; ১৩:১১)। এটি নিশ্চিত ভাবে জানার জন্য খুব কঠিন যদি এটা হয় (১) তাঁর ঐশ্বরীক প্রকৃতি; (২) লোকদের এবং অবস্থার অন্তর্দৃষ্টি; বা (৩) উভয়ই।

১৬:২০ “সত্য, সত্য, আমি তোমাদের বলছি” এটি আক্ষরিক ভাবে “আমেন, আমেন” (১:৫১ পদে বিশেষ বিষয় দেখুন)। “আমেন” ছিল পুরাতন নিয়মের টার্ম (*aman, emeth, emunah*) বিশ্বাসের (ইব্রীয় ২:৪) জন্য। এর প্রাথমিক শব্দতত্ত্ব ছিল “নিশ্চিত হওয়া।” এটি ব্যবহৃত হয়েছে রূপকভাবে ঈশ্বরে নির্ভরযোগ্যতা যেটি বিশ্বাস/বিশ্বাসযোগ্যতার বাইবেলের ধারণার ভিত্তি। যীশু কেবলমাত্র একজন যিনি বাক্য শুরু করেছেন এই টার্ম দিয়ে। মনে হয় এর তাৎপর্য “এটি একটি গুরুত্বপূর্ণ ও নির্ভরযোগ্য কথা, মনোযোগ দিয়ে শোন।”

□ “তোমরা কাঁদবে আর বিলাপ করবে” এর অর্থ উচ্চস্বরে এবং বিলাপ করে দুঃখ প্রকাশ যেটি ছিল যিহূদীদের শোক প্রকাশের বৈশিষ্ট্য (যোহন ১১:৩১, ৩৩; ২০:১১)। তিন বার যীশু “তুমি” plural এর উপরে জোর দান করেছেন যখন তিনি শিষ্যদের দুঃখের কথা বলেছেন (যোহন ১৬:২০[দু'বার] এবং যোহন ১৬:২২)। নেতৃত্ব অর্থ

১. দাসের মনোভাব
২. জগতের দ্বারা প্রত্যাখিত
৩. প্রভুর মত নির্যাতন

□ “তোমরা দুঃখার্হ হবে, কিন্তু তোমাদের দুঃখ আনন্দে পরিণত হবে” শিষ্যদের দ্বিধাঘন ও সব কিছু ঠিকমত বুঝতে না পারার মধ্যেও তাদের জন্য কি অসাধারণ প্রতিজ্ঞা। যা কিছু যীশু তাঁর এই একান্ত শিষ্যদের কাছে বলেছিলেন তা পরিপূর্ণ হয়েছিল যীশুর পুনরুত্থান উত্তর প্রথম রবিবার রাতে উপরের কুঠরীতে আবির্ভাবের মাধ্যমে।

১. তিনি তাদের ছেড়ে যাবেন না (যোহন ১৪:১৮; ১৬:১৬,১৯; ২০:১৯)
২. তিনি তাদের কাছে আসবেন (যোহন ১৪:১৮; ১৬:১৬,১৯; ২০:১৯)
৩. তিনি তাদের শান্তি দেবেন (যোহন ১৬:২২; ২০:১৯)
৪. তিনি তাদের আত্মা দান করবেন (যোহন ১৫:২৬; ২০:২২)

১৬:২১ “যখন স্ত্রীলোকের প্রসবকাল হয়” পুরাতন ও নূতন নিয়মে মহিলাদের সন্তান প্রসবের রূপক খুব প্রচলিত ছিল। সাধারণত এটি ব্যবহৃত হতো গুরুত্ব দিতে জন্মের আকস্মিকতা বা অবশ্যজ্ঞাবী বোঝাতে, কিন্তু এখানে দৃষ্টি দেওয়া হয়েছে মায়ের মনোভাবের দিকে, আগে এবং পরে। এই রূপক প্রায়ই যুক্ত নূতন যুগের “প্রসব বেদনার” সাথে (মিশা ২৬:১৭-১৮; ৬৬:৭-১৪; মার্ক ১৩:৮)। এটি ছিল ঠিক যীশু তাদের কাছে যা উল্লেখ করছিলেন এবং ঠিক কেন শিষ্যরা, যারা ক্রুশ, পুনরুত্থান, এবং স্বর্গারোহনের অন্য দিকে ছিল, যীশুর কথা বুঝতে পারেনি।

১৬:২৩ “সেই দিন” এটি আর একটি ইব্রীয় বাগধারাগত শব্দগুচ্ছ (প্রসব বেদনার মত, যোহন ১৬:২১) যেটি সাধারণত নূতন যুগের আগমনের সঙ্গে সম্পর্কিত ছিল (যোহন ১৪:২০; ১৬:২৫,২৬)।

□ “তোমরা আমাকে কোন কথাই জিজ্ঞাসা করবে না” এই পদে “প্রশ্ন” বা “জিজ্ঞাসা” এর জন্য দুটি ভিন্ন ভিন্ন শব্দ রয়েছে (যোহন ১৬:২৬)। প্রথমটি ইঙ্গিত দেয় “প্রশ্ন জিজ্ঞাসা করা” (যোহন ১৬:৫,১৯,৩০)। যদি এটি সঠিক অনুবাদ হয়, যীশু তাদের সকলের কাছে তাদের প্রশ্ন উল্লেখ করছিলেন যেগুলি ১৩-১৭ অধ্যায়ের প্রসঙ্গে প্রকাশ করা হয়েছে (যোহন ১৩:৩৬; ১৪:৫,৮,২২; ১৬:১৭-১৮)। দ্বিতীয় টার্ম তাহলে উল্লেখ করছে পবিত্র আত্মার আগমনের বিষয় (যোহন ১৪:১৬-৩১; ১৫:২৬-২৭; ১৬:১-১৫), যিনি তাদের সকল প্রশ্নের উত্তর দেবেন।

কিছু কিছু উপায়ে এই শব্দগুচ্ছ আমাকে মনে করিয়ে দেয় যির ৩১:৩১-৩৪ পদের “নূতন চুক্তির” প্রতিজ্ঞার কথা, যেখানে নূতন যুগ নিয়ে আসবে সকল বিশ্বাসীর জন্য পরিপূর্ণ জ্ঞান।

NASB “তোমরা আমার নামে পিতার কাছে যদি কিছু চাও”

NKJV “তোমরা আমার নামে পিতার কাছে যা কিছু চাইবে”

NRSV “যদি তোমরা আমার নামে পিতার কাছে যা কিছু চাও”

TEV “পিতার কাছে তোমরা আমার নামে যা কিছু চাইবে তিনি তা দেবেন”
NJB “তোমরা পিতার কাছে যা কিছু চাইবে তা তিনি আমার নামে তোমাদের দেবেন”

এটি একটি indefinite relative clause, কোন conditional sentence নয়। এটি অবশ্যই বুঝতে হবে যে যীশু নামে চাওয়া মানে এই নয় যে সাধারণত আমরা যেভাবে আমাদের আনুষ্ঠানিক প্রার্থনা শেষ করি যীশুর নামে, কিন্তু প্রার্থনা করতে হবে যীশুর ইচ্ছা, মন এবং চরিত্র দিয়ে (১ যোহন ৫:১৩)। যোহন ১৫:১৬ পদে নোট দেখুন। দেখুন বিশেষ বিষয়: প্রার্থনা, অসীম তথাপি সীমাবদ্ধ (SPECIAL TOPIC: PRAYER, UNLIMITED YET LIMITED) ১ যোহন ৩:২২ পদে।

পাতুলিপিত গত পার্থক্য রয়েছে যা “আমার নামে” শব্দগুচ্ছের সাথে সম্পর্কযুক্ত। এটি কি “চাওয়া” বা “দেওয়া” বা উভয়ের সঙ্গে যাবে? এই প্রশ্ন হল প্রার্থনা, সেজন্য, এটি সম্ভবত “চাওয়া” এর সঙ্গে যাবে, যদিও বাস্তবতায়, পিতার কাছ থেকে সব কিছু যীশুর মাধ্যমে আসে (“আমার নাম” যোহন ১৪:১৩,১৪; ১৬:১৫,২৪,২৬)। দেখুন বিশেষ বিষয়: প্রভুর নাম (SPECIAL TOPIC: THE NAME OF THE LORD) যোহন ১৪:১৩-১৪ পদে।

১৬:২৪ “চাও আর তাতে তোমরা পাবে” “চাও” হল একটি present active imperative। লক্ষ্য হল বিশ্বাসীদের প্রার্থনা সুসামঞ্জস্যপূর্ণ এবং অবিরত হবে হবে। এক অর্থে বিশ্বাসীদের প্রয়োজন একবার মাত্র চাওয়া, বিশ্বাস করা, কিন্তু অন্য অর্থে, প্রার্থনা হল চলমান সহভাগিতা ও নির্ভরতা ঈশ্বরের উপরে, একভাবে চাইতে হবে (মথি ৭:৭-৮; লুক ১১:৫-১৩; ১৮:১-৮)।

□ “যেন তোমাদের আনন্দ পূর্ণ হয়” এটি একটি periphrastic perfect passive participle (১ যোহন ১:৪)। প্রার্থনার উত্তর পাওয়া হল আমাদের আনন্দের একটি কারণ! আনন্দ হল যীশুর অনুসারীদের একটি চরিত্র (যোহন ১৫:১১; ১৬:২০,২১,২৪; ১৭:১৩)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৬:২৫-২৮

^{২৫} “আমি উপমা দিয়ে এই সব বিষয় তোমাদের কাছে বললাম; এমন সময় আসছে যখন আমি আর উপমা দিয়ে তোমাদের কাছে কথা বলব না, কিন্তু খোলাখুলিভাবেই পিতার বিষয়ে বলব। ^{২৬} সেই দিনে তোমরা আমার নামে চাইবে, আর আমি বলছি না যে, আমিই তোমাদের পক্ষ হয়ে পিতার কাছে অনুরোধ করব; ^{২৭} আর পিতা নিজেই তোমাদের ভালবাসেন, কারণ তোমরা আমাকে ভালবেসেছ ও বিশ্বাস করেছ যে, আমি পিতার কাছ থেকে এসেছি। ^{২৮} আমি পিতার কাছ থেকে বের হয়েছি এবং এই জগতে এসেছি; আবার আমি এই জগৎ ছাড়ছি এবং পিতার কাছে যাচ্ছি।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:২৫ “উপমা দিয়ে” যীশুর শিক্ষায় দুই ধরণের প্রভাব: (১) এটি বুঝবার ক্ষমতাকে প্রসারিত করে এবং (২) এটি বুঝবার ক্ষমতাকে রুদ্ধ করে (মার্ক ৪:১০-১১; যিশা ৬:৯-১০; যির ৫:২১)। শ্রোতাদের অন্তর হল কার্যকর উপলব্ধির চাবিকাঠি। যাহোক, সেখানে সত্য রয়েছে যেটি যারা উদ্ধার পেয়েছে তারাও অনুধাবন করতে পারবে না যতক্ষণ না আবেগের সঞ্জাহের ঘটনা (ত্রুশবিদ্বাকরণ, পুনরুত্থান, দর্শন দান, স্বর্গারোহন) ও পঞ্চাশত্তমী ঘটে।

পুনরুত্থান উত্তর আবির্ভাব ইম্মায়ুর পথে দুজনের কাছে (লুক ২৪:১৩-৩৫) হতে পারে একটি সংকেত দেয় যে কিভাবে যীশু প্রেরিতদের শিক্ষা দিয়েছেন (যোহন ১৬:২৫-২৭,২৯)। তিনি নিজে তাঁর পুনরুত্থান উত্তর আবির্ভাবে দেখিয়েছেন কিভাবে পুরাতন নিয়ম তাঁর পরিচর্যায় প্রয়োগ এবং পূর্ব ছায়া হয়েছে। এটি একটি নমুনা স্থাপন করেছে প্রেরিত পুস্তকে পিতরের প্রচারের জন্য (*kerygma*, যোহন ৫:৩৯ পদে বিশেষ বিষয় দেখুন)।

□ “তোমাদের কাছে বললাম” দেখুন বিশেষ বিষয়: সাহসিকতা (*Parrhēsia*) যোহন ৭:৪ পদে।

১৬:২৬ “সেই দিনে তোমরা আমার নামে চাইবে, আর আমি বলছি না যে আমিই তোমাদের পক্ষ হয়ে পিতার কাছে অনুরোধ করব” এই পদ একটি গুরুত্বপূর্ণ সত্য প্রকাশ করেছে। অনেক আধুনিক খ্রীষ্টিয়ান মনে করেন তারা সরাসরি ঈশ্বরের কাছে যেতে পারেন না! যাহোক, বাইবেল শিক্ষা দেয় যে

- ১। আত্মা বিশ্বাসীদের জন্য প্রার্থনা করেন (রোমীয় ৮:২৬-২৭)
- ২। পুত্র বিশ্বাসীদের জন্য মধ্যস্থ করেন ১ যোহন ২:১ পদে
- ৩। খ্রীষ্টের কারণে বিশ্বাসীরা প্রার্থনায় সরাসরি ঈশ্বরের কাছে যেতে পারেন

১৬:২৭ “আর পিতা নিজেই তোমাদের ভালবাসেন” “ভালবাসার” জন্য এই টার্ম হল *phileō*, যেটি যোহন ৫:২০ পদেও ব্যবহৃত হয়েছে যীশুর জন্য পিতার ভালবাসা বোঝাতে। কি বিশ্বাসকর মন্তব্য যেটি ৩:১৬ পদকে সবলতা দান করে (যেখানে ব্যবহৃত হয়েছে *agapaō*)। এটি কোন অনিচ্ছক ঈশ্বর নন যীশুকে যাকে তুষ্ট করতে হবে, কিন্তু একজন প্রেমময় পিতা যার সাথে কাজ করে যীশু তাঁদের পরিব্রাজনের উদ্দেশ্যের কাজ সম্পাদন করবেন!

NASB “পিতার কাছ থেকে”
NKJV, NRSV,
TEV, NJB “ঈশ্বরের কাছ থেকে”

দুটি গ্রীক পাদুলিপিত পার্থক্য রয়েছে: (১) “ঈশ্বর” বা “পিতা” এবং (২) article এর উপস্থিতি বা অনুপস্থিতি। “ঈশ্বর” দেখা যায় MSS P⁵, N², A, and N, যখন “ঈশ্বর”(দি গড) দেখা যায় MSS C³ and W। এটি মনে হয় আরও কঠিন এবং অস্বাভাবিক শব্দচয়ন। এটি Textual সমালোচনার একটি অনুষঙ্গ (Appendix দেখুন) যা সবচেয়ে কঠিন বা অস্বাভাবিক টেক্সট সম্ভবত মূল যা অনুলিপিকারকেরা পরিবর্তন করেছেন। United Bible Societies' Greek New Testament একে দিয়েছে রেটিং (সিদ্ধান্ত গ্রহণ কঠিন)।

যাহোক, “পিতা” দেখা যায় N¹ এবং “পিতা” (দি ফাদার) দেখা যায় B, C*, D, and L। এটি প্রসঙ্গে উপযুক্ত ভাবে খাপ খায়।

▣ “কারণ তোমরা আমাকে ভালবেসেছ ও বিশ্বাস করেছ যে আমি পিতার কাছ থেকে এসেছি” এগুলি হল দুটি perfect active indicatives। যীশুর বিশ্বাস করা ও ভালবাসা পিতার সাথে সহভাগিতার মঞ্চ প্রস্তুত করে। *A Translator's Handbook on the Gospel of John* by Barclay Newman and Eugene Nida মন্তব্য খুব কৌতূহল জনক:

“এই মন্তব্যগুলি উল্লেখ করে যে যোহনের জন্য ভালবাসা, বাধ্যতা এবং বিশ্বাস করা ধারণা খুব সহজে আলাদা ভাবে পুত্রের সঙ্গে একজনের সম্পর্ক প্রকাশের পথ” (পৃ...৫১৮)।

“বিশ্বাস করা” জন্য দেখুন বিশেষ বিষয়: যোহনের “বিশ্বাস করা” ব্যবহার যোহন ২:২৩ পদে।

১৬:২৮ “আমি বের হয়েছি . . . এবং এসেছি” এটি একটি aorist tense যেটি perfect tense পরে এসেছে। যীশু জন্মেছিলেন বেথলেহমে (দেহধারণ) এবং তাঁর আগমনের ফলাফল থাকা (অর্থাৎ, “আমি তোমাদের সাথে সময়ই আছি,” মথি ২৮:২০)। সত্য হল যে যীশু “পিতার কাছ থেকে বের হয়ে এসেছেন” (যোহন ১৬:২৭,৩০; ৮:৪২; ১৩:৩; ১৭:৮) বলতে চেষ্টা করছে

১. তাঁর পূর্ব অস্তিত্ব
২. তাঁর ঈশ্বরত্ব
৩. তাঁর পিতার পূর্ণ প্রকাশ

▣ “আমি এই জগৎ ছাড়ছি এবং পিতার কাছে যাচ্ছি” এটি উল্লেখ করে তাঁর আসন্ন স্বর্গারোহন এবং “সাহায্যকারী” পরিচর্যা এবং যীশুর মধ্যস্থতার পরিচর্যার সূচনা (ইব্রীয় ৭:২৫; ৯:২৪; ১ যোহন ২:১)। যেহেতু যোহন ১:১ পদে পূর্ব অস্তিত্বের বিষয়ে বলতে চেষ্টা করা হয়েছে, তাই যীশুর গৌরবের ও ক্ষমতার পুনরুদ্ধার বলতে চেষ্টা করা হয়েছে এই পদে (যোহন ১৭:৫,২৪)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৬:২৯-৩৩

^{২৯} তাঁর শিষ্যরা বললেন, “দেখুন, এখন তো আপনি খোলাখুলিভাবেই বলছেন, উপমার মধ্য দিয়ে বলছেন না। ^{৩০} এখন আমরা জানি যে আপনি সকলই জানেন, আর কেউ যে আপনাকে কোন কিছু জিজ্ঞাসা করে তার দরকারও আপনার নেই; এতে আমরা বিশ্বাস করি যে আপনি ঈশ্বরের কাছ থেকে এসেছেন।” ^{৩১} যীশু তাদের বললেন, “এখন কি বিশ্বাস করছো?” ^{৩২} দেখ, এমন সময় আসছে, বরং এসে গেছে, যখন তোমরা ছিন্ন ভিন্ন হবে, প্রত্যেকে যার যার জায়গায় চলে যাবে, আর আমাকে একলা ফেলে চলে যাবে; তবুও আমি একা নই, কারণ পিতা আমার সংগে আছেন। ^{৩৩} আমি তোমাদের এই সব বললাম, যেন তোমরা আমাতে শান্তি পাও। এই জগতে তোমরা কষ্টে আছ, কিন্তু সাহস কর; আমিই জগৎকে জয় করেছি।” (অনুবাদকৃত টেক্সট)।

১৬:২৯ “খোলাখুলিভাবেই বলছেন” দেখুন বিশেষ বিষয়: সাহসীকতা (*Parrhēsia*) যোহন ৭:৪ পদে।

১৬:৩০ এই বাক্য অবশ্যই বুঝতে হবে যোহন ১৬:১৯ পদে যীশুর শিষ্যদের প্রশ্ন জানার আলোতে। তাদের দ্বারা এই মন্তব্য প্রতিফলিত করে তাদের বৃদ্ধি পাওয়া, কিন্তু এখনও অসম্পূর্ণ, বিশ্বাস। তারা দেখেছে এবং শুনেছে অনেক; তাহলে এই এই ঘটনা (যোহন ১৬:১৯) কি বাস্তবিক ভাবে কাজ করেছে তাদের উপলব্ধির একটি বড় টার্নিং পয়েন্ট হিসাবে? আমার কাছে কথাগুলি মনে হয় পিতরের শুভ ইচ্ছার একটি কিন্তু অতিরঞ্জিত মন্তব্য (দেখুন Jerome Biblical Commentary, পৃ..৪৫৬)।

১৬:৩১ “এখন কি বিশ্বাস করছো” এটা হতে পারে একটি প্রশ্ন বা একটি মন্তব্য। বেশির ভাগ আধুনিক ইংরাজি অনুবাদ একে বুঝেছে প্রশ্ন হিসাবে। এমন কি চরমতম সময়েও, প্রেরিতদের বিশ্বাস সম্পূর্ণ ছিল না। আধুনিক বিশ্বাসীদের আরম্ভ, কিন্তু দুর্বল, বিশ্বাস ঈশ্বরের কাছে গ্রহণ যোগ্য যখন তারা যীশুর উপরে সাড়া প্রদান করে যে আলো পেয়েছে তার উপরে ভিত্তি করে। শিষ্যদের বিশ্বাসের অভাব প্রমাণ হবে তাদের যীশুকে ছেড়ে যাওয়া তাঁর বিচার ও ক্রুশবিদ্ধকরণের সময়।

১৬:৩২ “যখন তোমরা ছিন্ন ভিন্ন হবে, প্রত্যেকে যার যার জায়গায় চলে যাবে, আর আমাকে একলা ফেলে চলে যাবে” দৃশ্যত কেবল মাত্র যোহন বিচার ও ক্রুশবিদ্ধকরণের সময় উপস্থিত ছিলেন (মথি ২৬:৩১, সখরিয় ১৩:৭ পদ থেকে)। যোহন ২১:১-৩ বলে যে কয়েকজন প্রেরিত আবার তাদের পূর্ব পেশা মাছ ধরায় ফিরে গিয়েছিল।

যীশু মানবিক সঙ্গী পরিত্যক্ত হয়েছিলেন (মথি ২৬:৩৮, ৪০-৪১, ৪৩, ৪৫), কিন্তু কখনো ঐশ্বরীক সঙ্গ নয় (যোহন ৮:১৬, ২৯) যতক্ষণ না ক্রুশে সমস্ত জগতের পাপ নিজের উপরে বহন করেছেন (মথি ২৭:৪৫-৪৬)।

NASB	“যার যার নিজের জায়গায়”
NKJV	“যার যার নিজের”
NRSV	“যার যার জায়গায়”
NJB	“যার যার নিজের পথে”
TEV	“যার যার নিজের ঘরে”
REB, NET,	
NIV	“যার যার নিজের জায়গায়”

NKJV আক্ষরিক। বেশির ভাগ ইংরাজি অনুবাদ ধরে নিয়েছে যে এটি উল্লেখ যার যার ঘর। Bultmann বলতে চেষ্টা করেছেন যে এটি উল্লেখ করছে “সম্পত্তি” বা “নিজ সম্পদ” (NIDOTTE, vol. 2, p. 839), উল্লেখ করছে সৃষ্টিকর্তা হিসাবে যীশুকে (অর্থাৎ, যোহন ১:৩; ১ করি ৮:৬; কল ১:১৬; ইব্রীয় ১:২)।

১৬:৩৩ “যেন তোমরা আমাতে শান্তি পাও” এটি একটি present active subjunctive (যোহন ১৪:২৭)। উভয় objective এবং subjective শান্তি খ্রীষ্টে পাওয়া যায় ও রক্ষা করা হয়। দেখুন বিশেষ বিষয়: শান্তি যোহন ১৪:২৭ পদে।

□ “জগত” এই প্রসঙ্গে যোহন জগতকে ব্যবহার করেছেন মানবিক সামাজিক প্রতিষ্ঠান এবং ঈশ্বর ছাড়াই কাজ পরিচালনা করছে হিসাবে। দেখুন বিশেষ বিষয়: *Kosmos* যোহন ১৪:১৭ পদে।

□ “তোমরা কষ্টে আছ” নির্যাতন যার সম্মুখীন যীশু নিজে হয়েছেন, তারাও সেরকমই হবে (যোহন ১৫:১৮-২৫; মথি ৫:১০-১২; প্রেরিত ১৪:২২; ১ থিষ ৩:৩)। নির্যাতন (অর্থাৎ, *thlipsis*) একটি উপায় যার মধ্যে দিয়ে প্রকাশ পায় যীশুর সত্যিকার অনুসারীদের। প্রকাশিত বাক্যে ক্রোধ ও “নির্যাতন” এর মধ্যে একটি ধর্মতাত্ত্বিক পার্থক্য রয়েছে। ঈশ্বরের ক্রোধ বিশ্বাসীদের উপরে কখনো পড়ে না, কিন্তু যারা বিশ্বাসী নয় তাদের রাগ বিশ্বাসীদের উপরে পড়ে। “জগতের জ্যোতি” এর উপরে তার আক্রমণের দ্বারা জগত নিজেই প্রকাশ করছে যে সে শয়তানের সন্তান (যোহন ১:১-১৮; ৩:১৭-২১)!

□ “সাহস কর” এটি একটি present active imperative (মথি ৯:২,২২; ১৪:২৭; মার্ক ৬:৫০; ১০:৪৯; প্রেরিত ২৩:১১)। কথাটি শুনতে যিহোশূয়ের প্রতি YHWH এর কথার মত (যিহো ১:৬,৯,১৮; ১০:২৫)।

□ “আমি জগতকে জয় করেছি” এটি একটি perfect active indicative। বিজয় নিশ্চিত হয়েছিল গেৎশিমানীর পূর্বে, কালভেরীর পূর্বে, শূন্য কবরেরও পূর্বে (রোমীয় ৮:৩৭; ১ করি ১৫:৫৭; ২ করি ২:১৪; ৪:৭-১৫)। এখানে কোন চূড়ান্ত দ্বৈতবাদ নেই। নিয়ন্ত্রণে ঈশ্বর। যীশু যেমন পিতার প্রতি বাধ্যতা ও ভালবাসা দ্বারা জগতকে জয় করেছেন, বিশ্বাসীরাও সেরকমই তাঁর মধ্যে দিয়ে জয় করবে (১ যোহন ২:১৩-১৪; ৪:৪; ৫:৪-৫; প্রকা ৩:২১; ১২:১১)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. ১৫ ও ১৬ অধ্যায়ের মধ্যে সম্পর্ক কি?
২. ৫ পদের সম্পর্ক অনুসারে, কিভাবে আমরা ১৩:৩৬ পদ বুঝবো?
৩. হারান জগতে পবিত্র আত্মার পরিচর্যা কি?
৪. বিশ্বাসীদের প্রতি পবিত্র আত্মার পরিচর্যা কি?
৫. আজকের আধুনিক সম্প্রদায়গত প্রবণতার আলোকে কিভাবে ২৬-২৭ পদ এত গুরুত্বপূর্ণ সত্য কেন?

যোহন ১৭

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশুর প্রার্থনা	যীশুর নিজের জন্য প্রার্থনা	যীশুর মহাপুরোহিতের প্রার্থনা	যীশু তাঁর শিষ্যদের জন্য প্রার্থনা করেন	যীশুর প্রার্থনা
১৭:১-৫	১৭:১-৫	১৭:১-৫	১৭:১-৫	১৭:১-২৩
	যীশু তাঁর শিষ্যদের জন্য প্রার্থনা করেন			
১৭:৬-১৯	১৭:৬-১৯	১৭:৬-১৯	১৭:৬-৮	
	যীশু তাঁর সকল বিশ্বাসীদের জন্য প্রার্থনা করেন		১৭:৯-১৯	
১৭:২০-২৬	১৭:২০-২৬	১৭:২০-২৪	১৭:২-২৩	
			১৭:২৪-২৬	১৭:২৪-২৬
		১৭:২৫-২৬		

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-২৬ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. ঐতিহাসিক প্রেক্ষাপট

১. এই অধ্যায় যীশুর মহা পুরোহিতের প্রার্থনা তাঁর

ক. নিজের জন্য (যোহন ১৭:১-৫)

খ. তাঁর শিষ্যদের জন্য (যোহন ১৭:৬-১৯)

গ. ভবিষ্যৎ অনুসারীদের জন্য (যোহন ১৭:২০-২৬)

এটি দিয়েছে একটি নির্ভরতার আবহ, ত্যাগ করার নয় (যোহন ১৬:৩৩)।

২. এটি যীশুর দীর্ঘতম লিপিবদ্ধ প্রার্থনা।

৩. এই অধ্যায় বিষয় ভিত্তিক ভাগে ভাগ করা কঠিন কারণ একই ভাব বার বার উল্লেখ করা হয়েছে, যেটি হল যোহনের লেখার বৈশিষ্ট্য।

এটি হল tapestry মত পুনরাবৃত্তির নমুনা। মূল শব্দগুলি হল “মহিমা,” “দেওয়া,” “জানা,” “পাঠান হয়েছে,” “নাম,” “জগৎ,” এবং “এক।”

৪. এই অধ্যায়ে পবিত্র আত্মার কথা উল্লেখ করা হয়নি। এটি অস্বাভাবিক কারণ পবিত্র আত্মার বিষয় ১৪-১৬ অধ্যায়ে অগ্রগণ্যতা পেয়েছে।

খ. ৬-১৯ পদে শিষ্যদের বৈশিষ্ট্য

১. তারা নির্বাচিত
২. তারা বাধ্য
৩. তারা খ্রীষ্ট এবং ঈশ্বরকে জানে
৪. তারা সত্যকে গ্রহণ করে
৫. তাদের জন্য প্রার্থনা করেছেন যীশু
৬. তারা জগতে থাকবে
৭. তাঁর ক্ষমতায় তারা সুরক্ষিত
৮. যেমন যীশু ও পিতা এক তেমনি তারাও এক
৯. তারা তাঁর আনন্দ লাভ করেছে
১০. তারা এই জগতের নয়
১১. তারা সত্য দ্বারা পবিত্রকৃত
১২. তাঁকে যেমন পাঠান হয়েছে তেমনি তাদেরও পাঠান হয়েছে
১৩. যেভাবে পিতা যীশুকে ভালবেসেছেন তেমনি তাদেরও ভালবেসেছেন

গ. যোহানে “মহিমা” টার্ম

১. ২৫টির উপরে ইব্রীয় শব্দ সেপ্টুয়াজিটে (LXX) গ্রীক টার্ম *doxa* দ্বারা অনুবাদ করা হয়েছে। পুরাতন নিয়মের বড় টার্ম *kabod*, যার অর্থ “আলাদা,” “ওজন,” “ভারী,” “মর্যাদার যোগ্য,” “সুনাম,” “সম্মান,” বা “উজ্জ্বলতর/জাঁকজমকপূর্ণ।”
২. গ্রীক টার্ম *doxa* এসেছে সুনাম অর্থে “চিন্তা করা” verb থেকে।
৩. যোহানে এই শব্দের অনেক ভিন্ন ভিন্ন অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে
ক. ঈশ্বরীক মহিমা (যোহান ১৭:৫,২৪; ১:১৪; ১২:৪১; ১২:১৬)
খ. যীশুর চিহ্ন কাজ, শিক্ষা, এবং আবেগের সপ্তাহের কাজের মাধ্যমে পিতার প্রকাশ (যোহান ১৭:৪,১০,২২; ১:১৪; ২:১১; ৭:১৮; ১১:৪,৪০)
গ. বিশেষ করে ক্রুশ (যোহান ১৭:১,৪; ৭:৩৯; ১২:২৩; ১৩:৩১-৩২)

স্পষ্টত এগুলি ব্যবহারের মধ্যে কিছু নমনীয়তা রয়েছে। কেন্দ্রীয় সত্য হল যে অদৃশ্য ঈশ্বর মানবিকতায় (অর্থাৎ, যীশু খ্রীষ্ট) প্রকাশিত তাঁর কাজে ও কথায়।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহান ১৭:১-৫

^১ যীশু এই সব কথা বললেন; আর স্বর্গের দিকে চোখ তুলে বললেন, “পিতা, সময় এসেছে; তোমার পুত্রের মহিমাম্বিত কর, যেন পুত্রও তোমাকে মহিমাম্বিত করতে পারে, ^২ যেমন তুমি তাঁকে সমস্ত মানুষের উপরে কর্তৃত্ব দিয়েছ, যেন যাদের তুমি তাঁর হাতে দিয়েছ, তিনি তাদের সবাইকে অনন্ত জীবন দিতে পারেন। ^৩ আর এটাই অনন্ত জীবন, যেন তারা তোমাকে একমাত্র সত্যময় ঈশ্বরকে জানতে পারে, এবং যীশু খ্রীষ্ট তুমি যাকে পাঠিয়েছ তাঁকে জানতে পারে। ^৪ তুমি যে কাজ আমাকে করতে দিয়েছ তা শেষ করে এই জগতে আমি তোমার মহিমা প্রকাশ করেছি। ^৫ এখন, পিতা, জগৎ সৃষ্ট হবার আগে তোমার সংগে আমার যে মহিমা ছিল সেই মহিমায় তুমি আমাকে মহিমাম্বিত কর।” (অনুবাদকৃত টেক্সট)।

১৭:১ “যীশু এই সব কথা বললেন” এটি অবশ্যই উল্লেখ করছে ১৩-১৬ অধ্যায়ের উপরের কুঠরীর উপদেশ।

□ “তাঁর চোখ স্বর্গের দিকে তুললেন” এটি ছিল যিহূদী প্রার্থনার প্রচলিত ভঙ্গি: হাত, মাথা এবং চোখ খুলে স্বর্গের দিকে তাকানো যেন ঈশ্বরের সঙ্গে কথা বলা হচ্ছে (যোহান ১১:৪১; মার্ক ৭:৩৪; লুক ১৮:৩১; গীত ১২৩:১)। যীশু প্রায়ই প্রার্থনা করতেন। এটি স্পষ্ট ভাবে লুক ৩:২১; ৫:১৬; ৬:১২; ৯:১৮, ২৮; ১১:১; ২২:৪১-৪৫; ২৩:৩৪ পদে লিপিবদ্ধ করা হয়েছে।

□ “পিতা” সাধারণত ঈশ্বরকে এই টার্মে ডাকতেন (যোহান ১১:৪১; ১২:২৭,২৮; মথি ১১:২৫-২৭; লুক ২২:৪২; ২৩:৩৪)। যীশু অরামিকে কথা বলতেন। যীশুর অরামিক টার্ম ছিল *Abba*, যেটি একটি শিশু বাড়ীতে তার পিতার জন্য ব্যবহার করতো, “ড্যাডি” (মার্ক ১৪:৩৬)। যারা যীশুর শিষ্য ছিল না তাদের এটি হতবাক ও বিরক্তির কারণ হয়েছে!

□ “সময় এসেছে” এটি দেখায় যে যীশু তাঁর পরিচর্যা উদ্দেশ্য ও সময় জানতেন (যোহান ২:৪; ৭:৬,৮,৩০; ৮:২০; ১২:২৩; ১৩:১)। তিনি অজ্ঞাত

পরিস্থিতির দ্বারা পরিচালিত হন নি।

□ “তোমার পুত্রকে মহিমান্বিত কর” এটি একটি aorist active imperative। যোহানে যীশু সব সময়ই তাঁর মৃত্যুর বিষয় একই রকমের টার্মে উল্লেখ করেছেন (যোহান ১৭:৪; ৭:৩৯; ১২:২৩; ১৩:৩১-৩২)। এই টার্ম আবার যীশুর পূর্ব অস্তিত্বময় ঈশ্বরের (যোহান ১:১৪ এবং ১৭:৫,২৪)) সঙ্গে সম্পর্কিত। যীশুর কাজ পিতাকে মহিমান্বিত করেছে। এখানে পারস্পরিক সম্পর্ক রয়েছে! নোট দেখুন যোহান ১:১৪ পদ এবং প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টির গ। “পুত্র” এর জন্য বিশেষ বিশেষ দেখুন ১ যোহান ৩:৮ পদে।

“পুত্র” সম্পর্কে পাদুলিপিত পার্থক্য রয়েছে।

১. পুত্র সাথে article দেখা যায় MSS P⁶⁰, א, B, C*, W
২. পুত্র সাথে genitive pronoun দেখা যায় MSS A, D, C²

UBS⁴ দিয়েছে #১ থেকে "B" রেটিং (প্রায় নিশ্চিত)।

১৭:২ “সমস্ত মানুষের উপরে কর্তৃত্ব” এটি একটি দারুন মন্তব্য একজন কৃষক ছুতারের দ্বারা (যোহান ৫:২৭; মথি ১১:২৭; ২৮:১৮; লুক ১০:২২)। “কর্তৃত্ব” (exousia) টার্মটি একই যা যোহান ১:১২; ৫:২৭; ১৯:১০,১১ পদে ব্যবহৃত হয়েছে। এটি অনুবাদ হতে পারে “বৈধ অধিকার,” “কর্তৃত্ব,” বা “ক্ষমতা।”

“সকল মানুষ” শব্দগুচ্ছ হল singular (একটি ইব্রীয় বাগধারা মানব জাতির কথা উল্লেখ করছে, আদি ৬:১২; গীত ৬৫:২; ১৪৫:২১; যিশা ৪০:৫; ৬৬:২৩; যোয়েল ২:২৮)।

□ “যাদের তুমি তাঁর হাতে দিয়েছ” “যাদেরকে” টার্মটি হল neuter এবং singular (যোহান ৭,২৪), যার দৃষ্টি শিষ্যদের উপরে, খ্রীষ্টের দেহ, কোন ব্যক্তি বিশেষ নয়! verb হল perfect active indicative যেটি বলছে সহিষ্ণুতার উপহারের কথা! এই শব্দগুচ্ছ নিশ্চিত করছে পূর্বজ্ঞান ও নির্বাচন (যোহান ১৭:৬,৯,১২; ৬:৩৭,৩৯; রোমীয় ৮:২৯-৩০; ইফি ১:৩-১৪)। পুরাতন নিয়মে নির্বাচন ছিল পরিচর্যার জন্য, অন্যদিকে নতুন নিয়মে এটি হল আত্মিক, নিরাপত্তা, এবং অনন্তকালীন পরিব্রাজনের জন্য। বিশ্বাসীদের পরিচর্যার জন্যও আহ্বান করা হয়েছে। নির্বাচন কেবলমাত্র ঐশ্বরীক কাজ নয়, কিন্তু অবশ্যই নিয়মের সাথে সংযুক্ত মানবের দায়িত্ববোধ। এটি মৃত্যুর দিকে দৃষ্টি দেয় না, কিন্তু জীবনের দিকে! বিশ্বাসীদের মনোনীত করা হয়েছে “পবিত্রতার” জন্য (ইফি ১:৪), সুবিধা ভোগের জন্য নয়। এই শব্দগুচ্ছ এই রকম ভাবে বোঝা যাবে না যে পিতা কিছু মানুষ যীশুকে দিয়েছেন এবং অন্যদের নয়।

বিশেষ বিষয়: নির্বাচন/পূর্ব নির্দিষ্ট অদৃষ্ট এবং ধর্মতাত্ত্বিক সমতার প্রয়োজন (SPECIAL TOPIC: ELECTION/PREDESTINATION AND THE NEED FOR A THEOLOGICAL BALANCE)

□ “তিনি তাদের সবাইকে অনন্ত জীবন দিতে পারেন” যীশু খ্রীষ্টের মধ্যে দিয়ে ঈশ্বরের উপহার হল অনন্ত জীবন (যোহান ৫:২১,২৬; ৬:৪০,৪৭; ১০:২৮; ১ যোহান ২:২৫; ৫:১১)। এর অর্থ “ঈশ্বরের জীবন,” “নতুন যুগের জীবন,” বা “পুনরুত্থিত জীবন।” এটি প্রাথমিক ভাবে পরিমাণগত নয়, কিন্তু গুণগত (যোহান ১০:১০)।

১৭:৩ “ইহাই অনন্ত জীবন” এটাই যোহানের দ্বারা “অনন্ত জীবন” এর ব্যাখ্যা দেওয়া হয়েছে। এটি পদটি দেখায় খ্রীষ্ট ধর্মের দুটি বড় সত্য: (১) এক ঈশ্বরবাদ (দ্বি বি ৬:৪-৬) এবং (২) যীশু হলেন দায়ুদ বংশজাত মশীহ (২ শমূ ৭)। এই “অনন্ত জীবন” এমন কিছু নয় যা ভবিষ্যতের জন্য রক্ষিত, কিন্তু যীশু খ্রীষ্টে এখনই পাওয়া যায়।

□ “যেন তারা তোমাকে জানিতে পারে” এটি একটি present active subjunctive। এটি কেবলমাত্র উল্লেখ করছে না ঈশ্বর সম্বন্ধে শুধুমাত্র জানা, যদিও এর মধ্যে সত্য রয়েছে নিশ্চিত হতে, কিন্তু ব্যবহৃত হয়েছে ব্যক্তিগত সম্পর্কে Semitic অর্থে। যাহোক, সত্য হল যে যীশু হলেন মশীহ, পরিপূর্ণ এবং সম্পূর্ণ প্রকাশ একমাত্র সত্যময় ঈশ্বরের (যোহান ১:১২,১৪; কল ১:১৫; ইব্রীয় ১:৩), এবং ব্যক্তিকে অবশ্যই বিশ্বাস করতে হবে, গ্রহণ করতে হবে, অনুতাপ করতে হবে, বাধ্য হতে হবে এবং তাঁতে লেগে থাকতে হবে।

□ “একমাত্র সত্যময় ঈশ্বর” পুরাতন নিয়ম অদ্বিতীয় এর এক এবং একমাত্র সত্যময় ঈশ্বরের অস্তিত্বের নিশ্চয়তার দাবীতে (যাত্রা ৮:১০; ৯:১৪; দ্বি বি ৪:৩৫,৩৯; ৬:৪; ৩৩:২৬; ১ শমূ ২:২; ২ শমূ ৭:২২; ১ রাজা ৮:২৩; যিশা ৩৭:২০; ৪৪:৬,৮; ৪৫:৬-৭,১৪,১৮,২১,২২; ৪৬:৯; যোহান ৫:৪৪; ১ করি ৮:৪,৬; ১ তীম ১:১৭; ২:৫; যিহূদা ১:২৫)। সৌন্দর্য্যে এটি অবশ্যই বলতে হয় যে পুরাতন নিয়ম ঈশ্বরের অদ্বিতীয়ত্ব এবং একত্ব উপস্থাপনা অনেক আত্মিক সত্তার প্রাচীন Near Eastern's বিশ্ব দর্শনকে পিছনে ফেলে দিয়েছে। একমাত্র একজনই ঈশ্বর আছেন, কিন্তু অন্যরা আত্মিক সত্তা (যাত্রা ১৫:১১; দ্বি বি ৩:২৪; গীত ৮৬:৮; ৮৯:৬)।

বিশেষ বিষয়: এক ঈশ্বরবাদ (SPECIAL TOPIC: MONOTHEISM)

বিশেষ বিষয়: “সত্য” (টার্ম) যোহনের লেখনীতে (SPECIAL TOPIC: "TRUE" (THE TERM) IN JOHN'S WRITINGS)

▣ “এবং যীশু খ্রীষ্ট যাকে তুমি পাঠিয়েছ” এটি হতে পারে যোহনের একটি সম্পাদকীয় মন্তব্য। এটি জোর দিচ্ছে যে যীশুকে “পাঠান” হয়েছে পিতার কাছ থেকে যা বার বার বলা যোহনে উল্লেখ দৈতবাদ (যোহন ৩:১৭,৩৪; ৫:৩৬,৩৮; ৬:২৯,৩৮,৫৭; ৭:২৯; ৮:৪২; ১০:৩৬; ১:৪২; ১৭:৩,৮,১৮,২১,২৩,২৫; ২০:২১)। রাব্বিরা এই টার্ম *apostellō* ব্যবহার করেছেন উল্লেখ করতে একজনকে অফিশিয়াল প্রতিনিধি হিসাবে পাঠানোকে। দেখুন বিশেষ বিষয়: পাঠান (*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

১৭:৪ “এই জগতে আমি তোমার মহিমা প্রকাশ করেছি” (যোহন ১৩:৩২ পদে নোট দেখুন)। টার্ম “মহিমা” ব্যবহার হতে পারে এই অর্থে (১) “মহিমা দান করা” বা (২) “মহিমা প্রকাশ করা।” ৬ পদ ইঙ্গিত দেয় # ২। যীশুর একটি প্রধান কাজ ছিল পিতাকে প্রকাশ করা (যোহন ১:১৪,১৮)।

▣ “কাজ শেষ করে” গ্রীক মূল, *telos*, ইঙ্গিত দেয় “সম্পূর্ণরূপে সমাপ্ত করা” (যোহন ৪:৩৪; ৫:৩৬; ১৯:৩০)। কাজটি ছিল তিন ধরনের।

১. পিতাকে প্রকাশ করা (যোহন ১:১৪,১৮)
২. পতিত মানবের উদ্ধারকরণ (মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)
৩. মানবিকতার সত্যিকার উদাহরণ (যোহন ১৩:৩১; ১ পিতর ২:২১)
৪. এছাড়া, যীশুর মধ্যস্থতার কাজ বিবর্তন চলছে (১ যোহন ২:১; ইব্রীয় ৭:২৫; ৯:২৪)।

১৭:৫ “মহিমাম্বিত. . .মহিমা” এই পদ জোর দিচ্ছে খ্রীষ্টের পূর্ব অস্তিত্বের উপরে (যোহন ১:১,১৫; ৬:৬২; ৮:৫৮; ১৬:২৮; ১৭:১১,১৩,২৪; ২ করি ৮:৯; ফিলি ২:৬-১১; কল ১:১৭; ইব্রীয় ১:৩; ১০:৫-৮)। যীশুর তাঁর শিষ্যদের কাছে চিহ্ন ও অলৌকিক কাজের মাধ্যমে “মহিমা” প্রকাশ করেছেন (যোহন ১:১৪; ২:১১; ১১:৪,৪০; ১২:২৮)। এখন চূড়ান্ত “মহিমা” হবে তাঁর মৃত্যু, পুনরুত্থান ও স্বর্গীয় মহিমায় আবার ফিরে যাওয়া (যোহন ১৭:২৪; ফিলি ২:৫-৬)। verb হল aorist active imperative ব্যবহৃত হয়েছে পিতার কাছে অনুরোধ হিসাবে। “মহিমা” এর উপরে সম্পূর্ণ নোট দেখুন যোহন ১:১৪ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৭:৬-১৯

“জগতের মধ্য থেকে যাদের তুমি আমাকে দিয়েছ আমি তাদের কাছে তোমার নাম প্রকাশ করেছি; তারা তোমারই ছিল, আর তুমি তাদের আমাকে দিয়েছ। তারা তোমার কথার বাধ্য হয়ে চলেছে।^১ তারা এখন বুঝতে পেরেছে যে যা কিছু তুমি আমাকে দিয়েছ তা তোমারই কাছ থেকে এসেছে; কারণ, তুমি যে সব বাক্য আমাকে দিয়েছ তা আমি তাদের দিয়েছি; আর তারা সে সব গ্রহণ করেছে এবং সত্যিই জানতে পেরেছে যে আমি তোমার কাছ থেকে বের হয়ে এসেছি, আর বিশ্বাসও করেছে যে তুমিই আমাকে পাঠিয়েছ।^২ আমি তাদের পক্ষে অনুরোধ করছি; জগতের পক্ষে অনুরোধ করছি না, কিন্তু যাদের তুমি আমাকে দিয়েছ তাদের জন্যই অনুরোধ করছি; কারণ তারা তোমারই।^৩ আর যা কিছু আমার তা সবই তোমার, আর যা কিছু তোমার তা সবই আমার; এবং আমি তাদের মধ্যে মহিমাম্বিত হয়েছি।^৪ আমি আর এই জগতে নেই, আর তথাপি তারা এই জগতে আছে, আর আমি তোমার কাছে আসছি। পবিত্র পিতা, তোমার নামে এদের রক্ষা কর, যে নাম তুমি আমাকে দিয়েছ, যেন তারা এক হতে পারে যেমন আমরা এক।^৫ আমি যতদিন তাদের সংগে ছিলাম, ততদিন তোমার যে নাম তুমি আমাকে দিয়েছ সেই নামের গুণে আমি তাদের রক্ষা করে এসেছি; আমি তাদের পাহারা দিয়েছি আর তাদের মধ্যে কেউই বিনষ্ট হয় নি কেবল যার বিনষ্ট হবার কথা ছিল সে-ই বিনষ্ট হয়েছে, যেন পবিত্র শাস্ত্রের কথা পূর্ণ হয়।^৬ কিন্তু এখন আমি তোমার কাছে আসছি; আর জগতে এই সব বিষয় বলছি যেন আমার আনন্দে তাদের অন্তরে পূর্ণ হয়।^৭ আমি তাদেরকে তোমার বাক্য দিয়েছি; আর জগত তাদেরকে ঘৃণা করেছে, কারণ তারা জগতের নয়, যেমন আমিও জগতের নই।^৮ আমি তোমাকে অনুরোধ করছি না তুমি এই জগত থেকে তাদের নিয়ে যাও, কিন্তু শয়তানের হাত থেকে তাদের রক্ষা কর।^৯ তারা জগতের নয়, যেমন আমিও জগতের নই।^{১০} তাদেরকে সত্যে পবিত্র কর; তোমার বাক্যই সত্য।^{১১} তুমি যেমন আমাকে জগতে পাঠিয়েছিলে, তেমনি আমিও তাদের জগতে পাঠিয়েছি।^{১২} তাদের জন্য আমি নিজেকে পবিত্র করি, যেন তারাও সত্যে নিজেদের পবিত্র করতে পারে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৭:৬ “আমি তোমার নাম প্রকাশ করেছি” ইব্রীয় নামের অর্থ ছিল চরিত্রের প্রতিফলন (যোহন ১৭:১১,১২,২৫-২৬; গীত ৯:১০)। এই শব্দগুচ্ছ ধর্মতত্ত্বগত ভাবে বলতে চেষ্টা করে যে যীশুকে দেখা হল ঈশ্বরকে দেখা (যোহন ১:১৮; ১২:৪৫; ১৪:৮-১১; কল ১:১৫; ইব্রীয় ১:৩)।

“নাম” উপরের কুঠরীর কথোপকথনে একটি গুরুত্বপূর্ণ ধর্মতাত্ত্বিক ভূমিকা পালন করেছে (যোহন ১৪:১৩,১৪,২৬; ১৫:১৬,২১; ১৬:২৩,২৪,২৬; ১৭:৬, ১১,১২,২৬)। ১৭ অধ্যায়ে ঈশ্বরের দুটি অদ্বিতীয় উপাধি ব্যবহৃত হয়েছে।

১. পবিত্র পিতা, যোহন ১৭:১১
২. ধর্মময় পিতা, যোহন ১৭:২৫

▣ “যাদের তুমি আমাকে দিয়েছ” ধর্মতত্ত্বগত ভাবে এটি বলছে নির্বাচনের কথা (যোহন ১৭:২,৯,২৪; ৬:৩৭,৩৯)। কেউই আসতে পারে না যদি না

১. ঈশ্বর দেন
২. আত্মা আকর্ষণ করেন (যোহন ৬:৪৪,৬৫)
৩. তারা গ্রহণ করে (যোহন ১:১২); বিশ্বাস করে (যোহন ৩:১৬)

□ “তারা তোমার কথার বাধ্য হয়ে চলেছে” বাধ্যতা গুরুত্বপূর্ণ (যোহন ৮:৫১,৫৫; ১৪:২৩; ১৫:১০,২০)। এটি পুরাতন নিয়মের “নির্দোষ” এর মত একই অর্থে ব্যবহৃত হয়েছে নোহ, আদি ৬:৯; অব্রাহাম, আদি ১৭:১; ইস্রায়েল, দ্বি বি ১৮:১৩; ইয়োব, ইয়োব ১:১)। এটি নিখুঁত বাধ্যতা বা নির্দোষীতার ইঙ্গিত দেয় না, কিন্তু যা প্রকাশিত হয়েছে সে সকল শোনার ও করার আকাংখ্যার কথা বলে; তাছাড়া এটি কমবেশি যীশুর উপরে শিষ্যদের বিশ্বাসের কথা, যীশুতে থাকা, এবং যেভাবে যীশু তাদের ভালবেসেছেন সেভাবে তাদের একজন অন্যকে ভালবাসার কথাও বলে।

১৭:৪ “তারা বুঝতে পেরেছে” এটি “যেন” (*hoti*) এর পরে একটি perfect active indicative, যেটি উল্লেখ করে বার্তার বিষয়বস্তু। যোহনের “*hoti*” এর ব্যবহারের জন্য বিশেষ বিষয় দেখুন যোহন ২:২৩ পদে, #৪।

□ “যা কিছু তুমি আমাকে দিয়েছ তা তোমারই কাছ থেকে এসেছে” যীশু বলছেন তাঁর কাছে যা প্রকাশিত হয়েছে তা পিতার দ্বারাই হয়েছে (যোহন ১৭:৮; ৭:১৬; ১২:৪৮-৪৯)।

১৭:৮ “তারা সে সব গ্রহণ করেছে” তারা ঈশ্বর সম্বন্ধে যীশুর বার্তা গ্রহণ করেছে। এখানে সরাসরি কোন উদ্দেশ্য বর্ণিত হয়নি। যোহন ১:১২ পদে গ্রহণ করা/লাভ করার সরাসরি উদ্দেশ্য উল্লেখ করেছে যীশুর নিজেকে; এখানে, এটি হল ঈশ্বর সম্বন্ধে বার্তা যা যীশু এনেছেন (যোহন ১৭:৪)। সুসমাচারের উজ্জ্বলতর জমজ দিক হিসাবে (১) একজন ব্যক্তি এবং (২) একটি বার্তা।

□ “তারা গ্রহণ করেছে. . . তারা বিশ্বাস করেছে” এগুলি হল aorist active indicatives। এই সত্য উল্লেখ করে যীশুর ঐশ্বরীক উৎপত্তি এবং বার্তা (যোহন ৫:১৯; ৬:৬৮-৬৯; ১২:৪৮-৪৯; ১৬:৩০; ১৭:১৮,২১,২৩,২৫)।

১৭:৯ “আমি তাদের পক্ষে বিনতি করছি” যীশু হলেন আমাদের মধ্যস্থতাকারী (১ তীম ২:৫; ইব্রীয় ৮:৬; ৯:১৫; ১২:২৪) এবং উকিল (১ যোহন ২:১)। পিতাও এই কাজে জড়িত (যোহন ১৬:২৬-২৭), যেভাবে আত্মা রয়েছেন (রোমীয় ৮:২৬-২৭)। ত্রিভূতের তিন ব্যক্তিকে পরিব্রাণের সকল দিকের সাথে জড়িত।

□ “জগত” *Kosmos* এই অধ্যায়ে ১৮ বার ব্যবহৃত হয়েছে। যীশু যত্ন নিয়েছেন (১) গ্রহের (যোহন ১৭:৫,২৪) এবং (২) বিশ্বাসীদের এর পতিত অবস্থার সাথে সম্পর্কের বিষয়ে (যোহন ১:১০; ১৭:৬,৯,১১,১৩,১৪, ১৫,১৬,১৭,১৮,২১,২৩)। যোহনের লেখনীতে এই টার্ম অদ্বিতীয় ভাবে অর্থ “ঈশ্বর বিহীন মানবিক সমাজ সংগঠিত ও কার্যকর।” কখনও কখনও এটি ইঙ্গিত দেয় (১) গ্রহ; (২) গ্রহের সকল জীবন; বা (৩) ঈশ্বর বিহীন জীবন। যোহন ১৪:১৭ পদে বিশেষ বিষয় দেখুন।

১৭:১০ “আর যা কিছু আমার তা সবই তোমার আর যা কিছু তোমার তা সবই আমার” এটি প্রকাশ করছে ত্রিভূতের একতা (যোহন ১৭:১১, ২১-২৩; ১৬:১৫)। যোহন ১৪:২৬ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “আমি তাদের মধ্যে মহিমাম্বিত হয়েছি” এটি একটি perfect passive indicative। একজন শিষ্যের জীবন যীশুকে সম্মান দেবে যেভাবে তিনি পিতাকে সম্মান দিয়েছেন। কি দারুণ দায়িত্ব বোধ!

১৭:১১ “আমি আর এই জগতে নেই” এটি উল্লেখ করছে (১) আসন্ন ভবিষ্যৎ (স্বর্গারোহন) যখন যীশু পিতার কাছে ফিরে যাবেন (প্রেরিত ১:৯-১০) বা (২) যীশুর প্রকাশ্য পরিচর্যা।

□ “পবিত্র পিতা” “পবিত্র” টার্মটি কেবল মাত্র পিতার জন্য নূতন নিয়মে এখানে ব্যবহৃত হয়েছে (এছাড়াও এই উপাধি ব্যবহৃত হয়েছে, “পবিত্র জন,” ১ পিতর ১:১৫) যেভাবে এটি পুরাতন নিয়মে ব্যবহৃত হয়েছে। adjective (*hagios*) প্রায়ই আত্মার জন্যও বলা হয়েছে (যোহন ১:৩৩; ১৪:২৬; ২০:২২)। এই একইন গ্রীক মূল ব্যবহৃত হয়েছে শিষ্যদের জন্য যোহন ১৭:১৭ পদে (*hagiasmos*) এবং যোহন ১৭:১৯ পদে যীশুর জন্য (*hagiazō*)।

মূল শব্দতত্ত্বের ভিত্তি হল “ঈশ্বরের সেবার জন্য পৃথকীকৃত” (যোহন ১৭:১৭,১৯)। এটি ব্যবহৃত হয়েছে ব্যক্তি, স্থান এবং বিষয় যা অনন্য ভাবে ঈশ্বরের ব্যবহারের জন্য দেওয়া হয়েছে। এটি বর্ণনা করেছে ঈশ্বরের সকল কিছুতে অতিক্রম করার চরিত্রকে (ইস্রায়েল পবিত্র জন) এবং দৈহিক, জাগতিক, পতিত বিষয়ের চেয়ে আলাদা। যীশু পবিত্র ছিলেন; তাঁর অনুসারীরাও তাঁর মতই হবে, “পবিত্রতা” প্রতিফলিত করবে। টার্ম “পবিত্র” এর মূল গ্রীক টার্ম “পবিত্র” থেকে এসেছে। বিশ্বাসীরা পবিত্র কারণ তারা খ্রীষ্টে আছে, কিন্তু তারা আরও পবিত্র হবে যখন তারা তাঁর জন্য জীবন যাপন করবে, তাঁর মত হবে, এবং তাঁতে থাকবে।

বিশেষ বিষয়: পবিত্র (SPECIAL TOPIC: HOLY)

□ “তোমার নামে তাদের সুরক্ষা কর” যীশু প্রার্থনা করছেন (aorist active imperative) নিরাপত্তা ও ব্যক্তিগত উপস্থিতির শক্তির জন্য যা তাঁকে YHWH দিয়েছেন (perfect active indicative) তাঁর শিষ্যদের তা যোগন হয় (যোহন ১৭:১২)। এটি তাদের এই পতিত জগতে তাদের পরিচর্যা করতে সক্ষম করবে যেভাবে তিনি এই পতিত জগতে পরিচর্যা করেছেন (যোহন ১৭:১৮)। এটি একতার (যোহন ১৭:২১) একটি উপকার তাদের মধ্যে

১. পিতা
২. পুত্র
৩. শিষ্যরা

□ “যেন তারা এক হতে পারে যেমন আমরা এক” এটি একটি present subjunctive। এটি উল্লেখ করছে ত্রিভুঙ্গ ঈশ্বরের সম্পর্কগত এরকতার কথা (যোহন ১৭:২১,২২,২৩; ১০:৩০; ১৪:১০)। এটি একটি দারুণ অনুরোধ এবং দায়িত্ববোধ খ্রীষ্টিয়ানদের জন্য! এই ধরণের একতার আহবান আজকের যুগে বড় অভাব (ইফি ৪:১-৬)। একতা, সামঞ্জস্য নয়, হল ঈশ্বরের বিভক্ত মন্ডলীসমূহের একতায় ফিরে আসার উপায়।

১৭:১২ “আমি রক্ষা করে এসেছি. . .আমি তাদের পাহারা দিয়েছি” প্রথম verb টি হল imperfect tense এবং দ্বিতীয়টি aorist tense। এই verbs গুলি একই রকমের। প্যাসেজের চালিকা হল যীশুর অবিরত সুরক্ষা (১ পিতর ১:৩-৯)।

Word Studies in the New Testament, Vol. 1, M. R. Vincent এই দুটি টার্মের মধ্যে সুস্পষ্ট পার্থক্য করেছেন। তিনি বলেছেন প্রথমটি (*tēreō*) অর্থ সংরক্ষন করা এবং দ্বিতীয়টি (*phulassō*) অর্থ পাহারা দেওয়া (পৃ..৪৯৬)।

□ “তাদের কেউই বিনষ্ট হয়নি” এটি দেখায় যীশুর সুরক্ষার ক্ষমতা (যোহন ৬:৩৭,৩৯; ১০:২৮-২৯)।

এই টার্ম (*apollumi*) অনুবাদ করা কঠিন কারণ এটি দুটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। *Theological Dictionary of the New Testament, Vol. 1, Gerhard Kittel* এই কথা বলেছেন “সাধারণ ভাবে আমরা এটা বলতে পারি যে ২ এবং ৪ আশ্রয় করা মন্তব্য এই জগতের সাথে সম্পর্কিত যেমন Synoptic এ আছে, যখন ১ এবং ৩ তাদের আশ্রয় করেছে পরবর্তী জগতের সাথে সম্পর্কে যেভাবে পৌল ও যোহনে আছে” পৃ..৩৯৪। তিনি যে ব্যাখ্যা দিয়েছেন তা হল:

১. “ধংস বা হত্যা করা”
২. “খুলে দেওয়া বা কষ্ট হালকা করা থেকে”
৩. “বিনষ্ট করা”
৪. “হারিয়ে ফেলা”

এই টার্ম প্রায়ই নিশ্চিহ্ন করার মতবাদ বলতে চেষ্টা করায় ব্যবহৃত হয়েছে, অর্থাৎ, সেই সব অবিশ্বাসী লোকেরা বিচারের পরে অস্তিত্ব হারাবে। এটি মনে হয় ১২:২ পদের লংঘন। এটি আরও হারাচ্ছে পার্থক্য যোহন ও পৌল বনাম Synoptic সুসমাচারের পদসমূহের মধ্যকার তাৎপর্য, যারা এটি রূপক ভাবে ব্যবহার করেছেন আত্মিকতা হারানোতে, দৈহিক ধংস সাধনে নয়। যোহন ১০:১০ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “কিন্তু যার বিনষ্ট হবার কথা ছিল” এটি সুস্পষ্ট ভাবে যিহূদা ইষ্কারিয়োটের কথা বলছে। এই একই শব্দগুচ্ছ ১ থিষ ২:৩ পদে “পাপ পুরণ” এর জন্য ব্যবহৃত হয়েছে (শেষ কালীন খ্রীষ্টারী)। এটি একটি ইব্রীয় বাগধারা অর্থ “একজন যার ভাগ্য নির্ধারিত হারিয়ে যাবার জন্য।” এটি একটি শব্দের খেলা “হারান” টার্মের উপরে যেটি এই পদের আগেই ব্যবহৃত হয়েছে: “কেউই হারিয়ে যায়নি একমাত্র যার অদৃষ্ট ছিল হারিয়ে যাবার সে ছাড়া।”

দেখুন [বিশেষ বিষয়: ধর্মত্যাগ \(APHISTĒMI\) \(SPECIAL TOPIC: APOSTASY \(APHISTĒMI\)\)](#) যোহন ৬:৬৪ পদে।

□ “যেন পবিত্র শাস্ত্রের কথা পূর্ণ হয়” এটি উল্লেখ করছে গীত ৪১:৯ পদকে, উদ্ধৃত করা হয়েছে যোহন ১৩:১৮; ৬:৭০-৭১ পদে।

১৭:১৩ “কিন্তু এখন আমি তোমার কাছে আসছি” এটি উল্লেখ করতে পারে

১. যীশুর প্রার্থনা (যোহন ১৭)
২. যীশুর স্বর্গরোহন (যোহন ১৭:১১; প্রেরিত ১)

□ “জগতে এই সব বিষয় বলছি” এই শব্দগুচ্ছ হতে পারে আগের সঙ্গে সংযুক্ত

১. ১১:৪২, যীশু উচ্চস্বরে বললেন যেন অন্যরাও শুনতে পারে
২. ১৫:১১, যীশুর কথা সরাসরি শিষ্যদের “আনন্দ” এর সঙ্গে সম্পর্কিত

□ “যেন আমার আনন্দে তাদের অন্তরে পূর্ণ হয়” এটি একটি present active subjunctive এবং perfect passive participle। কি চমৎকার প্রতিজ্ঞা (যোহন ১৫:১১; ১৬:২৪)। যোহন এই একই শব্দ আবার ব্যবহার করেছেন (১ যোহন ১:৪; ২ যোহন ১২)।

১৭:১৪ “আমি তাদেরকে তোমার বাক্য দিয়েছি” টার্ম “বাক্য” এখানে হল *logos*। গ্রীক একই রকম হল যা *rhēma* ব্যবহৃত হয়েছে ৮ পদে। এটি যীশুর ব্যক্তিত্ব, শিক্ষা, ও উদাহনের মধ্যে দিয়ে ঐশ্বরীক প্রকাশের একটি নিশ্চয়তা। যীশু বাক্য দিয়েছেন এবং নিজেই বাক্য ছিলেন। বাক্য ব্যক্তিগত ও সমার্থক বিষয়বস্তু উভয়ই। সুসমাচারের ব্যক্তিকে আমরা স্বাগত জানাই এবং সুসমাচারের বার্তাকে বিশ্বাস করি!

□ “জগত তাদেরকে ঘৃণা করেছে” জগতের দ্বারা প্রত্যাখান একটি চিহ্ন খ্রীষ্টের দ্বারা গৃহিত হওয়ার (যোহন ১৫:১৮-২০; ১ যোহন ৩:১৩) ।

□ “কারণ তারা জগতের নয়” বিশ্বাসীরা জগতে আছে কিন্তু তারা জগতের নয় (যোহন ১৭:১৬; ১ যোহন ২:১৫-১৭) ।

□ “যেমন আমি এই জগতের নই” “জগত” উল্লেখ করে মানবের ও দুতদের বিদ্রোহের পতিত এই যুগ (যোহন ৮:২৩) । এটি যোহনের উলম্ব দ্বৈতবাদের আর একটি উদাহরণ ।

১৭:১৫ “আমি তোমাকে অনুরোধ করছি না তুমি এই জগত থেকে তাদের নিয়ে যাও” খ্রীষ্টিয়ানদের জগতে কাজে নিয়োজিত (যোহন ১৭:১৮; মথি ২৮:১৯-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮) । তাদের এখনও সময় হয়নি বাড়ী যাবার!

NASB, NKJV “শয়তান”

NRSV “শয়তান”

TEV, NJB “শয়তান”

এই টার্ম হয় neuter না হয় masculine । এই সাহিত্যের একক উল্লেখ করে প্রায়ই মন্দতার ব্যক্তিগত শক্তিকে (যোহন ১২:৩১; ১৩:২৭; ১৪:৩০; ১৬:১১), সেজন্য, এই পদ, মথি ৫:৩৭; ৬:১৩; ১৩:১৯, ৩৮ পদের মত, অবশ্যই হবে “শয়তান” (২ থিষ ৩:৩; ১ যোহন ২:১৩-১৪; ৩:১২; ৫:১৮-১৯) । যোহন ১২:৩১ পদে বিশেষ বিষয় দেখুন ।

১৭:১৭ “পবিত্র কর” এটি একটি aorist active imperative মূল “পবিত্র” (*hagios*) থেকে । এর অর্থ হতে পারে

১. বিশ্বাসীদের আহবান জানানো হয়েছে খ্রীষ্টসাদৃশ্য হতে (যোহন ১৭:১৯; রোমীয় ৮:২৮-২৯; ২ করি ৩:১৮; ৭:১; গালা ৪:১৯; ইফি ১:৪; ৪:১৩; ১ থিষ ১ ৩:১৩; ৪:৩, ৭; পিতর ১:১৫) । এটি কেবল হতে পারে সত্যের জ্ঞানের মাধ্যমে, যেটি জীবন্ত বাক্য (যীশু, যোহন ১:১-১৪) এবং লিখিত বাক্য (বাইবেল, যোহন ১৫:৪) উভয়ই ।
২. “পবিত্র করা,” এর পুরাতন নিয়মের অর্থ, মূল অর্থ হল “ঈশ্বরের কাজের জন্য পৃথকীকৃত” । তাদের জন্য “পবিত্র কৃত হওয়া”এর উদ্দেশ্য ১৮ পদ ব্যাখ্যা করেছে ।

এটা কোন প্রশ্ন নয় যে #১ বা #২ এর যে কোন একটি সত্য হবে । উভয়ই সত্য । যীশুর জীবন দেখিয়েছে উভয়ের প্রয়োজনীয়তা (যোহন ১৭:১৯) ।

এটি সম্পূর্ণ সম্ভব যে যোহনের শিষ্য ছিল যারা ঈশ্বরে সেবার জন্য “পবিত্র কৃত” হয়েছিল যেভাবে পুরাতন নিয়মের যাজকেরা ঈশ্বরের কাজের জন্য পৃথকীকরণ হতেন সেই উপমা হিসাবে । তারা পুরাতন নিয়মের উৎসর্গের মধ্যস্থতাকারী হিসাবে সেবা করতেন, কিন্তু শিষ্যরা সেবা কাজ করবে যেভাবে নূতন নিয়মের প্রকাশকের পরিপূরক হিসাবে, সকলের জন্য একবার উৎসর্গ, খ্রীষ্ট (ইব্রীয় পুস্তক দেখুন, যেটি পুরাতন নিয়ম ও নূতন নিয়ম তুলনা করেছে) ।

□ “সত্যে; তোমার বাক্যই সত্য” সত্য উল্লেখ করেছে যীশুর ঈশ্বর সম্বন্ধে বার্তাকে (যোহন ৮:৩১-৩২) । যীশুকে বলা হয়েছে ঈশ্বরের বার্তা (*Logos*, যোহন ১:১, ১৪) এবং সত্য (যোহন ১৪:৬) উভয়ই । আত্মাকে প্রায়ই উল্লেখ করা হয়েছে সত্যের আত্মা বলে (যোহন ১৪:১৭; ১৫:২৬; ১৬:১৩) । লক্ষ্য করুন যে বিশ্বাসীরাও সত্যে পবিত্রকৃত (যোহন ১৭:১৯, perfect passive participle) এবং আত্মা দ্বারাও (১ পিতর ১:২) । গ্রীক মূল “সত্যিকার, সত্য” বিষয়ে পরিপূর্ণ আলোচনার জন্য বিশেষ বিষয় দেখুন সত্যের উপরে যোহন ৬:৫৫ এবং ১৭:৩ পদে ।

এটি সম্ভব যে “তোমার বাক্য সত্য” হতে পারে একটি উল্লেখ বা উদ্ধৃতি LXX এর গীত ১১৯:১৪২ পদের, “তোমার ধার্মিকতা হল চিরকাল স্থায়ী ধার্মিকতা, এবং তোমার ব্যবস্থা সত্য ।” এটি নিশ্চিত ভাবে সম্ভব যে যীশুকে যেভাবে দেখা হয়েছে

১. নূতন মোশি (দি বি ১৮:১৫)
২. তাঁর শিষ্যরা নূতন যাজক হিসাবে (“পবিত্রকৃত” verb ব্যবহার করে)
৩. তাঁর জীবন একমাত্র সত্যময় ঈশ্বরের সত্যিকার প্রকাশ হিসাবে
৪. দ্রিষ্ট ঈশ্বরের এবং শিষ্যদের একতা হল সৃষ্টির উদ্দেশ্যের পূর্ণতা (অর্থাৎ, আদি ১:২৬-২৭) ।
৫. যীশু হলেন আদি ৩:১৫ পদের পূর্ণতা

১৭:১৮ “তুমি যেমন আমাকে জগতে পাঠিয়েছিলে” যীশুর বাধ্যতা ও সেবার জীবন, এমনকি মৃত্যু পর্যন্ত (২ করি ৫:১৪-১৫; গালা ২:২০; ১ যোহন ৩:১৬), তাঁর অনুসারীদের জন্য আদর্শ স্থাপন করেছে (যোহন ১৭:১৯) । তিনি তাদের এই হারান জগতে প্রচার কাজে পাঠাবেন যেভাবে তিনি পাঠিয়েছেন যোহন ২০:২১ পদে । তারা অবশ্যই জগতে নিয়োজিত থাকবে, এর থেকে নিভৃতচারী হয়ে নয় । দেখুন বিশেষ বিষয়: পাঠান (*Apostellō*) যোহন ৫:২৪ পদে ।

১৭:১৯ “আমি নিজেকে পবিত্র করি” এটি অবশ্যই উল্লেখ করেছে এই প্রসঙ্গে কালভেরীর বিষয়! যীশু নিজেকে নিয়োজিত করেছিলেন পিতার ইচ্ছা পালন করতে (অর্থাৎ, মার্ক ১০:৪৫) ।

□ “যেন তারাও সত্যে নিজেদের পবিত্র করতে পারে” এটি একটি *hina* clause (purpose clause) সাথে periphrastic perfect passive participle, যেটি ইঙ্গিত করছে যে পলাফল ইতিমধ্যে ঘটেছে এবং চলমান রয়েছে জোরের সাথে । যাহোক, অদৃশ্য ঘটনার উপদানের ভিত্তি

১. খ্রীষ্টের আসন্ন ক্রুশের কাজ, পুনরুত্থান ও স্বর্গারোহন
২. তাদের অবিরত অনুতাপে বিশ্বাসে সাড়া প্রদান যীশু এবং তাঁর শিক্ষায়

বিশেষ বিষয় দেখুন যোহন ৬:৫৫ ও ১৭:৩ পদে সত্য।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৭:২০-২৪

^{২০}“আমি যে কেবল এদের জন্য অনুরোধ করছি তা নয়, কিন্তু যারা এদের কথার মধ্য দিয়ে আমার উপর বিশ্বাস করবে তাদের জন্যও করছি; ^{২১} যেন তারা সকলে এক হয়। পিতা, তুমি যেমন আমার সংগে যুক্ত আছ আর আমি তোমার সংগে তেমনি তারাও যেন আমাদের মধ্যে থাকে, যেন জগত বিশ্বাস করতে পারে যে তুমিই আমাকে পাঠিয়েছ। ^{২২} যে মহিমা তুমি আমাকে দিয়েছ তা আমি তাদের দিয়েছি, যেন তারা এক হতে পারে, ঠিক যেমন আমরা এক; ^{২৩} আমি তাদের মধ্যে এবং তুমি আমার মধ্যে, যেন তারাও সিদ্ধ হয়ে এক হতে পারে, তাতে জগত জানতে পারবে যে, তুমিই আমাকে পাঠিয়েছ, এবং তাদের ভালবেসেছ, যেমন তুমি আমাকে ভালবেসেছ। ^{২৪} পিতা, আমার ইচ্ছা তারাও, তুমি যাদের আমাকে দিয়েছ, তারাও যেন সেখানে আমার সঙ্গে থাকে, যেন তারা আমার সেই মহিমা দেখতে পায় যা তুমি আমাকে দিয়েছ, কারণ জগৎ সৃষ্ট হবার আগে থেকেই তুমি আমাকে ভালবেসেছ।” (অনুবাদকৃত টেক্সট)।

১৭:২০ “কিন্তু যারা আমার উপর বিশ্বাস করবে তাদের জন্যও করছি” এটি একটি present tense কাজ করছে future tense হিসাবে। এটি উল্লেখ করছে সকল ভবিষ্যৎ বিশ্বাসীদের এবং যোহন ১০:১৬ পদ, এমনকি পরজাতিয়েরাও। যোহন ২:২৩ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “এদের কথার মধ্য দিয়ে” এটি টার্ম *logos*। কারণ এটি ব্যবহৃত হয়েছে যোহন ১৭:১৪ পদে এবং এর সমার্থক *rhēma* যোহন ১৭:৮ পদে, এটি অবশ্যই উল্লেখ করছে শিষ্যদের যীশুর বৈপ্রবাত্মক বার্তা অন্যদের কাছে বলা।

১৭:২১ “যেন তারা সকলে এক হতে পারে” এই একতা কিছুই নয় ত্রিভূত একতা ছাড়া (যোহন ১৭:১১, ২২, ২৩; ইফি ৪:১-৬)। এটি যীশুর শিক্ষার একটি দিক যে তাঁর অনুসারীরা অনুসরণ করে নাই।

□ “যেন জগত বিশ্বাস করতে পারে যে তুমিই আমাকে পাঠিয়েছ” এটি একটি present active subjunctive। একতার উদ্দেশ্য হল সুসমাচার প্রচার। ২৩ পদের একেবারে একই রকমের কাঠামো এবং গুরুত্ব!

যীশুর প্রার্থনার মধ্যে একটি একটি উদ্ভেজনা রয়েছে। তিনি জগতের জন্য প্রার্থনা করছেন না (যোহন ১৭:১৯), তথাপি তিনি জগতে তাঁর শিষ্যদের তাঁর বার্তা দিয়ে পাঠাচ্ছেন যেটি তাদের জন্য নির্যাতনের কারণ হবে যেহেতু ঈশ্বর জগতকে ভালবাসেন (যোহন ১৭:২১, ২৩; ৩:১৬)। ঈশ্বর চান সমস্ত জগত যেন বিশ্বাস করে (১ তীম ২:৪; তীত ২:১১; ২ পিতর ৩:৯)। ঈশ্বর তাদের সকলকে ভালবাসেন যাদের তিনি তাঁর মত করে তাঁর সাদৃশ্য সৃষ্টি করেছেন। যীশু সমস্ত জগতের পাপের জন্য মৃত্যুবরণ করেছেন। দেখুন বিশেষ বিষয়: পাঠান(*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

১৭:২২ “যে মহিমা তুমি আমাকে দিয়েছ তা আমি তাদের দিয়েছি” উভয়ই perfect active indicatives। মহিমা অবশ্যই উল্লেখ করছে বৈপ্রবাত্মক বার্তার কথা। তারা জগতে তাঁর বার্তা বহন করবে যেভাবে যীশু পিতার বাক্য বহন করেছেন। এটি তাদের মধ্যে তাঁর প্রত্যাখানের ফলও আনবে! A. T. Robertson in his *Word Pictures in the New Testament*, Vol. V, বলেছেন “এটি হল দেহধারনকৃত বাক্যের মহিমা (যোহন ১:১৪; এবং ২:১১) অনন্তকালীন বাক্যের মহিমা নয় যা উল্লেখ করা হয়েছে যোহন ১৭:২৪ পদে” (পৃ...২৮০)। যোহন ১:১৪ পদে মহিমার পূর্ণ নোট দেখুন।

১৭:২৩ “যেন তারাও সিদ্ধ হয়ে এক হতে পারে” এটি *hina* clause সাথে periphrastic perfect passive, যোহন ১৭:১৯ পদের মত, এখানে অদৃশ্য ঘটনার উপাদান রয়েছে যার ভিত্তি (১) খ্রীষ্টের আসন্ন কাজ বা (২) তাদের অবিরত বিশ্বাস। ইঙ্গিত হল যে তারা এর মধ্যেই একতাবদ্ধ হয়েছে যীশুর দ্বারা এবং তা টিকে থাকবে! উক্তার উদ্দেশ্য সুসমাচার প্রচার।

□ “এবং তাদের ভালবেসেছ যেমন তুমি আমাকে ভালবেসেছ” এটি একটি প্রতিজ্ঞা (যোহন ১৬:২৭ এবং ১৪:২১-২৩ পদ), কিন্তু এর রয়েছে একটি শর্ত। ঈশ্বর নিয়মের মধ্যে দিয়ে মানুষের সাথে সম্পর্ক রাখতে চান (“যদি...তারপর”)।

ভালবাসা (*agapeō*) এসেছে ৮ বার যোহন ১-১২ অধ্যায়ে, কিন্তু ৩১ বার যোহন ১৩-১৭ অধ্যায়ে। উপরের কুঠরীর কথাবার্তা জোর দিয়েছে পিতা ঈশ্বরের চরিত্র প্রকাশে পুত্রের বাক্য এবং কাজের মধ্যে দিয়ে এবং এর পরপরই, পুনরুত্থান, এবং বিশেষ করে পঞ্চাশতমী, শিষ্যদের মাধ্যমে। ঈশ্বর প্রেম (১ যোহন ৪:৭-২১)।

১৭:২৪ “সেখানে আমার সঙ্গে থাকে” যীশু মহিমায় ফিরে যাচ্ছেন তাঁর অনুসারীদের জন্য স্থান প্রস্তুত করতে (যোহন ১৪:১-৩)। এই জগত আমাদের বাড়ী নয় যেমন এটি তাঁরও ছিল না! এটি তাঁর সৃষ্টি (আদি ১-২) এবং এটি পুনরুদ্ধার করা হবে (প্রকা ২১-২২)।

□ “যেন তারা আমার সেই মহিমা দেখতে পায় যা তুমি আমাকে দিয়েছ” স্পষ্টতই “মহিমা” টার্মটি এই পদে যোহন ১৭:২২ পদে যে অর্থ তা হতে পারে না। এখানে এটি মনে হয় অর্ন্তভুক্ত যীশুর ঈশ্বরত্বের পূর্ব অস্তিত্ব।

□ “জগত সৃষ্টি হবার আগে” ত্রিভু স্ফর সৃষ্টির পূর্ব থেকেই পুনরুদ্ধারের কাজে সক্রিয়। এই শব্দগুচ্ছ নূতন নিয়মে বেশ কয়েকবার ব্যবহৃত হয়েছে (মথি ২৫:৩৪; লূক ১১:৫০; ইফি ১:৪; ইব্রীয় ৪:৩; ৯:২৬; ১ পিতর ১:২০; প্রকা ১৩:৮; ১৭:৮)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৭:২৫-২৬

^{২৫} “ও ধর্মময় পিতা, যদিও জগত তোমাকে জানে না, তথাপি আমি তোমাকে জানি; আর এরা জেনেছে যে তুমিই আমাকে পাঠিয়েছ; ^{২৬} আর আমি তাদের কাছে তোমার নাম জানিয়েছি, এবং জানাব, যেন তুমি আমাকে যেভাবে ভালবাস সেই রকম ভালবাসা তাদের অন্তরে থাকে, আর আমি যেন তাদের মধ্যে থাকি।” (অনুবাদকৃত টেক্সট)।

১৭:২৫ “ধর্মময় পিতা” এটি কেবল মাত্র নূতন নিয়মে এখানে দেখা যায়। এর সমান্তরাল হল “পবিত্র পিতা” যোহন ১৭:১১ পদে। “নলখাগড়া পরিমাপ” এর ইব্রীয় শব্দ থেকে এসেছে। স্ফর হলেন বিচারের মানদণ্ড! দেখুন ১ যোহন ২:২৯ পদে বিশেষ বিষয়।

□ “জগত তোমাকে জানে নাই” জগত, স্ফর বিহীন মানবিক সামাজিক সংগঠন এবং ক্রিয়াকর্ম (যোহনের অনন্য ব্যবহার), স্ফরকে জানে নাই (যোহন ১৭:২৫) এমনকি তাঁর পুত্রকেও (যোহন ১:১০)। এটি মন্দ এবং দুষ্টি (যোহন ৩:১৯-২০; ৭:৭)।

□ “তথাপি আমি তোমাকে জানি” যীশু হলেন স্ফর সম্বন্ধে জানার সর্বোচ্চ ও নিখুঁত উৎস (যোহন ১:১৮; ৩:১১)।

১৭:২৬ “আমি তাদের কাছে তোমার নাম জানিয়েছি” এটি উল্লেখ করছে মানুষের পরিব্রাণের জন্য পিতার চরিত্র ও কাজের বিষয় যীশুর প্রকাশের মাধ্যমে (যোহন ১৭:৬,১১,১২; থেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮)। “জানা” টার্মটি যোহন ১৭:২৫-২৬ পদে পাঁচ বার ব্যবহৃত হয়েছে।

□ “এবং জানাব” এটি উল্লেখ করছে হয় (১) যীশুর অবিরত প্রকাশ আত্মার মাধ্যমে যিনি তাঁর শিক্ষাকে ব্যাখ্যা করবেন না হয় (২) পরিব্রাণের (আবেগের সপ্তাহ) কাজ যা ঘটতে চলেছে। এই প্যাসেজের প্রসঙ্গ ইঙ্গিত দেয় # ১। পরিব্রাণে অর্ন্তভুক্ত ব্যক্তি এবং বার্তা, এটি সিদ্ধান্ত ও জীবন পদ্ধতি, প্রাথমিক বিশ্বাস ও অবিরত বিশ্বাস। এতে অর্ন্তভুক্ত “জানা” এর গ্রীক তাৎপর্য এবং “জানা” এর ইব্রীয় তাৎপর্য উভয়ই।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. এই প্রার্থনা ধর্মতত্ত্বগত ভাবে কেন এত গুরুত্বপূর্ণ?
২. যিহূদা কি বিশ্বাসী ছিল যার অনুগ্রহ থেকে পতন হয়েছে?
৩. আমাদের একতার উদ্দেশ্য কি?
৪. কেন যীশুর পূর্ব অস্তিত্ব গুরুত্বপূর্ণ?
৫. মূল টার্মগুলির প্রসঙ্গ ব্যাখ্যা করুন:
 - ক. “মহিমাম্বিত”
 - খ. “দেওয়া”
 - গ. “জানা”
 - ঘ. “পাঠান”
 - ঙ. “নাম”
 - চ. “বাক্য”

যোহন ১৮

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশুর প্রতি বিশ্বাস ঘাতকতা ও তাঁকে বন্দি করা	গেৎশিমানীতে বিশ্বাস ঘাতকতা ও বন্দিত্ব	যীশুর বন্দিত্ব, বিচার, ক্রুশবিদ্ধকরণ ও সমাধি (১৮:১-১৯:৪২)	যীশুর বন্দিত্ব	যীশুর বন্দিত্ব
১৮:১-১১	১৮:১-১১	১৮:১-১১	১৮:১-৪ ১৮:৫ক ১৮:৫খ ১৮:৫গ-৭ক ১৮:৭খ ১৮:৮-৯ ১৮:১০-১১	১৮:১-৯ ১৮:১০-১১
মহাপুরোহিতের সামনে যীশু	মহাপুরোহিতের যীশুকে প্রশ্ন করা		মহাপুরোহিতের যীশুকে প্রশ্ন করা	
১৮:১৯-২৪	১৮:১৯-২৪	১৮:১৯-২৪	১৮:১৯-২১ ১৮:২২ ১৮:২৩ ১৮:২৪	১৮:১৯-২৪
পিতর আবার যীশুকে অস্বীকার করেন	পিতর আরও দুবার অস্বীকার করেন		পিতর আবার যীশুকে অস্বীকার করেন	
১৮:২৫-২৭	১৮:২৫-২৭	১৮:২৫-২৭	১৮:২৫ক ১৮:২৫খ ১৮:২৬ ১৮:২৭	১৮:২৫-২৭
পিলাতের সামনে যীশু	পিলাতের দরবারে		পিলাতের সামনে যীশু	পিলাতের সামনে যীশু
১৮:২৮-৩৮ক	১৮:২৮-৩৮	১৮:২৮-৩২	১৮:২৮-২৯ ১৮:৩০	১৮:২৮-৩২

		১৮:৩১ _ক	
		১৮:৩১ _ক -৩২	
	১৮:৩৩-৩৮ _ক	১৮:৩৩	১৮:৩৩-১৯:৩
		১৮:৩৪	
		১৮:৩৫	
		১৮:৩৬	
		১৮:৩৭ _ক	
		১৮:৩৭ _ক	
		১৮:৩৮ _ক	
যীশুর মৃত্যুদণ্ড	বারবাসের স্থান গ্রহণ	যীশুর মৃত্যুদণ্ড	
(১৮:৩৮ _ক -১৯:১৬ _ক)		(১৮:৩৮ _ক -১৯:১৬ _ক)	
১৮:৩৮ _ক -১৯:৭	১৮:৩৮ _ক -১৯:৭	১৮:৩৮ _ক -৩৯	
	১৮:৩৯-৪০		
		১৮:৪০-১৯:৩	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১৮:১-৪০ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. গেৎশিমানেতে যীশুর কষ্টের বিষয়টিকে যোহন বলেন নাই (যদিও ১৭ অধ্যায় হতে পারে সমান্তরাল)। এটি আপতদৃষ্টিতে ছিল কারণ তিনি জোর দিয়েছিলেন যীশুর গতিশীল চরিত্রের উপরে যেটি সব পরিস্থিতিকে নিয়ন্ত্রণ করছিল। তিনি নিজেই তাঁর জীবন সমর্পণ করেছিলেন (যোহন ১০:১১, ১৫, ১৭, ১৮)।

খ. এই অধ্যায়ের ঘটনাগুলির ধারাবাহিকতা কোন না কোন ভাবে Synoptic সুসমাচারের থেকে আলাদা। এই অসামঞ্জস্যতা মনে হয় আরোপ

করা যায়

১. প্রত্যক্ষদর্শীর সাক্ষ্যের প্রকৃতি
২. লেখকের ধর্মতাত্ত্বিক উদ্দেশ্য

গ. Synoptic সুসমাচারের চেয়ে যোহন খুবই আলাদা। কেন এবং কিভাবে প্রশ্ন তা পন্ডিতেরা উত্তর দিতে পারেন না। আমি এই বিষয়ে সবচেয়ে ভাল যে আলোচনা দেখেছি তাহল Gordon Fee, Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth* পুস্তকে, এখানে এটি বেশ কিছু তত্ত্ব উল্লেখ করেছে। আপাতদৃষ্টিতে সুসমাচার লেখক, অনুপ্রেরণার অধীনে, স্বাধীনতা ছিল

১. নির্বাচিত করা
২. খাপ খাইয়ে নেওয়া
৩. পুনরায় সজ্জিত করা

যীশুর কথা ও কাজকে। আমি মনে করি না যে এগুলো কথা ও কাজে হতে পারে, কিন্তু সেগুলো খাপ খাইয়ে নেওয়া হয়েছে সেগুলোর সুমাচার প্রচারমূলক উদ্দেশ্যের সাহায্যের জন্য বিভিন্ন দলের কাছে যীশুকে প্রকাশে। মরে রাখতে হবে সুসমাচার কোন পশ্চিমা ইতিহাস নয় (অর্থাৎ, কারণ এবং ফলাফল ও কালানুক্রমিক), কিন্তু প্রচ্যের ইতিহাস। সেগুলো জীবনী নয়, কিন্তু সুসমাচার প্রচারমূলক লেখনী।

ঘ. এই অধ্যায়ের উপরে একটি ভাল রেফারেন্স বই হল, যতদূর সম্ভব যীশুর বিচারের বৈধতা সম্পর্কে (মহাসভা, ৪:১), হল, A. N. Sherwin-White's *Roman Society and Roman Law in the NT*।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:১-১১

^১ এই সব কথা বলবার পরে যীশু তাঁর শিষ্যদের সংগে কিদ্রোণ শ্রোত পার হলেন, সেখানে একটা বাগান ছিল। যীশু আর তাঁর শিষ্যেরা সেই বাগানে প্রবেশ করলেন। ^২ আর যিহূদা, যে তাঁকে শত্রুদের হাতে ধরিয়ে দিয়েছিল, সে সেই জায়গাটা চিনত, কারণ যীশু প্রায়ই তাঁর শিষ্যদের সংগে সেখানে মিলিত হতেন। ^৩ পরে যিহূদা, প্রধান পুরোহিতেরা ও ফরীশীরা তাকে রোমীয় সৈন্য এবং কয়েকজন কর্মচারী পেয়ে, বাতি, মশাল আর অস্ত্রশস্ত্র নিয়ে সেখানে উপস্থিত হল। ^৪ তখন যীশু, নিজের উপর যা যা ঘটবে তা সবই জেনে, বের হয়ে এলন এবং সেই লোকদের বললেন, “আপনারা কাকে খুঁজছেন?” ^৫ তারা তাঁকে উত্তর দিল, “নাসরতের যীশুকে।” যীশু তাদের বললেন, “আমিই তিনি।” আর যিহূদাও, যে তাঁকে শত্রুদের হাতে ধরিয়ে দিয়েছিল, তাদের সংগে দাঁড়িয়ে ছিল। ^৬ তাই যখন তিনি তাদের বললেন, “আমিই তিনি,” তখন তারা পিছিয়ে গিয়ে মাটিতে পড়ে গেল। ^৭ সেজন্য তিনি আবার তাদের জিজ্ঞাসা করলেন, “আপনারা কাকে খুঁজছেন?” তারা বলল, “নাসরতের যীশুকে।” ^৮ যীশু উত্তর করলেন, “আমি তো আপনাদের বলেছি যে আমিই তিনি; তাই যদি আপনারা আমারই খোঁজে এসে থাকেন, তবে এদের চলে যেতে দিন।” ^৯ এটা ঘটল যাতে যীশুর বলা এই কথাটা পূর্ণ হয়, “যাদের তুমি আমাকে দিয়েছ তাদের একজনকেও আমি হারাই নি।” ^{১০} তখন শিমোন-পিতরের কাছে একটা ছোরা ছিল, তিনি সেই ছোরাটা বের করে মহাপুরোহিতের দাসকে আঘাত করে তার ডান কানটা কেটে ফেললেন; সেই দাসের নাম ছিল মক্ষ। ^{১১} তখন যীশু পিতরকে বললেন, “তোমার ছোরা খাপে রাখ; পিতা আমাকে যে পেয়ালা দিয়েছেন, তা কি আমি পান করব না?” (অনুবাদকৃত টেক্সট)।

১৮:১ “কিদ্রোণ শ্রোত” টার্ম “উপত্যকা” অর্থ “শীতকালিন-শ্রোতধারা” বা “wadi।” “কিদ্রোণ (BDB 871) অর্থ (১) বিস্তীর্ণ চিরসবুজ বন বা (২) কালো। এটি ছিল একটি wadi যা সম্পূর্ণরূপে শুকনা ছিল গ্রীষ্মকালে কিন্তু শীতকালে প্রবাহমান হয়েছে। এটি ছিল সেই স্থান যেখানে মোরিয়া পর্বত থেকে উৎসর্গের রক্ত বয়ে যেত। এটি হতে পারে “কালো” বর্ণনার উৎস। এটি ছিল মন্দিরের ভিটা ও জৈতুন পর্বতের মধ্যে (LXX ২ শমুয়েল ১৫:২৩; ২ রাজা ২৩:৪,৬,১২; ২ বংশ ১৫:১৬; ২৯:১৬; ৩০:১৪; যির ৩১:৪০)।

এই পয়েন্টে গ্রীক পাণ্ডুলিপিত পার্থক্য রয়েছে:

১. “বিস্তীর্ণ চিরসবুজ বনের” (*kedrōn*) MSS κ^c , B, C, L এবং বেশ কিছু uncial পাণ্ডুলিপিতে
২. “বিস্তীর্ণ চিরসবুজ বনে” (*kedrōn*) MSS κ^* , D, এবং W
৩. “কিদ্রোণে” (*kedrōn*) MSS A এবং S

United Bible Society's চতুর্থ সংস্করণ ব্যবহার করেছে #৩

▣ “একটি বাগান” এই অধ্যায় সম্পূর্ণ ভাবে গেষ্মানীতে যীশুর কষ্ট কথা বাদ দিয়েছে, কিন্তু বাগানের যে স্থানে তাঁকে বন্দি করার ঘটনা ঘটেছে তার উপরে জোর দান করেছে। এটি ছিল যীশুর প্রিয় বিশ্বামের স্থান (যোহন ১৮:২; লূক ২২:৩৯)। আপাতদৃষ্টিতে মনে হয় যীশু তাঁর জীবনের শেষ সপ্তাহে এখানে ঘুমিয়েছিলেন (লূক ২১:৩৭)।

যিরূশালেমে বাগান করার অনুমতি ছিল না কারণ প্রয়োজনীয় সার একে অশুচি করতো। অনেক ধনী লোক, সেজন্য, জৈতুন পর্বতে দ্রাক্ষাক্ষেত্র, ফলের বাগান ইত্যাদির মালিক ছিল।

১৮:২ এটি যোহনের আর একটি সম্পাদকীয় মন্তব্য।

□ “যিহূদা” যিহূদা এবং তার উদ্দেশ্য সম্পর্কে নানান ধরণের মত প্রচলিত রয়েছে। তাকে যোহনের সুসমাচারে প্রায়ই ক্ষতিকর বলে উল্লেখ করা হয়েছে (যোহন ৬:৭০-৭১; ১২:৪; ১৩:২,২৬,২৭; ১৮:২,৩,৫)। “সুপারস্টার যীশু খ্রীষ্ট” নামক আধুনিক নাটকে তাকে বিশ্বস্ত বলে চিহ্নিত করা হয়েছে, কিন্তু ভ্রান্ত বিশ্বাসী, অনুসারী যে চেষ্টা করেছিল যীশুকে বাধ্য করতে পুরাতন নিয়মে যিহূদীদের মশীহের ভূমিকা পরিপূর্ণ করতে, রোমকে পরাজিত করতে, দুষ্টিদের শাস্তি দিতে, এবং যিরূশালেমকে জগতের রাজধানী হিসাবে প্রতিষ্ঠা করতে। যাহোক, যোহন তার উদ্দেশ্য চিত্রিত করেছেন লোভী ও শয়তানের দ্বারা অনুপ্রাণিত হিসাবে।

প্রধান সমস্যা হল ঈশ্বরের সার্বভৌমত্ব এবং মানবের স্বাধীর ইচ্ছার ধর্মতাত্ত্বিক বিষয়। ঈশ্বর বা যীশু কি যিহূদাকে নিয়ন্ত্রণ করতে চেয়েছেন? যিহূদা কি তার কাজের জন্য দায়ী যদি তাকে শয়তান নিয়ন্ত্রণ করে অথবা ঈশ্বরের পূর্ব নির্ধারিত পরিকল্পনা এবং যার কারণে সে যীশুর সাথে বিশ্বাসঘাতকতা করেছিল? বাইবেল কখনই এই সব প্রশ্নের উত্তর সরাসরী দেয়নি। ঈশ্বর ইতিহাসের নিয়ন্ত্রক; তিনি জানেন ভবিষ্যতের ঘটনাবলী, কিন্তু মানুষ হল তার মনোনয়ন ও কাজের জন্য দায়ী। ঈশ্বর নিরপেক্ষ, প্ররোচনাদানকারী নন।

এটি নূতন বই যেটি যিহূদার পক্ষ সমর্থনের চেষ্টা করেছে— *Judas Betrayer or Friend of Jesus?* by William Klassen, Fortress Press, 1996। আমি এই বইয়ের সাথে একমত নই কারণ এটি যিহূদা সম্পর্কে যোহানের সাক্ষ্যকে অবমূল্যায়ন করেছে, তবে এটি খুব কৌতূহলের এবং চিন্তার উদ্বেককারী।

বিশেষ বিষয়: নির্বাচন/পূর্ব অদৃষ্ট এবং ধর্মতাত্ত্বিক সমতার আবশ্যিকতা (SPECIAL TOPIC: ELECTION/PREDESTINATION AND THE NEED FOR A THEOLOGICAL BALANCE)

১৮:৩

NASB “রোমীয় সৈন্য”

NKJV “বিচ্ছিন্ন সৈন্যদল ”

NRSV “বিচ্ছিন্ন সৈনিকেরা”

TEV “একদল রোমীয় সৈন্য”

NJB “রোমীয় সৈনিক” বই

এটি উল্লেখ করছে রোমীয় সামরিক দলের কথা, যা হল একদল সৈনিকের (legion) দশ ভাগের এক ভাগ এবং হতে পারে সর্ব উর্ধ্বে ৬০০ জন মত লোক এন্টিনিয় দুর্গে শিবির স্থান করেছিল, মন্দিরের কাছেই (প্রেরিত ২১:৩১,৩৩)। এটি অসম্ভব যে এত বড় একটি দলকে আহবান জানানো হয়েছিল। রোমীয়রা পর্বের সময়ে যিরূশালেমে দাঙ্গ-হাঙ্গামার জন্য প্রস্তুত থাকতো। তারা প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করতে পারতো সমুদ্র পথে কৈসারিয়াতে সেনা পাঠিয়ে। রোমীয়রা যীশুর বিচারে অর্ন্তভুক্ত হয়েছিল কারণ যিহূদীরা চেয়েছিল যীশুকে ক্রুশে দিতে। এত সাধারণত বেশ কয়েকদিন লাগতো; তারা এটি তখনই করতে পারতো যখন রোমীয় শাসনকর্তার অনুমতি ও সহযোগিতা পাওয়া যেত।

□ “এবং মহা পুরোহিতের কয়েকজন কর্মচারি” লেবীয় গোষ্ঠির মন্দিরের পুলিশ রোমীয় সৈন্যদের সঙ্গে গিয়েছিল। তারা এর আগে একবার যীশুকে বন্দি করতে ব্যর্থ হয়েছিল (যোহন ৭:৩২,৪৫)।

□ “অস্ত্র শস্ত্র” রোমীয় সৈন্যরা তরবারি বহন করেছিল, মন্দিরের পুলিশ বা রক্ষীদের কাছে ছিল লাঠি (মথি ২৬:৪৩; মার্ক ১৪:৪৩; লূক ২২:৫২)।

১৮:৪ “তখন যীশু, নিজের উপর যা যা ঘটবে তা সবই জেনে” এটি হল দৃঢ়তার সঙ্গে জোর দেওয়া যীশুর নিজের জ্ঞান ও নিয়ন্ত্রণ ছিল তাঁর বন্দি, বিচার, ও ক্রুশোবিদ্ধকরণের উপরে (যোহন ১০:১১,১৫,১৭,১৮)। এটি আকস্মিক ভাবে ঘটে নাই যে যীশু ক্রুশোবিদ্ধ হয়েছিলেন (মার্ক ১০:৪৫; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮)। এই ভাব (theme) যোহন সুসমাচারের বৈশিষ্ট্য এবং হতে পারে এটাই কারণ যে কেন তিনি যীশুর গেৎশিমানীর কষ্টের বিষয় কেন লিপিবদ্ধ করেন নাই।

১৮:৫

NASB, NJB “নাসরতীয় যীশু”

NKJV, NRSV,

TEV “নাসরতিয় যীশু”

“নাসরত” টার্মে শব্দতত্ত্বের বিষয়ে বেশ কিছু আলোচনা রয়েছে। এটি সম্ভব যে এর অর্থ হতে পারে (১) নাসরত; (২) নাসরতিয় (গণনা ৬); বা (৩) নাসরত থেকে। নূতন নিয়ম ব্যবহার করেছে (মথি ২:২৩) নিশ্চিত ভাবে #৩। কেউ কেউ এর সঙ্গে ইব্রীয় ব্যঞ্জনবর্ণ *nzr* যুক্ত করেছে Messianic উপাধি “শাখা” (যিশা ১১:১; ১৪:১৯; ৬০:২১)।

বিশেষ বিষয়: নাসরতীয় যীশু (SPECIAL TOPIC: JESUS THE NAZARENE)

□ “আমিই তিনি” এটি আক্ষরিক ভাবে “আমি আছি,” ইব্রীয় verb “হওয়া” (দেখুন যোহন ৬:২০ পদে বিশেষ বিষয়), যেটি যিহূদীরা YHWH এর সঙ্গে সম্পর্ক যুক্ত করতো যেটি ছিল ঈশ্বরের নিয়মের নাম (যাত্রা ৩:১৪ এবং যিশা ৪১:৪)। যীশু ঈশ্বরত্বের এই দাবীকে ঘোষণা দিয়েছেন একই কঠোর ব্যাকরণগত উপায়ে (*ego eimi*) যোহন ৪:২৬; ৮:২৪, ২৮, ৫৮ এবং ১৩:১৯ পদে। এই প্রসঙ্গে এটি তিন বার বরা হয়েছে গুরুত্ব দেবার জন্য (যোহন ১৮:৬,৮)। এই ব্যাকরণগত কাঠামো যীশুর বিখ্যাত “আমি আছি. . .” মন্তব্য থেকে আলাদা।

□ “আর যিহূদাও যে তাঁকে শত্রুদের হাতে ধরিয়ে দিয়েছিল, তাদের সঙ্গে দাঁড়িয়ে ছিল” এটি আর একটি সুসমাচার লেখক যোহনের চাক্ষুষ দেখার সম্পাদকীয় মন্তব্য।

১৮:৬ “তখন তারা পিছিয়ে গিয়ে মাটিতে পড়ে গেল” যোহন এটি লিপিবদ্ধ করেছেন যীশুর গতিশীল চরিত্র এবং উপস্থিতির উপরে গুরুত্ব আরোপ করতে। এটি শব্দার ইঙ্গিত দেয় না (কারো সামনে মাথা নত করা), কিন্তু ভয়।

১৮:৭ “সেজন্য তিনি আবার তাদের জিজ্ঞাসা করলেন” সম্ভবত, যীশু শিষ্যদের থেকে তাঁর নিজের দিকে তাদের মনোযোগ আকর্ষণ করছিলেন। এটি মনে হয় এই প্রসঙ্গে ৮ পদের সঙ্গে খাপ খায়।

১৮:৮ “যদি” এটি একটি first class conditional sentence; তারা তাঁকে খুঁজছিল।

□ “তবে এদের চলে যেতে দিন” এটি একটি aorist active imperative। এটি সখরিয় ১৩:৭ পদে বলা ভাববাণীর পূর্ণতা (মথি ২৬:৩১; যোহন ১৬:৩২)।

১৮:৯ “যীশুর বলা এই কথাটা পূর্ণ হয়” এটি মনে হয় যোহন ১৬:৩২ পদের উল্লেখ, কিন্তু যোহন ১৭:১২ পদের উদ্ধৃতি দেওয়া হয়েছে।

১৮:১০ “তখন শিমোন-পিতরের কাছে একটা ছোরা ছিল, তিনি সেই ছোরাটা বের করে মহাপুরোহিতের দাসকে আঘাত করে তার ডান কানটা কেটে ফেললেন” পিতরের লক্ষ্য তার কাণ ছিল না, কিন্তু তার মাথা! এটি দেখিয়েছে যীশুর পক্ষে পিতরের মরে যাবার ইচ্ছাকে। পিতরের কাজ মনে হয় লুক ২২:৩৬-৩৮ পদে যীশুর কথার ভুল অর্থ করার ফল। লুক ২২:৫১ পদ আমাদের বলে যে যীশু লোকটির কাণ স্পর্শ করে ভাল করে দিয়েছিলেন।

□ “এই দাসের নাম ছিল মঙ্ক” কেবল মাত্র যোহন তার সম্পাদকীয় মন্তব্যে তার নাম উল্লেখ করেছেন। এটি দেখায় একজন প্রত্যক্ষদর্শীর বিবরণ। সেই বাগানে লেখক যোহন উপস্থিত ছিলেন!

১৮:১১ “পেয়লা” পুরাতন নিয়মে ব্যবহৃত এটি একটি রূপক একজন মানুষের অদৃষ্ট বিষয়ে প্রতিক হিসাবে, সাধারণত একটি নেতিবাচক অর্থে (গীত ১১:৬; ৬০:৩; ৭৫:৮; যিশা ৫১:১৭,২২; যির ২৫:১৫,১৬,২৭-২৮)।

যীশুর প্রশ্নের ব্যাকরণগত কাঠামো আশা করে “হ্যাঁ” উত্তর। পিতর আবার সেরবমই কাজ করলেন যে লোক জানে সব চেয়ে ভাল কি কাজ করা যায় (মথি ১৬:২২; যোহন ১৩:৮)।

“এখানে “পেয়লা” ব্যবহার Synoptic সুসমাচারে গেথশিমোনী বাগানে যীশুর কষ্টের বিষয়ে “পেয়লা” ব্যবহারের থেকে একেবারেই আলাদা। যোহনে, যীশু ঘটনার সম্পূর্ণ নিয়ন্ত্রণে! যোহন যীশুকে উপস্থিত করেছেন নির্ভরযোগ্য হিসাবে, ভীত হিসাবে নয় (যোহন ১৮:৪; ১৩:১,১১)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:১২-১৪

^{১২} তখন সেই রোমীয় সৈন্যেরা আর তাদের সেনাপতি ও যিহূদীদের কর্মচারীরা যীশুকে ধরলো ও তাঁকে বাঁধল। ^{১৩} প্রথমে তারা তাঁকে হাননের কাছে নিয়ে গেল, কারণ তিনি ছিলেন কাইয়াফার শ্বশুর, যে সেই বছরের মহাপুরোহিত ছিল। ^{১৪} এই কাইয়াফাই যিহূদীদের এই পরামর্শ দিয়েছিল যে, লোকদের বদলে বরং একজনের মৃত্যু হওয়াই ভাল। (অনুবাদকৃত টেক্সট)।

১৮:১২

NASB “রোমীয় সৈন্যেরা আর তাদের সেনাপতি”

NKJV “বিচ্ছিন্ন সৈন্যেরা আর তাদের সেনাপতি”

NRSV “সৈন্যেরা, আর তাদের কর্মকর্তা”

TEV “রোমীয় সৈন্যেরা তাদের পরিচালনাকারী কর্মকর্তা সহকারে”

NJB “রোমীয় সৈন্যেরা আর তাদের নেতা”

রোমীয় সামরিক দলের নাম নেওয়া হয়েছে সম্পূর্ণ অর্ন্তভুক্ত সৈন্যদলের সংখ্যানুসারে।

১. রোমীয় সৈন্যেরা (cohort) – উল্লেখ করছে সর্ব উর্ধ্বে চয়শত জনের একটি দল (যোহন ১৮:৩)

২. সেনাপতি – ১০০০ জনের সংখ্যা থেকে (*chiliarch*, অর্থাৎ, প্রেরিত ৩১:৩১; ২২:২৪; ২৩:১০; ২৪:৭)

এই উপাধিগুলি বলে না যে সামরিক দল কত বড় না ছোট ছিল যারা যীশুকে বন্দি করেছিল। প্যালেস্টাইনে #২ এর সহজ অর্থ ছিল ছোট একটি সৈন্যদলের নেতা।

□ “তঁাকে বাঁধল” এটি এই ইঙ্গিত দিচ্ছে না যে তারা সত্যিকার ভাবে যীশুর বিষয়ে ভীত ছিল, কিন্তু এটি মনে হয় এটি ছিল প্রচলিত প্রক্রিয়া (২৪ পদ)।

১৮:১৩ “প্রথমে তারা তঁাকে হাননের কাছে নিয়ে গেল” হানন ও কাইয়াফার সামনে বিচারের ধারাবাহিকতার বিষয়ে অনেক আলোচনা রয়েছে। Synoptics সুসমাচার হাননের সাথে সাক্ষাতের কোন কথা বলেনি। ২৪ পদ মনে হয় হতে পারে এযাহনের একটি পাদটিকা, কিন্তু Synoptic সুসমাচারে যীশুর বিচারের বিবরণে এটি একটি গুরুত্বপূর্ণ অংশ (মথি ২৬:৫৭; মার্ক ১৪:৫৩)।

পুরাতন নিয়মে মহা পুরোহিত পদ ছিল সারা জীবনের জন্য এবং আর প্রত্যেক ব্যক্তিকে হরণের বংশধর হতে হতো। যাহোক, কিন্তু রোমীয়রা এই নিয়মকে উল্টে রাজনৈতিক টোপ করেছিল, লেবীয় গোষ্ঠি দ্বারা ক্রয় করা হয়েছিল। মহা পুরোহিত নিয়ন্ত্রণ ও পরিচালনা করতেন মহিলাদের প্রাঙ্গনের সকল বাণিজ্য। যীশুর মন্দির পরিস্কারকরণ এই গোষ্ঠিকে ক্রুদ্ধ করেছিল।

ফ্লভিয়াস যোবেফাস অনুসারে, হানন মহা পুরোহিত ছিলেন ৬-১৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত। তিনি সিরিয়ার গর্ভণর কুরিনিয়ের দ্বারা নিয়োজিত হয়েছিলেন এবং তাকে ক্ষমতাচ্যুত করেছিলেন Valerius Gratus। তার আত্মীয় (৫ পুত্র এবং একজন নাতি) তার স্থলাভিষিক্ত হয়েছিল। কাইয়াফা (১৮-৩৬ খ্রীষ্টাব্দ), তার জামাতা ছিল (যোহন ১৮:১৩), তার পরবর্তী উত্তরাধিকারী হয়েছিলেন। পর্দার আড়ালে হাননই সর্বময় কর্তৃত্বের অধিকারী ছিলেন। যোহন তাকে চিত্রিত করেছেন প্রথম ব্যক্তি হিসাবে যার কাছে প্রথমে যীশুকে নিয়ে যাওয়া হয়েছিল (যোহন ১৮:১৩, ১৯-২২)।

১৮:১৪ এটি যোহনের আর একটি সম্পাদকীয় মন্তব্য, যেভাবে ১৫ ও ১৮ পদ।

□ “কাইয়াফা” যোহনের প্রধান উদ্দিগ ছিল কাইয়াফার বিষয়ে এই জন্য যে তিনি অজান্তেই যীশুর মৃত্যুর বিষয়ে ভাববাণী করেছিলেন (যোহন ১১:৫০)। তিনি ছিলেন হাননের জামাতা এবং মহা পুরোহিত ১৮-৩৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত। যোহন ১১:৪৯ পদের নোট দেখুন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:১৫-১৮

^{১৫} শিমোন-পিতর যীশুর পিছনে পিছনে গেলেন, এবং আর একজন শিষ্য *সেরকমই গিয়েছিলেন*। সেই শিষ্যকে মহাপুরোহিত চিনতেন, এবং যীশুর সংগে মহাপুরোহিতের প্রাঙ্গণে ঢুকলেন, ^{১৬} কিন্তু পিতর বাইরে দরজার কাছে দাঁড়িয়ে রইলেন। তখন সেই অন্য শিষ্য, যাকে মহাপুরোহিত চিনতেন, বাইরে গেলেন এবং দরজার রক্ষিকাকে বলে পিতরকে ভিতরে আনলেন। ^{১৭} তখন সেই দ্বার রক্ষিকা দাসী মেয়েটি পিতরকে বলল, “তুমিও কি এই লোকটির শিষ্যদের মধ্যে একজন?” তিনি বললেন, “আমি নই।” ^{১৮} আর দাসেরা ও কর্মচারীরা *সেখানে* দাঁড়িয়েছিল, কয়লার আশুন জ্বালিয়ে, কারণ তখন বেশ শীত পড়েছিল এবং তারা নিজেরা আশুন পোহাচ্ছিলেন; এবং পিতরও তাদের সংগে দাঁড়িয়ে ছিলেন ও আশুন পোহাচ্ছিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৮:১৫ “শিমোন-পিতর যীশুর পিছনে পিছনে গেলেন, এবং আর একজন শিষ্য *সেরকমই গিয়েছিলেন*” অনেক আলোচনা রয়েছে এই অন্য শিষ্যের পরিচয় সম্বন্ধে।

১. ঐতিহ্যগত তত্ত্ব হল ইনি হলেন প্রেরিত যোহন কারণ তার বিষয়ে একই রকম শব্দগুচ্ছ ব্যবহৃত হয়েছে যোহন ২০:২,৩,৪ এবং ৮ পদে। তাছাড়া, আর একটি সম্ভাব্য সংযোগ যোহনের সাথে তাহল ১৯:২৫ পদ, যে নাম যোহনের মায়ের, যে সম্ভবত হতে পারে যে মরিয়মের বোন ছিলেন, যার অর্থ হতে পারে যে তিনি একজন লেবীয়, এবং সেজন্য, যাজকীয় গোষ্ঠি থেকে এসেছিলেন (Polycarp এর সাক্ষ্য)।
২. এটি হতে পারে স্থানীয় কোন অজ্ঞাত পরিচয়ের অনুসারী নীকদেম বা অরিমাথিয়ার যোষেফের মত কারণ তাদের সংযোগ ছিল মহা পুরোহিত ও তার পরিবারের সাথে (যোহন ১৮:১৫-১৬)।

□ “সেই শিষ্যকে মহাপুরোহিত চিনতেন” এটি খুব শক্তিশালী টার্ম “পরিচিত” এর জন্য এবং মনে হয় এর অর্থ হল “ঘনিষ্ঠ বন্ধু” (লুক ২:৪৪ এবং ২৩:৪৯)। যদি যোহন, এটি হতে পারে তার মাছ ধরার ব্যবসার সাথে সম্পর্কযুক্ত যেটিতে হতে পারে তার পরিবার জড়িত প্রতিদিন যিরুশালেমে মাছ আনার জন্য।

১৮:১৭ “তখন সেই দ্বার রক্ষিকা দাসী মেয়েটি পিতরকে বলল, ‘তুমিও কি এই লোকটির শিষ্যদের মধ্যে একজন?’” এই ব্যাকরণগত কাঠামো, যোহন ১৮:২৫ পদের মত, আশা করে “না” উত্তর। এটি দেখায় তাদের অসম্মান জড়িত যীশুর নাম ব্যবহার না করেও। সে হয়তো এই কারণে এটি জিজ্ঞাসা করেছে (১) যোহনের সাথে পিতরের সম্পর্কে বা (২) পিতরের গালীলীয় উচ্চারণ।

□ “আমি নই” পিতর হয়তো যীশুর জন্য মরতে প্রস্তুত ছিলেন, কিন্তু তিনি দাসী মেয়েটির প্রশ্নের উত্তর সত্যবাদিতায় দেবার জন্য প্রস্তুত ছিলেন না! Synoptic সুসমাচারে এই তিনটি অস্বীকার একসাথে রাখা হয়েছে, কিন্তু যোহনে সেগুলি আলাদা আলাদা যখন হানন যীশুকে জেরা করছিলেন (যোহন ১৮:২৪)।

পিতরের “আমি আছি” মন্তব্য যীশুর “আমি আছি” মন্তব্যের একেবারে বিপরিত (যোহন ১৮:৫)।

১৮:১৮ এই গল্প বলা হয়েছে সুস্পষ্ট ভাবে প্রত্যক্ষদর্শীর বিশদ বিবরণের সাথে। ১৮ এবং ২৫ উভয় পদেরই রয়েছে দুটি periphrastic imperfections।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:১৯-২৪

^{১৯} তখন মহাপুরোহিত যীশুকে তাঁর শিষ্যদের বিষয়ে, আর তাঁর শিক্ষার বিষয়ে জিজ্ঞাসা করলেন। ^{২০} যীশু উত্তরে বললেন, “আমি জগতের কাছে খোলাখুলিভাবেই কথা বলেছি; আমি সব সময় সমাজ-ঘরে ও উপাসনা-ঘরে আমি শিক্ষা দিয়েছি, যেখানে সব যিহুদীরা একত্রে মিলিত হয়; আর আমি তো গোপনে কিছু বলি নি; ^{২১} তবে কেন আমাকে জিজ্ঞাসা করছেন? আমার কথা যারা শুনেছে তাদেরই জিজ্ঞাসা করুন আমি তাদের কি বলেছি; আমি যা বলেছি তা তারা জানে।” ^{২২} যখন তিনি এই কথা বললেন, তখন কাছে দাঁড়িয়ে থাকা একজন কর্মচারী যীশুকে চড় মারল, আর বলল, “তুমি মহাপুরোহিতকে এইভাবে উত্তর দিচ্ছ?” ^{২৩} যীশু তাকে উত্তর দিলেন, “আমি যদি মন্দ কিছু বলে থাকি, তবে সেই মন্দের সাক্ষ্য দিন; কিন্তু যদি ভাল বলে থাকি, তবে কেন আমাকে মারছেন?” ^{২৪} তখন হানন তাঁকে বাঁধা অবস্থায়ই মহাপুরোহিত কাইয়াফার কাছে পাঠিয়ে দিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৬:১৯ “তখন মহাপুরোহিত যীশুকে তাঁর শিষ্যদের বিষয়ে, আর তাঁর শিক্ষার বিষয়ে জিজ্ঞাসা করলেন” এটি হাননের কথা উল্লেখ করছে, কাইয়াফার নয়। হানন ছিলেন সিংহাসনের পিছনের শক্তি। তিনি ৬ থেকে ১৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত শাসন করেছিলেন। তার পরে ছিলেন তার জামাতা এবং তারপরে তার পাঁচ পুত্র ও একজন নাতি। হানন যিনি ছিলেন মন্দিরের এলাকায় বাণিজ্যের অধিকারী ছিলেন, সম্ভবত তার দুশ্চিন্তা থেকেই তাঁকে প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন যিনি মন্দির পরিষ্কার করেছিলেন (সম্ভবত দু’বার)। এটা খুব মজার যে হানন যেমন উদ্বিগ্ন ছিলেন যীশুর শিষ্যদের বিষয়ে সেই সঙ্গে তাঁর শিক্ষারও।

১৮:২০ এটি নিশ্চিত ভাবে সত্য যে যীশু প্রকাশ্যে শিক্ষা দিয়েছিলেন। যাহোক, এটি আরও সত্য যে তাঁর অনেক শিক্ষা জনসাধারণের কাছে অস্পষ্ট ছিল (মার্ক ৪:১০-১২)। সত্যিকার বিষয় ছিল তাঁর শ্রোতাদের দিক থেকে আত্মিক অন্ধত্ব।

যীশুর কথা ও শিক্ষার পদ্ধতি ভিন্ন ভিন্ন ভাবে লিপিবদ্ধ হয়েছে যোহন এবং Synoptic সুসমাচারে। Synoptic সুসমাচারে কোন “আমি আছি. . .” মন্তব্য নেই। যীশু দৃষ্টান্তের মাধ্যমে শিক্ষা দিয়েছেন; যোহন কোন দৃষ্টান্ত লিপিবদ্ধ করেন নাই। আমার কাছে এটা মনে হয় যে পার্থক্য হতে পারে Synoptics লিপিবদ্ধ যীশুর প্রকাশ্য শিক্ষা এবং যোহন লিপিবদ্ধ করেছেন যীশুর একান্ত শিক্ষা ব্যাখ্যা দিয়েছে।

১৮:২১ “কেন আমাকে জিজ্ঞাসা করছেন” যোহন ১৮:২০ পদে যীশু বলতে চেষ্টা করেছেন তাঁর প্রকাশ্য পরিচর্যার প্রকৃতি সম্বন্ধে। যীশু হাননকে মনে করিয়ে দিয়েছেন যে তার প্রশ্ন যিহুদী আইন অনুসারে অবৈধ এবং লোকদের জানা।

১৮:২২ “তখন কাছে দাঁড়িয়ে থাকা একজন কর্মচারী যীশুকে আঘাত করে বলল” এই টার্মটির মূল অর্থ “চড় মারা” বা “লাঠি দিয়ে প্রহার করা।” এর যে অর্থ এসেছে তাহল “হাত দিয়ে চড় মারা।” এটি যিশা ৫০:৬ পদের একটি পরোক্ষ উল্লেখ। যীশু বলতে চেষ্টা করেছেন যে যদি তিনি কোন ভুল করেন, তাঁকে দোষারপ কর; অন্যথায়, তাহলে কেন সে আঘাত করছে?

১৮:২৩ “যদি. . . যদি” এই দুটি first class conditional sentences যেটি মনে করা হয় সত্য লেখকের দিক থেকে অথবা তার সাহিত্যের উদ্দেশ্যে দিক থেকে। এখানে প্রথমটি হল মিথ্যা বাস্তবতার উচ্চারণ সাহিত্যের উপায়ে। যীশু হাননকে চ্যালেঞ্জ জানিয়েছেন তার প্রমাণ আনতে।

১৮:২৪ এই বিচারের ধারাবাহিকতা সুসমাচারে একেবারে Synoptic বিপরিত।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:২৫-২৭

^{২৫} যখন শিমোন-পিতর দাঁড়িয়ে আঙুন পোহাচ্ছিলেন, তখন লোকেরা তাঁকে বলল, “তুমিও কি তাঁর শিষ্যদের মধ্যে একজন নও?” পিতর তা অস্বীকার করলেন, এবং বললেন, “আমি নই।” ^{২৬} মহাপুরোহিতের একজন দাস, পিতর যার কান কেটে ফেলেছিলেন তার এক আত্মীয়, বলল, “আমি কি তোমাকে বাগানে তাঁর সংগে দেখি নি?” ^{২৭} তখন পিতর আবার তা অস্বীকার করলেন, আর তখনই একটা মোরগ ডেকে উঠল। (অনুবাদকৃত টেক্সট)।

১৮:২৬ “মহাপুরোহিতের একজন দাস, পিতর যার কান কেটে ফেলেছিলেন তার এক আত্মীয়, বলল” এখানে কিছু অসামঞ্জস্যতার রয়েছে চারটি সুসমাচারে যে কে পিতরকে প্রশ্ন করেছিল।

১. মার্ক, একজন দাসী যে প্রথম প্রশ্নটি করেছিল (মার্ক ১৪:৬৯)
২. মথিতে, আর একজন চাকর মহিলা (মথি ২৬:৭১)
৩. লুক ২২:৫৮ পদে এনি একজন পুরুষ
৪. যোহনে মহা পুরোহিতের একজন দাসী/চাকর

এটি স্পষ্ট যে ঐতিহাসিক প্রেক্ষাপট থেকে একজন লোক প্রশ্ন করেছিল আঙনের কাছ থেকে এবং অন্যরা যোগ দিয়েছিল (যোহন ১৮:১৮)।

১৮:২৬ “আমি কি তোমাকে বাগানে তাঁর সংগে দেখি নি” যোহন ১৮:১৭ এবং ২৫ পদে প্রথম দুটি প্রশ্নের মত নয়, এই ব্যাকরণগত গঠন আশা করে “হ্যাঁ” উত্তর।

১৮:২৭ “পিতর আবার তা অস্বীকার করলেন” মার্ক ১৪:৭১ এবং মথি ২৬:৭৪ পদ থেকে এটা বুঝেছি যে পিতর এটি অস্বীকার করেছিলেন অভিলাপ ও শপথের দ্বারা।

□ “তখনই একটা মোরগ ডেকে উঠল” সময়ানুক্রমিক ঘটনা চারটি সুসমাচার থেকে এই ইঙ্গিত দেয় যে এটা ঘটেছিল ভোর ১২টা থেকে ৩টার মধ্যে। যিহূদীরা কখনই মোরগ-মুরগী যিরূশালেম নগরে আনার অনুমতি দেয় না তাই এটি ঠিক যে এটি ছিল একটি রোমীয় মোরগ।

লুক ২২:৬১ পদ বলতে চেষ্টা করেছে যে সেই মুহূর্তে যীশু পিতরের দিকে তাকিয়েছিলেন। এটি মনে করা হয় যে হানন এবং কাইয়াফা একই বাড়ীতে বাস করতেন এবং রক্ষিরা যীশুকে হাননের কাছ থেকে কাইয়াফার কাছে এবং মহাসভার কাছে নিয়ে গিয়েছিল। এই সময়েই যীশু পিতরের দিকে তাকিয়েছিলেন। এসবই কেবল মাত্র অনুমান কারণ আমাদের কাছে যথেষ্ট ঐতিহাসিক তথ্য নেই যে রাতের বিচারে কোন ঘটনার পর কোন ঘটনা ঘটেছিল সে সম্বন্ধে অন্ধ বিশ্বাসী হওয়া।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:২৮-৩২

^{২৮} পরে লোকেরা যীশুকে কাইয়াফার কাছ থেকে রোমীয় প্রধান শাসনকর্তা পীলাতের রাজবাড়ীতে নিয়ে গেলেন, তখন ভোর; আর তাঁরা যেন অশুচি না হয়, সেজন্য সেই রাজবাড়ীর ভিতরে ঢুকলেন না, কিন্তু শুচি থেকে যেন উদ্ধার-পর্বের ভোজ খেতে পারেন। ^{২৯} তখন পীলাত বাইরে তাঁদের কাছে আসলেন এবং বললেন, “এই লোকটিকে তোমরা কি দোষে দোষী করছ?” ^{৩০} তারা উত্তর করে তাকে বললেন, “এ যদি মন্দ কাজ না করত, তবে আমরা তাকে আপনার কাছে আনতাম না।” ^{৩১} তখন পীলাত তাঁদের বললেন, “একে তোমরা নিয়ে যাও, আর তোমাদের আইন-কানুন মতে তাঁর বিচার কর।” এতে যিহূদীরা তাকে বললেন, “কাউকে মৃত্যুর শাস্তি দেবার অধিকার আমাদের নেই।” ^{৩২} যীশুর বলা সেই কথা যেন পূর্ণ হয়, যা বলে তিনি দেখিয়ে দিয়েছিলেন, কিভাবে নিজের মৃত্যু হবে। (অনুবাদকৃত টেক্সট)।

১৮:২৮

NASB, NKJV,

JB “রাজবাড়ীতে”

NRSV “পীলাতের প্রধান দপ্তরে”

TEV “শাসনকর্তার রাজবাড়ীতে”

এটি একটি ল্যাটিন টার্ম যেটি উল্লেখ করছে রোমীয় শাসনকর্তার সরকারী বাসভবন যখন তারা যিরূশালেমে থাকতেন। এটা হতে পারে এন্টনিয় দুর্গ, যেটি ছিল মন্দিরের কাছেই বা হেরোদের বিশাল রাজপ্রাসাদের কাছে।

বিশেষ বিষয়: PRÆTORIAN রক্ষি (SPECIAL TOPIC: PRÆTORIAN GUARD)

□ “তখন ভোর” আমরা রোমীয় বিরণ থেকে জানি যে প্যালেস্টাইনে রোমীয় সরকারী কর্মচারীরা দরবারে বসতেন সকালে। আপাতদৃষ্টিতে এটি সকাল ছিল যখন মহাসভা দেখা করেছিল বিশ্বাসযোগ্যতা ও বৈধতা দিতে রাতের অবৈধ বিচারের। তারা দ্রুত যীশুকে পীলাতের কাছে নিয়ে গিয়েছিল।

□ “আর তাঁরা যেন অশুচি না হয় সেজন্য সেই রাজবাড়ীর ভিতরে ঢুকলেন না” কোন পরজাতীয়দের বাড়ীতে প্রবেশের দ্বারা তারা নিস্তার পর্বের ভোজ খাবার জন্য অশুচি হয়ে পড়ে। এটি ভদ্রমী যে তারা পর্বের বিষয়ে এত খুঁতখুঁতে, অথচ তাদের কোন বিবেকের তাড়না ছিল না অবৈধ ভাবে একজন লোককে মৃত্যুদণ্ড দেবার।

এই পদটি বিতর্কের কেন্দ্রবিন্দু দৃশ্যত ঐতিহাসিক ভাবে অসামঞ্জস্যতা Synoptic সুসমাচারের সাথে, যেগুলি বলতে চেষ্টা করেছে যে যীশু নিস্তার পর্বের ভোজ খেয়েছিলেন তাঁর শিষ্যদের সঙ্গে (মথি ২৬:১৭; মার্ক ১৪:১২; লুক ২২:১), আর যোহন, যিনি বলতে চেষ্টা করেছেন যে এই ঘটনা একদিন পূর্বে (বৃহস্পতিবার) ঘটেছিল, ঐতিহ্যগত নিস্তারপর্বের ভোজের প্রস্তুতির দিন। সুবিখ্যাত রোমীয় কাথলিক Johannine পণ্ডিত, Raymond Brown, Jerome Biblical Commentary তে এই মন্তব্যগুলি করেছেন:

“যদি ঘটনাগুলির সময়ানুক্রম যেনভাবে Synoptic ঐতিহ্যে বলা হয়েছে তা অপরিবর্তনীয় সমর্থন যোগ্য হতে পারে যোহনের ‘ঐতিহাসিক সত্যের’ দৃষ্টিভঙ্গি থেকে, পরবর্তি প্যাসেজ-সাক্ষির বিবরণ যিনি নিশ্চিত ভাবে Synoptic ঐতিহ্য জানতেন-উপস্থাপন করেছেন কিছু অনমনীয় সমস্যার। যদি, অন্য দিকে, আমরা স্বীকার করি যে প্রত্যক্ষদর্শীর সাক্ষ্য যা যোহন দিয়েছেন তা পদ্ধতিগত Synoptic সুসমাচারের রূপরেখার চেয়ে প্রকৃত ঘটনার কাছাকাছি, তাহলে প্যাসেজটি আরও বুঝবার উপযুক্ত হয়” (পৃ...৪৫৮)।

সেখানে আরও কিছু সম্ভবনা রয়েছে নিস্তার পর্ব পালনের দুটি ভিন্ন ভিন্ন তারিখের, বৃহস্পতিবারে এবং শুক্রবারে। এছাড়া যোগকরা সমস্যা রয়েছে যা “নিস্তারপর্ব” টার্মটি ব্যবহৃত হতে পারে একদিনের পর্ব এবং আটদিনের উৎসব (নিস্তারপর্ব সঙ্গে তাড়িগুন্য রুটির পর্ব, যাত্রা ১২)।

□ “যেন নিস্তার পর্বের ভোজ খেতে পারে” এখনও সমস্যা রয়েছে মেশ ভোজের ঠিক তারিখ সম্পর্কে। Synoptic সুসমাচার মনে হয় ইঙ্গিত দিচ্ছে এটি ছিল নিস্তার পর্বের ভোজ, কিন্তু যোহন বর্ণনা করেছেন এটি ছিল আনুষ্ঠানিক নিস্তার পর্বের ভোজের আগের দিন (যোহন ১৯:১৪ এবং এই পদ)। এই উত্তর হতে পারে

১. সত্য হল যে “নিস্তার পর্ব” টার্মটি উল্লেখ করতে পারে সপ্তাহ, ভোজ, বা বিশেষ সাক্ষাৎ
২. সত্য হল যে কিছু যিহূদী separatist দল (অর্থাৎ, Essenes) চান্দ্র মাসের পঞ্জিকা অনুসরণ করতো দুই নিয়মের মধ্যবর্তী পুস্তক Jubilees থেকে

৩. সত্য হল যে যোহনের “দ্বৈত অর্থ” উপস্থাপন করেছে যীশুকে নিস্তার পর্বের মেস হিসাবে (১:২৯), যেটি নিস্তার পর্বের আগের দিন হত্যা করা হতো

১৮:২৯ ঈশ্বর পীলাতের ব্যক্তিত্বকে ব্যবহার করেছেন যেভাবে তিনি যাত্রার পুস্তকে ফরৌণকে ব্যবহার করেছিলেন। তিনি সশ্রুটি তিবিরিয়া দ্বারা ২৬ খ্রীষ্টাব্দে যিহূদীয়ার শাসনকর্তা নিযুক্ত হয়েছিলেন। তিনি Valerius Gratus এর (যিনি হাননকে মহা পুরোহিতের পদ থেকে অপসারণ করেছিলেন) স্থলাভিষিক্ত হয়েছিলেন। পণ্ডিত পীলাত ছিলেন পঞ্চম রোমীয় শাসনকর্তা। তিনি আর্খিলায়ের (মহান হেরোদের পুত্র) সাম্রাজ্য শাসন করতেন, যার মধ্যে অন্তর্ভুক্ত ছিল শমরিয়া ও যিহূদীয়া, গাজা, এবং মরু সাগর। পীলাত সম্পর্কে বেশির ভাগ তথ্য এসেছে ফ্লভিয়াস যোষেফাসের লেখনী থেকে।

বিশেষ বিষয়: পণ্ডিত পীলাত (SPECIAL TOPIC: PONTIUS PILATE)

১৮:৩০ “এ যদি মন্দ কাজ না করত, তবে আমরা তাকে আপনার কাছে আনতাম না” এটি একটি second class conditional sentence যাকে প্রায়ই বলা হয় “সত্যের প্রতি বিপরিত।” যীশু কোন মন্দ কাজ করেন নাই। এটি পীলাতের একটি শ্লেষপূর্ণ উক্তি ছিল যিনি যিহূদীদের “ষড়যন্ত্রে বোনা” ধর্মীয় অভিযোগের প্রশয় দিতে অস্বীকার করেছিলেন।

এই verb “সমর্পণ করা” একই রকম সাধারণত অনুবাদ করা হয়েছে “বিশ্বাসঘাতকতা” যখন যিহূদার কথা বলা হয়েছে (যোহন ৬:৬৪,৭১; ১২:৪; ১৩:২,১১,২১; ১৮:২,৫)। টার্মের আক্ষরিক অর্থ “একজনকে কর্তৃপক্ষের হাতে তুলে দেওয়া” বা “ঐহিত্য স্থানান্তর করা।” যিহূদার সাথে সম্পর্কে টার্মের রয়েছে অর্থগত গভীরতা ইংরাজি অনুবাদকদের মধ্যে।

১৮:৩১ “কাউকে মৃত্যুর শাস্তি দেবার অধিকার আমাদের নেই” যিহূদী নেতৃত্ব যীশুকে ঈশ্বর নিন্দার জন্য দোষি করেছিল, কিন্তু তারা তাঁর বিরুদ্ধে বিদ্রোহের অভিযোগ করেছিল তাঁকে রোমীয়দের দ্বারা ক্রুশবিদ্ধ করার জন্য। যিহূদী নেতাদের জন্য এটা খুব গুরুত্বপূর্ণ ছিল যে যীশুকে ক্রুশে হত করা দ্বি বি ২১:২৩ পদের কারণে (অর্থাৎ, ক্রুশবিদ্ধকে বোঝা হয়েছিল ১ম শতকের রাব্বীদের দ্বারা ঈশ্বরের অভিশপ্ত হিসাবে)। যীশু এই বিষয়ে ভাববাণী করেছিলেন যোহন ১৮:৩২; ৩:১৪; ৮:২৮; ১২:৩২,৩৩; এবং গালা ৩:১৩ পদে।

১৮:৩২ “যা বলে তিনি দেখিয়ে দিয়েছিলেন কিভাবে নিজের মৃত্যু হবে” কেন যিহূদী নেতারা যীশুর ক্রুশবিদ্ধকরণ চেয়েছেন? এটা স্পষ্ট প্রেরিত ৭ অধ্যায় থেকে যে তারা ঈশ্বর নিন্দার অভিযুক্ত লোককে সঙ্গে সঙ্গে পাথর ছুড়ে মেরে ফেলত। সম্ভবত এটি পুরাতন নিয়মের দ্বি বি ২১:২২-২৩ পদের ঐশ্বরিক অভিশাপের সাথে সম্পর্কিত। মূলত এটি উল্লেখ করছে মৃত্যু পরবর্তী প্রকাশ্যে খুটিতে বোলানো, কিন্তু সমকালীন রাব্বিরা এই পদকে ব্যাখ্যা করেছে রোমীয় ক্রুশবিদ্ধকরণের আলোকে। তারা চেয়েছিল যীশুকে, এই Messianic ভাণকারীকে, ঈশ্বর দ্বারা অভিশপ্ত করতে। এটি ছিল পতিত মানুষের পরিব্রাণের জন্য ঈশ্বরের পরিকল্পনা। যীশু, ঈশ্বরের মেস শাবক (অর্থাৎ, ১:২৯), নিজেকে উৎসর্গ করলেন বিকল্প হিসাবে (মিশা ৫৩; ২ করি ৫:২১)। যীশুর আমাদের জন্য “অভিশপ্ত” হয়েছিলেন (গালা ৩:১৩)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:৩৩-৩৮

^{৩৩} তখন পীলাত আবার রাজবাড়ীর মধ্যে ঢুকলেন, এবং যীশুকে ডাকলেন এবং তাঁকে বললেন, “তুমিই কি যিহূদীদের রাজা?” ^{৩৪} যীশু উত্তর করলেন, “আপনি কি নিজে থেকেই এই কথা বলছেন, না অন্যেরা আমার বিষয়ে আপনাকে বলেছে?” ^{৩৫} পীলাত উত্তর দিলেন, “আমি কি যিহূদী? তোমার জাতির লোকেরা আর প্রধান পুরোহিতেরা তোমাকে আমার হাতে দিয়েছে; তুমি কি করেছ?” ^{৩৬} যীশু উত্তর দিলেন, “আমার রাজ্য এই জগতের নয়। যদি আমার রাজ্য এই জগতের হত, তবে আমি যাতে যিহূদীদের হাতে না পড়ি সেজন্য আমার দাসেরা যুদ্ধ করত; কিন্তু এই রকমই, আমার রাজ্য তো এখানকার নয়।” ^{৩৭} সেজন্য পীলাত তাঁকে বললেন, “তাহলে, তুমি কি রাজা?” যীশু উত্তর দিলেন, “আপনি ঠিকই বলেছেন যে, আমি রাজা। আমি এই জন্য জন্ম গ্রহণ করেছি, ও এই জন্য এই জগতে এসেছি, যেন সত্যের পক্ষে সাক্ষ্য দেই। যে কেউ সত্যের সে আমার কথা শোনে।” ^{৩৮} পীলাত তাঁকে বললেন, “সত্য কি?” (অনুবাদকৃত টেক্সট)।

১৮:৩৩ “রাজবাড়ী” যোহন ১৮:২৮ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “তুমি কি যিহূদীদের রাজা” যীশুকে দেশদ্রোহের অভিযোগ করা হয়েছিল (মথি ২৭:১১; মার্ক ১৫:২; লুক ২৩:২ এবং যোহন ১৯:৩,১২,১৫,১৯-২২)।

১৮:৩৪ “যীশু উত্তর করলেন, ‘আপনি কি নিজে থেকেই এই কথা বলছেন না অন্যেরা আমার বিষয়ে আপনাকে বলেছে?’” যদি পীলাত রাজনৈতিক রাজত্ব উল্লেখ করে প্রশ্ন জিজ্ঞাসা করতেন, তবে যীশু হয়তো একে অস্বীকার করতেন। যদি যিহূদীরা এটি বলতো, তাহলে এটি উল্লেখ করতো তাঁর মশীহত্ব এবং আর যীশু তা নিশ্চিত করতেন। পীলাত স্পষ্টতই ইচ্ছুক ছিলেন যিহূদী ধর্মের চিন্তার বিশদ আলোচনা করতে (যোহন ১৮:৩৫)।

১৮:৩৫ প্রথম প্রশ্ন আশা করে “না” উত্তর। পীলাত যিহূদী ধর্মের প্রতি তার অবজ্ঞা প্রকাশ করেছেন।

১৮:৩৬ “যদি আমার রাজ্য এই জগতের হত, তবে আমি যাতে যিহূদীদের হাতে না পড়ি সেজন্য আমার দাসেরা যুদ্ধ করত” এটি একটি second class conditional sentence যাকে বলে “সত্যের প্রতি বিপরিত।” এটি অবশ্যই অনুবাদ হবে “যদি আমার রাজ্য এই জগতে হতো, এবং এটি তা নয়, তাহলে আমার দাসেরা যুদ্ধ করতো, যেটি তারা করে নাই।” শব্দগুচ্ছ “আমার দাসেরা” উল্লেখ করতে পারে (১) শিষ্যদের বা (২) স্বর্গদূতদের (মথি ২৬:৫৩)।

১৮:৩৭ “সেজন্য পীলাত তাঁকে বললেন, ‘তাহলে তুমি কি রাজা?’” এটি ছিল মুখের চরমতম ব্যঙ্গ জাগতিক ক্ষমতার প্রতীকের (অর্থাৎ রোম), সম্মুখীন করেছিল যীশু এবং তাঁর আত্মিক রাজ্যকে। এই প্রশ্ন আশা করে “হ্যাঁ” উত্তর।

□ “আপনি ঠিকই বলেছেন যে, আমি রাজা। আমি এই জন্য জন্ম গ্রহণ করেছি, ও এই জন্য এই জগতে এসেছি” প্রথম শব্দগুচ্ছ অনুবাদ করা কঠিন কারণ এর দ্ব্যর্থকতা। এটি গুণাবলির সাথে একটি নিশ্চয়তা (মথি ২৭:১১; মার্ক ১৫:২; লুক ২৩:৩)। যীশু জানতেন তিনি কে (two perfect tense verbs), এবং কেন তিনি এসেছেন (যোহন ১৩:১,৩; মার্ক ১০:৪৫; লুক ২:৪৯; মথি ১৬:২২ থেকে কয়েকটি পদ)। পীলাত বুঝতে পারেন নাই!

□ “এই জন্য আমি জন্ম গ্রহণ করেছি” যীশু উল্লেখ করছেন পিতাকে প্রকাশ করার কাজ (অর্থাৎ, “সত্যের পক্ষে সাক্ষ্য দিতে”)। মূলত তিনটি কারণে যীশু এসেছিলেন

১. ঈশ্বরের চরিত্র ও উদ্দেশ্য পরিপূর্ণ ও সম্পূর্ণরূপে প্রকাশ করতে (যোহন ১:১৮; ৩:৩২)
২. ঈশ্বরের নির্দোষ মে, ষ শাবক হিসাবে মৃত্যুবরণ করতে যেন জগতের পাপ তুলে নিয়ে যেতে পারেন (যোহন ১:২৯)
৩. বিশ্বাসীদের একটি উদাহরণ দিতে যে কিভাবে জীবন যাপন করতে এবং ঈশ্বরকে সম্বন্ধিত করতে হবে

□ “যে কেউ সত্যের সে আমার কথা শোনে” আমি সব সময় গভীরভাবে পরিচালিত হই “প্রত্যেকের,” “যে কেউ,” “যে হয় হোক,” “যত জন হয় হোক”! ওহ! YHWH পূর্ণ করছেন খ্রীষ্টে আদি ৩:১৫ পদ। পতনে ঈশ্বরের যে প্রতিমূর্তি নষ্ট হয়েছে তা পুনরুদ্ধার করছেন। ঘনিষ্ঠ, ব্যক্তিগত সহভাগিতা আবার সম্ভব! সহভাগিতা এখন পুনরুদ্ধার হয়েছে (উপলব্ধির eschatology)।

যাদের কেবল আত্মিক চোখ এবং কাণ আছে (অর্থাৎ, যোহন ১০:৩,১৬,২৭; ১৮:৩৭) তারাই কেবল সত্য বুঝতে পারে (মথি ১১:১৫; ১৩:৯,১৬,৪৩; মার্ক ৪:৯,২৩; লুক ৮:৮; ১০:২৩,২৪; ১৪:৩৫; প্রকা ২:৭,১১,১৭,২৯; ৩:৬,১৩,২২)। যীশু হলেন সত্য (যোহন ১৪:৬)! যখন তিনি বলেছেন তখন তাঁর অনুসারীরা শুনেছে (যোহন ১:১-৫)। যোহন “দেখা” বা “শোনা” হল ধর্মতাত্ত্বিক ভাবে “অনন্ত জীবন” গ্রহণের সমতুল্য।

১৮:৩৮ “পীলাত তাঁকে বললেন, ‘সত্য কি’” পীলাত এই প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন, কিন্তু দৃশ্যত তিনি এই প্রশ্নের উত্তর পাবার আগেই স্থান ত্যাগ করেছিলেন। পীলাত নিজেকে নিশ্চিত করাতে চেয়েছিলেন যে যীশু রোমীয় সরকারের জন্য কোন হুমকী ছিলেন না। সেজন্য তিনি এটি করেছিলেন। তারপর তিনি চেষ্টা করেছিলেন যীশুকে মুক্ত করতে যেহেতু যিহূদীদের একটি প্রথা ছিল নিস্তার পর্বের সময়ে (যোহন ১৮:৩৯; মথি ২৭:১৫)। যোহন লিখেছেন, যেভাবে লুক লিখেছেন, দেখিয়েছেন যে খ্রীষ্ট ধর্ম রোমীয় সাম্রাজ্যের জন্য কোন হুমকী ছিল না (অর্থাৎ, যোহন ১৮:৩৮; ১৯:৪; লুক ২৩:৪,১৪, ২২)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৮:৩৮-৪০

৩৮ আর তিনি এই কথা বলে আবার বাইরে যিহূদীদের কাছে গেলেন এবং তাদের বললেন, “আমি এর কোনই দোষ দেখতে পাচ্ছি না।”^{৩৮} তবে তোমাদের একটা নিয়ম আছে যে উদ্ধার-পর্বের সময়ে আমি তোমাদের একজন কয়েদীকে ছেড়ে দিই; তোমরা কি চাও যে, আমি যিহূদীদের রাজাকে ছেড়ে দিই?”^{৪০} তারা আবার চেষ্টা করে বলল, “ওকে নয়, বারব্বাকে।” সেই বারব্বা একজন ডাকাত ছিল। (অনুবাদকৃত টেক্সট)।

১৮:৩৯ “তোমাদের একটা নিয়ম আছে” এটি ব্যাখ্যা করা হয়েছে মথি ২৭:১৫ এবং লুক ২৩:১৭ পদে (নূতন নিয়মের বাইরে ঐতিহাসিক তথ্যাবলীতে অজ্ঞাত)।

১৮:৪০ “তারা আবার চেষ্টা করে বলল, ‘ওকে নয়, বারব্বাকে’” এটা বেশ ব্যঙ্গাত্মক যে বারব্বা দৃশ্যত ছিল zealot দলের এবং সদস্য, এবং সেজন্য, সেও সেই একই অভিযোগে অভিযুক্ত ছিল যে অভিযোগ যীশুর বিরুদ্ধে করা হয়েছিল (মার্ক ১৫:৭; লুক ২৩:১৯,২৫)। এই লোকেরা দৃশ্যত সেখানে অপেক্ষা করছিল তাদের দেশীয় নায়ককে সমর্থন দেবার জন্য। যিহূদী কর্তৃপক্ষ যীশুকে অভিযুক্ত করার এই সুযোগটাই গ্রহণ করে (মার্ক ১৫:১১)।

এটি আরও একটি ভাষাময়ী যে “বারব্বা” নামটি অর্থ “একজন পিতার পুত্র।” যোহন তার সমগ্র সুসমাচারে শব্দের এই খেলা খেলেছেন। জনতা “পিতার পুত্র” কে চাইলো “পিতার পুত্র” এর পরিবর্তে। সম্পূর্ণ অন্ধকার নেমে এল!

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. যীশু কেন সেই জায়গাতে গেলেন যেখানে তিনি জানতেন যিহূদা তাঁকে খুঁজে পাবে?
২. কেন যোহন গেষশিমানীতে যীশুর কষ্টকে লিপিবদ্ধ করেন নাই?
৩. কেন মহাসভা যীশুকে পীলাতের কাছে নিয়ে গিয়েছিল?

৪. কেন যোহন ও Synopticসূসমাচারে ঘটনার ধারাবাহিকতা এত দ্বন্দ্বপূর্ণ?
৫. কেন যোহন যীশুকে মুক্ত করার চেষ্টাকারী হিসাবে পীলাতকে চিত্রিত করেছেন?

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ১৯

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশুর মৃত্যুদণ্ড (১৮:৩৮ _ক -১৯:১৬ _ক)	সৈন্যরা যীশুকে ঠাটা করে	(১৮:৩৮ _ক -১৯:৭)	যীশুর মৃত্যুদণ্ড (১৮:৩৮ _ক -১৯:১৬)	পীলাতের সামনে যীশু (১৮:২৮-১৯:১১)
১৮:৩৮ _ক -১৯:৭		১৮:৩৮ _ক -১৯:৭	১৮:৪০-১৯:৩	১৮:৩৩-১৯:৩
	১৯:১-৪			
	পীলাতের সিদ্ধান্ত		১৯:৪-৫	১৯:৪-৭
	১৯:৫-১৬		১৯:৬ _ক	
			১৯:৬ _খ	
			১৯:৭	
১৯:৮-১২		১৯:৮-১২	১৯:৮-৯ _ক	১৯:৮-১১
			১৯:৯ _খ -১০	
			১৯:১১	
			১৯:১২	যীশু মৃত্যুদণ্ডে দণ্ডিত ১৯:১২-১৬ _ক
১৯:১৩-১৬ _ক		১৯:১৩-১৬ _ক	১৯:১৩-১৪	
			১৯:১৫ _ক	
			১৯:১৫ _খ	
			১৯:১৫ _গ	
			১৯:১৬ _ক	
যীশুর ক্রুশবিদ্ধকরণ	ক্রুশের উপরে রাজা		যীশু ক্রুশোবিদ্ধ	ক্রুশোবিদ্ধকরণ
১৯:১৬ _খ -২২		১৯:১৬ _খ -২৫ _ক	১৯:১৬ _খ -২১	১৯:১৬ _খ -২২
	১৯:১৭-২৪			

			১৯:২২	যীশুর কাপড় ভাগ করা
১৯:২৩-২৭			১৯:২৩-২৪	১৯:২৩-২৪
	ঐ দেখ তোমার মা			যীশু এবং তাঁর মা
	১৯:২৫-২৭	১৯:২৫-২৭	১৯:২৫-২৬	১৯:২৫-২৭
			১৯:২৭	
যীশুর মৃত্যু	শেষ হয়েছে		যীশুর মৃত্যু	যীশুর মৃত্যু
১৯:২৮-৩০	১৯:২৮-৩০	১৯:২৮-৩০	১৯:২৮	১৯:২৮
			১৯:২৯-৩০	১৯:২৯-৩০
			১৯:৩০	
যীশুর পাঁজর বিদ্ধ	যীশুর পাঁজর বিদ্ধ		যীশুর পাঁজর বিদ্ধ	বিদ্ধ পাঁজর
১৯:৩১-৩৭	১৯:৩১-৩৭	১৯:৩১-৩৭	১৯:৩১-৩৭	১৯:৩১-৩৭
যীশুর সমাধি	যোষেফের কবরে যীশুর কবর		যীশুর সমাধি	সমাধি
১৯:৩৮-৪২	১৯:৩৮-৪২	১৯:৩৮-৪২	১৯:৩৮-৪২	১৯:৩৮-৪২

পাঠ চক্র তিন

প্যারাথ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাথ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাথ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাথ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাথ্রাফ
২. দ্বিতীয় প্যারাথ্রাফ
৩. তৃতীয় প্যারাথ্রাফ
৪. ইত্যাদি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:১-৭

^১ তখন পীলাত যীশুকে নিয়ে গিয়ে চাবুক মারলেন। ^২ সৈন্যেরা কাঁটা-লতা দিয়ে একটা মুকুট গেঁথে যীশুর মাথায় পরিয়ে দিল, আর তাঁকে বেগুনে কাপড় পরাল; ^৩ এবং তাঁর কাছে গিয়ে বলতে আরম্ভ করল, “ওহে যিহুদী-রাজ, নমস্কার!” এবং তাঁর মুখে চড় মারতে লাগল। ^৪ পীলাত আবার বাইরে এলেন এবং লোকদের বললেন, “দেখ, আমি ওকে তোমাদের কাছে বের করে আনছি যাতে তোমরা জানতে পার যে আমি ওর কোন দোষই পাচ্ছি না।” ^৫ যীশু সেই কাঁটার মুকুট আর বেগুনে কাপড় পরা অবস্থায় বাইরে আসলেন। তখন পীলাত লোকদের বললেন, “এই দেখ, সেই লোক।” ^৬ তখন যীশুকে দেখে প্রধান পুরোহিতেরা আর কর্মচারীরা চেঁচিয়ে বললেন, “ক্রুশে দিন, ওকে ক্রুশে দিন!” পীলাত লোকদের বললেন, “তোমরাই ওকে নিয়ে গিয়ে ক্রুশে দাও, কারণ আমি ওর কোন দোষই দেখতে পাচ্ছি না।” ^৭ যিহুদীরা তাকে উত্তর করলেন, “আমাদের একটা আইন আছে, সেই আইন

১৯:১ “তখন পীলাত যীশুকে নিয়ে গিয়ে চাবুক মারলেন” কোন সময় এবং কতটি চাবুক মারা হয়েছিল তা অনিশ্চিত। সকল অভিযুক্ত যাদের ক্রুশে দেবার শক্তি নিরূপিত হয় তাদের চাবুক মারা হতো। এটা এমন একটি নিষ্ঠুর অভিজ্ঞতা ছিল যে অনেকে এতেই মারা যেত। যাহোক, প্রসঙ্গ অনুসারে পীলাত মনে হয় যীশুকে চাবুক মেরেছিলেন তাঁকে মুক্ত করণের উদ্দেশ্যে সহানুভূতি লাভ করতে পারেন (লুক ২৩:১৬,২২; যোহন ১৮:১২)। এটা হতে পারে যিশা ৫৩:৫ পদের ভাবাবণীর পূর্ণতা।

রোমীয় চাবুক মারা ছিল ভয়ংকর যন্ত্রণাদায়ক, নিষ্ঠুর শাস্তি যা বরাদ্দ ছিল যারা রোমীয় নয় তাদের জন্য। একটি চাবুক, চামড়ার লম্বা লম্বা ফালি ফালি করা যার মাথায় হাড় বা ধাতু বেধে দেওয়া হতো, যাকে চাবুক মারা হতো তার দুই হাত একটি ছোট খুটিতে শক্ত করে বেধে হাতে ভর দিয়ে উবুর হয়ে বসানো হতো। কতবার মারা হতো তা বলা হয়নি। এটা নিয়মিত ভাবে ক্রুশবিদ্ধ করণের আগে করা হতো (Livy XXXIII:36)।

সুসমাচারগুলি ভিন্ন ভিন্ন শব্দ ব্যবহার করেছে রোমীয়দের হাতে মারার বিষয়ে বর্ণনা করতে।

১. মথি ২৭:২৬; মার্ক ১৫:১৫ – *phragelloō*, চাবুক মারা বা কষ্ট দেওয়া
২. লুক ২৩:১৬,২২ – *paideuō*, উৎপত্তিগত ভাবে শিশু শাসন (ইব্রীয় ১২:৬-৭,১০), কিন্তু এখানে, ২ করি ৬:৯ পদ অনুসারে প্রহার করা
৩. যোহন ১৯:১ – *mastigoō*, উৎপত্তিগত ভাবে চাবুকের নাম, মথি ১০:১৭; ২০:১৯; ২৩:৩৪; প্রেরিত ২২:২৪-২৫; ইব্রীয় ১১:৩৬

এগুলি হতে পারে একই রকম অথবা হতে পারে দু'বার প্রহার করার কথা উল্লেখ করছে

- ক. পীলাতের দ্বারা কম প্রহার
- খ. ক্রুশোবিদ্ধকরণের আগে প্রহার করা

১৯:২ “সৈন্যেরা কাঁটা-লতা দিয়ে একটা মুকুট গাঁথে যীশুর মাথায় পরিয়ে দিল” এটিও নির্যাতনের একটি অংশ ছিল যেখানে কাটা চাপ দিয়ে যীশুর ললাটে বসিয়ে দেওয়া হয়েছিল। যাহোক, খুব সম্ভব এটা হতে পারে যে এটি প্রতিনিধিত্ব করছে তাল পাতা দিয়ে তৈরী একটি উজ্জল মুকুটের, যীশুকে রাজা হিসাবে উপহাস করার এটি আর একটি উপায় ছিল (মথি ২৭:২৭-৩১; মার্ক ১৫:১৫-২০)।

“মুকুট” (*stephanos*) এর গ্রীক টার্ম ব্যবহৃত হয়েছে খেলাধূলায় বিজয়ীদের মালা বা একটি জয়ের মালা সম্রাটের দ্বারা নষ্ট করা হিসাবে।

□ “তাঁকে বেগুনে কাপড় পরাল” বেগুনে (*porphyros*) রাজকীয় চিহ্ন ছিল, এই রং ছিল খুব দামী, যেহেতু এটি তৈরী হতো শামুক জাতীয় প্রাণীর খোলস দিয়ে। উজ্জল লাল রং ছিল রোমীয় সরকারী পোষাকের (মার্ক ১৫:১৭,২০)। উজ্জল লাল রং তৈরী করা হতো ওক গাছে পাওয়া এক জাতীয় পোকের আঁশ থেকে। এই পোষাক ছিল রাজকীয় বেগুনে রঙ্গের রাজাদের পোষাকের পরোক্ষ ইঙ্গিত, কিন্তু বাস্তবতায় এটি ছিল সম্ভবত ফ্যাকাশে হয়ে যাওয়া উজ্জল লাল রঙ্গের রোমীয় সরকারী পোষাক (মথি ২৭:২৮)।

১৯:৩

- NASB “এবং তাঁর কাছে গিয়ে বলতে আরম্ভ করল,
NKJV “তারপর তারা বলল”
NRSV “তারা তাঁর কাছে আসতে লাগল, আর বলল”
TEV “এবং তাঁর কাছে গেল এবং বলল”
NJB “তারা তাঁর আসতে লাগল আর বলল”

এগুলি হল imperfect tenses। আপাতদৃষ্টিতে সৈন্যেরা একটি পরে আর একটি করে এগুলি করছিল। এই উপহাস ছিল সাধারণ ভাবে এই ক্ষেত্রে যীশুর চেয়ে যিহুদীদের জন্য অনেক বেশি অবমাননাকর। সম্ভবত পীলাত এটি চাইছিলেন এই কারণে যীশুর জন্য সহানুভূতি, কিন্তু এটি কাজ করে নাই।

বিরোধিতার মুখেও আবার যোহনের লেখায় প্রায়ই ভাবাবণীমূলক মন্তব্য। এই সৈন্যেরা যা উপলব্ধি করছিল তার চেয়ে বেশি বলছিল।

□ “এবং তাঁর মুখে চড় মারতে লাগল” এই শব্দের উৎপত্তিগত অর্থ “লাঠি দিয়ে মারা,” কিন্তু এখানে এটি খুব সাধারণ ভাবে ব্যবহার করা হয়েছে “হাত দিয়ে চড় মারা।” এটা হতে পারে উপহাসের একটি ভঙ্গি নিষ্ঠুর ভাবে মুখে চড় মারার চেয়ে রাজকীয় অভিবাদন।

১৯:৪

- NASB “আমি ওর কোন দোষই পাচ্ছি না”
NKJV “আমি ওর কোন দোষই পাচ্ছি না”
NRSV “আমি ওর বিরুদ্ধে কোন দোষ পাচ্ছি না।”
TEV “আমি কোন কারণ খুঁজে পাচ্ছি না তাঁকে দোষী বলে স্থির করার”
NJB “আমি ওর বিরুদ্ধে কোন দোষ পাচ্ছি না”

যোহনের একটি উদ্দেশ্য ছিল এটা দেখান যে খ্রীষ্ট ধর্ম রোমীয় সরকারের বা তার কর্মচারীদের জন্য কোন হুমকি ছিল না। যোহন লিপিবদ্ধ করেছেন যে পীলাত বেশ কয়েকবার যীশুকে ছেড়ে দেবার চেষ্টা করেছেন (যোহন ১৮:৩৮; ১৯:৬; লুক ২৩:৪,১৪,২২)।

১৯:৫

NASB, NKJV “এই দেখ, সেই লোক!”
TEV, NET “দেখ, এই সেই লোক!”
NRSV, NJB,
REB “এই সেই লোক”

এই শব্দগুচ্ছ বেশ কয়েকটি ভাবে বোঝা যেতে পারে।

১. যীশুর পোষাক ছিল উপাহাসের রাজা হিসাবে
২. যীশুর প্রহার করা ছিল সহানুভূতি অর্জনের
৩. সখরিয় ৬:১২ পদের একটি পরোক্ষ উল্লেখ (Messianic সিদ্ধান্ত “শাখা”)
৪. যীশুর মানবিকতা নিশ্চিত করা (অর্থাৎ, যোহনের সময়ে জ্ঞানবাদের বিপক্ষতা)
৫. অরামিক “মনুষ্য পুত্র” এর সঙ্গে সম্পর্কিত, *bar nashā* (আর একটি পরোক্ষ Messianic সিদ্ধান্ত)

১৯:৬ “তারা চেষ্টা করে বললেন, ‘ক্রুশে দিন! ওকে ক্রুশে দিন!’” যে যিহুদী নেতা যীশুর ক্রুশোবিদ্ভকলন চাইছিল তা হল দ্বি বি ২১:২৩ পদের অভিলাপ কার্যকর হয়। এটি একটি কারণ যে কেন পৌল সম্ভবত খুব সমস্যায় ছিলেন নাসরতিয় যীশু যে ঈশ্বরের মশীহ সে সম্বন্ধে।। যাহোক, আমরা গালাতীয় ৩:১৩ পদ পড়ে জানতে পারি যে যীশু ক্রুশে আমাদের অভিলাপ ধংস করেছেন (কল ২:১৪)।

▣ “আমি তাঁর কোন দোষই পাচ্ছি না” পীলাত কথাটি তিন বার বলেছিলেন (যোহন ১৮:৩৮; ১৯:৪)।

১৯:৭ “তাঁর মৃত্যু হওয়া উচিত কারণ সে নিজেকে ঈশ্বরের পুত্র বলেছে” যীশু দাবী করেছেন যে তিনি ঈশ্বরে সাথে এক, তাঁর একমাত্র পুত্র। যিহুদীরা যারা এই কথা শুনেছিল এবং বুঝেছিল তাদের উদ্দেশ্য, কোন সন্দেহ নেই যে তিনি ঈশ্বর বলে দাবী করছেন (যোহন ৫:১৮; ৮:৫৩-৫৯; ১০:৩৩)। যীশুর বিরুদ্ধে যিহুদীদের মূল অভিযোগ ছিল ঈশ্বর নিন্দা (মথি ৯:৩; ২৬:৬৫; মার্ক ২:৭; ১৪:৬৪; লুক ৫:২১; যোহন ১০:৩৩,৩৬)। ঈশ্বর নিন্দা অভিযোগের শাস্তি ছিল পাথর মারা (লেবীয় ২৪:১৬)। যদি যীশু দেহধারণ না করতেন, পূর্ব অস্তিত্বময় ঈশ্বর না হতেন, তাঁকে অবশ্যই পাথর পাথর মারা হতো!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:৮-১২

^৮ পীলাত যখন এই কথা শুনলেন, তখন তিনি *আরও* ভয় পেলেন; ^৯ এবং তিনি আবার রাজবাড়ীর মধ্যে গেলেন আর যীশুকে জিজ্ঞাসা করলেন, “তুমি কোথা থেকে এসেছ?” যীশু কিন্তু পীলাতকে কোন উত্তর দিলেন না। ^{১০} এইজন্য পীলাত তাঁকে বললেন, “তুমি কি আমার সংগে কথা বলবে না? তুমি কি জান যে তোমাকে ছেড়ে দেবার ক্ষমতা আমার আছে, এবং তোমাকে ক্রুশে দেবার ক্ষমতা আমার আছে?” ^{১১} যীশু উত্তর দিলেন, “উপর থেকে আপনাকে ক্ষমতা দেওয়া না হলে, আমার উপরে আপনার কোন ক্ষমতাই থাকত না; সেইজন্য যে আমাকে আপনার হাতে দিয়েছে তারই পাপ বেশী।” ^{১২} এই কথা শুনে পীলাত যীশুকে ছেড়ে দেবার চেষ্টা করতে লাগলেন, কিন্তু যিহুদীরা চেষ্টা করে বললেন, “আপনি যদি এই লোকটাকে ছেড়ে দেন, তবে আপনি সম্রাট কৈসরের বন্ধু নন; যে কেউ নিজেকে রাজা করে তোলে সে তো কৈসরের বিপক্ষতা করে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৯:৮ “পীলাত যখন এই কথা শুনলেন, তখন তিনি *আরও* ভয় পেলেন” পীলাতের স্ত্রী ইতিমধ্যে যীশু সম্পর্কে তাকে সতর্ক করেছেন (মথি ২৭:১৯), এবং এখন যিহুদী নেতারা দাবী করছেন যে তিনি বলতে চেষ্টা করেছেন যে তিনি ছিলেন ঈশ্বরের পুত্র। পীলাত, কুসংস্কারাগত মানুষ হিসাবে ভয় পেলেন। এটা গ্রীক ও রোমীয়দের কাছে দেবতাদের মানুষ রূপে মানুষের কাছে আসাটা খুব সাধারণ বিষয় ছিল।

১৯:৯

NASB, NKJV,
NRSV “তুমি কোথা থেকে এসেছ?”
TEV, NJB,
NIV “তুমি এসেছো কোথা থেকে”

পীলাত যীশুর জন্মস্থানের কথা জিজ্ঞাসা করলেন না করলেন তাঁর উৎপত্তি সম্বন্ধে। পীলাত তার সামনে আনা লোকটির বিষয়ে গুরুত্ব উপলব্ধি করতে শুরু করেছিলেন। যীশু জানতেন যোহন ১৮:৩৮ পদে করা তার মন্তব্য থেকে যে পীলাত সত্য সম্বন্ধে আগ্রহী নয় কিন্তু বরং রাজনৈতিক যৌক্তিকতা সম্বন্ধে, তাই তিনি কোন উত্তর দিলেন না।

পীলাত সেই সব অসংখ্য লোকদের দলে যুক্ত হলেন যারা যীশুর প্রতি চমৎকৃত হয়েছিল কিন্তু তাঁর উৎপত্তি সম্বন্ধে বোঝে নাই (যোহন ৪:১২; ৬:৪২; ৭:২৭-২৮, ৪১-৪২; ৮:১৪; ৯:২৯-৩০)। এটি যোহনের উল্লেখ দৈতবাদের একটি অংশ। যীশু উর্দু থেকে এসেছিলেন এবং যারা নিচ থেকে এসেছে তাদের কেউ তাঁকে জানা/বোঝা/দেখা/শোনা পিতার স্পর্শ ছাড়া করতে পারে না (অর্থাৎ, ৬:৪৪,৬৫; ১০:২৯)।

▣ “যীশু তাঁকে উত্তর দিলেন না” পীলাতের অবশ্যই স্মরণ করা দরকার ছিল যীশুর উত্তর (যোহন ১৮:৩৭)! অনেকে একে দেখে থাকে যিশা ৫৩:৭ পদের পূর্ণতা হিসাবে।

১৯:১০ “এবং তোমাকে ক্রুশে দেবার ক্ষমতা আমার আছে” পীলাত বলতে চেষ্টি করেছেন যে তার মৃত্যু ও জীবনের উপরে রাজনৈতিক কর্তৃত্ব রয়েছে, তথাপি এই বিশৃঙ্খল জনতার সামনে তিনি তার কর্তৃত্বকে তাদের ইচ্ছায় সম্পর্পিত করেছিলেন। পীলাতের প্রশ্ন ব্যাকরণগত ভাবে “হ্যাঁ” উত্তর আশা করে।

১৯:১১ “উপর থেকে আপনাকে ক্ষমতা দেওয়া না হলে, আমার উপরে আপনার কোন ক্ষমতাই থাকত না” এটি একটি second class conditional sentence যাকে বলা হয় “সত্যের প্রতি বিপরিত।” যীশু পীলাতের দ্বারা ভীত ছিলেন না। তিনি জানতেন যে তিনি কে এবং কেন তিনি এসেছেন! বাইবেল বলতে চেষ্টি করেছে যে মানুষের সকল কর্তৃত্বে পিছনে রয়েছেন ঈশ্বর (রোমীয় ১৩:১-৭)।

□ “যে আমাকে আপনার হাতে দিয়েছে তারই পাপ বেশী” প্রথম বার পড়লে এটা মনে হয় যিহূদা ইষ্কারিয়োটের কথা উল্লেখ করা হয়েছে (যোহন ৬:৬৪, ৭১; ১৩:১১) কিন্তু বেশির ভাগ ব্যাখ্যাকারকেরা বিশ্বাস করেন যে উনি উল্লেখ করেছে কাইয়াফার কথা, যে সরকারী ভাবে যীশুকে রোমীয়দের হাতে তুলে দিয়েছিল। এই শব্দগুচ্ছ বোঝা যেতে পারে সমন্বিত ভাবে যেভাবে উল্লেখ করা হয়েছে (১) অবৈধ যিহূদী নেতারা বা (২) সমগ্র যিহূদী লোকেরা (মথি ২১:৩৩-৪৬; মার্ক ১২:১-১২; লুক ২০:৯-১৯; রোমীয় ৯-১১)।

১৯:১২ “পীলাত যীশুকে ছেড়ে দেবার চেষ্টি করতে লাগলেন” এটি একটি imperfect tense যার অর্থ অতীত কালে বার বার করা কোন কাজ। তিনি বেশ কয়েকবার চেষ্টি করেছিলেন।

□ “আপনি যদি এই লোকটাকে ছেড়ে দেন, তবে আপনি সম্রাট কৈসরের বন্ধু নন” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ। এই যিহূদী নেতারা পীলাতকে ভয় দেখালেন যে তার উপরে কর্মকর্তার কাছে নালিশ করবেন যদি তিনি তাদের ইচ্ছানুসারে কাজ না করেন এবং যীশুকে মৃত্যুদণ্ড না দেন। শব্দগুচ্ছ কৈসরের বন্ধু” একটি বাগধারা ছিল যেটি উল্লেখ করেছে একটি সম্মানীয় উপাধি রোমীয় সম্রাটের দান করা (শুর হয়েছিল হয় Augustus না হয় Vespasian দ্বারা)।

কৈসর ছিল রোমীয় সম্রাটদের উপাধি। এটি এসেছিল Julius Caesar থেকে এবং Augustus এটি গ্রহণ করেছিলেন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:১৩-১৬

^{১৩} এই কথা শুনে পীলাত যীশুকে বাইরে আনলেন, এবং পাথরে বাঁধানো নামে একটা জায়গায় বিচারের আসনে বসলেন, কিন্তু ইব্রীয় ভাষায় সেই জায়গাটার নাম, গাব্বাথা। ^{১৪} সেই দিনটা ছিল নিস্তার পর্বের আয়োজনের দিন; তখন বেলা প্রায় ছয় ঘটিকা। এবং তিনি যিহূদীদের বললেন, “দেখ, তোমাদের রাজা!” ^{১৫} এতে তাঁরা চিৎকার করে বললেন, “ওকে দূর কর, ওকে দূর কর, ওকে ক্রুশে দাও!” পীলাত তাঁদের বললেন, “তোমাদের রাজাকে কি আমি ক্রুশে দেব?” প্রধান পুরোহিতেরা উত্তর দিলেন, “কৈসর ছাড়া আমাদের আর কোন রাজা নেই।” ^{১৬} তখন তিনি যীশুকে ক্রুশে দেবার জন্য তাঁদের হাতে দিয়ে দিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৯:১৩ “এই কথা শুনে পীলাত যীশুকে বাইরে আনলেন, এবং বিচারের আসনে বসলেন” টেক্সটটি দ্ব্যর্থব্যাঞ্জক কে বিচারের আসনে বসেছে সে হিসাবে। Williams এবং Goodspeed উভয়ই অনুবাদ করতে চেষ্টি করেছেন যে উনি ছিলেন যীশু নিজে, সেখানে যিহূদীদের রাজা হিসাবে উপহাসের একটি ছিল। যাহোক, প্রসঙ্গ ইঙ্গিত দেয় পীলাতকে, যিনি বিচার ঘোষণা করতে যাচ্ছেন।

NASB, NKJV,

NJB “ইব্রীয় ভাষায় সেই জায়গাটার নাম, গাব্বাথা”

NRSV “পাথরের জায়গাটাকে বলে, অথবা ইব্রীয়তে গাব্বাথা”

TEV “পাথরের জায়গাটাকে বলে’ (ইব্রীয়তে নাম ‘গাব্বাথা)’”

ইব্রীয়/অরামিক শব্দের ব্যবহার সাথে তাদের ব্যাখ্যা দেখায় যে যোহনের সুসমাচারের মূল লক্ষ্য ছিল পরজাতিয় পাঠক (যোহন ১৯:১৭)। এই পাথরের জায়গা ছিল রোমীয় বিচারের রায় বলার জায়গা। অরামিক টার্ম *Gabbatha* অর্থ “উত্থিত পাথর” বা “উচ্চিকৃত স্থান।”

১৯:১৪ “সেই দিনটা ছিল নিস্তার পর্বের আয়োজনের দিন” এখানে Synoptic সুসমাচার ও যোহনের সুসমাচারের মধ্যে তারিখ নিয়ে একটি অসামঞ্জস্যতা রয়েছে। Synoptic সুসমাচার, যীশু তাঁর শ্রেণীর পূর্বে নিস্তার পর্বের ভোজ খেয়েছিলেন তাঁর শিষ্যদের সঙ্গে (মার্ক ১৫:৪২), কিন্তু যোহনে এই খাবার ছিল পর্বের আগে আয়োজন দিনের খাবার। দেখুন যোহন ১৮:২৮ পদে সম্পূর্ণ নোট।

□ “তখন সময় অনুমান ছয় ঘটিকা” পীলাতের সামনে যীশুর বিচার ও তাঁর ক্রুশবিদ্ধকরণের সময়ানুক্রেম হল

মথি	মার্ক	লুক	যোহন
পীলাতের দোষী বলে সাব্যস্তকরণ			ষষ্ঠ ঘটিকা

ক্রুশোবিদ্ধকরণ	তৃতীয় ঘটিকায়		
	১৫:২৫		
অঙ্কার নেমে এল	ষষ্ঠ-নবম ঘটিকা	ষষ্ঠ-নবম ঘটিকা	ষষ্ঠ-নবম ঘটিকা
	২৭:৪৫	১৫:৩৩	২৩:৪৪
যীশু চিৎকার উঠলেন	নবম ঘটিকা	নবম ঘটিকা	
	২৭:৪৬	১৫:৩৪	

যখন এই উল্লেখিত সময়গুলি তুলনা করা হয়, তখন দুটো ব্যাখ্যামূলক বিকল্প উদ্ভূত হয়।

১. এগুলি সবই একই রকম। যোহন ব্যবহার করেছেন রোমীয় সময়, যার গণনা শুরু হয় রাত ১২:০০টা থেকে (Gleason L. Archer, *Encyclopedia of Bible Difficulties*, p. 364), এবং Synoptic সূসমাচার ব্যবহার করেছে যিহুদী টাইম, যার গণনা শুরু হয় সকাল ৬:০০ টা থেকে।
২. যোহন চেষ্টা করেছেন যীশুর ক্রুশোপনের শেষ সময়টি উল্লেখ করতে যেটি হতে পারে আর একটি উদাহরণ Synoptic সূসমাচার ও যোহনের মধ্যে

এটি মনে হয় যোহন ১:৩৯ পদ এবং ৪:৬ পদ যেখানে তিনি ব্যবহার করেছেন যিহুদী টাইম এবং রোমীয় সময় নয় (M. R. Vincent, *Word Studies*, Vol. 1, p. 403)।

সময়ের উল্লেখ সকল সূসমাচারে হতে পারে প্রতিকি কারণ সেগুলি সম্পর্ক যুক্ত

১. মন্দিরে প্রতিদিনের উৎসর্গের সময় (সকাল ৯ টা এবং বিকাল ৩ টা, প্রেরিত ২:১৫; ৩:১)
২. ঠিক মধ্যাহ্নের পর হল ঐতিহ্যগত ভাবে নিস্তারপর্বের মেষ শাবক মারার সময় নিশান মাসের ১৪ তারিখ বিকালে

বাইবেল, একটি প্রাচীন প্রাচ্যদেশীয় পুস্তক হওয়াতে, কখনোই সময়ানুক্রমিকের দিকে দৃষ্টি দেয়নি, যেভাবে আজকের আধুনিক পশ্চিমা ঐতিহাসিক বিবরণে করা হয়।

□ “দেখ, তোমার রাজা” ৫ পদের মত এটি হতে পারে সখরিয় ৬:১২ পদের একটি পরোক্ষ উল্লেখ, এই শব্দগুচ্ছ হতে পারে সখরিয় ৯:৯ পদের একটি পরোক্ষ উল্লেখ (দেখুন F. F. Bruce, *Answers to Questions*, p. 72)।

১৯:১৪ প্রথম বাক্যটি আর একটি সম্পাদকীয় মন্তব্য।

১৯:১৫ “ওকে দূর কর, ওকে দূর কর, ওকে ক্রুশে দাও!” এই শব্দগুচ্ছের রয়েছে three aorist active imperatives। মূল শব্দ “ক্রুশে দাও” অর্থ “উচুতে তোলা” বা “উচ্চ প্রশংসা করা”; এটা হতে পারে যোহনের একটি ডাবল entendres (যোহন ৩:১৪; ৮:২৮; ১২:৩২)।

□ “প্রধান পুরোহিতেরা উত্তর দিলেন, ‘কৈসর ছাড়া আমাদের আর কোন রাজা নেই’” এটানে ব্যঙ্গটা দেখার মত। এই যিহুদী নেতার ঈশ্বর নিন্দার দোষে দোষী, যে অভিযোগ তারা যীশুর উপরে করেছে। পুরাতন নিয়মে একমাত্র ঈশ্বরই হলেন তাঁর লোকদের রাজা (১ শমু ৮)।

১৯:১৬ “তাদের” মধি ২৭:২৬-২৭ এবং মার্ক ১৫:১৫-১৬ পদে pronoun উল্লেখ করে রোমীয় সৈন্যদের। যোহনে হয়তো এই সিদ্ধান্ত অনুসারে পীলাত যীশুকে যিহুদী নেতাদের এবং জনতার উচ্চার কাছেই সমর্পণ করলেন।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:১৭-২২

^{১৭} তখন তারা যীশুকে নিল, এবং তিনি নিজের ক্রুশ নিজে বহন করে, মাথার খুলির স্থান নামে একটা জায়গায় গেলেন, সেই জায়গার ইব্রীয় নাম গলগথা। ^{১৮} সেখানে তারা যীশুকে ক্রুশে দিল, এবং তাঁর সাথে আরও দুইজনকে দিল, তাঁর দুই পাশে দু’জনকে, আর যীশু মাঝখানে। ^{১৯} পীলাত একটা দোষনামা লিখে যীশুর ক্রুশের উপরে লাগিয়ে দিলেন। তাতে লেখা ছিল, “নাসরতের যীশু, যিহুদীদের রাজা।” ^{২০} তখন অনেক যিহুদী সেই দোষনামা পড়ল, কারণ যীশুকে যেখানে ক্রুশে দেওয়া হয়েছিল সেই জায়গাটা শহরের কাছে; আর সেটি ইব্রীয়, ল্যাটিন এবং গ্রীক ভাষায় লেখা ছিল। ^{২১} তখন যিহুদীদের প্রধান পুরোহিতেরা পীলাতকে বললেন, “‘যিহুদীদের রাজা’ এই কথা লিখবেন না; কিন্তু লিখুন যে ‘এ বলত আমি যিহুদীদের রাজা।’” ^{২২} পীলাত উত্তর করলেন, “আমি যা লিখেছি তা লিখেছি।” (অনুবাদকৃত টেক্সট)।

১৯:১৭ “তিনি নিজের ক্রুশ নিজে বহন করে” প্রথম শতকের প্যালেস্টাইনের ক্রুশের আকৃতি অনিশ্চিত; এটা হতে পারে বড় হাতের ইংরাজী T, ছোট হাতের t, বা একটি X আকৃতির। কখনো কখনো বেশ কয়েকজন কারাবন্দিকে একটি মঞ্চে ক্রুশোবিদ্ধ করা হতো। আকৃতি যাই হোক না কেন দোষী হল

অভিযুক্ত, যাকে চাবুক মারা হয়েছে, কাঠের একটি অংশকে ক্রুশোবিদ্ধ করণের জায়গায় বহন করে নিতে হতো (মথি ২৭:৩২; মার্ক ১৫:২১; লুক ১৪:২৭; ২৩:২৬)।

□ “মাথার খুলির স্থান নামে একটা জায়গায় গেলেন সেই জায়গার ইব্রীয় নাম, গলগথা” এই শব্দগুচ্ছে ঠিক অর্থ অনিশ্চিত। ইব্রীয়/অরামিক টার্ম কখনোই পাহাড়ের কথা উল্লেখ করে না যা দেখতে মাথার খুলির মত, কিন্তু একটি নিচু নেড়া পাহাড় যিরূশালেমে আসা যাওয়ার প্রধান সড়কের পাশে অবস্থিত। রোমীয় ক্রুশোবিদ্ধকরণ বিদ্রোহীদের জন্য ছিল। আধুনিক প্রত্নতত্ত্ববিদরা অনিশ্চিত নগরের প্রাচীন দেওয়ালের ঠিক জায়গাটি কোথায় সে সম্বন্ধে। যীশুকে হত্যা করা হয়েছিল নগরের দেওয়ালের বাইরে প্রকাশে সুপরিচিত বধ্যভূমিতে!

১৯:১৮ “সেখানে তারা যীশুকে ক্রুশে দিল” কোন সুসমাচার লেখকই রোমীয় ক্রুশোবিদ্ধকরণের বিশদ বর্ণনা দেন নাই। রোমীয়রা এটি শিখেছিল কার্থেজবাসীদের কাছ থেকে, যারা এটি পারস্যবাসীদের কাছ থেকে শিখেছিল। এমনকি ক্রুশের সঠিক আকৃতি সম্পর্কেও জানা যায় না। আমরা জানি, যাহোক, এটি ছিল খুব নিষ্ঠুর, দীর্ঘকালস্থায়ী মৃত্যু! এটা চেষ্টা করা হয়েছে যেন ক্রুশেবিদ্ধ ব্যক্তি বেশি দিন বেঁচে থাকে ও যন্ত্রণা ভোগ করে। মৃত্যু সাধারণত হয়ে থাকে শ্বাস রোধ হয়ে। এর অর্থ ছিল যারা রোমের বিরুদ্ধে তাদের জন্য।

□ “আরও দুইজনকে” এটি যিশা ৫৩:৯ পদের ভাববাণীকে পূর্ণ করে, লিপিবদ্ধ হয়েছে মথি ২৭:৩৮; মার্ক ১৫:২৭; এবং লুক ২৩:৩৩ পদে।

১৯:১৯ “পীলাত একটা দোষনামা লিখেন” হতে পারে যে পীলাত এই উপাধিটি (*titlon*) এটি হাতে লিখেছিলেন যেটি অন্যকেউ কাঠের প্লেটে লিখেছিল। মথি একে বলেছেন “অভিযোগ নামা” (*aitian*, মথি ২৭:৩৭), যখন মার্ক ও লুক একে বলেছেন লিপি (*epigraphē*, মার্ক ১৫:২৬; লুক ২৩:৩৮)।

১৯:২০ “আর সেটি ইব্রীয়, ল্যাটিন এবং গ্রীক ভাষায় লেখা ছিল” “ইব্রীয়” বলতে অরামিক উল্লেখ করছে (যোহন ৫:২; ১৯:১৩, ১৭; ২০:১৬; যোষেফাস, *Antiq.* 2.13.1)। এটা নোট করা বেশ কৌতূহলের যে সুসমাচারের মধ্যে ভিন্নতা রয়েছে সঠিক শব্দের যে ক্রুশে যীশুর মাথার উপরে সঠিক দোষনামাটা কি লাগানো হয়েছিল।

১. মথি ২৭:৩৭ – “ইনি যীশু, যিহুদীদের রাজা”
২. মার্ক ১৫:২৬ – “যিহুদীদের রাজা”
৩. লুক ২৩:৩৮ – “ইনি যিহুদীদের রাজা”
৪. যোহন ১৯:১৯ – “নাসরতিয় যীশু, যিহুদীদের রাজা”

প্রতিটিই আলাদা, কিন্তু মূলত একই। এটি সত্য সুসমাচারের মধ্যে বেশির ভাগ ঐতিহাসিক বিশদ বিবরণের মধ্যে পার্থক্য। প্রতিটি লেখকই তার স্মরণ থেকে লিখেছেন সামান্য ভিন্ন ভাবে, কিন্তু তারপরেও এগুলি একই রকম প্রত্যক্ষদর্শীদের বিবরণ।

পীলাত মনে হয় যিহুদী নেতাদের গাএদাহের জন্য যে বিষয়ে তারা ভীত ছিল সেই উপাধিই যীশুর ক্রুশে লাগিয়েছিলেন (যোহন ১৯:২১-২২)।

১৯:২২ “আমি যা লিখেছি তা লিখেছি” এগুলি হল দুটি যেটি জোর দিচ্ছে যা লেখা হয়েছে তা সম্পূর্ণ ও চূড়ান্ত হয়েছে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:২৩-২৫

^{২৩} তারপর সৈন্যরা, যীশুকে ক্রুশে দেবার পর, তাঁর কাপড় নিল আর চার ভাগ করলো, প্রত্যেক সৈন্যকে এক এক ভাগ দিল এবং তাঁর আঙুরাখাটি; আঙুরাখায় কোন সেলাই ছিল না, উপর থেকে সবটাই বোনা ছিল। ^{২৪} তাই তারা একে অন্যকে বলল, “এটা না ছিঁড়ে বরং গুলিবাঁট করে দেখি এটা কার হবে”; এটা ঘটেছিল যাতে পবিত্র শাস্ত্রের এই কথা পূর্ণ হয়: “তারা নিজেদের মধ্যে আমার কাপড় ভাগ করছে, আর আমার কাপড়ের জন্য তারা গুলিবাঁট করছে।” ^{২৫} আর সত্যিই সৈন্যেরা এই সব করেছিল। (অনুবাদকৃত টেক্সট)।

১৯:২৩ “চার ভাগ করলো, প্রত্যেক সৈন্যকে এক এক ভাগ দিল” সৈন্যরা যীশুর কাপড় নিয়ে জুয়া খেলেছিল। এটি উল্লেখ করে কেবলমাত্র তাঁর উপরের পোষাক। এটা অনিশ্চিত যে যীশুর কাপড় কিভাবে চার ভাগে ভাগ করা হয়েছিল। এটি অবশ্যই উল্লেখ করতে পারে তাঁর জুতা, প্রার্থনার শাল (*tallith*), কোমর বন্ধনি, এবং উপরের পোষাক। এটা অনিশ্চিত যে যীশু turban পড়তেন কিনা। যিহুদীরা সম্পূর্ণ নগ্নতায় অপমান বোধ করতো। এটি আর একটি ভাববাণীর পূর্ণতা যেটি যোহন ১৯:২৪ পদে (গীত ২২:১৮) উদ্ধৃত করা হয়েছে।

□ “আঙুরাখা” যীশুর উপরের পোষাক উল্লেখ করা হয়েছে plural টার্ম *himatia* দ্বারা। তাঁর লম্বা ভিতরের পোষাক, চামড়ার সাথে লেগেছিল, একে বলা হয় আঙুরাখা (*chitōn*)। এই দুইয়ের মধ্যকার পার্থক্য দেখা যেতে পারে মথি ৫:৪০ এবং লুক ৬:২৯ পদে। দর্কা পোষাকের এই দুটি জিনিসই তৈরী করতেন (প্রেরিত ৯:২৯)। প্রথম শতকের যিহুদীরা অতিরিক্ত ভিতরের পোষাক পড়তো যাকে বলা হয়েছে loin cloth। যীশুকে সম্পূর্ণরূপে বিবস্ত্র করা হয়নি।

যোহন ১৯:২৩ পদের শেষ শব্দগুচ্ছে হল আর একটি সম্পাদকীয় মন্তব্য যিনি যীশুর সঙ্গে ছিলেন তার কাছ থেকে এসেছে।

□ “আঙুরাখায় কোন সেলাই ছিল না, উপর থেকে সবটাই বোনা ছিল” এটা হতে পারে ধর্মতাত্ত্বিক তাৎপর্যপূর্ণ। এই ধরণের আঙুরাখা অস্বাভাবিক এবং হতে পারে মূল্যবান। এটি মনে হয় যীশুর চরিত্রের বাইরে অস্বাভাবিক দামী কাপড় পরবেন। যোষেফাস (*Antiq.* 3.7.4) থেকে আমরা জানি, মহা পুরোহিত এই ধরণের পোষাক পরতেন, ঐতিহ্য অনুসারে যেভাবে মোশি পড়তেন। এটা কি যীশুকে উল্লেখ করতে পারে

১. মহা পুরোহিত (ইব্রীয়)
২. নতুন ব্যবস্থা দাতা

দ্বৈত অর্থ সব সময়ই যোহনের সুসমাচারে সঙ্গত, কিন্তু অনুবাদকদের পরিশ্রমী হতে হবে, সব বিশদ বিবরণকে রূপক করে না তুলতে!

১৯:২৪ “এটা ঘটেছিল যাতে পবিত্র শাস্ত্রের এই কথা পূর্ণ হয়” গীত ২২ কাঠামো করেছে পুরাতন নিয়মে ক্রুশেবিদ্ধকরণের প্রেক্ষাপটকে।

১. গীত ২২:১-২ –মথি ২৭:৪৬; মার্ক ১৫:৩৪
২. গীত ২২:৭-৮ –মথি ২৭:৩৯,৪৩; মার্ক ১৫:২৯; লুক ২৩:৩৫
৩. গীত ২২:১৫ –মথি ২৭:৪৮; মার্ক ১৫:৩৬; লুক ২৩:৩৬; যোহন ১৯:২৮,২৯
৪. গীত ২২:১৬ – মথি ২৭:৩৫; মার্ক ১৫:২৪; যোহন ২০:২৫
৫. গীত ২২:১৮ –মথি ২৭:৩৫; মার্ক ১৫:২৪; লুক ২৩:৩৪; যোহন ১৯:২৪
৬. গীত ২২:২৭-২৮ –মথি ২৭:৫৪; মার্ক ১৫:৩৯; লুক ২৩:৪৭; (যোহন ২০:৩১; মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৬-৪৭; প্রেরিত ১:৮)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:২৫-২৭

^{২৫} যীশুর ক্রুশের কাছে তাঁর মা, তাঁর মায়ের বোন, ক্লোপার স্ত্রী মরিয়ম, আর মগ্দলীনী মরিয়ম দাঁড়িয়ে ছিলেন। ^{২৬} যীশু তাঁর মাকে দেখে, এবং যে শিষ্যকে ভালবাসতেন তাঁকে কাছে দাঁড়িয়ে থাকতে দেখলেন, তিনি তাঁর মাকে বললেন, “হে নারী, ঐ দেখ, তোমার ছেলে!” ^{২৭} পরে তিনি সেই শিষ্যকে বললেন, “ঐ দেখ, তোমার মা!” তখন থেকেই সেই শিষ্য যীশুর মাকে তাঁর নিজের ঘরে নিয়ে গেলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৯:২৫ “যীশুর ক্রুশের কাছে তাঁর মা, তাঁর মায়ের বোন, ক্লোপার স্ত্রী মরিয়ম, আর মগ্দলীনী মরিয়ম দাঁড়িয়ে ছিলেন” এখানে চারটি নাম বা তিনটি নাম রয়েছে কি না সে বিষয়ে অনেক আলোচনা রয়েছে। এটা সম্ভবত যে এখানে চারটি নাম কারণ দুই বোনের নাম মরিয়ম হতে পারে না। মরিয়মের বোন, সালোমী, নাম দুটি পাওয়া যায় মার্ক ১৫:৪০ ও ১৬:১ পদে। যদি এটি সত্য হয়, তাহলে এর মানে হতে পারে যাকোব, যোহন এবং যীশু ছিলেন cousins। দ্বিতীয় শতকের ঐতিহ্য (Hegesippus) বলে যে ক্লোপা ছিলেন যোষেফের ভাই। মগ্দলীনী মরিয়ম হলেন সেই মহিলা যার ভিতর থেকে যীশু সাতটি অশুচি আত্মা দূর করেছিলেন, আর ইনিই প্রথম যার কাছে পুনরুত্থানের পরে দেখা দেবার বিষয়টি যীশু বেছে নিয়েছিলেন (যোহন ২০:১-২, ১১-১৮; মার্ক ১৬:১; লুক ২৪:১-১০)।

বিশেষ বিষয়: মহিলারা যারা যীশুকে অনুসরণ করতেন (SPECIAL TOPIC: THE WOMEN WHO FOLLOWED JESUS)

১৯:২৬ “সেই শিষ্য যাকে তিনি ভালবাসতেন” যদিও যোহন নিজের নাম সুসমাচারে বলেন নাই, অনেক মনে করেন যে এটি হল নিজেকে চিহ্নিত করার তার একটি উপায় (যোহন ১৩:২৩; ১৯:২৬; ২১:৭,২০)। এর প্রত্যেকটিতে তিনি *agapaō* টার্ম ব্যবহার করেছেন, কিন্তু যোহন ২০:২ পদে তিনি একই শব্দগুচ্ছ ব্যবহার করেছেন *phileō* টার্মের সাথে। এই টার্মগুলি যোহনে একই রকম; তুলনা করুন ৩:৩৫, *agapaō* এবং ৫:২০ পদে, *phileō*, যেখানে উভয়ই উল্লেখ করছে পুত্রের জন্য পিতার ভালবাসা।

১৯:২৭ “তখন থেকেই সেই শিষ্য যীশুর মাকে তাঁর নিজের ঘরে নিয়ে গেলেন” এর মানে এই নয় যে যোহন সঙ্গে সঙ্গে মরিয়মকে তার ঘরে নিয়ে গেলেন, যদিও এটি এই সত্য ইঙ্গিত দিচ্ছে যে তিনি মথি ২৭:৫৬ এবং মার্ক ১৫:৪০ পদে যে সকল মহিলার নাম তালিকা করা হয়েছে তাদের মধ্যে ছিলেন না। ঐতিহ্য বলে যে যোহন মরিয়মের মৃত্যু পর্যন্ত তার দেখাশোনা করতেন এবং তারপর তিনি এশিয়া মাইনরে চলে যান (বিশেষ করে ইফিযীয়তে) যেখানে তিনি একটি দীর্ঘস্থায়ী ও সফল পরিচর্যা কাজ পরিচালনা করেছিলেন। এটা ইফিযীয় প্রাচিনদের বিতর্ক ছিল যে যোহন, একজন প্রাচিন হিসাবে, তার স্মরণ থেকে যীশুর জীবনি লিখেছেন (অর্থাৎ, যোহনের লেখা সুসমাচার)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:২৮-৩০

^{২৮} এর পরে, যীশু, সব কিছু শেষ হয়েছে জেনে, পবিত্র শাস্ত্রের কথা যাতে পূর্ণ হয়, সেইজন্য বললেন, “আমার পিপাসা পেয়েছে।” ^{২৯} সেই জায়গায় সিরকায় পূর্ণ একটা পাত্র ছিল; তখন তারা একটা সিরকায় পূর্ণ একটা স্পঞ্জ এসোব গাছের ডালের মাথায় লাগিয়ে যীশুর মুখের কাছে ধরল। ^{৩০} যীশু সিরকা গ্রহণ করার পরে বললেন, “শেষ হয়েছে!” তারপর তিনি মাথা নীচু করে তাঁর আত্মা সমর্পণ করলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৯:২৮ “যীশু সব কিছু শেষ হয়েছে জেনে, পবিত্র শাস্ত্রের কথা যাতে পূর্ণ হয়, সেইজন্য বললেন, ‘আমার পিপাসা পেয়েছে’” এটি syntactically সন্দেহজনক যে শাস্ত্র কি এই শব্দগুচ্ছ উল্লেখ করেছে “আমার পিপাসা পেয়েছে” না “সব কিছু ইতিমধ্যে শেষ হয়েছে।” যদি এটি ঐতিহ্যগত উপায়ে নেওয়া হয়ে থাকে, তাহলে “আমি পিপাসিত” হল গীত ৬৯:২১ পদের একটি উল্লেখ।

১৯:২৯ “সেই জায়গায় সিরকায় পূর্ণ একটা পাত্র ছিল” এটি সস্তা দ্রাক্ষারস, অল্প দ্রাক্ষারস। এটা হয়তো ছিল সৈনিকদের এবং ক্রুশেবিদ্ধ ব্যক্তি উভয়দের জন্যই। তারা অল্প পরিমাণে পানীয় দিত যেন ক্রুশেবিদ্ধকরণ আরও বেশিক্ষণ স্থায়ী হয়।

▣ “অল্প দ্রাক্ষারস” আক্ষরিক ভাবে এটি “ভিনিগার।” এটি ছিল দরিদ্র লোকদের পানীয়। লক্ষ্য করুন যে যীশু যিরূশালেমের মহিলাদের দেওয়া ব্যথানাশক

দ্রাক্ষারস পান করেন নাই (মার্ক ১৫:২৩; মথি ২৭:৩৪)। সম্ভবত তিনি এই পানীয় গ্রহণ করেছিলেন তার কারণ তিনি গীত ২২:১৫ পদের ভাববাণী পূর্ণ করেছিলেন। কথা বলতে তাঁর গলা শুকিয়ে গিয়েছিল এবং তাঁর আরও একটি বিষয় বলা বাকী ছিল।

□ “এসোব গাছের ডালের মাথায় লাগিয়ে” অনেকে এই বিশেষ গাছকে প্রতীকি ব্যবহার হিসাবে দেখে থাকেন যেটি নিস্তার পর্বের আরাধনায় ব্যবহৃত হয়েছে (যাত্রা ১২:২২)। অন্যেরা বিশ্বাস করেন যে সেখানে প্রাচীন অনুলিপিগত টার্মের ভুল রয়েছে এবং যার আসল অর্থ হচ্ছে “বল্লম,” “javelin,” বা “লাঠি” (NEB নয় কিন্তু REB এসোবে উল্লেখ দিয়েছে)। মথি ২৭:৪৮ এবং মার্ক ১৫:৩৬ পদে আছে “নল খাগড়া।”

অনেকে একে অনুলিপিগত ভুল দেখে থাকেন তার কারণ হল এসোব গাছের খুব বেশি লম্বা ডাল (কেবলমাত্র ২ বা ৪ ফুট) থাকে না, কিন্তু এটি অবশ্যই স্মরণ রাখতে হবে যে ক্রুশগুলি মাটি থেকে ঐ উচ্চতায় থাকতো না। আমাদের ঐতিহ্যগত ছবি মাটি থেকে উনেক উচুে ক্রুশ হতে পারে আমাদের যোহন ৩:১৪ পদের ভুল ব্যাখ্যা। যীশুর পা মাটি থেকে এক বা দুই ফুট উচুে ছিল।

১৯:৩৯ “শেষ হয়েছে!” এটি হল একটি perfect passive indicative। Synoptic সুসমাচার থেকে আমরা জেনেছি যে তিনি এটি জোর চিৎকার বলেছিলেন (মার্ক ১৫:৩৭; লুক ২৩:৪৬; মথি ২৭:৫০)। এটি উল্লেখ করে পরিব্রাজকের কাজ সমাপ্ত। এই টার্মের (telos) গঠন মিসরিয় প্যাপিরাসে (Moulton and Milligan) ছিল একটি বাণিজ্যিক বাগধারা “সম্পূর্ণ পরিশোধ করার” এর জন্য।

□ “তিনি মাথা নীচু করে তাঁর আত্মা সমর্পণ করলেন” শব্দগুচ্ছ “তাঁর মাথা নিচু করলেন” ছিল বাগধারাগত “ঘুমাতে যাচ্ছেন।” যীশুর মৃত্যু তাঁর জন্য একটি শান্ত মুহূর্ত ছিল। তাৎপর্য হল যে মৃত্যু হল একজন ব্যক্তির আত্মিক দিক যা দৈহিক দিক থেকে আলাদা হয়। এটি মনে হয় আশা করে বিশ্বাসীদের জন্য একটি দেহমুক্ত অবস্থা মৃত্যু ও পুনরুত্থান দিনের মধ্যে (২ করি ৫; ১ থিষ ৪:১৩-১৮, William Hendriksen, *The Bible On the Life Hereafter* দেখুন)।

সুসমাচার সমান্তরাল মার্ক ১৫:৩৭ এবং লুক ২৩:২৬ পদে যেখানে আছে “তিনি প্রাণবায়ু ত্যাগ করলেন।” “আত্মা” এবং “শ্বাস-প্রশ্বাস” এর জন্য ইব্রীয় শব্দ একই। তাঁর প্রাণবায়ু ত্যাগ দেখায় যে তাঁর আত্মা তাঁর দেহ ত্যাগ করেছে (আদি ২:৭)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:৩১-৩৭

^{৩১} তারপর যিহূদীরা, সেই দিনটা ছিল আয়োজনের দিন, বিশ্রামবারে সেই দেহগুলি যেন ক্রুশের উপরে না থাকে, (কারণ সেই বিশ্রামবার ছিল মহাদিন), পীলাতকে অনুরোধ করলো, যেন তাদের পা ভেঙ্গে তাদের সরিয়ে ফেলা হয়। ^{৩২} তখন সৈন্যেরা এসে যীশুর ঐ প্রথম লোক এবং তার সাথে ক্রুশে বিদ্ধ অন্য লোকটির পা ভাঙলো; ^{৩৩} কিন্তু যীশুর কাছে, তাঁকে মৃত দেখে, তাঁর পা ভাঙল না। ^{৩৪} কিন্তু একজন সৈন্য তাঁর পাঁজরে বর্শা বিদ্ধ করল, আর তখনই রক্ত আর জল বের হয়ে আসল। ^{৩৫} এবং যে এটা দেখেছে, সেই সাক্ষ্য দিয়েছে, আর তাঁর সাক্ষ্য সত্যি; তিনি জানেন যে তিনি সত্য বলছেন, যেন তোমরাও বিশ্বাস করতে পার। ^{৩৬} কারণ এই সব ঘটেছিল যাতে পবিত্র শাস্ত্রের এই কথা পূর্ণ হয়, “তাঁর একখানা হাড়ও ভাঙা হবে না।” ^{৩৭} আবার শাস্ত্রের আর একটা কথা এই—“যাঁকে তারা বিদ্ধ করেছে তাঁর দিকে তারা তাকিয়ে দেখবে।” (অনুবাদকৃত টেক্সট)।

১৯:৩১ “বিশ্রামবারে সেই দেহগুলি যেন ক্রুশের উপরে না থাকে” যিহূদীরা খুব সচেতন ছিল মৃতদেহগুলি তাদের দেশকে অশুচি করবে সে সম্বন্ধে (দি বি ২১:২৩), বিশেষ করে নিস্তারপর্বের মহা পবিত্র বিশ্রামবার।

□ “(কারণ সেই বিশ্রামবার ছিল মহাদিন)” এটি দুটি ভাবে ব্যাখ্যা করা যায়।

১. নিস্তার ভোজ এবং বিশ্রামবার এই বিশেষ বৎসরে একই সময়ে ঘটেছিল (যিহূদীরা চান্দ্র পঞ্জিকা ব্যবহার করে)

২. এই বৎসরে তাড়িগুন্য রুটির পর্ব এই বিশ্রামবারের সাথেই পড়েছিল

নিস্তার পর্বের ভোজ এবং তাড়িগুন্য রুটির পর্ব (যাত্রা ১২) হয়ে পড়েছিল আট দিনের পর্ব।

□ “যেন তাদের পা ভেঙ্গে, তাদের সরিয়ে ফেলা হয়” দৃশ্যত এই রকম ঘটনা আগেও ঘটেছিল। একটি বড় কাঠের মুণ্ডর ব্যবহার করা হয়েছিল ক্রুশোবিদ্ধ লোকদের পা ভেঙ্গে ফেলার জন্য। সাধারণত ক্রুশে বিদ্ধ ব্যক্তির মৃত্যুর কারণ শ্বাস রোধ। পা ভাঙার কারণে তৎক্ষণাৎ এটি ঘটে কারণ লোকটি তখন শ্বাস নেবার জন্য পায়ে চাপ দিয়ে উচু হতে পারে না।

১৯:৩৩ “তারা দেখল যে যীশু মারা গেছেন, তারা তাঁর পা ভাঙল না” এটি হতে পারে যাত্রা ১২:৪৬; গণনা ৯:১২ এবং গীত ৩৪:২০ পদের ভাববাণীর পূর্ণতা।

১৯:৩৪ “কিন্তু একজন সৈন্য তাঁর পাঁজরে বর্শা বিদ্ধ করল, আর তখনই রক্ত আর জল বের হয়ে আসল” এটি একটি প্রত্যক্ষদর্শীর চিকিৎসা শাস্ত্রীয় বিশদ বিবরণ যেটি দেখায় যে তিনি সত্যিই মারা গিয়েছিলেন এবং সেজন্য বলতে চেষ্টা করেছেন মশীহ যীশুর ছিল সত্যিকার মানবিকতা। যোহনের লেখা সুসমাচার, এই সঙ্গে ১ যোহন, যে সময়ে লেখা হয়েছিল সে সময়ে জ্ঞানবাদের প্রসার হচ্ছিল যেটি যীশুর ঐশ্বরিকতাকে নিশ্চিত করেছিল কিন্তু মানবিকতাকে অস্বীকার করেছিল।

১৯:৩৫ এই পদ হল যোহনের একটি মন্তব্য, যিনি এই সকল ঘটনার একমাত্র প্রত্যক্ষদর্শী ছিলেন (১) রাতের বিচার; (২) রোমীয় বিচার; এবং (৩) ক্রুশোবিদ্ধকরণ। যীশুর মৃত্যুর উপরে উপরে মন্তব্য ২০:৩০-৩১ পদের সাথে সমান্তরাল, যেটি দেখায় সুসমাচারের প্রচারমূলক উদ্দেশ্য (যোহন ২১:২৪)।

দেখুন বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্যবহন (SPECIAL TOPIC: WITNESSES TO JESUS) যোহন ১:৮ পদ।

এখানে গ্রীক পাত্তুলিপিত পার্থক্য রয়েছে শেষ বাক্যাংশের verb এ। কোন কোন টেক্সটে আছে present tense এবং কোন কোনটিতে আছে aorist tense। যদি এটি উৎপত্তিগত ভাবে aorist হয়, তবে এটির দৃষ্টি অবিশ্বাসীদর প্রতি, যেভাবে ২০:৩০-৩১ পদে করা হয়েছে। যাহোক, যদি এটি present হয় তবে এটির দৃষ্টি অবিরত এবং ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়া বিশ্বাস। যোহনের সুসমাচার মনে হয় উভয়ের দিকেই নিবন্ধ।

□ “সত্য. . . সত্য” যোহন ৬:৫৫ এবং ১৭:৩ পদে বিশেষ বিষয় দেখুন।

১৯:৩৬ এটি হতে পারে নিস্তার পর্বের মেঘের একটি পরোক্ষ ইঙ্গিত যাত্রা ১২:৪৬; গণনা ৯:১২; বা গীত ৩৪:২০ পদ থেকে। এটি নির্ভর করছে কোন শব্দগুচ্ছ উল্লেখ করা হয়েছে তার উপরে: (১) বিদ্ধ করেছে বা (২) ভেঙ্গে ফেলা। যীশু নিজে এই শাস্ত্রাংশ প্রাথমিক মন্ডলীকে দেখিয়েছেন পুনরুত্থানের পরে যখন তিনি ৪০ দিন এই পৃথিবীতে ছিলেন সে সময়ে (লুক ২৪:২৭; প্রেরিত ১:২-৩)। প্রাথমিক মন্ডলীর (প্রেরিতে) প্রচার প্রতিফলিত করেছে এই সকল ভাববাণীর পূর্ণতা যেগুলি যীশুর তাদের দেখিয়েছিলেন।

১৯:৩৭ এটি সখরিয় ১২:১০ পদের উদ্ধৃতি যেটি হল একটি মহান প্রতিজ্ঞা যে

১. ইস্রায়েলীয়রা বিশ্বাসে যীশু মশীহের দিকে ফিরবে (প্রকা ১:৭)
২. অনেক যিহুদী এর মধ্যে বিশ্বাস করতে শুরু করেছে যারা যীশুর মৃত্যুর জন্য শোক করছে
৩. এটি রোমীয় সৈন্যদের বিষয়ে উল্লেখ করেছে (মথি ২৭:৫৪) যারা পরজাতিয় জাতিকে প্রতিনিধিত্ব করেছে (যোহন ১২:৩২)

এটা বেশ কৌতূহলের যে এই উদ্ধৃতি স্পষ্টত Masoretic Hebrew Text থেকে, Septuagint থেকে নয় যার থেকে সুসমাচার লেখকেরা সাধারণত উদ্ধৃত করতেন। Septuagint এ আছে “উপহাস করা,” কিন্তু Masoretic Text এ আছে “বিদ্ধ করা।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ১৯:৩৮-৪২

^{৩৭} এর পরে অরিমাথিয়ার যোষেফ, যিনি যীশুর শিষ্য ছিলেন, কিন্তু যিহুদীদের ভয়ে গোপন ভাবেই ছিলেন, পীলাতকে অনুরোধ করলেন, যেন তিনি যীশুর দেহটা নিয়ে যেতে পারেন; পীলাত অনুমতি দিলেন। তাতে তিনি এসে তাঁর দেহ নিয়ে গেলেন। ^{৩৮} নীকদীম, যিনি রাতের বেলায় প্রথমে যীশুর কাছে এসেছিলেন, তিনিও আসলেন, গন্ধরস মিশ্রিত অনুমান পঞ্চাশ সের অঙ্কুর নিয়ে আসলেন। ^{৪০} তখন তারা যীশুর দেহ নিয়ে যিহুদীদের কবর দেবার নিয়ম মত সেই সমস্ত সুগন্ধি জিনিসের সংগে দেহটি কাপড় দিয়ে জড়ালেন। ^{৪১} তাঁকে যেখানে ক্রুশে দেওয়া হয়েছিল সেই জায়গায় একটা বাগান ছিল, আর সেই বাগানে একটা নতুন কবর ছিল সেই কবরের মধ্যে কাউকে কখনও রাখা হয় নি। ^{৪২} সেই দিনটা ছিল যিহুদীদের আয়োজনের দিন, আর কবরটাও কাছে ছিল বলে তাঁরা যীশুকে সেই কবরেই রাখলেন। (অনুবাদকৃত টেক্সট)।

১৯:৩৮-৩৯ “যোষেফ. . . নীকদীম” মহাসভার এই দুই সম্পদশালী, প্রভাবশালী সদস্যরা ছিলেন যীশুর গোপন শিষ্য যারা এই চরমতম ও বিপদজনক মুহুর্তে প্রকাশ্যে এসেছিলেন।

১৯:৩৯ গন্ধরস মিশ্রিত অনুমান পঞ্চাশ সের অঙ্কুর নিয়ে আসলেন” প্রথম শতকে এটি ছিল যিহুদী লোকদের ঐতিহ্যগত সমাধির জন্য সুগন্ধি মশলা। যাই হোক এর পরিমাণ ছিল অতিরিক্ত; অনেকে একে দেখে থাকেন যে যীশু রাজার মতই সমাধিস্থ হয়েছিল তার প্রতিক হিসাবে ২ বংশ ১৬:১৪)। যোহন ১১:২ পদে বিশেষ বিষয় অভিষেক দেখুন।

“মিশ্রণ”(migma) এর জন্য গ্রীক শব্দ, পাওয়া যায় MSS P⁶⁶, N², A, D, L, এবং বেশির ভাগ মন্ডলীর আদি পিতারা এবং সংস্করণ, বিশ্বয়কর ভাবে পরিবর্তন করেছে “মোড়ক” (eligma) দেখা যায় MSS N^{*}, B, W, এবং কিছু কিছু Coptic সংস্করণে। UBS⁴ “মিশ্রণ” কে দিয়েছে “B” রেটিং (প্রায় নিশ্চিত)।

বিশেষ বিষয়: সমাধির মশলা (SPECIAL TOPIC: BURIAL SPICES)

১৯:৪০ “তখন তারা যীশুর দেহ নিয়ে যিহুদীদের কবর দেবার নিয়ম মত সেই সমস্ত সুগন্ধি জিনিসের সংগে দেহটি কাপড় দিয়ে জড়ালেন” মশলা ছিল দুটি উদ্দেশ্যে: (১) গন্ধ দূর করা এবং (২) মৃতদেহে জড়ান কাপড় সঠিক স্থানে ধরে রাখা।

১৯:৪১ “তাঁকে যেখানে ক্রুশে দেওয়া হয়েছিল সেই জায়গায় একটা বাগান ছিল” এটি গুরুত্বপূর্ণ যে আমরা বুঝতে পারি যোষেফ ও নীকদীমকে কতটা দ্রুততার সঙ্গে কাজ করতে হয়েছিল। যীশু মারা গিয়েছিল ৩ টায় এবং তাঁকে সমাধিস্থ করা হয়েছিল ৬টায়, যেটি ছিল যিহুদী নিস্তারপর্বের বিশ্রামের শুরু।

□ “একটা নতুন কবর ছিল সেই কবরের মধ্যে কাউকে কখনও রাখা হয় নি” এটি হল periphrastic perfect passive participle। মথি ২৭:৬০ পদ থেকে আমরা জানি যে এটি ছিল যোষেফের নিজের কবর। এটি ছিল যিশা ৫৩:৯ পদের উদ্ধৃতি যেটি উল্লেখ করা হয়েছে মথি ২৭:৫৭ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই

আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. কেন সৈন্যরা যীশুকে চাবুক মেরেছিল ও উপহাস করেছিল?
২. পীলাতের বার বার যীশুকে ছেড়ে দেবার প্রচেষ্টার তাৎপর্য কি ছিল?
৩. ১৫ পদে যিহুদী যাজকদের মন্তব্য কেন এত অবাধ করার মত ছিল?
৪. কেন সুসমাচার থেকে সুসমাচারে ত্রুশোবিদ্বকরণের বিবরণ আলাদা হয়েছে?
৫. কিভাবে দ্বি বি ২১:২৩ পদ যীশুর ত্রুশোবিদ্বকরণের সাথে সম্পর্ক যুক্ত?

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ২০

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশুর পুনরুত্থান	শূন্য কবর	পুনরুত্থান	শূন্য কবর	শূন্য কবর
২০:১-১০	২০:১-১০	২০:১-১০	২০:১-১০	২০:১-২ ২০:৩-১০
মগদলীনী মরিয়মকে যীশু দেখা দেন	পুনরুত্থিত যীশুকে মগদলীনী মরিয়ম দেখেন		যীশু মগদলীনী মরিয়মকে দেখা দেন	মগদলীনী মরিয়মের কাছে দেখা দান
২০:১১-১৮	২০:১১-১৮	২০:১১-১৮	২০:১১-১৩ ^ক ২০:১৩ ^খ ২০:১৪-১৫ ^ক ২০:১৫ ^খ ২০:১৬ ^ক ২০:১৬ ^খ ২০:১৭ ২০:১৮	২০:১১-১৮
শিষ্যদের কাছে যীশুর দেখা দান	প্রেরিতদের নিয়োগ		যীশু শিষ্যদের দেখা দেন	শিষ্যদের দেখা দান
২০:১৯-২৩	২০:১৯-২৩	২০:১৯-২৩	২০:১৯-২৩	২০:১৯-২৩
যীশু এবং থোমা	দেখা এবং বিশ্বাস করা		যীশু এবং থোমা	
২০:২৪-২৯	২০:২৪-২৯	২০:২৪-২৯	২০:২৪-২৫ ^ক ২০:২৫ ^খ ২০:২৬-২৭ ২০:২৮ ২০:২৯	২০:২৪-২৯
বইটির উদ্দেশ্য	যেন আপনি বিশ্বাস করেন		বইটির উদ্দেশ্য	প্রথম উপসংহার
২০:৩০-৩১	২০:৩০-৩১	২০:৩০-৩১	২০:৩০-৩১	২০:৩০-৩১

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-২৯ দের প্রাসঙ্গত অন্তর্দৃষ্টি

- ক. প্রতিটি প্রতিজ্ঞা যা যীশু প্রেরিতদের কাছে করেছেন ১৪ থেকে ১৭ অধ্যায়ে তা পরিপূর্ণ হয়েছে প্রথম পুনরুত্থান রবিবারের সন্ধ্যায়। যোহন ১৬:২০ পদে নোট দেখুন।
- খ. সুসমাচারের বিবরণ পুনরুত্থানকে ঘিরে ভিন্ন ভিন্ন কারণ
১. সেগুলি ছিল প্রত্যক্ষদর্শীদের বিবরণ
 ২. অনেক বছর পার হয়েছিল
 ৩. প্রত্যেকে একটি নির্বাচিত লক্ষ্যভিত্তিক দলের উদ্দেশ্যে লিখেছে এবং বিভিন্ন বিষয়ে জোর দিয়েছে (মথি ২৮; মার্ক ১৬; লুক ২৪)

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২০:১-১০

^১ সপ্তাহের প্রথম দিন ভোর বেলায় অন্ধকার থাকতেই মগদলীনী মরিয়ম সেই কবরের কাছে গেলেন, আর দেখলেন কবরের মুখ থেকে ইতিমধ্যেই পাথরখানা সরানো হয়েছে। ^২ তখন তিনি দৌড়ে শিমোন পিতর আর যে শিষ্যকে যীশু ভালবাসতেন সেই শিষ্যের কাছে আসলেন আর তাদের বললেন, “লোকেরা প্রভুকে কবর থেকে তুলে নিয়ে গেছে, আর তাঁকে কোথায় রেখেছে আমরা তা জানি না।” ^৩ তখন পিতর আর সেই অন্য শিষ্য বের হয়ে কবরের দিকে যেতে লাগলেন। ^৪ তারা দু’জনে একসঙ্গে দৌড়াচ্ছিলেন; আর সেই অন্য শিষ্য পিতরের চেয়ে আরও তাড়াতাড়ি দৌড়ে প্রথমে কবরের কাছে আসলেন; ^৫ আর নিচু হয়ে ভিতরে চেয়ে দেখলেন, কাপড়গুলো সেখানে পড়ে আছে; কিন্তু তিনি ভিতরে প্রবেশ করলেন না। ^৬ শিমোন পিতরও তাঁর পিছনে পিছনে আসলেন, এবং কবরের ভিতরে ঢুকলেন; এবং কাপড়গুলো সেখানে পড়ে থাকতে দেখলেন। ^৭ আর যে কাপড়খানি তাঁর মাথার উপরে ছিল, সেটি অন্য কাপড়ের সংগে নেই, কিন্তু আলাদা করে এক জায়গায় গুটিয়ে রাখা হয়েছে। ^৮ পরে যে শিষ্য প্রথমে কবরের কাছে পৌঁছেছিলেন তিনিও তখন ভিতরে ঢুকলেন, এবং দেখলেন এবং বিশ্বাস করলেন। ^৯ কারণ এ পর্যন্ত তারা শাস্ত্রের কথা বোঝেন নাই, যে মৃতদের মধ্যে থেকে জীবিত হয়ে উঠতে হবে। ^{১০} পরে ঐ দুই শিষ্য নিজেদের চলে গেলেন। (অনুবাদকৃত টেক্সট)।

২০:১ “সপ্তাহের প্রথম দিন” এটি ছিল রবিবার, প্রথম কর্মদিবস নিস্তারপর্বের মহা বিশ্রামবারের পরে, যখন মন্দিরে প্রথম ফল উৎসর্গ করা হতো। যীশু ছিলেন মৃত্যুর প্রথম ফল (১ করি ১৫:২৩)। যীশুর পর পর তিনটি রবিবার রাতে দর্শন দেওয়া বিশ্বাসীদের রবিবার আরাধনা করার প্রেক্ষাপট তৈরী করে দেয় (যোহন ২০:১৯, ২৬; লুক ২৪:৩৬ থেকে কয়েকটি পদ; প্রেরিত ২০:৭; ১ করি ১৬:২)।

□ “মগদলীনী মরিয়ম” ইনি কয়েকজন মহিলাদের একজন যারা যীশু এবং প্রেরিতদের সঙ্গে থাকতেন। গালীলে যীশু তার মধ্য থেকে বেশ কয়েকটি মন্দ আত্মা বের করেছিলেন (মার্ক ১৬:৯ ও লুক ৮:২)। তিনি ক্রুশারোপনের সময় উপস্থিত ছিলেন। যোহন ১৯:২৫ পদের নোট দেখুন।

যদিও যোহনের সুসমাচার মরিয়মের দেখতে আসার উদ্দেশ্য বর্ণনা করে না, মার্ক ১৬:১ এবং লুক ২৩:৫৬ উল্লেখ করে যে কয়েকজন মহিলা (যোহন ২০:২) যীশুর দেহকে সুগন্ধি দিয়ে অভিষিক্ত করা জন্য আগে এসেছিলেন। আপাত দৃষ্টিতে তারা যোষেফ ও নীকদীমের অভিষিক্তকরণ বা চিন্তা করেছিলেন অতিরিক্ত কিছু করা দরকার।

□ “তখনও অন্ধকার ছিল” আপাত দৃষ্টিতে তিনি ও অন্যরা যখন ঘর থেকে বের হয়েছিলেন তখন অন্ধকার ছিল, কিন্তু তারা যে সময়ে পৌঁচেছিলেন তখন ছিল ভোর (মথি ২৮:১; মার্ক ১৬:২)।

□ “কবরের মুখ থেকে ইতিমধ্যেই পাথরখানা সরানো হয়েছে” আক্ষরিকভাবে এটা “সরিয়ে ফেলা” (perfect passive participle) হয়েছিল এটার খাঁজ থেকে (মথি ২৮:২)। মনে রাখবেন পাথরটি সরিয়ে ফেলা হয়েছিল প্রত্যক্ষদর্শীদের কবরে প্রবেশ করার জন্য, যীশুর বের হবার জন্য নয়। তাঁর নূতন পুনরুত্থিত দেহে জাগতিক দেহের মত কোন শারীরিক সীমাবদ্ধতা ছিল না (অর্থাৎ, ২০:১৯,২৬)।

২০:২ “তখন তারা দৌড়ালেন” আপাত দৃষ্টিতে তিনি শূন্য কবর ছেড়ে তাড়াতাড়ি চলে গিয়েছিল শিষ্যদের বলতে যে যীশু সেখানে নেই (মথি ২৮:৫)।

□ “তখন অন্য শিষ্য যাকে যীশু ভালবাসতেন” ভালবাসার জন্য এখানে গ্রীক শব্দ হল *phileō* যার অর্ন্তনিহিত তাৎপর্য রয়েছে তাহল “ভ্রাতৃময় ভালবাসা।” যাহোক Koine গ্রীকে (৩০০ খ্রীষ্টপূর্ব - ৩০০ খ্রীষ্টাব্দ) এটা ব্যবহার হয়েছে সমার্থকভাবে *agapaō* সাথে। উল্লেখিত শিষ্য মনে হয় যোহন, সুসমাচারের লেখক (যোহন ২০:৪-৮ ও ১২:২৩)। এখানে তিনি পিতরের সাথে যুক্ত।

□ “লোকেরা প্রভুকে তুলে নিয়ে গেছে” এটি একটি aorist active indicative (অর্থাৎ, সম্পন্ন করা কাজ)। যীশু চলে গেছেন। মরিয়মের মনে, “তারা” উল্লেখ করে যিহুদী নেতাদের। আপাতদৃষ্টিতে, উপরের কক্ষে উপস্থিত প্রেরিতেরা ও শিষ্যরা পুনরুত্থানের দ্বারা বিস্মিত হয়েছিল!

□ “আমরা” এর মধ্যে অন্তর্ভুক্ত মগদলীনি মরিয়ম, যাকোবের মা মরিয়ম, শালোমী, জোয়ান্না এবং অন্য মহিলাদের (মথি ২৮:১; মার্ক ১৬:১; লুক ২৪:১০)।

২০:৪ “আর সেই অন্য শিষ্য পিতরের চেয়ে আরও তাড়াতাড়ি দৌড়ে প্রথমে কবরের কাছে আসলেন” যোহন ছিলেন প্রেরিতদের মধ্যে সম্ভবত সবচেয়ে ছোট (অর্থাৎ, ঐতিহ্য)।

২০:৫ “নিচু হয়ে” এই সময়কার কবরে প্রায় ৩ থেকে ৪ ফুট উচ্চতার একটি নিচু প্রবেশ দ্বার থাকতো। এই গুহায়/মাটির নিচের কুঠরীতে প্রবেশ করতে একজনকে নিচু (যোহন ২০:১১) হতে হতো।

□ “ভিতরে দেখা” এটি আক্ষরিকভাবে “দেখার জন্য তীক্ষ্ণদৃষ্টি দেওয়া।” এর কারণ ছিল সকালের আলো ও কবরের অন্ধকারের মধ্যকার তারতম্য।

□ “মৃতদেহে জড়ান কাপড় সেখানে পড়েছিল” কোথায় ও কিভাবে জড়ান কাপড়গুলি পড়ে ছিল গ্রীক লেখনীতে নির্দিষ্ট করা নেই। যদি দেহ চুরি হয়ে থাকে, জড়ান কাপড়গুলিও নিয়ে যাবে কারণ সুগন্ধিগুলি আঠার মত কাজ করেছে!

২০:৬ “শিমোন পিতর” শিমোন (*Cephas*) ছিল তার ইব্রীয় (অরামিক) নাম, অন্যদিকে পিতর (*Petros*) ছিল তার গ্রীক নাম যেটি যীশু দিয়েছিলেন। গ্রীকে এর মানে “একটি প্থক করা পাথর বা পাথরখন্ড” (মথি ১৬:১৮)। অরামিকে *Petros* ও *Petra* মধ্যে কোন পার্থক্য নেই।

২০:৭ “মুখের উপরের কাপড়” মুখটি একটি আলাদা কাপড় দিয়ে জড়ান ছিল (যোহন ১১:৪৪)। এটা সম্ভব যে এই রুমালটি ব্যবহার করা হয়েছিল (১) মুখের উপর রাখা; (২) মুখটি জড়ান (NJB); বা (৩) হালকাভাবে চোয়াল বেঁধে রাখা (TEV)।

□ “কিন্তু আলাদা করে এক জায়গায় গুটিয়ে রাখা হয়েছে” এটি আর একটি perfect passive participle যেটি ইঙ্গিত দেয় যে কেউ একজন বিশেষ যত্ন সহকারে এটি জড়িয়ে রেখেছিল। এটি স্পষ্টত যোহনের দৃষ্টি আকর্ষণ করেছিল ও বিশ্বাস প্রকাশ করেছিল (যোহন ২০:৮)।

২০:৮ “তিনি দেখলেন এবং বিশ্বাস করলেন” যোহন বাস্তব প্রমাণ দেখেছিলেন ও বিশ্বাস করেছিলেন যে যীশু জীবিত হয়েছেন! পুনরুত্থানে বিশ্বাস করা একটি গুরুত্বপূর্ণ ধর্মতত্ত্বগত বিষয় হয়ে ওঠে।

১. রোমীয় ১০:৯-১৩

২. ১ করিন্থীয় ১৫

১ করিন্থীয় ১৫:১২-১৯ হল ফলাফলের এটি উত্তম সারমর্ম যদি যীশু জীবিত হয়ে না উঠতেন! প্রেরিত পুস্তকে পুনরুত্থান হয়ে উঠেছিল প্রাথমিক ঐতিহাসিক বক্তৃতার একটি কেন্দ্রীয় সত্য যাকে বলা হয়েছে *kerygma*। দেখুন বিশেষ বিষয় যোহন ৫:৩৯ পদে।

২০:৯ “তারা শাস্ত্রের কথা বোঝেন নাই” এটি হল লেখকের আর একটি সম্পাদকীয় মন্তব্য। এটি মনে হয় উল্লেখ করে গীত ১৬:১০ পদ, যেটি পিতর উদ্ধৃত করেছিলেন প্রেরিত ২:২৭ পদে পঞ্চাশতমীর দিনে। যাহোক, এটি উল্লেখ করতে পারে যিশা ৫৩:১০-১২ পদ বা হোশেয় ৬:২ পদ। মহাসভা বুঝেছিল পুনরুত্থান সম্বন্ধে যীশুর ভাববাণী (মথি ২৭:৬২-৬৬), যদিও শিষ্যরা বোঝে নাই। কি অদ্ভুত পরিহাস!

এই পদটি মনে হয় ধর্মতত্ত্বগতভাবে কাজ করেছে সত্যটি শক্তিশালী করতে যে আত্মা এখনো পূর্ণভাবে শিষ্যদের কাছে আসে নি। আত্মা, একবার দেওয়া হলে, বিশ্বাসীদের সাহায্য করবে যীশুর বাক্য ও কাজগুলি বুঝতে (যোহন ২:২২; ১৪:২৬)।

২০:১০ এর মানে হতে পারে (১) তারা গালীলে ফিরে গিয়েছিল (মথি ২৬:৩২; ২৮:৭,১০,১৬; যোহন ২১ অধ্যায়ে পাওয়া যায় গালীল সাগরে তাদের মাছ ধরতে) বা (২) তারা যিরূশালেমে তাদের বাড়ি ফিরে গিয়েছিল। কারণ পুনরুত্থান পরবর্তী অভিজ্ঞতা উপরের কক্ষে হয়েছিল, #২ এর সম্ভাবনা বেশি।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২০:১১-১৮

^{১১} কিন্তু মরিয়ম কবরের বাইরে দাঁড়িয়ে কাঁদতে লাগলেন; এবং কাঁদতে কাঁদতে নীচ হয়ে কবরের ভিতরে চেয়ে দেখলেন; ^{১২} আর দেখলেন সাদা কাপড় পরা দু'জন স্বর্গদূত বসে আছেন, একজন মাথার দিকে আর অন্যজন পায়ের দিকে, যেখানে যীশুর দেহ রাখা হয়েছিল। ^{১৩} এবং তাঁরা তাকে বললেন, “নারি, কাঁদছ কেন?” তিনি তাদের বললেন, “কারণ লোকেরা আমার প্রভুকে নিয়ে গেছে, এবং তাঁকে কোথায় রেখেছে জানি না।” ^{১৪} এই কথা বলে মরিয়ম পিছনে ফিরলেন, আর দেখলেন যীশু দাঁড়িয়ে আছেন, কিন্তু তিনি যে যীশু তা চিনতে পারলেন না। ^{১৫} যীশু তাঁকে বললেন, “নারি, কাঁদছ কেন? কাকে খুঁজছ?” তাঁকে বাগানের মালী ভেবে, তিনি তাঁকে বললেন, “মহাশয়, আপনি যদি তাঁকে নিয়ে গিয়ে থাকেন, আমাকে বলুন কোথায় তাঁকে রেখেছেন, আর আমি তাঁকে নিয়ে যাব।” ^{১৬} যীশু তাঁকে বললেন, “মরিয়ম!” তিনি ফিরিয়া ইব্রীয় ভাষায় তাঁকে বললেন, “রব্বুনি!” (ইহার অর্থ, গুরু)। ^{১৭} যীশু তাকে বললেন, “আমাকে ধরে রেখো না, কারণ আমি এখনও উপরে পিতার কাছে যাই নি; তুমি বরং ভাইদের কাছে গিয়ে বল, ‘যিনি আমার ও তোমাদের পিতা, এবং যিনি আমার ও তোমাদের ঈশ্বর, আমি উপরে তাঁর কাছে যাচ্ছি।’” ^{১৮} তখন মগদলীনী মরিয়ম শিষ্যদের কাছে গিয়ে সংবাদ দিলেন, “আমি প্রভুকে দেখেছি,” আর প্রভুই তাঁকে এই সব কথা বলেছেন। (অনুবাদকৃত টেক্সট)।

২০:১১ “কাঁদতে কাঁদতে” এটি আক্ষরিক অর্থে “হাহাকার” (যোহন ১১:৩১)। এটি হল Imperfect tense, যেটি বলে একটি অতীত কালে একটি চলমান কাজ। প্রাচ্যের অন্ত্যেষ্টিক্রিয়ার অনুষ্ঠানগুলি ছিল বৈশিষ্ট্যগত ভাবে খুবই আবেগপ্রবণ।

২০:১২ “দু'জন স্বর্গদূত” যোহন ও লুক (২৪:২৩) একমত যে সেখানে দু'জন স্বর্গদূত ছিলেন। মথি, যাতে সাধারণত প্রত্যেকটির দু'টি আছে (যোহন ৮:২৮; ৯:২৭; ২০:৩০), সেখানে আছে শুধুমাত্র একজন স্বর্গদূত! এটি হল একটি উদাহরণ সুসমাচারগুলির মধ্যে ব্যাখ্যাভিত্তিক ভিন্নতায়।

সুসমাচারগুলি হল প্রত্যক্ষদর্শীর বিবরণ যেটি নির্বাচিত, উপযোগি করে এবং যীশুর বাক্য ও কাজ সমন্বয় করে তাদের নিজেদের (অনুপ্রাণিত) ধর্মতত্ত্বগত উদ্দেশ্য ও নির্বাচিত দলের জন্য। আধুনিক পাঠকেরা প্রায়ই প্রশ্ন জিজ্ঞাসা করে যেমন (১) কোন সুসমাচারটি ঐতিহাসিক ভাবে সঠিক বা (২) আরও ঐতিহাসিক বর্ণনা অন্বেষণ করে একটি ঘটনা বা শিক্ষার বিষয়ে একজন স্বতন্ত্র অনুপ্রাণিত সুসমাচার লেখকের লিপিবদ্ধ করা থেকে। ব্যাখ্যাকারীদের অবশ্যই প্রথমে দেখতে হবে মূল লেখকের ইচ্ছা একটি স্বতন্ত্র সুসমাচার যেভাবে প্রকাশ পেয়েছে। আমাদের আরও ঐতিহাসিক বর্ণনা প্রয়োজন নেই সুসমাচার বোঝার জন্য।

□ “সাদা কাপড় পরা” আত্মিক রাজ্য বা আত্মিক স্বভা বর্ণনা করা হয় সাদা কাপড় পরা হিসেবে।

১. যীশুর গায়ের কাপড় রূপান্তরের সময় - মথি ১৭:২; মার্ক ৯:৩; লুক ৯:২৯
২. কবরস্থানের স্বর্গদূতেরা - মথি ১৮:৩; মার্ক ১৬:৫; লুক ২৪:৪; যোহন ২০:১২
৩. স্বর্গারোহনের সময় স্বর্গদূতেরা - প্রেরিত ১:১০
৪. মহিমাশিত্রী খ্রীষ্টের সাথে পবিত্র লোকেরা - প্রকাশিত বাক্য ৩:৪-৫, ১৮
৫. প্রচিনেরা (স্বর্গদূতেরা) ঈশ্বরের সিংহাসনের চারপাশে - প্রকাশিত বাক্য ৪:৪
৬. ঈশ্বরের সিংহাসনের নিচে সাক্ষ্যমরেরা - প্রকাশিত বাক্য ৬:১১
৭. সকল মুক্তি প্রাপ্তরা- প্রকাশিত বাক্য ৭:৯, ১৩-১৪ (দানিয়েল ১২:১০)
৮. স্বর্গীয় সেনারা (স্বর্গদূতেরা)- প্রকাশিত বাক্য ১৯:১৪
৯. পুরাতন নিয়মের ক্ষমার ছবি - গীত ৫১:৭; যিশা ১:১৮ (ঈশ্বরের সিদ্ধতার প্রতীকী, দানিয়েল ৭:৯)

২০:১৪ “তিনি যে যীশু তা চিনতে পারলেন না” মগদলীনী মরিয়ম যীশুকে চিনতে পারেন নাই। এর জন্য সম্ভাব্য কারণগুলি হল:

১. তার চোখে জল ছিল
২. তিনি অন্ধকার থেকে আলো দিকে দেখছিলেন
৩. যীশুর রূপ কিছুটা ভিন্ন ছিল (মথি ২৮:১৭ এবং লুক ২৪:১৬, ৩৭)

২০:১৫ “মহাশয়” এটি গ্রীক শব্দ *kurios*। এটি এখানে ব্যবহার করা হয়েছে এর ধর্মতাত্ত্বিক কোন অর্থ নেই অর্থে (যোহন ১২:২১)। এর অর্থ হতে পারে “মহাশয়,” “জনাব,” “মালিক,” “স্বত্বাধিকারী,” “কর্তা,” বা “প্রভু।” মরিয়ম ভেবেছিলেন তিনি কথা বলছেন (১) বাগানের মালীর সাথে বা (২) বাগানের স্বত্বাধিকারীর সাথে।

কিন্তু লক্ষ্য করুন যোহন ২০:২৮ পদে এর ধর্মতত্ত্বগত ব্যবহার!

□ “যদি” এটি হল একটি first class conditional sentence যেটি বক্তার দৃষ্টিভঙ্গি থেকে সত্য বলে ধরে নেয়। তিনি বিশ্বাস করেছিলেন যে কেউ দেহটি চুরি করেছে।

২০:১৬ “মরিয়ম... রব্বুনি” মরিয়ম হল আক্ষরিকভাবে মিরিয়াম। এই উভয় টার্মই হল অরামিক (“ইব্রীয়” অর্থ অরামিক, যোহন ৫:২; ১৯:১৩, ১৭, ২০)। আপাত দৃষ্টিতে যীশু তার নাম বলেছিলেন একটি বৈশিষ্ট্যগত প্রথায়। তিনি অবশ্যই এই একই ধরণের কাজ করেছিলেন যখন তিনি দুইজনের সাথে প্রার্থনা করেছিলেন ইন্মায়ুর পথে (লুক ২৪:৩০-৩২)। “রব্বুনি” এর শেষে “i” {ইহরাজী “আই” রব্বুনির শেষে যুক্ত} যুক্ত হওয়া প্রতিফলিত করতে পারে “আমার

রাবি,” “আমার মালিক,” বা “আমার গুরু।”

বিশেষ বিষয়: যীশুর পুনরুত্থান উত্তর আবির্ভাব (SPECIAL TOPIC: JESUS' POST-RESURRECTION APPEARANCES)

২০:১৭

NASB “আমাকে ধরে রেখো না”

NKJV “আমাকে ধরো না”

NRSV “আমাকে ধরে রেখো না”

TEV “আমাকে ধরে রেখো না”

NJB “আমাকে আকড়ে ধরো না”

KJV তে আছে “আমাকে স্পর্শ কোর না।” এটি হল একটি present middle imperative সাথে negative particle যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলমান কোন কাজ থামানো। মরিয়ম তাঁকে আকড়ে ধরেছিল এবং ধরে রয়েছিল! এর কোন ধর্মতত্ত্বগত তাৎপর্য ছিল না স্বর্গারোহনের পূর্বে যীশুর দেহকে ছোয়ার বিষয়ে। যোহন ২০:২৭ পদে যীশু থোমাকে সুযোগ দিয়েছিলেন ছোয়ার জন্য এবং মথি ২৮:৯ পদে তিনি মহিলাটিকে সুযোগ দিয়েছিলেন তাঁর পা ধরার।

□ “আমি এখনও উপরে যাই নি” এটি হল perfect active indicative। যীশু স্বর্গে আরোহন করবেন না তাঁর পুনরুত্থানের ৪০ দিন পর্যন্ত (প্রেরিত ১:৯)।

□ “আমার ভাইদের কাছে যাও” পুনরুত্থিত, মহিমাম্বিত প্রভু এই কাপুরসদের “ভাই” বলেছেন (মথি ১২:৫০)।

□ “আমি উর্কে যাইতেছি” এটি হল present tense। এটা আসলে ৪০ দিন পর্যন্ত যতক্ষণ তিনি তাদের মধ্যে উপস্থিত ছিলেন ততক্ষণ ঘটেনি (লুক ২৪:৫০-৫২; প্রেরিত ১:২-৩)। যোহন ক্রমাগতভাবে এই উল্লম্ব দ্বৈতবাদ “উপর” ও “নিচে” ব্যবহার করেছেন। যীশু এসেছেন পিতার (পূর্ব-বিদ্যমান) কাছ থেকে এবং তিনি ফিরে যাবেন পিতার (মহিমাম্বিত) কাছে।

□ “আমার পিতা ও তোমাদের পিতার কাছে” কি একটি অবিশ্বাস্য বিবৃতি! যাহোক, এটা অবশ্য আরও বলা যায় যে এটা ইঙ্গিত দেয় না বিশ্বাসীদের পুত্রত্ব যীশুর পুত্রত্বের সমান। তিনি পিতার অদ্বিতীয় পুত্র (যোহন ৩:১৬), সম্পূর্ণ ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ। বিশ্বাসীরা শুধুমাত্র তাঁর মধ্য দিয়ে পরিবারের সদস্য হতে পারে। তিনি প্রভু, মুক্তিদাতা এবং ভাই উভয়ই!

২০:১৮ মরিয়মও একজন প্রত্যক্ষদর্শী ছিলেন!

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২০:১৯-২৩

“সেই দিন সপ্তাহের প্রথম দিন, সন্ধ্যাবেলায় শিষ্যেরা যেখানে ছিলেন, সেই জায়গার সব দরজা বন্ধ করে রেখেছিলেন, যিহুদীদের ভয়ে, এমন সময় যীশু এসে তাঁদের মাঝখানে দাঁড়ালেন এবং বললেন, “তোমাদের শান্তি হোক।”^{১৯} এই কথা বলে তিনি তাঁর দুই হাত ও পাঁজরের দিকটা শিষ্যদের দেখালেন। প্রভুকে দেখতে পেয়ে শিষ্যেরা খুব আনন্দিত হলেন।^{২০} পরে যীশু আবার তাঁদের বললেন, “তোমাদের শান্তি হোক; পিতা যেমন আমাকে পাঠিয়েছেন, আমিও তেমনি তোমাদের পাঠাচ্ছি।”^{২১} এই কথা বলে তিনি শিষ্যদের উপর ফুঁ দিলেন ও বললেন, “পবিত্র আত্মাকে গ্রহণ কর।^{২২} “তোমরা যদি কারও পাপ ক্ষমা কর, তবে তার পাপ ক্ষমা করা হবে, আর যদি কারও পাপ ক্ষমা না কর তবে তার পাপ ক্ষমা করা হবে না।” (অনুবাদকৃত টেক্সট)।

২০:১৯ “সেদিন সন্ধ্যাবেলায়” যিহুদীদের সময় শুরু ও শেষ হয় গোথুলিতে (আদি ১:৫), যেটি এখানে রবিবার সন্ধ্যা ৬:০০ টা।

□ “সপ্তাহের প্রথম দিন” রবিবার ছিল প্রথম কর্মদিবস, আমাদের সোমবারের মত। এটি হয়ে ওঠে মন্ডলীর মিলিত হবার দিন যীশুর পুনরুত্থানের স্মরণে। তিনি নিজে নমুনাটি স্থাপন করেছেন উপরের কক্ষে একাধারে তিন রবিবার উপস্থিত হয়ে (যোহন ২০:১৯-২৬; লুক ২৪:৩৬ থেকে কয়েকটি পদ; প্রেরিত ২০:৭; ১ করি. ১৬:২)।

প্রথম প্রজন্মের বিশ্বাসীরা প্রতিনিয়ত বিশ্রামবারে স্থানীয় সমাজগৃহে মিলিত হতেন এবং মন্দিরে নির্ধারিত পর্বের দিনগুলিতে। যাহোক, রাবিরা একটি “অভিশাপের শপথ” অনুষ্ঠান করতো যার আবশ্যিকতা ছিল সমাজগৃহের সদস্যদের যীশুকে মশীহ হিসেবে প্রত্যাখান করা (৭০ খ্রীষ্টাব্দের পর)। এই সময়ে তারা বিশ্রামবারের উপাসনা ছেড়ে দেয়, কিন্তু নিয়মিত ভাবে অন্য বিশ্বাসীদের সাথে মিলিত হত রবিবার, পুনরুত্থান দিনে, যীশুর পুনরুত্থান স্মরণে।

□ “দরজা বন্ধ ছিল” এটি হল একটি perfect passive participle। plural টি বোঝায় যে নিচের ও উপরের উভয় দরজা বন্ধ ছিল। এটা উল্লেখ করা হয়েছে (১) যীশুর উপস্থিতি আরও জোরালো করা বা (২) তাদের গ্রেপ্তার হবার ভয় দেখাতে।

□ “শিষ্যরা” থোমা উপস্থিত ছিলেন না। এগারোজন প্রেরিত ছাড়াও অন্য শিষ্যরা উপস্থিত ছিলেন (লুক ২৪:৩৩)।

□ “তোমাদের শান্তি হোক” এটি দেখায় তাদের বিস্ময়, ও সম্ভবত ভয়। যীশু তাদের শান্তির প্রতিজ্ঞা করেছিলেন (যোহন ১৪:২৭; ১৬:৩৩)। এটি সম্ভবত প্রতিফলিত করে ইব্রীয় অভিবাদন *shalom*। যীশু এটি তিন বার পুনরাবৃত্তি করেছিলেন (যোহন ২০:১৯,২১,২৬)।

২০:২০ “তিনি তাঁর দুই হাত ও পাজরের দিকটা শিষ্যদের দেখালেন” যোহন স্পষ্টত অন্য সুসমাচারগুলি থেকে বেশি দৃষ্টি দিয়েছেন যীশুর পাজরে বর্শা বিদ্ধের দিকে (যোহন ১৯:৩৭; ২০:২৫)। তাঁর পায়ের পাতার লুক ২৪:৩৯ এবং গীত ২২:১৬ পদ ছাড়া উল্লেখ করা হয় নি। যীশুর মহিমাশিত দেহে তাঁর ক্রুশারোপনের চিহ্ন ছিল (১ করি ১:২৩; গালা ৩:১)।

□ “প্রভু” এই উপাধি এখানে ব্যবহার করা হয়েছে এর সম্পূর্ণ ধর্মতাত্ত্বিক অর্থে যেটি সম্পর্কিত পুরাতন নিয়মের YHWH এর সাথে (যাত্রা ৩:১৪)। যীশুর প্রতি পিতা ঈশ্বরের জন্য পুরাতন নিয়মের একটি উপাধি ব্যবহার করা ছিল নূতন নিয়মের লেখকদের একটি উপায় যীশুর সম্পূর্ণ ঈশ্বরত্ব প্রমাণ করা। দেখুন বিশেষ বিষয়: যোহন ৬:২০ পদে।

২০:২১ “যেমন পিতা আমাকে প্রেরণ করেছেন” এটি হল একটি perfect active indicative (যোহন ১৭:১৮)। মন্ডলীর একটি স্বর্গীয় আদেশপত্র আছে (মথি ২৮:১৮-২০; লুক ২৪:৪৭; প্রেরিত ১:৮)। বিশ্বাসীদেরও একটি আত্ম-ত্যাগী উদ্দেশ্যে পাঠানো হয়েছে (২ করি ৫:১৪-১৫; ১ যোহন ৩:১৬)।

যীশু দুই ধরনের টার্ম ব্যবহার করেছেন “পাঠানো” এর জন্য। যোহনে এইগুলি সমার্থক। এটি পরিষ্কারভাবে দেখা যায় ৮ অধ্যায়ে, যেখানে *pempō* ব্যবহার করা হয়েছে যীশুকে পিতার দ্বারা পাঠানো হয়েছে (যোহন ৮:১৬,১৮,২৬,২৯), যদিও *apostellō* ব্যবহার করা হয়েছে যোহন ৮:৪২ পদে। এই একই বিষয় সত্য ৫,৬ অধ্যায়ে। দেখুন বিশেষ বিষয় পাঠানো (*Apostellō*) যোহন ৫:২৪ পদে।

২০:২২ “তিনি তাদের উপরে ফুঁ দিলেন” এটি হল একটি শব্দের খেলা “ফু দেওয়া” টার্মের। ইব্রীয় *ruach* এবং গ্রীক *pneuma* এর মানে হতে পারে “ফু,” “বাতাস,” বা “আত্মা।” এই একই verb সেপ্টুয়াজিন্টে ব্যবহার করা হয়েছে পুরাতন নিয়মের আদি ২:৭ পদে ঈশ্বরের সৃষ্টির কার্যক্রমে এবং যিহি ৩৭:৫,৯ পদে ইস্রায়েলীদের নূতন জীবনে উত্তরণে। “তাদের” pronoun টি উল্লেখ করে কেবলমাত্র প্রেরিতদের ছাড়াও একটি বৃহৎ দলকে (লুক ২৪:৩৩)।

□ “পবিত্র আত্মাকে গ্রহণ কর” এটি হল একটি aorist active imperative। কিভাবে এটি পঞ্চাশতমীতে আত্মার আগমনের সাথে সম্পর্কিত হল তা অনিশ্চিত। যীশু সবকিছু পরিপূর্ণ করেছেন যা তিনি প্রতিজ্ঞা করেছিলেন তাঁর শিষ্যদের কাছে তাঁর প্রথম আবির্ভাবে। এটি সম্পর্কিত যীশুর তাদের নতুন পরিচর্যার কাজের জন্য প্রস্তুত করার সাথে যেভাবে আত্মা তাঁকে তাঁর বাপ্তিস্মের সময়ে প্রস্তুত করেছিল।

এই পদ ব্যবহার করা হয়েছে আদি মন্ডলীর আত্মা পিতা থেকে বা পিতা ও পুত্র থেকে এই বির্তকের উপর। বাস্তবে ত্রিত্বের তিন ব্যক্তি মুক্তির সকল কাজের সাথে অর্ন্তভূক্ত।

A Theology of the New Testament, George Ladd সারমর্ম করেছেন সম্ভাব্য ব্যাখ্যা এই প্যাসেজের:

“এই প্যাসেজটি পঞ্চাশতমীতে আত্মার আগমনের আলোকে সমস্যাগুলি উত্থাপন করে, যেটি মনে হয় সমাধান করা হতে পারে তিনটি উপায়ের যে কোন একটিতে। হয় যোহন জানতেন না পঞ্চাশতমীর বিষয়ে এবং এই ঘটনাটি বিকল্প করেছেন যাতে এটি Johannine পঞ্চাশতমীতে কার্যকারী হয়ে ওঠে; বা সেখানে মূলত আত্মার দুইটি দান রয়েছে; বা যীশুর শিষ্যদের উপর ফুঁ দেওয়া একটি কার্যকর অঙ্গীকারপূর্ণ দৃষ্টান্ত এবং পঞ্চাশতমীতে আত্মার আসল আগমনের আগাম” (পৃ ..২৮৯)।

পাদটীকা #২৪ (পৃ ..১৯৬৫) NET বাইবেল দাবী করে যে এটি আদি ২:৭ (LXX) স্মরণ করে। যেভাবে বাস্তব জীবন দেওয়া হয়েছে আদিপুস্তকে, অনন্ত জীবন দেওয়া হয়েছে নূতন নিয়মে। “ঈশ্বরের ফুঁ” এর উপর এই জোর দেওয়া সমান্তরাল যিহিঙ্কেল ৩৭ অধ্যায়ের সাথে, যেখানে YHWH তাঁর লোকদের নূতন জীবন নিয়ে আসেন আত্মার ফুঁ দ্বারা।

২০:২৩ “যদি তোমরা কারও পাপ ক্ষমা কর” এগুলি হল দু’টি third class conditional sentences এর সাথে *an* যেটি সাধারণত ব্যবহার করা হয়ে থাকে second class conditional sentences, *ean* নয়। এই মিশ্র অবস্থা অনিশ্চিত ঘটনা তীব্রতর করে যেটি সম্পর্কিত এগুলির উভয়ের সাথে সম্পর্কিত যারা সুসমাচার সহভাগিতা করে এবং তাদের যারা বিশ্বাস দ্বারা সাড়া দেয়। কেউ একজন সুসমাচারের জ্ঞানের সাথে সিদ্ধান্ত নেয় এটা সহভাগিতা করতে এবং কেউ একজন এটি শোনে এবং সিদ্ধান্ত নেয় এটি গ্রহণ করতে। উভয় দিকই প্রয়োজন। এই পদটি মন্ডলীর যাজকদের অবাধ কর্তৃত্ব দেয় না, কিন্তু বিশ্বাসী সাক্ষ্যদানকারীদের সুন্দর জীবন-দানকারী ক্ষমতা দেয়! এই কর্তৃত্ব প্রমাণিত হয়েছে যীশুর সময়ের সত্তরজনের প্রচার যাত্রায়।

□ “তাদের পাপ ক্ষমা করা হবে” এই ব্যাকরণগত গঠন হল একটি perfect passive indicative। passive voice বোঝায় ঈশ্বরের ক্ষমা, সম্পূর্ণভাবে পাওয়া যায় সুসমাচার ঘোষণার মধ্য দিয়ে। বিশ্বাসীদের কাছে রাজ্যের চাবি আছে (মথি ১৬:১৯) তারা কেবল সেটিই ব্যবহার করবে। এটি

মন্ডলীর প্রতি প্রতিজ্ঞা, ব্যক্তির প্রতি নয়। এটি হল ধর্মতত্ত্বগতভাবে একই “আবদ্ধ এবং উন্মুক্ত” মথি ১৮:১৮ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২০:২৪-২৫

^{২৪} কিন্তু থোমা, সেই বারোজনের একজন, যাকে দিদুমঃ বলা হতো, যীশু যখন এসেছিলেন তিনি তখন তাঁদের সংগে ছিলেন না। ^{২৫} যখন অন্য শিষ্যেরা থোমাকে বললেন, “আমরা প্রভুকে দেখেছি!” কিন্তু তিনি তাঁদের বললেন, “আমি যদি তাঁর দুই হাতে পেরেকের চিহ্ন না দেখি, ও সেই প্রেকের স্থানে অম্মার আংগুল না দিই, এবং তাঁর পাঁজরে হাত না দিই, তবে কোনমতেই আমি বিশ্বাস করব না।” (অনুবাদকৃত টেক্সট)।

২০:২৪ “কিন্তু থোমা, সেই বারোজনের একজন, যাকে দিদুমঃ বলা হতো যীশু যখন এসেছিলেন তিনি তখন তাঁদের সংগে ছিলেন না” দিদুমঃ গ্রীকে অর্থ হল “যমজ” (যোহন ১১:১৬)। প্রায় লোকে এই প্যাসেজটি ব্যবহার করে থোমাকে একজন সন্দেহবাদী বলে ডেকেছে, কিন্তু মনে করুন ১১:১৬ পদ। থোমা যোহনের সুসমাচারে উপস্থিত হয়েছেন অন্য আরও সুসমাচার থেকে বেশি বার (যোহন ১১:১৬; ১৪:৫; ২০:২৪, ২৬, ২৮, ২৯; ২১:২)।

২০:২৫ “যদি না. . . আমি বিশ্বাস করব না” “যদি না” হল একটি third class conditional sentence একটি strong Double negative এর সাথে, “I will never, no never, believe it” দেখা ও স্পর্শ করা ছাড়া। যীশু এই দাবীকে সম্মানিত করেছেন। যীশু শিষ্যদের বিশ্বাসের সাথে কাজ করেছেন (১) তাঁর আনুষ্ঠানিক কাজে ও (২) তাঁর ভবিষ্যতবাণীর মধ্য দিয়ে। যীশুর বার্তা ছিল এত বৈপ্লবাত্মক নতুন, তিনি তাদের সময় দিয়েছেন সুসমাচারের দাবীগুলি ও প্রভাব বুঝতে ও অঙ্গীভূত করতে।

□ “ছাপ” দেখুন নিচের বিশেষ বিষয়।

বিশেষ বিষয়: রূপ (TUPOS) (SPECIAL TOPIC: FORM (TUPOS))

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২০:২৬-২৯

^{২৬} আট দিন পরে শিষ্যেরা আবার ঘরের মধ্যে মিলিত হলেন, আর থোমাও তাঁদের সংগে ছিলেন। যীশু আসলেন, যদিও সমস্ত দরজা বন্ধ ছিল, তিনি এসে তাদের মাঝখানে দাঁড়ালেন এবং বললেন, “তোমাদের শান্তি হোক।” ^{২৭} পরে তিনি থোমাকে বললেন, “তোমার আংগুল বাড়িয়ে দাও, আর আমার হাত দু’খানা দেখ; আর তোমার হাত বাড়িয়ে দাও আর আমার পাঁজরের মধ্যে রাখ; অবিশ্বাস কোরো না, বরং বিশ্বাস কর।” ^{২৮} থোমা উত্তর করে তাঁকে বললেন, “প্রভু আমার, ঈশ্বর আমার!” ^{২৯} যীশু তাঁকে বললেন, “কারণ তুমি আমাকে দেখেছ বলে বিশ্বাস করছ? ধন্য তারা, যারা না দেখে বিশ্বাস করে।” (অনুবাদকৃত টেক্সট)।

২০:১৬ “আট দিন পরে” এটি হল একটি ইব্রীয় বাগধারা একটি সপ্তাহের জন্য। এটি ছিল আর একটি রবিবারের সন্ধ্যা। যীশু উপরের কক্ষে (যোহন মার্ক এর বাড়ি) শিষ্যদের সামনে উপস্থিত হলেন পর পর তিনটি রবিবার রাতে এবং এভাবে খ্রীষ্টিয় আরাধনার নিদর্শন স্থাপন করলেন। দেখুন তথ্য যোহন ২০:১৯ পদে।

২০:২৭ “অবিশ্বাস কোর না, বরং বিশ্বাস কর” এটি হল একটি present middle (deponent) imperative এর সাথে negative particle যেটি সাধারণত বোঝায় ইতিমধ্যে চলমান কোন কাজ থামানো। সকল বিশ্বাসীরা হল বিশ্বাস ও সন্দেহের একটি আর্শ্ব মিশ্রণ!

২০:২৮ থোমার স্বীকারোক্তি হতে পারে ধর্মতত্ত্বগতভাবে সম্পর্কিত ১৭ পদের প্রতি। থোমার স্বীকারোক্তি হতে পারে পুরাতন নিয়মের প্রাধান্য আছে যে যখনই YHWH Elohim (অর্থাৎ, আদি ২:৪) উপাধি একসাথে উপস্থিত হয়েছে, নামটি অনুবাদিত হয়েছে “সদাপ্রভু ঈশ্বর।” যীশু সম্পূর্ণভাবে গ্রহণ করেছিলেন তাঁর ঈশ্বরত্বের বিস্ময়কর দাবী। ১ অধ্যায়, ১ পদ, থেকে যোহনের সুসমাচার দাবী করেছে নাসারতীয় যীশুর ঈশ্বরত্বের।

যীশু যোহনে কয়েকবার তাঁর ঈশ্বরত্ব দাবী করেছেন (যোহন ৮:৫৮; ১০:৩০; ১৪:৯; ২০:২৮) এবং লেখক দাবী করেছেন তাঁর ঈশ্বরত্ব যোহন ১:১, ১৪-১৮; ৫:১৮ পদে। বাইবেলের অন্য লেখকেরা আরও স্পষ্টভাবে দাবী করেছেন যে যীশু হলেন স্বর্গীয় (থেরিত ২০:২৮; রোমীয় ৯:৫; ফিলিপীয় ২:৬-৭; কলসীয় ১:১৫-১৭; ২ থিষ ১:১২; তীত ২:১৩; ইব্রীয় ১:৮; ২ পিতর ১:১, ১১; ১ যোহন ৫:২০)।

২০:২৯ এই প্রারম্ভিক শব্দগুচ্ছ হতে পারে একটি বিবৃতি বা একটি প্রশ্ন আশা করছে একটি “হ্যাঁ” উত্তর। এই ব্যাকরণগত গঠন হল অস্পষ্ট। এটি হল যোহন ১৭:২০ পদের আর্শ্ববাদের সাথে একই রকম (১ পিতর ১:৮)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২০:৩০-৩১

^{৩০} যীশু শিষ্যদের সামনে আরও অনেক চিহ্ন কাজ করেছিলেন, সেগুলো এই বইয়ে লেখা হয় নি; ^{৩১} কিন্তু এই সব লেখা হল যাতে তোমরা বিশ্বাস কর যে, যীশুই খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র, আর বিশ্বাস করে যেন তাঁর নামে জীবন পাও। (অনুবাদকৃত টেক্সট)।

২০:৩০ ৩০-৩১ পদগুলি হল স্পষ্টত সুসমাচারের বিষয় এবং উদ্দেশ্য। এটা হল একটি সুসমাচারপ্রচারমূলক ছোট পুস্তিকা! সুসমাচারের লেখকেরা, অনুপ্রেরণা অধিনে, অধিকার ও ঈশ্বর-দত্ত ক্ষমতা ছিল নির্বাচিত করার, সাজানো ও উপযোগি এবং সারমর্ম করা যীশুর কাজ ও বাক্য পরিষ্কারভাবে জানানো নিবাচিত শ্রোতাদের, মিহুদীদের, রোমীয়দের, এবং অযিহুদীদের কাছে যীশুর বিষয়ে মহান সত্যের। নতুন নিয়ম একটি খ্রীষ্টিয়ান Talmud নয়।

Carl F. H. Henry, in the opening article entitled "The Authority and Inspiration of the Bible" in *The*

Expositor's Bible Commentary, Vol. 1 তে বলেছেন:

“বাইবেলের লক্ষ্য ঘটনার একটি সম্পূর্ণ সময়ানুক্রমিক উপস্থাপন করা নয়, যখন এটি আলোচনা করে সৃষ্টির কাহিনী বা পরিব্রাণের ইতিহাসের সাথে, দেহধারণের ইতিহাস সংযুক্ত করে। কিন্তু বাইবেলের লেখাগুলির বর্ণিত উদ্দেশ্য হল মানুষকে সকল কিছু দেওয়া যেটি প্রয়োজনীয় ও যথার্থ তার মুক্তিমূলক উদ্ধার এবং তার সৃষ্টিকর্তার প্রতি বাধ্যতামূলক সেবার জন্য। যদিও বাইবেলের লেখকেরা মাঝে মাঝে দৃষ্টিপাত করেছেন ঈশ্বরের একটি পরিব্রাণের কাজ বিভিন্ন স্বর্গদূত এবং ভিন্ন উদ্দেশ্য থেকে।, তারা আমাদের যা বলে হল নির্ভরযোগ্য এবং পর্যাপ্ত। মথি যীশুর পরিচর্যার বেশির ভাগ সময়কাল বিষয়ভিত্তিক ভাবে সাজিয়েছেন নির্দেশনার জন্য পরিচর্য্যাযোগ্য। লুক মার্কেসের বেশ কিছু বিষয়বস্তু বাদ দিয়েছেন যা এখন আছে তা একটি ধারাবাহিক বর্ণনা যেটি catechetical নির্দেশনার প্রাচীর (যোহন ১:৪)। যোহন খোলাখুলিভাবে মন্তব্য করেছেন মৌলিক নির্বাচন যেটি চতুর্থ সুসমাচারের অন্তর্নিহিত (২০:৩০,৩১)” (পৃ... ২৭-২৮)।

□ “যীশু শিষ্যদের সামনে আরও অনেক চিহ্ন কাজ করেছিলেন” এই “চিহ্নগুলি” বোঝা যেতে পারে কয়েকটি উপায়ে।

১. চিহ্ন যে তিনি সত্যই জীবিত
ক. তাদের তাঁর ক্ষত ছুয়ে দেখা
খ. তাদের সাথে তাঁর খাওয়া-দাওয়া (লুক ২৪:৪৩)
২. বিশেষ অলিপিবদ্ধ চিহ্নকার্য করা হয়েছে তাদের উপস্থিতিতে উপরের কক্ষে
৩. একটি উল্লেখ তাঁর জীবনের কাজে (অতীতের প্রতি দৃষ্টি দিয়ে) সুসমাচার লিপিবদ্ধ করার জন্য তাদের প্রস্তুত করা (লুক ২৪:৪৬-৪৮)

২০:৩১

NASB, NKJV,

TEV, NJB

NRSV

“যাতে তোমরা বিশ্বাস কর”

“যাতে তোমরা বিশ্বাস করতে পার”

কিছু আদি গ্রীক পাতুলিপি, P⁶⁶, ঝ^{*}, B, এবং গ্রীক লেখনী Origen দ্বারা ব্যবহারকৃত, রয়েছে একটি present subjunctive, যেটি বোঝাতে পারে যে যোহন লেখা হয়েছিল বিশ্বাসীদের অণুপ্রাণিত করতে বিশ্বাস চলতে।

অন্য গ্রীক uncial পাতুলিপি (অর্থাৎ, ঝ², A, C, D, L, N, W) আছে একটি aorist subjunctive, যেটি বোঝাতে পারে যে যোহন লেখা হয়েছিল অবিশ্বাসীদের প্রতি। UBS⁴ দিয়েছে লেখায় aorist কিন্তু এটিকে দেয় একটি "C" rating (সিদ্ধান্ত নেওয়া জটিল)। এই পদ হল সুসমাচারের বর্ণিত উদ্দেশ্য। যোহন হল, অন্য সুসমাচারগুলির মত, একটি সুসমাচার প্রচারমূলক ছোট পুস্তিকা।

□ “শ্রীষ্টি” এটি হল গ্রীক অনুবাদ ইব্রীয় টার্ম “মশীহ” এর যেটি হল আক্ষরিক ভাবে “অভিষিক্ত একজন”। ইনি হলেন পুরাতন নিয়মের দায়ীদের বংশধর যিনি ভাববাদীর ন্যায় বলেছিলেন ধার্মিকতার নতুন যুগ নিয়ে আসবেন। নাসারতের যীশু (যোহন ১:৪৫) হলেন যিহূদীদের মশীহ (যোহন ১১:২৭)।

যীশুর জন্য এই উপাধি পাওয়া যায় সুসমাচারের শুরু দিকে (যোহন ১:৪১)। যাহোক, “প্রভু” উপাধি, “মশীহ” নয়, ছিল ব্যবহৃত সাধারণ উপাধি যীশুর জন্য পরজাতিদের প্রসঙ্গে (রোমীয় ১০:৯-১৩; ফিলিপীয় ২:৯-১১)।

“মশীহ” এর ধারণা ছিল eschatological প্রভাব (১) ফরীশীদের কাছে এটি ছিল রাজনৈতিক, জাতিগত আশা এবং (২) Apocalyptic যিহূদী সাহিত্যে এটা ছিল সৃষ্টি-সংক্রান্ত, বিশ্বজনীন আশা।

□ “ঈশ্বরের পুত্র” এই উপাধিটি ব্যবহৃত হয়েছে Synoptic সুসমাচারগুলিতে সতর্কভাবে (পারতপক্ষে কারণ পরজাতিদের দ্বারা সম্ভাব্য ভুল বোঝা), কিন্তু যোহনে ব্যবহৃত হয়েছে শুরু দিকে (যোহন ১:১৪,৩৪,৪৯)। এটা ছিল যোহনের পছন্দ যীশুর এবং পিতার মধ্যকার অনন্য সম্পর্ক দাবী করা (huios এর ব্যবহার)। যোহন এই familial রূপক ব্যবহার করেছেন কয়েকটি উপায়ে।

১. একটি উপাধি
২. “একজাত” সাথে যুক্ত (monogenēs, যোহন ১:১৮; ৩:১৬; ১ যোহন ৪:৯)
৩. “পিতা” উপাধি ব্যবহারের সাথে সমন্বিত (যোহন ২০:১৭)

দেখুন বিশেষ বিষয়: ঈশ্বরের পুত্র (SPECIAL TOPIC: THE SON OF GOD) ১ যোহন ৩:৮ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. কে কবরের কাছে এসেছিল? কখন? কেন?
২. কেন শিষ্যরা পুনরুত্থান আশা করে নি? কেউ কি এটা আশা করেছিল?
৩. কেন মরিয়ম যীশুকে চিনতে পারে নি?
৪. কেন যীশু মরিয়মকে বলেছিলেন তাঁকে স্পর্শ না করতে?
৫. আপনার নিজের কথায় ২২-২৩ পদ ব্যাখ্যা করুন।
৬. থোমাকে সন্দেহবাদী বলা কি ঠিক হবে?
৭. “বিশ্বাস করা” শব্দটি ব্যাখ্যা করুন যেভাবে এটি যীশুর সময়ে বোঝা হত, আমাদের সময়ে নয়।

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

যোহন ২১

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
যীশু সাত জন্য শিষ্যের কাছে আবির্ভূত হন	সমুদ্রের তীরে সকালের খাবার	শেষ উপদেশ	যীশু সাতজন শিষ্যের কাছে আবির্ভূত হন	তিবরিয়া সাগরের তীরে আবির্ভাব
২১:১-১৪	২১:১-১৪	২১:১-৩	২১:১-৩ _ক ২১:৩ _{ব-৫ক}	২১:১-৩
		২১:৪-৮	২১:৫ _খ ২১:৬ ২১:৭-১০	২১:৪-৮
		২১:৯-১৪	২১:১১-১৪	২১:৯-১৪
যীশু এবং পিতর	যীশু পিতরকে পুনরুদ্ধার করেন		যীশু এবং পিতর	
২১:১৫-১৯	২১:১৫-১৯	২১:১৫-১৯	২১:১৫ _ক ২১:১৫ _খ ২১:১৫ _{গ-১৬ক} ২১:১৬ _খ ২১:১৬ _{গ-১৭ক} ২১:১৭ _খ ২১:১৭ _{গ-১৯}	২১:১৫-১৯
যীশু এবং প্রিয় শিষ্য	প্রিয় শিষ্য ও তার বই		যীশু এবং অন্য শিষ্য	
২১:২০-২৩	২১:২০-২৫	২১:২০-২৩	২১:২০-২১ ২১:২২ ২১:২৩	২১:২০-২৩ দ্বিতীয় উপসংহার
২১:২৪		২১:২৪-২৫	২১:২৪	২১:২৪

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

১-২৫দের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. অধ্যায় একটি সংযুক্তি এই হিসাবে এই বিষয়ে অনেক আলোচনা রয়েছে কারণ সুসমাচার মনে হয় শেষ হয়েছে ২০:৩১ পদে। যাহোক, এমন কোন গ্রীক পাণ্ডুলিপি নেই যেটি ২১ অধ্যায়কে বাদ দিয়েছে।
- খ. ২৫ পদ প্রায়ই মনে করা হয় পরবর্তী সংযুক্তি কারণ কিছু পাণ্ডুলিপিতে যোহন ৭:৫৩-৮:১১ বাসানো হয়েছে ২৪ পদের পরে। এছাড়াও, প্রাচীন পাণ্ডুলিপি Sinaiticus, অনুলিপিকারকেরা মূলত ২৫ পদ বাদ দিয়েছেন এবং ফিরে গেছেন ও লেখকের অলংকৃত ভূমিকা অন্তর্ভুক্ত করতে মুছে দিয়েছেন।
- গ. যদিও যোহনের সুসমাচার একটি অবিচ্ছেদ্য অংশ নয়, ২১ অধ্যায় নিশ্চিতভাবে ছিল প্রেরিতের হাত থেকে এসেছে। এটা আদি মন্ডলীর দুইটি প্রশ্নের উত্তর দেয়:
 ১. পিতরকে পূর্নবহাল করা হয়েছে?
 ২. যোহনের দীর্ঘজীবিতা সংক্রান্ত কিংবদন্তির বিষয়ে?

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২১:১-৩

^১এর পরে তিবিরিয়া সাগরের পারে শিষ্যদের কাছে আবার যীশু নিজেকে প্রকাশ করলেন, আর তিনি নিজেকে এইভাবে প্রকাশ করেছিলেন।^২ শিমোন পিতর, এবং থোমা যাকে দিদুমঃ বলে, গালীল প্রদেশের কান্না গ্রামের নথনেল, আর সিবিদিয়ের ছেলেরা এবং তাঁর শিষ্যদের আর দুইজন এক সাথে ছিলেন।^৩ শিমোন পিতর তাদের বললেন, “আমি মাছ ধরতে যাচ্ছি।” তারা তাকে বললেন, “আমরাও তোমার সংগে যাব।” তারা বের হয়ে নৌকায় উঠলেন; কিন্তু সেই রাতে কিছুই ধরতে পারলেন না। (অনুবাদকৃত টেক্সট)।

২১:১ “তিবিরিয়া সাগর” তিবিরিয়া ছিল গালীলের রোমীয় প্রশাসনিক রাজধানী। এই জলাধার আরও পরিচিত ছিল “গালীল সাগর” হিসেবে (যোহন ৬:১) বা “গিনেসরৎ হ্রদ” নামে (মথি ১৪:৩৪; মার্ক ৬:৫৩; লুক ৫:১) এবং পুরাতন নিয়মের “কিন্দেরৎ হ্রদ” (গণনা ৩৪:১১; দ্বি বি ৩:১৭; যিহোশূয় ১১:২; ১২:৩; ১৩:২৭; ১৯:৩৫; ১ রাজা ১৫:২০) হিসেবে।

□ “তিনি এই ভাবে নিজেকে প্রকাশ করেছিলেন” এই verb টির তাৎপর্য রয়েছে “সম্পূর্ণ বা পরিষ্কারভাবে প্রদর্শন করা” (যোহন ১:৩১; ২:১১; ৭:৪; ৯:৩; ১ যোহন ১:২; ২:২৮; ৩:২; ৪:৯)। মথিতে গালীলে একটি সাক্ষাৎকার আছে যেটি ঘটেছে একটি পর্বতে (২৬:৩২; ২৮:৭,১০,১৬), পটভূমি “মহান

আদেশ” এর জন্য। যোহানে যীশু নিজেকে প্রকাশ করেছিলেন তিবিরিয়া সাগর তীরে। এই সাক্ষাতে যীশু আলোচনা করেছেন দু’টি প্রশ্ন নিয়ে যা আদি মন্ডলী আগ্রহের বিষয় হয়েছিল

১. পিতরকে কি নেতা হিসেবে পুনর্বহাল করা হয়েছিল
২. যোহান যে যীশুর ফিরে না আসা পর্যন্ত মারা যাবে এই প্রচলিত কথার বিষয়ই বা কি

২১:২ “খোমা যাকে দিদুমঃ বলে” দেখুন বিশেষ বিষয় প্রেরিতদের নাম যোহান ১:৪৫ পদে।

আপাতদৃষ্টিতে এগারোজনের সাতজন মাছ ধরতে গিয়েছিল।

□ “সিবদিয়ের ছেলেরা” এটি উল্লেখ করে James (যাকোব) এবং যোহান (Johanan, মথি ৪:২১)। যোহানের সুসমাচারে না যাকোবকে না যোহানকে উল্লেখ করা হয়েছে তাদের নাম দ্বারা।

২১:৩ “শিমোন পিতর তাদের বললেন, ‘আমি মাছ ধরতে যাচ্ছি’” এটি হল present tense। বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে এই মাছ ধরতে যাওয়া নিয়ে।

১. এটা ছিল একটি আরামদায়ক যাত্রা যীশু নির্দিষ্ট করা মিলিত হবার সময়ের আগ-পর্যন্ত (মথি ১৬:৩২; ২৮:৭,১০)
২. এটা ছিল টাকা উপার্জনের উদ্দেশ্যে
৩. এটা ছিল পিতরের মাছ ধরার ব্যবসার পুনরায় প্রণোদনা

এই অধ্যায়টি লুক ৫ এর মত অনেকটা একই রকম।

□ “আর সেই রাতে তারা কোন মাছ ধরতে পারলেন না” লক্ষ্য করুন যে এই মানুষগুলি, যারা অসুস্থকে সুস্থ ও মন্দ আত্মা বের করতে সক্ষম ছিল, সব সময়ে সকল উদ্দেশ্যের জন্য আশ্চর্য ক্ষমতা তাদের ছিল না। এই verbটি মাছ ধরার জন্য নতুন নিয়মের আর কোথাও ব্যবহার করা হয়নি। সাধারণত এটি ব্যবহার করা হয় কাউকে খেফতার করতে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহান ২১:৪-৮

^৪সকাল হয়ে আসছে, এমন সময় যীশু সাগরের পারে এসে দাঁড়ালেন; তথাপি শিষ্যেরা চিনতে পারলেন না যে, তিনি যীশু। ^৫তাই যীশু তাদের বললেন, “সন্তানেরা, তোমাদের কাছে কি কোন মাছ নেই” তাঁরা বললেন, “না।” ^৬তখন তিনি তাদের বললেন, “নৌকার ডানদিকে জাল ফেল, তাতে ধরতে পারবে।” তখন তারা জাল ফেললেন, আর এত বেশী মাছ পড়ল যে, তাঁরা তা টেনে তুলতে পারলেন না। ^৭তখন যীশু যে শিষ্যকে ভালবাসতেন সেই শিষ্য পিতরকে বললেন, “উনি প্রভু।” তাই যখন শিমোন পিতরের শুনলেন যে উনি প্রভু, তখন গায়ে কাপড় জড়ালেন (কারণ কাজের জন্য তার গায়ে কোন কাপড় ছিল না), এবং সাগরে ঝাঁপ দিলেন। ^৮কিন্তু অন্য শিষ্যরা মাছে ভরা জাল টানতে টানতে ছোট নৌকাতে করে আসলেন, কারণ তারা তীর থেকে বেশি দূরে ছিলেন না, কমবেশ দুই শত হাত দূরে ছিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

২১:৪ “তথাপি শিষ্যেরা চিনতে পারলেন না যে তিনি যীশু” সেখানে বেশ কয়েকটি তত্ত্ব আছে যীশুকে চিনতে না পারার অক্ষমতার বিষয়ে।

১. এটা খুবই অন্ধকার ছিল
২. তিনি অনেক দূরে ছিলেন
৩. তারা খুবই ক্লান্ত ছিলেন
৪. যীশু দেখতে সামান্য ভিন্ন ছিলেন (যোহান ২১:১২; মথি ২৮:১৬-১৭; লুক ২৪:১৩ থেকে কয়েকটি পদ)
৫. তারা স্বর্গীয়ভাবে বাধাপ্রাপ্ত ছিলেন তাঁকে চিনতে পারার বিষয়ে (লুক ২৪:১৬)

২১:৫ “সন্তানেরা” এটি ব্যবহার করা হয়েছে রূপকভাবে। দুটি টার্ম রয়েছে যেগুলি নতুন নিয়মে “ছোট ছেলেমেয়ে”-দের জন্য সাধারণ ভাবে ব্যবহৃত হয়েছে। এটি (*paidion*) ব্যবহার করা হয়েছে কম এবং ভিন্ন আরও প্রচলিত এটি (*teknion*) যোহান এবং ১ যোহানে ব্যবহৃত হয়েছে। এই টার্মটি সুসমাচারে দেখা যায় শুধু যোহান ৪:৪৯; ১৬:২১ এবং এখানে। এই টার্মগুলি মনে হয় ব্যবহৃত হয়েছে সমার্থকভাবে ১ যোহানে, *paidion* যোহান ২:১৩,১৮ পদে, কিন্তু *teknion* যোহান ২:১,১২,২৮ পদে।

□ “তোমাদের কাছে কি কোন মাছ নেই” এই টার্ম “মাছ” (*prospagion*) আসলে বোঝায় যে কোন ধরণের খাদ্য যেটি রুটির সাথে খাওয়া যায়, কিন্তু এই প্রসঙ্গে, “মাছ” দাবী করা হয়েছে। এই প্রশ্নটি একটি “না” উত্তর আশা করে।

২১:৬ যীশু এই একই রকম ব্যবহার করেছিলেন যখন তিনি প্রথম তাদের আহ্বান করেছিলেন, লুক ৫:১-১১ পদ। এই অধ্যায়ের একটি বৈশিষ্ট্য হিসেবে (দেখুন যোহান ২১:১৫ পদে নোট) দুটি ভিন্ন গ্রীক টার্ম ব্যবহার করা হয়েছে নৌকার জন্য, *plouion* যোহান ২১:৩ ও ৬ পদে এবং *plouaron* (ছোট নৌকা) যোহান ২১:৮ পদে। যোহান এই অধ্যায়ে কয়েকবার তার সাহিত্যগত ভিন্নতা দেখিয়েছেন।

২১:৭ “তখন যীশু যে শিষ্যকে ভালবাসতেন” এটি নির্দেশ করে সুসমাচারের লেখককে, প্রেরিত যোহান (যোহান ১৩:২৩; ২০:২,৩,৮; ২১:২০)। এই সুসমাচারে যোহানকে কখনো নাম দেওয়া হয় নি।

NASB “তখন তিনি গায়ে কাপড় জড়ালেন (কারণ কাজের জন্য তার গায়ে কোন কাপড় ছিল না)”

NKJV “তার গায়ে কাপড় জড়ালেন (কারণ তিনি তা খুলে রেখেছিলেন)”

NRSV “তিনি গায়ে কিছু কাপড় জড়ালেন, কারণ তিনি নগ্ন ছিলেন”

TEV “তিনি গায়ে কাপড় জড়ালেন (কারণ তিনি তার কাপড় খুলে রেখেছিলেন)”

NJB “পিতর গায়ে কাপড় জড়ালেন (কারণ তার গায়ে কাপড় ছিল না)”

প্রথম শতকে পলেষ্টীয় লোকজন একটি বাইরের পোশাক পড়তেন এবং লম্বা আটোসাটো ভিতরের পোশাক। পিতর তার বাইরের আলখাল্লা/লম্বা কাপড় খুলে রেখেছিলেন এবং তার ভিতরের কাপড় কোমর পর্যন্ত গুটিয়ে রেখেছিলেন।

□ “উনি প্রভু” *kurios* টার্মটি ছিল গ্রীক টার্ম “জনাব,” “মহাশয়,” “গুরু,” “মালিক,” বা “প্রভু” -র জন্য। কোন কোন প্রসঙ্গে এটি হল সাধারণ একটি নম্র সম্বোধন, কিন্তু অন্যগুলিতে এটি হল একটি ধর্মতত্ত্বগত যীশুর ঈশ্বরত্বের দাবী। এই প্রসঙ্গে এই জেলেরা সৈকতের এই ব্যক্তিকে চিনেছিল মহিমান্বিত, পুনরুত্থিত প্রভু হিসাবে!

অনুবাদটির উৎপত্তি হয়েছে পুরাতন নিয়মের ব্যবহার থেকে, যেখানে YHWH অনুবাদ করা হয়েছে প্রভু হিসাবে। এটি ঘটেছে কারণ যিহূদীরা ভয় পেত ঈশ্বরের নিয়মের নাম উচ্চারণ করতে, তাই তার বিকল্প হিসাবে আর একটি ইব্রীয় টার্ম ব্যবহার করতো, *Adonai*, যেটি *kurios* সাথে সামঞ্জস্যপূর্ণ। দেখুন বিশেষ বিষয় যোহন ৬:২০ পদে।

প্রভু হল উপাধি যেটি সকল নামের উর্দে ফিলি ২:৯-১১ পদ। এটা ছিল আদি মন্ডলীর বাপ্তিস্মের সময়ের স্বীকারোক্তি, “যীশুই প্রভু” (রোমীয় ১০:৯-১৩)।

২১:৮ “অন্য শিষ্য” আপাতদৃষ্টিতে শিষ্যদের সকলে পিতর ও যোহনের সাথে মাছ ধরার বিনোদনে গিয়েছিল কিছু খরচের অর্থ উপার্জনের একটি পথ হিসাবে (তারা মহিলাদের উপর নির্ভর করতে পারত না যারা যীশু সঙ্গে ভ্রমণ করতো)।

□ “মাছে জাল পূর্ণ ছিল” এমনকি আজ পর্যন্ত যীশু এখনো

১. তাদের বিশ্বাস তৈরী করছেন
২. তাদের প্রয়োজন পূরণ করছেন
৩. তাঁর পুনরুত্থান ও কর্তৃত্ব নিশ্চিত করছেন (প্রকৃতির উপর)

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২১:৯-১৪

“যখন তারা তীরে এলেন, তারা ইতিমধ্যে কাঠ কয়লার আগুন এবং আগুনের উপরে মাছ দেখতে পেলেন, আর রুটিও ছিল।”^{১০} যীশু তাদের বললেন, “এখন যে মাছ ধরলে তা থেকে কয়েকটা আন।”^{১১} শিমোন পিতর উঠে জালটা তীরে টেনে আনলেন, একশো তিপ্পান্নটা বড় মাছে জালটা ভরা ছিল; আর যদিও এত মাছ ছিল, তবুও জালটা ছিঁড়ল না।^{১২} যীশু তাঁদের বললেন, “এস এবং খাও।” শিষ্যদের মধ্যে কারও সাহস হল না যে জিজ্ঞাসা করে, “আপনি কে?” তাঁরা জানতেন, তিনি প্রভু।^{১৩} যীশু এসে রুটি নিয়ে তাঁদের তা দিলেন, আর সেইভাবে মাছও দিলেন।^{১৪} মৃত্যু থেকে জীবিত হয়ে উঠবার পর যীশু এই তৃতীয় বার শিষ্যদের দেখা দিলেন। (অনুবাদকৃত টেক্সট)।

২১:৯ “তারা ইতিমধ্যে কাঠ কয়লার আগুন এবং আগুনের উপরে মাছ দেখতে পেলেন, আর রুটিও ছিল” খুব সকালের নাস্তার উদ্দেশ্য ছিল সহভাগিতা করা ও ধর্মতত্ত্বগত প্রতিফলন। ধর্মতত্ত্বগত ইঙ্গিতগুলি হল

১. এই অংশটি আলোচনা করে পিতরের অস্বীকার আর একটি কয়লার আগুনের প্রেক্ষাপটে (যোহন ১৮:১৮)। এই টার্ম এখনো ও সেখানে পাওয়া যায়।
২. যোহনের সুসমাচার ও ১ যোহন লেখা হয়েছিল Gnosticism এর ধর্মদ্রোহিতা মোকাবেলা করার জন্য যেটি যীশু, মশীহের সত্যিকার মানবত্ব অস্বীকার করে। যীশু তাদের সাথে খাওয়া-দাওয়া করেছিলেন।

২১:১০ এই প্যাসেজে দুইটি ভিন্ন টার্ম আছে মাছের জন্য: (১) যোহন ২১:৯,১০ ও ১৩ পদের টার্মটি হল *opsarion*, যার অর্থ ছোট মাছ এবং (২) যোহন ২১:৬,৮, ও ১১ পদের টার্ম হল *ichthus* যার অর্থ হল বড় মাছ। তারা মনে হয় এই প্রসঙ্গে অদল-বদল করে ব্যবহৃত হয়েছে।

২১:১১ “একশত তিপ্পান্নটা” এই প্রসঙ্গে সেখানে মনে হয় এই সংখ্যার কোন প্রতীকী তাৎপর্য নেই; এটা হল সাধারণভাবে একজন প্রত্যক্ষদর্শীর বিবরণ। যাহোক, আদি মন্ডলীর সকল সংখ্যা ও বিবরণ রূপক ভাবে নেওয়ার অযথা প্রবণতা জোর দিয়েছে এই পদটির অর্থ করতে:

১. Cyril বলেছেন যে ১০০ পরজাতিদের জন্য এবং ৫০ যিহূদীদের জন্য এবং ৩ ত্রিত্বের জন্য।
২. Augustine দাবী করেন যে এই সংখ্যাটি নির্দেশ করে দশ আজ্ঞা এবং আত্মার সাতটি দান, যার সমান সংখ্যা সতেরো। যদি আপনি প্রতিটি সংখ্যা ১,২,৩,৪ করে ১৭ পর্যন্ত যোগ করেন তাহলে পাবেন ১৫৩। Augustine বলেছেন এটি ছিল মোট সংখ্যা যারা খ্রীষ্টের কাছে এসেছিল ব্যবস্থা ও অনুগ্রহের মধ্য দিয়ে।
৩. Jerome বলেছেন সেখানে ১৫৩ ধরণের মাছ ছিল, সুতরাং, এটি হল সকল রাজ্য খ্রীষ্টের কাছে আসার প্রতীক। ব্যাখ্যার এই রূপক পদ্ধতি বলে ব্যাখ্যাকারীর চতুরতা এবং মূল, অনুপ্রাণিত লেখকের উদ্দেশ্য নয়!

□ “আর যদিও এত মাছ ছিল, তবুও জালটা ছিঁড়ল না” এটি হল হয় একজন সাধারণ প্রত্যক্ষদর্শীর বিবরণ বা একটি নিখুঁত আলৌকিক ঘটনা।

২১:১৪ “যীশু এই তৃতীয় বার শিষ্যদের দেখা দিলেন” এটি অবশ্যই উল্লেখ করে ২০ অধ্যায়ের দু’টি বিবরণ এতে যুক্ত করা হয়েছে।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২১:১৫-১৯

^{১৬}তাদের খাওয়া শেষ হলে পর, যীশু শিমোন পিতরকে বললেন, “যোহনের ছেলে শিমোন, ওদের থেকেও কি তুমি আমাকে বেশী ভালবাস?” ^{১৬} তিনি তাঁকে বললেন, “হ্যাঁ, প্রভু; আপনি জানেন যে আমি আপনাকে ভালবাসি।” তিনি তাকে বললেন, “আমার মেঘগুলোকে চরাও।” তিনি দ্বিতীয় বার তাঁকে বললেন, “যোহনের ছেলে শিমোন, তুমি কি আমাকে ভালবাস?” তিনি তাঁকে বললেন, “হ্যাঁ, প্রভু; আপনি জানেন যে আমি আপনাকে ভালবাসি।” তিনি তাকে বললেন, “আমার মেঘগুলো পালন কর।” ^{১৭} তিনি তৃতীয়বার শিমোন পিতরকে বললেন, “যোহনের ছেলে শিমোন, তুমি কি আমাকে ভালবাস?” পিতর দুঃখিত হলেন কারণ তিনি এই তৃতীয় বার তাকে জিজ্ঞাসা করলেন, “তুমি কি আমাকে ভালবাস?” আর তিনি তাঁকে বললেন, “প্রভু, আপনি সব কিছুই জানেন; আপনি জানেন যে, আমি আপনাকে ভালবাসি” যীশু তাকে বললেন, “আমার মেঘগুলো চরাও।” ^{১৮} সত্য, সত্য, আমি তোমাকে বলছি, যখন তুমি যুবক ছিলে, তখন তুমি নিজেই তোমার কোমর বাঁধতে, আর যেখানে ইচ্ছা সেখানে যেতে; কিন্তু যখন তুমি বুড়ো হবে, তখন তুমি তোমার হাত বাড়িয়ে দেবে এবং অন্য একজন তোমার কোমর বাঁধবে, আর তুমি যেখানে যেতে চাও না সেখানেই নিয়ে যাবে।” ^{১৯} এই কথা বলে, ঈশ্বরের মহিমা প্রকাশ করবার জন্য সে কিভাবে মরবে তার ইঙ্গিত দিলেন। এই কথা বলবার পর তিনি তাকে বললেন, “আমার পিছনে এস।” (অনুবাদকৃত টেক্সট)।

২১:১৫ যোহনের ছেলে, শিমোন” লক্ষ্য করুন যে যীশু তাকে “শিমোন পিতর” বলে ডাকেন নি, এই লোকটি একটি পাথর বাদে কিছুই ছিল না। শিমোনের পিতার নামের সাথে পান্ডুলিপিত ভিন্নতা সম্পর্কিত।

১. যোহন - κ^1 , B, C*, D, L W
২. যোনা- A, C²
৩. বাদ- κ^*

UBS⁴ একে দিয়েছে পছন্দ #১ একটি "B" rating (প্রায় নিশ্চিত) অনুসরণকৃত ১:৪২ (P⁶⁶, P⁷², κ , B*, L, W)।

□ “ভালবাস. . .ভালবাস. . .ভালবাস” সেখানে স্পষ্টত তিনবার পুনরাবৃত্তি করা হয়েছে যেটি মনে হয় পিতরের তিনবার মহাপুরোহিতের প্রাঙ্গণে অস্বীকারের সাথে সম্পর্কিত (যোহন ১৮:১৭.২৫.২৭)। সেখানে বিভিন্ন সমান্তরাল ও বৈপরিত্য আছে এই সমগ্র অংশ জুড়ে।

১. ভালবাসা (*phileō*) বনাম ভালবাসা (*agapaō*)
২. মেঘশাবক বনাম ভেড়া
৩. জানা (*ginoskō*) বনাম জানা (*oida*),

সেখানে অনেক আলোচনা হয়েছে আসলে কি এটি নির্দেশ করে সাহিত্যিক ভিন্নতা বা যদি সেখানে একটি ইচ্ছাকৃত বৈপরিত্য আছে এই টার্মগুলির মধ্যে। যোহন প্রায়ই ব্যবহার করেছেন ভিন্নতা, বিশেষভাবে এই অধ্যায়ে (দুটি টার্ম “সন্তানেরা,” “নৌকা,” ও “মাছ” এর জন্য)। সেখানে মনে হয় কিছু পার্থক্য আছে এই প্রসঙ্গে গ্রীক শব্দ *agapaō* *Ges phileō* এর মধ্যে, কিন্তু এটি জোর দেওয়া যায় না কারণ Koine গ্রীকে সেগুলি হল সমার্থক (যোহন ৩:৩৫; ৫:২০; ১১:৩,৫)।

□ “এগুলি থেকেও কি তুমি আমাকে বেশী ভালবাস” syntax টি হল অস্পষ্ট এই প্রশ্নটির বিষয়ের মত। কেউ দাবী করেন যে এটি নির্দেশ করে

১. মাছ ধরা পেশা হিসাবে
২. পিতরের যীশুকে অন্য শিষ্যদের থেকে বেশী ভালবাসার আগের বিবৃতি (মথি ২৬:৩৩; মার্ক ১৪:২৯ এবং যোহন ১৩:৩৭)
৩. প্রথমে সকলের সেবক হবে (লুক ৯:৪৬-৪৮; ২২:২৪-২৭)

□ “আমার মেঘগুলোকে চড়াও” এটি হল একটি present active imperative। এই সব বিবৃতির তিনটি হল একই ব্যাকরণগত রূপ (যোহন ২১:১৬ এবং ১৭), কিন্তু সামান্য ভিন্ন বাক্য প্রকাশের ধারা (আমার মেঘদের চড়াও এবং আমার মেঘদের পরিচর্যা কর)।

২১:১৭ “প্রভু, আপনি সবই জানেন” পিতর শিখেছিলেন দ্রুত কথা না বলতে। তিনি ভাল ধর্মতত্ত্ব প্রকাশ করেছেন (যোহন ২:২৫; ৬:৬১,৬৪; ১৩:১১; ১৬:৩০)।

□ “আপনি জানেন যে আমি আপনাকে ভালবাসি” সেখানে একটি পরিবর্তন আছে গ্রীক শব্দ “জানা” এর জন্য যোহন ২১:১৬ (*oida*) ও যোহন ২১:১৭ (*oida* and *ginoskō*) মধ্যে। প্রকৃত কারণ অনিশ্চিত এবং সামান্য ভিন্নতা যুক্ত হতে পারে।

২১:১৮ “তোমার হাত বাড়িয়ে দেবে” এটি মনে হয় একটি পরিভাষাগত বাগধারা ব্যবহৃত হয়েছে (১) আদি মন্ডলীতে এবং (২) গ্রীক সাহিত্যকর্মে “ক্রুশারোপন।”

২১:১৯ “ঈশ্বরের মহিমা প্রকাশ করবার জন্য সে কিভাবে মরবে তার ইঙ্গিত দিলেন” ঐতিহ্য দাবী করে যে পিতার মারা গেছেন উল্টা ভাবে ক্রুশারোপনের দ্বারা। *The Ecclesiastical History*, Vol. 3:1, Eusebius বলেছেন, “বিশ্বাস করা হয় যে পিতার প্রচার করেছিলেন পণ্ডীয়, গালাতীয়, বৈথনিয়া, ক্যাপ্পাদোকিয়া, এবং এশিয়ায় ছড়িয়ে পড়া যিহুদীদের মধ্যে। রোমে যাওয়ার পরে তাকে উল্টো করে ক্রুশে দেওয়া হয়েছিল তার নিজের অনুরোধে”। দেখুন যোহন ১:১৪ পদের নোট।

□ “আমার পিছনে এস” এটি হল একটি present active imperative, যেমন যোহন ২১:২২ পদ। এটি পিতরের নেতৃত্বের আহ্বানের নৃতনীকরণ ও পুনঃস্থিরকরণের সাথে সম্পর্কিত (মথি ৪:১৯-২০)।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২১:২০-২৩

^{১৭}পিতর পিছন ফিরে দেখলেন, যীশু যাঁকে ভালবাসতেন সেই শিষ্য তাদের পিছনে আসছেন; ইনি সেই শিষ্য, যিনি খাবার সময়ে যীশুর দিকে ঝুঁকি বলেছিলেন, “প্রভু, আপনাকে যে শত্রুদের হাতে ধরিয়ে দেবে, সে কে?” ^{১৮}পিতর তাঁকে দেখে যীশুকে বললেন, “প্রভু, এর কি হবে?” ^{১৯}যীশু তাকে বললেন, “আমি যদি চাই এ আমার ফিরে না আসা পর্যন্ত থাকে, তাতে তোমার কি? তুমি আমার পিছনে এস!” ^{২০}এইজন্য তাইদের মধ্যে এই কথা ছড়িয়ে গেল যে সেই শিষ্য মরবেন না; যীশু কিন্তু তাকে বলেন নি যে সেই শিষ্য মরবেন না, কিন্তু তিনি কেবল বলেছিলেন, “আমি যদি চাই সে আমার ফিরে না আসা পর্যন্ত থাকে, তাতে তোমার কি?” (অনুবাদকৃত টেক্সট)।

২১:২০ “যীশু যাঁকে ভালবাসতেন সেই শিষ্য” এটি উল্লেখ করে যোহন ১৩:২৫ এর পাওয়া বিবরণের। কেন তাকে মনোনীত করা হয়েছে এই রহস্যময় পদ্ধতি তা অনিশ্চিত (যোহন ১৩:২৩; ১৯:২৬; ২০:২; ২১:৭,২০)। সম্ভাব্য তত্ত্বগুলি হল

১. প্রথম শতাব্দীর ঐতিহ্যগত যিহুদী লেখা লেখকদের তাদের নাম দিয়ে উল্লেখ করা হয় না
২. যোহন ছিলেন অল্প-বয়স্ক যখন তিনি যীশুর অনুসারী হয়েছিলেন
৩. যোহন ছিলেন একমাত্র প্রেরিত যিনি যীশুর সাথে ছিলেন তাঁর বিচার ও ক্রুশারোপনের সময়

২১:২২ “যীশু তাকে বললেন, ‘আমি যদি চাই এ আমার ফিরে না আসা পর্যন্ত থাকে, তাতে তোমার কি’” এটি হল একটি third class conditional sentence। আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে আমাদেরকে আমাদের নিজস্ব দান ও পরিচর্যা নিয়ে কাজ করতে হবে এবং ঈশ্বর অন্যদের জন্য কি পরিকল্পনা করেছেন সেই বিষয়ে চিন্তা না করে! একটি সম্ভাব্য কারণ ২১ অধ্যায় যুক্ত করার তাহল এই বিষয়ের উপর সকল ভুলবোঝাবুঝির উত্তর দিতে। আপাতদৃষ্টিতে সেখানে একটি প্রাচীন গুজব (সম্ভাব্য Gnostic) ছিল যে যোহন দ্বিতীয় আগমন পর্যন্ত জীবিত থাকবেন (যোহন *Parousia* এর কথা বলে না, ১ যোহন ৩:২)।

□ “আমার পিছনে এস” এটি মোটামুটি সারমর্ম করে যোহনের সুসমাচারের ব্যক্তিগত আহ্বান (যোহন ১:৪৩; ১০:২৭; ১২:২৬; ২১:১৯,২২)। এটি জোর দেয় সুসমাচারের ব্যক্তিগত দৃষ্টিভঙ্গি, যদিও “সেটা বিশ্বাস কর” জোর দেয় সুসমাচারে বিষয়বস্তুর দৃষ্টিভঙ্গি।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২১:২৪

^{২৪}সেই শিষ্যই এই সব বিষয়ে সাক্ষ্য দিচ্ছেন আর এই সব লিখেছেন, আর আমরা জানি যে তার সাক্ষ্য সত্যি। (অনুবাদকৃত টেক্সট)।

২১:২৪ “এই সব লিখেছেন” এটি কি নির্দেশ করে (১) যোহন ২১:২০-২৩: (২) ২১ অধ্যায়; বা (৩) সমগ্র সুসমাচার? উত্তর অনিশ্চিত।

□ “আমরা জানি যে তার সাক্ষ্য সত্যি” এই নির্দিষ্ট দল নির্দেশ করা হয়েছে pronoun “আমরা” দ্বারা যাহল অনিশ্চিত। এটা স্পষ্ট যে অন্যদের আনা হয়েছে যোহনের সুসমাচারের সত্যের অনুমোদনে। এটি সম্ভবত নির্দেশ করে ইফিষীয় প্রাচীনদের। এই এলাকায় যোহন বাস করতেন, পরিচর্যা করতেন এবং মৃত্যুবরণ করেছেন। প্রাচীন ঐতিহ্য দাবী করে যে ইফিষীয় নেতারা আহ্বান জানিয়েছিল বৃদ্ধ যোহনকে তার নিজের সুসমাচার লিখতে কারণ অন্য সকল প্রেরিতদের মৃত্যু এবং যীশুর বিষয়ে ধর্মদ্রোহিতা বৃদ্ধি পাওয়া। দেখুন বিশেষ বিষয়: প্রত্যক্ষদর্শী যোহন ১:৮ পদ।

NASB (আপডেটেড) টেক্সট: যোহন ২১:২৫

^{২৫}যীশু আরও অনেক কিছু করেছিলেন, যদি সেগুলো এক এক করে লেখা হত, তবে আমার মনে হয় লিখতে লিখতে এত বই হত যে সেগুলো এই জগতে ধরত না। (অনুবাদকৃত টেক্সট)।

২১:২৫ ২৫ পদ বিবর্তিত হয়েছে দুটি কারণে : (১) কয়েকটি পাণ্ডুলিপিতে যোহন ৭:৫৩-৮:১১ পদ যুক্ত করা হয়েছে ২৪ ও ২৫ পদের মাঝে (২) Sinaiticus (X) পাণ্ডুলিপিতে অনুলিপিকারকেরা মুছে দিয়েছেন একটি অলংকৃত Colophon এবং পরে যুক্ত করেছেন যোহন ২১:২৫ পদ। এটা পর্যবেক্ষণ করা হয়েছে বৃটিশ জাদুঘরের অতি-বেগুনি রশ্মিতে। এই পদটি বিশেষভাবে আমাদের জানায় যে সুসমাচারের লেখকেরা ছিলেন নিবারণনশীল কি তারা লিপিবদ্ধ করবেন। এই hermeneutical প্রশ্ন সব সময় জিজ্ঞাসা করা হয়, “কেন তারা এইভাবে লিপিবদ্ধ করেছেন এবং চারটি সুসমাচার একসাথে যুক্ত করতে ব্যস্ত হননি?” (দেখুন Gordon Fee and Douglas Stuart, *How To Read the Bible For All Its Worth*)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কিভাবে যোহন ২১ পদ একই রকম লুক ৫ পদের মত?
২. কেন শিষ্যরা সাথে সাথে যীশুকে চিনতে পারে নি?
৩. কে সেই শিষ্য যাকে যীশু ভালবাসতেন?
৪. কেন যীশু পিতরকে তিনবার জিজ্ঞাসা করেছিলেন তার জন্য তার ভালবাসার বিষয়ে?
৫. যীশু কি দাবী করেছিলেন যে যোহন তাঁর পুনরায় আসা পর্যন্ত জীবিত থাকবেন?
৬. ২৪ পদ কাকে নির্দেশ করা হয়েছে
৭. ২৫ পদ কি আসল?

সর্বস্বত্ব © 2013 Bible Lessons International

১ যোহনের ভূমিকা

বইটির অনন্যতা

- ক. ১ যোহন বইটি কোন ব্যক্তিগত চিঠি নয় বা কোন মন্ডলীর কাছে লেখা চিঠিও নয় বরং এটি হল “প্রধান দণ্ডের প্রবল আবেগে তাদিত অফিস মেমো” (corporate চিঠি)।
১. এতে কোন ঐতিহ্যগত ভূমিকা নেই (কার কাছ থেকে, কাকে উদ্দেশ্য করে)
 ২. এতে কোন ব্যক্তিগত শুভেচ্ছা বা সমাপনি বার্তা নেই।
- খ. এখানে কোন ব্যক্তিগত নামের উল্লেখ নেই। অনেক মন্ডলীর কাছে লেখা, যেমন ইফিসীয় ও যাকোবের চেয়ে এই বইটি সাংঘাতিক ভাবে অস্বাভাবিক। নূতন নিয়মে একটি মাত্র যেখানে লেখকের নাম নেই তা হল ইব্রীয় পুস্তক। যাহোক, এটা স্পষ্ট যে ১ যোহন বইটি লেখা হয়েছে বিশ্বাসীরা বর্তমানে যে ভ্রান্ত শিক্ষক (Gnostics) বিষয়ে মন্ডলীর অভ্যন্তরীণ যে সমস্যা ভোগ করছিল সে বিষয়ে।
- গ. চিঠিটি একটি শক্তিশালী ধর্মতাত্ত্বিক প্রবন্ধ
১. যীশুর কেন্দ্রিকতা
 - ক. সম্পূর্ণ ঈশ্বর এবং সম্পূর্ণ মানুষ
 - খ. যীশু খ্রীষ্টে বিশ্বাস দ্বারা পরিভ্রাণ আসে, কোন রহস্যময় অভিজ্ঞতা বা গুপ্ত জ্ঞান (ভ্রান্ত শিক্ষক) দ্বারা নয়
 ২. একটি খ্রীষ্টীয় জীবন পদ্ধতি কামনা করে (প্রকৃত খ্রীষ্ট ধর্মের তিনটি পরীক্ষা)
 - ক. ভ্রাতৃসুলভ প্রেম
 - খ. বাধ্যতা
 - গ. পতিত জগতের পদ্ধতিকে প্রত্যাখ্যান
 ৩. নাসরতীয় যীশুতে বিশ্বাসের মাধ্যমে অনন্তকালীন পরিভ্রাণের নিশ্চয়তা (“জানা” ২৭ বার ব্যবহৃত হয়েছে)
 ৪. কিভাবে ভ্রান্ত শিক্ষকদের চেনা যায়
- ঘ. যোহনের লেখা (বিশেষভাবে ১ যোহন) নূতন নিয়মের যে কোন লেখকের চেয়ে অপেক্ষাকৃত কম জটিল Koine গ্রীক, তথাপি তার বই, অন্যদের মত নয়, যীশু খ্রীষ্টে ঈশ্বরের গভীর ও অনন্তকালীন সত্য সুগভীর ভাবে প্রোথিত (অর্থাৎ, ঈশ্বর জ্যোতি, ১ যোহন ১:৫; ঈশ্বর প্রেম, ১ যোহন ৪:৮, ১৬; ঈশ্বর আত্মা, যোহন ৪:২৪)।
- ঙ. এটা সম্ভব যে ১ যোহন হতে পারে প্রচ্ছদ (cover) চিঠি যোহন সুসমাচারের। প্রথম শতকে Gnostic -দের ধর্মদ্রোহ উভয় পুস্তকেরই প্রেক্ষাপট রচনা করেছিল। সুসমাচারে রয়েছে প্রচারমূলক চালিকা শক্তি, অন্যদিকে ১ যোহন লেখা হয়েছে বিশ্বাসীদের জন্য (অর্থাৎ, শিষ্যত্ব)।
- প্রখ্যাত ব্যাখ্যাকারক Westcott বলতে চেষ্টা করেছেন যে সুসমাচার যীশুর ঈশ্বরত্ব নিশ্চিত করেছে, অন্যদিকে ১ যোহন নিশ্চিত করেছে তাঁর মানবিকতা। এই বইগুলি একসাথেই এগিয়েছে!
- চ. যোহন সাদা কালো (dualistic) টার্মে লিখেছেন। এটি হল মরু সাগরের পুঁথির ও Gnostic ভ্রান্ত শিক্ষকদের বৈশিষ্ট্য। ১ যোহনের কাঠামো সাহিত্যগত ভাবে দ্বৈতবাদ মৌখিক (আলো বনাম অন্ধকার) এবং জীবন পদ্ধতি (ইতিবাচক মস্তব্যের পরেই একটি নেতিবাচক মস্তব্য) উভয়ই। এটি যোহনের সুসমাচার থেকে ভিন্ন, যেখানে প্রয়োগ করা হয়েছে উল্লম্ব দ্বৈতবাদ (যীশু উর্দ্ধ থেকে বনাম মানুষ নিচ থেকে)।
- ছ. ১ যোহনের রূপরেখা করা খুব কঠিন কারণ যোহনের বার বার ব্যবহার করা মূল ভাব (themes)। এই বই সত্যের tapestry মত পুনরাবৃত্তির নমুনা দ্বারা বুনন করা হয়েছে (Bill Hendricks, *Tapestries of Truth, The Letters of John*)।

লেখক

- ক. ১ যোহনের লেখকত্ব বিতর্কের একটি অংশ Johannine Corpus লেখকত্ব নিয়ে – সুসমাচার, ১ যোহন, ২ যোহন, ৩ যোহন এবং প্রকাশিত বাক্য।
- খ. দুটি মূল অবস্থান রয়েছে
১. ঐতিহ্যগত
 - ক. ঐতিহ্য রয়েছে যে আদি মন্ডলীর পিতারা সর্বসম্মতভাবে মত দেন যে যোহন, প্রিয় প্রেরিত, ১ যোহনের লেখক।
 - খ. প্রাথমিক মন্ডলীর প্রমাণের উপসংহার

- (১) Clement of Rome (৯০ খ্রী.) ১ যোহনের পরোক্ষ ইঙ্গিত দিয়েছেন
 - (২) Polycarp of Smyrna, *Philippians* 7 (১১০-১৪০ খ্রী.) ১ যোহন উদ্ধৃত করেছেন
 - (৩) Justin Martyr's, *Dialogue* 123:9 (১৫০-১৬০ খ্রী.) ১ যোহন উদ্ধৃত করেছেন
 - (৪) ১ যোহনের পরোক্ষ উল্লেখ বিভিন্ন লেখায় দেখা যায়
 - ক. Ignatius of Antioch (তার রচনার সময়কাল অজানা কিন্তু ১০০ খ্রীষ্টাব্দের প্রথম দিকে)
 - খ. Papias of Hierapolis (৫০-৬০ খ্রী. মধ্যে জন্ম এবং সাক্ষ্যমর হয়েছে ১৫৫ খ্রীষ্টাব্দের দিকে)
 - (৫) Irenaeus of Lyons (১৩০-২০২ খ্রী.) ১ যোহন লেখকত্বের কৃতিত্ব প্রেরিত যোহনকে দিয়েছেন। Tertullian, প্রথম দিককার একজন apologist যিনি ধর্মদ্রোহিতার বিরুদ্ধে ৫০টি বই লিখেছেন, প্রায়ই তিনি ১ যোহন থেকে উদ্ধৃতি দিতেন
 - (৬) অন্যান্য প্রাথমিক লেখনী যেগুলি প্রেরিত যোহনকে কৃতিত্ব দিয়েছেন তারা হলেন Clement, Origen ও Dionysius, তিনজনই Alexandria, Muratorian Fragment (১৮০-২০০ খ্রী.), এবং Eusebius (তৃতীয় শতক)।
 - (৭) Jerome (চতুর্থ শতকের দ্বিতীয়ার্ধ) লেখক হিসাবে যোহনকে নিশ্চিত করেছেন কিন্তু স্বীকার করেছেন যে তার সময়ের কিছু লোক একে অস্বীকার করেছে।
 - (৮) Theodore of Mopsuestia, Bishop of Antioch ৩৯২-৪২৮ খ্রী. যোহনের লেখকত্ব অস্বীকার করেছেন।
- গ. যদি যোহন হয়, আমরা প্রেরিত যোহন সম্পর্কে কি জানি?
- (১) তিনি ছিলেন সিবদীয় ও শালোমীর ছেলে
 - (২) তিনি তার ভাই যাকোবের সাথে গালীল সাগরের একজন জেলে ছিলেন (সম্ভবত তাদের কয়েকটি নৌকা ছিল)
 - (৩) অনেক বিশ্বাস করেন যে তার মা যীশুর মা মরিয়মের বোন ছিলেন (যোহন ১৯:২৫; মার্ক ১৫:২০)
 - (৪) দৃশ্যত তিনি ধনী ছিলেন কারণ তার ছিল
 - (ক) বেতনভোগি দাস দাসি (মার্ক ১:২০)
 - (খ) কয়েকটি নৌকা
 - (গ) যিরূশালেমে বাড়ী
 - (৫) যোহনের যিরূশালেমে মহাপুরোহিতের বাড়ীতে প্রবেশাধিকার ছিল, যেটি দেখায় যে তিনি ছিলেন বেশ পরিচিত ছিলেন (যোহন ১৮:১৫-১৬)
 - (৬) যীশুর মা মরিয়ম যোহনের তত্ত্বাবধানে ছিলেন, তিনি নিবেদিত ছিলেন
- ঘ. আদি মণ্ডলীর ঐতিহ্য সর্বসম্মতি ক্রমে সাক্ষ্য দিয়েছে যে অন্য প্রেরিতদের চেয়ে দীর্ঘদিন বেঁচে ছিলেন, এবং যিরূশালেমে মরিয়মের মৃত্যু হলে পরে তিনি এশিয়া মাইনরে চলে যান এবং ঐ অঞ্চলের বড় নগর ইফিষীয়তে বসবাস করতে থাকেন। এই নগর থেকে তাকে পাটম দ্বিগে (তীরের কাছাকাছি) নির্বাসিত করা হয়েছিল এবং পরে মুক্ত হন ও ইফিষীয়তে ফিরে আসেন (Eusebius quotes Polycarp, Papias and Irenaeus)।
২. আধুনিক পণ্ডিতেরা
- ক. আধুনিক পণ্ডিতদের এক বিরাট অংশ Johannine লেখনীর মধ্যে একই সমরূপতা খুঁজে পেয়েছেন, বিশেষ করে শব্দগুচ্ছে, শব্দ ভাঙারে, এবং ব্যাকরণগত গঠনে। এর সবচেয়ে ভাল উদাহরণ হল কঠোর তুলনা যেটি এই লেখাসমূহকে বৈশিষ্ট্যমণ্ডিত করেছে: জীবন বনাম মৃত্যু, সত্য বনাম মিথ্যাচার। এই একই কঠোর dichotomy দেখা যেতে পারে সে সময়ের অন্য লেখাতেও, মরু সাগরের পুঁথি এবং প্রাথমিক Gnostic রচনাসমূহ।
 - খ. যে পাঁচটি বইকে ঐতিহ্যগত ভাবে যোহনের লেখা বলা হয় তাদের মধ্যকার অন্ত-সম্পর্ক সম্বন্ধে বেশ কয়েকটি তত্ত্ব রয়েছে। কোন কোন দল লেখকত্ব আরোপ করেছেন একজন ব্যক্তিকে, দুজন লোককে, তিনজন লোককে, এবং এরকম ভাবে চলেছে। এটা মনে হয় যে সঙ্গত অবস্থান হল যে সকল Johannine রচনা একজন মানুষের চিন্তার ফল, এমনকি হতে পারে সম্ভবত তার শিষ্যদের কয়েকজনও রচনা করেছেন।
 - গ. আমার ব্যক্তিগত বিশ্বাস যোহন, বয়স্ক প্রেরিত, ইফিষীয়তে তার পরিচর্যার শেষ দিকে এই পাঁচটি বই লিখেছিলেন।
৩. লেখকত্বের বিষয়টি হয় hermeneutics বিষয়, অনুপ্রেরণার নয়। চূড়ান্ত ভাবে শাস্ত্রের লেখক হলেন ঈশ্বর!

তারিখ – স্পষ্টত এটি লেখকত্বের সাথে যুক্ত

- ক. যদি প্রেরিত যোহন চিঠিগুলো লেখেন, এবং বিশেষ করে ১ যোহন, তাহলে আমরা প্রথম শতকের শেষ দিকের সময়ের কথা বলছি। এটি সময় দেবে জ্ঞানবাদের ভ্রান্ত তত্ত্ব/দর্শনের পদ্ধতি উন্নয়নের এবং তাছাড়া এটি খাপ খাবে ১ যোহনের টার্মতত্ত্ব (“ছোট সন্তানেরা”), যেটি মনে হয় একজন বয়স্ক লোক অল্প বয়স্ক বিশ্বাসীদের সাথে কথা বলছেন। বরেন্দের যীশুর ক্রুশারোপনের পরে যোহন প্রায় ৬৮ বছর বেঁচে ছিলেন। এটি ঐ ঐতিহ্যের সাথে মনে হয় খাপ খায়।
- খ. B. A.T. Robertson মনে করেন ১ যোহন লেখা হয়েছে ৮৫-৯৫ খ্রীষ্টাব্দের মধ্যে, যখন সুসমাচারটি রচনা করা হয়েছে ৯৫ খ্রীষ্টাব্দের দিকে।

- গ. *The New International Commentary Series on 1 John* by I. Howard Marshall বলতে চেষ্টা করেছেন যে এই তারিখ ৬০-১০০ খ্রী. মধ্যে এটি আজকের আধুনিক পণ্ডিতদের Johannine রচনার তারিখ নির্ণয় করার খুব কাছাকাছি।

প্রাপকেরা

- ক. ঐতিহ্য এটা বলতে চেষ্টা করে যে এই বইটি লেখা হয়েছে রোমীয় প্রদেশ এশিয়া মাইনরের (পশ্চিম তুরস্ক) উদ্দেশ্যে, ইফিষীয় ছিল এর বড় মেট্রোপলিটান অঞ্চল।
- খ. চিঠিটি মনে হয় এশিয়া মাইনরের নির্দিষ্ট কিছু মন্ডলীর কাছে যারা ব্রান্ত শিক্ষকদের নিয়ে সমস্যায় পড়েছিল যেমন কলসীয় এবং ইফিষীয়), বিশেষ করে
১. docetic Gnostics যারা খ্রীষ্টের মানবিকতা অস্বীকার করে, কিন্তু তাঁর ঐশ্বরিকতাকে নিশ্চিত করে
 ২. যারা ধর্মতত্ত্বকে আলাদা করেছে নৈতিকতা/ন্যায্যতা থেকে
- গ. Augustine (চতুর্থ শতক) বলেছেন এটি লেখা হয়েছে Parthians (বাবিল) কাছে। তিনি Cassiodorus (ষষ্ঠ শতকের প্রথম দিকে) অনুসরণ করেছেন। এটি এসেছে সম্ভবত এই শব্দগুচ্ছের দ্বন্দ্ব থেকে “মনোনীত মহিলা,” ২ যোহন ১, এবং শব্দগুচ্ছ “বাবিলে সেই স্ত্রীলোক,” ১ পিতর ৫:১৩ পদ।
- ঘ. The Muratorian Fragment, নূতন নিয়মের একটি প্রাচীন canonical তালিকা যা লেখা হয়েছে ১৮০-২০০ খ্রীষ্টাব্দে রোমে, বলতে চেয়েছে যে এই চিঠিটি লেখা হয়েছে “তার সহ শিষ্য ও বিশপের উৎসাহ দানের পরে” (এমিয়া মাইনরে)।

ধর্মদ্রোহ

- ক. এই চিঠিটি এক ধরনের ব্রান্ত শিক্ষার বিরুদ্ধে স্পষ্টত একটা প্রতিক্রিয়া (অর্থাৎ, “যদি আমরা বলি. . .” ১ যোহন ১:৬ থেকে কয়েকটি পদ এবং “তিনি যিনি বলেন. . .” ১ যোহন ২:৯; ৪:২০(diatribel)।
- খ. আমরা ধর্মদ্রোহিতার কতগুলি মূল মতবাদ জানতে পারি অভ্যন্তরিন ঘটনা দ্বারা ১ যোহন থেকে।
১. যীশু খ্রীষ্টের দেহধারণকে অস্বীকার
 ২. পরিত্রাণে যীশু খ্রীষ্টের কেন্দ্রিকতা অস্বীকার
 ৩. সঠিক খ্রীষ্টিয় জীবন পদ্ধতির অভাব
 ৪. জ্ঞানের উপরে গুরুত্বদান (প্রায়ই গুপ্ত)
 ৫. সব কিছু বাদ দেবার প্রবণতা
- গ. প্রথম শতকের প্রেক্ষাপট
- প্রথম শতকের রোমীয় জগত প্রাচ্য ও পশ্চিমা ধর্মের মধ্যে দর্শন মিশ্রণের সময়। গ্রীক দেবতা ও রোমীয় pantheons কে দুর্বল বলে গণ্য করা হতো। রহস্যময় ধর্ম খুব জনপ্রিয় ছিল কারণ তাদের গুরুত্ব ছিল দেবতার সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক ও গুপ্ত জ্ঞান। জাগতিক গ্রীক দর্শন খুব জনপ্রিয় ছিল এবং অন্যান্য বিশ্ব দর্শনের সঙ্গে অর্ন্তভুক্তি করা হয়েছিল। এই দার্শনিক ধর্মের জগত একান্ত ভাবে খ্রীষ্টিয়ান বিশ্বাসের সংস্পর্শে আসে (যীশুই ঈশ্বরের কাছে যাবার একমাত্র পথ, যোহন ১৪:৬)। ধর্মদ্রোহিতার সঠিক প্রেক্ষাপট যাই হোক না কেন, এটা একটি প্রচেষ্টা ছিল অনুভূত হওয়া খ্রীষ্ট ধর্মের সংকীর্ণতাকে যুক্তিসঙ্গত ও মেধাগত ভাবে বিশাল গ্রীক ও রোমীয় শ্রোতাদের কাছে গ্রহণযোগ্য করা।
- ঘ. সম্ভবত বিকল্প যে Gnostics দলকে যোহন উদ্দেশ্য করেছেন
১. Incipient Gnosticism
 - ক. প্রথম শতকের incipient Gnosticism এর মূল কৌশল ছিল মনে হয় ontological (অনন্তকালীন) দ্বৈতবাদ আত্মা ও বস্তুর মধ্যে গুরুত্বদান। আত্মা (সর্বোচ্চ ঈশ্বর) ভাল বলে বিবেচনা করা হতো, আর বস্তু উত্তরাধিকার ভাবেই মন্দ। এই dichotomy সাদৃশ্য Platonism's নমুনা বনাম দৈহিক, স্বর্গীয় বনাম জাগতিক, অদৃশ্যমান বনাম দৃশ্যমান। এছাড়াও গুপ্ত জ্ঞানের উপরে অতিরিক্ত গুরুত্বদান করা হয়েছে (পাসওয়ার্ড বা গোপন সংকেত যেটি প্রাণকে দূতদের জগত [aeons] থেকে সর্বোচ্চ ঈশ্বরের কাছে যাবার সুযোগ দেয়) পরিত্রাণের আবশ্যকীয় হিসাবে।
 - খ. দুই রূপের incipient Gnosticism রয়েছে যেটি দৃশ্যত হতে পারে ১ যোহনের প্রেক্ষাপট
 - (১) Docetic Gnosticism, যেটি যীশুর সত্যিকার মানবিকতাকে অস্বীকার কারণ বস্তু মন্দ।
 - (২) Cerinthian Gnosticism, যেটি খ্রীষ্টকে চিহ্নিত করে ভাল সর্বোচ্চ এদবতা এবং মন্দ বস্তুর মধ্যে অনেক aeons বা দূতদের স্তরের মধ্যে একজন। এই “খ্রীষ্টের আত্মা” বাস্তব্বে মানুষ যীশুর মধ্যে অধিষ্ঠান করেছেন এবং তাঁর ক্রুশারোপনের আগে তাঁকে ত্যাগ করেছেন।

- (৩) এই দুই দলের মধ্যে কেউ কেউ অনুশীলন করতো asceticism (যদি দেহ এটি চায়, এটি মন্দ), অন্য antinomianism (যদি এটি দেহ চায়, এটি দাও)। প্রথম শতকের Gnosticism বিকাশ পদ্ধতির কোন লিখিত প্রমাণ নেই। দ্বিতীয় শতকের মাঝামাঝি লিখিত তথ্যাবলীর অস্তিত্ব রয়েছে। "Gnosticism" আরও তথ্যের জন্য দেখুন
- (ক) *The Gnostic Religion* by Hans Jonas, published by Beacon Press
- (খ) *The Gnostic Gospels* by Elaine Pagels, published by Random House
- (গ) *The Nag Hammadi Gnostic Texts and the Bible* by Andrew Helmbold

২. Ignatius বলেছেন আর একটি সম্ভাব্য উৎস ধর্মদ্রোহিতার বিষয়ে তার প্রতি রচনা *the Smyrnaeans* iv-v। তারা যীশুর দেহধারণকে অস্বীকার করে এবং নৈতিক নিয়মের দরকার নেই এমন ভাবে জীবন যাপন করে।
৩. তথাপি আর একটি সম্ভাব্য ধর্মদ্রোহিতার উৎস Meander of Antioch, যিনি Irenaeus লেখনী থেকে পরিচিত, *Against Heresies* XXIII। সে ছিল শমরিয় শিমোনের অনুসারি এবং গুপ্ত জ্ঞানের সমর্থক।

ঙ. আজকের ধর্মদ্রোহ

১. এই ধর্মদ্রোহের আত্মা আমাদের মধ্যে আজকেও উপস্থিত যখন লোকেরা চেষ্টা করে খ্রীষ্টিয় সত্যের সাথে অন্য পদ্ধতির চিন্তা সমন্বয়ের।
২. এই ধর্মদ্রোহের আত্মা আমাদের মধ্যে আজকেও উপস্থিত যখন লোকেরা গুরুত্ব দেয় “সঠিক” মতবাদে ব্যক্তিগত সম্পর্ক এবং জীবন পদ্ধতির বিশ্বাস বর্জন করে।
৩. এই ধর্মদ্রোহের আত্মা আমাদের মধ্যে আজকেও উপস্থিত যখন লোকেরা খ্রীষ্ট ধর্ম থেকে স্বতন্ত্র মেধাগত উচ্চমার্গের দিকে ফেরে।
৪. এই ধর্মদ্রোহের আত্মা আমাদের মধ্যে আজকেও উপস্থিত যখন ধর্মীয় লোকেরা asceticism বা antinomianism দিকে ফেরে।

উদ্দেশ্য

- ক. এর রয়েছে বিশ্বাসীদের জন্য ব্যবহারিক দৃষ্টিভঙ্গি
১. তাদের আনন্দ দেওয়া (১ যোহন ১:৪)
২. ঈশ্বর ভক্তির জীবন যাপনের জন্য তাদের উৎসাহ দান (১:৭; ২:১)
৩. তাদের নির্দেশ দান (এবং তাদের মনে করিয়ে দেওয়া) একজন অন্যকে ভালবাসা (১ যোহন ৪:৭-২১) এবং জগতকে নয় (১ যোহন ২:১৫-১৭)।
৪. খ্রীষ্টে তাদের পরিত্রাণের বিষয়ে আশ্বাস দান (যোহন ৫:১৩)
- খ. এর রয়েছে বিশ্বাসীদের জন্য মতবাদগত দৃষ্টিভঙ্গি
১. যীশুর ঈশ্বরত্ব ও মানবিকতাকে পৃথক করার ভ্রান্তির খণ্ডন
২. আত্মিকতা থেকে মেধাতত্ত্ববাদ পৃথক যা ঈশ্বর ভক্তির জীবনকে হীন করে তার খণ্ডন
৩. এই ভুলের খণ্ডন যে একজন অন্যদের থেকে বিচ্ছিন্ন থেকে পরিত্রাণ পেতে পারে

পাঠ চক্র এক

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। আপনার নিজের কথায় সমগ্র বইটির কেন্দ্রীয় মূল ভাব (theme) বর্ণনা করুন।

১. সমগ্র বইটির মূল ভাব (Theme)
২. সাহিত্যের প্রকার (genre)

পাঠ চক্র দুই

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। প্রধান বিষয়ের রূপরেখা করুন এবং একটি বাক্যে বিষয়টি প্রকাশ করুন।

১. প্রথম সাহিত্য এককের বিষয়
২. দ্বিতীয় সাহিত্য এককের বিষয়
৩. তৃতীয় সাহিত্য এককের বিষয়
৪. চতুর্থ সাহিত্য এককের বিষয়
৫. ইত্যাদি

সর্বস্বত্ব © 2013 [Bible Lessons International](#)

১ যোহন ১:১-২:২

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ*

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
জীবনের বাক্য	যা শুনেছি, দেখেছি, এবং স্পর্শ করেছি	ভূমিকা	জীবনের বাক্য	দেহধারি বাক্য এবং পিতা পুত্রের সাথে সহভাগ
১:১-৪	১:১-৪	১:১-৪	১:১-৪	১:১-৪
ঈশ্বর জ্যোতি	তাঁর সঙ্গে সহভাগিতার ভিত্তি	পাপের প্রতি সঠিক মনোভাব	ঈশ্বর জ্যোতি	জ্যোতিতে চলা (১:৫-২:২৮)
১:৫-১০	১:৫-২:২	১:৫-১০	১:৫-৭	১:৫-৭ প্রথম শর্ত: পাপের সাথে সম্পর্ক ছেদ
			১:৮-১০	১:৮-২:২

* যদিও সেগুলি অনুপ্রাণিত নয়, প্যারাগ্রাফের বিভাজন হল লেখকের ইচ্ছা বোঝার এবং অনুসরণ করার মূল চাবিকাঠি। প্রতিটি আধুনিক অনুবাদ প্যারাগ্রাফের ভাগ করেছে এবং সারমর্ম করেছে। প্রতিটি প্যারাগ্রাফের রয়েছে একটি কেন্দ্রীয় বিষয়, সত্য, বা চিন্তা। প্রতিটি সংস্করণ সেই বিষয়টির সংক্ষিপ্তসার করে তার নিজস্ব স্বতন্ত্র উপায়ে। যখন আপনি লেখাটি পড়বেন, নিজেকে জিজ্ঞাসা করবেন কোন অনুবাদটি বিষয় এবং পদ বিভাজন বুঝতে আপনার উপলব্ধির সাথে খাপ খায়।

প্রতিটি অধ্যায়ে আমাদের প্রথমে বাইবেল পড়তে হবে এবং এর বিষয়গুলি(প্যারাগ্রাফগুলি) চিহ্নিত করার চেষ্টা করতে হবে, তারপর আমাদের আধুনিক সংস্করণগুলির বোঝার সাথে তুলনা করতে হবে। আমরা কেবল তখনই মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারবো তার যুক্তি এবং উপস্থাপন অনুসরণ দ্বারা বাইবেল সত্যিকার ভাবে বুঝতে পারি। শুধু মূল লেখকই হলেন অনুপ্রাণিত-পাঠকদের কোন অধিকার নেই বার্তাটি পরিবর্তন বা পরিমার্জন করার। বাইবেল পাঠকদের দায়িত্ব আছে অনুপ্রাণিত সত্য তাদের দৈনিক কাজে এবং তাদের জীবনে প্রয়োগ করার।

লক্ষ্য করুন যে সকল কৌশলগত টার্ম ও শব্দ সংক্ষেপ সম্পূর্ণভাবে ব্যাখ্যা করা হয়েছে পরবর্তী তথ্যাবলীতে: [Brief Definitions of Greek Grammatical Structure, Textual Criticism, এবং Glossary.](#)

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

ধর্মতাত্ত্বিক প্রেক্ষাপট

- ক. এই প্যাসেজ যোহনের সুসমাচারের ভূমিকার সাথে সম্পর্কিত(১:১-১৮, বাস্তব সৃষ্টির পূর্বে), যেটি আবার সম্পর্কিত আদি ১:১ পদের সাথে(বাস্তব সৃষ্টি)। যাহোক, এখানে এটি উল্লেখ করে যীশুর প্রকাশ্য পরিচর্যার আরম্ভ।
- খ. গুরুত্ব দেওয়া হয়েছে যার উপরে
১. যীশু খ্রীষ্টের পূর্ণ মানবিকতা
 - ক. Participles মানবিক অর্থে সম্পর্কিত হয়েছে: দৃষ্টি, আওয়াজ, স্পর্শ (১ যোহন ১:১,৩)। যীশু ছিলেন সত্যিকার ভাবে মানব ও দৈহিক
 - খ. যীশুর পূর্ণ উপাধি
 - (১) জীবনের বাক্য (১ যোহন ১:১)
 - (২) তাঁর পুত্র যীশু খ্রীষ্ট (১ যোহন ১:৩)
 ২. নাসরতিয় যীশুর ঈশ্বরত্ব
 - ক. পূর্ব অস্তিত্ব (১ যোহন ১:১,২)
 - খ. দেহ ধারণ (১ যোহন ১:২)

এই সত্য সরাসরি Gnostic ভঙ্গি শিক্ষকদের বিশ্ব দর্শনের বিপরিত।

ব্যাকরণগত ভাবে শব্দ বিন্যাস (SYNTAX)

- ক. ১-৪ পদ
১. ১-৩ পদ গ্রীকে একটি বাক্য গঠন করেছে।
 ২. প্রধান verb “ঘোষণা” হল ১ যোহন ১:৩ পদের। গুরুত্ব দিচ্ছে প্রৈরিতিক প্রচারের বিষয়বস্তুর উপরে।
 ৩. ১ যোহন ১:১ পদে চারটি সম্পর্কযুক্ত বাক্যাংশ রয়েছে যেগুলি তাদের বাক্যাংশের সম্মুখে স্থাপন করা হয়েছে গুরুত্ব দেবার জন্য।
 - ক. “আদি থেকে কি ছিল”
 - খ. “আমরা কি শুনেছি”
 - গ. “আমাদের চোখে আমরা কি দেখেছি”
 - ঘ. “আমরা আমাদের হাত দিয়ে কি দেখেছি ও স্পর্শ করেছি”
 ৪. ২ পদ মনে হয় একটি parentheses হয়েছে খ্রীষ্টের দেহধারণের বিষয়ে। সত্য হল যে এটা খুবই কদর্য ব্যাকরণগত ভাবে এর প্রতি আকর্ষনের জন্য!
 ৫. ৩ এবং ৪ পদ ব্যাখ্যা করেছে যোহনের প্রৈরিতিক ঘোষণা: সহভাগিতা এবং আনন্দ। প্রৈরিতিক প্রত্যক্ষদর্শীর বিবরণ ছিল প্রাথমিক মন্ডলীর canonization এর একটি আবশ্যিকীয় দিক।
 ৬. ১ পদের verb tenses এর প্রবাহ লক্ষ্য করুন
 - ক. Imperfect (পূর্ব অস্তিত্ব)
 - খ. Perfect, perfect (সত্যে থাকা)
 - গ. Aorist, aorist (নির্দিষ্ট উদাহরণ)
- খ. ১:৫-২:২ পদ
১. ১ যোহন ১:৫-২:২ পদের pronouns হল খুবই দ্ব্যর্থব্যাঞ্জক, কিন্তু আমি মনে করি মোটামুটি ভাবে ১ যোহন ১:৫ পদ ছাড়া তাদের সবগুলিই, পিতার উল্লেখ করে (ইহি ১:৩-১৪ পদের মত একই রকম)
 ২. সব “যদি” হল third class conditional sentences যেগুলি বলে সম্ভাব্য কাজের কথা।
 ৩. তাৎপর্যপূর্ণ ধর্মতাত্ত্বিক পার্থক্য রয়েছে যার মধ্যে
 - ক. verb tenses বর্তমান বনাম “পাপ” এর উল্লেখে aorist
 - খ. singular ও plural, “পাপ” বনাম “পাপসমূহ”

ধর্ম বিরোধিতা

- ক. ধর্ম বিরোধীদের ভ্রান্ত দাবী দেখা যেতে পারে ১ যোহন ১:১:৬,৮,১০; ২:৪,৬,৯।
- খ. ৫-১০ পদ ঈশ্বরকে জানা (ধর্মতত্ত্ব) থেকে ঈশ্বরকে অনুসরণ করা (নৈতিক) পৃথকীকরণের ধর্মতাত্ত্বিক প্রচেষ্টা সম্পর্কিত। এটি প্রতিনিধিত্ব করে জ্ঞানের উপরে Gnostic-দের মাত্রাতিরিক্ত গুরুত্ব দানের। যারা ঈশ্বরকে জানে তাদের জীবন যাত্রায় তাঁর বৈশিষ্ট্য প্রকাশিত হবে।
- গ. ১:৮-২:২ পদ অবশ্যই ৩:৬-৯ পদের সাথে সমতা ধারণ করে। এগুলি হল একটি মুদ্রা দুই পিঠ। সেগুলি সম্ভবত দুটি ভিন্ন ভ্রান্ত খন্ডন করে:
 ১. ধর্মতাত্ত্বিক ভ্রান্তি (পাপ নাই)
 ২. নৈতিক ভ্রান্তি (পাপ কোন বিষয় নয়)

ঘ. ১ যোহন ২:১-১-২ পদ হল পাপকে খুব হালকা ভাবে নেবার মধ্যে সমতার জন্য একটি প্রচেষ্টা (antinomianism) এবং খ্রীষ্টিয় বিচারতত্ত্বের, সংস্কৃতিগত বৈধতার, বা সন্ন্যাসবাদের পুনরাবৃত্তির সমস্যা।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ১:১-৪

^১ আদি থেকে যা ছিল, আমরা যা শুনেছি, যা স্বচক্ষে দেখেছি, যা নিরীক্ষণ করেছি এবং আমাদের হাত যা স্পর্শ করেছে, জীবনের সেই বাক্যের বিষয় ^২ আর সেই জীবন প্রকাশিত হলেন, এবং আমরা দেখেছি আর সাক্ষ্য দিচ্ছি এবং সেই অনন্ত জীবনরূপ সংবাদ তোমাদের দিচ্ছি, যিনি পিতার কাছে ছিলেন ও আমাদের কাছে প্রকাশিত হলেন ^৩ আমরা যা দেখেছি এবং শুনেছি, তাই তোমাদের কাছে ঘোষণা করছি, যেন তোমরাও আমাদের সঙ্গে সেই সহভাগিতায় থাক; আর অবশ্যই আমাদের যে সহভাগিতা তা পিতার, এবং তাঁর পুত্র যীশু খ্রীষ্টের সাথে। ^৪ এই সকল বিষয় লিখছি, যেন আমাদের আনন্দ পূর্ণতা লাভ করে। (অনুবাদকৃত টেক্সট)।

১:১ “যা” বইটি শুরু হয়েছে neuter pronoun দিয়ে। এটি বলছে ঈশ্বরের বার্তার দ্বৈত দিক সম্বন্ধে যা হল

১. যীশু সম্বন্ধে বার্তা
২. যীশুর নিজের ব্যক্তিত্ব

সুসমাচার একটি বার্তা, একজন ব্যক্তি, এবং একটি জীবন পদ্ধতি।

□ “ছিল” এটি একটি Imperfect indicative। এটি জোর দেয় যীশুর পূর্ব অস্তিত্বের উপরে (অর্থাৎ, এটি যোহনের লেখায় বার বার বলা একটি ভাব (theme), ১ যোহন ১:২; যোহন ১:১,১৫; ৩:১৩; ৮:৫৭-৫৮; ১৭:৫)। এটি একটি উপায় তাঁর ঈশ্বরত্বের উপরে জোর দিয়ে বলার। যীশু পিতাকে প্রকাশ করেছেন কারণ তিনি প্রথম থেকেই পিতার সঙ্গে সঙ্গে ছিলেন।

□ “আদি থেকে” এটি স্পষ্টত আদি ১ এবং যোহন ১ অধ্যায়ের একটি পরোক্ষ উল্লেখ, কিন্তু এখানে এটি উল্লেখ করছে যীশুর প্রকাশ্য পরিচর্যার কথা দেখুন বিশেষ বিষয়: *Archē* যোহন ১:১ পদে)। যীশুর আসাটা কোন “খ পরিকল্পনা” ছিল না। সুসমাচার সব সময়ই ছিল ঈশ্বরের পরিত্রাণের পরিকল্পনা (আদি ৩:১৫; প্রেরিত ২:২৩; ৩:১৮; ৪:২৮; ১৩:২৯)। এই প্রসঙ্গে এই শব্দগুচ্ছ উল্লেখ করছে বার জন প্রেরিতের ব্যক্তিগত ভাবে যীশুর সঙ্গে সাক্ষাতের শুরু।

যোহন প্রায়ই “আদি”-র(*archē*) এই ধারণা ব্যবহার করেছেন। বেশির ভাগ ঘটনা বিভক্ত হয়েছে মূলত দুটি শ্রেণীতে।

১. সৃষ্টি থেকে
 - ক. যোহন ১:১,২ পদ (আদিতে যীশু)
 - খ. যোহন ৮:৪৪; ১ রাজা ৩:৮ (আদি থেকেই শয়তান খুনী এবং মিথ্যাবাদী)
 - গ. প্রকাশিত বাক্য ৩:১৪; ২১:৬,১২ (যীশু আদি এবং অন্ত)
২. যীশুর দেহধারণ ও পরিচর্যার সময় থেকে
 - ক. যোহন ৮:২৫; ১ যোহন ২:৭[দু'বার]; ৩:১১; ২ যোহন ৫,৬ (যীশুর শিক্ষা)
 - খ. যোহন ১৫:২৭ (যীশুর সাথে)
 - গ. ১ যোহন ১:১ (যীশুর প্রকাশ পরিচর্যার শুরু থেকে)
 - ঘ. ১ যোহন ২:১৩,২৪ [দু'বার] (যীশুর উপরে তাদের নির্ভরতা থেকে)
 - ঙ. যোহন ৬:৬৪ (তাদের যীশুকে প্রত্যাখান থেকে)
৩. প্রসঙ্গ সমর্থন করে #২

বিশেষ বিষয়: যোহন ১ অধ্যায়ের তুলনা ১ যোহন ১ অধ্যায়ের সাথে (SPECIAL TOPIC: John 1 Compared to 1 John 1)

□ “আমরা” এটি ইঙ্গিত দেয় collective এর তথাপি প্রেরিতদের ব্যক্তিগত সাক্ষ্য (অর্থাৎ, নূতন নিয়মের লেখকেরা)। এই collective সাক্ষ্য হল ১ যোহনের একটি বৈশিষ্ট্য। এটি ৫০ বারেরও বেশি ব্যবহৃত হয়েছে।

অনেকে এটিকে দেখে থাকেন collective pronoun হিসাবে যা উল্লেখ করছে “যোহনের ঐতিহ্য” সমূহকে। এটি ইঙ্গিত দিতে পারে যোহনের অভিভাবক বা শিক্ষকের অনন্য ধর্মতাত্ত্বিক দিকসমূহ।

□ “শুনেছি... দেখেছি” উভয়ই perfect active indicatives যেটি শুরুত্ব দিচ্ছে থাকার ফলাফল। যোহন বলতে চেষ্টা করেছেন যীশুর মানবিকতা তার বার বার ব্যবহৃত participles দ্বারা যা সম্পর্কিত ১ যোহন ১:১,৩ পদের পাঁচটি অর্থের সাথে। তিনি সেজন্য দাবী করছেন নাসরতিয় যীশুর জীবন ও শিক্ষার প্রত্যক্ষদর্শী হওয়ার।

□ “নিরীক্ষণ করেছি. . . এবং স্পর্শ করেছে” উভয়ই aorist indicatives যেটি গুরুত্ব দান করে নির্দিষ্ট ঘটনার। “নিরীক্ষণ করা” অর্থ “নিবিড় পর্যবেক্ষণ” (যোহন ১:১৪), “স্পর্শ করেছি” অর্থ “অনুবৃত্তির দ্বারা নিবিড় পরীক্ষা” (যোহন ২০:২০,২৭; লুক ২৪:৩৯)।

“নিরীক্ষণ করা” বা “নিয়ন্ত্রণ করা” এর গ্রীক টার্ম (*psēlaphaō*) নূতন নিয়মের কেবলমাত্র দুটি পদে পাওয়া যায়: এখানে এবং লুক ২৪:৩৯ পদে। লুকে এটি ব্যবহৃত হয়েছে যীশুর সাথে পুনরুত্থান উত্তর সাক্ষাত। ১ যোহানে এটি ব্যবহৃত হয়েছে একই অর্থে।

□ “জীবনের বাক্য” *logos* টার্মের ব্যবহার করা হয়েছে গ্রীক ভক্ত শিক্ষকদের মনোযোগ আকর্ষণের জন্য, যেমন যোহানের সুসমাচারের ভূমিকাতে (১ যোহন ১:১)। এই শব্দ ব্যাপক ভাবে ব্যবহৃত হয়েছে গ্রীক দর্শনে। ইব্রীয় জীবনে এর একটি নির্দিষ্ট প্রেক্ষাপটও রয়েছে যোহন ১ অধ্যায়ের ভূমিকা, গ)। এই শব্দগুচ্ছ এখানে উল্লেখ করছে সুসমাচারের বিষয়বস্তু এবং সুসমাচারের ব্যক্তি উভয়ই।

১:২ এই পদ একটি parenthesis যা “জীবন” ব্যাখ্যা করে।

□ “জীবন” “*Zōē*” (১ যোহন ১:২ পদে দু’বার) ব্যবহৃত হয়েছে সুসঙ্গতভাবে যোহানের লেখায় আত্মিক জীবন, পুনরুজ্জীবিত জীবন, নূতন যুগের জীবন, বা ঈশ্বরের জীবন’ এর জন্য (যোহন ১:৪; ৩:১৫,৩৬[দু’বার]; ৪:১৪,৩৬; ৫:২৪[দু’বার], ২৬ [দু’বার], ২৯,৩৯,৪০; ৬:২৭,৩৩,৩৫,৪০,৪৭,৪৮,৫১,৫৩, ৫৪, ৬৩,৬৮; ৮:১২; ১০:১০,২৮; ১১:২৫; ১২:২৫,৫০; ১৪:৬; ১৭:২,৩; ২০:৩১; ১ যোহন ১:১,২; ২:২৫; ৩:১৪-১৫; ৫:১১,১২,১৩,১৬,২০)। যীশু নিজেকে বলেছেন “জীবন” (যোহন ১৪:৬)।

□ “প্রকাশিত” এই পদে এই verb দু’বার ব্যবহৃত হয়েছে এবং উভয়ই Aorist passive indicatives। passive voice প্রায়ই ব্যবহৃত হয়েছে পিতা ঈশ্বরের প্রতিনিধি হিসাবে। এই টার্ম (*phaneroō*) ইঙ্গিত দেয় “জ্যোতির কাছে আনা যা ইতিমধ্যেই উপস্থিত ছিলেন।” এটি ছিল যোহানের একটি প্রিয় টার্ম (যোহন ১:৩১; ৩:২১; ৯:৩; ১৭:৬; ১ যোহন ১:২[দু’বার]; ২:১৯; ৩:৫,৮,১০; ৪:৯)। aorist tense গুরুত্ব দিচ্ছে দেহধারণের (যোহন ১:১৪), যেটি ভক্ত শিক্ষকেরা প্রত্যাখান করেছে।

□ “সাক্ষ্য দান” এটি উল্লেখ করছে যোহানের ব্যক্তিগত অভিজ্ঞতা (অর্থাৎ, present active indicative)। এই টার্ম প্রায়ই ব্যবহৃত হয়েছে বিচারালয়ের মামলার সাক্ষ্য দেওয়া সম্পর্কে। দেখুন [বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্যদান \(SPECIAL TOPIC: WITNESSES TO JESUS\)](#) যোহন ১:৮ পদে।

□ “সংবাদ দান” এটি উল্লেখ করে যোহানের কর্তৃত্বপূর্ণ সাক্ষ্য (অর্থাৎ, present active indicative) প্রকাশিত এবং লিপিবদ্ধ হয়েছে তার প্রচার ও লেখনী। এটি ১ যোহন ১:১-৩ পদের প্রধান verb। এটি দু’বার পুনরাবৃত্তি করা হয়েছে (১ যোহন ১:২ এবং ১ যোহন ১:৩)।

□ “পিতার কাছে ছিলেন” ১ যোহন ১:১ পদের মত, এটি যীশুর পূর্ব অস্তিত্বের বিষয়ে বলার একটি প্রচেষ্টা। শব্দগুচ্ছটি যোহন ১:১ পদের মতই। মানুষ হিসাবে ঈশ্বর দেহধারণ করেছেন (যোহন ১:১৪)। যীশুকে জানা হল ঈশ্বরকে জানা (যোহন ১৪:৮-১১)। এটি হল যোহানের উল্লেখ দ্বৈতবাদের একটি উদাহরণ।

১:৩ “আমরা যা দেখেছি এবং শুনেছি, তাই তোমাদের কাছে ঘোষণা করছি” এটি হল পঞ্চম সম্বন্ধযুক্ত বাক্যাংশ, যেটি ১ যোহন ১:১ পদের চিন্তাকে আবার এগিয়ে নিয়েছে ১ যোহন ১:২ পদের parenthesis এর পরে। এটি অর্ন্তদৃষ্টির verbs কে পুনরাবৃত্তি করেছে যেটি পাওয়া যায় ১ যোহন ১:১ পদে।

□ “তোমাদের কাছে ঘোষণা করছি” এটি হল ১ যোহন ১:১-৩ পদের প্রধান verb। এটি হল একটি present active indicative। ঈশ্বরকে জানা দাবী করে তাঁর সন্তানদের সঙ্গে সহভাগিতা!

□ “যেন তোমরাও আমাদের সঙ্গে সেই সহভাগিতায় থাক” এটি একটি উদ্দেশ্যমূলক বাক্যাংশ (*hina*) সাথে present active subjunctive। সুসমাচারের বর্ণিত উদ্দেশ্য ছিল যে যারা কখনো যীশুর কথা শোনে নাই বা তাঁকে দেখে নাই তারা যেন ঐতিহাসিক সাক্ষ্যের দ্বারা উদ্ধার পেতে পারে (যোহন ১৭:২০; ২০:২৯-৩১)। এই সহভাগিতা হল প্রকাশিতব্য অনুগ্রহ যা “আনন্দ,” “শান্তি,” এবং “নিশ্চয়তা” বয়ে আনে! মণ্ডলী হল বিশ্বাসীদের সমাজ, বিশ্বাসীদের সম্মিলন! সুসমাচার সমস্ত জগতের জন্য।

[বিশেষ বিষয়: *Koinōnia* \(সহভাগিতা\) \(SPECIAL TOPIC: *Koinōnia* \(fellowship\)\)](#)

[বিশেষ বিষয়: খ্রীষ্টধর্ম হল সমাজবদ্ধ দল \(SPECIAL TOPIC: Christianity Is Corporate\)](#)

□ “পিতার সাথে. . .পুত্রের সাথে” এই শব্দগুচ্ছ ব্যাকরণগত ভাবে সমান্তরাল preposition ও definite article এ। এই syntax নিশ্চিত করে যীশুর সমতা ও ঈশ্বরত্ব (যোহন ৫:১৮; ১০:৩৩; ১৯:৭)। পুত্রকে ছাড়া (দেহধারী ঈশ্বর) পিতাকে (সর্বোচ্চ ঈশ্বর) লাভ করা অসম্ভব যেমন ভদ্র শিক্ষকেরা পরোক্ষভাবে ইঙ্গিত করতো (১ যোহন ২:২৩; ৫:১০-১২)।

পিতা ও পুত্রের এই সহভাগিতা যোহন ১৪:২৩ পদের প্যাসেজের পরস্পরাগত “থাকা” মত একই রকম।

১:৪ “এই সকল বিষয় লিখছি” এটি উল্লেখ করতে পারে সমগ্র পুস্তকটি অথবা নির্দিষ্ট ভাবে ১ যোহন ১:১-৩ পদ। এই একই দ্বৈত অর্থবোধক দেখেছি ১ যোহন ২:১ পদে। লেখক এখানে তার উদ্দেশ্যের একটি বর্ণনা করেছেন (১ যোহন ২:১)।

□ “যেন আমাদের আনন্দ পূর্ণতা লাভ করে” এটি হল একটি periphrastic perfect passive subjunctive (যোহন ১৫:১১; ১৬:২০,২২,২৪; ১৭:১৩; ২ যোহন ১২; ৩ যোহন ৪)। বিশ্বাসীদের আনন্দ পিতা, পুত্র, এবং আত্মার সাথে সম্পর্কের মধ্যে দিয়ে পরিপূর্ণ হয়েছিল। এটি একটি গুরুত্বপূর্ণ উপাদান ভদ্র শিক্ষকদের আন্তরিক আলোকে। এই বই লেখার পিছনে যোহনের বর্ণিত উদ্দেশ্য হল

১. ঈশ্বর এবং তাঁর সন্তানদের সাথে সহভাগিতা
 ২. আনন্দ
 ৩. আশ্বাস
 ৪. নেতিবাচক দিক হল, তার উদ্দেশ্য ছিল শিক্ষকদের আন্তর্দিকের বিরুদ্ধে বিশ্বাসীদের সুসজ্জিত করা
- এই পদে গ্রীক পাতুলিপিতে পার্থক্য রয়েছে যার মধ্যে তাহল
১. “আমাদের আনন্দ,” MSS α , B, L; NASB, NRSV, NJB, REB, NIV
 ২. “তোমাদের আনন্দ,” MSS A, C; NKJV

UBS⁴ পছন্দ করে #1। “আমাদের” বলতে কি প্রৈরিতিক প্রত্যক্ষদর্শীদের অথবা বিশ্বাসীদের উল্লেখ করেছে? কারণ ১ যোহনের ধর্মতাত্ত্বিক চালিকা শক্তি খ্রীষ্টিয় আশ্বাসের দিকে, আমি মনে করি এটি সকল বিশ্বাসীদের উদ্দেশ্য করে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ১:৫-২:২

“আমরা তাঁর কাছ থেকে যে বার্তা শুনেছি তা-ই তোমাদের কাছে ঘোষণা করছি, যে ঈশ্বর জ্যোতি, তাঁর মাঝে অন্ধকারের লেশমাত্র নেই^৬ আমরা যদি বলি যে তাঁর সঙ্গে আমাদের সহভাগিতা আছে আর যদি অন্ধকারে চলি, আমরা মিথ্যা বলি এবং সত্য আচরণ করি না; ^৭ কিন্তু তিনি যেমন জ্যোতিতে আছেন আমরাও যদি তেমন জ্যোতিতে চলি, তাহলে পরস্পর আমাদের সহভাগিতা আছে, এবং তাঁর পুত্র যীশুর রক্ত আমাদের সব পাপ থেকে শুচি করে। ^৮ আমরা যদি বলি যে আমাদের মধ্যে পাপ নাই, তবে আমরা নিজেদের প্রতারিত করি এবং সত্য আমাদের অন্তরে নেই। ^৯ যদি আমরা আমাদের পাপ স্বীকার করি, তিনি বিশ্বস্ত ও ধার্মিক তাহলে তিনি আমাদের পাপ ক্ষমা করবেন এবং সমস্ত অধার্মিকতা থেকে আমাদের শুচি করবেন। ^{১০} যদি আমরা বলি যে আমরা পাপ করিনি, তাহলে আমরা তাঁকে মিথ্যাবাদী করি এবং তাঁর বাক্য আমাদের অন্তরে নাই। ^{১১} আমার সন্তানেরা, তোমাদের এই সব লিখছি যেন তোমরা পাপ না কর। আর যদি কেউ পাপ করে, তাহলে পিতার কাছে আমাদের একজন সহায় আছেন, তিনি ধার্মিক যীশু খ্রীষ্ট; ^{১২} আর তিনিই আমাদের পাপের প্রায়শ্চিত্ত করেছেন; কেবল আমাদের নয়, কিন্তু সারা জগতের সকলের পাপের প্রায়শ্চিত্ত করেছেন। (অনুবাদকৃত টেক্সট)।

১:৫ “আমরা যে বার্তা শুনেছি” pronoun “আমরা” উল্লেখ করে যোহন এবং অন্যান্য প্রত্যক্ষদর্শী যীশুর শ্রোতাদের ও অনুসারীদের তাঁর জাগতিক জীবনের সময়কার। যোহন সরাসরি তার পাঠকদের বলেছেন (“তোমরা”) ১ যোহন ২:১ পদে, সম্ভবত এশিয়া মাইনরের মণ্ডলী সমূহকে উল্লেখ করেছে।

“শুনেছি” verb টি হল perfect active indicative। এটি প্রতিফলিত করে সুস্পষ্ট পুনরাবৃত্তির টার্ম যা সম্পর্কিত ১ যোহন ১:১-৪ পদের বাস্তব অর্থের সাথে। একটি অর্থে প্রেরিত যোহন দৃঢ় ভাবে বলছেন যীশুর শিক্ষার সময়ে তার ব্যক্তিগত ভাবে সেখানে উপস্থিতির কথা। যোহন যীমুর প্রকাশটিকেই অন্যদের কাছে তুলে ধরছেন তার নিজের নয়! এটি আরও সম্ভব যে সুসমাচারের অনন্য “আমি আছি” মন্তব্য যেখানে যোহন যীশুর একান্ত শিক্ষা সমূহ স্মরণ করছেন।

□ “তাঁর কাছ থেকে” “তাঁর কাছ থেকে” সমগ্র ১ যোহন ১:৫-২:২ পদের সেকশনের একমাত্র pronoun যেটি উল্লেখ করে যীশুর দিকে। যীশু এসেছিলেন পিতাকে প্রকাশ করতে (যোহন ১:১৮)। ধর্মতত্ত্বগত ভাবে বলতে গেলে, যীশু তিনটি উদ্দেশ্যের জন্য এসেছিলেন।

১. পিতাকে প্রকাশ করতে (১ যোহন ১:৫)
২. বিশ্বাসীদের অনুসরণ করার মত উদাহরণ দিতে (১ যোহন ১:৭)
৩. পাপী মানুষের পক্ষে মৃত্যুবরণ করতে (১ যোহন ১:৭; ২:২)

□ “ঈশ্বর জ্যোতি” এখানে কোন article নেই। এটি জোর দান করে ঈশ্বরের প্রকৃতির প্রকাশিতব্য এবং নৈতিক দিকসমূহ (গীত ২৭:১; যিশা ৬০:২০; মিখা ৭:৮; ১ তীম ৬:১৬; যাকোব ১:১৭)। Gnostic ভদ্র শিক্ষকেরা বলতে চেষ্টা করেছে যে এই জ্যোতি উল্লেখ করছে জ্ঞানকে, কিন্তু যোহন দৃঢ় ভাবে বলছেন যে এটি নৈতিক শুদ্ধতার কথাও উল্লেখ করেছে। “জ্যোতি” এবং “অন্ধকার” ছিল প্রচলিত টার্ম (একটি নৈতিক দ্বৈতবাদ এই টার্ম ব্যবহার করেছে যা আরও পাওয়া গেছে মরু সাগরের পুঁথিতে এবং প্রাথমিক Gnosticism)। এটি দ্বৈতবাদের সঙ্গে সম্পর্কিত ভাল এবং মন্দের মধ্যকার (অর্থাৎ, যোহন ১:৫; ৮:১২; ১২:৪৬) এবং সম্ভবত Gnostic আত্মার দ্বৈতবাদ বনাম বস্তুর মধ্যে। এটি যোহনের সহজতম তথাপি গভীর ধর্মতাত্ত্বিক প্রচেষ্টা ঈশ্বর সম্বন্ধে বলতে। অন্যগুলি হল (১) “ঈশ্বর ভালবাসা” (১ যোহন ৪:৮,১৬) এবং (২) “ঈশ্বর আত্মা” (যোহন ৪:২৪)। ঈশ্বরের পরিবার, যেমন যীশু (যোহন

৮:১২;৯:৫), অবশ্যই তাঁর চরিত্র প্রতিফলিত করবে(মথি ৫:১৪)। এই পরিবর্তন এবং পরিবর্তিত ভালবাসা, ক্ষমা ও সিদ্ধতার জীবন হল প্রমাণ সত্যিকার মন পরিবর্তনের।

□ “তঁার মাঝে অন্ধকারের লেশমাত্র নেই” এটি একটি double negative গুরুত্ব দেবার জন্য। এটা হল ঈশ্বরের অপরিবর্তনীয় পবিত্র চরিত্র দৃঢ় ভাবে বলা (১ তীম ৬:১৬; যাকোব ১:১৭; গীতা ১০২:২৭; মালাখী ৩:৬)।

১:৬ “যদি আমরা বলি” এটি হল কয়েকটি third class conditional sentences এর প্রথম যেটি উল্লেখ করে ভক্ত শিক্ষকদের দাবী (১ যোহান ১:৮,১০; ২:৪,৬,৯)। এই মন্তব্যগুলি একমাত্র উপায় ভক্ত শিক্ষকদের দাবীকে চিহ্নিত করার। তারা আবির্ভূত হয়েছে Gnostics এর প্রথমদিকে (incipient)।

ধরে নেওয়া বিষয়ের সাহিত্যের কৌশলকে বলে diatribe। এটা একটি উপায় ছিল প্রশ্ন/উত্তর পদ্ধতিতে সত্য উপস্থানের। এটা স্পষ্ট ভাবে দেখা গেছে মালাখীতে (মালাখী ১:২,৬,৭,১২; ২:১৪,১৭; ৩:৭,১৪) এবং রোমীয়তে (রোমীয় ২:৩,১৭,২১-২৩; ৩:১,৩,৭-৮,৯,৩১; ৪:১; ৬:১; ৭:৭)।

□ “তঁার সাথে আমাদের সহভাগিতা আছে” ধর্ম বিরোধিতা দাবী করেছে যে এই সহভাগিতার ভিত্তি কেবল জ্ঞান। এটা ছিল প্লেটোর কাছ থেকে আসা গ্রীক দর্শনের একটি দিক। যাহোক, যোহান দৃঢ় ভাবে বরেন্ধন যে খ্রীষ্টিয়ানদের অবশ্যই খ্রীষ্ট সাদৃশ্যতায় জীবন যাপন করতে হবে (১ যোহান ১:৭; লেবীয় ১৯:২; ২০:৭; মথি ৫:৪৮)।

□ “আর যদি অন্ধকারে চলি” “চলা” হল একটি present active subjunctive। এটি হল একটি বাইবেল ভিত্তিক রূপক প্রকাশ করছে নৈতিক জীবন পদ্ধতি (ইফি ৪:১,১৭; ৫:২,১৫)। ঈশ্বর জ্যোতি সেখানে কোন অন্ধকার নেই। তাঁর সন্তানদের অবশ্যই তাঁর মত হওয়া উচিত (মথি ৫:৪৮)।

□ “আমরা মিথ্যা বলি এবং সত্য আচরণ করি না” এগুলি উভয়ই present tense verbs। যোহান বেশ কয়েক ধরনের ধর্মীয় লোকদের মিথ্যাবাদী বলেছেন (১ যোহান ১:১০; ২:৪,২২; ৪:২০; যিশা ২৯:১৩)। জীবন পদ্ধতির কাজ সত্যিকার ভাবে হৃদয়কে প্রকাশ করে (মথি ৭)। দেখুন বিশেষ বিষয়: যোহানের লেখায় সত্য যোহান ৬:৫৫ পদ।

১:৭ “কিন্তু আমরাও যদি তেমন জ্যোতিতে চলি” এটি আর একটি present tense যেটি জোর দেয় অবিরত কাজের। “চলা” হল নূতন নিয়মের একটি রূপক খ্রীষ্টিয় জীবনের জন্য (অর্থাৎ, ইফি ৪:১,১৭; ৫:২,১৫)।

লক্ষ্য করুন যে কতবার “চলা” এবং present tense verbs সম্পর্কিত খ্রীষ্টিয় জীবনের সাথে। সত্য এমন কিছু যাতে আমরা বাস করি, কেবল এমন কিছু নয় যে তা আমরা জানি! সত্য হল যোহানের মূল ধারণা। দেখুন বিশেষ বিষয় যোহান ৬:৫৫ ও ১৭:৩ পদে।

□ “তিনি যেমন জ্যোতিতে আছেন” বিশ্বাসীদের ঈশ্বরের মত ভাবতে ও চিন্তা করতে হবে (মথি ৫:৪৮)। আমাদের এই হারান জগতে তাঁর চরিত্র প্রতিফলিত করতে হবে। পরিভ্রাণ হল মানবের মাঝে ঈশ্বরের প্রতিমূর্তির পুনরুদ্ধার (অর্থাৎ, আধি ১:২৬,২৭), যা নষ্ট হয়েছে আদি ৩ অধ্যায়ের পতনে।

□ “পরস্পর আমাদের সহভাগিতা আছে” টার্ম “সহভাগিতা” হল গ্রীক টার্ম *koinōnia*, যার অর্থ মিলিত অংশগ্রহণ দুই জন ব্যক্তির মধ্যে দেখুন বিশেষ বিষয় ১ যোহান ১:৩ পদে)। খ্রীষ্ট ধর্মের ভিত্তি বিশ্বাসীদের যীশুর জীবন বিভাগ করার উপরে। যদি তাঁর জীবন গ্রহণ করি ক্ষমায়, তাহলে আমাদের অবশ্যই তাঁর ভালবাসার পরিচর্যা গ্রহণ করতে হবে (১ যোহান ৩:১৬)। ঈশ্বরকে জানা কোন বিমূর্ত সত্য নয়, কিন্তু সহভাগিতা ও ঈশ্বর ভক্তির জীবন যাপনের সূচনা। খ্রীষ্ট ধর্মের লক্ষ্য আমরা মারা গেল স্বর্গে যাব কেবল তাই নয়, খ্রীষ্ট এখন খ্রীষ্ট সাদৃশ্যতা। ধর্ম বিরোধীদের প্রবণতা বিভাজনবাদের দিকে। যাহোক, যখন কেউ সঠিক ভাবে ঈশ্বরের সাথে সম্পর্কিত হয়, সে তার সহ খ্রীষ্টিয়ানদের সাথেও সঠিক ভাবে সম্পর্কিত হবে। অন্য খ্রীষ্টিয়ানদের প্রতি ভালবাসার অভাব ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্কে সমস্যার একটি সুস্পষ্ট চিহ্ন (১ যোহান ৪:২০-২১ এবং আরও মথি ৫:৭; ৬:১৪-১৫; ১৮:২১-৩৫)।

□ “যীশুর রক্ত” এটি উল্লেখ করে খ্রীষ্টের উৎসর্গের মৃত্যু (যিশা ৫২:১৩-৫৩:১২; মার্ক ১০:৪৫; ২ করি ৫:২১)। এটি ২:২ পদের সাথে খুবই সমরূপ, “আমাদের পাপের প্রায়শ্চিত্তের উৎসর্গ(পরিভূষ্ট করা)।” এটি হল বাস্তব দাতা যোহানের চালিকা শক্তি “ঐ দেখ ঈশ্বরের মেঘ শাবক যিনি জগতের পাপভার নিয়ে যান” (যোহান ১:২৯)।

প্রাথমিক Gnostics রা প্রত্যাখান করেছে যীশুর সত্যিকার মানবিকতা। যোহান ব্যবহার করেছেন “রক্ত” যীশুর সত্যিকার মানবিকতার উপরে পুনরায় জোর দিতে।

গ্রীক পান্ডুলিপ্যগত পার্থক্য রয়েছে সামের সাথে সম্পর্কিত।

১. যীশু – NASB, NRSV, NJB, REB, NET

২. খ্রীষ্ট – MSS κ, B, C

৩. যীশু খ্রীষ্ট – NKJV

এটি হল একটি উদাহরণ ব্যবহার করেছেন Bart D. Ehrman, *The Orthodox Corruption of Scripture*, p. 153, এটা দেখাতে যে প্রাচীন অনুলিপিকারকেরা কতটা চেষ্টা করেছেন টেক্সটটি আরও সুনির্দিষ্ট করতে সেসময়ের চলমান ধর্ম বিরোধিতা খণ্ডন করতে। অপশন #৩ ছিল MSS পার্থক্য

মধ্যস্থতার প্রচেষ্টা।

□ “আমাদের সব পাপ থেকে শুচি করে” এটি হল একটি present active indicative। টার্ম “পাপ” হল article ছাড়া singular। এটি ইঙ্গিত দেয় সব ধরণের পাপের। লক্ষ্য করুন পদটি এক বারের শুচিকরণের বিষয়ে দৃষ্টি দিচ্ছে না (পরিব্রাণ, ১ যোহন ১:৭), কিন্তু চলমান শুচিকরণ (খ্রীষ্টিয় জীবন, ১ যোহন ১:৯)। উভয়ই খ্রীষ্টিয় অভিজ্ঞতার অংশ (যোহন ১৩:১০)।

১:৮ “আমরা যদি বলি যে আমাদের মধ্যে পাপ নাই” এটি আর একটি third class conditional sentence। পাপ হল পতিত জগতে আত্মিক বাস্তবতা, এমনকি বিশ্বাসীদের জন্যও (রোমীয় ৭)। যোহনের সুসমাচার এই বিষয়টি প্রায়ই উল্লেখ করেছে (১ যোহন ৯:৪১; ১৫:২২,২৪; ১৯:১১)। এই পদ প্রাচীন এবং আধুনিক দাবী যা দাবী করে ব্যক্তিগত নৈতিক দায়িত্ব তা প্রত্যাখান করেছে।

□ “আমরা নিজেদের প্রভারিত করি” গ্রীক শব্দগুচ্ছ উল্লেখ করে ব্যক্তিগত, ইচ্ছাকৃত ভাবে সত্যকে প্রত্যাখান, অজ্ঞতা নয়।

□ “সত্য আমাদের অন্তরে নেই” পবিত্র ঈশ্বর দ্বারা গ্রহণ যোগ্য হওয়ার উপায় প্রত্যাখান নয়, কিন্তু আমাদের পাপ স্বীকার এবং খ্রীষ্টেতে তাঁর দেওয়া সুযোগ গ্রহণ করা (রোমীয় ৩:২১-৩১)। “সত্য” উল্লেখ করতে পারে যীশু বা ব্যক্তি যীশু সম্বন্ধে বার্তা (যোহন ১৪:৬)। দেখুন বিশেষ বিষয় যোহন ৬:৫৫ এবং ১৭: ৩ পদে।

১:৮,৯ “যদি” উভয়ই third class conditional sentences যার অর্থ সম্ভাব্য কাজ।

১:৯ “স্বীকার” এটি একটি compound গ্রীক টার্ম “বলা” এবং “একই” থেকে। বিশ্বাসীরা অবিরত ঈশ্বরের সাথে একমত যে তারা তাঁর পবিত্রতা লংঘন করেছে (রোমীয় ৩:২৩)। এটি present tense, যেটি ইঙ্গিত দেয় চলমান কাজের। স্বীকারোক্তি ইঙ্গিত দেয়

১. পাপের নির্দিষ্ট নামকরণ (১ যোহন ১:৯)
২. প্রকাশ্যে স্বীকৃত পাপ (মথি ১০:৩২; যাকোব ৫:১৬)
৩. সুনির্দিষ্ট পাপ থেকে ফেরা (মথি ৩:৬; মার্ক ১:৫; প্রেরিত ১৯:১৮; যাকোব ৫:১৬)

১ যোহন প্রায়ই এই টার্ম ব্যবহার করেছে (১ যোহন ১:৯; ৪:২,৩,১৫; ২ যোহন ১৭)। যীশুর মৃত্যুর অর্থ হল ক্ষমা, কিন্তু পাপী মানুষকে অবশ্যই সাড়া প্রদান করতে হবে এবং রক্ষা পাবার জন্য অবিরত বিশ্বাসে সাড়া প্রদান করতে হবে (যোহন ১:১২; ৩:১৬)। দেখুন বিশেষ বিষয়: স্বীকার যোহন ৯:২২-২৩ পদে।

□ “আমাদের পাপ” plural লক্ষ্য করুন। এটি উল্লেখ করে সুনির্দিষ্ট পাপের কাজ।

□ “তিনি বিশ্বস্ত” এটি পিতা ঈশ্বরকে উল্লেখ করেছে (দ্বি বি ৭:৯; ৩২:৪; গীত ৩৬:৫; ৪০:১০; ৮৯:১,২,৫,৮; ৯২:২; ১১৯:৯০; যিশা ৪৯:৭; রোমীয় ৩:৩; ১ করি ১:৯; ১০:১৩; ২ করি ১:১৮; ১ থিষ ৫:২৪; ২ তীম ২:১৩)। ঈশ্বর পিতার অপরিবর্তনীয়, দয়ালুপূর্ণ, বিশ্বস্ত চরিত্র হল আমাদের নিশ্চিত প্রত্যাশা! এই শব্দগুচ্ছ জোর দিচ্ছে ঈশ্বরের বিশ্বস্ততা তাঁর বাক্যের প্রতি (ইব্রীয় ১০:২৩; ১১:১১)। এটি উল্লেখ করতে পারে যির ৩১:৩৪ পদে নূতন চুক্তির প্রতিজ্ঞা, যেখানে পাপের ক্ষমা করার প্রতিজ্ঞা করা হয়েছে।

□ “এবং ধার্মিক” এই টার্ম পবিত্র ঈশ্বরের বিনামূল্যে অপবিত্র লোকদের ক্ষমা করার সম্পর্কের প্রসঙ্গে অস্বাভাবিক। যাহোক, এটি ধর্মতত্ত্বগত ভাবে সঠিক কারণ ঈশ্বর আমাদের পাপ গুরুত্ব সহকারে নিয়েছেন, তথাপি তিনি খ্রীষ্টের প্রতিনিধিত্বমূলক মৃত্যুর মাধ্যমে আমাদের পাপের ক্ষমার একটি উপায় যুগিয়ে দিয়েছেন (রোমীয় ৩:২১-৩১)। দেখুন বিশেষ বিষয় ১ যোহন ২:২৯ পদে।

□ “ক্ষমা করা. . . শুচি করা” উভয়ই aorist active subjunctives। এই দুটি টার্ম প্রসঙ্গে একই রকম; উভয়েই উল্লেখ করেছে হারানোদের পরিব্রাণ এবং ঈশ্বরের সাথে সহভাগিতার জন্য চলমান শুচিকরণের আবশ্যিকতা (যিশা ১:১৮; ৩৮:১৭; ৪৩:২৫; ৪৪:২২; গীত ১০৩:৩,১১-১৩; মিখা ৭:১৯)। ভন্ড শিক্ষকেরা যারা সুসমাচার প্রত্যাখান করেছিল, তাদের পরিব্রাণের দরকার ছিল। বিশ্বাসীরা যারা অবিরত পাপ কাজ করে যাচ্ছিল তাদের সহভাগিতা পুনরুদ্ধারের দরকার ছিল। মনে হয় যোহন প্রথম দলকে সম্পূর্ণ ভাবে উদ্দেশ্য করে বলছেন এবং দ্বিতীয় দলকে বিশদ ভাবে।

১:১০ “যদি আমরা বলি” দেখুন ১ যোহন ১:৬ পদের নোট।

□ “আমরা পাপ করিনি” এটি একটি perfect active indicative যেটি ইঙ্গিত দিচ্ছে যে কোন একজন অতীতে এমনকি বর্তমানেও কখনো পাপ করেনি। টার্ম “পাপ করেছি” হল singular এবং সাধারণ ভাবে পাপকে উল্লেখ করেছে। গ্রীক টার্মের অর্থ “চিহ্নিত করণে ব্যর্থ।” এর অর্থ হল যে পাপ হল ঈশ্বরের বাক্যে প্রকাশিত বিষয়ের কর্মভার এবং বাদ দেওয়া উভয়ই। ভন্ড শিক্ষকেরা দাবী করে যে পরিব্রাণ কেবলমাত্র জ্ঞানের সাথে সম্পর্কিত ছিল, জীবনের সাথে নয়।

□ “আমরা তাঁকে মিথ্যাবাদী করি” সকল মানুষের পাপময়তার উপরেই সুসমাচারের ভিত্তি (রোমীয় ৩:৯-১৮,২৩; ৫:১; ১১:৩২)। হয় ঈশ্বর (রোমীয় ৩:৪) না হয় তারা যারা দাবী করে তাদের পাপ নেই, মিথ্যা বলছে।

□ “তাঁর বাক্য আমাদের অন্তরে নাই” এর মধ্যে জড়িত টার্ম “logos”এর দ্বৈত দিক, উভয়ই একটি বার্তা ও একজন ব্যক্তি (১ যোহন ১:১,৮; যোহন ১৪:৬)। যোহন প্রায়ই একে উল্লেখ করেছেন “সত্য” হিসাবে।

২:১ “আমার সন্তানেরা” যোহন দুটি ভিন্ন ভিন্ন ছোট টার্ম ১ যোহনে “সন্তানদের” জন্য ব্যবহার করেছেন।

১. *teknion* (১ যোহন ২:১,১২,২৮; ৩:৯,১৮; ৪:৪; ৫:২১; যোহন ১৩:৩৩)

২. *paidion* (১ যোহন ২:১৪,১৮)

এগুলি একই রকম যার কোন উদ্দেশ্যমূলক ধর্মতাত্ত্বিক স্বতন্ত্রতা নেই। এই স্নেহমূলক টার্ম সম্ভবত এসেছে যোহন যে সময়ে লিখেছেন সেই সময়কার বয়সের প্রেক্ষিতে।

যীশু যোহন ১৩:৩৩ পদে “বৎসগণ” টার্ম ব্যবহার করেছেন তাঁর শিষ্যদের উল্লেখ করতে।

□ “তোমাদের এই সব লিখছি যেন তোমরা পাপ না কর” এটি একটি aorist active subjunctive। যোহন সুনির্দিষ্ট পার্থক্য তৈরী করেছেন present tense, একটি চলমান অভ্যাসগত ভাবে পাপ করার জীবন যাপ (১ যোহন ৩:৬,৯) এবং ব্যক্তিগত ভাবে পাপ কাজ করার সংগ্রাম ও প্রলোভিত খ্রীষ্টিয়ানদের মধ্যে। তিনি চেষ্টা করেছেন সমতা আনতে এই দুই চরম সীমার মধ্যে

১. পাপকে খুব হালকা ভাবে নেওয়া (রোমীয় ৬:১; ১ যোহন ১:৮-১০; ৩:৬-৯; ৫:১৬)

২. খ্রীষ্টিয় রক্ষতা ও দুর্বলতা ব্যক্তিগত পাপের উপরে

এই দুটি চরম সীমা সম্ভবত প্রতিফলিত করেছে Gnostic শিক্ষার দুটি ভিন্ন ভিন্ন দলকে। একটি দল মনে করে যে পরিত্রাণ হল মেধাগত বস্তু; এটি বস্তু নয় যে কিভাবে একজন জীবন যাপন করে কারণ দেহ হল মন্দ। Gnostics এর অন্য দল বিশ্বাস করতো যে দেহ ছিল মন্দ এবং, সেজন্য এর আকাংখ্যাকে সীমাবদ্ধ করতে হবে।

□ “আর যদি কেউ পাপ করে” এটি একটি third class conditional sentence যেটি বলছে সম্ভাব্য কাজের কথা। এমনকি খ্রীষ্টিয়ানদের পাপও (রোমীয় ৭)।

□ “পিতার কাছে আমাদের একজন সহায় আছেন” এটি একটি present active indicative যেটি উল্লেখ করছে যীশুর চলমান মধ্যস্থতা আমাদের স্বর্গীয় সহায় (*paraklētos*) হিসাবে। এটি ছিল একটি বৈধ টার্ম সমর্থনকারী উকিলের জন্য বা “সাহায্যের জন্য একজনকে পাশে ডাকা” (*para* থেকে, পাশে এবং *kaleō*, ডাকা)। এটি যোহনের সুসমাচারে উপরের কুঠরীতে উপদেশের সময়ে ব্যবহৃত হয়েছে, পবিত্র আত্মার জন্য, আমাদের জাগতিক, ভিতরে বাসকারী সহায় (যোহন ১৪:১৬,২৬; ১৫:২৬; ১৬:৭)। যাহোক, যীশুর জন্য এটিই একমাত্র ব্যবহৃত টার্ম (যদিও এটি ইঙ্গিত করেছে যোহন ১৪:১৬; রোমীয় ৮:৩৪; ইব্রীয় ৪:১৪-১৬; ৭:২৫; ৯:২৪ পদে)। পৌল রোমীয় ৮:৩৪ পদে খ্রীষ্টের মধ্যস্থতার কাজের জন্য এই একই ধারণা ব্যবহার করেছেন। এই একই প্যাসেজে রোমীয় ৮:২৬ পদে তিনি আরও বলেছেন পবিত্র আত্মার মধ্যস্থতার বিষয়ে। আমাদের স্বর্গে একজন সহায় আছেন (যীশু) এবং একজন সহায় ভিতরে (আত্মা), উভয়কেই প্রেমময় পিতা তাঁর পক্ষে পাঠিয়েছেন।

□ “ধার্মিক যীশু খ্রীষ্ট” ১ যোহন ১:৯ পদে পিতা ঈশ্বরের এই চারিত্রিক বৈশিষ্ট্য ব্যবহৃত হয়েছে। নূতন নিয়মের লেখকেরা বেশ কিছু সাহিত্য কৌশল ব্যবহার করেছেন যীশুর ঈশ্বরত্ব জোর দিয়ে বলতে।

১. ঈশ্বরের জন্য ব্যবহৃত উপাধি যীশুর জন্য ব্যবহার করে

২. যীশুর দ্বারা কৃত ঈশ্বরের কাজগুলি বর্ণনা করে

৩. ব্যাকরণগত সমান্তরাল শব্দগুচ্ছ ব্যবহার করে উল্লেখ করেছেন উভয়ই (objects of verbs or prepositions)

এটি বলছে খ্রীষ্টের পাপহীনতার কথা (পবিত্রতা, ঈশ্বর সাদৃশ্যতা) (১ যোহন ৩:৫; ২ করি ৫:২১; ইব্রীয় ২:১৮; ৪:১৫; ৭:২৬; ১ পিতর ২:২২)। তিনি পিতার কাছে ছিলেন অর্থ মানুষের জন্য “ধার্মিকতা” এনেছেন।

২:২

NASB, NKJV “তিনিই আমাদের পাপের প্রায়শ্চিত্ত করেছেন”

NRSV “তিনিই আমাদের পাপের প্রায়শ্চিত্তমূলক উৎসর্গ করেছেন”

TEV “খ্রীষ্ট নিজে উপায় হয়েছেন যার দ্বারা আমাদের পাপের ক্ষমা হয়েছে”

NJB, RSV “তিনিই আমাদের পাপের প্রায়শ্চিত্ত উৎসর্গ করেছেন”

টার্ম *hilasmos* ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিন্টে নিয়ম সিন্দুকের আচ্ছাদনের জন্য যাকে বলা হয়েছে অনুগ্রহ সিংহাসন বা প্রায়শ্চিত্তের স্থান। যীশু

নিজে ঈশ্বরের সামনে আমাদের দোষের স্থান নিয়েছেন (১ যোহন ৪:১০; রোমীয় ৩:২৫)।

Greco-Roman জগতে এই শব্দ যে ধারণা বহন করতো তাহল বিচ্ছিন্ন দেবতার সাথে সহভাগিতার পুনস্থাপন মূল্য পরিশোধের দ্বারা, কিন্তু সেপ্টুয়াজিণ্টে এই শব্দ এই অর্থে ব্যবহৃত হয়নি (মনে রাখুন নূতন নিয়মের লেখকেরা [লুক ছাড়া] ছিলেন ইব্রীয় চিন্তাধারার, লিখেছেন Koine গ্রীকে)। এটি ব্যবহৃত হয়েছে সেপ্টুয়াজিণ্টে এবং ইব্রীয় ৯:৫ পদে যা অনুবাদ করা হয়েছে “অনুগ্রহ সিংহাসন,” যেটি ছিল মহা পবিত্র স্থানে রক্ষিত নিয়ম সিন্দুকের আচ্ছাদন, একটি স্থান যেখানে প্রায়শ্চিত্ত দিনে জাতির পক্ষে প্রায়শ্চিত্ত লাভ করা হতো (লেবীয় ১৬)।

এই টার্ম আলোচনা করে এমন একটি উপায়ে যা পাপের প্রতি ঈশ্বরের বিরাগ কমে না, কিন্তু নিশ্চিত করে তাঁর পাপীদের প্রতি পরিত্রাণার্থক ইতিবাচক মনোভাবের। একটি ভাল আলোচনা পাওয়া যায় James Stewart's *A Man in Christ*, pp. 214-224। একটি উপায়ে এটি সাধন হয় তাহল টার্মটি অনুবাদ করে যেন এটি খ্রীষ্টে ঈশ্বরের কাজ প্রতিফলিত করে: “একটি প্রায়শ্চিত্তমূলক উৎসর্গ” বা “প্রায়শ্চিত্তের ক্ষমতার সাথে।”

অধুনিক ইংরাজি অনুবাদে ভিন্নতা হয় যে কিভাবে এই উৎসর্গের টার্ম উপলব্ধি হয়। “প্রায়শ্চিত্ত” টার্মটি ইঙ্গিত দেয় যে যীশু ঈশ্বরের ক্রোধের তুষ্টি সাধন করেছেন (রোমীয় ১:১৮; ৫:৯; ইফি ৫:৬; কল ৩:৬)। ঈশ্বরের পবিত্রতা ব্যহত হয়েছে মানুষের পাপের দ্বারা। এটি যীশুর পরিচর্যার মধ্যে আলোচিত হয়েছে (রোমীয় ৩:২৫; ২ করি ৫:২১; ইব্রীয় ২:১৭)।

কোন কোন পণ্ডিত (অর্থাৎ, C. H. Dodd) মনে করেন যে পৌত্তলিক (গ্রীক) ধারণা দেবতার ক্রোধের সন্তুষ্টি বিধান) অবশ্যই YHWH এর সাথে প্রয়োগ হবে না, সেজন্য, তারা পছন্দ করেছেন “প্রায়শ্চিত্ত করা” যেখানে যীশুর পরিচর্যা আলোচনা করেছে ঈশ্বরের সামনে মানুষের দোষ (যোহন ১:২৯; ৩:১৬) এবং পাপের বিরুদ্ধে ঈশ্বরের ক্রোধ নয়। যাহোক, উভয়ই বাইবেলগত ভাবে সত্য।

□ “কারণ আমাদের পাপ; আর কেবল আমাদের নয়, কিন্তু সারা জগতের সকলের” এটি উল্লেখ করে সীমাহীন প্রায়শ্চিত্তের সম্ভাবনা (১ যোহন ৪:১৪; যোহন ১:২৯; ৩:১৬,১৭; ১২:৪৭; রোমীয় ৫:১৮; ১ তীম ৪:১০; তীত ২:১১; ইব্রীয় ২:৯; ৭:২৫)। যীশু পাপ এবং সমস্ত জগতের পাপের জন্য মরেছেন (আদি ৩:১৫)। কেবল মাত্র একটি জিনিস যা সমগ্র জগতকে রক্ষা পাওয়া থেকে বিরত রাখতে পারে তা পাপ নয়, কিন্তু অ বিশ্বাস। যাহোক, মানুষ অবশ্যই সাড়া প্রদান করবে এবং অবিরত বিশ্বাস, অনুতাপ, বাধ্যতা এবং ধৈর্যধারণের দ্বারা সাড়া প্রদান করবে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. কেন যোহন পাঁচটি অর্থে জড়িত অনেক verbs ব্যবহার করেছেন?
২. ১ যোহন ১:৭ ও ৯ পদে পাওয়া উৎসর্গের টার্মগুলির তালিকা করুন।
৩. যোহন যাদের সঙ্গে সংগ্রাম সেই ধর্ম বিরোধীদের বিশ্বাস ব্যাখ্যা করুন।
৪. কিভাবে ১ যোহন ১:৯ পদ Gnostics এবং বিশ্বাসী উভয়ের সঙ্গে সম্পর্কিত?
৫. “স্বীকরোজি” বর্ণনা ও ব্যাখ্যা করুন।

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

১ যোহন ২:৩-২৭

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
খ্রীষ্ট আমাদের সহায়	তঁার সঙ্গে সহভাগিতার ভিত্তি (১:৫-২:২)	বাধ্যতা	খ্রীষ্ট আমাদের সাহায্যকারী	আলোতে চলা (১:৫-২:২৮) প্রথম শর্ত: পাপের সাথে সম্পর্ক ছেদ (১:৮-২:৩)
২:১-৬	তঁাকে জানার পরীক্ষা	২:১-২	২:১-২	প্রথম শর্ত: আদেশ পালন করা, বিশেষ করে ভালবাসার
	২:৩-১১	২:৩-৬	২:৩-৬	২:৩-১১
নূতন আদেশ		পরস্পরের প্রতি ভালবাসা	নূতন আদেশ	
২:৭-১৪		২:৭-১১	২:৭-৮	
	তাদের আত্মিক অবস্থা	খ্রীষ্টে ঈশ্বরের সাথে সত্যিকার সম্পর্ক	২:৯-১১	তৃতীয় শর্ত: জগত থেকে আলাদা হওয়া
	২:১২-১৪	২:১২-১৪	২:১২-১৩	২:১২-১৭
	জগতকে ভালবাসা নয়	জগতকে সত্যিকার ভাবে যাচাই	২:১৪	
২:১৫-১৭	২:১৫-১৭	২:১৫-১৭	২:১৫-১৭	
খ্রীষ্টারী	শেষ সময়ের প্রতারণা	সত্যিকার বিশ্বাসে আনুগত্য	খ্রীষ্টের শত্রু	চতুর্থ শর্ত: খ্রীষ্টারীর বিরুদ্ধে সুরক্ষিত থাকা
২:১৮-২৫	২:১৮-২৩	২:১৮-২৫	২:১৮-১৯ ২:২০-২১	২:১৮-২৮
	সত্যকে তোমার ভিতরে রাখ		২:২২-২৩	
	২:২৪-২৭		২:২৪-২৫	
২:২৬-২৭		২:২৬-২৭	২:২৬-২৭	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

২:৩-২৭ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

ক. ১ যোহন রূপরেখা করা খুব কঠিন কারণ এর বার বার বলা ভাব (themes)। যাহোক, বেশির ভাগ ব্যাখ্যাকারক একমত যে ১ অধ্যায়ের ভাব (themes) ২ অধ্যায়েও চলমান, যেটি হল ঈশ্বরের সাথে সহভাগিতার বৈশিষ্ট্য, উভয়ই ইতিবাচক ও নেতিবাচক।

খ. ১ এবং ২ অধ্যায়ের মধ্যে কাঠামোগত সমান্তরাল রয়েছে। যোহন Gnostics দের ভ্রান্ত দাবীর তুলনা করে বার্তা উপস্থিত করেছেন।

১ অধ্যায়	২ অধ্যায়
১. যদি আমরা বলি . . . (১ যোহন ২:৬-৭)	১. কেউ একজন বলছেন . . . (১ যোহন ২:৪-৫)
২. যদি আমরা বলি . . . (১ যোহন ২:৮-৯)	২. কেউ একজন বলছেন . . . (১ যোহন ২:৬)
৩. যদি আমরা বলি . . . (১ যোহন ২:১০)	৩. কেউ একজন বলছেন . . . (১ যোহন ২:৮-১১)

গ. এই প্রসঙ্গ বেশ কিছু পরীক্ষা ও ঘটনার তালিকা করেছে যেটি সত্যিকার বিশ্বাসীকে প্রকাশ করে (১ যোহন ২:৩-২৫)

১. পাপ স্বীকারে ইচ্ছুক (প্রারম্ভিক ভাবে এবং অবিরত) (১ যোহন ১:৮)
২. জীবন পদ্ধতিতে বাধ্যতা (১ যোহন ২:৩-৬)
৩. জীবন পদ্ধতিতে ভালবাসা (১ যোহন ২:৭-১১)
৪. মন্দতার উপরে জয়লাভ (১ যোহন ২:১২-১৪)
৫. জগতকে ত্যাগ করা (১ যোহন ২:১৫-১৭)
৬. ধৈর্য্য সহিষ্ণুতা (১ যোহন ২:১৯)
৭. সঠিক মতবাদ (১ যোহন ২:২০-২৪; ৪:১-৩)

ঘ. বিশেষ ধর্মতাত্ত্বিক ধারণা (১ যোহন ২:১৮-১৯ পদে)

১. “শেষ কাল” (১ যোহন ২:১৮)

ক. এই শব্দগুচ্ছ এবং একই রকম শব্দগুচ্ছ, যেমন “শেষ দিন,” উল্লেখ করে যীশুর বেথলেহমে জন্মের সময় থেকে তাঁর দ্বিতীয় আগমনের সময়কাল। রাজ্য এসে গেছে, কিন্তু এখনও সম্পূর্ণভাবে সুসম্পন্ন হয়নি।

খ. দুই নিয়মের মধ্যবর্তী সময়ে ইস্রায়েলীয় লোকেরা দুটি যুগের বিষয়ে বিশ্বাস করতে শুরু করেছিল, বর্তমান মন্দ যুগ এবং ধার্মিকতার যুগ আত্মার দ্বারা নির্দেশিত, যেটি এখনও ভবিষ্যতের বিষয়। যেটি পুরাতন নিয়ম স্পষ্ট ভাবে প্রকাশ করে নাই তা ছিল মশীহের দু’বার আগমন, প্রথমবার রক্ষাকর্তা হিসাবে এবং দ্বিতীয়বার সুসম্পন্নকারী হিসাবে। এই দুটি যুগ একটি অপরটির সাথে মিশে আছে। দেখুন বিশেষ বিষয় ১ যোহন ২:১৭ পদে।

গ. এটি হল রূপক ভাবে “কাল” (*kairos*) টার্মের ব্যবহার একটি অনির্দিষ্ট সময়কাল হিসাবে (যোহন ৪:২১,২৩; ৫:২৫,২৮; ১৬:২)।

২. “খ্রীষ্টারী” (১ যোহন ২:১৮)

কেবল যোহন এই “খ্রীষ্টারী” টার্মটি ব্যবহার করেছেন (১ যোহন ২:১৮-২২; ৪:৩; ২ যোহন ৭)। লক্ষ্য করুন ১ যোহন ২:১৮ পদ উভয়ই plural ও singular (২ যোহন ৭)।

ক. বাইবেলের অন্য বইয়ের লেখকেরাও এই একই শেষ কালীন ব্যক্তির উল্লেখ করেছেন।

- ১) দানিয়েল – “চতুর্থ পশু” (১ যোহন ৭:৭-৫, ২৩-২৬; ৯:২৪-২৭)
- ২) যীশু – “ধৎসের সেই ঘৃণিত বস্তু” (মার্ক ১৩; মথি ২৪)
- ৩) যোহন – “সমুদ্র থেকে পশু আসিতেছে” (প্রকা ১৩)
- ৪) পৌল – “পাপ মনুষ্য” (২ থি ২)

- খ. এছাড়াও যোহন পার্থক্য তৈরী করেছেন eschatological ব্যক্তি এবং বার বার ঘুরে আসা আত্মা বা মনোভাবের মধ্যে যা সবসময়ই জগতে বর্তমান (১ যোহন ২:১৮; ৪:৩; ২ যোহন ৭; মার্ক ১৩:৬,২২; মথি ২৪:৫,২৪)।
- গ. গ্রীকে preposition *anti* এর অর্থ হতে পারে (১) বিরুদ্ধে বা (২) পরিবর্তে। এটা ততটাই গুরুত্বপূর্ণ যতটা উভয়ই singular ও plural হিসাবে ব্যবহৃত হয়েছে ১ যোহন ২:১৮ পদে। ইতিহাস পূর্ণ তাদের দ্বারা যারা ঈশ্বর এবং তাঁর খ্রীষ্টকে প্রতিরোধ করেছে
- ১) Antiochus IV Epiphanes (দানিয়েল ৮; ১১:৩৬-৪৫ পদের ছোট শৃংগ)
 - ২) (দাবী করেছে ঈশ্বরত্ব কিন্তু Messiahship ছিল না)
 - ৩) Atheistic Communism
 - ৪) Secular Humanism
- কিন্তু এছাড়াও এটি মিলে যায় তাদের সঙ্গে যারা খ্রীষ্টের বিরুদ্ধে নয়, কিন্তু খ্রীষ্ট বলে দাবী করে (#২ ব্যবহার)।
- ১) মার্ক ১৩:৬,২২ এবং মথি ২৪:৫, ২৪ পদের ভুল শিক্ষকেরা
 - ২) অধুনিক cult নেতারা
 - ৩) খ্রীষ্টারী (দানিয়েল ৭:৮, ২৩-২৬; ৯:২৪-২৭; ২ থি ২:৩; এবং প্রকা ১৩)
- ঘ. খ্রীষ্টিয়ানেরা প্রতিটি যুগে অভিজ্ঞতা লাভ করবেন ভুল শিক্ষকদের যারা খ্রীষ্টকে অস্বীকার করে এবং ভুল মশীহের যে নিজেই খ্রীষ্ট বলে দাবী করবে। যাহোক, এক দিন, শেষ দিন, মন্দতার (অর্থাৎ, খ্রীষ্টারী) এক বিশেষ দেহধারণ উভয়ই সাধন করবে!
৩. “তোমাদের মধ্যে থাকবেন” (১ যোহন ২:১৯,২৪,২৭,২৮)
- ক. ক। বেশির ভাগ আধুনিক সুসমাচার প্রচার জোর দেয় খ্রীষ্টে নির্ভর/বিশ্বাস/বিশ্বাস করার ব্যক্তিগত প্রাথমিক সিদ্ধান্তের আবশ্যিকতা, এবং এটি নিশ্চিত ভাবে সত্য। যাহোক, বাইবেল সিদ্ধান্তের উপরে জোর দেয় না, কিন্তু শিষ্যত্বের উপরে (মথি ২৮:১৯-২০)।
- খ. খ। বিশ্বাসীদের নিরাপত্তার মতবাদ অবশ্যই অবিচ্ছেদ্য সংযোহ হবে ধৈর্যধারণের মতবাদের সাথে। দেখুন [বিশেষ বিষয়: ধৈর্যধারণের আবশ্যিকতা \(SPECIAL TOPIC: The Need to Persevere\)](#) যোহন ৮:৩১ পদে। এর কোন অন্যতর/বা বিকল্প নেই, বরং উভয়ই/এবং বাইবেল ভিত্তিক বাস্তবতা। বাস্তবতায় “থাকা” হল বাইবেল ভিত্তিক সতর্কবাণী (যোহন ১৫)!
- গ. গ। থাকার অন্য প্যাসেজগুলি হল মথি ১০:২২; ১৩:১-৯, ১৮-২৩; মার্ক ১৩:১৩; যোহন ৮:৩১; ১৫:১-২৭; ১ করি ১৫:২; গালা ৬:১; প্রকা ২:২, ৭, ১১, ১৭, ২৬; ৩:৫, ১২, ২১; ২১:৭। দেখুন বিশেষ বিষয়: “থাকা” ১ যোহন ২:১০ পদে।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ২:৩-৬

“আর আমরা এতেই জানতে পারি যে তাঁকে জানি, যদি তাঁর সমস্ত আদেশ পালন করি।^৪ যে লোক বলে, “আমি তাঁকে জানি,” অথচ তাঁর আদেশ পালন না করে, সে মিথ্যাবাদী, এবং তার অন্তরে সত্য নেই;^৫ কিন্তু যে তাঁর বাক্য পালন করে, তার অন্তরে সত্যই ঈশ্বরের ভালবাসা সিদ্ধ হয়েছে। এর দ্বারাই আমরা জানতে পারি যে আমরা তাঁতে আছি: ^৬ যে লোক বলে সে তাঁতে আছে তবে তার উচিত তিনি যেমন চলতেন সেও তেমনই চলে। (অনুবাদকৃত টেক্সট)।

২:৩ “আর আমরা এতেই জানতে পারি যে তাঁকে জানি” আক্ষরিক ভাবে এটি হল “আমরা জানি যে আমরা তাঁকে জেনেছি।” এটি একটি present active indicative যার আগে perfect active indicative এসেছে যা জোর দিয়েছে যে এই সব দূর্দর্শগ্রন্থ মণ্ডলীর খ্রীষ্টিয়ানরা Gnostic ভ্রান্ত শিক্ষার আলোকে তাদের পরিত্রাণের পূর্ণ আশ্বাস পেতে পারে।

“জানা” শব্দ ব্যবহৃত হয়েছে ব্যক্তি সম্পর্কের ইব্রীয় অর্থে (আদি ৪:১; যির ১:৫) এবং এর প্রকৃত গ্রীক অর্থ কোন কিছু বা কারও সম্বন্ধে। সুসমাচার ব্যক্তি এবং সত্যের জনসংঘ। এই শব্দগুচ্ছ জোর দেয়া হয়েছে

১. আমরা ঈশ্বরকে জানতে পারি
২. আমাদের জীবনের জন্য তিনি যা চান তা আমরা জানতে পারি
৩. আমরা জানি যে আমরা জানতে পারি! (১ যোহন ৫:১৩)

ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্কের একটি আশ্বাস হল এটি প্রকাশিত হয়েছে আমাদের কাজ এবং উদ্দেশ্য দ্বারা (মথি ৭; যাকোব, ১ পিতর)। এটি ১ যোহনে বার বার বলা একটি ভাব (theme) (১ যোহন ২:৩,৫; ৩:২৪; ৪:১৩; ৫:২,১৩)।

যোহন তার লেখায় “জানা” এর জন্য দুটি গ্রীক শব্দ ব্যবহার করেছেন (*ginōskō* এবং *oida*) প্রায়ই (১ যোহনের ৫ অধ্যায়ে ২৭ বার) এবং একইরকম ভাবে। মনে হয় কোন দৃষ্টি গ্রাহ্য semantic স্বতন্ত্রতা নেই Koine গ্রীকে এই টর্মগুলির। মনোনয়ন হল পদ্ধতিগত। এটি আরও কৌতুকপ্রদ যে যোহন কখনো গভীর টার্ম *epiginōskō* ব্যবহার করেন নাই।

যোহন লিখেছেন যেমন বিশ্বাসীদের উৎসাহ দিতে তেমনই ধর্ম বিরোধিতা খণ্ডন করতে। যোহনের সুসমাচার এবং ১ যোহন টার্ম “জানা” নূতন নিয়মের অন্য যে কোন বইয়ের চেয়ে সবচেয়ে বেশি বার ব্যবহার করেছেন। ১ যোহন আশ্বাসের বই যার ভিত্তি হল সুসমাচারে জ্ঞান এবং সেই মত জীবন যাপনে ভালবাসা ও বাধ্যতা (যাকোবের বই)।

□ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ।

□ “তঁর সমস্ত আদেশ পালন করি” লক্ষ্য করুন শর্তসাপেক্ষ উপাদান (present active subjunctive)। নূতন চুক্তি হল শর্তহীন ঈশ্বরের দান হিসাবে যেটি মানুষের মন পরিবর্তনমূলক বিশ্বাস ও বাধ্যতার সাড়া প্রদান অনুসারে (১ যোহন ২:৩-৫; ৩:২২,২৪; ৫:২,৩; যোহন ৮:৫১-৫২; ১৪:১৫,২১,২৩; ১৫:১০; প্রকাশ ২:২৬; ৩:৮,১০; ১২:১৭; ১৪:১২)। সত্যিকার মন পরিবর্তনের একটি প্রমাণ হল জ্যোতির প্রতি বাধ্যতা (সুসমাচার এবং যীশু উভয়ের প্রতি, লুক ৬:৪৬)। পুরাতন নিয়মেও উৎসর্গের আনুষ্ঠানিকতার চেয়েও বাক্য ছিল উত্তম (১ শমূ ১৫:২২; যির ৭:২২-২৩)। বাধ্যতা পরিত্রাণে আনে না বা নিশ্চিতও করে না, কিন্তু এটি পরিত্রাণের প্রমাণ দেয়। এটি ভিত্তি নয় (ইফি ২:৮-৯), বরং ফল (ইফি ২:১০)।

২:৪ “যে লোক বলে” এটি হল যোহনের diatribe ফরম্যাটের জন্য লেখনীগত চিহ্ন।

□ “আমি তাঁকে জানি” এটি হল ভক্ত শিক্ষকদের অনেক দাবীর মধ্যে একটি (১ যোহন ১:৬,৮,১০; ২:৪,৬,৯)। এটি একটি diatribe (“যে লোক বলে . . .”) মালানী, রোমীয় এবং যাকোবের মত একই রকম। ভক্ত শিক্ষকেরা দাবী করছে যে ঈশ্বরকে জানে (perfect tense), কিন্তু চেষ্টা করছে ঈশ্বর ভক্তির জীবন যাপনের থেকে পরিত্রাণকে আলাদা করতে। তারা পৃথক করেছে শুচিকরণ থেকে ধার্মিক গণনা করণকে। তারা দাবী করছে ঈশ্বর সম্বন্ধে তাদের সর্বোচ্চ (অর্থাৎ, গোপনীয়) জ্ঞান রয়েছে, কিন্তু তাদের জীবন যাপন প্রকাশ করেছে তাদের সত্যিকারের উদ্দেশ্য।

□ “অথচ তাঁর আদেশ পালন না করে” এটি একটি present active participle যেটি বলে অভ্যাসগত জীবন যাপনের কাজ। আমাদের জীবন প্রকাশ করে আমাদের আত্মিক সংশ্লিষ্টতা (মথি ৭)। ৪ পদ সত্যকে প্রকাশ করছে নেতিবাচক ভাবে, যখন ৫ পদ একই সত্য প্রকাশ করছে ইতিবাচক ভাবে।

□ “সে মিথ্যাবাদী” ইচ্ছাকৃত ভাবে প্রতারণিত হবার চেয়ে খারাপ আর কিছু নেই! সত্যিকার মন পরিবর্তনের প্রমাণ বাধ্যতা। তুমি তাদের ফল দ্বারাই তাদের চিনতে পারবে (মথি ৭)।

যোহন কয়েকটি ধর্মীয় লোকদের (শিক্ষক, প্রচারক) মিথ্যাবাদী বলেছেন (১ যোহন ১:৬; ২:৪,২২; ৪:২০)। তারা ধর্মীয় লোক কিন্তু ঈশ্বরের সঙ্গে সঠিক সম্পর্কে নাই!

২:৫ “কিন্তু যে তাঁর বাক্য পালন করে” এটি হল present active subjunctive যেটি বলে অভ্যাসগত জীবন যাপনের কাজ। UBS' *A Handbook on The Letters of John* (Haas, Jonge, and Swellengrebel) এর লেখক একটি চমৎকার মন্তব্য করেছেন এই গ্রীক কাঠামোর উপরে: একটি সম্পর্কযুক্ত pronoun সাথে গ্রীক particle, 'an' অথবা 'ean' এবং subjunctive এ পরবর্তী verb দেখা যায় ১ যোহন ৩:১৭,২২; ৪:১৫; ৫:১৫; ৩ যোহন ৫। এটি মনে সাধারণ ভাবে প্রকাশ করছে ঘটে যাওয়া পরিস্থিতিতে” (পৃ.৪০)। নিয়মের বিশ্বাসের গুরুত্বপূর্ণ দিক হল বাধ্যতা। এটি ১ যোহন ও যাকোবের কেন্দ্রীয় বার্তা। কেউ বলতে পারে না যে ঈশ্বরকে জানে অথচ জীবন্ত বাক্য ও লিখিত বাক্য উভয়ই জীবন যাপনের পাপ দ্বারা প্রত্যাখান করে (১ যোহন ৩:৬,৯)!

□ “তার অন্তরে সত্যই ঈশ্বরের ভালবাসা সিদ্ধ হয়েছে” এটি একটি perfect passive indicative যেটি বলে সুসম্পন্ন করা কাজ (১ যোহন ৪:১২,১৭,১৮)। এটি অনিশ্চিত, ব্যাকরণগত ভাবে বলা হচ্ছে, genitive ভাবে বলা হচ্ছে কি না

১. আমাদের জন্য ঈশ্বরের ভালবাসা (১ যোহন ৪:১২)
২. ঈশ্বরের জন্য আমাদের ভালবাসা (১ যোহন ৫:৩)
৩. আমাদের হৃদয়ে সাধারণ ভাবে ঈশ্বরের ভালবাসা

টার্ম “সিদ্ধ” (*telos* ১ যোহন ৪:১২,১৭,১৮) অর্থ পরিপক্ব, সম্পূর্ণ, বা নির্ধারিত কাজের জনম্পরিপূর্ণ ভাবে সুসজ্জিত (ইফি ৪:১২), পাপ ছাড়া নয় (১ যোহন ১:৮,১০)।

□ “এর দ্বারাই আমরা জানতে পারি যে আমরা তাঁতে আছি” এখানে আবার জোর দেওয়া হয়েছে বিশ্বাসীদের ক্ষমতার উপরে তাদের ঈশ্বরের সঙ্গে সম্পর্কে বিশ্বাসের নির্ভরতা রাখতে। তাঁতে আমাদের থাকার ধারণা (থাকা ১ যোহন ২:৬) হল যোহনের লেখায় বার বার বলা একটি ভাব (theme) (যোহন ১৪:২০,২৩; ১৫:৪-১০; ১৭:২১,২৩,২৬; ১ যোহন ২:২৪-২৮; ৩:৬,২৪; ৪:১৩,১৬)।

২:৬ “থাকা” দেখুন বিশেষ বিষয় ১ যোহন ২:১০ পদে। নূতন নিয়ম আরও দৃঢ় ভাবে বলে যে পিতা ও পুত্র উভয়ই আমাদের মধ্যে থাকেন (যোহন ১৪:২৩ এবং ১৭:২১)। লক্ষ্য করুন যে বাক্যাংশও যেটি গুরুত্ব দিচ্ছে আশ্বাসের আবশ্যিকতার জন্য, এবং ইঙ্গিত দিচ্ছে সতর্কবাণী “উচিত” (১ যোহন ২:৬, present infinitive, “তাঁতে থাকা”)। সুসমাচার হল সঠিক এবং দায়িত্বপূর্ণ শর্তযুক্ত নিয়ম!

□ “তবে তার উচিত তিনি যেমন চলতেন সেও তেমনই চলে” এটি হল জীবন পদ্ধতির বিশ্বাস হিসাবে “সত্য বিশ্বাস”এর উপরে আর একটি গুরুত্ব দান (যাকোব ২:১৪-২৬)। বিশ্বাস কেবল মাত্র সিদ্ধান্ত নয়, কিন্তু যীশুর সঙ্গে চলমান ব্যক্তিগত সম্পর্ক যা স্বাভাবিক ভাবে প্রতিদিনের খ্রীষ্টসাদৃশ্যতায় জীবন যাপনের একটি বিষয়। অনন্ত জীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে! এটি ১:৭ পদের সাথে সমান্তরাল। খ্রীষ্ট ধর্মের লক্ষ্য কেবল এটা নয় যে যখন আমরা যারা

যাব তখন স্বর্গে যাব, কিন্তু বর্তমানে খ্রীষ্ট সাদৃশ্যতা (রোমীয় ৮:২৯-৩০; ২ করি ৩:১৮; গালা ৪:১৯; ইফি ১:৪; ১ থি ৩:১৩; ৪:৩; ১ পিতর ১:১৫)। অমরা পরিচর্যা করার জন্য রক্ষা পেয়েছি। তিনি যেমন প্রচার কাজে প্রেরিত হয়েছিলেন তেমনি আমরাও প্রচার কাছে প্রেরিত হয়েছি। যেমন তিনি অন্যদের জন্য তাঁর জীবন দিয়েছেন, আমরাও তেমনি, দাস হিসাবে অবশ্যই আমাদের দেখবো (১ যোহন ৩:১৬)।

“তিনি” আক্ষরিক ভাবে “সেই লোক,” যেটি যোহনের লেখায় “যীশুর” জন্য প্রচলিত বাগধারা ছিল (যোহন ২:২১; ১৯:৩৫; ১ যোহন ২:৬; ৩:৩,৫,৭,১৬; ৪:১৭)। প্রায়ই এটি ব্যবহৃত হয়েছে মর্যাদাহানীকর উপায়ে (যোহন ৭:১১; ৯:১২,২৮; ১৯:২১)।

যদি “সেই লোক” উল্লেখ করে যীশুকে, তাহলে ৬ পদ “তাতে” বরতে কাকে উল্লেখ করছে? যোহন প্রায়ই উদ্দেশ্যমূলক ভাবে দ্বৈত অর্থবোধক ব্যবহার করেছেন। এটি উল্লেখ করতে পারে পিতা (যোহন ১৫:১-২, ৯-১০) বা পুত্রকে (যোহন ১৫:৪-৬)। এই একই দ্বৈত অর্থবোধক দৃষ্টান্ত হতে পারে ১ যোহন ২:২০ পদের “পবিত্র জন।”

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ২:৭-১১

^১ প্রিয়তমেরা, আমি তোমাদের নতুন কোন আদেশ লিখছি না, বরং পুরানো আদেশই লিখছি, যা তোমরা প্রথম থেকেই পেয়েছো; সেই বাক্য যা তোমরা শুনেছো তা এই পুরানো আদেশ। ^২ আবার এক নতুন আদেশ আমি তোমাদের জন্য লিখছি, এটা তাঁতে ও তোমাদের মধ্যে সত্য, কারণ অন্ধকার বিলীয়মান এবং প্রকৃত জ্যোতি এখন উজ্জ্বল হয়ে উঠছে। ^৩ যে লোক বলে সে জ্যোতির মাঝে আছে তথাপি নিজের ভাইকে ঘৃণা করে সে এখনও অন্ধকারেই রয়েছে। ^৪ যে লোক নিজের ভাইকে ভালবাসে সে জ্যোতিতেই থাকে এবং তার হোঁচট খাবার কোন কারণ নেই। ^৫ কিন্তু যে নিজের ভাইকে ঘৃণা করে সে অন্ধকারে রয়েছে এবং অন্ধকারেই চলে, আর সে জানে না কোথায় সে যাচ্ছে কারণ অন্ধকার তার চোখকে অন্ধ করেছে। (অনুবাদকৃত টেক্সট)।

২:৭ “প্রিয়তমেরা” যোহন প্রায়ই তার পাঠকদের শ্লেহশীল টার্মে ডাকতেন (১ যোহন ২:১)। এই টার্মটি পিতার দ্বারা ব্যবহৃত হয়েছিল যীশুর বাপ্তিস্মে (মথি ৩:১৭) ও রূপান্তরে (মথি ১৭:৫) তাঁকে উল্লেখ করতে। এটি ছিল যারা রক্ষা পেয়েছে তাদের প্রচলিত মর্যাদা যোহনের চিটিতে (১ যোহন ৩:২,২১; ৪:১,৭,১১; এবং ৩ যোহন ১,২,৫,১১)।

Textus Receptus এ আছে “ভাইয়েরা” (MSS K, L, NKJV), কিন্তু ১ যোহন এটি কেবলমাত্র ব্যবহার করেছে ১ যোহন ৩:১৩ পদে। “প্রিয়তমেরা” সমর্থিত হয়েছে uncial গ্রীক পাণ্ডুলিপি দ্বারা (K, A, B, C, P, এবং Vulgate, Peshitta, Coptic, এবং আমেরিকান সংস্করণ (দেখুন Bruce Metzger, *A Textual Commentary On the Greek New Testament*, p. 708)।

□ “আমি তোমাদের নতুন কোন আদেশ লিখছি না, বরং পুরানো আদেশই লিখছি” এটি হল যোহনের লেখার বৈশিষ্ট্য (যোহন ১৩:৩৪; ১৫:১২,১৭)। সময়ের টার্মে আদেশটি নতুন ছিল না, কিন্তু গুণগতভাবে টার্মটি নতুন। বিশ্বাসীদের আদেশ দেওয়া হয়েছে পরস্পরকে ভালবাসতে যেভাবে যীশু তাদেরকে ভালবেসেছেন (যোহন ১৩:৩৪)।

“পুরাতন আদেশ” বোঝা যেতে পারে দুটি অর্থে।

১. মোশির ব্যবস্থা (অর্থাৎ, লেবীয় ১৯:১৮)
২. যীশুর শিক্ষা যা লিপিবদ্ধ হয়েছে যোহনের সুসমাচারে (অর্থাৎ, যোহন ১৩:৩৪; ১৫:১২,১৭)

□ “পুরাতন আদেশ” ১ যোহন ২:৩ পদে “আদেশ” শব্দটি হল plural, কিন্তু এখানে এটি singular। এটি মনে হয় এই ইঙ্গিত দিচ্ছে যে ভালবাসা অন্য সব আদেশকে পরিপূর্ণ করে (গালা ৫:২২; ১ করি ১৩:১৩)। ভালবাসা হল সুসমাচারের বাধ্যবাধকতা।

□ “যা তোমরা প্রথম থেকেই পেয়েছো” এটি হল একটি IMPERFECT ACTIVE INDICATIVE যেটি উল্লেখ করছে শ্রোতাদের প্রথম সুসমাচারের বার্তা শ্রবণের সময়কে (১ যোহন ২:২৪; ১:১; ৩:১১; ২ যোহন ৫-৬)।

□ “শুনেছো” Textus Receptus শব্দগুচ্ছ “প্রথম থেকে” যুক্ত করেছে (পদের প্রথম দিকে ব্যবহৃত হয়েছে)।

২:৮ “এটা তাঁতে সত্য” pronoun এর gender পরিবর্তন হয়েছে feminine এ ১ যোহন ২:৭ পদের থেকে, যেটি “আদেশ” এ খাপ খায় neuter এ, যেটি সমগ্র সুসমাচারকে উল্লেখ করেছে। pronoun এর একই রকম পরিবর্তন দেখা যায় ইফি ২:৮-৯ পদে।

□ “অন্ধকার বিলীয়মান” এটি হল present middle indicative (A. T. Robertson's *Word Pictures in the New Testament*, p. 212 অনুসারে)। তাদের জন্য যারা খ্রীষ্টে ঈশ্বরকে জানে, নতুন যুগের প্রভাভ এসেছে এবং তা তাদের হৃদয়ে ও অন্তরে অবিরত সকাল হচ্ছে (অর্থাৎ, eschatology উপলব্ধি)।

□ “প্রকৃত জ্যোতি এখন উজ্জ্বল হয়ে উঠছে” যীশু হলেন জগতের জ্যোতি (যোহন ১:৪-৫,৯; ৮:১২), যেটি হল বাইবেল ভিত্তিক সত্য, প্রকাশ এবং নৈতিক শুদ্ধতার রূপক। ১ যোহন ১:৫ এবং ১:৭ পদের নোট দেখুন। নতুন যুগের ভোর হয়েছে!

২:৯ “তথাপি নিজের ভাইকে ঘৃণা করে” এটি হল present active participle যেটি বলে নির্দ্বারিত চলমান আচরণ। ঘৃণা হল অন্ধকারের প্রমাণ (মথি

২:১০ “যে লোক নিজের ভাইকে ভালবাসে সে জ্যোতিতেই থাকে” Present tense verbals এই প্রসঙ্গ প্রভুক্ত করে। ভালবাসা হল বিশ্বাসীদের পরিত্রাণ ও ব্যক্তিগত সম্পর্ক সাথে সত্য ও জ্যোতির জ্ঞান। এটি নূতন, তথাপি পুরাতন আদেশ (১ যোহন ৩:১১,২৩; ৪:৭,১১,২১)।

বিশেষ বিষয়: যোহনের লেখায় “থাকা” (SPECIAL TOPIC: "Abiding" in John's Writings)

NASB, NKJV “এবং তার হোঁচট খাবার কোন কারণ নেই”

NRSV “এই রকম লোকের হোঁচট খাবার কোন কারণ নেই”

TEV “আমাদের মধ্যে এমন কিছু নাই যা কারণে পাপ করার কারণ হতে পারে”

NJB “তার মধ্যে এমন কিছু নাই যা তাকে পতিত করতে পারে”

এই পদের দুটি সম্ভাব্য অনুবাদ হতে পারে।

১. বিশ্বাসীরা যারা ভালবাসায় চলে তারা ব্যক্তিগত ভাবে হোঁচট খাবে না (১ যোহন ২:১১)

২. বিশ্বাসীরা যারা ভালবাসায় চলে তারা অন্যদের হোঁচট খাবার কারণ হবে না (মথি ১৮:৬; রোমীয় ১৪:১৩; ১ করি ৮:১৩)

উভয়ই সত্য! সুসমাচার বিশ্বাসী এবং অন্যদের উপকারী (বিশ্বাসী এবং হারানো উভয়েরই)।

পুরাতন নিয়মে “হোঁচট খাওয়া” হল বিশ্বাসের বিপরিত (নিশ্চিত পদক্ষেপ, দৃঢ় ভঙ্গি)। ঈশ্বরের ইচ্ছা এবং আদেশ একটি স্পষ্ট পথ বা উপায় দ্বারা দেখানো হয়েছে। এটি হল কিভাবে “চলা” হতে পারে জীবন পদ্ধতির জন্য একটি রূপক।

দেখুন বিশেষ বিষয়: পুরাতন নিয়মে বিশ্বাস করা, নির্ভরতা, বিশ্বাস, এবং বিশ্বস্ততা যোহন ১:১৪ পদে।

২:১১ “কিন্তু যে নিজের ভাইকে ঘৃণা করে সে অন্ধকারে রয়েছে এবং অন্ধকারেই চলে” present active indicative (চলা)এর পরেই এসেছে present active participle (ঘৃণা)। ঘৃণা হল অবিশ্বাসের চিহ্ন (১ যোহন ৩:১৫; ৪:২০)। আলো এবং অন্ধকার, ভালবাসা এবং ঘৃণা একই ব্যক্তির মধ্যে অবস্থান করতে পারে না। এটি যোহনের কালো বা সাদা () মন্তব্যের বৈশিষ্ট্য। তিনি আদর্শ প্রকাশ করেছেন! প্রায়ই, বিশ্বাসীরা সংগ্রাম করে কুসংস্কার, প্রেমহীনতা, ও অবহেলার বিরুদ্ধে! সুসমাচার নিয়ে আসে তাৎক্ষণিক পরিবর্তন এবং অগ্রসরমান পরিবর্তন উভয়ই।

□ “অন্ধকার তার চোখকে অন্ধ করেছে” এটি উল্লেখ করতে পারে হয় বিশ্বাসীরা পাপ স্বভাবে পড়ে থাকবে (২ পিতর ১:৫-৯) না হয় শয়তানের কাজে (২ করি ৪:৪)। মানুষের তিনটি শত্রু রয়েছে: (১) পতিত জগতের পদ্ধতি; (২) ব্যক্তিগত দূতের মত প্রলোভনকারী, শয়তান; এবং (৩) আমাদের নিজেদের পতিত, আদমের স্বভাব (ইফি ২:২-৩,১৬; যাকোব ৪)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ২:১২-১৪

^{১২}সন্তানেরা, আমি তোমাদের কাছে লিখছি, কারণ তাঁর নামের গুণে তোমাদের সকল পাপ ক্ষমা করা হয়েছে। ^{১৩}পিতারা, তোমাদের কাছে লিখছি, কারণ যিনি আদি থেকে আছেন তাঁকে তোমরা জান। যুবকেরা, আমি তোমাদের কাছে লিখছি, কারণ তোমরা মন্দ আত্মাকে জয় করেছো। ^{১৪}শিশুরা, তোমাদের কাছে লিখলাম, কারণ তোমরা পিতাকে জান। পিতারা, তোমাদের কাছে লিখলাম, কারণ আদি থেকে যিনি আছেন তাঁকে তোমরা জান, যুবকেরা, তোমাদের কাছে লিখলাম কারণ তোমরা বলবান, আর ঈশ্বরের বাক্য তোমাদের অন্তরে আছে, আর তোমরা সেই মন্দ আত্মাকে জয় করেছো। (অনুবাদকৃত টেক্সট)।

২:১২-১৪ এই পদগুলিতে সব verbs-ই (ব্যতিক্রম “আমি লিখতেছি” [NASB 1970], “আমি লিখেছি” [NASB 1995], UBS⁴ দিয়েছে দ্বিতীয় বিকল্পকে “A” রেটিং (নিশ্চিত) যা হল perfect tense, যেটি অতীতে কাজের কথা বলে যার ফলাফল হল একটি চলমান অবস্থা। যেমন পূর্ববর্তী প্রসঙ্গ বলছে ভদ্র শিক্ষকদের, এই প্রসঙ্গ বলছে বিশ্বাসীদের। বিশ্বাসীদের তিনটি ভিন্ন ভিন্ন উপাধি দেওয়া হয়েছে: “সন্তানেরা,” “পিতারা,” এবং “যুবকেরা।” এই প্যারাগ্রাফ জীবন পদ্ধতির নিশ্চয়তার প্রমাণে প্রসঙ্গের সাথে মসৃণভাবে খাপ খায় না। এটা সম্ভব যে আমরা তিনটি দলের সাথে আলোচনা করবো না কিন্তু সাহিত্য কৌশল বর্ণনা করবে সকল খ্রীষ্টিয়ানদের স্থিরকৃত অবস্থা।

চারটি বিষয় তালিকা করা হয়েছে যা বিশ্বাসীরা জানে।

১. তাদের পাপের ক্ষমা হয়েছে (১ যোহন ২:১২)

২. খ্রীষ্টের মাধ্যমে তারা শয়তানকে জয় করেছে (১ যোহন ২:১৩)

৩. তারা “জানে” তাদের পিতা (১ যোহন ২:১৪ এবং পুত্র (১ যোহন ২:১৩-১৪) উভয়ের সাথেই সহভাগিতা রয়েছে

৪. তারা ঈশ্বরের বাক্যে সবল (১ যোহন ২:১৪)

এই তালিকা ব্যাকরণগত ভাবে প্রকাশ করেছে (১) শব্দগুচ্ছ “আমি তোমাদের লিখতেছি” এবং (২) ছয়টি *hoti* (কারণ) বাক্যাংশ।

□ ২:১২ “কারণ তাঁর নামের গুণে তোমাদের সকল পাপ ক্ষমা করা হয়েছে” যীশুর পরিচর্যা হল মানুষের একমাত্র আশা ক্ষমা পাবার (perfect passive indicative)। ইব্রীয় উপলব্ধিতে, নাম হল চরিত্র ও ব্যক্তিত্বের সমান (১ যোহন ৩:২৩; ৩ যোহন ৭; রোমীয় ১০:৯-১৩; ফিলি ২:৬-১১)।

১ যোহন ২:১২-১৪ পদে ধারাবাহিক ছয়টি *hoti* বাক্যাংশ রয়েছে। এটা হতে পারে উদ্দেশ্যমূলক বাক্যাংশ (NASB, NRSV, NJB, “কারণ”) বা সহজ সরল সাহিত্যের উপায় সত্যের বিবৃতিকে পরিচিত করানোর (NET “যে”)।

২:১৩ “যিনি আদি থেকে আছেন” ১ যোহনে pronouns হল দ্বৈত অর্থবোধক এবং উল্লেখ করতে পারে পিতা ঈশ্বরকে অথবা পুত্র ঈশ্বরকে। প্রসঙ্গে এটি যীশুকে উল্লেখ করেছে। এটি হল পূর্ব অস্তিত্বের বিবৃতি এবং, সেজন্য, তাঁর ঈশ্বরত্ব (১ যোহন ১:১,১৫; ৩:১৩; ৮:৪৮-৫৯; ১৭:৫,২৪; ২ করি ৮:৯; ফিলি ২:৬-৭; কল ১:১৭; ইব্রীয় ১:৩)।

□ “জয় করেছে” এটি হল বার বার বলা প্রতিজ্ঞা এবং সতর্কবাণী ১ যোহনে (১ যোহন ২:১৪; ৪:৪; ৫:৪-৫, ১৮-১৯)। এটি perfect active indicative এ প্রকাশ করা হয়েছে যেটি বলে একটি পদ্ধতির চূড়ান্ত পরিণতি। এখানে আবার যোহন লিখেছেন কালো এবং সাদা টার্মে (এটি উপলব্ধি করেছে eschatological বিজয় খুব স্মরণীয় যোহনের সুসমাচারে)। বিশ্বাসীরা বিজয়ী, তথাপি “ইতিমধ্যে কিন্তু এখনও নয়” ঈশ্বরের রাজ্যের চাপের কারণে, তারা এখন পাপ, প্রলোভন, নির্যাতন এবং মৃত্যুর বিরুদ্ধে সংগ্রাম করছে।

□ “মন্দ আত্মাকে” এটি হল শয়তানের উল্লেখ, যাকে আবার উল্লেখ করা হয়েছে ১ যোহন ২:১৪ পদে। ১৩ ও ১৪ পদ সমান্তরাল। যোহন ১২:৩১ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “কারণ তোমরা পিতাকে জান” বাইবেল ভিত্তিক “জানা” এর ধারণায় ইব্রীয় ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্ক অন্তর্ভুক্ত (আদি ৪:১; যির ১:৫) এবং গ্রীক “সত্য সম্বন্ধে” ধারণা। সুসমাচার ব্যক্তিকে স্বাগত (যীশু), একটি বার্তা (মতবাদ) যা গ্রহণ করতে হবে এবং সেমত কাজ করতে হবে, এবং বাঁচার একটি জীবন।

বিশেষ বিষয়: জানা (paradigm হিসাবে দ্বিতীয় বিবরণে ব্যবহৃত) (SPECIAL TOPIC: KNOW (using mostly Deuteronomy as a paradigm))

২:১৪ “তোমরা বলবান” লক্ষ্য করুন যে তাদের বলবান হওয়ার ভিত্তি হল ঈশ্বরের বাক্যে থাকা। এটি ইফি ৬:১০-১৮ পদে পৌলের উপদেশের মত একই রকম। বাক্যে থাকা হল সুসমাচার। এটি ধারণাগত ও ব্যক্তিগত উভয়ই, ঈশ্বর প্রবর্তন করেন এবং ব্যক্তি তা গ্রহণ করে, উভয়ই একটি সিদ্ধান্ত এবং একটি শিষ্যত্ব, উভয়ই সত্য এবং নির্ভরযোগ্যতা।

□ “ঈশ্বরের বাক্য তোমাদের অন্তরে আছে” এটি ঈশ্বরের বাক্যের ধারণা ব্যক্তিরূপ দিয়েছে (সুসমাচার, ১ যোহন ২:২৪)। এটি যোহন ১৫ অধ্যায়ের একটি পরোক্ষ উল্লেখ। এটি যোহন ৫:৩৮ ও ৮:৩৭ পদে নেতিবাচক অর্থে ব্যবহৃত হয়েছে।

□ “তোমরা সেই মন্দ আত্মাকে জয় করেছে” এটি সত্যিকার বিশ্বাসীদের ধৈর্যধারণের উপরে জোর দিয়েছে। এটি আবার পাওয়া যায় ১ যোহন ২:১৭,১৯, ২৪, ২৭,২৮; ৫:১৮; এবং ২ যোহন ৯ পদে। বিশ্বাসীদের নিরাপত্তার মতবাদ সত্যের সাথে সুখম হওয়া আবশ্যিক যেন যারা সত্যিকার উদ্ধার প্রাপ্ত তারা শেষ পর্যন্ত ধরে রাখতে পারবে (প্রকা ২:৭,১১,১৭,২৬; ৩:৫,১২,২১)। দেখুন বিশেষ বিষয়: ধৈর্যধারণের আবশ্যিকতা যোহন ৮:৩১ পদে। এটি এখন ইঙ্গিত দেয় না পাপহীনতার, যদিও তা একটি ধর্মতাত্ত্বিক সম্ভাবনা খ্রীষ্টের সম্পূর্ণ কাছে (রোমীয় ৬)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ২:১৫-১৭

^{১৫}তোমরা জগতকে ভালবেসো না এমনকি জগতেরা কোন কিছুকে নয়। কেউ যদি জগতকে ভালবাসে, তবে পিতার ভালবাসা তার হৃদয়ে নেই। ^{১৬} কারণ জগতে যা কিছু আছে, মাংসিক কামনা ও চোখের বাসনা এবং জীবনের ঔদ্ধত্যপূর্ণ গর্ব, এসকল পিতা থেকে নয়, কিন্তু জগত থেকে আসে। ^{১৭} আর জগত লুপ্ত হতে চলেছে, আর সেই সঙ্গে এর কামনা-বাসনাও; কিন্তু যে ঈশ্বরের ইচ্ছা পালন করে সে চিরকাল থাকবে। (অনুবাদকৃত টেক্সট)।

২:১৫ “ভালবেসো না” এটি একটি Present active imperative সাথে negative particle, যার অর্থ ইতিমধ্যে চলমান কোন কাজকে বন্ধ করা। জগতকে ভালবাসা Gnostic একটি দলের ভদ্র শিক্ষকদের বৈশিষ্ট্য।

□ “জগত” এই টার্ম নূতন নিয়মে দুটি ভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে:(১) বাস্তব গ্রহ এবং/বা সৃষ্টি করা বিশ্বব্রহ্মাণ্ড (যোহন ৩:১৬; ১৬:৩৩; ১ যোহন ৪:১৪) এবং (২) ঈশ্বর বিহীন মানবিক সমাজ সংগঠিত ও কার্যরত (১ যোহন ২:১৫-১৭; ৩:১,১৩; ৪:৪-৫; ৫:৪-৫,১৯)। প্রথমটি উল্লেখ করছে প্রারম্ভিক বাস্তব সৃষ্টি (আদি ১-২) এবং দ্বিতীয়টি পতিত সৃষ্টি (আদি ৩)। দেখুন বিশেষ বিষয়: *Kosmos* যোহন ১৪:১৭ পদে।

বিশেষ বিষয়: মানবিক সরকার (SPECIAL TOPIC: HUMAN GOVERNMENT)

□ “জগতের কোন কিছুকে নয়” এটি মনে হয় উল্লেখ করেছে বস্তুগত বিষয়কে ভালবাসার কথা (১ যোহন ২:১৬) অথবা সেই সব কিছু যা জগত দিতে চেয়েছে : ক্ষমতা, মর্যাদা, প্রভাব, ইত্যাদি (রোমীয় ১২:২; যাকোব ১:২৭)। এই পতিত জগতের পদ্ধতি ঈশ্বরকে বাদ দিয়ে মানুষের সব প্রয়োজন মিটাতে

চেষ্টা করে। এটি এমন ভাবে জীবনকে গঠন করতে চায় যাতে মানুষ নিজেকে স্বনির্ভরতায় আবির্ভূত হতে পারে। প্রতিষ্ঠান সমূহ যার কাছে আমরা সকলে কৃতজ্ঞ যেহেতু আমাদের পৌত্তলিক করেছে যখন সেগুলি ঈশ্বর থেকে স্বাধীনতার সুযোগ দিচ্ছে। অর্ন্তভুক্ত উদাহরণ: (১) মানবিক সরকার পদ্ধতি; (২) মানবিক শিক্ষা পদ্ধতি; (৩) মানবিক অর্থনৈতিক পদ্ধতি; (৪) চিকিৎসা শাস্ত্রীয় পদ্ধতি, ইত্যাদি।

যেমন Augustine ভালই বলেছেন, “মানুষের ঈশ্বর-আকৃতির একটি ছিদ্র রয়েছে” তার জীবনে। আমরা চেষ্টা করি জাগতিক জিনিস দিয়ে সেই ছিদ্রটা পূর্ণ করতে, কিন্তু আমরা কেবল তাঁতেই শান্তি ও পরিপূর্ণতা পেতে পারি! স্বাধীনতা হল দনের অভিশাপ!

□ “যদি” এটি একটি third class conditional sentence, যার অর্থ সম্ভাব্য কাজ। অমরা যা কিছু ভালবাসি তাই হল প্রমাণ যে আমরা আসলে কার. . ঈশ্বর অথবা শয়তানের।

২:১৬ “মাংসিক কামনা” এটি উল্লেখ করে পতিত মানুষের স্বার্থপর মনোভাবের (গালা ৫:১৬-২১; ইফি ২:৩; ১ পিতর ২:১১)। দেখুন বিশেষ বিষয়: মাংস (sarx) যোহন ১:১৪ পদে।

□ “চোখের বাসনা” যিহূদীরা স্বীকার করতো যে চোখ হল প্রাণের জানলা। পাপ শুরু হয় চিন্তা থেকে আর জীবন ও কাজ হল এর সক্রিয়তার উপায়। যে কোন একজনের সক্রিয়তা উন্নত হয় জীবন পদ্ধতির কর্তৃত্বে (অর্থাৎ, হিতো ২৩:৭)।

□ “এবং জীবনের ঔদ্ধত্যপূর্ণ গর্ব” এটি উল্লেখ করেছে ঈশ্বরকে বাদ দিয়ে মানুষের গর্ব (অর্থাৎ, মানুষের তার নিজস্ব উৎসসমূহের উপরে নির্ভরশীলতা)। *The Jerome Bible Commentary*, vol. II, Raymond Brown, একজন সুপ্রসিদ্ধ Johannine পন্ডিত, শব্দগুচ্ছে বলেছেন,

“যাহোক, *alazoneia*, যাকোব ৪:১৬ পদেও পাওয়া যায়, যার অনেক গর্বের চেয়ে অনেক সক্রিয় অর্থ রয়েছে: এটি উল্লেখ করে দম্ব, গর্বিত ভাব, স্বয়ং সম্পূর্ণতার আত্মতৃপ্তি” (পৃ. ৪০৮)।

টার্ম জীবন হল *bios* যেটি উল্লেখ করে জাগতিক, বাস্তব, এই গ্রহে সাংসারিক জীবন (যা মানুষ গ্রহ এবং জীব জন্তুর সঙ্গে সহভাগ করে, ১ যোহন ৩:১৭)। এই বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করে ভদ্র শিক্ষকদের এবং মন্দ পতিত মানবজাতি উভয় দলকে। ঈশ্বর আমাদের সাহায্য করেন, তাদের আরও বর্ণনা করা হয়েছে অপরিপক্ব খ্রীষ্টিয়ান বলে!

□ “এ সকল পিতা থেকে নয়, কিন্তু জগত থেকে আসে” দুটি কারণ রয়েছে যার জন্য খ্রীষ্টিয়ানেরা জগতকে ভালবাসবে না।

১. এই ভালবাসা পিতার কাছ থেকে আসেনি (১ যোহন ২:১৬)
২. জগত একদিন বিলিন হয়ে যাবে (১ যোহন ২:১৭)

২:১৭ “জগত লুপ্ত হতে চলেছে” এটি একটি present middle indicative (১ যোহন ২:৮)। এটি যিহূদীদের দুটি যুগের সাথে সম্পর্কিত। নূতন এবং সুসম্পন্ন যুগ আসছে; পাপ এবং বিদ্রোহের পুরাতন যুগ লুপ্ত হতে চলেছে (রোমীয় ৮:১৮-২৫)।

বিশেষ বিষয়: এই যুগ এবং যে যুগ আসছে (SPECIAL TOPIC: This Age and the Age to Come)

□ “কিন্তু যে ঈশ্বরের ইচ্ছা পালন করে সে চিরকাল থাকবে” লক্ষ্য করণ কিভাবে অনন্ত জীবন (অর্থাৎ, আক্ষরিক ভাবে “যুগের সাথে থাকা”) ভালবাসা পূর্ণ জীবন পদ্ধতির সাথে সম্পর্কযুক্ত, কেবল মাত্র অতীতে স্বীকৃত বিশ্বাস নয় (মথি ২৫:৩১-৪৬; যাকোব ২:১৪-২৬)। দেখুন বিশেষ বিষয় ঈশ্বরের ইচ্ছা যোহন ৪:৩৪ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ২:১৮-২৫

^{১৮} সন্তানেরা, শেষ কাল এসে গেছে; আর তোমরা যেমন শুনেছ যে খ্রীষ্টারী আসছে, বস্ত্রতঃ এখনই অনেক খ্রীষ্টারীর উদ্ভব হয়েছে; এতেই আমরা জানতে পারি যে শেষ কাল এসে গেছে। ^{১৯} এরা আমাদের মধ্যে থেকে বের হয়েছে, তবে এরা প্রকৃতপক্ষে আমাদের কেউ ছিল না; কারণ এরা যদি আমাদের হত, তাহলে আমাদের সঙ্গেই থাকত; কিন্তু তারা বের হয়েছে, যেন প্রকাশ হয়ে পড়ে যে তারা সকলে আমাদের নয়। ^{২০} কিন্তু তোমরা সেই পবিত্রতম দ্বারা অভিষিক্ত হয়েছো, ও তোমরা সব কিছুই জান। ^{২১} তোমরা সত্য জান না বলে যে আমি তোমাদের লিখছি তা নয়, বরং তোমরা সত্য জান, এবং কোন মিথ্যা কথা সত্য থেকে হয় না। ^{২২} মিথ্যাবাদী কে যে যীশুই যে খ্রীষ্ট তা যে অস্বীকার করে সে-ই? খ্রীষ্টারী হচ্ছে সে-ই, যে পিতা ও পুত্রকে অস্বীকার করে। ^{২৩} যে কেউ পুত্রকে অস্বীকার করে, সে পিতাকে পায় নাই; পুত্রকে যে স্বীকার করে সে পিতাকে পেয়েছে। ^{২৪} যেমন তোমরা প্রথম থেকে যা শুনেছো তা তোমাদের অন্তরে থাকুক। প্রথম থেকে যা শুনেছো তা যদি তোমাদের অন্তরে থাকে তবে তোমরাও পিতাতে ও পুত্রতে থাকবে। ^{২৫} এই হল তাঁর সেই প্রতিজ্ঞা যা তিনি আমাদের কাছে করেছেন: তা অনন্ত জীবন। (অনুবাদকৃত টেক্সট)।

২:১৮ “সন্তানেরা” ১ যোহন ২:১ পদে নোট দেখুন।

□ “শেষ কাল এসে গেছে” আক্ষরিক ভাবে এটি হল “শেষ কাল” কোন article ছাড়াই (কেবলমাত্র এখানেই পাওয়া যায়)। যেমন “শেষ দিনগুলি,” এটি নূতন নিয়মে ব্যবহৃত একটি শব্দগুচ্ছ যীশু খ্রীষ্টের দ্বিতীয় আগমন বোঝাতে ব্যবহৃত হয়েছে (যোহন ৬:৩৯-৪০,৪৪)। এটি যোহনে একটি গুরুত্বপূর্ণ ধারণা কারণ আমাদের এই সময়ে অনেক ব্যাখ্যাকারক প্রভাবিত হয়েছেন C. H. Dodd এর “উপলব্ধির eschatology” দ্বারা (amillennialism এর একটি বড় তত্ত্ব)। এটি নিশ্চিত ভাবে সত্য যে যোহন অনন্যভাবে এবং জোর দিয়ে শিক্ষা দিচ্ছেন যে যীশুতেই ঈশ্বরের রাজ্য এসেছে। যাহোক, এই টেক্সট প্রকাশ করে যে ভবিষ্যতেও সুসম্পূর্ণ করা হবে (ঘটনা বা সময়কাল)। উভয়ই সত্য। এটি নূতন নিয়মের চাপের (paradox) আর একটি প্রকাশ “ইতিমধ্যে এবং এখনও নয়” এর মধ্যে (অর্থাৎ, “আসিতেছেন”) দুটি যিহূদী যুগের, যেটি সময়ে এটি অপরটিকে অতিক্রম করেছে।

□ “খ্রীষ্টারী. . . খ্রীষ্টারী” এই বর্ণনামূলক শব্দগুচ্ছ singular এবং plural উভয়ই; কোন টার্মেই article নেই (অনুসরণ হরা হয়েছে MSS κ^* , B, C)। কেবল যোহনেই এই টার্ম নূতন নিয়মে ব্যবহার করেছেন (১ যোহন ২:১৮,২২; ৪:৩; ২ যোহন ৭)। প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টির fuller নোট দেখুন ২:৩-২৭ পদে, ঘ।

□ “আসিতেছে” এটি একটি present middle (deponent) indicative। Koine গ্রীকে গ্রীক verb এর কিছু কিছু গঠন ব্যবহার বাদ দিয়েছে এবং অন্য গঠনগুলি তাদের সক্রিয়তায় গ্রহণ করেছে। Deponent verbs হল middle অথবা passive voice হল গঠনে, কিন্তু অনুবাদ হয়েছে অর্থের দিকে Active voice হিসাবে। এখানে present ব্যবহৃত হয়েছে ভবিষ্যৎ ঘটনার নিশ্চয়তা প্রকাশে। খ্রীষ্টারী, singular, আসিতেছে এবং অনেক ভক্ত শিক্ষক বা ভক্ত মশীহ তাদেরই মত ইতিমধ্যে আবির্ভূত হয়েছে (খ্রীষ্টারী)।

এটি ঠিক ধর্মতাত্ত্বিক ভাবে সম্ভব যে যেহেতু শয়তার খ্রীষ্টের ফিরে আসার সময় জানে না, সে এর মধ্যেই কোন একজনকে প্রস্তুত করেছে জগতের নেতৃত্বে পদার্পণ করতে যে কোন মুহূর্তের সুযোগে।

□ “আবির্ভূত হয়েছে” এটি একটি perfect active indicative। খ্রীষ্টের আত্মার “বিরোধী” এর মধ্যে উপস্থিত হয়েছে এবং পতিত জগতে সক্রিয় রয়েছে (অর্থাৎ, ভক্ত শিক্ষকেরা), তথাপি এখনও ভবিষ্যতের প্রকাশ রয়েছে। কোন কোন ব্যাখ্যাকারণ একে বুঝেছেন যে যোহনের দিনে এটি উল্লেখ করছে রোমীয় সাম্রাজ্যকে, অন্যদিকে অন্যরা একে দেখেছেন শেষ দিনের ভবিষ্যৎ জাগতিক সাম্রাজ্য হিসাবে। অনেক অর্থে, এটি উভয়ই! শেষ কাল আরম্ভ হয়েছে দেহধারণে এবং সুসম্পন্ন হওয়া পর্যন্ত চলবে (খ্রীষ্টের দ্বিতীয় আগমন)।

২:১৯ “এরা আমাদের মধ্যে থেকে বের হয়েছে, তবে এরা প্রকৃতপক্ষে আমাদের কেউ ছিল না” এটি একটি নিখুঁত উদাহরণ ভক্ত শিক্ষার এবং ভক্ত পেশার দৃশ্যমান মণ্ডলীতে (মথি ৭:২১-২৩; ১৩:১-৯,১৮-২৩,২৪-৩০)। তাদের সত্য, ভালবাসা এবং ধৈর্যধারণের অভাব প্রমাণ দেয় যে তারা বিশ্বাসী নয়। ধর্ম বিরোধিতা সব সময় নিজেদের ভিতর থেকেই আসে!

১ যোহনের লেখক খুব সতর্কতা অবলম্বন করেছেন তার verb tenses মনোনয়নে। ১৯ পদ প্রতিফলিত করে

১ ভক্ত শিক্ষকেরা বের হয়ে গেছে (aorist)

২ তারা কখনই সত্যিকারের একটি অংশ ছিল না (imperfect)

৩ যদি তারা অংশ হতো তবে তারা বের হয়ে যেত না (একটি second class conditional sentence সাথে একটি pluperfect verb)

দেখুন বিশেষ বিষয়: স্বধর্মত্যাগ (SPECIAL TOPIC: Apostasy) যোহন ৬:৬৪ পদে।

□ “যদি” এটি একটি second class conditional sentence যাকে বলা হয় সত্যের সাথে বিপরিত। এটি অনুবাদ হওয়া উচিত, “যদি তারা আমাদের হতো, যেটি তারা নয়, তাহলে তারা আমাদের সঙ্গেই থাকতো, যেটি তারা থাকে নি।”

□ “তাহলে আমাদের সঙ্গেই থাকত” এটি একটি pluperfect active indicative যেটি বলে অতীল কালের সম্পূর্ণ কাজের কথা। এটি ধৈর্যধারণের মতবাদের কয়েকটি উল্লেখের একটি (১ যোহন ২:২৪,২৭,২৮)। সত্যিকার বিশ্বাস অবস্থিতি করে এবং ফল ধরে (মথি ১৩:১-২৩)। দেখুন বিশেষ বিষয় যোহন ৮:৩১ পদে।

২:২০ “তোমরা সেই পবিত্রতম দ্বারা অভিষিক্ত হয়েছে” “তোমরা” হল plural যেটি জোর দিচ্ছে গ্রীক টেক্সটে তুলনা করে পার্থক্য করার তাদের যারা খ্রীষ্টিয় সহভাগিতা ত্যাগ করেছে। এটি সম্ভব যে Gnostics রা প্রভাবিত হয়েছিল প্রাচ্যের “রহস্যময়” ধর্ম এবং চিন্তা দ্বারা যে একটি বিশেষ অভিষেক যেটি ঈশ্বরের জ্ঞান এবং সনাক্তকরণ আনবে। যোহন দাবী করেছেন যে এরা ছিল বিশ্বাসী, Gnostics নয়, যাদের অভিষেক ছিল (বিশেষ দীক্ষা) ঈশ্বর থেকে।

বিশেষ বিষয়: পবিত্রতম (SPECIAL TOPIC: The Holy One)

□ “অভিষেক” দেখুন বিশেষ বিষয়: বাইবেলে অভিষেক (BDB 603) (SPECIAL TOPIC: Anointing in the Bible (BDB 603)) বাইবেলে যোহন ১১:২ পদে।

NASB “ও তোমরা সব কিছুই জান”
NKJV “ও তোমরা জান সব কিছুই”
NRSV “ও তোমরা সকলের জ্ঞান রয়েছে”
TEV “ও সেই রকম তোমরা সকলে সত্য জান”
NJB “ও তোমরা সকলে জ্ঞান লাভ করেছো”

ভক্ত শিক্ষকদের গোপন জ্ঞান সম্পর্কে তাদের ঔদ্যত্বপূর্ণ দাবীর আলোকে এটি একটি তাৎপর্যমূলক মন্তব্য ছিল। যোহন দাবী করেছেন যে বিশ্বাসীদের মূল খ্রীষ্টিয় জ্ঞান রয়েছে (১ যোহন ২:২৭ এবং যোহন ১৬:৭-১৪ ও যিরমিয় ৩১:৩৪), ধর্মীয় বা অন্য জগত বা জ্ঞানের ব্যাপক জ্ঞান নয় (১ যোহন ৩:২)। কারণ যোহনে, সত্য হল ধারণাগত ও ব্যক্তিগত উভয়ই, যেমন অভিষেক যেটি উল্লেখ করতে পারে সুসমাচার বা আত্মা।

এই শব্দগুচ্ছে গ্রীক পাণ্ডুলিপিগত পার্থক্য রয়েছে। NKJV অনুসরণ করেছে uncial পাণ্ডুলিপি A, C এবং K, *panta* থাকতে, একটি neuter plural ব্যবহৃত হয়েছে Direct object হিসাবে, যখন NASB অনুসরণ করেছে α , B, এবং P, *pantes* থাকতে, একটি masculine plural, যেটি subject “তোমরা সকলে” এর দিকে দৃষ্টি দিয়েছে। ভক্ত শিক্ষকদের একচেটিয় দাবীর আলোকে, শেষ বিকল্পটিই উত্তম। UBS⁴ একে “B” রেটিং দিয়েছে (প্রায় নিশ্চিত)। অভিষেক এবং জ্ঞান সব বিশ্বাসীকেই দেওয়া হয়েছে, মনোনীত, বিশেষ, মেধাবী, আত্মিক অল্প কয়েকজনকে নয়!

২:১ এটি অনেক পদের একটি যেটি দাবী করে যে যোহনের পাঠকদের পরিব্রাজনের বিশ্বাসের আশ্বাস ও সত্য জানা ছিল। এই পদে আশ্বাসের ভিত্তি আত্মার অভিষেকের উপরে যিনি বিশ্বাসীদেরকে সুসমাচারের জ্ঞানের জন্য ক্ষুধা দিয়েছেন।

২:২২ “মিথ্যাবাদী কে” এই শব্দগুচ্ছে রয়েছে definite article, সেজন্য, যোহন উল্লেখ করছেন যে কোন একটি

১. সুনির্দিষ্ট ভক্ত শিক্ষকেরা (সম্ভবত Cerinthus)

২. “বড় মিথ্যা” এবং সুসমাচারকে অস্বীকার (১ যোহন ৫:১০)

“মিথ্যাবাদী” সমান্তরাল “খ্রীষ্টারী” এর সাথে। প্রতিটি যুগে খ্রীষ্টারীর আত্মা উপস্থিত; একটি মূল সংজ্ঞা (preposition “বিপক্ষ” দুটি অন্তর্নিহিত তাৎপর্য) হল “একজন যে যীশুকে খ্রীষ্ট বলে অস্বীকার করে” বা “একজন যে খ্রীষ্টকে পুনঃস্থাপন করতে চেষ্টা করে।”

□ “যে যীশুই হলেন খ্রীষ্ট” Jerome Biblical Commentary, p. 408, একটি ভাল পয়েন্ট দিয়েছে, “লেখক খুব সাধারণ ভাবে পরিপূর্ণ হবার অর্থ করেন নাই পুরাতন নিয়মের যীশু এবং যিহুদীদের মশীহের প্রত্যাশার। ‘খ্রীষ্ট’ এখানে এর পূর্ণ অর্থে যেভাবে নূতন নিয়ম যীশুর মর্যাদা উল্লেখ করেছে, যার কথা এবং কাজ তাঁকেই মানুষের ঐশ্বরীক উদ্ধারকর্তা বলে ঘোষণা করছে (প্রেরিত ২:৩১; রোমীয় ১:৪)।”

এটি সম্ভব যে এই মতবাদগত নিশ্চয়তা সক্রিয় রয়েছে

১. Gnosticism বিরুদ্ধে দৃঢ় যুক্তি হিসাবে

২. পলেষ্টিয় মতবাদগত সূত্র যা স্পষ্টভাবে মণ্ডলী থেকে সমাজগৃহ আলাদা করেছে; এটি প্রতিফলিত করতে পারে রাব্বীদের post-Jamnia (৭০ খ্রীষ্টাব্দ) অভিশাপের সূত্র

৩. যেমন, “যীশুই প্রভু,” এটা হতে পারে একটি বাপ্তিস্মের শপথ

২:২২-২৩ “যে কেউ পুত্রকে অস্বীকার করে” দৃশ্যত Gnostic ভক্ত শিক্ষকেরা দাবী করে যে তারা ঈশ্বরকে জানে, কিন্তু তারা অস্বীকার করেছে, স্থানান্তর করেছে, এবং অবমূল্যায়ন করেছে যীশু খ্রীষ্টের স্থানকে (১ যোহন ৪:১-৬; ৫:১১-১২; যোহন ৫:২৩)।

দ্বিতীয় শতকের Gnostics লেখনীর ভিত্তি অনুসারে, নূতন নিয়ম, এবং প্রাথমিক মণ্ডলীর আদি পিতাদের মন্তব্যে, পরবর্তীতে উল্লেখিত বিশ্বাস বের হয়ে এসেছে।

১. Gnostics রা চেষ্টা করেছে খ্রীষ্ট ধর্মকে গ্রীক দর্শনের (প্লেটো) এবং প্রাচ্যের রহস্যময় ধর্মের সাথে যোগবন্ধন করতে।

২. তারা শিক্ষা দিয়েছে যে যীশু ঐশ্বরীক ছিলেন কিন্তু মানুষ ছিলেন না কারণ আত্মা ভাল, কিন্তু বস্তু (মাংস) ছিল মন্দ। সেজন্য, ঈশ্বরের কোন সম্ভাবনা ছিল না দৈহিক দেহধারণের।

৩. তারা পরিব্রাজন সম্বন্ধে দুটি বিষয় শিক্ষা দিত

ক. একটি দল দাবী করতো যে দূতদের ক্ষেত্রের (*aeon*) বিশেষ জ্ঞান আত্মার পরিব্রাজন এনেছে যেটি জগতের দৈহিক দেহের কাজের সাথে সম্পর্কহীন।

খ. অন্য একটি দল দৈহিক সন্ন্যাসবাদে জোর দিত (কল ২:২০-২৩)। তারা দাবী করতো যে সত্যিকার পরিব্রাজনের জন্য সম্পূর্ণ ভাবে দেহের চাওয়া ও আকাংখ্যাকে অস্বীকার করা চূড়ান্ত ছিল।

২:২৩ Textus Receptus এর এই পদ, অনুসরণ করেছে uncial পাণ্ডুলিপি K এবং L, দুর্ঘটনাবশত মূল টেক্সটের দ্বিতীয় সমান্তরাল পিতার উল্লেখ বাদ দেবার দ্বারা, যেটি দৃঢ় ভাবে সমর্থন করেছে গ্রীক uncial পাণ্ডুলিপি α , A, B, এবং C দ্বারা।

□ “যে স্বীকার করে” এটি একেবারে “যে কেউ অস্বীকার করে” এর বিপরিত ১ যোহন ২:২২[দু’বার] এবং ২৩ [একবার] এবং ২৬[একবার] পদের। দেভুন

বিশেষ বিষয়: স্বীকার করা যোহন ৯:২২-২৩ পদে।

□ “পুত্রকে” ঈশ্বরে সঙ্গে সহভাগিতা কেবলমাত্র পাওয়া যায় পুত্রে বিশ্বাসের মাধ্যমে (১ যোহন ৫:১০-১২,১৩)। যীশুর উপরে বিশ্বাস কোন ঐচ্ছিক বিষয় নয়! তিনি হলেন পিতার কাছে যাবার একমাত্র উপায় (যোহন ৫:২৩; ১৪:৬; লূক ১০:১৬)।

৫:২৪ “যেমন তোমরা” এটি দেখায় খুব জোর তুলনা যোহনের পাঠক এবং ভক্ত শিক্ষক ও তাদের অনুসরণকারীরা যারা চলে গেছে এদের মধ্যে (১ যোহন ২:২৭)।

□ “প্রথম থেকে যা শুনেছো তা তোমাদের অন্তরে থাকুক” এটি একটি present active imperative সাথে ব্যাকরণগত গুরুত্বদান করা হয়েছে “তোমাদের” উপরে (যেটি হল গ্রীক শব্দগুচ্ছের প্রথমে) তুলনা করে পার্থক্য করা হয়েছে খন্ড শিক্ষকদের বার্তা। সুসমাচারকে ব্যক্তিরূপ দান করা হয়েছে এবং বর্ণনা করা হয়েছে একজন বাসকারী অতিথি হিসাবে। এটি হল দুটি কারণের প্রথম কারণ যেটি ভক্ত শিক্ষকদের (মিথ্যাবাদী) উপরে খ্রীষ্টিয়ানদের বিজয়ের জন্য দেওয়া হয়েছে। দ্বিতীয়টি পাওয়ার যায় ১ যোহন ২:২০ এবং ২৭ পদে, যেখানে আত্মার অভিষেকের উল্লেখ করা হয়েছে। আবার, সুসমাচার বার্তা ও ব্যক্তি হিসাবে যুক্ত “প্রথম থেকে” শব্দগুচ্ছের সংযুক্তি দ্বারা (১ যোহন ২:১৩,১৪,২৪[দু’বার])। ঈশ্বরের বাক্য সন্তুষ্টি এবং ব্যক্তিগত, লিখিত এবং জীবন্ত উভয়ই (১ যোহন ১:৮, ১০; ২:২০,২৪)! দেখুন বিশেষ বিষয়: থাকা ১ যোহন ২:১০ পদে।

□ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সাম্ভাব্য কাজ। এটি চলমান সতর্কবাণী এবং উপদেশ “থাকা” এর সাথে সম্পর্কিত। থাকার নিবৃত্তি প্রকাশ করে যে তারা কখনই অংশ ছিল না (১ যোহন ২:১৮-১৯)। “থাকার” এর জীবন পদ্ধতির প্রমাণ বিশ্বাসের আশ্বাস আনে (যোহন ১৫)। থাকা হল একটি বার্তা শোনা হয়েছে এবং গ্রহণ করা হয়েছে ও একটি সহভাগিতা পুত্র ও পিতার সাথে (যোহন ১৪:২৩) যেটি জীবন পদ্ধতির মনোনয়নে প্রকাশিত, উভয়ই ইতিবাচক ভাবে (ভালবাসা) এবং নেতিবাচক ভাবে (জগতের প্রত্যাখান)।

২:২৫ “এই হল তাঁর সেই প্রতিজ্ঞা যা তিনি আমাদের কাছে করেছেন: তা অনন্ত জীবন” আবার ১ যোহন ২:২৫ পদে pronouns খুব দ্ব্যর্থব্যাঞ্জক এবং উল্লেখ করতে পারে পিতা ঈশ্বর বা পুত্র ঈশ্বরকে। হতে পারে এটি উদ্দেশ্যমূলক (২ পিতার ১ অধ্যায়ের মত)। দৃশ্যত এই মন্তব্য অনেকটা যোহন ৩:১৫-১৬ এবং ৬:৪০ পদের মত। বিশ্বাসীদের প্রত্যাশা স্থাপিত ঈশ্বরে প্রতিজ্ঞা ও চরিত্রের উপরে (যিশা ৪৫:২৩; ৫৫:১১)। আমাদের ঘনিষ্ঠ সহভাগিতা ত্রিভুজ ঈশ্বরের সাথে আশা জাগায়, হ্যাঁ, অনন্ত জীবনের প্রতিজ্ঞা (১ যোহন ৫:১৩)। অনন্ত জীবনের দৃশ্যমান বৈশিষ্ট্য রয়েছে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ২:২৬-২৭

“যারা তোমাদের প্রতারণিত করার চেষ্টা করছে তাদের সম্পর্কে এই সব কথা আমি তোমাদের লিখলাম।”^{২৬} আর তোমরা তাঁর কাছ থেকে যে অভিষেক পেয়েছো তা তোমাদের অন্তরে রয়েছে, আর অন্য কারও কাছ থেকে শিক্ষা নেওয়ার প্রয়োজন তোমাদের নেই; কিন্তু তাঁর সেই অভিষেক যেমন তোমাদের সকল বিষয়ে শিক্ষা দেয় এবং তা সত্য, মিথ্যা নয়, আর সেইজন্য তোমরা যেমন শিক্ষা পেয়েছ তেমনি তোমরা তাঁতেই থাক। (অনুবাদকৃত টেক্সট)।

২:২৬ “যারা তোমাদের প্রতারণিত করার চেষ্টা করছে” এটি একটি present active participle। প্রতারক প্রত্যেক যুগেই থাকে (মথি ৭:১৫; ২৪:১১,২৪; ২ যোহন ৭)। এটা প্রায়ই খাঁটি ধার্মিক যারা মণ্ডলীর সমাবেশে প্রতিনিয়ত উপস্থিত এবং সক্রিয় থাকে।

২:২৭ “অভিষেক” এটি মনে হয় জোর দিচ্ছে অভিষেকের ফলাফলের উপরে, উপায় (আত্মা) বা অর্ন্তভুক্ত উপাদানে (সুসমাচারের সত্য) নয়। অভিষেক পুরাতন নিয়মের একটি ধারণা ছিল একজন লোককে ঈশ্বর দত্ত কাজের জন্য বিশেষ আহ্বান ও সুসজ্জিতকরণ। ভাববাদীরা, যাজকেরা, এবং রাজারা অভিষিক্ত ছিলেন। এই টার্ম শব্দতত্ত্ব অনুসারে “মশীহ” টার্মের সাথে সম্পর্কিত। এখানে এটি উল্লেখ করছে ফলাফলের স্থিরতা যেটি পবিত্র আত্মা হৃদয় ও মনকে অলোকিত করেন সুসমাচারের প্রতি বিশ্বাসীদের জন্য। দেখুন [বিশেষ বিষয়: বাইবেলে অভিষেক \(BDB 603\)](#) ([SPECIAL TOPIC: Anointing in the Bible \(BDB 603\)](#)) বাইবেলে যোহন ১১:২ পদে।

ভক্ত শিক্ষকেরা দাবী করছিল ঈশ্বরে বিশেষ প্রকাশের (অর্থাৎ, বিশেষ অভিষেক)। যোহন জোর দিয়ে বলছেন যে সকল বিশ্বাসীদের ইতিমধ্যেই সত্যিকারের অভিষেক হয়েছে যখন তারা অভিষিক্ত ব্যক্তিতে নির্ভর করেছে সে সময় থেকে, তারা তাঁর আত্মায় পূর্ণ এবং ঈশ্বরে বাক্যে অবস্থিতি করে।

□ “যে অভিষেক পেয়েছো” এটি একটি aorist active indicative যেটি নির্দিষ্ট করে দেখিয়ে দিচ্ছে অতীতে সম্পন্ন হওয়া কিছু কাজ। “অভিষেক” ১ যোহন ২:২৪ পদের “তোমরা শুনেছো” এর সাথে সমান্তরাল। সুসমাচার অবশ্যই গ্রহণ করতে হবে (১) বিশ্বাসে ব্যক্তিগত ভাবে (যোহন ১:১২; ৩:১৬) এবং (২) সত্যের দল হিসাবে (২ যোহন ৯-১০; ১ করি ১৫:১-৪; যিহুদা ৩)। এই উভয় কাজেরই মধ্যস্থতা করা হয়েছে পবিত্র আত্মা দ্বারা।

□ “আর অন্য কারও কাছ থেকে শিক্ষা নেওয়ার প্রয়োজন তোমাদের নেই” ২৭ পদ ১ যোহন ২:২০ পদের সাথে সমান্তরাল (অর্থাৎ, নূতন চুক্তি, যির ৩১:৩৪)। যোহন বারবার বলা ভাব (themes) ব্যবহার করেছেন (১ যোহন ২:২০,২৪,২৭)। পবিত্র আত্মা, Gnostic ভক্ত শিক্ষকেরা নয়, হলেন আমাদের চূড়ান্ত ও অপরিহার্য শিক্ষক (যোহন ১৪:২৬)। যাহোক, এর অর্থ এই নয় যে শিক্ষকের কাজ এবং দান প্রাথমিক মণ্ডলী ও আজকে সক্রিয় নয় (ইফি ৪:১১; প্রেরিত ১৩:১; ১ করি ১২:২৮)। এর সহজ অর্থ হল যে পরিত্রাণ সম্বন্ধে মূল বিষয় আসছে পবিত্র আত্মা ও বাইবেল থেকে, কোন বিশেষ, নিবেদিত, মানবিক শিক্ষকের কাছ থেকে নয়, যদিও তিনি প্রায়ই এগুলি উপায় হিসাবে ব্যবহার করেন।

□ “কিন্তু তাঁর সেই অভিষেক যেমন তোমাদের সকল বিষয়ে শিক্ষা দেয়, এবং তা সত্য, মিথ্যা নয়” এটি উল্লেখ করছে আত্মিক সত্য। প্রতিটি খ্রীষ্টিয়ানের পবিত্র আত্মার পরিচালনাকারী তার বিবেক। আমাদের অবশ্যই স্পর্শকাতর হতে হবে আত্মার নশ্র নেতৃত্বে সত্য এবং নৈতিকতার ক্ষেত্রে।

□ “আর সেইজন্য তোমরা যেমন শিক্ষা পেয়েছ, তেমনি তোমরা তাঁতেই থাক” এটি একটি present active imperative। যোহন “থাকা” এই ধারণা ব্যাপক ভাবে ব্যবহার করেছেন তার চিঠিতে তার পাঠকদের জন্য বিশ্বাসে আশ্বাসের উপাদান হিসাবে (যোহন ১৫)। বাইবেল ভিত্তিক বিশ্বাস হল নিয়ম যেখানে ঈশ্বর অগ্রণী ভূমিকা পালন করেন এবং প্রোগ্রাম স্থির করেন, কিন্তু মানুষকে প্রথমেই সাড়া প্রদান করতে হবে এবং অবিরত করতে হবে(থাকা)! এখানে ঐশ্বরীক দিক এবং মানবিক দিক উভয়ই থাকার সঙ্গে জড়িত। দেখুন বিশেষ বিষয়: থাকা ১ যোহন ২:১০ পদে।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেককারী, চূড়ান্ত নয়।

১. ভুল শিক্ষকদের বিশ্বাস বর্ণনা করুন।
২. কিভাবে আমরা জানতে পারি যে আমরা সত্যিকার পরিত্রাণ পেয়েছি তার প্রমাণ দিন।
৩. অভ্যাসগত পাপ এবং বিচ্ছিন্ন ভাবে কৃত পাপ কাজের সম্পর্ক ব্যাখ্যা করুন।
৪. বিশ্বাসীদের ধৈর্যধারণ এবং বিশ্বাসীদের নিরাপত্তার মধ্যকার সম্পর্ক ব্যাখ্যা করুন।
৫. মানুষের তিনটি শত্রুর তালিকা ও ব্যাখ্যা করুন।

১ যোহন ২:২৮-৩:২৪

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ঈশ্বরের সন্তান (২:২৮-৩:১০)	ঈশ্বরের সন্তান	সত্যিকার বিশ্বাসে আনুগত্য (২:১৮-২৯)	খ্রীষ্টের শত্রু (২:১৮-২৯)	ঈশ্বরের সন্তানের মত জীবন যাপন (২:২৯-৪:৬)
২:২৮-৩:৩	২:২৮-৩:৩	২:২৮ ২:২৯ সন্তানোচিত সম্পর্ক সঠিক আচরণে প্রকাশ পেয়েছে ৩:১-১০	২:২৮-২৯ ঈশ্বরের সন্তান ৩:১-৩	২:২৯-৩:২ প্রথম শর্ত: পাপের সাথে সম্পর্ক ছেদ ৩:৩-১০
৩:৪-১০	৩:৪-৯	ভালবাসার আদেশসূচক কাজ	৩:৪-৬ ৩:৭-৮ ৩:৯-১০	
পরস্পরকে ভালবাসা ৩:১১-১৮	৩:১০-১৫	পরস্পরের জন্য ভালবাসা	পরস্পরকে ভালবাসা ৩:১১-১২ ৩:১৩-১৮	দ্বিতীয় শর্ত: আদেশ পালন করা, বিশেষত জীবনে ৩:১১-২৪
ঈশ্বরের সামনে নির্ভরতা ৩:১৯-২৪	৩:১৬-২৩ সত্যের আত্মা ও ভ্রাতৃত্ব আত্মা	খ্রীষ্টীয় নিশ্চয়তা ৩:১৯-২৪	ঈশ্বরের সামনে সাহস ৩:১৯-২৪	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ

৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি

প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. ২ অধ্যায় সরাসরি Gnostic ভঙ্গ শিষ্ককদের বলা হয়েছে (বিশেষ করে Docetic Gnostics যারা যীশুর মানবিকতাকে অস্বীকার করেছিল)।
- খ. ৩ অধ্যায় চলমান ভঙ্গ শিষ্ককদের পরোক্ষভাবে বলা যারা পরিত্রাণকে (ধার্মিকতা) ভাগ করেছিল নীতি এবং নৈতিকতা (শুচিকরণ) থেকে। তথাপিও ৩ অধ্যায় বিশ্বাসীদের আরও সরাসরি বলেছে।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ২:২৮-৩:৩

^{২৮} আর এখন, সন্তানেরা, তাঁতে থাক, যেন তিনি যখন আবির্ভূত হবেন, তখন আমরা যেন সাহসযুক্ত হই এবং তাঁর আগমনে তাঁর থেকে লজ্জায় সঙ্কুচিত না হই। ^{২৯} যদি তোমরা জান যে তিনি ধার্মিক, তবে একথাও জানতে পার যে কেউ ধর্মাচরণ করে সে তাঁর থেকে জাত। ^{৩০} দেখ, পিতা আমাদের কেমন ভাল বেসেছেন যে আমাদের ঈশ্বরের সন্তান বলে ডাকা হয়েছে; আর আমরা তৃ-ই বটে। এই জন্য জগৎ আমাদের জানে না, কারণ জগৎ তাঁকে জানে না। ^{৩১} প্রিয়তমেরা, এখন আমরা ঈশ্বরের সন্তান, এবং কি হব তা এখনও প্রকাশিত হয়নি। আমরা জানি যে তিনি যখন আবির্ভূত হবেন, তখন আমরা তাঁর মত হব, কারণ তিনি যেমন আছেন তাঁকে তেমনই দেখতে পাব। ^{৩২} আর যে কারও তাঁর কাছে এই প্রত্যাশা স্থির আছে যে সে নিজেকে তাঁর মতই খাঁটি করে, যেমন তিনি খাঁটি। (অনুবাদকৃত টেক্সট)।

২:২৮ ব্যাখ্যাকারনদের মধ্যে অনেক আলোচনা হয়েছে যে ২৮, ২৯ বা ৩:১ পদ থেকে নূতন প্যারাগ্রাফ শুরু হয়েছে কি না। কারণ ১ যোহন ৩:২৭ এবং ২৮ পদের পুনরাবৃত্তি, প্যারাগ্রাফ বিভাগ সম্ভবত এখান থেকেই যাওয়া উচিত।

□ “সন্তানেরা” ১ যোহন ২:১ পদের নোট দেখুন।

□ “তাঁতে থাক” এটি একটি present active imperative। এটি হল third present imperative ব্যবহৃত হয়েছে খ্রীষ্টিয় ধৈর্যধারণকে উৎসাহিত করতে (১ যোহন ৩:১৫, ২৪)। দেখুন বিশেষ বিষয়: ধৈর্যধারণের আবশ্যিকতা যোহন ৮:৩১ পদে এবং থাকা ১ যোহন ২:১০ পদে।

pronouns' antecedents প্রায়ই চিহ্নিত করা কঠিন, কিন্তু এই প্যারাগ্রাফে, সেগুলি স্পষ্ট।

১. “তাঁতে,” ১ যোহন ৩:২৮^ক – যীশু
২. “তাঁর থেকে,” ১ যোহন ৩:২৮^খ – যীশু
৩. “তাঁর,” ১ যোহন ৩:২৮^গ – যীশু
৪. “তিনি ধর্মময়,” ১ যোহন ৩:২৯ – পিতা
৫. “তাঁতে জাত,” ১ যোহন ৩:২৯ – পিতা (নোট দেখুন)
৬. “তাঁকে জানা,” ১ যোহন ৩:১ – পিতা (যোহন ১৫:২১; ১৬:২-৩)
৭. “তিনি আবির্ভূত,” ১ যোহন ৩:২ – যীশু
৮. “তাঁর মত,” ১ যোহন ৩:২ – যীশু
৯. “তাঁকে দেখা,” ১ যোহন ৩:২ – যীশু
১০. “তিনি হলেন,” ১ যোহন ৩:২ – যীশু
১১. “তাঁর উপরে,” ১ যোহন ৩:৩ – যীশু
১২. “যেমন তিনি নিখুঁত,” ১ যোহন ৩:৩ – যীশু

প্রসঙ্গ, প্রসঙ্গ, প্রসঙ্গ!

□ “তিনি যখন আবির্ভূত হবেন” এটি একটি third class conditional sentence, ১ যোহন ৩:২৯ পদের মত, এবং এছাড়াও ১ যোহন ৩:২ পদের “যখন যীশু ফিরে আসবেন।” এটি আসলে কোন অনিশ্চিত ঘটনার অর্থ করছে না, কিন্তু অনিশ্চিত সময় (নূতন নিয়মে “আশা” টার্ম ব্যবহারের মত একই রকম, ১ যোহন ৩:৩)।

□ “আমরা যেন সাহসযুক্ত হই” “সাহসযুক্ত” (*parrhēsia*) এর জন্য গ্রীক শব্দ “স্বাধীন ভাবে কথা বলা” মূল থেকে এসেছে। আশ্বাস হল বর্তমান জীবন পদ্ধতি যার ভিত্তি বিশ্বাসীদের জ্ঞান এবং নির্ভরতা যীশু খ্রীষ্টের সুসমাচারের উপরে।

দেখুন বিশেষ বিষয়: সাহসীকতা যোহন ৭:৪ পদে।

- NASB** “এবং তাঁর থেকে লজ্জায় সঙ্কুচিত না হই”
NKJV “এবং তাঁর সামনে যেন লজ্জিত না হই”
NRSV “এবং তাঁর সামনে যেন লজ্জা না পাই”
TEV “এবং তাঁর থেকে লজ্জায় যেন না লুকাই”
NJB “এবং তাঁর থেকে লজ্জায় সঙ্কুচিত না হই।

এটি একটি aorist passive (deponent) subjunctive যার অর্থ এটা বোঝা যেতে পারে যেভাবে

১. বিশ্বাসীরা নিজেরা লজ্জিত হবে (NASB, TEV, NJB)
২. বিশ্বাসীরা লজ্জিত হবে (NRSV)

বিশ্বাসীরা তাকিয়ে আছে এবং আনন্দ করবে খ্রীষ্টের ফিরে আসায়, কিন্তু যারা জীবন যাপন করছে স্বার্থপর, জাগতিক উপায়ে তারা নিশ্চিত ভাবেই বিপ্লিত এবং বিব্রত হবে তাঁর আবির্ভাবে! বিশ্বাসীদের বিচার হবে (২ করি ৫:১০)।

□ “**তাঁর আগমনে**” এটি হল দ্বিতীয় আগমনের উল্লেখ। এই শব্দ, *Parousia*, যোহনের সকল লেখার মধ্যে কেবল এখানেই ব্যবহৃত হয়েছে এবং এর তাৎপর্য হল আসন্ন রাজকীয় পরিদর্শন।

এটি আক্ষরিক ভাবে “*Parousia* পর্যন্ত,” যার অর্থ “উপস্থিত” এবং ব্যবহৃত হয়েছে রাজকীয় পরিদর্শনে। নূতন নিয়মে অন্য যে টার্মগুলি দ্বিতীয় আগমনের জন্য ব্যবহৃত হয়েছে তা হল

১. *epiphaneia*, “সম্মুখাসম্মুখী উপস্থিত”
২. *apokalupis*, “আবরণ উন্মুক্ত”
৩. “প্রভুর দিন” এবং এই শব্দগুচ্ছের পার্থক্য।

বিশেষ বিষয়: খ্রীষ্টের আগমনের জন্য নূতন নিয়মের টার্মসমূহ (SPECIAL TOPIC: NT Terms for Christ's Return)

২:২৯ “যদি” এটি একটি third class conditional sentence যার অর্থ সম্ভাব্য কাজ। এখানে এটি উল্লেখ করছে একটি আনুমানিক জ্ঞান যা বিশ্বাসীরা বিভাগ করবে, কিন্তু ভদ্র শিক্ষকেরা তা হারিয়েছে।

□ “**তোমরা জান**” ব্যাকরণগত গঠনে এটি হয় present active indicative যেটি বর্ণনা করছে একটি চলমান জ্ঞান, না হয় present active imperative যেটি বলছে বিশ্বাসীর আবশ্যিকীয় জ্ঞান। যোহনের “জানা” ব্যবহার হল সব কিছুর অধিকারী হওয়া যাদের আত্মা শিক্ষা দিয়েছেন যে এটি হল indicative।

□ “**তিনি**” এটি উল্লেখ করছে যীশুকে (১ যোহন ২:১,২৮; ৩:৭ পদ। যাহোক, শেষ pronoun “তঁাহা হইতে জাত” মনে হয় উল্লেখ করছে পিতা ঈশ্বরের কারণ শব্দগুচ্ছ “ঈশ্বর থেকে জাত” প্রায়ই ব্যবহৃত হয়েছে (১ যোহন ৩:৯;৪:৭; ৫:১,৪,১৮; যোহন ১:১৩)।

□ “**ধার্মিক. . . ধার্মিকতা**” এটি হল একটি প্রত্যাশিত পারিবারিক বৈশিষ্ট্য!

বিশেষ বিষয়: ধার্মিকতা (SPECIAL TOPIC: Righteousness)

□ “**জাত**” এটি একটি perfect passive indicative যার অর্থ একটি স্থিরকৃত অবস্থা যা নিয়ে এসেছে বাইরের কোন প্রতিনিধি, পিতা ঈশ্বর (যোহন ৩:৩)। লক্ষ্য করুন আর একটি পারিবারিক রূপকের ব্যবহার (১ যোহন ৩:৯) খ্রীষ্ট ধর্ম বর্ণনা করতে (এটি একটি পরিবার)। ১ যোহন ৩:১ পদের নোট দেখুন।

৩:১ “**দেখ কেমন ভাল বেসেছেন**” ভালবাসার জন্য এখানে এবং সমগ্র ১ যোহনে যে টার্ম ব্যবহৃত হয়েছে তা হল *agapaō* (Verb) বা *agapē* (Noun, ১ যোহন ২:৫,১৫; ৩:১,১৬,১৭; ৪:৭,৮,৯,১০,১২,১৬,১৭,১৮; ৫:৩)। এই টার্ম ব্যবহৃত হয়েছে Classical গ্রীকে, কিন্তু সব সময় নয়। এটি মনে হয় যে প্রাথমিক মন্ডলী সুসমাচারের আলোকে এটি পুনরায় ব্যাখ্যা করেছিল। এটি প্রতিনিধিত্ব করছে গভীর ভালবাসায় থাকা। এটা বলা ঠিক নয় যে “ঈশ্বরের মত আত্মত্যাগী ভালবাসা” কারণ যোহনের সুসমাচারে এটি ব্যবহৃত হয়েছে *phileō* সাথে একই ভাবে (যোহন ৫:২০; ১১:৩,৩৬; ১২:২৫; ১৫:১৯; ১৬:২৭; ২০:২; ২১:১৫,১৬,১৭)। যাহোক, এটি কৌতূহলের যে এটি সব সময় ব্যবহৃত হয়েছে (১ যোহনে) বিশ্বাসীরা বিশ্বাসীদের ভালবাসার সংযুক্তির সাথে। যীশুর সাথে বিশ্বাস এবং সহভাগিতা আমাদের ঈশ্বরের সঙ্গে মানবের প্রতি ভালবাসাকে পরিবর্তন করে!

□ “পিতা আমাদের কেমন ভাল বেসেছেন” এটি একটি perfect active indicative। এই tense এর ব্যবহার খ্রীষ্টে ঈশ্বর দত্ত পরিত্রানের সাথে সংযুক্ত একটিন বাইবেল ভিত্তিক বিশ্বাসীদের নিরাপত্তার মূল মতবাদ (যোহন ৬:৩৫-৪০; ১০:১ পদ থেকে কয়েকটি পদ; ইফি ২:৫,৮; ৫:১)। দেখুন বিশেষ বিষয়: খ্রীষ্টিয় আশ্বাস (SPECIAL TOPIC: Christian Assurance) যোহন ৬:৩৭ পদে।

বিশেষ বিষয়: একজনের পরিত্রানের জন্য নূতন নিয়মের প্রমাণ (SPECIAL TOPIC: NEW TESTAMENT EVIDENCE FOR ONE'S SALVATION)

□ “যে আমাদের ডাকা হয়েছে” এটি একটি aorist passive subjunctive যেটি এই অর্থে ব্যবহৃত হয়েছে একটি সম্মানীয় উপাধি (“ঈশ্বরের সন্তান”) ঈশ্বর দ্বারা দত্ত।

□ “ঈশ্বরের সন্তান” এটি ১ যোহন ২:২৯-৩:১০ পদের লক্ষ্য। এটি নিশ্চিত করে আমাদের পরিত্রাণে ঈশ্বরের পরিকল্পনা (যোহন ৬:৪৪,৬৫)। যোহন পারিবারিক টার্ম ব্যবহার করেছেন ঈশ্বরের সঙ্গে বিশ্বাসীদের নূতন সম্পর্ক বর্ণনা করতে (১ যোহন ২:২৯; ৩:১,২,৯,১০; যোহন ১:১২)।

এটি বেশ কৌতূহলের যে যোহন (যোহন ৩:৩) এবং পিতর (১ পিতর ১:৩,২৩) পারিবারিক রূপক ব্যবহার করেছেন “পুনরায় জন্ম” বা “উর্দ্ধ থেকে জন্ম,” যখন পৌল পারিবারিক রূপক ব্যবহার করেছেন “দত্তক” (রোমীয় ৮:১৫,২৩; ৯:৪; গালা ৪:১-৫; ইফি ১:৫) এবং যাকোব পারিবারিক রূপক ব্যবহার করেছেন “জন্ম” (যাকোব ১:১৮) বা “বের হয়ে এসেছে” বিশ্বাসীদের খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের সঙ্গে নূতন সম্পর্ক বর্ণনা করতে। খ্রীষ্ট ধর্ম একটি পরিবার।

□ “আর আমরা তা-ই বটে” এটি হল Present indicative। এই শব্দগুচ্ছ King James সংস্করণে পাওয়া যায় না কারণ এটি পরবর্তী গ্রীক পাণ্ডুলিপিতে (অর্থাৎ, K এবং L) যার উপরে KJV এর ভিত্তি। যাহোক, এই শব্দগুচ্ছ দেখা যায় বেশ কিছু অনেক প্রাচীন গ্রীক পাণ্ডুলিপিতে (P⁴⁷, ৯, A, B, এবং C)। UBS⁴ এর উপসংহারকে দিয়েছে “A” রেটিং (নিশ্চিত)। দেখুন Textual Criticism এর উপরে পরিশিষ্ট দুই।

□ “জগত আমাদের জানে না” টার্ম “জগত” ব্যবহৃত হয়েছে ধর্মতত্ত্বগত ভাবে একই রকম উপায়ে যেমন ২:১৫-১৭ পদে হয়েছে। জগত উল্লেখ করে মানবিক সংগঠিত সমাজ এবং সক্রিয় ঈশ্বর ছাড়াই (যোহন ১৫:১৮-১৯; ১৭:১৪-১৫)। জগত দ্বারা নির্যাতন এবং প্রত্যাখান হল ার একটি প্রমাণ আমাদের খ্রীষ্টে অবস্থানের (মথি ৫:১০-১৬)।

□ “কারণ জগৎ তাঁকে জানে না” এটি দৃশ্যত পিতা ঈশ্বরের একটি উল্লেখ কারণ যোহনের সুসমাচারে যীশু বার বার বলেছেন যে জগৎ তাঁকে জানে না (যোহন ৮:১৯,৫৫; ১৫:১৮,২১; ১৬:৩)। ১ যোহনের pronouns দ্ব্যর্থব্যাঞ্জক (১ যোহন ২:২৮ পদের নোট দেখুন)। এই প্রসঙ্গে ব্যাকরণগত ভাবে পূর্বে পিতার কথা বলা হয়েছে, কিন্তু ১ যোহন ৩:২ পদে ধর্মতত্ত্বগত উল্লেখে হলেন পুত্র। যাহোক, যোহনে এটি হতে পারে উদ্দেশ্যমূলক দ্বৈত অর্থবোধক কারণ যীশুকে দেখা হল পিতাকে দেখা (যোহন ১২:৪৫; ১৪:৯)।

৩:২ “কি হব তা এখনও প্রকাশিত হয়নি” এটি শেষ কালীন ঘটনার কথা বলতে যোহনের অক্ষমতার বর্ণনা করছে (প্রেরিত ১:৭) বা পুনরুত্থিত দেহের প্রকৃত প্রকৃতি (১ করি ১৫:৩৫-৪৯)। এটি আরও দেখায় যে ২:২৭ পদ এই অর্থ করে না যে প্রতিটি ক্ষেত্রে সম্পূর্ণ জ্ঞান। এমনকি এই ক্ষেত্রে যীশুর জ্ঞানও সীমাবদ্ধ ছিল যখন তিনি দেহধারী ছিলেন (মথি ২৪:৩৬; মার্ক ১৩:২২)।

□ “যখন তিনি আবির্ভূত হবেন” টার্ম “যখন” পরিচিত করিয়ে দিচ্ছে একটি third class conditional sentence এর সাথে। এখানে এটি ব্যবহার করা হয়েছে দ্বিতীয় আগমন সম্পর্কে প্রশ্ন করা নয়, বরং বলা হচ্ছে এর অনিশ্চিত তারিখ। যোহন যদিও এখন পরিপূর্ণ পরিত্রাণের উপরে জোর দিচ্ছেন, এছাড়াও তিনি দ্বিতীয় আগমনের প্রত্যাশা করছেন।

□ “আমরা তাঁর মত হবো” এর সঙ্গে জড়িত আমাদের খ্রীষ্ট সাদৃশ্যতার সুসম্পন্ন কাজ (২ করি ৩:১৮; ইফি ৪:১৩; পিলি ৩:২১; এবং কল ৩:৪)। একে প্রায়ই বলা হয়েছে “গৌরাবান্বিত” (রোমীয় ৮:২৮-৩০)। এটিই হল আমাদের চূড়ান্ত পরিত্রাণ! এই eschatological রূপান্তর ঈশ্বরের সাদৃশ্য সৃষ্ট মানুষের মধ্যে তাঁর প্রতিমূর্তি সম্পূর্ণ পুনরুদ্ধারের সাথে সম্পর্কিত (আদি ১:২৬; ৫:১,৩; ৯:৬)। ঈশ্বর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক আবার সম্ভব!

□ “কারণ তিনি যেমন আছেন তাঁকে তেমনি দেখতে পাব” ইয়োব আকাংখ্যা করেছিলেন ঈশ্বরকে দেখার (ইয়োব ১৯:২৫-২৭)। যীশু আমাদের বলেছেন যে খাঁটি হৃদয়ের লোকেরা ঈশ্বরকে দেখতে পাবে (মথি ৫:৮)। তাঁকে তাঁর পূর্ণতায় দেখা অর্থ এই যে আমরা তাঁর সাদৃশ্যে পরিবর্তিত হয়ে যাব (১ করি ১৩:১২)। এটি উল্লেখ করছে বিশ্বাসীদের মহিমাম্বিতকরণ (রোমীয় ৮:২৯) তাঁর দ্বিতীয় আগমনে। যদি “ধার্মিককরণ” অর্থ পাপের শাস্তি থেকে মুক্তি হয় এবং “পবিত্রকরণ” অর্থ পাপের শক্তি থেকে মুক্তি হয়, তাহলে, “মহিমাম্বিতকরণ” অর্থ পাপের উপস্থিতি থেকে মুক্তি!

৩:৩ “প্রত্যেকে” গ্রীক টার্ম *pas* সাত বার আবির্ভূত হয়েছে ২:২৯ পদ থেকে ৩:১০ পদের মধ্যে। এর কোন ব্যতিক্রম নেই। যোহন সত্য উপস্থাপন করেছেন কঠোর, কালো বা সাদা শ্রেণীতে। একটি হতে পারে হয় ঈশ্বরের সন্তান না হয় শয়তানের সন্তান (১ যোহন ২:২৯; ৩:৩,৪,৬,৭,৮,৯,১০)।

□ “এই প্রত্যাশা” পৌলের লেখনীতে এই টার্ম প্রায়ই উল্লেখ করেছে পুনরুত্থান দিনের কথা (প্রেরিত ২৩:৬; ২৪:১৫; ২৬:৬-৭; রোমীয় ৮:২০-২৫; ১ থি ২:১৯; তীত ২:১৩; ১ পিতর ১:৩,২১)। এটি বলছে ঘটনার নিশ্চয়তার কথা, কিন্তু সাথে অজ্ঞাত সময়ের কথাও বলছে।

যোহন নূতন নিয়মের অন্য লেখকের মত প্রায়ই দ্বিতীয় আগমনের “প্রত্যাশা”-র কথা বলেন নাই। তার লেখায় এই টার্মের এটিই একমাত্র ব্যবহার। তিনি এখন খ্রীষ্টে “থাকা” এর উপকার ও বাধ্যতার উপরে দৃষ্টি দিয়েছেন! যাহোক, এটি ইঙ্গিত দিচ্ছে না যে তিনি শেষ কালের মন্দতার বিচারের আশা করছেন না (১ যোহন ২:১৮) এবং শেষ কালে বিশ্বাসীদের মহিমাম্বিতকরণের (১ যোহন ৩:১-৩)।

□ “নিজেই তঁার মতই খাঁটি করে, যেমন তিনি খাঁটি” এটি একটি present active indicative। খাঁটি হল গুরুত্বপূর্ণ (মথি ৫:৮,৪৮)। আমাদের অবশ্যই গুণিকরণের প্রক্রিয়ায় সহযোগিতা করতে হবে (২করি ৭:১; যাকোব ৪:৮, ১ পিতর ১:২২; ২ পিতর ৩:১৩,১৪) ঠিক যেমন যোহন ১:১২ পদ ধার্মিকতার প্রক্রিয়ায় আমাদের সহযোগিতার কথা বলছে। এই একই চাপ আমাদের পরিত্রাণে ঈশ্বরের অংশ (সার্বভৌমত্বে) এবং অমাদের অংশ (মানবিক স্বাধীন ইচ্ছা) স্পষ্ট ভাবে দেখা যেতে পারে যিহি ১৮:৩১ পদের সাথে ৩৬:২৬-২৭ পদের তুলনা করে। ঈশ্বরই সব সময় অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৪:৪৪,৬৫), কিন্তু তিনি দাবী করেছেন যে চুক্তিবদ্ধ লোকেরা অবশ্যই প্রাথমিক মন পরিবর্তন ও বিশ্বাসের দ্বারা সাড়া প্রদান করবে সেই সঙ্গে অবিরত মন পরিবর্তন, বিশ্বাস, বাধ্যতা, সেবা, আরাধনা, এবং ধৈর্যধারণ চলতে থাকবে।

এটি হতে পারে একটি পরোক্ষ ইঙ্গিত যোহনের ১৭ অধ্যায়ে যীশুর মহা যাজকীয় প্রার্থনার, বিশেষ করে ১ যোহন ৩:১৭,১৯ পদের। তিনি নিজেই পবিত্র করেছেন, তাঁর অনুসারীরা নিজেদের পবিত্র করেছে। এটি কোন না কোন ভাবে বিশ্বয়কর যে একই মূল উৎস ব্যবহৃত হয়েছে ভিন্ন ভিন্ন গঠনে।

১. যোহন ১৭:১৭,১৯ – *hagiazō (hagios)*, যোহন ১০:৩৬
২. ১ যোহন ৩:৩ – *hagnizō (hagnos)*, যোহন ১১:৫৫

৩:৪-১০ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. এই প্যাসেজটি খ্রীষ্টিয় ক্রুটিহীনতা (রোমীয় ৬), কখনও কখনও বলা হয় সামগ্রিক পবিত্রকরণ, এবং খ্রীষ্টিয়ানদের আবির্ভূত পাপ করে যাওয়ার (রোমীয় ৭) মধ্যকার দ্বন্দ্বের কেন্দ্র।
- খ. আমরা অবশ্যই আমাদের টেক্সটের ব্যাখ্যাকে প্রভাবিত করতে ধর্মতাত্ত্বিক পক্ষপাতকে সুযোগ দেব না। তাছাড়া, আমরা অবশ্যই অন্য টেক্সটকে সুযোগ দেব না এই টেক্সটকে প্রভাবিত করতে যতক্ষণ না আমাদের স্বাধীন ভাবে এই টেক্সট অধ্যয়ন শেষ হয় এবং আমরা অবধারণ করতে পারছি যে যোহন ৩ অধ্যায়ে এবং সমগ্র ১ যোহন পুস্তকে কি বলছেন!
- গ. এই টেক্সট স্পষ্ট ভাবে লক্ষ্য উপস্থিত করেছে যে সকল বিশ্বাসী আকাংখ্যা করেন, পাপ থেকে সম্পূর্ণ ভাবে মুক্তি। এই একই ধারণা রোমীয় ৬ অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে। খ্রীষ্টের শক্তির মাধ্যমে আমাদের সম্ভাবনা রয়েছে পাপহীন জীবন যাপনের।
- ঘ. এই প্যাসেজ, যাহোক, অবশ্যই খাপ খাবে সমগ্র ১ যোহন পুস্তকের বৃহত্তর প্রসঙ্গে।
 ১. ১:৮-২:২ পদ (খ্রীষ্টিয়ানেরা এখন পাপ করে) বিবেচনা ছাড়া এই প্যাসেজ ব্যাখ্যা করা মূঢ়তা হবে।
 ২. এই প্যাসেজ ব্যাখ্যা করা এমন একটি উপায়ে যেন ১ যোহনের সামগ্রিক উদ্দেশ্য পরাজিত হয়, ভদ্র শিক্ষকদের দাবীর বিরুদ্ধে পরিত্রাণের আশ্বাস মূঢ়তা হবে।
 ৩. এই প্যাসেজ অবশ্যই ভদ্র শিক্ষকদের দাবী পাপহীনতা বা পাপের গুরুত্বহীনতার প্রতি অবশ্যই সম্পর্কিত হবে। সম্ভবত ১:৮-২:২ পদ আলোচনা করে বণ্ড শিক্ষকদের একটি চরমতার সাথে, যেখানে ৩:১-১০ পদ আলোচনা করে অন্যটি। মনে রাখুন যে নূতন নিয়মের চিঠিগুলি ব্যাখ্যা করা হল কোন ফোনাল্যাপের অর্ধেক শোনা।
- ঙ. একটি paradoxical সম্পর্ক বিরাজমান এই দুই প্যাসেজের মধ্যে। খ্রীষ্টিয় জীবনে পাপ নূতন নিয়মে বার বার ঘটা একটি সমস্যা (রোমীয় ৭)। এটি গঠন করে একই বিতর্কের চাপ যেমন পূর্ব নির্দারিত অদৃষ্ট এবং স্বাধীন ইচ্ছা বা নিরাপত্তা এবং ধৈর্যধারণ। paradox যোগান দেয় একটি ধর্মতাত্ত্বিক সমতা এবং আক্রমণ করে চরমতম অবস্থানকে। ভদ্র শিক্ষকেরা পাপের ক্ষেত্রে দৃষ্টি ভুল উপস্থাপন করছে।
- চ. এই সমগ্র ধর্মতাত্ত্বিক আলোচনার ভিত্তি পার্থক্যের ভুল বোঝাবুঝির ভিত্তির উপরে
 ১. খ্রীষ্টে আমাদের অবস্থান
 ২. আমাদের দৈনিক জীবনের অভিজ্ঞতায় অবস্থান পরিপূর্ণ করার ক্ষুধা
 ৩. প্রতিজ্ঞা যে একদিন আমাদের বিজয় হবে!

আমরা খ্রীষ্টের পাপের শাস্তি (ধার্মিকতা) থেকে মুক্ত, তথাপি আমরা এখন এর ক্ষমতার সাথে সংগ্রাম করছি (অগ্রসরমান

পবিত্রকরণ) এবং একদিন আমরা এর উপস্থিতি থেকে মুক্ত হবো (মহিমাম্বিত)। সমগ্র বইটি শিক্ষা দিচ্ছে আমাদের পাপকে স্বীকার করার অগ্রগণ্যতা এবং পাপহীনতার জন্য ক্ষুধা।

- ছ. আর একটি বিকল্প এসেছে যোহনের সাহিত্যগত দ্বৈতবাদ থেকে। তিনি কালো এবং সাদা শ্রেণী বিভাগে (মরু সাগরের পুঁথিতেও পাওয়া যায়) লিখেছেন। কারণ তার কাছে যে খ্রীষ্টে আছে সেজন্য ধার্মিকতা, বা শয়তানে এবং সেজন্য পাপময়। আসলে কোন তৃতীয় শ্রেণীবিভাগ নেই। এটি আসলে কাজ করে “জাগানোর আহবান” প্রান্তিক, সাংস্কৃতিক, খন্ড কালীন, কেবল মাত্র অস্তিত্বিক্রিয়া, কেবলমাত্র পুনরুত্থান খ্রীষ্টধর্ম হিসাবে!
- জ. এই কঠিন বিষয়ের কিছু রেফারেন্স:
- এই প্যাসেজের সাতটি ঐতিহ্যমূলক ব্যাখ্যার জন্য দেখুন "The Epistles of John" in *The Tyndale New Testament Commentaries* by John R. W. Stott, published by Eerdmans (pp. 130-136).
 - সিদ্ধতার অবস্থানের একটি উত্তম আলোচনার জন্য দেখুন *Christian Theology*, Vol. II, p. 440ff by H. Orton Willie, published by Beacon Hill Press.
 - খ্রীষ্টিয়ানের জীবনে চলমান পাপের মতবাদের উত্তম একটি আলোচনার জন্য দেখুন "Perfectionism" by B. B. Warfield published by The Presbyterian and Reformed Publishing Company.

শব্দ এবং শব্দগুচ্ছের অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৩:৪-১০

যে কেউ পাপ করে সে ব্যবস্থা লঙ্ঘনও করে; আর ব্যবস্থা লঙ্ঘনই পাপ।^৬ আর তোমরা জান যে পাপ হরণ করার জন্য তিনি আবির্ভূত হয়েছিলেন; এবং তাঁর মধ্যে কোন পাপ নাই।^৭ যে কেউ তাঁতে থাকে, সে পাপ করে না; যে কেউ পাপ করে সে তাঁকে দেখে নাই বা তাঁকে জানেও না।^৮ সন্তানেরা, কেউ যেন তোমাদের প্রতারিত না করে; যে ধর্মাচরণ করে সে ধার্মিক, যেমন তিনি ধার্মিক।^৯ যে পাপ করে সে শয়তানের; কারণ শয়তান প্রথম থেকেই পাপ করছে। ঈশ্বরের পুত্র এই জন্যই আবির্ভূত হলেন, যেন শয়তানের সকল কাজ ধংস করেন।^{১০} যে কেউ ঈশ্বর থেকে জাত সে পাপ করে না, কারণ তাঁর বীর্য তার মধ্যে আছে; এবং সে পাপ করতে পারে না, কারণ সে ঈশ্বর থেকে জাত।^{১১} এতেই ঈশ্বরের সন্তান আর শয়তানের সন্তান প্রকাশ হয়ে পড়ে: যে কেউ ধর্মাচরণ না করে সে ঈশ্বরের লোক নয়, এমনকি যে নিজের ভাইকে ভালবাসে না সেও ঈশ্বর থেকে জাত নয়। (অনুবাদকৃত টেক্সট)।

৩:৪

NASB “যে কেউ পাপ করে সে ব্যবস্থা লঙ্ঘনও করে”

NKJV “যে কেউ পাপ করে সে ব্যবস্থা লঙ্ঘনও করে”

NRSV “যে কেউ পাপ করে সে ব্যবস্থা লঙ্ঘনের দোষে দোষী”

TEV “যে কেউ পাপ করে সে ব্যবস্থা লঙ্ঘনের দায়ে দোষী”

NJB “যে কেউ পাপ করে, কাজও করে মন্দভাবে”

“যে কেউ” pronoun এখানে প্রথমে বসেছে এবং ১ যোহন ৩:৬ পদে। প্রসঙ্গ সকল মানবিকতার সঙ্গে সম্পর্কিত। এটি একটি present active participle এবং একটি PRESENT ACTIVE INDICATIVE। এটি তাৎপর্যপূর্ণ এই Present tense verbs জোর দিচ্ছে অভ্যাসগত, তুলনা করে পৃথককৃত জীবন পদ্ধতির কাজ ১ যোহন ২:১-২ পদের aorist active subjunctives। যাহোক, এই প্যাসেজের ধর্মতাত্ত্বিক সমস্যা (১:৭-১০ পদের সাথে ৩:৬-৯ পদের তুলনা) কখনই verb tense দ্বারা সম্পূর্ণ ভাবে সমাধান হবে না। এটি সমাধান করা হয়েছে দুই ধরণের verb tense ভঙ্গি শিক্ষকদের ঐতিহাসিক প্রেক্ষাপটে এবং এই পুস্তকের সামগ্রিক প্রসঙ্গে।

আর একটি স্বতন্ত্রতা এই প্যাসেজের যে এটি ব্যবহার করেছে “ব্যবস্থালঙ্ঘন” টার্ম। এটি আসলে ব্যবস্থা ভঙ্গের কথা বলছে না (মোশির ব্যবস্থা বা সামাজিক আদর্শ) সেই সঙ্গে বিদ্রোহের মনোভাবের কথা। এই একই শব্দ ব্যবহৃত হয়েছে ২ থি ২:৩, ৭ পদে খ্রীষ্টারীর কথা বর্ণনা করতে। এটি হতে পারে fuller পাপের স্বতন্ত্রতা (যোহন ৯:৪১; রোমীয় ১৪:২৩; যাকোব ৪:১৭; ১ যোহন ৫:১৭), খ্রীষ্ট সাদৃশ্যতার বিপরিত (১ যোহন ৩:৫), নিয়ম বা মানদণ্ডের কেবলমাত্র ভঙ্গ করা নয়।

৩:৫ “তিনি আবির্ভূত হয়েছেন” এটি একটি aorist passive indicative যেটি বলছে যীশুর দেহধারণের কথা (১ যোহন ৩:৮; ২ তিম ১:১০)। এই একই verb, *phaneroō*, ১ যোহন ৩:২ পদে দু’বার ব্যবহৃত হয়েছে তাঁর দ্বিতীয় আগমনের বিষয়ে। তিনি প্রথমে উদ্ধারকর্তা হিসাবে এসেছেন (মার্ক ১০:৪৫; যোহন ৩:১৬; ২ করি ৫:২১), কিন্তু তিনি ফিরে আসবেন সুসম্পন্নকারী হিসাবে! তার ব্যাখ্যা বই *The Letters of John*, আমার প্রিয় একজন শিক্ষক, Bill Hendricks বলেছেন:

“এই পদে এবং ৮ পদে খ্রীষ্টের আগমনের উদ্দেশ্য সম্পর্কে দুটি তিফ্ণ মন্তব্য পাওয়া যায়। পাপ তুলে নেবার জন্য তিনি ঈশ্বর দ্বারা প্রেরিত হয়েছিলেন (৩:৫), এবং তিনি প্রকাশিত হয়েছিলেন শয়তানের কাজ ধংস করতে (৩:৮)। এছাড়াও লুক লিপিবদ্ধ করেছেন যে যীশুর আগমনের উদ্দেশ্য ছিল যারা হারিয়ে গেছে তাদের খোঁজা ও রক্ষা করা (লুক ১৯:১০)। যোহনের সুসমাচার বলছে যে যীশু এসেছিলেন যেন তাঁর মেসেরা জীবনের উপচয় পায় (যোহন ১০:১০)। মথি ইঙ্গিত দিয়েছেন যীশুর আগমনের উদ্দেশ্য সম্পর্কে তার ব্যাখ্যায় যীশুর নামে; তিনি তাঁর লোকদের তাদের পাপ তাকে উদ্ধার করবেন (মথি ১:২১)। এই মূল সত্য সকল প্রকাশে হল যে যীশু খ্রীষ্ট মানুষের জন্য কিছু করেছেন যেটি

মানুষ নিজে তার জন্য করতে পারতো না”(পৃ..৭৯-৮০)।

□ “পাপ হরণ করার জন্য” এটি একটি aorist subjunctive। এই কাজ মানবিক সাড়া প্রদানের শর্তযুক্ত (অর্থাৎ, মন পরিবর্তন ও বিশ্বাস)। এই মন্তব্যের প্রেক্ষাপট দুটি সাধাব্য উৎসের সঙ্গে সম্পর্কিত।

১. প্রায়শ্চিত্ত দিন (লেবীয় ১৬) যেখানে একটি বা দুটি অন্যদের পাপ বহনকারী ছাগবৎস (scapegoats) প্রতিকি ভাবে ইস্রায়েল শিবির থেকে পাপ বহন করে দূরে নিয়ে যেত (যোহন ১:২৯ পদে বাপ্তিস্মদাতা যোহন এটি ব্যবহার করেছেন)
২. যীশু ক্রুশে কি করেছেন তার একটি উল্লেখ (যিশা ৫৩:১১-১২; যোহন ১:২৯; ইব্রীয় ৯:২৮; ১ পিতর ২:২৪)।

□ “এবং তাঁর মধ্যে কোন পাপ নাই” এটি একটি present active indicative। যীশু খ্রীষ্টের পাপহীনতা (যোহন ৮:৪৬; ২ করি ৫:২১; ইব্রীয় ৪:১৫; ৭:২৬; ১ পিতর ১:১৯; ২:২২) হল তাঁর আমাদের পক্ষে অন্যদের জন্য কৃত, প্রতিনিধিত্বমূলক প্রায়শ্চিত্ত (যিশা ৫৩)।

লক্ষ্য করুন “পাপ” হল ১ যোহন ৩:৫ পদের প্রথম অংশে plural এবং দ্বিতীয় অংশে singular। প্রথমটি পাপের কাজ উল্লেখ করছে, দ্বিতীয়টি তাঁর ধর্মময় চরিত্র। লক্ষ্য হল যে বিশ্বাসীরা অবস্থানগত পবিত্রকরণ এবং খ্রীষ্টের অগ্রসরমান পবিত্রকরণ উভয়েরই সহভাগি হবে। পাপ হল খ্রীষ্ট এবং তাঁর অনুসারীদের জন্য একটি অজ্ঞাত জিনিস।

বিশেষ বিষয়: পবিত্রকরণ (SPECIAL TOPIC: Sanctification)

৩:৬ “যে কেউ তাঁতে থাকে সে পাপ করে না” ৩:৮ পদের মত, এটি আর একটি present active participle এবং present active indicative। এ ই প্যাসেজ অবশ্যই ১:৮-২:২ এবং ৫:১৬ পদের সাথে তুলনীয় হবে।

□ “কেউ তাঁকে দেখে নাই বা তাঁকে জানেও না” এই পদে আছে একটি present active participle যেটি দুটি Perfect active indicatives এর পরপরই এসেছে। অবিরত ভয়ংকর পাপ করে যাওয়া প্রকাশ করে যে সে খ্রীষ্টকে জানে না এবং কখনও খ্রীষ্টকে জানে নি। পাপ কাজ করে যাওয়া খ্রীষ্টিয়ান

১. খ্রীষ্টিয় কাজকে বিফল করে
২. খ্রীষ্ট সাদৃশ্যতার লক্ষ্যকে বিফল করে
৩. একজনের ব্যক্তিগত আত্মিক উৎস প্রকাশ করে (যোহন ৮:৪৪)

৩:৭ “কেউ যেন তোমাদের প্রভারিত না করে” এটি একটি present active imperative সাথে negative particle, যার সাধারণত অর্থ প্রক্রিয়ারত কোন কাজকে থামানো। ভদ্র শিক্ষকদের উপস্থিতি (১ যোহন ২:২৬) ঐতিহাসিক অবস্থান নির্ধারণ করে ১ যোহন বইটি সামগ্রিক হিসাবে এবং ১:৭-১০ ও ৩:৮-১০ পদ নির্দিষ্ট ভাবে সঠিক ধর্মতাত্ত্বিক উপলব্ধির জন্য।

□ “যে ধর্মাচরণ করে সে ধার্মিক” এই পদ সাধারণ প্রসঙ্গ থেকে বিচ্ছিন্ন হতে পারে না এবং একটি মতবাদের অবস্থানকে (“কারেজর ধার্মিকতা”) সমর্থন করতে বা দোষারপ করতেও ব্যবহৃত হতে পারে না। নূতন নিয়ম সুস্পষ্ট যে মানুষ পবিত্র ঈশ্বরে দিকে অগ্রসর হতে পারে না তাদের নিজেদের যোগ্যতার দ্বারা। নিজস্ব প্রচেষ্টার দ্বারা মানুষ রক্ষা পেতে পারে না। যাহোক, মানুষকে খ্রীষ্টের সমাঙ্গকৃত কাজে ঈশ্বর দত্ত পরিভ্রাণে অবশ্যই সাড়া প্রদান করতে হবে। আমাদের প্রচেষ্টা আমাদের ঈশ্বরের কাছে নেবে না। সেগুলো দেখাবে যে আমরা তাঁর সাথে সাক্ষাৎ করেছি। সেগুলি স্পষ্ট ভাবে আমাদের আত্মিক অবস্থাকে দেখাবে (প্রকা ২২:১১) এবং পরিভ্রাণের পরের পরিপক্বতাকে। আমরা ভাল কাজের “দ্বারা” রক্ষা পাইনি, বরং ভাল কাজে “তে।” খ্রীষ্টে ঈশ্বরে বিনা মূল্যে দত্ত দানের লক্ষ্য হল অনুসারীদের খ্রীষ্টসাদৃশ্যতা (ইফি ২:৮-৯,১০)। প্রতিটি বিশ্বাসীর জন্য ঈশ্বরে চূড়ান্ত লক্ষ্য হল আমরা মরে গেলে যে স্বর্গে যাব তা নয় (forensic ধার্মিকতা), বরং এখন খ্রীষ্ট সাদৃশ্যতা (দৈহিক পবিত্রকরণ) (মথি ৫:৪৮; রোমীয় ৮:২৮-২৯; গালা ৪:১৯)। ধার্মিকতা উপরে শব্দ অধ্যয়নের জন্য দেখুন বিশেষ বিষয় ১ যোহন ২:২৯ পদে।

৩:৮ “যে পাপ করে সে শয়তানের” এটি একটি present active participle। ঈশ্বরের সন্তানেরা পরিচিত হয় কিভাবে তারা জীবন যাপন করে তার দ্বারা, যেমন শয়তানের সন্তানেরা (১ যোহন ৩:১০; মথি ৭:১৩; ইফি ২:১-৩)।

□ “কারণ শয়তান প্রথম থেকেই পাপ করছে” এটি একটি present active indicative। শয়তান প্রথম থেকেই পাপ করে আসছে (যোহন ৮:৪৪)। এটা কি সৃষ্টি অথবা দূতদের বিদ্রোহ উল্লেখ করছে?

এটি ধর্মতত্ত্বগত ভাবে কঠিন কোন সিদ্ধান্ত নেওয়া যে কখন শয়তান ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল। ইয়োব ১-২; সখরিয় ৩ এবং ১ রাজা ২২:১৯-২৩ পদ মনে হয় দেখায় যে শয়তান ঈশ্বর একজন দাস এবং একজন দূতদের পরামর্শক। এটি সম্ভব যে (কিন্তু সম্ভবত নয়) গর্ব, ঔদ্ধত্য, এবং চূড়ান্ত রাজা হবার উচ্চাকাঙ্খ্যা (বাবিল, যিশা ১৪:১৩-১৪ বা সোর, যিহি ২৮:১২-১৬) ব্যবহৃত হয়েছে শয়তানের বিদ্রোহ ঘোষণা করতে (দৃশ্যত একজন আচ্ছাদিত দূত (cherub), যিহি ২৮:১৪,১৬)। যাহোক, লুক ১০:১৮ পদে যীশু বলেছেন তিনি শয়তানকে বিদ্যুৎ চমকের মত স্বর্গ থেকে পড়ে যেতে দেখেছেন, কিন্তু এটি সঠিক ভাবে আমাদের বলে না যে কখন। শয়তানের উৎপত্তি ও উন্নয়ন অজ্ঞাতই রয়েছে কারণ প্রকাশের অভাব। পদ্ধতিকরণ এবং বিচ্ছিন্ন মতবাদকরণ, দ্বৈত অর্থ করণ, রূপকগত টেক্সট এর বিষয়ে সাবধান! পুরাতন নিয়মে দাস থেকে জঘণ্য শত্রুতে শয়তানের উন্নয়ন সম্পর্কে সবচেয়ে ভাল আলোচনা A. B. Davidson's *Old Testament Theology*, published by T & T Clark, pp. 300-306 পাবেন। দেখুন বিশেষ

বিষয়: ব্যক্তিগত মন্দতা যোহন ১২:৩১ পদ।

□ “ঈশ্বর পুত্র” নিচে বিশেষ বিষয় দেখুন।

বিশেষ বিষয়: ঈশ্বর পুত্র (SPECIAL TOPIC: THE SON OF GOD)

□ “ঈশ্বর পুত্র” এটি হল গ্রীক টার্ম *phaneroō*, যার অর্থ “আলোর কাছে আনা যেন স্পষ্ট হয়।” ৫ ও ৮ পদ সমান্তরাল এবং উভয়ই টার্ম ব্যবহার করেছে passive voice এ, যেটি বলে খ্রীষ্ট সত্যিকার ভাবে প্রকাশিত হয়েছেন তাঁর দেহধারণে (১ যোহন ১:২)। ভক্ত শিক্ষকদের সাথে সমস্যা এই রকম ছিল না যে সুসমাচার তাদের কাছে স্পষ্ট ছিল না, কিন্তু তাদের নিজস্ব ধর্মতত্ত্বগত/দর্শনগত পরিকল্পনা ছিল।

□ “যেন শয়তানের সকল কাজ ধংস করেন” যীশুর সময় ও মাংসে প্রকাশিত হওয়ার উদ্দেশ্য ছিল “ধংস” (*luō* এর aorist active subjunctive), যার অর্থ “হারান,” “মুক্ত করা,” “ধংস করা।” যীশু ঠিক এসবই কালভেরীতে করেছিলেন, কিন্তু মানুষ অবশ্যই তাঁর সাধন কৃত কাজ বিনা মূল্যের দানে সাড়া প্রদান করবে (রোমীয় ৩:২৪; ৬:২৩; ইফি ২:৮) তাঁকে বিশ্বাসে গ্রহণ করার দ্বারা (যোহন ১:১২; ৩:১৬)।

“ইতিমধ্যে এবং এখনও নয়” নূতন নিয়মের চাপ আরও সম্পর্কিত শয়তানের ধংসের সাথে। শয়তান পরাজিত হয়েছে, কিন্তু সে এখনও জগতে কার্যরত যতক্ষণ না ঈশ্বরের রাজ্য পরিপূর্ণ ভাবে সুসম্পন্ন হয়।

৩:৯ “ঈশ্বর থেকে জাত এমন কেউ” এটি একটি perfect passive participle (১ যোহন ৩:৯_১; ২:২৯; এবং ৫:১৮ পদের সাথে সমান্তরাল) যেটি বলছে বহিষ্কৃত কোন প্রতিনিধি দ্বারা (ঈশ্বর) একটি প্রতিষ্ঠিত অবস্থা উৎপন্ন।

□ “পাপ কাজ করে” এটি একটি present active indicative তুলনা করে পার্থক্য করা হয়েছে ২:১ পদের সাথে যেখানে aorist active subjunctive দুবার ব্যবহৃত হয়েছে। দুটি তত্ত্ব রয়েছে এই মন্তব্যের গুরুত্ব সম্বন্ধে।

১. এটি Gnostic ভক্ত শিক্ষকদের সাথে সম্পর্কিত, বিশেষ করে যে দলাদলি যা হ্রাস করে পরিত্রাণের মেধাগত ধারণা, সেজন্য নৈতিক জীবন পদ্ধতির অপসারণ আবশ্যিক
২. present tense verb জোর দিচ্ছে অবিরত, অভ্যাসগত, পাপময় কার্যাবলি (রোমীয় ৬:১), পাপ কাজের কোন বিচ্ছিন্ন ঘটনা নয় (রোমীয় ৬:১৫)

এই ধর্মতাত্ত্বিক স্বতন্ত্রতা রোমীয় ৬ অধ্যায়ে উদাহরণ হিসাবে দেখানো হয়েছে (খ্রীষ্টে সম্ভাব্য পাপহীনতা) এবং রোমীয় ৭ অধ্যায় (বিশ্বাসীদের চলমান পাপ কমানোর জন্য সংগ্রাম)।

ঐতিহাসিক ভাবে কাছাকাছি #১ মনে হয় সবচেয়ে ভাল, কিন্তু একটি এখনও অবশ্যকতার সাথে বাকী রয়েছে আজকে এই সত্য প্রয়োগের, যেটি হল #২ নির্দেশ করছে। এই কঠিন পদের একটি ভাল আলোচনা রয়েছে *Hard Sayings of the Bible* by Walter Kaiser, Peter Davids, F. F. Bruce, and Manfred Brauch, pp. 736-739।

□ “কারণ তাঁর বীর্য তার মধ্যে আছে” এটি একটি present active indicative। বেশ কিছু তত্ত্ব রয়েছে যে গ্রীক শব্দগুচ্ছের প্রকৃত ভাবে “তাঁর বীর্য,” অর্থ কি

১. Augustine এবং Luther বলেছেন এটি উল্লেখ করছে ঈশ্বরের বাক্য (লুক ৮:১১; যোহন ৫:৩৮; যাকোব ১:১৮; ১ পিতর ১:২৩)
২. Calvin বলেছেন এটি উল্লেখ করছে পবিত্র আত্মা (যোহন ৩:৫,৬,৮; ১ যোহন ৩:২৪; ৪:৪, ১৩)
৩. অন্যান্য বলেছেন এটি উল্লেখ করছে ঐশ্বরীক প্রকৃতি বা নূতন সত্ত্বা (২পিতর ১:৪; ইফি ৪:২৪)
৪. সম্ভবত এটি উল্লেখ করছে খ্রীষ্টকে “অব্রাহামের বংশধর” হিসাবে (লুক ১:৫৫; যোহন ৮:৩৩,৩৭; গালা ৩:১৬)
৫. কেউ কেউ বলেছেন এটি “ঈশ্বরের থেকে জাত” এই শব্দগুচ্ছের মত একই রকমের
৬. দৃশ্যত এটি একটি টার্ম ছিল যেটি ব্যবহৃত হয়েছে Gnostics দ্বারা এটি বলতে যে প্রতিটি মানুষের মধ্যে ঐশ্বরীক স্কুলিং রয়েছে

গণনা ৪ অধ্যায় সম্ভবত এই সব তত্ত্বের সবচেয়ে ভাল প্রসঙ্গকৃত বিকল্প, কিন্তু যোহন বেছে নিয়েছেন তার শব্দ incipient Gnostics দের খন্ডন করতে (অর্থাৎ, #৬)।

৩:১০ এটি ১ যোহন ৩:৪-৯ পদের সারাংশ। এর মধ্যে রয়েছে দুটি present active indicatives এবং দুটি present active participles, যেটি উল্লেখ করছে প্রক্রিয়ারত কাজের। ধর্মতত্ত্বগত ভাবে এটি সমান্তরাল পর্বতে দত্ত যীশুর উপদেশের সাথে (মথি ৭:১৬-২০)। কিভাবে একজনের জীবন প্রকাশিত হয় একজনের হৃদয়ে, একজনের আত্মিক গতিপ্রকৃতি।

এটি হল ২:২৯ পদের নেতিবাচক বিপরিত দিক!

□ “ঈশ্বরের সন্তান. . . শয়তানের সন্তান” এটি দেখায় যোহনের যিহুদী প্রেক্ষাপট। যাহোক, অতি প্রাচীন ভাষা হওয়ায় adjectives ছাড়া, ব্যবহৃত হয়েছে “..সন্তান” একজন ব্যক্তিকে বর্ণনা করার উপায় হিসাবে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৩:১১-১২

^{১১} কারণ তোমরা প্রথম থেকেই যে বার্তা শুনে আসছ তা এই, আমাদের পরস্পরকে ভালবাসা উচিত; ^{১২} কয়িনের মত নয়, যে মন্দ আত্মার লোক এবং তার ভাইকে বধ করেছিল। আর কি কারণে সে তার ভাইকে খুন করেছিল? কারণ তার কাজ ছিল মন্দ, আর তার ভাইয়ের কাজ ছিল ধর্মনিুসারে। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১১ “বার্তা” এই গ্রীক টার্ম (*aggelia*, সাধারণত অনুবাদ হয়েছে *angelia*) কেবল ব্যবহৃত হয়েছে ১ যোহন ১:৫ এবং ৩:১১ পদে। প্রথম ব্যবহারটি মনে হয় মতবাদগত, অন্যদিকে দ্বিতীয়টি নৈতিকগত। এটি যোহনের সমতা রক্ষা করেছে খ্রীষ্ট ধর্মের দুটি দিকের মধ্যে (১ যোহন ১:৮,১০; ২:২০,২৪; ৩:১৪)।

□ “তোমরা প্রথম থেকেই শুনে আসছ” এই শব্দগুচ্ছটি একটি সাহিত্য হাতিয়ার যেটি সম্পর্কিত যীশুর সঙ্গে যেমন উভয়ই জীবন্ত ঈশ্বরের বাক্য (যোহন ১:১) এবং প্রকাশিত ঈশ্বরের বাক্য (১ যোহন ১:১; ২:৭,১৩,১৪,২৪; ২ যোহন ৫,৬)।

□ “আমাদের পরস্পরকে ভালবাসা উচিত” এটি হল প্রমাণ যে বিশ্বাসীরা জানে যে তারা সত্যিকার উদ্ধারপ্রাপ্ত (১ যোহন ৩:১০,১৪)। এটি প্রতিফলিত করে যীশুর কথা (যোহন ১৩:৩৪-৩৫; ১৫:১২,১৭; ১ যোহন ৩:২৩; ৪:৭-৮,১১-১২,১৯-২১)।

৩:২ “কয়িন” কয়িনের জীবনের বিবরণ আদি ৪ অধ্যায়ে লিপিবদ্ধ আছে। সঠিক উল্লেখ হল আদি ৪:৪ পদ (ইব্রীয় ১১:৪), যেখানে কয়িন আর হেবলের উপহার তুলনা করা হয়েছে। কয়িনের কাজ প্রকাশ করেছে পতিত মানুষের প্রভাব (আদি ৪:৭; ৬:৫,১১-১২, ১৩)। যিহূদী এবং খ্রীষ্টিয়ান উভয় ঐতিহ্যে (ইব্রীয় ১১:৪; যিহূদী ১১) কয়িন হল মন্দ বিদ্রোহের উদাহরণ।

□ “যে মন্দ আত্মার লোক” এই ব্যাকরণগত গঠন হতে পারে masculine singular (মন্দ আত্মার লোক, ১ যোহন ৩:১০) বা neuter singular (শয়তানের)। একই ব্যাকরণগত দ্ব্যর্থকতা পাওয়া যায় মথি ৫:৩৭; ৬:১৩; ১৩:১৯,৩৮; যোহন ১৭:১৫; ২ থিষ ৩:৩; ১ যোহন ২:১৩,১৪; ৩:১২; এবং ৫:১৮-১৯ পদ। বেশ কিছু ক্ষেত্রে প্রসঙ্গ স্পষ্টত শয়তানের কথা উল্লেখ করেছে (মথি ৫:৩৭; ১৩:৩৮; যোহন ১৭:১৫)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৩:১৩-২২

^{১৩} ভাইয়েরা, জগত যদি তোমাদের ঘৃণা করে তাহলে অবাক হয়ো না। ^{১৪} আমরা জানি যে আমরা মৃত্যু থেকে জীবনে পার হয়ে গেছি, কারণ আমরা ভাইদের ভালবাসি। যে কেউ ভালবাসে না সে মৃত্যুর মধ্যে থাকে। ^{১৫} যে কেউ নিজের ভাইকে ঘৃণা করে সে খুনী; এবং তোমরা জান যে অনন্ত জীবন কোন খুনির অন্তরে বাস করে না। ^{১৬} তিনি আমাদের জন্য নিজ প্রাণ উৎসর্গ করেছেন, এর দ্বারাই আমরা ভালবাসা জানতে পেরেছি; এবং আমাদেরও উচিত ভাইদের জন্য নিজেদের প্রাণ দান করি। ^{১৭} কিন্তু যার সাংসারিক জীবনোপায় আছে, সে নিজের ভাইকে অভাবগ্রস্থ দেখে আর অন্তরে দয়া রোধ করে, তবে ঈশ্বরের প্রেম কি ভাবে তার অন্তরে থাকবে? ^{১৮} সন্তানেরা, শুধু মুখের কথায় ও জিহ্বাতে নয়, কিন্তু কাজে ও সত্যে ভালবাসি। ^{১৯} এর দ্বারাই আমরা জানবো যে আমরা সত্যের, এবং তাঁর সামনে নিজেদের হৃদয়ে আশ্বাস পাব, ^{২০} যদি আমাদের অন্তর আমাদের দোষী করে; ঈশ্বর আমাদের অন্তরের থেকেও মহান এবং সকলই জানেন। ^{২১} প্রিয়তমেরা, যদি আমাদের হৃদয় আমাদের দোষী না করে, তাহলে ঈশ্বরের সামনে আমাদের সাহস হয়; ^{২২} এবং যা কিছু চাই তা আমরা পাই তাঁর কাছ থেকে পাই, কারণ আমরা তাঁর আদেশ পালন করি এবং তিনি যা ভালবাসেন আমরা তা-ই করি। (অনুবাদকৃত টেক্সট)।

৩:১৩ “আবাক হয়ো না” এটি একটি present active imperative সাথে negative particle যেটি প্রায়ই অর্থ করে ইতিমধ্যে চলা কোন কাজকে থামানো (১ পিতর ৪:১২-১৬)। এটি একটি সুন্দর জগৎ নয়; এটা সেই জগৎ নয় যেটি ঈশ্বর চেয়েছিলেন এমন হোক!

□ “যদি” এটি একটি first class conditional sentence যেটি ধরে নিচ্ছে লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্য থেকে সত্যি বলে।

□ “জগৎ তোমাদের ঘৃণা করে” এটি যীশুকে ঘৃণা করেছে; এটা তাঁর অনুসারীদেরও ঘৃণা করবে। এটি নূতন নিয়মে একটি সাধারণ ভাব (theme) (যোহন ১৫:১৮; ১৭:১৪; মথি ৫:১০-১১; ২ তীম ৩:১২) এবং আর একটি প্রমাণ হল যা হল বিশ্বাসী।

৩:১৪ “আমরা জানি” এটি একটি perfect active indicative (*oida* রয়েছে perfect form, কিন্তু অর্থে present)। এটি আর একটি সাধারণ ভাব (theme)। ঈশ্বরের সন্তানের নিশ্চিত যে তারা সম্পর্কিত (১) মনের পরিবর্তনের এবং (২) কাজের পরিবর্তনের, যেটি হল “অনুতাপ” টার্মের মূল অর্থ গ্রীক এবং ইব্রীয়তে।

□ “আমরা মৃত্যু থেকে জীবনে পার হয়ে গেছি” এটি আর একটি perfect active indicative (যোহন ৫:২৪)। একটি প্রমাণ হল মৃত্যু থেকে জীবনে পার হয়ে যাওয়া (অর্থাৎ, খ্রীষ্টিয় আশ্বাস, দেখুন যোহন ৬:৩৭ পদে বিশেষ বিষয়) যা হল আমরা পরস্পরকে ভালবাসি। অন্যটি হল যে জগৎ আমাদের ঘৃণা করে।

□ “কারণ আমরা ভাইদের ভালবাসি” এটি একটি Present active indicative। ঈশ্বরে পরিবারের বড় বৈশিষ্ট্য হল ভালবাসা (যোহন ১৩:৩৪-৩৫; ১৫:১২,১৭; ২ যোহন ৫; ১ করি ১৩; গালা ৫:২২) কারণ এটি ঈশ্বরের নিজের একটি বৈশিষ্ট্য (১ যোহন ৪:৭-২১)। মানুষের সাথে ঈশ্বরের সম্পর্কের ভিত্তি ভালবাসা নয়, বরং ফলাফল। পরিত্রাণের ভিত্তি ভালবাসা নয়, বরং এর আর একটি প্রমাণ।

□ “যে কেউ ভালবাসে না সে মৃত্যুর মধ্যে থাকে” এটি একটি Present participle ব্যবহৃত হয়েছে subject হিসাবে present active indicative verb এর সাথে। যেমন বিশ্বাসীরা সব সময় ভালবাসার মধ্যে থাকে, তেমনি অবিশ্বাসীরা ঘৃণার মধ্যে থাকে। গৃণা, ভালবাসার মতই, একটি প্রমাণ একজনের আত্মিক সম্পৃক্ততার। মনে রাখুন যোহনের কঠিন, দ্বৈত শ্রেণী বিভাগকে; একজন ভালবাসায় থাকে অথবা মৃত্যুর মধ্যে থাকে। মাঝামাঝি কোন জায়গা নেই।

৩:১৫ “যে কেউ” যোহন (*pas*) এই টার্ম ব্যবহার করেছেন ২:২৯ পদ থেকে ৮ বার। এর তাৎপর্য হল যে যোহন যা বলছেন তাতে কোন ব্যতিক্রম নেই। কেবল দুই ধরনের লোক রয়েছে, ভালবাসার ও ঘৃণার। যোহন জীবনকে দেখেছেন কালো বা সাদা টার্মে, রঙিন ছবিতে নয়।

□ “যে কেউ নিজের ভাইকে ঘৃণা করে সে খুনী” এটি একটি present active participle (অর্থাৎ, একটি চলমান, প্রতিষ্ঠিত বিদ্রোহ)। নির্দারিত জীবনে পাপ প্রথম ঘটে। পর্বতে দত্ত উপদেশে যীশু শিক্ষা দিয়েছেন যে ঘৃণা খুন করার সমান যেমন কামনা ব্যাভিচারের সমান (মথি ৫:২১-২২)।

□ “এবং তোমরা জান যে অনন্ত জীবন কোন খুনির অন্তরে বাস করে না” এটি বলছে না যে কোন একজন যে খুন করেছে সে খ্রীষ্টিয়ান হতে পারে না। পাপ ক্ষমার যোগ্য, কিন্তু জীবন পদ্ধতির কাজ হৃদয়েকে প্রকাশ করে। এটি বলা হচ্ছে যে লোক অভ্যাসগত ভাবে ঘৃণাকারী সে খ্রীষ্টিয়ান হতে পারে না। ভালবাসা এবং ঘৃণা পরস্পরাগত ভাবে স্বতন্ত্র! ঘৃণা জীবন নেয়, কিন্তু ভালবাসা একে জীবন দেয়।

৩:১৬ “আমরা জানি” এটি একটি perfect active indicative। গ্রীক টার্ম ১ যোহন ৩:১৫ পদে ব্যবহৃত হয়েছে *oida*; এখানে এটি হল *ginōskō*। এগুলি যোহনের লেখায় একই ভাবে ব্যবহৃত হয়েছে।

□ “এর দ্বারাই ভালবাসা” যীশু ভালবাসা আসলে কি তার চরম উদাহরণ প্রদর্শন করেছেন। বিশ্বাসীদের তাঁর উদাহরণ অনুসরণ করতে চেষ্টা করতে হবে (২ করি ৫:১৪-১৫)।

□ “তিনি আমাদের জন্য নিজ প্রাণ উৎসর্গ করেছেন” এটি একটি aorist tense উল্লেখ করছে কালভেরীতে যীশুর নিজের কথা ব্যবহার করে (যোহন ১০:১১,১৫,১৭,১৮; ১৫:১৩)।

□ “আমাদের উচিত” বিশ্বাসীরা বাধ্য যীশুর উদাহরণে (১ যোহন ২:৬; ৪:১১)।

□ “ভাইদের জন্য নিজেদের প্রাণ দান করি” খ্রীষ্ট হলেন উদাহরণ। যেমন তিনি অন্যদের জন্য নিজের প্রাণ উৎসর্গ করেছেন, খ্রীষ্টিয়ানদেরও তেমনি যদি প্রয়োজন পড়ে তাদের ভাইদের জন্য নিজেদের জীবন উৎসর্গ করা। আত্ম কেন্দ্রিকতার মৃত্যু হল

১. পতনের বিপরিত
২. ঈশ্বরের প্রতিমূর্তির পুনরুদ্ধার
৩. যৌথ ভাবে ভাল করার জন্য জীবন যাপন (২ করি ৫:১৪-১৫; পিলি ২:৫-১১; গালা ২:২০; ১ পিতর ২:২১)

৩:১৭ কিন্তু যার সাংসারিক জীবনোপায় আছে সে নিজের ভাইকে অভাবস্থ দেখে” এগুলো হল present subjunctive verbs। ১ যোহন ৩:১৬ পদে একজনের জীবন উৎসর্গ করা এখন সম্ভাবনার রাজ্যে রাখা, কোন একজন ভাইকে ব্যবহারিক সাহায্য করা। এই পদগুলি যাকোবের মতই অনেকটা শুনতে লাগে (যাকোব ২:১৫,১৬)।

□ “আর অন্তরে দয়া রোধ করে” এটি একটি aorist active subjunctive। হৃদয় টার্মটি আক্ষরিক ভাবে “নাড়িভুড়ি,” আবেগের জন্য একটি ইব্রীয় বাগধারা। আবার, আমাদের কাজ আমাদের পিতাকে প্রকাশ করে।

□ “ঈশ্বরের ভালবাসা” আবার এটা কি একটি objective বা subjunctive genitive বা উদ্দেশ্যমূলক দ্ব্যর্থ বোধক?

১. ঈশ্বরের জন্য ভালবাসা
২. আমাদের জন্য ঈশ্বরের ভালবাসা
৩. উভয়ই

গণনা ও যোহনের লেখার সঙ্গে খাপ খায়!

৩:১৮ “শুধু মুখের কথায় ও জিহ্বাতে নয় ভালসা নয়” কাজ কথার চেয়ে উচ্চস্বরে বলবে (মথি ৭:২৪; যাকোব ১:২২-২৫; ২:১৪-২৬)।

□ “কিন্তু কাজে ও সত্যে” টার্ম “সত্য” হল বিপ্লবকর। যে কেউ আশা করতে পারে একই রকম “কাজ,” “কাজ” এর মতই। টার্মটির অর্থ মনে হয় খাঁটি (NJB) বা সত্য (TEV), ১ যোহন ১:৫ এবং ৩:১১ পদের “বার্তা” এর মতই যেটি জোর দেয় মতবাদ এবং জীবন পদ্ধতি উভয়েরই উপরে, সে রকমই, “সত্য।” কাজ এবং উদ্দেশ্য উভয়ই অনুপ্রাণিত হবে আত্ম দত্ত ভালবাসায় (ঈশ্বরের ভালবাসা) এবং লোক দেখানো কাজ নয় যা দাতার বা যোগানদাতার অহংবোধ মুছে দেবে।

৩:১৯ “এর দ্বারাই আমরা জানবো” এটি উল্লেখ করে পূর্বে উল্লেখিত ভালবাসার কাজ। এটি একটি future middle (deponent) indicative, যেটি আর একটি উদাহরণ একজনের সত্যিকারের মন পরিবর্তনের।

□ “যে আমরা সত্যের” বিশ্বাসীদের ভালবাসার জীবন পদ্ধতি দুটো জিনিস দেখায়: (১) তারা সত্যের পক্ষের এবং (২) তাদের বিবেক পরিষ্কার। দেখুন বিশেষ বিষয়: সত্য যোহন ৬:৫৫ পদে।

৩:১৯-২০ অনেক দ্বিধা দ্বন্দ্ব রয়েছে যে এই দুটি পদের গ্রীক টেক্সট কিভাবে অনুবাদ করা হবে। একটি সম্ভাব্য অনুবাদ গুরুত্ব দিয়েছে ঈশ্বরের বিচারের, যখন অন্যগুলি গুরুত্ব দিয়েছে ঈশ্বরের সহানুভূতির। প্রসঙ্গের কারণে, মনে দ্বিতীয় বিকল্পটিই বেশি গ্রহণীয়।

৩:২০-২১ এই উভয় পদই হল Third class conditional sentences।

৩:২০

NASB “আমাদের অন্তর আমাদের দোষী করে”

NKJV “কারণ যদি আমাদের অন্তর আমাদের দোষী করে”

NRSV “যখন আমাদের অন্তর আমাদের দোষী করে”

TEV “যদি আমাদের বিবেক আমাদের দোষী করে”

NJB “যদি আমাদের নিজেদের বিবেক আমাদের দোষী করে”

সকল বিশ্বাসীর অন্তরে শোকের অভিজ্ঞতা রয়েছে “মান” অনুসারে জীবন যাপন না করার এই জন্য যে তারা জানে তাদের জীবনে ঈশ্বরের ইচ্ছা (অর্থাৎ, রোমীয় ৭)। বিবেকের এই যন্ত্রণা সমূহ হতে পারে ঈশ্বরের আত্মা থেকে (মন পরিবর্তনের কারণ) বা শয়তান থেকে (যা আত্ম ধ্বংস বা সাক্ষ্য হারানোর কারণ)। উভয়ই উপযুক্ত দোষ এবং অনুপযুক্ত দোষ। বিশ্বাসীরা পার্থক্য জানে ঈশ্বরের বাক্য পাঠের দ্বারা (বা তাঁর বার্তাবাহকদের কথা শোনার মাধ্যমে)। যোহন চেষ্টা করছেন বিশ্বাসীদের সান্ত্বনা দিতে যারা ভালবাসার মান অনুসারে জীবন যাপন করছেন কিন্তু এখনও পাপের বিরুদ্ধে সংগ্রাম করছেন (উভয়ই নিয়োজিত এবং ক্রুটি বিচ্যুতি সহ)। দেখুন [বিশেষ বিষয়: হৃদয় \(SPECIAL TOPIC: Heart\)](#) যোহন ১২:৪০ পদে।

□ “এবং সকলই জানেন” ঈশ্বর আমাদের সত্যিকারের উদ্দেশ্য জানেন (১ শমু ২:৩; ১৬:৭; ১ রাজা ৮:৩৯; ১ বংশ ২৮:৯; ২ বংশ ৬:৩০; গীত ৭:৯; ৪৪:২১; হিতো ১৫:১১; ২০:২৭; ২১:২; যির ১১:২০; ১৭:৯-১০; ২০:১২; লুক ১৬:১৫; প্রেরিত ১:২৪; ১৫:৮; রোমীয় ৮:২৬,২৭)।

৩:২১ “যদি আমাদের হৃদয় আমাদের দোষী না করে” এটি একটি third class conditional sentence। খ্রীষ্টিয়ানেরা এখনও পাপ ও আমিড়ের বিরুদ্ধে সংগ্রাম করছে (১ যোহন ২:১; ৫:১৬-১৭)। এখনও তারা প্রলোভনের সম্মুখীন হচ্ছে এবং নির্দিষ্ট অবস্থাতে উপযুক্ত কাজ করছে না। প্রায়ই তাদের বিবেক তাদের দোষী করছে। যেমন "At Even, Ere the Sun Was Set" গানে Henry Twells মন্তব্য করেছেন:

“এবং কেউ না, ও প্রভু, সিদ্ধ হয়েছে,

কারণ কেউ সম্পূর্ণ পাপ মুক্ত নয়:

এবং তারা যারা সানন্দে তোমার উত্তম সেবা করে

তাদের বিবেকের মধ্যেই আন্তি রয়েছে।”

সুসমাচারের জ্ঞান, যীশুর সঙ্গে মিস্টি সম্পর্ক, আত্মা দত্ত পরিচালনা এবং পিতার সর্বজ্ঞান দাবী করে আমাদের ধূলির হৃদয় (গীত ১০৩:৮-১৪)!

□ “ঈশ্বরের সামনে আমাদের সাহস হয়” এটি বলছে খোলাখুলি ভাবে ও স্বাধীন ভাবে ঈশ্বরের উপস্থিতিতে প্রবেশ। এটি একটি প্রায়ই পুনরাবৃত্তি করা টার্ম এবং ধারণা যোহনে (১ যোহন ২:২৮; ৩:২১; ৪:১৭; ৫:১৪; ইব্রীয় ৩:৬; ১০:৩৫, দেখুন ১ যোহন ৭:৪ পদে বিশেষ বিষয়)। এই শব্দগুচ্ছ আশ্বাসের দুটি উপকারের সাথে পরিচিত করায়।

১. বিশ্বাসীদের সত্যিকার সাহস হয় ঈশ্বরের সামনে

২. তাঁর কাছ থেকে যা কিছু তারা চায় তা পায়

৩:২২ “যা কিছু চাই তা আমরা পাই তাঁর কাছ থেকে পাই” এটি একটি Present active subjunctive এবং একটি Present active indicative । এটি প্রতিফলিত করে যীশুর মন্তব্য মথি ৭:৭; ১৮:১৯, যোহন ৯:৩১; ১৪:১৩-১৪; ১৫:৭,১৬; ১৬:২৩; মার্ক ১১:২৪; লূক ১১:৯-১০ পদে। এই শাস্ত্রাংশগুলির প্রতিজ্ঞা খুবই আলাদা বিশ্বাসীদের প্রার্থনার অভিজ্ঞতা থেকে। এই পদ মনে হয় প্রতিজ্ঞা করছে প্রার্থনার সীমাহীন উত্তরের। এটি হল যেখানে তুলনা করা হয়েছে অন্যান্য সম্পর্কিত টেক্সট যা ধর্মতাত্ত্বিক সমতা আনতে সাহায্য করে।

বিশেষ বিষয়: প্রার্থনা, অসীম কিন্তু সীমাবদ্ধ (SPECIAL TOPIC: Prayer, Unlimited Yet Limited)

□ “কারণ আমরা তাঁর আদেশ পালন করি এবং তিনি যা ভালবাসেন আমরা তা-ই করি” লক্ষ্য করুন এই প্রসঙ্গে প্রার্থনার উত্তর পেতে দুটি আবশ্যিকতা।

১. বাধ্যতা
২. সেই সব কিছু অনুশীলন যা ঈশ্বরকে খুশী করে (যোহন ৮:২৯)

১ যোহন হল একটি “কিভাবে” বই কার্যকর খ্রীষ্টিয়ান জীবন যাপন ও পরিচর্যার।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৩:২৩-২৪

^{২৩} তাঁর আদেশ এই, যেন আমরা তাঁর পুত্র যীশু খ্রীষ্টের নামে বিশ্বাস করি, এবং পরস্পর ভালবাসি, যেমন তিনি আমাদের দিয়েছেন। ^{২৪} যে তাঁর আদেশ সকল পালন করে সে তাঁতেই থাকে, এবং তিনি তাতে থাকেন। আর তিনি আমাদের যে আত্মা দিয়েছেন, তার দ্বারা আমরা জানি যে, তিনি আমাদের মধ্যে আছেন। (অনুবাদকৃত টেক্সট)।

৩:২৩ “তাঁর আদেশ এই. . . যেন আমরা বিশ্বাস করি. . . এবং ভালবাসি” “আদেশ” টার্মটি লক্ষ্য করুন যে তাহল দুটি দিক সহ singular । প্রথম দিকটি হল ব্যক্তিগত বিশ্বাস; verb “বিশ্বাস করা,” হল aorist active subjunctive (যোহন ৬:২৯,৪০)। দ্বিতীয় দিক হল নৈতিকতাগত; verb, ভালবাসা, হল present active subjunctive (১ যোহন ৩:১১; ৪:৭)। সুসমাচার হল বিশ্বাস করার জন্য একটি বার্তা, একজন ব্যক্তির গ্রহণ করার, এবং একটি জীবন পদ্ধতি জীবন যাপনের জন্য!

□ “যেন আমরা তাঁর পুত্র যীশু খ্রীষ্টের নামে বিশ্বাস করি” “বিশ্বাস করা” ধারণাটি বাইবেল ভিত্তিক বিশ্বাস বোঝার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পুরাতন নিয়মের টার্ম *aman* প্রতিফলিত করে “আনুগত্য,” “নির্ভরযোগ্যতা,” “আত্মনির্ভরশীলতা,” বা “বিশ্বস্ততা” (বিশেষ বিষয় দেখুন পুরাতন নিয়মের মন্দের ১ যোহন ২:১০ পদে)। নূতন নিয়মে গ্রীক টার্ম (*pisteuō*) অনুবাদ হয়েছে তিনটি ভিন্ন ভিন্ন ইংরাজী টার্মে: বিশ্বাস করা, বিশ্বাস, বা নির্ভরতা (বিশেষ বিষয় দেখুন গ্রীক শব্দের উপরে যোহন ২:২৩ পদে)। ঈশ্বরের উপরে খ্রীষ্টিয় নির্ভরশীলতা হিসাবে টার্মটি খুব বেশি প্রতিফলিত করে না। এটি হল তাঁর চরিত্র, প্রকাশ, এবং প্রতিজ্ঞা, পতিত মানবের আনুগত্য বা বিশ্বস্ততা নয়, এমনকি উদ্ধার প্রাপ্ত পতিত মানবও নয়, যা গঠন করেছে অকম্পিত ভিত্তি!

“নামে” বিশ্বাস করা বা “নামে” প্রার্থনা করার ধারণা প্রতিফলিত করে নিকট প্রাচ্যের উপলব্ধি যা ব্যক্তির নাম প্রতিনিধিত্ব করে।

১. যীশু মথি ১:২১,২৩,২৫; ৭:২২; ১০:২২; ১২:২১; ১৮:৫,২০; ১৯:২৯; ২৪:৫,৯; যোহন ১:১২; ২:২৩; ৩:১৮; ১৪:২৬; ১৫:২১; ১৭:৬; ২০:৩১ পদে
২. পরিবার মথি ৬:৯; ২১:৯; ২৩:৩৯; যোহন ৫:৪৩; ১০:২৫; ১২:১৩; ১৭:১২
৩. ত্রিত্ব মথি ২৮:১৯ পদ।

এই পদের কেবলমাত্র একটি সংক্ষিপ্ত কৌশলগত নোট। তার বই *Word Pictures in the New Testament* (p. 228), A. T. Robertson উল্লেখ করেছেন একটি গ্রীক পাণ্ডুলিপিগত সমস্যা যেটি “বিশ্বাস করা” verb এর সাথে সম্পর্কিত। গ্রীক uncial পাণ্ডুলিপি B, K, এবং L এর রয়েছে aorist active subjunctives, যখন N, A, এবং C এর রয়েছে present active subjunctives। উভয়ই যোহনের প্রসঙ্গ ও কৌশলের সাথে খাপ খায়।

৩:২৪ “যে পালন করে . . . থাকে. . .” উভয়ই present tense। বাধ্যতা সংযুক্ত থাকার সাথে। ভালবাসা একটি প্রমাণ যে আমরা ঈশ্বরের এবং আমাদের মধ্যে ঈশ্বর আছেন (১ যোহন ৪:১২,১৫-১৬; যোহন ১৪:২৩; ১৫:১০)। দেখুন বিশেষ বিষয় থাকা ১ যোহন ২:১০ পদে।

□ “তিনি আমাদের যে আত্মা দিয়েছেন তার দ্বারা” যোহন নিশ্চিত প্রমাণ ব্যবহার করেছেন সত্যিকার বিশ্বাসীদের মূল্যায়নে (রোমীয় ৪:১৩; ৮:১৪-১৬, দেখুন ২:৩-২৭ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি, গ)। দুটি পবিত্র আত্মার সাথে সম্পর্কিত।

১. যীশুকে স্বীকার করা (রোমীয় ১০:৯-১৩; ১ করি ১২:৩)
২. খ্রীষ্ট সাদৃশ্যতায় জীবন যাপন (যোহন ১৫; গালা ৫:২২; যাকোব ২:১৪-২৬)

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে

ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্রেককারী, চূড়ান্ত নয়।

১. ১১-২৪ পদের এক প্রকৃতি বিশিষ্ট ভাব (যেবসব) কি? (১ যোহন ২:৭-১১)?
২. ১৬ এবং ১৭ পদের সম্পর্ক ব্যাখ্যা করুন। আমাদের ভাইদের প্রয়োজনের সাহায্য তুলনা করে কিভাবে আমরা আমাদের জীবন দিতে পারি?
৩. ১৯-২০ পদ কি ঈশ্বর ন্যায় বিচার বা ঈশ্বরের মহা সহানুভূতি যেটি আমাদের ভয় দাবী করে সেই কঠিনতার উপরে কি গুরুত্ব দান করে?
৪. ২২ পদে প্রার্থনা সম্বন্ধে কিভাবে আমরা যোহনের মন্তব্যের সাথে আমাদের দৈনিক অভিজ্ঞতায় সম্পর্কিত?
৫. কিভাবে একজন যোহনের সাথে পুনর্মিলিত হতে পারে দৃশ্যত খ্রীষ্টিয় স্বীকারের প্রয়োজন ও পাপ স্বীকার এবং তার পাপহীন সিদ্ধতার মন্তব্যের চূড়ান্তফড়ীরপধম গুরুত্ব?।
৬. কেন যোহন জীবন পদ্ধতির উপরে এমন জোর গুরুত্ব দিয়েছেন?
৭. “নূতন জন্ম” এর সাথে জড়িত ধর্মতাত্ত্বিক সত্যের ব্যাখ্যা করুন।
৮. কিভাবে এই প্যাসেজ দৈনিক খ্রীষ্টিয় জীবনের সাথে সম্পর্কযুক্ত?

কপিরাইট © 2013 Bible Lessons International

১ যোহন ৪

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ*

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
ঈশ্বরের আত্মা ও খ্রীষ্টারীর আত্মা	সত্যের আত্মা ও ভ্রান্তির আত্মা	সত্য ও মিথ্যা চিনে নেওয়া	সত্য আত্মা ও মিথ্যা আত্মা	তৃতীয় শর্ত: খ্রীষ্টারী ও জগতের বিরুদ্ধে সুরক্ষিত হওয়া
৪:১-৬	৩:২৪-৪:৬	৪:১-৬	৪:১-৩ ৪:৪-৬	৪:১-৬ বিশ্বাস ও ভালবাসার উৎস (৪:৭-৫:১৩)
ঈশ্বর ভালবাসা	ভালবাসার মাধ্যমে	ভালবাসার আশীর্বাদ	ঈশ্বর ভালবাসা	ভালবাসার উৎস
৪:৭-১২	৪:৭-১১ ভালবাসার মধ্যে দিয়ে ঈশ্বরকে দেখা ৪:১২-১৬	৪:৭-১২	৪:৭-১০ ৪:১১-১২	৪:৭-৫:৪
৪:১৩-১৬ ^ক		৪:১৩-১৬ ^ক	৪:১৩-১৬ ^ক	
৪:১৬ ^ক -২১	ভালবাসায় সম্পূর্ণ ৪:১৭-১৯ বিশ্বাস দ্বারা বাধ্যতা ৪:২০-৫:৫	৪:১৬ ^ক -২১	৪:১৬ ^ক -১৮ ৪:১৯-২১	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ

৪:১-২১ পদের প্রসঙ্গকৃত অন্তর্দৃষ্টি

- ক. যোহন ৪ অধ্যায় খুবই বিশেষায়িত সাহিত্য একক যে কিভাবে খ্রীষ্টিয়ানদের মূল্যায়ন এবং প্রমাণ করা যাবে তাদের যারা দাবী করে যে তারা ঈশ্বরের পক্ষে কথা বলে। এই প্যাসেজ সম্পর্কিত
১. এই ভন্ড শিক্ষকদের বলে খ্রীষ্টারী (১ যোহন ২:১৮-২৫)
 ২. তারা যারা চেষ্টা করে প্রতারণা করতে (১ যোহন ২:২৬; ৩:৭)
 ৩. সম্ভবত তারা যারা দাবী করে বিশেষ আত্মিক সত্যের জ্ঞান (১ যোহন ৩:২৪)
প্রাথমিক খ্রীষ্টিয়ানদের এই অপ্রীতিকর অবস্থা সম্পূর্ণ ভাবে বুঝতে আমাদের স্বীকার করতে হবে যে অনেকে দাবী করছিল যে তারা ঈশ্বরের পক্ষে কথা বলছে (১ করি ১২:১০; ১৪:২৯; ১ থি ৫:২০-২১; ১ যোহন ৪:১-৬)। সে সময়ে সম্পূর্ণ এবং সহজে প্রাপ্য নূতন নিয়ম ছিল না। আত্মিক বিচক্ষণতা অন্তর্ভুক্ত ছিল মতবাদগত এবং সামাজিক পরীক্ষায় (যাকোব ৩:১-১২)।
- খ. ১ যোহন চূড়ান্ত ভাবে রূপরেখা করা কঠিন কারণ মূল ভাবের (themes) পুনরাবৃত্তির নমুনা। এটি ৪ অধ্যায়ে নিশ্চিত ভাবে সত্য। এটি মনে হয় যে এই অধ্যায় পুনরায় গুরুত্ব দিয়েছে সত্যের উপরে যেটি পূর্বের অধ্যায়ে শিক্ষা দেওয়া হয়েছে, বিশেষ করে বিশ্বাসীদের পরস্পরকে ভালবাসার আবশ্যিকতা (১ যোহন ৪:৭-২১; ২:৭-১২ এবং ৩:১১-২৪)।
- গ. যোহন লেখনী একই সাথে ভন্ড শিক্ষকদের সাথে তর্ক যুদ্ধ ও সত্যিকার বিশ্বাসীদের উৎসাহদান উভয়ই করেছে। তিনি এটি কয়েকটি পরীক্ষার দ্বারা করেছেন:
১. মতবাদগত পরীক্ষা (যীশুকে বিশ্বাস করা, ১ যোহন ২:১৮-২৫; ৪:১-৬, ১৪-১৬; ৫:১, ৫, ১০)
 ২. জীবন পদ্ধতিগত পরীক্ষা (বাধ্যতা, ১ যোহন ২:৩-৭; ৩:১-১০, ২২-২৪)
 ৩. সামাজিক পরীক্ষা (ভালবাসা, ১ যোহন ২:৭-১১; ৩:১১-১৮; ৪:৭-১২, ১৬-২১; ৫:১-২)
শাস্ত্রের ভিন্ন ভিন্ন অংশ ভিন্ন ভিন্ন ভন্ড শিক্ষকদের সাথে সম্পর্কিত। ১ যোহন Gnostic ভন্ড শিক্ষকের ধর্মবিরোধিতা সম্পর্কে লেখা হয়েছে। ১ যোহনের ভূমিকা দেখুন, ধর্মদ্রোহ। নূতন নিয়মের অন্য অংশ অন্য অসত্যের বিষয়ে লেখা হয়েছে (যোহন ১:১৩; রোমীয় ১০:৯-১৩; ১ করি ১২:৩)। প্রতিটির প্রসঙ্গ অবশ্যই পৃথক ভাবে পাঠ করতে হবে এটা স্থির করতে যে কোন ভ্রান্তির বিষয়ে উল্লেখ করা হয়েছে। ভ্রান্তি ছিল বিভিন্ন উৎস থেকে।
১. যিহূদী গোড়ামী
 ২. গ্রীক দার্শনিক
 ৩. গ্রীক যারা বিশ্বাস করতো খ্রীষ্টিয়ানদের লনিতক আইন মানার দরকার নেই (antinomians)
 ৪. তারা যারা দাবী করতো বিশেষ আত্মিক প্রকাশ ও অভিজ্ঞতা।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৪:১-৬

প্রিয়তমেরা, সব আত্মাকে বিশ্বাস করো না, বরং আত্মা সকলের পরীক্ষা করে দেখ তারা ঈশ্বর থেকে কি না, কারণ জগতে অনেক ভন্ড ভাববাদী বের হয়েছে।^২ এর দ্বারা তোমরা ঈশ্বরের আত্মাকে চিনতে পারবে: যে কোন আত্মা স্বীকার করে যে যীশু খ্রীষ্ট মানবদেহে এসেছেন সে ঈশ্বর থেকে;^৩ আর যে কোন আত্মা যীশুকে স্বীকার করে না সে ঈশ্বর থেকে নয়; তা হচ্ছে খ্রীষ্টারীর আত্মা, যার বিষয়ে তোমরা শুনেছ যে তা আসছে, এবং এখন তা জগতে আছে।^৪ সন্তানেরা, তোমরা ঈশ্বর থেকে, তোমরা তাদের জয় করেছে; কারণ যিনি তোমাদের অন্তরে তিনি জগতের মধ্যে যে আছে তার চেয়ে মহান।^৫ এরা জগত থেকে; সেজন্য এরা জগতের কথাই বলে, আর জগত এদের কথা শোনে।^৬ আমরা ঈশ্বর থেকে; ঈশ্বরকে যে জানে সে আমাদের কথা শোনে; যে ঈশ্বর থেকে নয়, সে আমাদের কথা শোনে না। এর দ্বারাই আমরা সত্যের আত্মাকে ও ভ্রান্তির আত্মাকে চিনতে পারি। (অনুবাদকৃত টেক্সট)।

৪:১ “বিশ্বাস করো না” এটি একটি present imperative সাথে একটি negative particle যার সাধারণত অর্থ ইতিমধ্যে প্রক্রিয়াক্রমিত কোন কাজকে বন্ধ করা। খ্রীষ্টিয়ানদের প্রবণতা দৃঢ় ব্যক্তিত্বের অধিকারীকে গ্রহণ, যুক্তিযুক্ত বিতর্ক, বা অলৌকিক ঘটনা ঈশ্বর থেকে কৃত হিসাবে। দৃশ্যত ভন্ড শিক্ষকেরা দাবী করেছিল (১) ঈশ্বরের পক্ষে কথা বলার বা (২) ঈশ্বরের কাছ থেকে পাওয়া বিশেষ প্রকাশ তাদের আছে।

বিশেষ বিষয়: খ্রীষ্টিয়ানদের কি পরস্পরের বিচার করা উচিত? (SPECIAL TOPIC: Should Christians Judge One Another?)

□ “সব আত্মাকে” আত্মা মানবিক ব্যক্তি অর্থে ব্যবহৃত হয়েছে। ১ যোহন ৪:৬ পদে নোট দেখুন। এটি উল্লেখ করে ঈশ্বরের কাছ থেকে আসার বার্তার

ধারণাকে। ধর্মদ্রোহ মন্ডলীর ভেতর থেকেই এসেছে (১ যোহন ২:১৯)। ভন্ড শিক্ষকেরা দাবী করেছিল যে তারা ঈশ্বরের পক্ষে কথা বলছে। যোহন দাবী করেছেন যে দুটি আত্মিক উৎস রয়েছে, ঈশ্বর বা শয়তান, মানুষের কথা বলার বা কাজের পিছনে।

□ “বরং আত্মা সকলের পরীক্ষা করে দেখ” এটি একটি Present active imperative। এটি উভয়ই আত্মিক দান (১ করি ১২:১০; ১৪:২৯) এবং প্রতিটি বিশ্বাসীর আবশ্যিকীয়, যেমন প্রার্থনায়, সুসমাচার প্রচারে, এবং দান করায়। এই গ্রীক শব্দ *dokimazō* এর অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে “অনুমোদনের জন্য দেখে পরীক্ষা করা।” বিশ্বাসীরা অবশ্যই ভাববে অন্যদের জন্য সবচেয়ে ভাল যত্নক্ষণ না খারাপ বলে প্রমাণিত হয় (১ করি ১৩:৪-৭; ১ থি ৫:২০-২১)।

বিশেষ বিষয়: পরীক্ষা ও তাদের অন্তর্নিহিত তাৎপর্যের জন্য গ্রীক টার্ম (SPECIAL TOPIC: GREEK TERMS FOR TESTING AND THEIR CONNOTATIONS)

□ “কারণ জগতে অনেক ভন্ড ভাববাদী বের হয়েছে” এটি একটি perfect active indicative (যির ১৪:১৪; ২৩:২১; ২৯:৮; মথি ৭:১৫; ২৪:১১,২৪; প্রেরিত ২০:২৮-৩০; ২ পিতর ২:১; ১ যোহন ২:১৮-১৯,২৪; ৩:৭; ২ যোহন ৭)। তাৎপর্য এই যে তারা মন্ডলী ত্যাগ করেছে (গৃহ মন্ডলীসমূহ), তথাপিও তারা অবিরত দাবী করে যাচ্ছে যে তারা ঈশ্বরের পরোক্ষ কথা বলছে।

দেখুন বিশেষ বিষয়: নূতন নিয়মের ভাববাণী (SPECIAL TOPIC: NT Prophecy) যোহন ৪:১৯ পদে।

৪:২ “এর দ্বারা তোমরা ঈশ্বরের আত্মাকে চিনতে পারবে” এই ব্যাকরণগত গঠন হয় present active indicative (একটি বিবৃতি) না হয় present active imperative (একটি আদেশ)। এই একই দ্বৈত অর্থের গঠন “থাকা”-তে রয়েছে, ২:২৭ পদে এবং “জানা,” ২:২৯ পদে। পবিত্র আত্মা সব সময় যীশুকে তুলে ধরেন (যোহন ১৪:২৬; ১৫:২৬; ১৬:১৩-১৫)। এই একই পরীক্ষা দেখা যেতে পারে পৌলের লেখা ১ করি ১২:৩ পদে।

□ “যে কোন আত্মা স্বীকার করে” এটি একটি present active indicative যেটি দেখিয়ে দিচ্ছে অবিরত ঘোষণা, বিশ্বাসের অতীতের নিশ্চয়তা নয়। গ্রীক টার্ম “স্বীকার করা” হল “একই” এবং “বলা,” থেকে একটি সমন্বিত শব্দ, অর্থ “একই বিষয় বলা।” এটি একটি বার বার বলা ভাব (theme) ১ যোহনে (১ যোহন ১:৯; ২:২৩; ৪:২-৩; ৪:১৫; যোহন ৯:২২; ২ যোহন ৭)। এই টার্ম ইঙ্গিত দেয় নির্দিষ্ট, প্রকাশ্য, মৌখিক স্বীকারোক্তি একজনের নিশ্চয়তার এবং যীশু খ্রীষ্টের সুসমাচারের প্রতি অঙ্গিকার। যোহন ৯:২২ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “যে যীশু খ্রীষ্ট মানবদেহে এসেছেন সে ঈশ্বর থেকে” এটি একটি perfect active participle। এটি হল আবশ্যিকীয় মতবাদগত পরীক্ষা ভণ্ড শিক্ষকদের জন্য (অর্থাৎ, Gnostics) যাদের সঙ্গে যোহন এই বইয়ের মাধ্যমে যুদ্ধরত। এটি মূল দাবী যে যীশু সম্পূর্ণ মানুষ (অর্থাৎ, মাংসময়, যেটি Gnostics-রা অস্বীকার করছে) সেই সঙ্গে সম্পূর্ণ ঈশ্বর (১ যোহন ১:১-৪; ২ যোহন ৭; যোহন ১:১৪; ১ তীম ৩:১৬)। perfect tense দাবী করে যে যীশুর মানবিকতা সাময়িক নয়, কিন্তু স্থায়ী। এটি কোন ক্ষুদ্র বিষয় নয়। যীশু সত্যিকার মানুষের সাথে এক এবং ঈশ্বরের সাথে এক।

৪:৩ “আর যে কোন আত্মা যীশুকে স্বীকার করে না” এটি ধর্মতত্ত্বগত ভাবে মজার যে নূতন নিয়মের পুরাতন Latin সংস্করণ এবং Patristic লেখকেরা, Clement, আলেকজান্দ্রিয়ার Origen, Irenaeus, এবং এর ছিল *leui* (ডিলেঢালা), যেটি ইঙ্গিত দেয় “বিচ্ছিন্ন যীশুর,” দৃশ্যত একটি মানবিক আত্মা এবং একটি পৃথক ঈশ্বরীক আত্মা যেটি অত্যন্ত বৈশিষ্ট্যময় ছিল দ্বিতীয় শতকের Gnostic লেখনীতে। কিন্তু এটি একটি লেখনীগত যুক্তকরণ যেটি প্রতিফলিত করে প্রাথমিক মণ্ডলীর জীবন এবং মৃত্যুর সংগ্রাম ধর্মদ্রোহের সাথে (দেখুন Bart Erhart, *The Orthodox Corruption of Scripture*, pp. 125-135)।

□ “খ্রীষ্টারীর আত্মা” এখানে টার্মটি (১ যোহন ২:১৮-২৫) ব্যবহৃত হয়েছে খ্রীষ্টকে অস্বীকারকারী হিসাবে, তাঁর মর্যাদাকে ভ্রান্তভাবে নেওয়ার চেষ্টা নয়।

□ “যার বিষয়ে তোমরা শুনেছ যে তা আসছে, এবং এখন তা জগতে আছে” এটি একটি perfect active indicative যেটি ইঙ্গিত দিচ্ছে যে যোহন এই বিষয়ে পূর্বে তাদের সাথে আলোচনা করেছেন এবং এটি হল তার সামঞ্জস্যপূর্ণ মনে করিয়ে দেওয়া। গ্রীকে pronoun “ইহা” খাপ খায় “আত্মা” neuter এর সাথে। ২:১৮ পদের মত, এই শব্দগুচ্ছ প্রতিফলিত করছে যে খ্রীষ্টারীর আত্মা উভয়ই ইতিমধ্যে এসেছে এবং আসবে। এই Gnostic ভন্ড শিক্ষকেরা মিথ্যা তথ্যের, মিথ্যা জীবন পদ্ধতির, এবং যুগের পরে যুগ মিথ্যা ঘোষণার একটি শৃঙ্খল গঠন করেছে, আদি পুস্তকের ৩ অধ্যায়ের শয়তানের কাছ থেকে মন্দতার দেহধারণ এবং শেষ কালের খ্রীষ্টারীর প্রকাশ (অর্থাৎ, ২ থি ২; প্রকা ১৩)।

৪:৪-৬ “তোমরা. . .তারা. . .আমরা” এই সব pronouns হল জোর দানের। তিনটি দলের উদ্দেশ্যে বলা হয়েছে।

১. সত্যিকার বিশ্বাসীরা (যোহন এবং তার পাঠকেরা)
২. ভ্রান্ত বিশ্বাসীরা (Gnostic শিক্ষক এবং তাদের অনুসারীরা)

৩. যোহনের প্রচারকের দল বা ধর্মতত্ত্বগত দল

এই একই রকমের তিনটি দল আমরা দেখতে পেয়েছি ইব্রীয় ৬ এবং ১০ অধ্যায়ে।

৪:৪ “তাদের জয় করেছে” এটি একটি perfect active indicative। এটি মনে একটি উল্লেখ্য মতবাদগত বিতর্ক এবং বিজয়ী খ্রীষ্টিয় জীবন উভয়েরই। বি চমৎকার উৎসাহের কথা তাদের জন্য তেমনই আমাদের জন্যও।

যোহন সচেতন ছিলেন পাপের ও মন্দতার উপরে খ্রীষ্টিয় বিজয়ের। তিনি এই টার্ম (*nikaō*) ৬ বার ব্যবহার করেছেন ১ যোহনে (১ যোহন ২:১৩, ১৪; ৪:৪; ৫:৪, ৫), ১১ বার প্রকাশিত বাক্যে, এবং একবার যোহন ১৬:৩৩ পদে)। “বিজয়” এর জন্য এই টার্ম ব্যবহৃত হয়েছে লুকে কেবল মাত্র একবার (লুক ১১:২২) এবং দু’বার পৌলের লেখায় (রোমীয় ৩:৪; ১২:২১)।

□ “কারণ যিনি তোমাদের অন্তরে তিনি জগতের মধ্যে যে আছে তার চেয়ে মহান” এটি হল অন্তরে বাসকারী ঈশ্বরের উপরে জোর দান। এখানে এটি মনে হয় বাসকারী পিতার উল্লেখ (যোহন ১৪:২৩; ২ করি ৬:১৬)। নূতন নিয়ম আরও গুরুত্ব দিয়েছে (১) বাসকারী পুত্র (মথি ২৮:২০; কল ১:২৭) এবং (২) বাসকারী পবিত্র আত্মা (রোমীয় ৮:৯; ১ যোহন ৪:১৩)। আত্মা এবং পুত্র ঘনিষ্ঠভাবে চিহ্নিত (রোমীয় ৮:৯; ২ করি ৩:১৭; গালা ৪:৬; ফিলি ১:১৯; ১ পিতর ১:১১)। দেখুন বিশেষ বিষয় যোহন ১৪:১৬ পদে।

শব্দগুচ্ছ “সে যে জগতে আছে” উল্লেখ করছে শয়তানের (যোহন ১২:৩১; ১৪:৩০; ১৬:১১; ২ করি ৪:৪; ইফি ২:২; ১ যোহন ৫:১৯) এবং তার অনুসারীরা। ১ যোহনে “জগৎ” টার্মটি সব সময় নেতিবাচক তাৎপর্য বহন করে (অর্থাৎ, ঈশ্বরকে বাদ দিয়ে মানবিক সমাজ গঠন এবং কাজ করা, দেখুন বিশেষ বিষয়: *Kosmos* যোহন ১৪:১৭ পদে)।

৪:৫ “এরা জগত থেকে” এটি উৎসের একটি ablative। “জগৎ” টার্মটি এখানে ব্যবহৃত হয়েছে এই অর্থে যে পতিত মানব সমাজ ঈশ্বরকে বাদ দিয়ে তাদের সকল প্রয়োজন মিটাতে চেষ্টা করছে (১ যোহন ২:১৫-১৭)। এটি উল্লেখ্য করেছ পতিত মানবের যৌথ স্বনির্ভর আত্মার কথা! কয়িন হল এর একটি উদাহরণ (১ যোহন ৩:১২)। অন্য উদাহরণ হতে পারে (১) এলিয় ও *Ba'al* দেবের ভাববাদীরা (১ রাজা ১৮) এবং (২) যিরমিয় বনাম হননিয় (যিরমিয় ২৮)।

□ “জগত এদের কথা শোনে” খ্রীষ্টিয় শিক্ষক বনাম ভুল শিক্ষকদের আর একটি প্রমাণ হল কে তাদের কথা শুনছে (১ তীম ৪:১)।

৪:৬ “ঈশ্বরকে যে জানে সে আমাদের কথা শোনে” এটি একটি present active participle। সত্যিকার বিশ্বাসীরা অবিরত শোনে ও সাড়া প্রদান করে প্রেরিতিক সত্যে! বিশ্বাসীরা সত্যিকার প্রচারক/শিক্ষকদের চিনতে পারে তাদের বার্তার বিষয়বস্তু এবং কে তাদের কথা শুনছে ও সাড়া প্রদান করছে তার মাধ্যমে।

□ “এর দ্বারাই আমরা সত্যের আত্মাকে ও ভ্রান্তির আত্মাকে চিনতে পারি” এটা হতে পারে পবিত্র আত্মার উল্লেখ (যোহন ১৪:১৭; ১৫:২৬; ১৬:১৩; ১ যোহন ৪:৬; ৫:৭) এবং এবং মন্দ আত্মা, শয়তান। বিশ্বাসীদের অবশ্যই বুঝতে হবে বার্তার উৎস কোথা থেকে। প্রায়ই সেগুলি ঈশ্বরের নামে দেওয়া হয়, দৃশ্যত ঈশ্বরের বক্তাদের দ্বারা। একজন যীশুকে এবং খ্রীষ্ট সাদৃশ্যতাকে তুলে ধরে এবং একজন তুলে ধরে মানবিক চিন্তা ভাবনা এবং ব্যক্তিগত স্বাধীনতা।

Robert Girdlestone, *Synonyms of the Old Testament*, নূতন নিয়মে “আত্মা” টার্ম ব্যবহারের উপরে চমৎকার একটি আলোচনা তুলে ধরেছেন।

“১. মন্দ আত্মা

২. মানুষের আত্মা

৩. পবিত্র আত্মা

৪. বিষয় যেগুলি আত্মা ভিতরে উৎপন্ন করে এবং মানুষের আত্মার মাধ্যমে

ক. ‘দাসত্বের আত্মা নয় বনাম দত্তক গ্রহণের আত্মা’ – রোমীয় ৮:১৫

খ. ‘নন্দতার আত্মা’ – ১ করি ৪:২১

গ. ‘বিশ্বাসের আত্মা’ – ২ করি ৪:১৩

ঘ. ‘তাঁর বিষয়ে জ্ঞানের প্রকাশ ও প্রজ্ঞার আত্মা’ – ইফি ১:১৭

ঙ. ‘ভীরুতার আত্মা নয়, বরং ক্ষমতার, ভালবাসার এবং শৃংখলার আত্মা’ – ২ তীম ১:৭

চ. ‘ভ্রান্তির আত্মা বনাম সত্যের আত্মা’ – ১ যোহন ৪:৬” (পৃ..৬১-৬৩)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৪:৭-১৪

^১ প্রিয়তমেরা, এস আমরা পরস্পরকে ভালবাসি; কারণ প্রেম ঈশ্বর থেকে; এবং যে কেউ ভালবাসে সে ঈশ্বর থেকে জাত এবং ঈশ্বরকে জানে। ^২ যে ভালবাসে না সে ঈশ্বরকে জানে না, কারণ ঈশ্বর ভালবাসা। ^৩ আমাদের মধ্যে ঈশ্বরের ভালবাসা এর দ্বারাই প্রকাশিত হয়েছে যে, ঈশ্বর তাঁর একজাত পুত্রকে এ জগতে পাঠিয়েছেন যেন আমরা তাঁর দ্বারা জীবন লাভ করতে পারি। ^৪ এতেই ভালবাসা আছে, আমরা যে ঈশ্বরকে ভালবেসেছি তা নয়, কিন্তু তিনিই আমাদের ভালবেসেছেন এবং আমাদের পাপের প্রায়শ্চিত্তকারী হবার জন্য তাঁর পুত্রকে পাঠিয়েছেন। ^৫ প্রিয়তমেরা, ঈশ্বর যখন আমাদের এত ভালবেসেছেন, তখন আমাদেরও উচিত পরস্পরকে ভালবাসা। ^৬ ঈশ্বরকে কেউ কখনও দেখেনি; কিন্তু আমরা যদি পরস্পরকে ভালবাসি, তাহলে ঈশ্বর আমাদের মধ্যে থাকেন, এবং তাঁর প্রেম আমাদের মাঝে সিদ্ধ হয়। ^৭ এর দ্বারাই আমরা জানতে পারি যে আমরা তাতে আছি আর তিনি

আমাদের মধ্যে থাকেন, কারণ তিনি আমাদের তাঁর আত্মা দিয়েছেন।^{১৪} আর আমরা দেখেছি ও সাক্ষ্য দিচ্ছি যে পিতা তাঁর পুত্রকে জগতের উদ্ধারকর্তা হতে প্রেরণ করেছেন। (অনুবাদকৃত টেক্সট)।

৪:৭ “এস আমরা পরস্পরকে ভালবাসি” এটি একটি present active subjunctive। জীবন পদ্ধতি, প্রতিদিনের ভালবাসা হল সকল বিশ্বাসীদের একটি প্রচলিত বৈশিষ্ট্য (১ করি ১৩; গালা ৫:২২)। এটি একটি বার বার বলা ভাব (theme) যোহনের লেখায় এবং নৈতিক পরীক্ষার মূল বিষয় (যোহন ১৩:৩৪; ১৫:১২,১৭; ১ যোহন ২:৭-১১; ৩:১১,২৩; ২ যোহন ৫, দেখুন প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি, গ)। subjunctive mood সাঙাব্য ঘটনার কথা বলে।

□ “কারণ প্রেম ঈশ্বর থেকে” ঈশ্বর, সহানুভূতিপূর্ণ, দয়ালু, বা আবেগ প্রবণ মানব নন, তিনি হলেন ভালবাসার উৎস (১ যোহন ৪:১৬)। এটি মূখ্যত আবেগগত নয় বরং উদ্দেশ্যমূলক কাজ (অর্থাৎ, পিতা আমাদের পক্ষে মৃত্যু বরণ করার জন্য তাঁর পুত্রকে পাঠালেন, ১ যোহন ৪:১০; যোহন ৩:১৬)।

□ “যে কেউ ভালবাসে সে ঈশ্বর থেকে জাত এবং ঈশ্বরকে জানে” verbs হল perfect passive এবং present active indicatives। যোহনের বিশ্বাসী হওয়ার জন্য প্রিয় টার্ম জাগতিক জন্মের সাথে সম্পর্কিত (১ যোহন ২:২৯; ৩:৯; ৪:৭; ৫:১,৪,১৮; যোহন ৩:৩,৭)।

“জানা” টার্মটি প্রতিপলিত করে ইব্রীয় অর্থ চলমান, ঘনিষ্ঠ সহভাগিতা (আদি ৪:১; যির ১:৫)। এটি হল ১ যোহনে বার বার বলা মূল ভাব (theme), ৭০ বারেও বেশি ব্যবহৃত হয়েছে। যোহন ১:১০ পদে বিশেষ বিষয় দেখুন।

৪:৮ “যে ভালবাসে না সে ঈশ্বরকে জানে না, কারণ ঈশ্বর ভালবাসা” জীবন পদ্ধতির ভালবাসা হল ঈশ্বরকে জানার সত্যিকারের পরীক্ষা।

এটি যোহনের একটি গভীর সহজ মন্তব্য; “ঈশ্বর ভালবাসা” খাপ খায় “ঈশ্বর জ্যোতি” (১ যোহন ১:৫) এবং “ঈশ্বর আত্মা” এর সাথে (যোহন ৪:২৪)। একটি সবচেয়ে ভাল উপায় ঈশ্বর ভালবাসা এবং ঈশ্বরের ক্রোধের তুলনা করা দ্বিতীয় বিবরণ ৫:৯ পদের সাথে ৫:১০ ও ৭:৯ পদের।

৪:৯ “আমাদের মধ্যে ঈশ্বরের ভালবাসা এর দ্বারাই প্রকাশিত হয়েছে” এটি একটি আমাদের মধ্যে ঈশ্বরের ভালবাসা এর দ্বারাই প্রকাশিত হয়েছে যে (যোহন ৩:১৬; ২ করি ৯:১৫; রোমীয় ৮:৩২)। ঈশ্বর স্পষ্টভাবে দেখিয়েছেন যে তিনি আমাদের ভালবাসেন তাঁর পুত্রকে আমাদের স্থানে মরতে পাঠিয়ে। ভালবাসা হল একটি কাজ, কেবল একটি অনুভূতি নয়। বিশ্বাসীদের অবশ্যই বিষয়টিকে তাদের প্রতিদিনকার জীবনে আত্মস্থ করতে হবে (১ যোহন ৩:১৬)। ঈশ্বরকে জানা হল তিনি যেমন ভালবেসেছেন তেমনই ভালবাসা।

□ “ঈশ্বর তাঁর একজাত পুত্রকে এ জগতে পাঠিয়েছেন” এটি একটি perfect active indicative: দেহধারণ এবং এর ফলাফল রয়ে যায়! ঈশ্বরে সকল উপকার খ্রীষ্ট থেকেই আসে।

টার্ম “একজাত” হল *monogenēs*, যেটি ইঙ্গিত করে “অদ্বিতীয়,” “এক ধরণের,” দৈহিক প্রজন্মের মত জন্ম নয়। কুমারী গর্ভে জন্মগ্রহণ ঈশ্বর বা মরিয়মের যৌন অভিজ্ঞতা জাত ছিল না (যোহন ১:১৪,১৮; ৩:১৬,১৮; ১ যোহন ৪:৯)। যোহন ৩:১৬ পদের আরও নোট দেখুন। যীশু ঈশ্বরের পুত্র হল একটি অদ্বিতীয় (ontological) অর্থে। বিশ্বাসীরা ঈশ্বরের সন্তান কেবলমাত্র ফলাফলের অর্থে।

□ “যেন আমরা তাঁর দ্বারা জীবন লাভ করতে পারি” এটি একটি aorist active subjunctive যেটি ইঙ্গিত দেয় সামঞ্জস্যপূর্ণ বিশ্বাসের সাড়া প্রদান আবশ্যিক। দেহধারণের উদ্দেশ্য ছিল অনন্ত জীবন এবং উপচয়ের নজীবন (যোহন ১০:১০)।

৪:১০ “এতেই ভালবাসা আছে” ঈশ্বরের ভালবাসা স্পষ্ট ভাবে প্রকাশ ঘটেছে যীশুর জীবন ও মৃত্যুতে (রোমীয় ৫:৬,৮)। যীশুকে জানা হল ঈশ্বরকে জানা। ঈশ্বরকে জানাই হল ভালবাসা!

□ “আমরা যে ঈশ্বরকে ভালবেসেছি তা নয়” নূতন নিয়ম বিশ্ব ধর্মের মধ্যে অনন্য। প্রচলিত ধর্মে মানবজাতি ঈশ্বরকে অন্বেষণ করে, কিন্তু খ্রীষ্ট ধর্মে ঈশ্বর পতিত মানুষকে খুঁজেছেন! চমৎকার সত্য এই নয় যে ঈশ্বরের জন্য আমাদের ভালবাসা, কিন্তু আমাদের জন্য তাঁর ভালবাসা। ঈশ্বর আমাদের পাপ ও আমিত্ব, আমাদের বিদ্রোহ ও গর্ব, এসবের মাঝেও আমাদের খুঁজেছেন। খ্রীষ্ট ধর্মের গৌরবময় সত্য হল যে ঈশ্বর পতিত মানুষকে ভালবেসেছেন এবং গুরু করেছেন ও চলমান রেখেছেন একটি জীবন পরিবর্তনকারী সংযোগ।

verb এর গঠনে ভিন্নতা সম্পর্কিত।

১. ভালবাসেন এবং ভালবাসছেন, perfect - MS B

২. ভালবেসেছেন, aorist - MS ৯

UBS⁴ perfect tense কে দিয়েছে perfect tense রেটিং (প্রায় নিশ্চিত)।

□ “আমাদের পাপের প্রায়শ্চিত্তকারী হবার জন্য তাঁর পুত্রকে পাঠিয়েছেন” ১ যোহন ২:২ পদের নোট দেখুন।

৪:১১ “যদি” এটি একটি first class conditional sentence যেটি ধরে নেয় সত্য লেখকের দিক থেকে বা তার সাহিত্যের উদ্দেশ্যে। ঈশ্বর আমাদের ভালবেসেছেন (রোমীয় ৮:৩১)!

□ “ঈশ্বর যখন আমাদের এত ভালবেসেছেন” “এত” বোঝা উচিত “এই রকম ভাবে,” যেমন যোহন ৩:১৬ পদে।

□ “তখন আমাদেরও উচিত পরস্পরকে ভালবাসা” যেহেতু তিনি আমাদের ভালবেসেছেন আমাদের অবশ্যই পরস্পরকে ভালবাসা দরকার (১ যোহন ২:১০; ৩:১৬; ৪:৭)। এই প্রয়োজনের মস্তব্য প্রতিফলিত করে বিচ্ছেদের কাজ ও মনোভাব ভদ্র শিক্ষকদের।

৪:১২ “ঈশ্বরকে কেউ কখনও দেখেনি” এটি একটি perfect middle (deponent) indicative। এই কথা ইঙ্গিত দেয় “কারও প্রতি বা কোন জিনিসের প্রতি গভীর ভাবে তাকানো” (যাত্রা ৩৩:২০-২৩; যোহন ১:১৮; ৫:৩৭; ৬:৪৬; ১ তীম ৬:১৬)। এটি সম্ভব যে Gnostic শিক্ষকেরা, কোন না কোন ভাবে প্রভাবিত হয়েছে প্রাচ্যের রহস্যময় ধর্মে, দাবী করেন ঈশ্বরের কাছ থেকে বা ঈশ্বরের এক ধরণের দর্শন পেয়েছেন। যীশু এসেছিলেন সম্পূর্ণ ভাবে পিতাকে প্রকাশ করতে। তাঁর দিকে তাকিয়ে আমরা ঈশ্বরকে জানতে পারি!

□ “যদি” এটি একটি third class conditional যার অর্থ সম্ভাব্য কাজ।

□ “ঈশ্বর আমাদের মধ্যে থাকেন” ১ যোহন ২:১০ পদে থাকার উপরে বিশেষ বিষয় দেখুন।

□ “তাঁর প্রেম আমাদের মাঝে সিদ্ধ হয়” এটি একটি periphrastic perfect passive participle। ভালবাসার খ্রীষ্টিয়ানেরা হল থাকার, ঈশ্বরের ভালবাসার সিদ্ধতার একটি প্রমাণ (১ যোহন ২:৫; ৪:১৭)।

৪:১৩ “তিনি আমাদের তাঁর আত্মা দিয়েছেন” এটি একটি Perfect active indicative। বাসকারী পবিত্র আত্মা (১ যোহন ৩:২৪; রোমীয় ৮:৯) এবং তাঁর রূপান্তরকারী প্রভাব আমাদের সত্যিকার পরিব্রাণের প্রমাণ (রোমীয় ৮:১৬)। এটি মনে হয় যে ১ যোহন ৪:১৩ পদ হল আত্মার subjective সাক্ষ্য, যখন ১ যোহন ৪:১৪ পদ প্রৈরিতিক সাক্ষ্যের objective সাক্ষ্য। ত্রিভ্রের তিন ব্যক্তি স্পষ্ট ভাবে আবির্ভূত ১ যোহন ৪:১৩-১৪ পদে। দেখুন বিশেষ বিষয়: ত্রিভ্র যোহন ১৪:২৬ পদে।

৪:১৪ “আমরা দেখছি ও সাক্ষ্য দিচ্ছি” verbs হল perfect middle (deponent) indicative সংযুক্ত present active indicative এর সাথে। এটি বলছে যোহনের খ্রীষ্টের ব্যক্তিত্ব বিষয়ে চাক্ষুষ সাক্ষ্যের কথা, ঠিক যেমন ১:১-৩ পদ। “দেখা” টার্মটি হল একই রকম গ্রীক শব্দ যেমন ১ যোহন ৪:১২ পদে আছে যার অর্থ “ঘনিষ্ঠ ভাবে তাকানো।” দেখুন [বিশেষ বিষয়: যীশুর বিষয়ে সাক্ষ্যদান \(SPECIAL TOPIC: WITNESSES TO JESUS\)](#) যোহন ১:৮ পদে।

□ “যে পিতা তাঁর পুত্রকে প্রেরণ করেছেন” এটি একটি perfect active indicative। প্রকৃত সত্য হল যে পিতা ঈশ্বর পুত্র ঈশ্বরকে জগতে পাঠিয়েছেন (যোহন ৩:১৬) আত্মা (ভাল) ও বস্তুর(মন্দ) মধ্যকার ধরে নেওয়া দ্বৈতবাদ সম্পর্কে Gnostic ভদ্র শিক্ষা খন্ডনে। যীশু সত্যিকার ভাবে ঐশ্বরীক এবং তাঁকে এই পাপময় মন্দ জগতে পাঠান হয়েছিল এই জগতকে এবং আমাদের (রোমীয় ৮:১৮-২৫) আদি পুস্তক ও অধ্যায়ের (গালা ৩:১৩) অভিশাপ থেকে উদ্ধার করতে।

□ “জগতের উদ্ধারকর্তা হতে” প্রকৃত সত্য হল যে পিতা যীশুকে মনোনীত করেছিলেন পরিব্রাণের উপায় হিসাবে Gnostic ভদ্র শিক্ষকদের শিক্ষা পরিব্রাণ লাভ হয় বিশেষ, গোপন জ্ঞানের মাধ্যমে যেটি দূতদের স্তরে সম্পর্কিত তা খন্ডনে। তারা এই দূতদের স্তরকে বলে eons বা দূতদের কর্তৃত্বের এলাকা সর্বোচ্চ ঈশ্বর ও নিম্নস্তরের দেবতাদের মধ্যকার যারা জগত সৃষ্টি করেছেন পূর্ব থেকে থাকা বস্ত্র থেকে।

শব্দগুচ্ছ “জগতের ত্রাণকর্তা” ছিল (১) দেবতাদের জন্য একটি উপাধি (অর্থাৎ, Zeus) এবং (২) রোমীয় কৈশরের জন্য একটি প্রচলিত উপাধি। খ্রীষ্টিয়ানদের কাছে একমাত্র যীশুই এই উপাধি ধারণ করতে পারেন (যোহন ৪:৪২; ১ তীম ২:৪; ৪:১০)। এটিই এশিয়া মাইনরে স্থানীয় কৈশর আরাধনাকারীদের দ্বারা নির্খাতনের সঠিক কারণ।

লক্ষ্য করুন যে এই সকলই অর্ন্তভুক্ত। তিনি সকলের উদ্ধারকর্তা (কেয়েকজনের জন্য নন) যদি তারা কেবলমাত্র সাড়া প্রদান করে (যোহন ১:১২; ৩:১৬; রোমীয় ৫:১৮; ১০:৯-১৩)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৪:১৫-২১

^{১৫} যে কেউ স্বীকার করে যে যীশু ঈশ্বরের পুত্র, ঈশ্বর তার মধ্যে থাকেন, আর সে ঈশ্বরে থাকে। ^{১৬} আর ঈশ্বরের যে ভালবাসা আমাদের মধ্যে আছে, তা আমরা জানি ও বিশ্বাস করেছি। ঈশ্বর ভালবাসা, আর ভালবাসায় যে থাকে, সে ঈশ্বরে থাকে, এবং ঈশ্বর তাতে থাকেন। ^{১৭} এতেই, ভালবাসা আমাদের সঙ্গে সিদ্ধ হয়েছে, যেন বিচার-দিনে আমাদের সাহস লাভ হয়; কারণ যেমন তিনি আছেন, আমরাও তেমন এই জগতে আছি। ^{১৮} ভালবাসায় ভয় নেই; বরং সিদ্ধ ভালবাসা ভয়কে দূর করে দেয়, কারণ ভয়ে দণ্ড যুক্ত, আর যে ভয় করে সে ভালবাসায় সিদ্ধ হয়নি। ^{১৯} আমরা ভালবাসি, কারণ তিনি প্রথমে আমাদের ভালবেসেছেন। ^{২০} যদি কেউ বলে, “আমি ঈশ্বরকে ভালবাসি,” আর নিজের ভাইকে ঘৃণা করে, সে মিথ্যাবাদী; কারণ যে ভাইকে সে দেখে তাকে যদি ভালবাসতে না পারে, তাহলে যাকে সে দেখেনি সেই ঈশ্বরকে ভালবাসতে পারে না। ^{২১} আর আমরা তাঁর কাছ থেকে এই নির্দেশই

পেয়েছি, যে ঈশ্বরকে ভালবাসে সে তার ভাইকেও ভালবাসুক। (অনুবাদকৃত টেক্সট)।

৪:১৫ “যে কেউ স্বীকার করে যে যীশু ঈশ্বরের পুত্র” এটি একটি aorist active subjunctive। “স্বীকার” এর জন্য নোট দেখুন ১ যোহন ৪:২ পদে। সত্যিকার খ্রীষ্টিয়ানের বিষয়ে যোহনের তিনটি পরীক্ষার একটি হল যীশুর কাজ ও ব্যক্তিত্বের বিষয়ে ধর্মতত্ত্বগত সত্য (১ যোহন ২:২২-২৩; ৪:১-৬; ৫:১,৫)। এটি আরও খাপ খায় ১ যোহন এবং যাকোবের জীবন পদ্ধতিগত ভালবাসা এবং বাধ্যতার সাথে। খ্রীষ্টধর্ম একটি ব্যক্তি, এক গোষ্ঠা সত্য, এবং একটি জীবন পদ্ধতি। প্রসঙ্গকৃত অর্ন্তদৃষ্টি দেখুন, গ।

অর্ন্তভূক্ত টার্ম “যে কেউ” হল ঈশ্বরের মহান আহবান যে কেউ এবং সকলকে তাঁর কাছে আসার। প্রতিটি মানুষ ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট (আদি ১:২৬-২৭; ৫:৩; ৯:৬)। ঈশ্বর আদি পুস্তকের ৩:১৫ পদে মানব জাতিকে উদ্ধারের প্রতিজ্ঞা করেছেন। তাঁর অব্রাহামকে আহবানই ছিল জগতের কাছে পৌছাবার আহবান (আদি ১২:৩; যাত্রা ১৯:৫)। যীশুর মৃত্যু পাপ সমস্যা নিয়ে আলোচনা করেছে (যোহন ৩:১৬)। প্রত্যেকেই রক্ষা পেতে পারে যদি তারা নিয়মের বাধ্যতায় অনুতাপ, বিশ্বাস, বাধ্যতা, পরিচর্যা, এবং ধৈর্যধারণে সাদা প্রদান করে। সকলের জন্য ঈশ্বর কথা “আস” (যিশা ৫৫)।

বিশেষ বিষয়: YHWH-এর অনন্তকালীন উদ্ধারের পরিকল্পনা (SPECIAL TOPIC: YHWH'S ETERNAL REDEMPTIVE PLAN)

□ “ঈশ্বর তার মধ্যে থাকেন আর সে ঈশ্বরে থাকে” এটি প্রতিফলিত করে মানবজাতির সঙ্গে ঈশ্বরের নিয়মের কাঠামোর সম্পর্ককে। ঈশ্বর সব সময়ই অগ্রণী ভূমিকা পালন করেন, কর্মসূচী স্থির করেন এবং নিয়মের ভিত্তিগুলি যুগিয়ে দেন, কিন্তু মানুষের দায়িত্ব রয়েছে প্রাথমিক ভাবে সাদা প্রদান ও অবিরত সাদা প্রদান করে যাওয়া।

থাকা হল নিয়মের আবশ্যিকতা, কিন্তু এছাড়াও একটি চমৎকার প্রতিজ্ঞা (যোহন ১৫)। বিশ্বভ্রম্ভানের সৃষ্টিকর্তার কথা কল্পনা করুন, ইশ্রায়েলের পবিত্রতম, পতিত মানবের সাথে থাকছেন (বাস করেন) (যোহন ১৪:২৩)! ১ যোহন ২:১০ পদে থাকার উপরে বিশেষ বিষয় দেখুন।

৪:১৬ “তা আমরা জানি ও বিশ্বাস করেছি” এই verbs গুলি হল উভয়ই perfect active indicatives। বিশ্বাসীদের নির্ভরতার বিশ্বাস হল খ্রীষ্টে ঈশ্বরের ভালবাসার আশ্বাস, অস্তিত্বগত পরিস্থিতির উপরে নয়, এটা হল তাদের সম্পর্কের ভিত্তি। দেখুন বিশেষ বিষয়: আশ্বাস ১ যোহন ৫:১৩ পদে।

□ “যা আমাদের জন্য ঈশ্বরের আছে” এটি একটি Present active indicative প্রকাশ করেছে ঈশ্বরের অবিরত ভালবাসার কথা।

□ “ঈশ্বর ভালবাসা” এই গুরুত্বপূর্ণ সত্য বার বার বলা হয়েছে (১ যোহন ৪:৮)।

৪:১৭ “এতেই, ভালবাসা সিদ্ধ হয়েছে” এটি একটি গ্রীক শব্দ *telos* থেকে এসেছে (১ যোহন ৪:১২)। এটি ইঙ্গিত দেয় পরিপূর্ণতার, পরিপক্বতার, এবং সুসম্পন্ন করার, পাপহীনতা নয়।

□ “আমাদের সাথে” এই preposition (*meta*) বুঝতে হতে পারে “আমাদের ভিতরে” হিসাবে (TEV, NJB), “আমাদের মধ্যে” (NKJV, NRSV, NIV, REB), বা “আমাদের সাথে” (NASB)।

□ “যেন আমাদের সাহস লাভ হয়” উৎসগত ভাবে এই টার্ম বোঝায় কথা বলার স্বাধীনতা। যোহন এটি ব্যাপক ভাবে ব্যবহার করেছেন (১ যোহন ২:২৮; ৩:২১; ৫:১৪)। এটা বলে পবিত্র ঈশ্বরের কাছে আমাদের এগিয়ে যাবার সাহসের কথা (ইব্রীয় ৩:৬; ১০:৩৫)। যোহন ৭:৪ পদে বিশেষ বিষয় দেখুন।

□ “বিচার-দিনে, কারণ যেমন তিনি আছেন, আমরাও তেমনি এই জগতে আছি” খ্রীষ্টিয়ানেরা যীশু যেমন ভালবেসেছেন তেমনিই ভালবাসবে (১ যোহন ৩:১৬; ৪:১১)। তারা প্রত্যাখিত ও নির্যাতিত হতে পারে যেমন তিনি হয়েছিলেন, কিন্তু এসঙ্গেও তারা ভালবাসবে এবং ভালবাসায় থাকবে পিতাতে ও আত্মাতে যেভাবে তিনি ছিলেন! একদিন সকল মানুষকে দানকৃত জীবনের জন্য ঈশ্বরে কাছে হিসাবে দিতে হবে (মথি ২৫:৩১-৪৬; ২ করি ৫:১০; প্রকা ২০:১১-১৫)। যারা খ্রীষ্টেতে আছে বিচার দিন তাদের ভয় করায় না।

৪:১৮ “ভালবাসায় ভয় নেই” যখন আমরা পিতা হিসাবে ঈশ্বরকে জানি, তখন আমাদের বিচারক হিসাবে তাঁর থেকে কোন ভয় থাকে না। বেশির ভাগ, যদি সকলে না হয়, খ্রীষ্ট ধর্মে দীক্ষিত না হওয়াতে ভয় অর্ন্তভূক্ত থাকে-বিচারের ভয়, দোষীকৃত হবার, নরকের। যাহোক, উদ্ধার প্রাপ্ত মানুষের জীবনে একটি চমৎকার জিনিস ঘটে: যেটি শুরু হয় ভয় দিয়ে এবং শেষ হয় ভয়হীনতা দিয়ে!

□ “ভয়ে দন্ড যুক্ত” এটি একটি বিরল শব্দ কেবল এখানে এবং মথি ২৫:৪৬ পদে ব্যবহৃত হয়েছে (verb এর গঠন ২ পিতর ২:৯ পদে), যেটি এছাড়াও

একটি eschatological শ্রেণীপট। present tense verb ইঙ্গিত দেয় যে ঈশ্বরের ক্রোধের ভয় উভয়ই জাগতিক (সময়ে) এবং eschatological শেষ কালে। মানুষকে ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি করা হয়েছে (আদি ১:২৬-২৭) যার মধ্যে অন্তর্ভুক্ত ব্যক্তিত্ব, জ্ঞান, মনোনয়ন, এবং ফলাফলের দিকসমূহ। এটি নৈতিক বিশ্ব জগত। মানুষ ঈশ্বরের নিয়ম ভাঙ্গবে না; তারা ঈশ্বরের আইন কানুন নিজেরাই ভঙ্গকারী!

৪:১৯ “আমরা ভালবাসি” এটি একটি present active indicative। NKJV যুক্ত করেছে “অমরা ভালবাসি” এর পরে direct object। পাতুলিপিত বিকল্প direct object এর জন্য হল:

১. একটি uncial গ্রীক পাতুলিপি (X) “ঈশ্বর” (ton theon) যোগানদাতা
২. Ψ “তঁতে” (auton) যোগানদাতা (KJV)
৩. Vulgate এ “পরস্পর” যোগানদাতা

এই গুলি হতে পারে পরবর্তী কালে সংযুক্ত। UBS⁴ verb কে দিয়েছে কেবলমাত্র "A" রেটিং (নিশ্চিত)।

□ “কারণ তিনি প্রথমে আমাদের ভালবেসেছেন” এটি ১ যোহন ৪:১০ পদে বার বার জোর দেওয়া। ঈশ্বর সব সময়ই অগ্রণী ভূমিকা পালন করেন (যোহন ৬:৪৪,৬৫) কিন্তু পতিত মানুষকে অবশ্যই সাড়া প্রদান করতে হবে (যোহন ১:১২; ৩:১৬)। বিশ্বাসীদের তাঁর নির্ভরযোগ্যতার উপরে নির্ভর করতে এবং তাঁর বিশ্বস্ততার উপরে বিশ্বাস রাখতে হবে। দ্রিষ্ট ঈশ্বরের ভালবাসায় পূর্ণ, সক্রিয়, বিশ্বাস্ত চরিত্র হল উদ্ধার প্রাপ্ত মানুষের আশা ও আশ্বাস।

৪:২০ “যদি কেউ বলে” এটি একটি third class conditional sentence যার মানে সাজ্য্য কাজ। এটি যোহনের আর একটি উদাহরণ ভন্ড শিক্ষকদের কথার উদ্ধৃতি নির্দিষ্ট করতে (১ যোহন ১:৬,৮,১০; ২:৪,৬)। এই সাহিত্যের কৌশলকে বলে diatribe (মালাখী, রোমীয়, এবং যাকোব)।

□ “আমি ঈশ্বরকে ভালবাসি” আর নিজের ভাইকে ঘৃণা করে” অমাদের জীবন পদ্ধতিগত ভালবাসা স্পষ্টভাবে প্রকাশ করে আমরা খ্রীষ্টিয়ান কি না (মার্ক ১২:২৮-৩৪)। অনৈক্য সম্ভব, কিন্তু প্রতিষ্ঠিত ঘৃণা নয় (present tense)। দেখুন [বিশেষ বিষয়: জাতিতত্ত্ব \(SPECIAL TOPIC: Racism\)](#) যোহন ৪:৪ পদে।

□ “সে মিথ্যাবাদী” যোহন বেশ কিছু “ধরে নেওয়া” বিশ্বাসীদের মিথ্যাবাদী বলেছেন (১ যোহন ২:৪,২২; ৪:২০)। যোহন আরও বলেছেন যে যারা ভ্রান্ত সত্য প্রচার করে তারা ঈশ্বরকে মিথ্যাবাদী বানায় (১ যোহন ১:৬,১০; ৫:১০)। তারা নিশ্চিত ভাবে আত্ম-প্রতারণকারী ধার্মিক!

৪:২১ এই পদ অধ্যায়কে সারমর্ম করেছে! ভালবাসা নকল করা যায় না সত্যিকার বিশ্বাসীদের এমন একটি প্রমাণ। ঘৃণা হল মন্দতার সন্তানদের প্রমাণ। ভন্ড শিক্ষকেরা মেঘদের বিভক্ত করেছে এবং তাদের মধ্যে দ্বন্দ্বের কারণ হয়েছে।

□ “ভাই” এটি স্বীকার করতে হবে যে “ভাই” টার্মটি দ্বৈত অর্থ বোধক। এর অর্থ হতে পারে “সহ খ্রীষ্টিয়ান” বা “সহ মানুষ।” যাহোক, যোহনের বিশ্বাসীদের জন্য বার বার ব্যবহার করা “ভাই” ইঙ্গিত দেয় প্রথম অর্থটির (১ তীম ৪:১০)।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ী। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্বেককারী, চূড়ান্ত নয়।

১. খাঁটি খ্রীষ্ট ধর্মের তিনটি বড় পরীক্ষার তালিকা করুন।
২. কিভাবে একজন জানতে পারে যে কে প্রকৃত পক্ষে ঈশ্বরের পক্ষে কথা বলছে?
৩. সত্যের দুটি উৎসের তালিকা করুন (subjective এবং objective)।
৪. “জগতের ত্রাণকর্তা” এই উপাধির তাৎপর্য কি?
৫. সেই কাজগুলির তালিকা করুন যা প্রকাশ করে মিথ্যাবাদীর (অর্থাৎ, ভন্ড বিশ্বাসী)।

১ যোহন ৫

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
বিশ্বাস জগতকে জয় করেছে	বিশ্বাস দ্বারা বাধ্যতা	বিজয়ী বিশ্বাস	জগতের উপরে আমাদের বিজয়	
	৪:২০-৫:৫			
৫:১-৫		৫:১-৫	৫:১-৫	বিশ্বাসের উৎস
পুত্রের বিষয়ে সাক্ষ্য	ঈশ্বরের সাক্ষ্যের নিশ্চয়তা		যীশু খ্রীষ্ট সম্বন্ধে সাক্ষ্য	৫:৫-১৩
৫:৬-১২	৫:৬-১৩	৫:৬-১২	৫:৬-১২	
অনন্ত জীবনের জ্ঞান		উপসংহার	অনন্ত জীবন	
৫:১৩-১৫	প্রার্থনায় নির্ভরতা এবং সহানুভূতি	৫:১৩	৫:১৩-১৫	পাপীদের জন্য প্রার্থনা
	৫:১৪-১৭	৫:১৪-১৭		৫:১৪-১৭
৫:১৬-১৭	সত্যকে জানা, মিথ্যাকে প্রত্যাখান করা		৫:১৬-১৭	চিঠির সারমর্ম
৫:১৮-২১	৫:১৮-২১	৫:১৮-২০	৫:১৮	৫:১৮-২১
			৫:১৯	
			৫:২০	
		৫:২১	৫:২১	

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. ইত্যাদি।

শব্দ এবং বাক্যাংশ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৫:১-৪

যে কেহ বিশ্বাস করে যে যীশুই খ্রীষ্ট সে ঈশ্বর থেকে জাত, এবং যে পিতাকে ভালবাসে সে তার জন্ম দেওয়া সন্তানকেও ভালবাসে।^২ এতে আমরা জানতে পারি যে আমরা ঈশ্বরের সন্তানদের ভালবাসি, যখন আমরা ঈশ্বরকে ভালবাসি ও তাঁর আদেশ পালন করি।^৩ কারণ ঈশ্বরের প্রতি ভালবাসা হল যে আমরা তাঁর আদেশ পালন করি; আর তাঁর আদেশ দুর্বহ নয়।^৪ কারণ যা কিছু ঈশ্বর থেকে জাত তা জগৎ জয়ী; এবং জগতকে যা জয় করেছে তা হচ্ছে আমাদের বিশ্বাস। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১ “যে কেহ”(দু'বার) টার্ম *pas* ব্যবহার করা হয়েছে বারবার ১ যোহনে (১ যোহন ২:২৯; ৩:৩,৪,৬[দু'বার],৯,১০; ৪:৭; ৫:১)। কেউই বাদ যাননি যোহনের কালো বা সাদা ধর্মতত্ত্বগত শ্রেণীবিভাগ থেকে। এটি হল ঈশ্বরের বিশ্ব জনিন আহ্বান যীশু খ্রীষ্টকে গ্রহণ করবার (যোহন ১:১২; ৩:১৬; ১ তীম ২:৪; ২ পিতর ৩:৯)। এটা একই রকম রোমীয় ১০:৯-১৩ পদে পৌলের মহান আহ্বানের মত।

□ “বিশ্বাস করে” এটি হল একটি present active participle। এটি হল গ্রীক শব্দ (noun - *pistis*; verb - *pisteuō*) যেটি অনুবাদ হতে পারে “বিশ্বাস,” “নির্ভরতা,” বা “বিশ্বাস করা।” যাহোক, ১ যোহন ও পালকীয় পত্রে (১ ও ২ তীমথিয় এবং তীত) এটি প্রায়ই ব্যবহার করা হয়েছে একটি মতবাদগত বিষয়বস্তু অর্থে (যিহূদা ১:৩,২০)। সুসমাচারে এবং পৌল এটি ব্যবহার করেছেন ব্যক্তিগত নির্ভরতা এবং অঙ্গীকারের জন্য। সুসমাচার হল বিশ্বাস করা এবং একজন ব্যক্তির প্রতি নির্ভর করার সত্য এবং, যেমন ১ যোহন এবং যাকোব পরিস্কার করেছেন, একটি ভালবাসা ও সেবার জীবন যাপন করতে। দেখুন বিশেষ বিষয় যোহন ২:২৩ পদে।

□ “যে যীশুই খ্রীষ্ট” ভক্ত শিক্ষকদের ভুলের সারাংশ কেন্দ্রিক মানুষ যীশুর ব্যক্তি এবং কাজ, যিনি ছিলেন সম্পূর্ণ ঈশ্বর (১ যোহন ৫:৫)। নাসারতের যীশু হলেন প্রতিজ্ঞাত মশীহ! মশীহ আশ্চর্যভাবে (অর্থাৎ, পুরাতন নিয়ম থেকে) স্বর্গীয়ও। এই শব্দগুচ্ছ ছিল একটি শপথ, সম্ভবত বাপ্তিস্মের সময় (১ যোহন ২:২২), সংযুক্ত শব্দগুচ্ছের সাথে “ঈশ্বরের পুত্র” (১ যোহন ৪:১৫; ৫:৫)। কারণ নিশ্চিত ভাবে যীশুর মশীহত্বের দাবী পুরাতন নিয়মের লোকদের প্রেক্ষাপটের সাথে জড়িত (অর্থাৎ, যিহূদীদের, ধর্মান্তরিত অধিহূদীদের, এবং ঈশ্বর-ভয়কারীদের)।

□ “ঈশ্বর থেকে জাত” এটি হল একটি perfect passive indicative যেটি জোর দেয় একটি কাজের চরম মাত্রা, বাইরের কারণ দ্বারা উৎপাদিত (ঈশ্বর, ১ যোহন ৫:৪,১৮; ২:২৯) একটি চিরস্থায়ী সত্তার।

NASB “সে তার জন্ম দেওয়া সন্তানকেও ভালবাসে”

NKJV “তাকে ভালবাসে যাকে সে জন্ম দিয়েছে”

NRSV “পিতামাতা সন্তানদের ভালবাসেন”

TEV “পিতার ভালবাসা তার সন্তানদেরও ভালবাসে”

NJB “পিতার ভালবাসা পুত্রকেও ভালবাসে”

এই শব্দগুচ্ছ সম্ভবত উল্লেখ করে পিতার যীশুকে ভালবাসা কারণ (১) the singular; (২) aorist tense; এবং (৩) ভক্ত শিক্ষকদের ধর্মতত্ত্বগতভাবে পিতা থেকে যীশুকে আলাদা করার চেষ্টা। যাহোক, এটা সম্পর্কিত হতে পারে বারবার বলা মূল ভাব (theme) খ্রীষ্টিয়ানদের একে অন্যকে ভালবাসা (১ যোহন ৫:২) কারণ আমাদের সকলের একজন পিতা।

৫:২ এই পদটি, ৩ পদের সাথে, ১ যোহনের একটি বড় ভাব (themes) পুনরাবৃত্তি করে। ভালবাসা, ঈশ্বরের ভালবাসা, প্রকাশিত হয় চলমান ভালবাসা (১ যোহন ২:৭-১১; ৪:৭-২১) এবং বাধ্যতার দ্বারা (১ যোহন ২:৩-৬)। লক্ষ্য করুন একজন সত্য বিশ্বাসীর প্রমাণ।

১. ঈশ্বরকে ভালবাসে
২. ঈশ্বরের সন্তানকে ভালবাসে (১ যোহন ৫:১)
৩. ঈশ্বরের সন্তানদের ভালবাসে (১ যোহন ৫:২)
৪. বাধ্য থাকে (১ যোহন ৫:২,৩)
৫. জয় করে (১ যোহন ৫:৪-৫)

৫:৩ “কারণ ঈশ্বরের প্রতি ভালবাসা হল যে আমরা তাঁর আদেশ পালন করি” genitive হতে পারে objective বা subjective বা একটি সমন্বয়। ভালবাসা আবেগ প্রবণ নয় কিন্তু কর্ম ভিত্তিক, ঈশ্বরের অংশে এবং আমাদের উভয়েরই। বাধ্যতা গুরুত্বপূর্ণ (১ যোহন ২:৩-৪; ৩:২২,২৪; যোহন ১৪:১৫,২১,২৩; ১৫:১০; ২ যোহন ৬; প্রকাশিত বাক্য ১২:১৭; ১৪:১২)।

□ “তাঁর আদেশ দুর্বহ নয়” এই নতুন ব্যবস্থার অবশ্যই দায়িত্ব আছে (মথি ১১:২৯-৩০, যেখানে যীশু “yoke” শব্দটি ব্যবহার করেছেন; রাব্বিরা এটা ব্যবহার করতেন মোশির আইনের জন্য, মথি ২৩:৪)। তারা ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক সরিয়ে ফেলে, কিন্তু সেই সম্পর্কের ভিত্তি গড়ে না, যার ভিত্তি ঈশ্বরের অনুগ্রহ, মানুষের কার্য বা যোগ্যতায় নয় (ইফিসীয় ২:৮-৯,১০)। যীশুর আদেশ হল খুবই ভিন্ন ভক্ত শিক্ষকদের থেকে, যাদের হয় কোন নিয়ম ছিল

না (antinomian) না হয় অনেক বেশি নিয়ম ছিল (legalists)! আমি অবশ্যই স্বীকার করছি যে আমি যত বেশি ঈশ্বরের সেবা করছি তাঁর লোকদের সেবা করার দ্বারা আমি তত বেশি বেশি ভীত হচ্ছি চরম উদারতাবাদ এবং আইনতন্ত্রে।

দেখুন বিশেষ বিষয়: “আদেশ” শব্দের ব্যবহার যোহনের লেখায় যোহন ১২:৫০ পদে।

৫:৪

NASB, NKJV,

NRSV

TEV, NJB

“কারণ যা কিছু ঈশ্বর থেকে জাত”

“কারণ ঈশ্বরের প্রতিটি সন্তান”

গ্রীক টেক্সট “সকল” (*pas*) শব্দ প্রথমে বসায় জোর দেবার জন্য, যেমন ১ যোহন ৫:১ পদে। The neuter singular (*pan*) ব্যবহার করা হয়েছে যেটি অনুবাদ করা হয় “যা কিছু”। যাহোক, প্রসঙ্গটি দাবি করে একটি ব্যক্তিগত তাৎপর্য (অর্থাৎ, generic sense) কারণ এটা হল “জাত” এর Perfect passive participle এর সাথে সমন্বিত। এটি হল একজন যে যীশুতে বিশ্বাস করে এবং ঈশ্বরের থেকে জাত যে জগতকে জয় করে (১ যোহন ৪:৪; ২:১৩,১৪)।

□ “জগতকে জয় করেছে” “জয় করা” হল *nikaō* এর present active indicative (১ যোহন ২:১৩,১৪; ৪:৪; ৫:৪,৫)। এই একই মূল ব্যবহার করা হয়েছে আরও দু’বার ১ যোহন ৫:৪ পদে।

১. noun, “বিজয়”, *nikē*

২. aorist active participle, *nikaō*, “জয় করা হয়েছে”

যীশু ইতিমধ্যে জগতকে জয় করেছেন (perfect active indicative, যোহন ১৬:৩৩)। কারণ বিশ্বাসীরা তাঁর সাথে একত্রে বাস করে, তাদেরও ক্ষমতা আছে জগতকে জয় করার (১ যোহন ২:১৩-১৪; ৪:৪)।

“জগত” টার্মটির এখানে অর্থ “মানব সমাজ সংগঠিত বা কার্যকরী ঈশ্বর ব্যতিরেকে।” একটি স্বাধীনতার মনোভাব হল পতনের এবং মানুষের বিদ্রোহের মূল কথা (আদিপুস্তক ৩)। দেখুন বিশেষ বিষয় যোহন ১৪:১৭ পদে।

□ “বিজয়” এটি হল noun “জয় করা হয়েছে” verb থেকে গঠিত (*nikos*) হয়েছে। ১ যোহন ৫:৪ পদের শেষে একই মূলের aorist active participle ব্যবহার করা হয়েছে। আবার ১ যোহন ৫:৫ পদে আর একটি *nikos* এর participle রূপ ব্যবহার করা হয়েছে। বিশ্বাসীরা জয় করে ও ক্রমাগতভাবে জয়ী হচ্ছে খ্রীষ্টের মধ্যে দিয়ে জগতের উপরে। “nike” শব্দটি আজ অতি পরিচিত একটি টেনিস জুতা প্রস্তুতকারী হিসেবে, এটি হল একটি গ্রীক নাম বিজয়ে দেবীর জন্য।

□ “আমাদের বিশ্বাস” এটি হল একমাত্র noun form এর ব্যবহার “বিশ্বাস” (*pistis*) টার্মের যোহনের সকল লেখায়! সম্ভবত যোহন চিন্তিত ছিলেন “সঠিক ধর্মতত্ত্ব” (বিশ্বাস করার একটি পদ্ধতি হিসেবে) বনাম দৈনিক খ্রীষ্টসাদৃশ্যতার উপর অধিক জোর দেবার বিষয়টি নিয়ে। verb (*pisteuō*) যোহনের দ্বারা ব্যবহার করা হয়েছে ব্যাপকভাবে। আমাদের বিশ্বাস বিজয় নিয়ে আসে কারণ

১. এটি যুক্ত যীশুর বিজয়ের সাথে

২. এটা যুক্ত ঈশ্বরের সাথে আমাদের সম্পর্কের সাথে

৩. এটা যুক্ত আমাদের মধ্যে বাসকারী পবিত্র আত্মার ক্ষমতার সাথে

দেখুন বিশেষ বিষয় যোহন ১:৭, ২:২৩; এবং ১ যোহন ২:১০ পদে।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৫:৫-১২

“কে জগতকে জয় করে, একমাত্র সে-ই যে বিশ্বাস করে যে যীশু ঈশ্বরের পুত্র? ^৬ যীশু খ্রীষ্ট, যিনি জল ও রক্তের মধ্য দিয়ে এসেছিলেন; শুধু জল নয়, জলে ও রক্তে। ^৭ আত্মা যিনি সাক্ষ্য দিচ্ছেন, কারণ আত্মা হলেন সত্য। ^৮ আর তিনজনের সাক্ষ্য দেওয়া হচ্ছে: আত্মা ও জল ও রক্ত; এই তিনের সাক্ষ্য এক। ^৯ যদি আমরা মানুষের সাক্ষ্য গ্রহণ করি, তাহলে ঈশ্বরের সাক্ষ্য আরও মহত্তর; কারণ ঈশ্বরের সাক্ষ্য এই যে, তিনি তাঁর পুত্রের বিষয়ে সাক্ষ্য দিয়েছেন। ^{১০} ঈশ্বরের পুত্রে যে বিশ্বাস করে ঐ সাক্ষ্য তার অন্তরে আছে; যে ঈশ্বরকে বিশ্বাস করে না সে তাঁকে মিথ্যাবাদী করে, কারণ ঈশ্বর তাঁর পুত্রের বিষয়ে যে সাক্ষ্য দিয়েছেন তা সে বিশ্বাস করেনি। ^{১১} আর সেই সাক্ষ্য এই যে, ঈশ্বর আমাদের অনন্ত জীবন দিয়েছেন, এবং সেই জীবন তাঁর পুত্রের মধ্যে আছে। ^{১২} পুত্রকে যে পেয়েছে সে জীবন পেয়েছে; ঈশ্বরের পুত্রকে যে পায় নি সে জীবন পায় নি (অনুবাদকৃত টেক্সট)।

৫:৫ “যীশু ঈশ্বরের পুত্র” এই পদটি পরিষ্কারভাবে আমাদের বিশ্বাসের বিষয়বস্তু ব্যাখ্যা করে, যেটি উল্লেখ করা হয়েছে ১ যোহন ৫:৪ পদে। আমাদের বিজয় হল আমাদের যীশুতে নির্ভরতার দাবী/স্বীকারোক্তি, যিনি সম্পূর্ণ মানুষ ও সম্পূর্ণ ঈশ্বর উভয়ই (১ যোহন ৪:১-৬)। লক্ষ্য করুন যে বিশ্বাসীরা নিশ্চিত করে যে যীশু হলেন (১) মশীহ (১ যোহন ৫:১); (২) ঈশ্বরের সন্তান (১ যোহন ৫:১); (৩) ঈশ্বরের পুত্র (১ যোহন ৫:৫,১০); এবং (৪) জীবন (১ যোহন ১:২; ৫:২০)। দেখুন বিশেষ বিষয় যোহন ২:২৩ পদে, যেটি তালিকা করে “বিশ্বাস করা” verb টির সাথে যুক্ত সকল *hoti* clauses।

□ “ঈশ্বর পুত্র” দেখুন বিশেষ বিষয় ১ যোহন ৩:৮ পদে।

৫:৬ “ইনি তিনি যিনি এসেছেন” এটি হল একটি aorist active participle যেটি জোর দেয় দেহ ধারণ (মানুষ ও ঈশ্বর হিসেবে যীশুকে) এবং তার উৎসর্গের মৃত্যু, উভয়ই যেটি ভদ্র শিক্ষকেরা অস্বীকার করে থাকে।

□ “জল ও রক্ত দ্বারা” এটা মনে হয় যে “জল” নির্দেশ করে যীশুর শারীরিক জন্ম (যোহন ৩:১-৯) এবং “রক্ত” নির্দেশ করে তাঁর শারীরিক মৃত্যু। Gnostic ভদ্র শিক্ষকদের যীশুর সত্যিকার মানবিকতার প্রত্যাখ্যান করা প্রসঙ্গে, এই দুইটি অভিজ্ঞতা সারাংশ করে এবং প্রকাশ করে তাঁর মানবিকতা।

অন্য বিকল্প Gnostic ভদ্র শিক্ষকদের সম্পর্কিত (Cerinthus) হল যে “জল” নির্দেশ করে যীশু বাপ্তিস্ম। তারা দাবী করে যে “খ্রীষ্টের আত্মা” মানুষ যীশুর উপর আসে তাঁর বাপ্তিস্ম (জল) এর সময় এবং চলে যায় মানুষ যীশুর ক্রুশে মৃত্যুর পূর্বে (রক্ত, দেখুন একটি ভাল সারমর্ম NASB Study Bible, p. 1835)।

একটি তৃতীয় বিকল্প যীশুর মৃত্যুর শব্দগুচ্ছের সাথে সম্পর্কিত। বর্ষার বিদ্রোহ কারণে “রক্ত ও জল” (যোহন ১৯:৩৪) বেরিয়ে আসে। ভদ্র শিক্ষকেরা হতে পারে হীনমূল্য করেছে যীশুর অন্যদের জন্য, প্রতিনিধিত্বমূলক মৃত্যুকে।

□ “আত্মা যিনি সাক্ষ্য দিচ্ছেন” পবিত্র আত্মার ভূমিকা হল সুসমাচারকে প্রকাশ করা। তিনি ত্রিভুকের একজন অংশীদার যিনি পাপের জন্য দোষারোপ করেন, খ্রীষ্টের দিকে পরিচালিত করেন, খ্রীষ্টে বাপ্তিস্ম দেন এবং বিশ্বাসীদের খ্রীষ্টের রূপ দেন (যোহন ১৬:৭-১৫)। আত্মা সবসময় খ্রীষ্টের সাক্ষী, তাঁর নিজের নয় (যোহন ১৫:২৬)।

□ “আত্মা সত্যময়” (যোহন ১৪:১৭; ১৫:২৬; ১৬:১৩; ১ যোহন ৪:৬)। দেখুন বিশেষ বিষয় যোহন ৬:৫৫ ও যোহন ১৭:৩ পদে।

৫:৭ সেখানে কিছু বিভ্রান্তি রয়েছে ইংরেজী অনুবাদে যেমন কোথায় ১ যোহন ৫:৬,৭ ও ৮ পদের শুরু হয় ও শেষ হয়। ১ যোহন ৫:৭ পদের আংশিক পাওয়া যায় KJV তে যেটি বলে, “স্বর্গে, পিতা, বাক্য এবং পবিত্র আত্মা, এই তিনজন এক,” প্রাচীন তিনটি বড় uncial গ্রীক নতুন নিয়মের পাণ্ডুলিপিতে পাওয়া যায় না: Alexandrinus (A), Vaticanus (B), বা Sinaiticus (S), Byzantine ঘরাণার পাণ্ডুলিপিতেও নয়। এটা শুধু আসে চারটি পরবর্তী minuscule পাণ্ডুলিপিতে।

১. MS 61, ১৬শ শতাব্দীতে
২. MS 88 ১২শ শতাব্দীর, যেখানে প্যাসেজটি বসানো হয়েছে মার্জিনে পরবর্তীতে হাতের কাজ
৩. MS 629, ১৪শ বা ১৫শ শতাব্দীতে
৪. MS 635, ১১ শতাব্দীতে, যেখানে প্যাসেজটি বসানো হয়েছে মার্জিনে পরবর্তীতে হাতের কাজ

এই পদটি আদি মন্ডলীর কোন আদি পিতাদের দ্বারা উদ্ধৃত হয়নি, এমনকি তাদের ত্রিভুকের উপর মতবাদগত বিতর্কেও। এটি সকল প্রাচীন সংস্করণে অনুপস্থিত একটি পূর্ব লাতিন ঘরাণার পাণ্ডুলিপি ছাড়া (*Sixto-Clementine*)। এটা পুরাতন লাতিন বা Jerome's Vulgate এ নয়। এটা প্রথম আসে একটি প্রবন্ধে স্পেনীয় heretic Priscillian দ্বারা, যিনি মারা যান ৩৮৫ খ্রীষ্টাব্দে। এটি উক্ত করা হয়েছে উত্তর আফ্রিকার এবং ইটালীর লাতিন ফাদারদের দ্বারা ৫ম শতাব্দীতে। এই পদটি সাধারণত ১ যোহন মূল অনুপ্রাণিত বাক্যের অংশ নয়।

এক ঈশ্বরের বাইবেল ভিত্তিক মতবাদ (monotheism) কিন্তু তিন ব্যক্তিত্বের প্রকাশ (পিতা, পুত্র ও পবিত্র আত্মা) প্রভাবিত হয় না এই পদের প্রত্যাখ্যান দ্বারা। যদিও এটি সত্য যে বাইবেল কখনো “ত্রিভু” শব্দটি ব্যবহার করে না, অনেক বাইবেল ভিত্তিক প্যাসেজ বলে ঈশ্বরিকতার তিনজন একসাথে কাজ করছেন:

১. যীশুর বাপ্তিস্মের সময় (মথি ৩:১৬-১৭)
২. মহান আদেশে (মথি ২৮:১৯)
৩. আত্মা পাঠানো হয়েছে (যোহন ১৪:২৬)
৪. পিতরের পঞ্চাশতমীর প্রচারের (প্রেরিত ২:৩৩-৩৪)
৫. পৌলের মাংস ও আত্মার আলোচনায় (রোমীয় ৮:৭-১০)
৬. পৌলের আত্মার দানের আলোচনায় (১ করিন্থীয় ১২:৪-৬)
৭. পৌলের ভ্রমণ পরিকল্পনায় (২ করিন্থীয় ১:২১-২২)
৮. পৌলের আর্শীবচনে (২ করিন্থীয় ১৩:১৪)
৯. পৌলের সময়ের পূর্ণতার আলোচনায় (গালা ৪:৪-৬)
১০. পৌলের পিতার প্রতি প্রশংসার প্রার্থনায় (ইফিসীয় ১:৩-১৪)
১১. পৌলের পরজাতিদের পূর্বকার বিরোধিতার আলোচনায় (ইফিসীয় ২:১৮)
১২. পৌলের ঈশ্বরের একত্বের আলোচনায় (ইফিসীয় ৪:৪-৬)
১৩. পৌলের ঈশ্বরের দয়াশীলতার আলোচনায় (তীত ৩:৪-৬)
১৪. পিতরের ভূমিকায় (১ পিতর ১:২)

দেখুন বিশেষ বিষয় ত্রিভুকের উপর যোহন ১৪:২৬ পদে।

৫:৮ “আত্মা ও জল ও রক্ত; এই তিনের সাক্ষ্য এক” পুরাতন নিয়মের দুই বা তিন সাক্ষীর প্রয়োজন ছিল একটি বিষয় নিশ্চিত করতে (দ্বি বি ১৭:৬; ১৯:১৫)। এখানে, যীশুর জীবনের ঐতিহাসিক ঘটনাগুলি দেওয়া হয়েছে তাঁর পূর্ণ মানবিকতার ও ঈশ্বরত্বের সাক্ষ্য হিসেবে। এই পদের “জল” ও “রক্ত”

আবারও উল্লেখ করা হয়েছে “আত্মা”র সাথে। “জল” ও “রক্ত” টার্মগুলি উল্লেখ করা হয়েছে ১ যোহন ৫:৬ পদে। “আত্মা” মনে হয় উল্লেখ করে যীশুর বাস্তব কবরতরের নেমে আসার কারণে। সেখানে কিছু মত পার্থক্য রয়েছে সঠিক ঐতিহাসিক ইঙ্গিত বিষয়ে যেটি এই তিনজনের প্রত্যেকে প্রতিনিধিত্ব করে। তারা অবশ্যই যীশুর সত্য মানবিকতা ভিত্তি শিক্ষকের প্রত্যাখানের সাথে সম্পর্কিত।

৫:৯ “যদি” এটি হল একটি first class conditional sentence যেটি লেখকের দৃষ্টিভঙ্গি বা তার সাহিত্যের উদ্দেশ্যের জন্য সত্য বলে ধরে নেয়। যে মন্ডলীগুলির প্রতি যোহন লিখেছিলেন তারা বিভ্রান্ত ছিল কারণ তারা দৃশ্যত Gnostic শিক্ষকদের প্রচার বা শিক্ষা শুনেছিল।

□ “যদি আমরা মানুষের সাক্ষ্য গ্রহণ করি, তাহলে ঈশ্বরের সাক্ষ্য আরও মহত্তর” এই স্বর্গীয় আত্ম-সাক্ষ্য, প্রসঙ্গে, নির্দেশ করে

১. পবিত্র আত্মার সাক্ষ্য
২. যীশুর জাগতিক জীবন এবং মৃত্যু বিষয়ে প্রেরিতদের সাক্ষ্য (১:১-৩)

□ “তিনি তাঁর পুত্রের বিষয়ে সাক্ষ্য দিয়েছেন” এটি হল একটি perfect active indicative যেটি বোঝায় অতীতের একটি কাজ যেটি সর্বোচ্চ সীমায় এসেছে এবং স্থায়ী। এটি উল্লেখ করতে পারে যীশুর বাস্তব ঈশ্বরের কঠোর অনুমোদন (মথি ৩:১৭) বা তাঁর রূপান্তরে (মথি ১৭:৫; যোহন ৫:৩২, ৩৭; ৮:১৮) বা শাস্ত্রে উভয়ের লিপিবদ্ধকরণে (অর্থাৎ, সুসমাচারগুলি)। দেখুন [বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্য \(SPECIAL TOPIC: WITNESSES TO JESUS\)](#) যোহন ১:৮ পদে।

৫:১০ “ঐ সাক্ষ্য তার অন্তরে আছে” এই শব্দগুচ্ছের ব্যাখ্যা করা দু’টি উপায়ে সম্ভব।

১. subjective অভ্যন্তরীণ আত্মার সাক্ষ্য বিশ্বাসীদের মধ্যে (রোমীয় ৮:১৬)
২. সুসমাচারের সত্য (প্রকাশিত বাক্য ৬:১০; ১২:১৭; ১৯:১০)

দেখুন [বিশেষ বিষয়: যীশুর জন্য সাক্ষ্য \(SPECIAL TOPIC: WITNESSES TO JESUS\)](#) যোহন ১:৮ পদে।

□ “সে তাঁকে মিথ্যাবাদী করে” এটি হল আর একটি perfect active indicative। যারা যীশুর বিষয়ে প্রেরিতদের সাক্ষ্য প্রত্যাখান করে তারা যীশুকে প্রত্যাখান করে (১ যোহন ৫:১২) কারণ তারা ঈশ্বরকে একজন মিথ্যাবাদী বানায়।

□ “কারণ সে বিশ্বাস করেনি” এটি হল আর একটি perfect active indicative যেটি জোর দেয় অপ্রচলিত ব্যবস্থার স্থায়ীত্বে।

৫:১১-১২ “ঈশ্বর আমাদের অনন্ত জীবন দিয়েছেন” এটি হল একটি aorist active indicative যেটি একটি অতীত কাজ বা সম্পন্ন কাজের বিষয়ে বলে (যোহন ৩:১৬)। অনন্ত জীবন ব্যাখ্যা করা হয়েছে যোহন ১৭:৩ পদে। কিছু উদাহরণে এই শব্দগুচ্ছ উল্লেখ করে যীশুর নিজের প্রতি (১ যোহন ১:২; ৫:২০), অন্যগুলিতে এটা হল ঈশ্বরের থেকে একটি উপহার (১ যোহন ২:২৫; ৫:১১; যোহন ১০:২৮), যেটি পাওয়া যায় খ্রীষ্টে বিশ্বাসের মধ্য দিয়ে (১ যোহন ৫:১৩; যোহন ৩:১৬)। পুত্রকে ব্যক্তিগত বিশ্বাস ছাড়া কেউই পিতার সাথে সহভাগিতা করতে পারে না!

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৫:১৩-১৫

^{১৩}তোমরা যারা ঈশ্বরের পুত্রের নামে বিশ্বাস করেছ, তোমাদের কাছে আমি এসব কথা লিখলাম, যেন তোমরা জানতে পার যে তোমরা অনন্ত জীবন পেয়েছো। ^{১৪}তাঁর কাছে আমরা এই ভরসা পেয়েছি যে, যদি তাঁর ইচ্ছানুসারে কিছু চাই, তাহলে তিনি আমাদের প্রার্থনা শোনেন। ^{১৫}আর যদি জানি যে আমরা যা যাচঞা করি তিনি তা শোনেন, তবে এটাও জানি যে আমরা তাঁর কাছে যা চেয়েছি সেই সব কিছু পেয়েছি। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১৩ “নামে বিশ্বাস করা” এটি হল একটি present active participle, যেটি জোর দেয় অবিরত বিশ্বাসের উপর। এটি নামের (যেমন যিহুদী mysticism ভিত্তিক ঈশ্বরের নামগুলি, *Kabbalah*), একটি জাদুকরী বা mystical ব্যবহার নয়, কিন্তু পুরাতন নিয়মের নামের ব্যবহার ব্যক্তির জন্য বিকল্প হিসাবে। দেখুন বিশেষ বিষয় যোহন ২:২৩ পদে।

□ “যেন তোমরা জানিতে পার” এটি হল একটি perfect active subjunctive (*oida* হল গঠনে perfect, কিন্তু অনুবাদিত হয় present হিসেবে)। কারণ পরিব্রাণের নিশ্চয়তা হল একটি মূল ধারণা, এবং একটি প্রায় বলে থাকা উদ্দেশ্য ১ যোহনে। এর। সেখানে দুটি গ্রীক সমার্থক শব্দ (*oida* ও *ginōskō*) ব্যবহার করা হয়েছে সমস্ত চিঠি/প্রচার জুড়ে যেটি অনুবাদ করা হয়েছে “জানা”। এটা স্পষ্ট যে নিশ্চয়তা হল সকল বিশ্বাসীদের উত্তরাধিকার! এটা আরও স্পষ্ট যে তখনকার স্থানীয় পরিস্থিতির কারণে এবং এখনকার সাংস্কৃতিক প্রসঙ্গে যে এমন সত্য বিশ্বাসীরা আছে যাদের নিশ্চয়তা নেই। এই পদটি হল ধর্মতত্ত্বগতভাবে একই রকম যোহনের সুসমাচারের উপসংহারের সাথে (যোহন ২০:৩১)।

১ যোহন (৫:১৩-২০) এর উপসংহারের প্রসঙ্গটি তালিকা করেছে সাতটি বিষয় যেগুলি বিশ্বাসীরা জানে। তাদের সুসমাচারের সত্যের বিষয়ে জ্ঞান একটি বিশ্ব দর্শন প্রদান করে থাকে, যেটি যখন খ্রীষ্টতে ব্যক্তিগত বিশ্বাসের সাথে যুক্ত করা হয়, তাহল নিশ্চয়তার একটি bedrock ভিত্তি।

১. বিশ্বাসীদের অনন্ত জীবন আছে (১ যোহন ৫:১৩, *oida*, perfect active subjunctive)

২. ঈশ্বর বিশ্বাসীদের প্রার্থনা শোনে (১ যোহন ৫:১৫, *oida*, perfect active indicative)
৩. ঈশ্বর বিশ্বাসীদের প্রার্থনার উত্তর দেন (১ যোহন ৫:১৪, *oida*, perfect active indicative)
৪. বিশ্বাসীরা ঈশ্বরের থেকে জাত (১ যোহন ৫:১৮, *oida*, perfect active indicative)
৫. বিশ্বাসীরা ঈশ্বরের (হতে) (১ যোহন ৫:১৯, , *oida*, perfect active indicative)
৬. বিশ্বাসীরা জানে মশীহ এসেছেন এবং তাদের বুদ্ধি দিয়েছেন (১ যোহন ৫:২০, *oida*, perfect active indicative)
৭. বিশ্বাসীরা সত্যময়কে জানেন- হয় পিতা না হয় পুত্র (১ যোহন ৫:২০, *ginōskō*, present active subjunctive)

বিশেষ বিষয়: নিশ্চয়তা (SPECIAL TOPIC: ASSURANCE)

৫:১৪ “তঁার কাছে আমরা এই ভরসা পেয়েছি” এটি হল একটি পুনরাবৃত্তিমূলক ভাব (theme) (১ যোহন ২:২৮; ৩:২১; ৪:১৭)। এটি প্রকাশ করে সাহসিকতা বা স্বাধীনতা আমাদের আছে ঈশ্বরের কাছে এগিয়ে যাবার (ইব্রীয় ৪:১৬)। দেখুন বিশেষ বিষয় যোহন ৭:৪ পদে।

□ “যদি” এটি হল একটি third class conditional sentence যেটি বোঝায় সম্ভাব্য কাজ।

□ “আমরা তঁার ইচ্ছানুসারে কিছু চাই” যোহনের মন্তব্য মনে হয় বিশ্বাসীর ঈশ্বরের কাছে বিনতি করার ক্ষমতা অসীম। কিভাবে ও কিসের জন্য কেউ প্রার্থনা করবে তাহল আর একটি প্রমাণ একজন সত্য বিশ্বাসীর। যাহোক, আরও পরীক্ষার পর, আমরা উপলব্ধি করেছি যে প্রার্থনা আমাদের ইচ্ছার জন্য চাওয়া নয়, কিন্তু আমাদের জীবনে ঈশ্বরের ইচ্ছা যাচঞা করা (১ যোহন ৩:২২; মথি ৬:১০; মার্ক ১৪:৩৬)। দেখুন fuller নোট ১ যোহন ৩:২২ পদের। বিশেষ বিষয়: ঈশ্বরের ইচ্ছার জন্য দেখুন যোহন ৪:৩৪ পদ। দেখুন বিশেষ বিষয়: প্রার্থনা, সীমাহীন তথাপি সিমাবদ্ধ (SPECIAL TOPIC: Prayer, Unlimited Yet Limited) যোহন ৩:২২ পদে।

বিশেষ বিষয়: মধ্যস্থতার প্রার্থনা (SPECIAL TOPIC: Intercessory Prayer)

৫:১৫ “যদি” এটি হল একটি first class conditional sentence (অর্থাৎ, *ean* এবং indicative এর সাথে, দেখুন A. T. Robertson, *Word Pictures in the New Testament*, p. 243) যেটি ধরে নেয় লেখকের দৃষ্টিভঙ্গি বা তার সাহিত্যিক উদ্দেশ্য হতে সত্য। এটি হল একটি অপ্রচলিত conditional sentence।

১. এটাতে *ean* আছে *ei* এর বদলে (প্রেরিত ৮:৩১; ১ থি ৩:৮)
২. এটাতে *ean* আছে একটি subjunctive (অর্থাৎ, চাওয়া) এর সাথে যুক্ত, যেটি হল সাধারণ ব্যাকরণগত গঠন একটি third class conditional এর।
৩. ১ যোহন ৫:১৪ ও ১৬ পদে third class conditionals আছে।
৪. খ্রীষ্টিয়ান প্রার্থনার ধর্মতত্ত্ব ঈশ্বরের ইচ্ছা (১ যোহন ৫:১৪) এবং যীশুর নামের (১ যোহন ৫:১৩) সাথে সম্পর্কযুক্ত।

□ “আমরা জানি” এটি হল আর একটি perfect active indicative অনুবাদ করা হয়েছে present হিসেবে, যেটি ১ যোহন ৫:১৪ পদের সাথে সমান্তরাল। এটি বিশ্বাসীদের নিশ্চয়তা যে পিতা তঁার সন্তানদের শোনে এবং সাড়া দেন।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৫:১৬-১৭

^{১৬}যদি কেউ তার ভাইকে এমন পাপ করতে দেখে যা মৃত্যু জনক নয়, তাহলে সে যাচঞা করবে, এবং ঈশ্বর তাদের জীবন দেবেন যারা মৃত্যু জনক পাপ করেনি। এক ধরণের পাপ আছে যা মৃত্যু জনক; আমি সেই বিষয়ে কাউকে প্রার্থনা করতে বলিনি। ^{১৭}সর্বপ্রকার অধার্মিকতাই পাপ, কিন্তু এমন পাপ আছে যা মৃত্যু জনক নয়। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১৬ “যদি” এটি হল একটি third class conditional যেটি বোঝায় সম্ভাব্য কাজ। ১৬ পদ জোর দেয় আমাদের সহ খ্রীষ্টিয়ানদের জন্য প্রার্থনার প্রয়োজনের উপর (গালা ৬:১; যাকোব ৫:১৩-১৮) কিছু প্রস্তাবিত সীমার মধ্যে (পাপের জন্য মৃত্যু পর্যন্ত নয়), যেটি মনে হয় ভক্ত শিক্ষকদের সাথে সম্পর্কিত (২ পিতর ২)।

□ “তার ভাইকে এমন পাপ করতে দেখে যা মৃত্যু জনক নয়” যোহন পাপের কয়েকটি শ্রেণীবিভাগ তালিকাভুক্ত করেছেন। কিছু সম্পর্কিত কোনটি (১) ঈশ্বরের সাথে সহভাগিতায়; (২) অন্য বিশ্বাসীদের সাথে সহভাগিতায় এবং; (৩) জগতের সাথে সহভাগিতায়। চূড়ান্ত পাপ হল যীশু খ্রীষ্টে আস্থা/বিশ্বাস করা/বিশ্বাস প্রত্যাখান করা। এই পাপ হল চূড়ান্ত মৃত্যু জনক! W. T. Conners *Zvi Christian Doctrine*, এ বলেন,

“এর অর্থ এই নয় যে, যাহোক, অবিশ্বাস করা অর্থ কোন মতবাদ বা গোঁড়া মতবাদ গ্রহণ করায় প্রত্যাখান। এটা হল অবিশ্বাস করা একজনের নৈতিক এবং আত্মিক আলো প্রত্যাখান করা, বিশেষত সেই আলো যা খ্রীষ্টে সমর্পিত। এটা হল ঈশ্বরের খ্রীষ্টে তঁার চূড়ান্ত প্রকাশ প্রত্যাখান। যখন এই প্রত্যাখান হয়ে ওঠে নির্দিষ্ট ও স্বেচ্ছাকৃত, এটা তখন মৃত্যু জনক পাপ হয়ে ওঠে (১ যোহন ৫:১৩-১৭)। এটা এভাবে নৈতিক আত্মহত্যা হয়ে যায়। এটা হল

একজনের নিজস্ব আত্মিক চোখ বন্ধ করা। এটা ঘটে না একটি উচ্চ স্তরের আলোকপ্রাপ্ত সাথে যুক্ত না হওয়া ব্যতিরেকে। এটা ইচ্ছাকৃত, স্বেচ্ছাকৃত, বিদ্রোহপরাণ প্রত্যাখান খ্রীষ্টকে ঈশ্বরের প্রকাশ হিসেবে, জানা যে তিনি হলেন সেই প্রকাশ। এটা ইচ্ছাকৃতভাবে সাদাকে কালো বলার মত” (পৃ.. ১৩৫-১৩৬)।

বিশেষ বিষয়: মৃত্যু জনক পাপ কি? (SPECIAL TOPIC: What Is Sin Unto Death?)

▣ “ঈশ্বর তাদের জীবন দেবেন” এখানকার ধর্মতত্ত্বগত ও ভাষাগত সমস্যা হল “জীবন” (*zoe*) টার্মটির অর্থ। সাধারণত যোহনের লেখায় এটি উল্লেখ করে অনন্ত জীবন, কিন্তু এই প্রসঙ্গে এর অর্থ মনে হয় স্বাস্থ্য বা ক্ষমার পুনরুদ্ধার (অর্থাৎ, যাকোব এর “উদ্ধার” এর ব্যবহার যাকোব ৫:১৩-১৫ পদে)। যে ব্যক্তির জন্য প্রার্থনা করা হয় তাকে বলা হয় “একজন ভাই” যেটি দৃঢ়ভাবে বোঝায় একজন বিশ্বাসীকে (যোহনের দ্বারা তার নিজের পাঠকদের জন্য ব্যবহার করা টার্ম)।

৫:১৭ সকল পাপই গুরুতর, কিন্তু সকল পাপকে ক্ষমা করা যায় অনুতাপের মাধ্যমে (প্রাথমিক, মার্ক ১:১৫; প্রেরিত ২০:২১; চলমান ১ যোহন ১:৯) এবং খ্রীষ্টতে বিশ্বাস করা অবিশ্বাস করার পাপ ছাড়া!

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৫:১৮-২০

^{১৮} আমরা জানি যে ঈশ্বর থেকে যে জাত সে পাপ করে না; কিন্তু যে ঈশ্বর থেকে জাত সে নিজেকে রক্ষা করে, এবং শয়তান তাকে স্পর্শ করতে পারে না। ^{১৯} আমরা জানি যে আমরা ঈশ্বর থেকে, আর সমগ্র জগত শয়তানের ক্ষমতার নিচে শুয়ে আছে। ^{২০} কিন্তু আমরা জানি যে ঈশ্বরের পুত্র এসেছেন, এবং আমাদের বুদ্ধি দিয়েছেন যেন আমরা সেই সত্যময়কে জানি; এবং আমরা তাতে যিনি সত্যময়, তাঁর পুত্র যীশু খ্রীষ্টে আছি। তিনিই সত্যময় ঈশ্বর এবং অনন্ত জীবন। (অনুবাদকৃত টেক্সট)।

৫:১৮ “আমরা জানি” দেখুন দ্বিতীয় প্যারাফ্রাসিসের নোট ১ যোহন ৫:১৩ পদে।

▣ “ঈশ্বর থেকে যে জাত সে পাপ করে না” এটি হল একটি perfect passive participle। এটি ১ যোহন ৩:৬ ও ৯ পদের কালো ও সাদার দাবী। অনন্ত জীবনের আছে প্রত্যক্ষজনক বৈশিষ্ট্য। antinomian ভন্ড শিক্ষকদের জীবনধারার প্রকাশ করে তাদের হৃদয়ের উদাসীনতা (মথি ৭)!

যোহন উল্লেখ করেছেন দুই ধরণের ভন্ড শিক্ষকদের। একদল যারা যে কোন ধরণের পাপের সাথে যুক্ততা অস্বীকার করে (১ যোহন ১:৮-২:১) এবং আর এক দল যারা সহজভাবে পাপকে অপ্রাসঙ্গিক করেছে (১ যোহন ৩:৪-১০ ও এখানে) পাপ অবশ্যই প্রারম্ভিকভাবে স্বীকার করতে হবে এবং এর অস্তিত্বকে এড়িয়ে যেতে হবে। পাপ হল সমস্যা, একটি সমস্যা, এবং চলমান একটি সমস্যা (১ যোহন ৫:২১)।

Bruce Metzger, *A Textual Commentary of the Greek New Testament* (p. 718) দাবী করেন যে পাণ্ডুলিপির ভিন্নতার ভিত্তি হল অনুলিপিকারী যেটি চিন্তা করেছেন “ঈশ্বর থেকে জাত” শব্দগুচ্ছটি নির্দেশ করে।

১. যীশু- তখন *auton*, ভাল বসে (A*, B*)
২. বিশ্বাসীরা- তখন *eauton* ভাল বসে (x, Ac)

UBS⁴ দেয় #1 কে "B" rating (প্রায় নিশ্চিত)।

▣ “কিন্তু যে ঈশ্বর থেকে জাত সে নিজেকে রক্ষা করে” প্রথম verb টি হল একটি aorist passive participle যেটি বোঝায় একটি শেষ করা কাজ যেটি সম্পন্ন হয়েছে বাইরের একটি প্রতিনিধি দ্বারা (অর্থাৎ, আত্মা রোমীয় ৮:১১)। এটি উল্লেখ করে দেহধারণ।

দ্বিতীয় verb টি হল একটি Present active indicative সাথে “তিনি” (*auton*)। এটি হল আক্ষরিক, “যে ঈশ্বর থেকে জন্ম নিয়ে তাকে অবিরত রক্ষা করছে।” এটি উল্লেখ করে খ্রীষ্টের অবিরত বিশ্বাসীদের স্বীকার করা। এই অনুবাদটি অনুসরণ করে প্রাচীন গ্রীক uncial পাণ্ডুলিপি A* ও B*। এই ব্যাখ্যা পাওয়া যায় ইংরেজী অনুবাদ NASB, RSV এবং NIV।

পাণ্ডুলিপি x ও Ac তে আছে আর একটি pronoun, “নিজেকে রক্ষা করা” (*eauton*) যেটি বোঝায় যে একজন ঈশ্বরের থেকে জন্ম নিয়েছে এবং কিছু দায়িত্ব নিজেকে রক্ষা করার। verb টি ব্যবহার করা হয়েছে “জন্ম হয়েছিল” এর জন্য যেটি অন্য কোথাও যীশুর জন্য ব্যবহার করা হয়নি। reflexive ধারণাটি ব্যবহার করা হয়েছে বিশ্বাসীদের জন্য ১ যোহন ৩:৩ ও ৫:২১ পদে। এটি অনুসরণ করা হয়েছে ইংরেজী অনুবাদ KJV ও ASV দ্বারা।

NASB “এবং শয়তান তাকে স্পর্শ করতে পারে না”

NKJV “দুষ্ট লোক তাকে স্পর্শ করতে পারে না”

NRSV “শয়তান তাকে স্পর্শ করতে পারে না”

TEV “শয়তান তার ক্ষতি করতে পারে না”।

NJB “শয়তানের তার উপরে কোন প্রভাব নেই”

এটি হল একটি Present middle indicative যার অর্থ শয়তান অবিরত “তাকে ধরে রাখতে” পারবে না। এই টার্মটির কেবল আর একটি

ব্যবহার আছে যোহনের লেখায় তার সুসমাচারে, ২০:১৭ পদ। এটা বাইবেল এবং অভিজ্ঞতা থেকে স্পষ্ট যে খ্রীষ্টিয়ানেরা প্রলোভিত হয়। এই শব্দগুচ্ছের অর্থের বিষয়ে তিনটি বড় তত্ত্ব আছে।

১. বিশ্বাসীরা শয়তানের দোষারপ থেকে মুক্ত যার ভিত্তি ব্যবস্থা ভঙ্গ করা (ধার্মিকতা)
২. যীশু আমাদের জন্য প্রার্থনা করেন (১ যোহন ২:১; লুক ২২:৩২-৩৩)
৩. শয়তান আমাদের পরিত্রাণ থেকে ছিনিয়ে নিতে পারে না (রোমীয় ৮:৩১-৩৯), যদিও সে আমাদের জীবনে ঈশ্বরের সাক্ষ্য বাধাগ্রস্থ করতে পারে এবং সম্ভবত, ১ যোহন ৫:১৬-১৭ পদের ভিত্তিতে, একজন বিশ্বাসীকে তাড়াতাড়ি এই জগত থেকে বের করে নেয়!

৫:১৯ “আমরা জানি যে আমরা ঈশ্বর থেকে” এটি নিশ্চয়তার বিশ্বাসের আশ্বাস, বিশ্বাসীদের বিশ্ব দর্শন খ্রীষ্ট যীশুতে (১ যোহন ৪:৬)। অন্য সকল কিছু এই সুন্দর সত্যের উপর ভিত্তি করে (১ যোহন ৫:১৩) দেখুন নোট ১ যোহন ৫:১৩ পদে।

□ “সমগ্র জগত শয়তানের ক্ষমতার নিচে শুয়ে আছে” এটি হল একটি present middle (deponent) indicative (যোহন ১২:৩১; ১৪:৩০; ১৬:১১; ২ করি ৪:৪; ইফি ২:২; ৬:১২)। এটা সম্ভব হয়েছিল (১)আদমের পাপ; (২) শয়তানের বিদ্রোহ; এবং (৩) প্রত্যেকের ব্যক্তিগত পাপের সিদ্ধান্ত।

৫:২০ “আমরা জানি” ১ যোহন ৫:১৩ পদের দ্বিতীয় প্যারাগ্রাফের সম্পূর্ণ নোট।

□ “ঈশ্বর পুত্র এসেছেন” এই Present active indicative নিশ্চিত করে স্বর্গীয় পুত্রের দেহধারণ। মানুষের দেহে ঈশ্বর হল Gnostic ভঙ্গ শিক্ষকদের জন্য একটি বড় সমস্যা যারা বস্তুকে মন্দ বলে দাবী করে।

□ “আমাদের বুদ্ধি দিয়েছেন” এটি হল আর একটি perfect active indicative। যীশু, Gnostic ভঙ্গ শিক্ষকরা নয়, ঈশ্বরত্বের প্রয়োজনীয় অর্ন্তদৃষ্টি দিয়েছেন। যীশু সম্পূর্ণভাবে পিতাকে প্রকাশ করেছেন তাঁর জীবন, তাঁর শিক্ষা, তাঁর কাজ, তাঁর মৃত্যু এবং তাঁর পুনরুত্থানের মাধ্যমে! তিনি ঈশ্বরের জীবন্ত বাক্য; তাঁকে ছাড়া কেউ পিতার কাছে আসতে পারে না (যোহন ১৪:৬; ১ যোহন ৫:১০-১২)।

□ “আমরা তাতে যিনি সত্যময়; তাঁর পুত্র যীশু খ্রীষ্টে আছি। তিনিই সত্যময় ঈশ্বর এবং অনন্ত জীবন” প্রথম শব্দগুচ্ছটি “তাতে যিনি সত্যময়” উল্লেখ করে পিতা ঈশ্বরকে (দেখুন বিশেষ বিষয় ১ যোহন ৬:৫৫ এবং যোহন ১৭:৩ পদে), কিন্তু দ্বিতীয় শব্দগুচ্ছ উল্লেখ করে ব্যক্তি, “সত্যময় ঈশ্বর,” চিহ্নিত করা কঠিন। এই প্রসঙ্গে এটি মনে হয় আরও উল্লেখ করে পিতাকে, কিন্তু ধর্মতত্ত্বগতভাবে এটা উল্লেখ করতে পারে পুত্রকে। ব্যাকরণগত অস্পষ্টতা হতে পারে উদ্দেশ্যমূলক, যেটি যোহনের লেখায় প্রায় দেখা যায়, একজনকে পিতায় হতে হলে অবশ্য পুত্রে হতে হবে (১ যোহন ৫:১২)। ঈশ্বরত্ব এবং সত্যতা (সত্য) উভয়ই পিতা ও পুত্র হতে পারে ধর্মতত্ত্বগতভাবে চালিকার উদ্দেশ্য (যোহন ৩:৩৩; ৭:২৮; ৮:২৬)। নতুন নিয়ম নাসারতের যীশুর সম্পূর্ণ ঈশ্বরত্ব দাবী করে (যোহন ১:১,১৮; ২০:২৮; ফিলি ২:৬; তীত ২:১৩ এবং ইব্রীয় ১:৮)। যাহোক, Gnostic শিক্ষকেরা যীশুর ঈশ্বরত্বের দাবী করেছে (অন্তত স্বর্গীয় আত্মার ভিতরে বসবাসের দ্বারা)।

NASB (আপডেটেড) টেক্সট: ১ যোহন ৫:২১

^{২১} সন্তানেরা, তোমরা নিজেদের প্রতিমাগণ থেকে রক্ষা কর। (অনুবাদকৃত টেক্সট)।

৫:২১

NASB “তোমরা নিজেদের প্রতিমাগণ থেকে রক্ষা কর”
NKJV, NRSV “তোমরা নিজেদের প্রতিমাগণ থেকে রক্ষা কর”
TEV “তোমরা নিজেদের মিথ্যা দেবতাগণ থেকে রক্ষা কর”
NJB “তোমরা “নিজেদের মিথ্যা দেবতাগণ থেকে রক্ষা কর।

এটি হল একটি aorist active imperative, একটি জোরালো সাধারণ সত্য। এটি উল্লেখ করে খ্রীষ্টিয়ানদের সক্রিয় অংশগ্রহণ পবিত্রকরণে (১ যোহন ৩:৩), যেখানে তারা ইতিমধ্যে যীশু খ্রীষ্টতে উপভোগ করছে (ইফি ১:৪; ১ পিতর ১:৫)।

প্রতিমাগণ টার্মটি (যেটি যোহনের লেখায় দুবার ব্যবহার করা হয়েছে এখানে এবং প্রকা ৯:২০ পদে একটি পুরাতন নিয়মের উদ্ধৃতিতে), হয় ভঙ্গ শিক্ষকদের শিক্ষা ও জীবনধারার বিষয়ে না হয় মরু সাগরের পুঁথি এই টার্মটি ব্যবহার করে “পাপ” অর্থে, “প্রতিমা” ও “পাপ” টার্মটি হতে পারে সমার্থক।

আলোচনার প্রশ্নাবলী

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

এই আলোচনার প্রশ্নাবলী দেওয়া হয়েছে পুস্তকের এই অংশের বড় বড় বিষয়ের মাধ্যমে আপনাকে চিন্তা করতে সহায়তা করার জন্য। সেগুলির অর্থ চিন্তা উদ্দেষ্কারী, চূড়ান্ত নয়।

১. তিনটি বড় পরীক্ষার তালিকা করুন যা বিশ্বাসীদের নিশ্চিত করে যে তারা খ্রীষ্টিতে আছে।
২. ১ যোহন ৫:৬ ও ৮ পদে “জল” ও “রক্ত” টার্মগুলি কি উল্লেখ করে?
৩. আমরা কি জানি যে আমরা খ্রীষ্টিয়ান? আরও কিছু খ্রীষ্টিয়ান আছে কি যারা জানে না?
৪. কোন পাপ যেটি মৃত্যুর দিকে চালিত করে? এটা কি একজন বিশ্বাসীর দ্বারা হতে পারে?
৫. এটা কি ঈশ্বরের আলাদা রাখার ক্ষমতা বা আমাদের নিজেদের চেষ্টা যেটি আমাদের প্রলোভন থেকে রক্ষা করে?

সর্বসত্ত্ব © 2013 Bible Lessons International

২ যোহন

আধুনিক অনুবাদে প্যারাগ্রাফ বিভাগ*

UBS ⁴	NKJV	NRSV	TEV	NJB
শুভেচ্ছা	নির্বাচিত মহিলাকে শুভেচ্ছা		ভূমিকা	শুভেচ্ছা
১-৩ পদ	১-৩ পদ	১-২ পদ ৩ পদ	১-৩ পদ	১-৩ পদ
সত্য এবং ভালবাসা	খ্রীষ্টের আজায় চলা		সত্য এবং ভালবাসা	ভালবাসার ব্যবস্থা
৪-১১ পদ	৪-৬ পদ খ্রীষ্টারীর প্রতারণা থেকে সাবধান	৪-৬ পদ	৪-৬ পদ	৪-৫ পদ ৬ পদ খ্রীষ্টের শত্রু
	৭-১১ পদ	৭-১১ পদ	৭-৮ পদ ৯-১১ পদ	৭-১১ পদ
শেষ শুভেচ্ছা	যোহনের বিদায়ী শুভেচ্ছা		শেষ কথা	
১২-১৩ পদ	১২-১৩ পদ	১২ পদ ১৩ পদ	১২ পদ ১৩ পদ	১২ পদ ১৩ পদ

* যদিও সেগুলি অনুপ্রাণিত নয়, প্যারাগ্রাফের বিভাজন হল লেখকের ইচ্ছা বোঝার এবং অনুসরণ করার মূল চাবিকাঠি। প্রতিটি আধুনিক অনুবাদ প্যারাগ্রাফের ভাগ করেছে এবং সারমর্ম করেছে। প্রতিটি প্যারাগ্রাফের রয়েছে একটি কেন্দ্রীয় বিষয়, সত্য, বা চিন্তা। প্রতিটি সংস্করণ সেই বিষয়টির সংক্ষিপ্তসার করে তার নিজস্ব স্বতন্ত্র উপায়ে। যখন আপনি লেখাটি পড়বেন, নিজেকে জিজ্ঞাসা করবেন কোন অনুবাদটি বিষয় এবং পদ বিভাজন বুঝতে আপনার উপলব্ধির সাথে খাপ খায়।

প্রতিটি অধ্যায়ে আমাদের প্রথমে বাইবেল পড়তে হবে এবং এর বিষয়গুলি(প্যারাগ্রাফগুলি) চিহ্নিত করার চেষ্টা করতে হবে, তারপর আমাদের আধুনিক সংস্করণগুলির বোঝার সাথে তুলনা করতে হবে। আমরা কেবল তখনই মূল লেখকের উদ্দেশ্য বুঝতে পারবো তার যুক্তি এবং উপস্থাপন অনুসরণ দ্বারা বাইবেল সত্যিকার ভাবে বুঝতে পারি। শুধু মূল লেখকই হলেন অনুপ্রাণিত-পাঠকদের কোন অধিকার নেই বাতর্গটি পরিবর্তন বা পরিমার্জন করার। বাইবেল পাঠকদের দায়িত্ব আছে অনুপ্রাণিত সত্য তাদের দৈনিক কাজে এবং তাদের জীবনে প্রয়োগ করার।

লক্ষ্য করুন যে সকল কৌশলগত টার্ম ও শব্দ সংক্ষেপ সম্পূর্ণভাবে ব্যাখ্যা করা হয়েছে পরবর্তী তথ্যাবলীতে: [Brief Definitions of Greek Grammatical Structure, Textual Criticism](#), এবং [Glossary](#).

সংক্ষিপ্ত ভূমিকা

২ যোহন সুস্পষ্ট ভাবে সম্পর্কিত ১ যোহনের বার্তা এবং সাহিত্যের ধারার সাথে। এগুলি সম্ভবত একই লেখকের কাছ থেকে এসেছে, প্রায় একই সময়ে লেখা হয়েছে। এটি প্রথম শতাব্দীর প্রচলিত ব্যক্তিগত পত্র এই জন্য যে এটি লেখা হয়েছে একটি নিরূপিত গঠন অনুসারে এবং একটি papyrus পত্রে ধরে যেতে পারে।

যেমন ১ যোহন লেখা হয়েছিল কয়েকটি মন্ডলীর প্রতি (এবং এক অর্থে সকল মন্ডলীসমূহ), ২ যোহন একটি স্থানীয় মণ্ডলী উদ্দেশ্য করে এবং সেই মণ্ডলীর নেতাদের (যদিও, প্রায় সকল নূতন নিয়মের ব্যক্তিগত পত্রের মত এটাও পড়া হয়েছিল মন্ডলীর সকলের প্রতি)। এটি একটি চমৎকার ছোট জানালা এশিয়া মাইনরের(তুরস্ক) প্রথম শতাব্দীর মন্ডলীর জীবনের।

পাঠ চক্র এক

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। আপনার নিজের কথায় সমগ্র বইটির কেন্দ্রীয় মূল ভাব (theme) বর্ণনা করুন।

১. সমগ্র বইটির মূল ভাব (Theme)
২. সাহিত্যের প্রকার (genre)

পাঠ চক্র দুই

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

সমগ্র বাইবেলের বইগুলি একবারে পাঠ করুন। প্রধান বিষয়ের রূপরেখা করুন এবং একটি বাক্যে বিষয়টি প্রকাশ করুন।

১. প্রথম সাহিত্য এককের বিষয়
২. দ্বিতীয় সাহিত্য এককের বিষয়
৩. তৃতীয় সাহিত্য এককের বিষয়
৪. চতুর্থ সাহিত্য এককের বিষয়
৫. ইত্যাদি

পাঠ চক্র তিন

প্যারাগ্রাফ স্তরে মূল লেখকের উদ্দেশ্য অনুসরণ

এটি হল অধ্যয়ন নির্দেশক ব্যাখ্যা বই, এর মানে হল যে আপনি নিজেই আপনার বাইবেল অনুবাদের জন্য দায়ি। আমরা যে আলো পেয়েছি সেই আলোতে আমাদের প্রত্যেকের চলা উচিত। আপনি, বাইবেল এবং পবিত্র আত্মা হল অনুবাদে অগ্রগণ্য। আপনি অবশ্যই সব কিছু ব্যাখ্যাকারকের উপরে ছেড়ে দেবেন না।

প্যারাগ্রাফটি একবারে পাঠ করুন। বিষয়টি চিহ্নিত করুন। আপনার বিষয় বিভাগের সাথে আধুনিক পাঁচটি অনুবাদের তুলনা করুন। প্যারাগ্রাফ করাটা অনুপ্রাণিত নয়, কিন্তু এটি হল মূল লেখকের উদ্দেশ্য অনুসরণের চাবিকাঠি, যেটি হল অনুবাদের মূল কথা। প্রতিটি প্যারাগ্রাফের একটি কেবলমাত্র একটিই বিষয় থাকে।

১. প্রথম প্যারাগ্রাফ
২. দ্বিতীয় প্যারাগ্রাফ
৩. তৃতীয় প্যারাগ্রাফ
৪. চতুর্থ প্যারাগ্রাফ
৫. ইত্যাদি।

শব্দ ও শব্দগুচ্ছ অধ্যয়ন

NASB (আপডেটেড) টেক্সট: ১-৩ পদ

^১ এই প্রাচীন মনোনীত মহিলা ও তাঁর সন্তানদের সমীপে, যাদের আমি সত্যে প্রেম করি; কেবল আমি নই, কিন্তু সকলেই যারা সত্য জানে, ^২ কারণ সেই সত্য প্রযুক্ত, যা আমাদের অন্তরে আছে এবং চিরকাল আমাদের সঙ্গে থাকবে: ^৩ অনুগ্রহ, দয়া এবং শান্তি পিতা ঈশ্বর এবং পিতার পুত্র যীশু খ্রীষ্ট থেকে, সত্যে ও প্রেমে আমাদের সঙ্গে থাকবে। (অনুবাদকৃত টেক্সট)।

১ পদ “প্রাচীন” এই উপাধিটি (presbuteros) ব্যবহার করা হয়েছে ২ ও ৩ যোহানের লেখককে চিহ্নিত করার জন্য। এর একটি ব্যাপক ভিন্ন অর্থ আছে বাইবেলে।

Johannine লেখাগুলি লেখকীয় মর্যাদা প্রদর্শন করেছে বিভিন্ন উপায়ে।

১. ১. সুসমাচার ব্যবহার করেছে একটি রহস্যপূর্ণ শব্দগুচ্ছ “প্রিয় শিষ্য”
২. প্রথম পত্রটি অজ্ঞাতনামা
৩. দ্বিতীয় ও তৃতীয় পত্রটির শিরোনাম রয়েছে “প্রাচীন”
৪. প্রকাশিত বাক্য, খুব অবৈশিষ্ট্যপূর্ণ apocalyptic লেখা, লেখককে তালিকাভুক্ত করে “তাঁর দাস যোহন” হিসাবে।

অনেক আলোচনা আছে ব্যাখ্যাকারীদের ও পণ্ডিতদের মধ্যে এই লেখাগুলির লেখকের বিষয়ে। সেগুলোর সবগুলিতে অনেক ভাষাগত ও রূপগত সাদৃশ্যতা ও ভিন্নতা আছে। এ মুহূর্তে সকল বাইবেলের শিক্ষকদের দ্বারা গ্রহণযোগ্য কোন ব্যাখ্যা নেই। আমি দাবী করি প্রেরিত যোহনের লেখকত্ব সকলগুলি লেখনীর, কিন্তু এটি হল একটি hermeneutical বিষয় এবং অনুপ্রেরণাগত বিষয় নয়। বাস্তবে বাইবেলের চূড়ান্ত লেখক হলেন ঈশ্বরের আত্মা। এটা হল একটি বিশ্বাসযোগ্য প্রকাশ, কিন্তু আধুনিকেরা জানে না বা বোঝে না এর লেখাগুলি বা সংকলনের সাহিত্যগত প্রক্রিয়া।

বিশেষ বিষয়: প্রাচীন (SPECIAL TOPIC: ELDER)

□ “মনোনীত মহিলা এবং তার সন্তানের” অনেক আলোচনা হয়েছে এই শিরোনামের বিষয়ে। অনেক বলতে চেষ্টা করেছেন যে এটি লেখা হয়েছিল একজন মহিলাকে যার নাম হতে পারে *Electa*, গ্রীক শব্দ নির্বাচিত বা মনোনীতের জন্য (Clement of Alexandria) বা *Kyria*, গ্রীক টার্ম মহিলা (Athanasius) থেকে। যাহোক, আমি একমত Jerome এর সাথে যে এটি উল্লেখ করে একটি মন্ডলীকে নিম্নলিখিত কারণে।

১. মন্ডলীর জন্য গ্রীক টার্ম হল feminine (২ যোহন ১:১)
২. LXX এ "elect" উল্লেখ করে মানুষের একটি দল (১ পিতর ২:৯)
৩. এটি উল্লেখ করতে পারে মন্ডলীকে খ্রীষ্টের কণে হিসাবে (ইফি ৫:২৫-৩২; প্রকা ১৯:৭-৮; ২১:২)
৪. এই মন্ডলীর সদস্যরা আছে যাদের উল্লেখ করা হয়েছে সন্তান হিসাবে (২ যোহন ১:১৩)
৫. এই মন্ডলীতে একজন বোন আছে যে মনে হয় উল্লেখ করে আর একটি স্থানীয় মন্ডলীকে (২ যোহন ১:১৩)
৬. সেখানে একটি খেলা আছে singular ও plurals এর মধ্যে অধ্যায়টি জুড়ে (singular ২ যোহন ১:৪,৫,১৩ পদে; plurals ২ যোহন ১:৬,৮,১০,১২ পদে)
৭. এই টার্মটি ব্যবহার করা হয়েছে একই রকম উপায়ে একটি মন্ডলীর জন্য ১ পিতর ৫:১৩ পদে।

□ “যাদের” এটা বিস্ময়কর যে এটি হল একটি masculine plural pronoun কারণ এর অর্থ যুক্ত করে হয় “মহিলা” যেটি হল feminine না হয় “সন্তান” যেটি হল neuter। আমি মনে করি এটা ছিল যোহনের উপায় শব্দগুচ্ছটিকে প্রতীকী হিসাবে চিহ্নিত করণ।

□ “আমি প্রেম করি” যোহন ব্যবহার করেছেন *phileō* সমার্থকভাবে *agapaō* এর সাথে সুসমাচারে এবং প্রকাশিত বাক্যে, কিন্তু ১,২ ও ৩ যোহনে তিনি শুধুমাত্র ব্যবহার করেছেন *agapaō* (২ যোহন ১:৩,৫,৬; ১ যোহন ৩:১৮)।

□ “সত্য” সত্য হল একটি প্রায়ই পুনরাবৃত্তিমূলক বিষয় (২ যোহন ১:১ (দু’বার),২,৩,৪)। “এই শিক্ষা” শব্দগুচ্ছটি ২ যোহন ১:৯(দু’বার) ও ১০ পদে সমার্থক “সত্য”র সাথে। এই টার্মটিতে সম্ভবত জোর হয়েছে দেওয়া স্থানীয় ধর্মদ্রোহের কারণে যেটি স্পষ্ট এই ছোট পত্রে (২ যোহন ১:৪,৭-১০) যেমন ১ যোহনে।

“সত্য” উল্লেখ করতে পারে তিনটি বিষয়ের একটিকে : (১) যোহনের মধ্যে পবিত্র আত্মা (যোহন ১৪:১৭); (২) যীশু খ্রীষ্ট নিজে (যোহন ৮:৩২; ১৪:৬); এবং (৩) সুসমাচারের বিষয়বস্তু (১ যোহন ৩:২৩)। দেখুন বিশেষ বিষয় যোহন ৬:৫৫ এবং ১৭:৩ পদে।

২ পদ “যা আমাদের অন্তরে আছে” এটি হল একটি present active participle যোহনের প্রিয় টার্মগুলির একটি বিশ্বাসীদের বর্ণনা করার জন্য, “বাস করে।” দেখুন বিশেষ বিষয় যোহন ২:১০ পদ। এটি মনে হয় নির্দেশ করে অন্তরে বাস করা পবিত্র আত্মা (রোমীয় ৮:৯; বা পুত্র, রোমীয় ৮:৯-১০)। ত্রিভূত্বের সকল ব্যক্তি বাস করে/সাথে/কাছে বিশ্বাসীদের (যোহন ৪:২৩)।

□ “চিরকাল আমাদের সঙ্গে থাকবে” সত্য বাস করে ও থাকে সকল বিশ্বাসীদের সাথে সারাজীবনের জন্য। কি শক্তিশালী নিশ্চয়তার বিবৃতি! দেখুন বিশেষ বিষয় ১ যোহন ৫:১৩ পদে। সত্য হল সুসমাচারের ব্যক্তি ও সুসমাচারের বার্তা উভয়ই। এই “সত্য” সব সময় প্রকাশ পায় ভালবাসায়, ঈশ্বরের জন্য ভালবাসা, নিয়মের ভাই/বোনদের জন্য ভালবাসা, এবং একটি পতিত পৃথিবীর জন্য ভালবাসা (১ যোহন ৪:৭-২১)।

“চিরকাল” আক্ষরিকভাবে হল “যুগে যুগে” (যোহন ৪:১৪; ৬:৫১,৫৮; ৮:৩৫,৫১; ১০:২৮; ১১:২৬; ১২:৩৪; ১৩:৮; ১৪:১৬; ১ যোহন ২:১৭)। দেখুন বিশেষ বিষয়: চিরকাল যোহন ৬:৫৮ পদে।

৩ পদ “অনুগ্রহ, দয়া এবং শান্তি” এটি হল প্রথম শতাব্দীর একটি গ্রীক চিঠির প্রচলিত ভূমিকা দুইটি ব্যতিক্রম সহ। প্রথমত, এটা সামান্য পরিবর্তন করা হয়েছে এটা স্বতন্ত্রভাবে খ্রীষ্টিয় করতে। “সম্ভাষণ” এর জন্য গ্রীক টার্ম হল *chairein*। এটাকে পরিবর্তন করা হয়েছে *charis* এ, যার অর্থ “অনুগ্রহ।” এই ভূমিকা খুবই সাদৃশ্য পালকীয় পত্রগুলি সাথে, ১ তীম ১:২, ২ তীম ১:২; তিনটির দুইটি টার্ম পুনরাবৃত্তি করা হয়েছে পৌলের গালাতীয় ও ১ থিমলোনীকীয়র ভূমিকায়।

দ্বিতীয়ত, সাধারণ ব্যাকরণগত গঠন হল স্বাস্থ্যের জন্য একটি প্রার্থনা বা ইচ্ছা। যাহোক, ২ যোহন হল একটি সত্যের বিবৃতি, একটি প্রতিজ্ঞা ঈশ্বরের সাথে একটি স্বর্গীয় ফলের আকাঙ্ক্ষায়।

ধর্মতত্ত্বগতভাবে কেউ অবাধ হতে পারে যদি সেখানে একটি ইচ্ছাকৃত আদেশ বা সম্পর্ক থাকে এই টার্মগুলির মধ্যে। অনুগ্রহ ও দয়া প্রতিফলিত করে ঈশ্বরের চরিত্র যেটি নিয়ে আসে বিনামূল্যে পরিত্রাণ খ্রীষ্টের মধ্য দিয়ে পতিত মানুষের জন্য। শান্তি প্রতিফলিত করে ঈশ্বরের দানের গ্রহীতাকে। বিশ্বাসীরা অভিজ্ঞতা লাভ করে এটি পরিপূর্ণ রূপান্তরের। যেভাবে পতন মানুষের জীবনের সকল দিককে প্রভাবিত করেছে, সেইভাবে, পরিত্রাণ পুনস্থাপন করে, প্রথমে অবস্থানের মধ্যে (বিশ্বাসে ধার্মিকতা লাভ), তারপর বিশ্ব দর্শনের একটি মৌলিক পরিবর্তনের হয় একটি ভিতরের বাসকারী আত্মার দ্বারা, যার ফল হল একটি প্রগতিশীল খ্রীষ্টসাদৃশ্যতা (প্রগতিশীল পবিত্রকরণ)। মানবজাতিতে ঈশ্বরের প্রতিমূর্তি (আদি ১:২৬-২৭) পুনস্থাপিত হয়েছে।

অন্য সান্দ্রব্যতা সম্পর্কিত ভদ্র শিক্ষকদের আলোকে এই তিনটি টার্মের প্রয়োজনীয়তা। তারা “অনুগ্রহ” এবং “দয়া” এর বিষয়ে প্রশ্ন করে এবং সবকিছু নিয়ে আসে “শান্তি” বাদে। এটি আরও একটি আত্মহের বিষয় লক্ষ্য করার যে “দয়া” (*eleeōi*) হল যোহনের সকল লেখাগুলি মধ্যে এখানেই একমাত্র ব্যবহার। “অনুগ্রহ” (*charis*) ব্যবহার করা হয়েছে শুধু এখানে, সুসমাচারে ২ যোহন ১:১৪, ১৬, ১৭ পদে এবং প্রকাশিত বাক্যে (১:৪; ২:২১)।

Jerome Biblical Commentary সত্যটি উল্লেখ করে যে এই তিনটি টার্মের আছে পুরাতনের চুক্তির সম্পর্ক (পৃ.. ৪১২)। নতুন নিয়মের লেখকেরা (লুক বাদে) ছিলেন ইব্রীয় ধারণার, লিখেছেন Koine গ্রীকে। নতুন নিয়মের বেশিরভাগ ভাষাগত নির্দিষ্ট ব্যবহারের Septuagint উৎস আছে।

□ “পিতা ঈশ্বর এবং পিতার পুত্র যীশু খ্রীষ্ট থেকে” উভয় noun এর আছে preposition (*para*) যেটি ব্যাকরণগতভাবে সমান অবস্থানে বসায়। এটি ছিল একটি ব্যাকরণগত উপায়ে যীশু খ্রীষ্টের সম্পূর্ণ ঈশ্বরত্ব দাবী করা।

□ “পিতার পুত্র” অবিরত জোর দেওয়া ১ যোহনে যে একজন পুত্রকে না পেয়ে পিতাকে পেতে পারে না (১ যোহন ২:২৩; ৪:১৫; ৫:১০)। ভদ্র শিক্ষকেরা দাবী করে একটি স্বতন্ত্র এবং বিশেষ সম্পর্ক ঈশ্বরের সাথে, কিন্তু ধর্মতত্ত্বগতভাবে অবহেলিত পুত্রের ব্যক্তিত্ব এবং কাজ। যোহন বার বার পুনরাবৃত্তি করেছেন যে যীশু হলেন (১) পিতার পূর্ণ প্রকাশ এবং (২) একমাত্র পথ (যোহন ১৪:৬) পিতার কাছে যাবার।

NASB (আপডেটেড) টেক্সট: ৪-৬ পদ

^৪আমি খুব আনন্দ করছি কারণ দেখতে পাচ্ছি তোমার কয়েকটি সন্তান সত্যে চলছে, ঠিক যেমন আমরা পিতার কাছ থেকে এমন করার নির্দেশ পেয়েছি। ^৫আর এখন, অয়ি মহিলা, আমি তোমাকে নতুন কোন আদেশ লিখছি না, কিন্তু প্রথম থেকে যে নির্দেশ আমরা পেয়েছি তার কথাই আমি লিখছি, যে আমরা যেন পরস্পরকে ভালবাসি। ^৬আর ভালবাসা এই, আমরা যেন তাঁর আদেশ মেনে চলি। আদেশটি এই, যেমন তোমরা প্রথম থেকেই শুনে আসছ, যেন তোমরা এতে চল। (অনুবাদকৃত টেক্সট)।

৪ প দ “আমি খুব আনন্দ করছি” এটি হল একটি aorist passive (deponent) indicative। সম্ভবত প্রাচীন এই মন্ডলীর বিষয়ে শুনেছিলেন এর কয়েকজন ভ্রমণকারী সদস্যদের কাছ থেকে।

□ “কারণ দেখতে পাচ্ছি তোমার কয়েকটি সন্তান সত্যে চলছে” এটি উল্লেখ করে হয় তো

১. ঈশ্বরভক্তি, কয়েকটি মন্ডলীর ভালবাসার জীবনসমূহ (২ যোহন ১:৩-৪)
২. মন্ডলীর মধ্যে ধর্মবিরুদ্ধ লোকদের উপস্থিতি স্বীকার করার একটি যারা কয়েকজনকে বিপথে নিয়ে গেছে।

□ “ঠিক যেমন আমরা পিতার কাছ থেকে এমন করার নির্দেশ পেয়েছি” এটি হল একটি aorist active indicative যেটি উল্লেখ করে একে অন্যকে ভালবাসার মহান আজ্ঞা দেবার প্রতি, যেমন ভাবে যীশু তাদের ভালবেসেছেন (যোহন ১৩:৩৪-৩৫; ১৫:১২; ১ যোহন ৩:১১; ৪:৭, ১১-১২, ২১)।

৫ পদ “প্রথম থেকে যে নির্দেশ আমরা পেয়েছি” এটি হল একটি imperfect active indicative যেটি উল্লেখ করে যীশুর শিক্ষা দেবার শুরু (১ যোহন ২:৭, ২৪; ৩:১১)। আদেশের বিষয়বস্তু পুনরায় বিবেচনা করা হয় “একে অন্যের জন্য ভালবাসা” হিসাবে (২ যোহন ১:৫) এবং “স্বীকার করা যে যীশু খ্রীষ্ট মানুষরূপে এসেছেন” (২ যোহন ১:৭)। লক্ষ্য করুন এটার বিষয়বস্তু, ব্যক্তিগত এবং জীবনধারা।

□ “আমরা যেন পরস্পরকে ভালবাসি” এটি হল একটি present active subjunctive (যেমন শেষ পদের verb এর মত, চলা)। এটা হল ধর্ম বিরোধীদের বৈশিষ্ট্য আলাদা হয়ে যাওয়া ও অনুরাগহীন। এটি গঠন করেছে যোহনের তিনটি পরীক্ষার প্রথমটি যে কিভাবে একজন জানতে পারেন যে তিনি একজন খ্রীষ্টিয়ান। ১ যোহন বইয়ে এই তিনটি পরীক্ষাগুলি হলো: ভালবাসা, জীবনধারা এবং মতবাদ। এই পরীক্ষাগুলি পুনরাবৃত্তি করা হয়েছে ২ যোহনে।

১. ভালবাসা (২ যোহন ১:৫; ১ যোহন ২:৭-১১; ৩:১১-১৮; ৪:৭-১২, ১৬-২১; ৫:১-২)
২. বাধ্যতা (২ যোহন ১:৬; ১ যোহন ২:৩-৬; ৩:১-১০; ৫:২-৩)
৩. মতবাদগত বিষয়বস্তু (২ যোহন ১:৭; ১ যোহন ১:১ থেকে কয়েকটি পদ; ২:১৮-২৫; ৪:১-৬, ১৪-১৬; ৫:১, ৫, ১০)

৬ পদ “আর এটাই ভালবাসা” ভালবাসা (*agapē*) হল একটি চলমান (present tense) কাজ, শুধু মাত্র একটি অনুভূতি নয়। ভালবাসা হল “একটি চিহ্ন” সকল সত্য বিশ্বাসীদের জন্য (১ করিন্থীয় ১৩; গাল ৫:২২; ১ যোহন ৪:৭-২১)।

□ “প্রথম থেকে” দেখুন ১ যোহন ১:১ পদে নোট। আমি মনে করি শব্দগুচ্ছটি ব্যবহার করা হয়েছে ১ যোহন এবং ২ যোহনে যীশুর প্রকাশ্য পরিচর্যা গুরুর একটি উল্লেখ হিসেবে।

□ “এতেই চলি” খ্রীষ্ট ধর্ম হল একটি প্রারম্ভিক অঙ্গিকার ও জীবনধারার পরিবর্তন (১ যোহন ২:৬)। আমাদের জীবনধারা আমাদেরকে রক্ষা করে না, কিন্তু এটা প্রমাণ করে যে আমরা রক্ষা পেয়েছি (ইফি ২:৮-৯ ও ২:১০)।

NASB (আপডেটেড) টেক্সট: ৭-১১ পদ

^১ জগতে অনেক প্রতারক বের হয়েছে, যারা যীশু খ্রীষ্টের যেমন মানবদেহে আগমনের কথা স্বীকার করে না। এরাই তো সেই প্রতারক ও খ্রীষ্টারী। ^২ নিজেদের বিষয়ে সাবধান হও, যেন আমরা যা সাধন করেছি তা যেন তোমরা না হারাও, বরং যেন সম্পূর্ণ পুরস্কার পেতে পার। ^৩ যে কেহ অনেক দূর এগিয়ে যায় এবং খ্রীষ্টের শিক্ষায় অবিচল না থাকে, সে ঈশ্বরকে পায়নি; যে সেই শিক্ষায় অবিচল থাকে সে পিতা ও পুত্র উভয়কেই পেয়েছে। ^৪ যদি কেউ তোমাদের কাছে আসে এবং এই শিক্ষা প্রচার না করে, তাকে তোমাদের গৃহে ঠাই দিও না, এবং তাকে শুভেচ্ছাও জানিও না। ^৫ কারণ যে তাকে সম্বাষণ জানায় সে তার দোষের ভাগী হয়। (অনুবাদকৃত টেক্সট)।

৭ পদ “কারণ অনেক প্রতারক” “প্রতারক” শব্দটি এসেছে গ্রীক শব্দ *planē* থেকে, যার থেকে আমরা পাই ইংরেজী টার্ম “গ্রহ।” প্রাচীন জগতে আকাশের গ্রহ নক্ষত্রসমূহের চলাচলের মানচিত্র করা ও অধ্যয়ন করা হয়েছে (*zodiac*)। তারাগুলি একটি স্থিতিশীল নমুনায় উপযুক্ত ছিল, কিন্তু কিছু কিছু তারা (অর্থাৎ, গ্রহগুলি) চলাচল করে অগোছালোভাবে। প্রাচীনেরা তাদের বলতো “পর্যটক।” এটি রূপকভাবে উন্নত করা হয়েছে তাদের সাথে যারা সত্য থেকে দূরে সরে যায়।

